Barcode - 4990010216469
Title - Bengal Legislative Assembly Proceedings (1967) vol.45, pt.1
Subject - SOCIAL SCIENCES
Author - N. A.
Language - bengali
Pages - 472
Publication Year - 1967
Creator - Fast DLI Downloader
https://github.com/cancerian0684/dli-downloader
Barcode EAN.UCC-13
4990010216469

ol. XLV—No. 1

# Assembly Proceedings

## Official Report

# West Bengal Legislative Assembly

## Forty-Fifth Session

(June-July, 1967)

*(From 26th June, 1967 to 26th July, 1967)*

e 26th, 27th, 28th, 29th and 30th June and 3rd, 4th, 5th, 6th,
7th, 8th and 10th July, 1967

blished by authority of the Assembly under rule 353 of the Rules of
rocedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly

Price—Rs. 20

Vol. XLV—No. 1

# Assembly Proceedings

## Official Report

# West Bengal Legislative Assembly

## Forty-Fifth Session

(June-July, 1967)

*(From 26th June, 1967 to 26th July, 1967)*

The 26th, 27th, 28th, 29th and 30th June and 3rd, 4th, 5th, 6th, 7th, 8th and 10th July, 1967

Published by authority of the Assembly under rule 353 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly

# Government of West Bengal

## Governor

Shri DHARMA VIRA

## Members of the Council of Ministers

1 Shri AJOY KUMAR MUKHOPADHYAY, Chief Minister and Minister-in-charge, General Administration, Political, Police, Defence, Special and Anti-Corruption Branches of Home Department.

2 Shri JYOTI BASU, Deputy Chief Minister and Minister-in-charge Departments of Finance and Home (Transport).

3 Shri SOMNATH LAHIRI, Minister-in-charge, Parliamentary Affairs Information and Public Relations and Local Self-Government Departments.

4 Shri HEMANTA KUMAR BASU, Minister-in-charge, Department of Public Works including Roads and Construction Board and the Housing Department.

5 Dr. PRAFULLA CHANDRA GHOSH, Minister-in-charge, Department of Food and Supplies and Agriculture Branch of Agriculture and Community Development Department.

6 Shri JEHANGIR KABIR, Minister-in-charge, Development and Planning and Forest Departments.

7 Shri HARE KRISHNA KONAR, Minister-in-charge, Land and Land Revenue Department.

*8 Shri BISWANATH MUKHERJEE, Minister-in-charge, Irrigation and Waterways Department.

9 Shri SUSHIL KUMAR DHARA, Minister-in-charge, Department of Commerce and Industries and Community Development Branch of Agriculture and Community Development Department.

*10 Shri AMAR PRASAD CHAKRABORTY, Minister-in-charge, Departments of Excise, Judicial and Legislative and Press and Passport Branch of Home Department.

11 Shri NANI BHATTACHARYA, Minister-in-charge, Department of Health.

---

*Members of the West Bengal Legislative Council.

12 Shri NIRANJAN SEN GUPTA, Minister-in-charge, Department of Refugee Relief and Rehabilitation and Home (Jails) Department.

13 Shri BIBHUTI BHUSAN DAS GUPTA, Minister-in-charge, Panchayats Department and Social Welfare Branch of Relief and Social Welfare Department.

14 Shri DEOPRAKASH RAI, Minister-in-charge, Tribal Welfare Department.

15 Shri JYOTI BHUSAN BHATTACHARYA, Minister-in-charge, Department of Education.

16 Shri SUBODH BANERJEE, Minister-in-charge, Department of Labour.

17 Shri KASHI KANTA MAITRA, Minister-in-charge, Departments of Animal Husbandry and Veterinary Services, Fisheries and Cottage and Small Scale Industries.

18 Shri NISHITHA NATH KUNDU, Minister-in-charge, Department of Co-operation and Relief Branch of the Department of Relief and Social Welfare.

19 Shri CHARU MIHIR SARKAR.

# West Bengal Legislative Assembly

## Principal Officers and Officials

| | |
|---|---|
| *he Speaker* ... | ... The Hon'ble BEJOY KUMAR BANERJEE |
| *eputy Speaker* ... | ... Shri HARIDAS MITRA |

## Secretariat

| | |
|---|---|
| *Secretary* ... | ... Shri PRITITOSH ROY, M.A., LL.B., Higher Judicial Service. |
| ***Deputy Secretary*** ... | ... Shri A. K. CHUNDER, B.A., (Hons.) (Cal.), M.A., LL.B. (Cantab), LL.B. (Dublin) Barrister-at-Law. |
| *Deputy Secretary* ... | ... Shri SYAMAPADA BANERJEA, B.A., LL.B. |
| *Deputy Secretary* ... | ... Shri RAFIQUL HAQUE, B.A., LL.B. |
| *Assistant Secretary* ... | ... Shri KHAGENDRA NATH MUKHERJI, B.A., LL.B. |
| ***Assistant Secretary*** ... | ... Shri KHAGENDRA NATH MUKHERJI, B.A. B.A., LL.B. |
| *Assistant Secretary* ... | ... Shri ANIL CHANDRA CHATARJI. |
| *Assistant Secretary* ... | ... Shri SANKAR PRASAD MUKHERJI, B.A. |
| *Registrar* ... | ... Shri DEBAVRATA CHAKRAVARTY, B.A. |
| *Editor of Debates* ... | ... Shri PARITOSH MOJUMDAR, B.A. |
| *Chief Reporter and* ex-officio *Editor of Debates of Councils.* | Shri PROFULLA KUMAR BANERJEE. |
| *Private Secretary to Speaker* | Shri BENOY KUMAR SEN, B.A. |
| *Personal Assistant to Speaker* | Shri PANCHU GOPAL CHATTERJEE. |
| *Section Officers* .. | ... Shri NAYAN GOPAL CHAUDHURY, B.A., Shri SANKARIPROSAD MUKHERJEE, B.A. and Shri ASADUR RAHMAN. |
| ***English Reporters*** ... | ... Shri BHOLANATH BANERJEE,<br>Shri HIMADRI BHUSAN CHATTERJEE, B.com.<br>Shri PRITHWISH CHANDRA SEN GUPTA,<br>Shri JAWAR LAL DUTTA, B.COM.,<br>Shri SAILENDRA MOHAN CHAKRABORTY,<br>Sm. SUBRATA SEN GUPTA,<br>Shri SYAMAL KUMAR BANERJEE. |

*Bengali Reporters* ... ... Shri SUSANTA KUMAR CHATTERJEE B.com.,

Shri ARINDOM GHOSH,

Shri PRAFULLA KUMAR GANGULI B.com.,

Shri BIMAL KANTI BERA,

Shri SWADHIN KUMAR CHATTERJEE,

Shri PRABHAT CHANDRA BHATTACHARYYA B.A.,

Shri MANASRANJAN DAS, B.com.,

Shri ABNEY GOLAM AKBAR, B.A.,

Shri JAGADISH CHANDRA BISWAS, B.A.

*Hindi Reporter* ... ... Shri RAM NARESH TRIPATHI.

# West Bengal Legislative Assembly

## Alphabetical List of Members

### A

1 Abdul Bari, Shri Md. (55-Domkal—Murshidabad)

2 Abdul Gaffar, Shri Quazi (87-Baduria—24-Parganas)

3 Abdul Haque, Shri (48-Jangipur—Murshidabad)

4 Abdul Latif, Shri (59-Beldanga—Murshidabad)

5 Abdul Latif, Shri Mohamed (168-Chanditala—Hooghly)

6 Abdul Quiyom Molla, Shri (110-Diamond Harbour—24-Parganas)

7 Abdullah, Shri S.M. (104-Garden Reach—24-Parganas)

8 Abdus Sattar, Shri (50-Lalgola—Murshidabad)

9 Abul Barkat Atawal Ghani Khan Chaudhury, Shri (44-Sujapur-Malda).

10 Afaque Chowdhury, Shri (25-Chopra—West Dinajpur)

11 Ahmad Hossain Mondal, Shri (156-Domjur—Howrah)

12 Amirali Molla, Dr. (100-Bhangar—24-Parganas)

13 Azizur Rahaman, Shri (54-Jalangi—Murshidabad)

### B

14 Bagchi, Shri Amalendu Kumar (52-Nabagram—Murshidabad)

15 Baksi, Shri Monoranjan (252-Faridpur—Burdwan)

16 Bandopadhyay, Shri Amiya Bhusan (88-Basirhat—24-Parganas)

17 Bandopadhyay, Shri Khagendra Nath (272-Dubrajpur—Birbhum)

18 Banerjee, Shri Baidyanath (274-Suri—Birbhum)

19 Banerjee, Shri Bijoy Kumar (138-Rashbehari Avenue—Calcutta)

20 Banerjee, Shri Mrityunjoy (155-Shibpur—Howrah)

21 Banerjee, Shri Satyanarayan (271-Labpur—Birbhum)

22 Banerjee, Shri Subodh (97-Joynagar—24-Parganas)

23 Banerjee, Shri Sankar Das (65-Tehatta—Nadia)

24 Banerji, Shri Radhika Ranjan (125-Kamarhati—24-Parganas)

25 Barman, Shri Prasenjit [3-Cooch Behar West (SC)—Cooch Behar]

26 Barman, Shri Syama Prasad [29-Kaliaganj (SC)—West Dinajpur]

27 Basu, Shri Hemanta Kumar (82-Barasat—24-Parganas)

28 Basu, Shri Jyoti (126-Baranagar—24-Parganas)

29 Basu, Shri Mukul (34-Balurghat—West Dinajpur)

30 Bazle Ahmed, Shri (280-Murarai—Birbhum)

31 Bera, Shri Sasabindu (162-Shyampur—Howrah)

32 Beri, Shri Dayaram (120-Bhatpara—24-Parganas)

33 Bhagat, Shri Budhu [15-Nagrakata (ST)—Jalpaiguri]

34 Bhandari, Shri Netai (165-Amta—Howrah)

35 Bhandari, Shri Sudhir Chandra (105-Maheshtola—24-Parganas)

36 Bhattacharjee, Shri Golokesh (119-Naihati—24-Parganas)

37 Bhattacharya, Shri Bejoy Krishna (154-Howrah South—Howrah)

38 Bhattacharya, Shri Jyoti Bhusan (141-Ballygunge—Calcutta)

39 Bhattacharya, Shri Nani (11-Alipurduar—Jalpaiguri)

40 Bhattacharyya, Shri Gopal Krishna (124-Panihati—24-Parganas)

41 Bhattacharyya, Shri Satyabrata (51-Bhagabangola—Murshidabad)

42 Bhattacharyya, Shri Sreepada (58-Berhampore—Murshidabad)

43 Bhowmick, Shri Kalipada (79-Bongaon—24-Parganas)

44 Bhowmick, Shri Kanai (190-Moyna—Midnapur)

45 Bhuniya, Shri Nitya Nanda [159-Sankrail (SC)—Howrah]

46 Bishayee, Shri Paramananda (261-Memari—Burdwan)

47 Biswas, Shri Ajit Kumar [184-Goghat (SC)—Hooghly]

48 Bose, Dr. Brindabon Behari (157-Jagatballavpur—Howrah)

49 Bose, Shri Maharaja (33-Kumarganj—West Dinajpur)

50 Bouri, Shri Nepal Chandra [228-Raghunathpur (SC)—Purulia]

51 Bouri, Shri Satish [227-Para (SC)—Purulia]

52 Brohmachari Bholanath [90-Hingalganj (SC)—24-Parganas]

## C

53 Chakraborti, Shri Sadhan Kumar (123-Khardah—24-Parganas)

54 Chakraborty, Shri Kshudi Ram (205-Debra—Midnapur)

55 Chalak, Shri Kali Kinkar [207-Garbeta East (SC)—Midnapur]

56 Chatterjee, Shri Arun (237-Barjora—Bankura)

57 Chatterjee, Shri Hara Prasad (130-Jorabagan—Calcutta)

58 Chatterjee, Shri Ram (180-Tarakeswar—Hooghly)

59 Chattopadhyay, Shri Benoy Kumar (74-Ranaghat West—Nadia)

60 Chattopadhyay, Shri Brindaban (176-Polba—Hooghly)

61 Chaudhuri, Shri Narayan Chandra (264-Manteswar—Burdwan)

62 Chaudhuri, Dr. Sashi Bhusan (257-Burdwan South—Burdwan)

63 Choubey, Shri Narayan (211-Kharagpur—Midnapur)

64 Choudhury, Shri Subodh (266-Katwa—Burdwan)

65 Chunder, Dr. Pratap Chandra (145-Sealdah—Calcutta)

## D

66 Dakua, Shri Dinesh Chandra [2-Mathabhanga (SC)—Cooch Behar]

67 Dal, Shrimati Nanda Rani [186-Ghatal (SC)—Midnapur]

68 Das, Shri Ambika Charan [49-Sagardighi (SC)—Murshidabad]

69 Das, Shri Deben (212-Kharagpur Local—Midnapur)

70 Das, Shri Debendra Nath (214-Dantan—Midnapur)

71 Das, Shri Hare Krishna [177-Balagarh (SC)—Hooghly]

72 Das, Shri Jagadish Chandra (118-Bijpur—24-Parganas)

73 Das, Shri Mahatab Chand [193-Sutahata (SC)—Midnapur]

74 Das, Shri Makhan Lal (198-Contai North—Midnapur)

75 Das, Shri Nikhil (149-Burtola—Calcutta)

76 Das, Dr. Sailendra Nath [83-Rajarhat (SC)—24-Parganas]

77 Das, Shri Sudhir Chandra (199-Contai South—Midnapur)

78 Das Ghose, Shri Biswa Nath (161-Uluberia South—Howrah)

79 Das Gupta, Shri Bibhuti Bhusan (226-Purulia—Purulia)

80 Das Gupta, Shri Khagendranath (18-Jalpaiguri—Jalpaiguri)

81 Das Mahapatra, Shri Kamakshyanandan (203-Pataspur—Midnapur

82 Dey, Shri Gobinda Chandra (129-Shampukur—Calcutta)

83 Dhara, Shri Hansadhwaj (116-Kakdwip—24-Parganas)

84 Dhara, Shri Sushil Kumar (192-Mahisadal—Midnapur)

85 Dhibar, Shri Pramatha Nath [258-Khandaghosh (SC)—Burdwan]

86 Dutta, Shrimati Sudharani (239-Onda—Bankura)

87 Doloi, Shri Rajani Kanta [206-Keshpur (SC)—Midnapur]

E

88 Elias Razi, Shri Md. (39-Harischandrapur—Malda)

F

89 Fazle Hoque, Dr. Md. (4-Sitai—Cooch Behar)

90 Fazlur Rahman, Shri S. M. (66-Kaliaganj—Nadia)

91 Franklin, Shri Leslie Henry (283-Nominated)

G

92 Gayen, Shri Prasanta Kumar (195-Narghat—Midnapur)

93 Ghatak, Shri Sibdas (244-Hirapur—Burdwan)

94 Ghose, Shri Sambhu Charan (175-Chinsurah—Hooghly)

95 Ghosh, Shri Kamakhya Charan (210-Midnapur—Midnapur)

96 Ghosh, Shri Krishna Pada (147-Beliaghata North—Calcutta)

97 Ghosh, Shri Nitai Pada (275-Muhammadbazar—Birbhum)

98 Ghosh, Dr. Prafulla Chandra (218-Jhargram—Midnapur)

99 Ghosh Chowdhury, Dr. Ranjit (163-Bagnan—Howrah)

100 Golam Mohiuddin, Shri (279-Nalhati—Birbhum)

101 Golam Yazdani, Dr. (38-Kharba—Malda)

102 Goswami, Shri Paresh Chandra (263-Nadanghat—Burdwan)

103 Guha, Shri Bikesh Chandra (101-Jadavpur—24-Parganas)

104 Guha, Shri Kamal Kanti (5-Dinhata—Cooch Behar)

105 Guha Neogi, Shri Anil Dhar (14-Dhupguri—Jalpaiguri)

106 Gurung, Shri Krishna Bahadur (20-Kalimpong—Darjeeling)

107 Gurung, Shri Nandalal (22-Jorebanglo—Darjeeling)

## H

108 Haldar, Shri Hrishikesh [114-Mathurapur (SC)—24-Parganas]

109 Halder, Shri Adhar Chandra [95-Canning (SC)—24-Parganas]

110 Halder, Shri Krishna Chandra [253-Ausgram (SC)—Burdwan]

111 Halder, Shri Nalini Kanta (113-Kulpi—24-Parganas)

112 Hansda, Shri Jagat Pati [216-Nayagram (ST)—Midnapur]

113 Hazra, Shri Lalit (265-Purbasthali—Burdwan)

114 Hazra, Shri Monoranjan (169-Uttarpara—Hooghly)

115 Hazra, Shri Santimoy (254-Bhatar—Burdwan)

116 Hemrom, Shri Babulal [233-Ranibandh (ST)—Bankura]

117 Hicks, Shri Clifford (284-Nominated)

## J

118 Jalan, Shri Iswardas (132-Bara Bazar—Calcutta)

119 Jana, Shri Monindra Nath (167-Jangipara—Hooghly)

120 Jash, Shri Sristhidhar [269-Nanur (SC)—Birbhum]

121 Jaynal Abdin, Shri Md. (112-Magrahat West—24-Parganas)

122 Jehangir Kabir, Shri (84-Deganga—24-Parganas)

## K

123 Kar, Shri Dhananjoy (217-Gopiballavpur—Midnapur)

124 Karam Hossain, Shri (144-Taltala—Calcutta)

125 Karim Baksh, Dr. Mohammad (77-Haringhata—Nadia)

126 Kazim Ali Meerza, Shri Syed (53-Murshidabad—Murshidabad)

127 Khalil Sayed, Shri (32-Gangarampur—West Dinajpur)

128 Kolay, Shri Jagannath (235-Chhatna—Bankura)

129 Konar, Shri Hare Krishna (262-Kalna—Burdwan)

130 Kundu, Shri Nishitha Nath (28-Raiganj—West Dinajpur)

131 Kundu, Shri Raj Narayan (178-Pandua—Hooghly)

## L

132 Lakra, Shri Denis [10-Kalchini (ST)—Jalpaiguri]

133 Lahiri, Shri Somnath (140-Dhakuria—Calcutta)

## M

134 Mahata, Shri Amulya Ratan (209-Salboni—Midnapur)

135 Mahato, Shri Chittaranjan (224-Jhalda—Purulia)

136 Mahato, Shri Girish (221-Manbazar—Purulia)

137 Mahato, Shri Ramkrishna (225-Jaipur—Purulia)

138 Maiti, Shrimati Abha (196-Bhagabanpur—Midnapur)

139 Maitra, Shri Kashi Kanta (71-Krishnagar East—Nadia)

140 Maity, Shri Baneswar (202-Mugberia—Midnapur)

141 Majhi, Shri Gobardhan [222-Balarampur (ST)—Purulia]

142 Majhi, Shri Kandru [220-Banduan (ST)—Purulia]

143 Maji, Dr. Binode Behari [234-Indpur (SC)—Bankura]

144 Maji, Shri Guiram [236-Gangajalghati (SC)—Bankura]

145 Maji, Shri Panna Lal (166-Udaynarayanpur—Howrah)

146 Majumdar, Shri Amalesh Chandra (174-Haripal—Hooghly)

147 Majumdar, Shri Apurba Lal [78-Bagdaha (SC)—24-Parganas]

148 Majumdar, Shri Byomkesh (171-Champdani—Hooghly)

149 Majumdar, Shri Dilip Kumar (251-Durgapur—Burdwan)

150 Mal, Shri Pagal Chandra [242-Indas (SC)—Bankura]

151 Malakar, Shri Ajoy (191-Tamluk—Midnapur)

152 Mandal, Shri Bhudeb Chandra (240-Vishnupur—Bankura)

153 Mandal, Shri Kalipada [160-Uluberia-Uluberia North (SC) Howrah].

154 Mandal, Shri Kumud Ranjan [98-Baruipur (SC)—24-Parganas]

155 Mandal, Shri Parbhakar [268-Ketugram (SC)—Burdwan]

156 Mandal, Shri Siddheswar [273-Rajnagar (SC)—Birbhum]

157 Misra, Shri Sowrindra Mohan (40-Ratua—Malda)

158 Misra, Shri Trilokes (117-Sagore—24-Parganas)

159 Mitra, Shrimati Biva (137-Kalighat—Calcutta)

160 Mitra, Shri Chandipada (80-Gaighata—24-Parganas)

161 Mitra, Shri Dwijendranath (153-Howrah Central—Howrah)

162 Mitra, Dr. Gopika Ranjan (247-Asansol—Burdwan)

163 Mitra, Shri Haridas (76-Chakdah—Nadia)

164 Mitra, Shrimati Ila (148-Manicktola—Calcutta)

165 Mitra, Shri Satyanarayan (238-Bankura—Bankura)

166 Mitra, Dr. Sunil Kumar (164-Kalyanpur—Howrah)

167 Mohammad Sayeed Mia, Shri (41-Malda—Malda)

168 Mohammed Israil, Shri (56-Naoda—Murshidabad)

169 Moitra, Shri Arun Kumar (23-Siliguri—Darjeeling)

170 Mojumdar, Shri Jagannath (68-Chapra—Nadia)

171 Mondal, Shri Girindra Nath [91-Gosaba (SC)—24-Parganas]

172 Mondal, Shri Haradhan [250-Ukhra (SC)—Burdwan]

173 Mondal, Shri Manindra Chandra [67-Nakashipara (SC)—Nadia]

174 Mondal, Shri Sasanka Sekhar (277-Rampurhat—Birbhum)

175 Mondal, Shri Sudhir Kumar [61-Khargram (SC)—Murshidabad]

176 Mondal, Shri Tinkori [249-Jamuria (SC)—Burdwan]

177 Mondol, Shri Rabin (115-Pathar Pratima—24-Parganas)

178 Mozumder, Shri Harendra Nath (89-Hasnabad—24-Parganas)

179 Mukherjea, Shri Bhabani (172-Chandernagore—Hooghly)

180 Mukherjee, Shri Amritendu (70-Krishnagar West—Nadia)

181 Mukherjee, Shri Braja Bilash (223-Arsha—Purulia)

182 Mukherjee, Shri Jayati Prasanna (85-Habra—24-Parganas)

183 Mukherjee, Shri Niranjan (102-Behala East—24-Parganas)

184 Mukherjee, Shri Pijush Kanti (9-Kumargram—Jalpaiguri)

185 Mukherjee, Shri Rabin (103-Behala West—24-Parganas)

186 Mukherjee, Shri Saila Kumar (152-Howrah North—Howrah)

187 Mukherjee, Shri Sailendra Nath (151-Bally—Howrah)

188 Mukhopadhaya, Shri Pasupati (158-Panchla—Howrah)

189 Mukhopadhyay, Shri Ajoy Kumar (183-Arambagh—Hooghly)

190 Mukhopadhyay, Shrimati Purabi (231-Taldangra—Bankura)

191 Mukhopadhyaya, Shrimati Geeta (189-Panskura East—Midnapι

192 Murmu, Shri Boila [36-Habibpur (ST)—Malda]

193 Murmu, Shri Dashu Koron [37-Gajol (ST)—Malda]

194 Murmu, Shri Nathaniel [35-Tapan (ST)—West Dinajpur]

## N

195 Nag, Dr. Gopal Das (170-Serampore—Hooghly)

196 Nahar, Shri Bijoy Singh (138-Bow Bazar—Calcutta)

197 Nandy, Shri Sachindra Mohan (69-Nabadwip—Nadia)

198 Narjinarai, Shri Dhirendra [13-Madarihat (ST)—Jalpaiguri]

199 Naskar, Shri Gangadhar [99-Sonarpur (SC)—24-Parganas]

200 Naskar, Shri Sundar Kumar [108-Bishnupur East (SC)—24-Parga

201 Noney, Shri W. H. (282-Nominated)

202 Noronha, Shri Clifford (281-Nominated)

203 Nuhul Islam, Shri (45-Kaliachak—Malda)

204 Nuran Nabi, Shri T. A. (46-Farakka—Murshidabad)

## O

205 Obaidul Ghani, Dr. Abu Asad Mohammed (143-Entally—Calcut

206 Ojha, Shri Samarendra Nath (230-Hura—Purulia)

## P

207 Pahari, Shri Bibhuti (201-Egra—Midnapore)

208 Paik, Shri Bimal [197-Khajuri (SC)—Midnapur]

209 Pal, Shri Kanai (73-Santipur—Nadia)

210 Pal, Shri Probhakar (173-Singur—Hooghly)

211 Panda, Shri Bhupal Chandra (194-Nandigram—Midnapur)

212 Paul, Shri Balai Bhusan (135-Kabitirtha—Calcutta)

213 Paul, Shri Sushil Kumar (128-Cossipur—Calcutta)

214 Poddar, Shri Rajendra Kumar (131-Jorasanko—Calcutta)
215 Pradhan, Shri Trailokyanath (200-Ramnagar—Midnapur)
216 Pramanick, Shri Gangadhar [93-Haroa (SC)—24-Parganas]
217 Pramanik, Shri Puranjoy [260-Jamalpur (SC)—Burdwan]
218 Pramanik, Shri Radhika Nath [111-Magrahat East (SC)—24-Parganas].
219 Pramanik, Shri Rajani Kanta (188-Panskura West—Midnapur)
220 Prasad, Shri Shiromani [278-Hansan (SC)—Birbhum]
221 Purkait, Shri Prabodh [96-Kultali (SC)—24-Parganas]

R

222 Rai, Shri Deoprakash (21-Darjeeling—Darjeeling)
223 Ray, Shri Jajneswar [16-Mainaguri (SC)—Jalpaiguri]
224 Ray, Dr. Narayan Chandra (146-Vidyasagar—Calcutta)
225 Ray, Shri Siddhartha Shankar (134-Chowringhee—Calcutta)
226 Roy, Shri Amalendra Lal (62-Burwan—Murshidabad)
227 Roy, Shri Gonesh Prosad [142-Beliaghata South (SC)—Calcutta]
228 Roy, Shri Haradhan (248-Raniganj—Burdwan)
229 Roy, Dr. Indrajit (185-Chandrakona—Midnapur)
230 Roy, Shri Jagadananda [12-Falakata (SC)—Jalpaiguri]
231 Roy, Shri Jatindra Mohan [31-Kushmandi (SC)—West Dinajpur]
232 Roy, Shri Jyotish (109-Falta—24-Parganas)
233 Roy, Shri Krishnadas (213-Narayangarh—Midnapur)
234 Roy, Shri Phakir Chandra (255-Galsi—Burdwan)
235 Roy, Shri Provash Chandra (107-Bishnupur West—24-Parganas)
236 Roy, Shri Santi Mohun (181-Pursura—Hooghly)
237 Roy, Shri Santosh Kumar (7-Cooch Behar South—Cooch Behar)
238 Roy, Shri Suvendu (121-Noapara—24-Parganas)
239 Roy Barman, Shri Khiti Bhusan (106-Budge Budge—24-Parganas)
240 Roy Hakim, Shri Bhabendra Nath [19-Rajganj (SC)—Jalpaiguri]
241 Roy Pradhan, Shri Amarendra Nath [1-Mekliganj (SC)—Cooch Behar].

S

242 Saha, Shri Kanai [243-Sonamukhi (SC)—Bankura]
243 Saha, Shri Kanai [276-Mayureshwar (SC)—Birbhum]
244 Saha, Shri Kripa Sindhu [179-Dhaniakhali (SC)—Hooghly]
245 Saha, Shri Madan Mohan [182-Khanakul (SC)—Hooghly]
246 Sajjad Hussain, Haji (27-Karandigi—West Dinajpur)
247 Salimuddin, Shri Mohammed (26-Goalpokhor—West Dinajpur)
248 Samanta, Shri Gauranga (204-Pingla—Midnapur)
249 Sanyal, Shri Mani (136-Alipore—Calcutta)
250 Sanyal, Dr. Nalinaksha (64-Karimpur—Nadia)

251 Saren, Shri Bhabatosh [232-Raipur (ST)—Bankura]
252 Saren, Shri Mangal Chandra [219-Binpur (ST)—Midnapur]
253 Sarkar, Shri Charumihir [72-Hanskhali (SC)—Nadia]
254 Sarkar, Shri Nitaipada [75-Ranaghat East (SC)—Nadia]
255 Sarkar, Shri Sasthi Das (241-Kotulpur—Bankura)
256 Sasmal, Shri Bankim Chandra (187-Daspur—Midnapur)
257 Sattar, Shrimati Nurunnesa (267-Mangalkot—Burdwan)
258 Sen, Shri Jamini Ranjan (86-Swarupnagar—24-Parganas)
259 Sen, Shri Lakshmi Charan (150-Belgachia—Calcutta)
260 Sen, Dr. Sadhan Kumar (81-Ashokenagar—24-Parganas)
261 Sen, Shri Santi Gopal (42-Englishbazar—Malda)
262 Sen Gupta, Shri Niranjan (139-Tollygunge—Calcutta)
263 Sen Gupta, Shri Tarun Kumar (127-Dum Dum—24-Parganas)
264 Sen Ishore, Shri Sankar [8-Tufanganj (SC)—Cooch Behar]
265 Shahedullah, Shri Syed (256-Burdwan North—Burdwan)
266 Shakila Khatun, Shrimati (94-Basanti—24-Parganas)
267 Shamsuddin Ahmed, Shri (57-Hariharpara—Murshidabad)
268 Sharma, Shri Joynarayan (245-Kulti—Burdwan)
269 Shish Mahammad, Shri (47-Suti—Murshidabad)
270 Sukla, Shri Krishna Kumar (122-Tittagarh—24-Parganas)
271 Singha Deo, Shri Shankar Narayan (229-Kashipur—Purulia)
272 Singhi, Shri Rajendra Singh (43-Manickchak—Malda)
273 Sinha, Shri Debendra Nath [92-Sandeshkhali (ST)—24-Parganas]
274 Sinha, Dr. Radha Krishna (270-Bolpur—Birbhum)
275 Sinha, Shri Sripati (63-Bharatpur—Murshidabad)
276 Sinha Ray, Shri Panchanan (208-Garbeta West—Midnapur)

## T

277 Tah, Shri Dasarathi (259-Raina—Burdwan)
278 Tah, Shri Mati Ranjan (6-Cooch Behar North—Cooch Behar)
279 Topno, Shri Antoni [17-Mal (ST)—Jalpaiguri]
280 Trivedi, Shri Goalbadan (60-Kandi—Murshidabad)
281 Tudu, Shri Budhan Chandra [215-Keshiary (ST)—Midnapur]

## U

282 Upadhyay, Shri Mihir (246-Barabani—Burdwan)

## W

283 Wangdi, Shri Tenzing [24-Phansidewa (ST)—Darjeeling]

## Z

284 Zainal Abedin, Dr. (30-Itahar—West Dinajpur)

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Building, Calcutta, on Monday, the !6th June, 1967, at 1 p.m.

### Present

Mr. Speaker (Shri Bejoy Kumar Banerjee) in the Chair, 17 Ministers nd 253 Members.

### Obituary

]—1-10 p.m.]

**Mr. Speaker:** Since we last departed the cruel hands of death has natched away from us two ex-members of this House Shri Sisir Kumar Das nd Shri Benarasi Prasad Jha.

Shri Sisir Kumar Das was born on the 20th December, 1907. He was a arrister-at-Law and stood first in the L.L.M. Examination of University f London. He was also a lecturer in Private International Law in the alcutta Univer ty. Associated with various public institutions he took u active part in Bengal Bihar Anti-Merger Movement and wrote a brochure ntitled "Merger Proposal Examined".

Shri Benarasi Prasad Jha was brutally killed at Asansol on the 4th June st. Born on the 30th January, 1912, he was a reputed trade unionist and eneral Secretary, Colliery Mazdoor Congress, Asansol.

I would now request you, ladies and gentlemen to rise in your seats and emain standing in silence for two minutes as a mark of respect to the emory of the departed soul.

**Dr. Pratap Chandra Chunder :**

ননীয় স্পীকার মহাশয়, এর সঙ্গে আরো নাম আছে যেগুলি উল্লেখ করা প্রয়োজন। যেমন, ওনন্দন সিং, আই এন টি ইউ সি ওয়ার্কার (আসানসোল), ধরমনাথ সা, আই এন টি ইউ সি ডার। নগেন্দ্রনাথ রায়চৌধুরী, তার মাথা কেটে ফেলে দেওয়া হয়েছে। অরুণ দে, কংগ্রেস র্কার, চকপাড়া, হাওড়া। বাদল কর, বিরেশ্বর কর, বেলঘরিয়ার কংগ্রেসের লোক এবং অগণিত নুষ দুর্ভিক্ষ ও অনাহারে যারা প্রাণ দিয়েছে তাদের সকলের জন্য আমরা শোক প্রস্তাব করতে ই।

**Mr. Speaker:**

ease observe two minutes silence.

he honourable members then stood in silence for two minutes.

hank you, ladies and gentlemen. Secretary will do the needful.

### Question of Privilege

**শ্রীখগেন্দ্রনাথ দাশগুপ্ত**

**শ্রীখগেন্দ্রনাথ দাশগুপ্তঃ** মাননীয় স্পীকার মহাশয়, অ্যাসেম্বলীর অধিবেশনের কার্য সুরু য়ার পূর্বে আমি আপনার দৃষ্টি বিশেষভাবে আকর্ষণ করতে চাচ্ছি একটা বিষয়ের প্রতি।



**(তুমুল হট্টগোল)**

**মিঃ স্পীকারঃ**
I will give you chance. Please take your seat.

(তুমুল হট্টগোল)

**শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্তঃ** যেখানে মেম্বারদের কোন নিরাপত্তা নেই সেখানে হাউস কি করে চলতে পারে?

**মিঃ স্পীকারঃ**
I will allow everyone of you to speak. Please do not be anxious for that We have certain rules to follow.

Then we come to Third Report of the Business Advisory Committee.

(Noise and interruptions)

I beg to present the Third Report of the Business Advisory Committee.

**শ্রীবিজয় সিং নাহারঃ** যেখানে মেম্বারদের কোন নিরাপত্তা নেই, তাঁদের অ্যাসেম্বলীতে ঢুকতে দেওয়া হয় না সেখানে আপনি কি করে হাউস চালাবেন? সে সম্বন্ধে আগে বিচার করা হোক তারপর কাজ চলবে। তার আগে কাজ চলবে না।

(তুমুল হট্টগোল)

**মিঃ স্পীকারঃ**
Mr. Das Gupta, I have heard you. What you may have got to say I will allow you. You just tabled a privilege motion. On my way I have got it just now. I will allow every motion, every important thing to be discussed I am not going to be cowed down by threats. I know how to make my position f lt. I will now ask Mr. Das Gupta--I have not considered your motion, but you may speak.

**শ্রীখগেন্দ্রনাথ দাশগুপ্তঃ** মাননীয় স্পীকার মহাশয়, আজ যখন আমাদের সদস্যরা এখানে আসছিলেন তখন আপনার গেটের সামনে একদল যুবক বাংলা কংগ্রেসের ব্যাজ লাগিয়ে আমাদের সদস্যদের বাধা দান করেন এবং তাঁদের কাছ থেকে আইডেনটিটি কার্ড দেখতে চান। আইডেনটিটি কার্ড দেখতে না দিলে তাঁদের গাড়ি থেকে নামিয়ে হেঁটে চলে যেতে বাধ্য করা হয়। এইরকম অপমানের মধ্যে দিয়ে আমাদের সদস্যদের অনেককেই এখানে আসতে হয়েছে।

[1-10—1-20 p.m.]

আমরা শুনেছি আমাদের পার্টির এমনকি আমাদের লেজিসলেচার সেক্রেটারীর গাড়ি আটকা হয়েছিল ও আমাদের লেজিসলেটিভ কাউন্সিল-এর চেয়ারম্যান তার গাড়িও আটকান হয়েছিল আমাদের সদস্যদের গাড়ি আটকান হয়েছিল এটা একটা ঘটনা নয়। কয়েকদিন আগে ২৩ জুন তারিখে ব্রিগেড প্যারেড গ্রাউন্ড-এ যে সভা হয় জয়েন্ট ফ্রন্ট-এর তাতে সদস্যবৃন্দরা এবং মুখ্যমন্ত্রী সেখানে ছিলেন। মুখ্যমন্ত্রী সে সভায় সভাপতি ছিলেন।

(তুমুল হট্টগোল)

সেখানে অনেক কথা বলা হয়েছে। জনসাধারণকে উত্তেজিত করা হয়েছিল। জয়েন্ট ফ্রন্ট-এর অনেক বিশিষ্ট সদস্য দলের নেতারা ঐদিন দাঁড়িয়ে বলেছিলেন জনসাধারণকে যেসমস্ত সদস্য কংগ্রেস পার্টিতে যোগদান করলো তাদের পিঠের চামড়া তুলে নেওয়া হবে।

(সেম্ সেম্)

আমাদের ভয় দেখিয়ে তারা কর্তব্য থেকে বিচ্যুত করবেন। আগেও কংগ্রেসকে বহুবার চেষ্টা করা হয়েছিল ব্রিটিশ গভর্নমেন্ট থেকে। ধ্বংস করবার জন্য ৫ বার কংগ্রেসকে বেআইনী ঘোষণা করা হয়েছিল। ব্রিটিশ সরকার সর্বশক্তি দিয়ে কংগ্রেসকে ধ্বংস করবার চেষ্টা করেন কিন্তু তারা পারেন নি। জয়েন্ট ফ্রন্ট সরকারকে সাবধান করে দিচ্ছি তারা যদি মনে করে থাকে

আমাদের সদস্যদের এইরূপ ভয় দেখিয়ে আমাদের কর্তব্য থেকে বিচ্যুত করবেন তাহলে সেটা ...শ হবে। আমি একটা প্রিভিলেজ মোশান এনেছি, আমাদের সদস্যদের একটা দায়িত্ব আছে স দায়িত্ব পালনে তাদের যে স্বাধীনতা তা তারা রক্ষা করবে। আমাদের রাজ্যসরকারের কর্তব্য নসাধারণের শান্তি ও নিরাপত্তা রক্ষা করা। রাজ্য বিধানসভা সদস্যদের নিরাপত্তা রক্ষিত হয় না।

(সেম্ সেম্)

ই নিরাপত্তার অভাব আমরা প্রতিদিন দেখছি। আমাদের নিরাপত্তা নেই। কিছুদিন আগে াপনি জানেন যে আমাদের একজন সদস্য এম এল এ সাত্তার সাহেবকে বহরমপুরে ছুরির দ্বারা হত করবার চেষ্টা করা হয়েছিল। দুদিন আগে আমাদের শ্রীরামপুরের এম পি শ্রীবিমলকান্তি বাষের উপর জঘন্য আক্রমণ করেছে।

(তুমুল হট্টগোল)

আমাদের সদস্যদের এইভাবে অধিকার হরণ করা হয়েছে। আমরা এইরূপ জিনিস আর সহ্য করবো না, আমরা আমাদের যে প্রিভিলেজ মোশান দিয়েছি তা আপনি প্রিভিলেজ কমিটিতে ... করেন এটাই আমার অনুরোধ।

**Shri Panchanan Sinha Ray :**

অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ, স্যার, আমি এখানে আসবার সময় আমার উপর যে নির্যাতন হয়েছে ... আপনাকে শুনতে হবে ও তারপর বিচারের ব্যবস্থা করতে হবে। আমার পয়েন্ট অফ প্রিভি-লেজ হচ্ছে এই যে, আমি যখন আজ অ্যাসেম্বলীতে আসি যে কথা পরে টেলিফোন-এ মুখ্যমন্ত্রীকে জানিয়েছি সেটা আমি এখানে বলতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে আমাদের একজন এম এল এ কে সংগে নিয়ে গাড়ি করে যখন বিধানসভায় আসছিলাম তখন আমি ভাবিনি যে ... হবে। আমি ভাবিনি যে, বিধানসভার অধ্যক্ষ কিছু ব্যবস্থা করেছেন বা এতে সম্মতি দিয়েছেন। যাতে করে আমরা ভেতরে প্রবেশ করতে পারব না।

পরে জানতে পারলাম রাজ্যসরকারের সম্মতি ছাড়া এসব হয় না। তাঁরা এটাকে সাপোর্ট করছে। আমার গাড়ি আটকে দেওয়া হয়। আমাদের টেনে নামিয়ে মারধোর করবার চেষ্টা করা হয়। (সেম) আমি গাড়িটা ঘুরিয়ে নিয়ে যখন চলে যাচ্ছি তখন অন্য একটা গেটে কিছু পুলিশ দেখে তাকে বলি আমি একজন সদস্য আমাকে ভেতরে যেতে দেওয়া হচ্ছে না। তখন ন পুলিশ স্কট করে আমাকে ভেতরে আনে এবং তারপর আমি ঘটনাটা সেক্রেটারি এবং চীফ মিনিস্টারকে জানাই। (নয়েজ) এইভাবে আপনারা গণতন্ত্রের সমাধি রচনা করছেন। আজকে টা নকশালবাড়ি নয়, বিধানসভায়ও এ জিনিস হচ্ছে। তারপর আমার চোখের সামনে আমাদের কজন সদস্যকে গাড়ি থেকে নামান হয় এবং তাকে হেঁটে আসতে বাধ্য করা হয়। আমি জানতে ই এখানে বিধানসভার সদস্যদের আসার অধিকার আছে কিনা? সে সিকিউরিটি যদি না দেন হলে আমি বলবো এই সংসদ থাকার কোন দরকার নেই। মাঠে বা ময়দানে জ্যোতিবাবুর দল দের হাত বটে রাঙা করেছেন, নারী ধর্ষণ করেছেন, (সেম) এটা একটা নকশালবাড়ি পরিকল্পনা, আমরা সদস্যরা এখানে জুতো খাবার জন্য আসি নি। এই জুতো যদি ঐ পক্ষে গিয়ে ... তাহলে তাঁরা কি ব্যবস্থা করতেন। মুখ্যমন্ত্রীর কাছ থেকে জানতে চাই তিনি ... রছেন, এর কি প্রতিকার করছেন।

**ডাঃ গোপিকারঞ্জন মিত্র :** মাননীয় স্যার, আমি ও আমার আর একজন বন্ধু ট্যাক্সি করে বিধান ভায় আসছি তখন বাংলা কংগ্রেসের কার্ড লাগান স্বেচ্ছাসেবকরা আমাদের ট্যাক্সি আটক করে। নয়েজ) আপনার কি আইডেনটিটি এবং আপনি কে এইসব জিজ্ঞাসা করে। আমি তখন তাঁদের জিজ্ঞাসা করি যে আপনারা কোথা থেকে ক্ষমতা পেলেন? তারা তখন বলে যে, আমাদের বাংলা কংগ্রেসের রেজলিউশান হয়েছে কংগ্রেসের তরফে যে যে এম এল এ আছেন তাঁদের আমরা আইডেনটিটি করবো।

**মিঃ স্পীকার :**

Mr. Das Gupta, what is he doing? You are the Leader of Opposition. Tell me what am I to do?

**ডাঃ গোপিকারঞ্জন মিত্র:** এই যে অপমান এই অপমান আমাদের অপমান নয়, এই অপম চেয়ারেরও অপমান। আপনি যদি এই চেয়ারে বসেন তাহলে বিধানসভার সদস্যরা যাতে নির্ভ বিধানসভায় এসে পশ্চিমবাংলার রূপ আলোচনা করতে পারে তার ব্যবস্থা করতে হবে। সেখা পুলিশ কনস্টেবল ছিল। কিন্তু আমার নিজের ধারনা যে মন্ত্রীসভা থেকে এই ডিসিস নিয়েছে যে কংগ্রেসের মেম্বারদের প্রতি দুর্ব্যবহার করা হবে।

**(সেম)**

অজয়বাবু দিল্লীতে বলে এলেন যে বাংলাদেশে ল অ্যান্ড অর্ডার এর কথা। কিন্তু তাঁর হা ক্ষমতা নেই যে বাংলাদেশে ল অ্যান্ড অর্ডার তিনি রক্ষা করতে পারেন। আমি এই চার্জ করা আমি বিধানসভার সদস্য হিসাবে মুখ্যমন্ত্রীকে বলছি যে তিনি বিধানসভার সদস্যদের য বিধানসভায় না আসতে দিতে পারেন তাহলে তাঁর ঐ সুযোগ্য আসনে বসবার কোন অধিক নেই।

[1-20—1-30 p.m.]

**শ্রীনারায়ণচন্দ্র চৌধুরী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমিও এইভাবে নিগৃহীত হয়েছি এ কথা আমি আপনার কাছে জানাচ্ছি।

**মিঃ স্পীকার:**

Mr. Chaudhuri, if you have any say please give me details.

**শ্রীনারায়ণচন্দ্র চৌধুরী:** স্যার, বিধানসভার অধ্যক্ষ হয়ে আপনি যদি বিধানসভার মৌলি অধিকার রক্ষা না করেন....................

(গোলমাল)

**মিঃ স্পীকার:**

Mr. Das Gupta, may I ask you to request the member to follow the rul of the House.

**শ্রীনারায়ণচন্দ্র চৌধুরী:**

Sir, I am on a point of privilege. As a member I have to say something. মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ আমি যখন এই বিধানসভার অধিবেশনে যোগদান করবার জ বিধানসভার উত্তর ধারের ফটক দিয়ে আসছিলাম তখন বাংলা কংগ্রেসের স্বেচ্ছাসেবকদ তা আমার পথ আটক করে আক্রমণ করে।

**(তুমুল গোলমাল)**

**Mr. Speaker:** Mr. Das Gupta, are you helpless? Mr. Das Gupta, m I request you to enforce the rules? I would request Mr. Chaudhuri to ta his seat. I will not allow you to continue. Please take your seat.

**শ্রীনারায়ণচন্দ্র চৌধুরী:** স্যার, এখানে আমার বক্তব্য হচ্ছে এই যে——————

**মিঃ স্পীকার:**

Mr. Das Gupta, you are the Leader of the Opposition

**শ্রীনারায়ণ চৌধুরী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই কথা বলতে চাই যে, আপ এই বিধানসভার একজন কর্মচারী তার নাম সিরাজ—সেই সিরাজ আমার কার্ড দেখতে চায়

**(তুমুল হট্টগোল)**

**মিঃ স্পীকার:**

Mr. Chaudhuri, may I ask you to please take your seat. I can name yo Please take your seat.

**শ্রীনারায়ণচন্দ্র চৌধুরী:** স্যার, আমি এই কথাই বলতে চাচ্ছি যে আমি কার্ড না দেখাতে সে ময় বিধানসভায় আসতে দেয় নি। আমি তখন বললাম যে কার্ড দেখার অধিকার বা ... মায় কে দিয়েছে তা আমায় জানাতে হবে। সে আমায় বলল বিধানসভার পক্ষ থেকে ওপক্ষের স্যদের কার্ড দেখাবার জন্য আমার উপর আদেশ আছে। আমি যখন তাকে সেই প্রশ্ন জ্ঞাসা করছিলাম তখন ঐ বাংলাকংগ্রেসের স্বেচ্ছাসেবকদল কুকুরের মত ঘেউ ঘেউ করে উঠল। মি এই কথা আপনার কাছে জানাতে চাই যে, বাংলাদেশে যে অরাজকতা হচ্ছে তাতে আমরা ...র্য হই নি—জ্যোতি বসুর মত একজন অসভ্য ব্যক্তি যেখানে মন্ত্রীত্ব চালান সেখানে এইরকম ...তা আমরা জানি। আপনি এই বিধানসভার অধ্যক্ষ। আপনার এই ভবনে প্রবেশ করবার ধকার যদি না থাকে তাহলে আমরা কি ধরে নেব যে এখানে এই বিধানসভার মধ্যেও সেই ...জকতা চলবে, এই কথা আমি আপনার কাছ থেকে জানতে চাই। আমি কোন... ...প্রদর্শন করে ভয় দেখাতে চাই না, একজন কংগ্রেসী সদস্য হয়ে আপনাকে এই কথা ...চ্ছি। বিগ্রেড প্যারেড গ্রাউন্ডে বলা হয়েছে যে যারা দল ত্যাগ করে যাবে তাদের চামড়া ...লে নেওয়া হবে। আমি জিজ্ঞাসা করি অজয়বাবু কি দলত্যাগ করেন নি, ডাঃ ঘোষ কি দল-...গ করেন নি? অনেক কংগ্রেসী সদস্যই তো দলত্যাগ করে গেছেন কই তাদের চামড়া তো ...ড়িয়ে দেওয়া হয় নি? এমন কথা যদি হয় যে যারা কংগ্রেসে যোগদান করবে তাদের চামড়া ...ড়িয়ে নেওয়া হবে—এই মৌলিক অধিকারের দাবী নিয়ে আমি আপনার কাছে আশ্বাস পেতে... এবং এই গুরুতর বিষয়টা প্রতিকারের জন্য আপনাকে জানাচ্ছি।

**মিঃ স্পীকার:**

...eg to present the Third Report of the Business Advisory Committee.

**শ্রীমতী পুরবী মুখোপাধ্যায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকের হাউসের কাজ সুরু ...বার আগে বিরোধী দলের পক্ষ থেকে যে প্রিভিলেজ মোশান আপনার সামনে পেশ করা হয়েছে সম্বন্ধে আপনার নির্দেশ আমরা এখনও পাই নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি ...নীয় বিরোধীদলের নেতাকে বললেন, "আই নো হাউ টু মেন্টেন ইওর পজিশন" এই কথা ...পনি বলেছেন, রেকর্ডে আছে। আমরা চাই যে আপনি আপনার পজিশন মেন্টেন করুন এবং ...রাধীদলের প্রত্যেকটি সদস্যই আপনার সেই পজিশন মেন্টেন করার ব্যাপারে সম্পূর্ণ সহ...গিতা করতে আমরা প্রস্তুত আছি। কিন্তু তার পূর্বে আমি একজন বিরোধী দলের সদস্যা ...বে আপনার কাছে প্রশ্ন করতে চাই।

বিগত ব্রিগেড প্যারেড গ্র্যাউন্ডের সভায় যে ঘোষণা করা হয়েছিল যে প্রথম দিনের অধিবেশন ...র সময় এখানে অত্যাচার করা হবে। এই কথা ঘোষণা করা হয়েছিল এবং আপনিও খবরের ...জে পড়েছিলেন এবং ইউ আর দি কাস্টডিয়ান অফ দিস হাউস, আমরা জানতে চাই যে, ...ণা পাঠ করার পরে বিধানসভার অধ্যক্ষ হিসাবে আপনার এখানে যে পূর্ণ দায়িত্ব ছিল যে ...ক এখানে দেখা যাতে কোন গন্ডগোল না হয়। কোন সদস্য তিনি যে দলেরই হোক না বিধানসভার সদস্য হিসাবে তাঁর প্রিভিলেজ যেন ভংগ না হয়। গেটে ঢোকবার সময় যে ...স হয়েছে—এই হাউস আপনি অ্যাডজোর্ন করুন, করে আপনি নিজে সরজমিনে তদন্ত ...ন। যদি কোন ভলেন্টিয়ার তিনি যে কোন দলের হোক না কেন তাকে আপনার অথরিটি ... তবে ঐ গেটে পাহারা দিতে পারবেন এবং আপনি তাদের কার্ড চেক করবার অধিকার ...ছেন কিনা আমরা জানতে চাই যদি না দিয়ে থাকেন তাহলে হাউস অ্যাডজোর্ন করে তাদের ...ন থেকে স্থান ত্যাগ করতে বাধ্য করুন এবং এই হাউসকে অ্যাসিয়োরেন্স দিন যে আগামীকাল ...ক অধিবেশন বসার সময় এইরকম কোন কান্ড হবে না।

...u are the custodian of this House and you said that you know how to ...ntain your position We want you to maintain your position; to ...intain your dignity by maintaining the dignity of this House.

**Shri Siddhartha Shankar Ray:** Mr Speaker, Sir, . . . .

(Noise and interruptions)

**শ্রীরবীন মুখার্জী:** মাননীয় স্পীকার মহাশয়, আপনার অনুমতি নিয়ে আমি বলতে আর করছি, কেন না অনেকক্ষণ থেকে কতিপয় ভদ্রলোকের কথা শুনলাম তার মধ্যে একজন মহিল আছেন। এই ভদ্রলোকরা বাংলাদেশ থেকে বাতিল হয়ে গেছেন। জোতদারদের কয়েক প্রতিনিধি এবং দালাল তাঁরা কয়েকটি কথা বলতে আরম্ভ করেছেন, তার মধ্যে একজন ভদ্রলো বর্ধমান থেকে যিনি এসেছেন তিনি একেবারে অন্য কথা ছেড়ে আমাদের উপ-মুখ্যমন্ত্রী শ্রীজ্যো বসু মহাশয়কে অভদ্র ভাষায় অসভ্য বলে কথা উচ্চারণ করেছেন। তারপর ঐ যে মহিলার তাঁরা একে একে উঠতে আরম্ভ করেছেন। স্পীকার মহাশয় আমি এইটুকু বলতে চাই পশ্চিমবাংলায় ১০-১২টি নির্বাচন হয়ে গেছে, তাতে লাথি মেরে তাড়িয়ে দিয়েছে এ প্রত্যেককে। তারপর এখানে এসে আজকে আর কথা বলার অধিকার তাঁরা হারিয়ে ফেলেছে প্রত্যেকটি মিউনিসিপ্যাল ইলেকশন থেকে রিমুভড হয়ে গেছেন।

(নয়েজ অ্যান্ড ইন্টারাপশান)

এইসমস্ত দালাল যাঁরা জোতদারদের টাকা খেয়ে এখানে হাজির হয়েছেন তাদের আজ সায়েস্তা করার দিন এসেছে। সুতরাং এই যে ভদ্রলোক উঠে দাঁড়িয়েছেন, ঐ ভদ্রলোক কোথ দাঁড়াবেন নূতন করে দাঁড়ান নির্বাচনে দেখে নিই। উনি প্রত্যেকবারই মাতব্বরী করেন এখা বসে বসে আর থিয়োরী আওড়ান আর ঘন ঘন দল পালটান, এদিক-ওদিক করে বেড়ান। আমাদে হাউসের কাজ শুরু করা হোক কেন না ও'রা প্ল্যান করে এসেছেন যে আমাদের কাউ কাজ করতে দেবেন না। এইসমস্ত লোককে প্রয়োজন হলে—কিছু কিছু লো আছে যাদের ঘাড় ধরে বার করে দিতে হবে এবং আমি মনে করি যে আমাদের সরকার যদি ঘোষণা করেছেন যে এ'দের বিরুদ্ধে পি ডি অ্যাক্ট প্রয়োগ করা হবে না, সেইজন্য আমি বল পারছি না যে এ'দের পি ডি অ্যাক্টে ধরা হোক। তা না হলে এদের যেখানে জায়গা সেখানে ক দেওয়া উচিত ছিল।

[1-30—1-40 p.m.]

**Shri Siddhartha Shankar Ray :** Sir, I want to make only one sul mission.

**Mr. Speaker :** I may just inform you that I am prepared to hear all o you because I am the Speaker of this House., not of this side or that side If there be any obstruction, if any inconvenience is felt by the members o the House, certainly, I shall make enquiry. At the same time, it is my dut to carry on the business of the House. I have taken all possible steps to se that the members may easily come without any inconvenience from an side—within the compound of the Assembly Buildings. I do not know wha has happened outside. At any rate, it is the primary and first duty of th Speaker to see that every member's right is protected and that he can com safely, without any inconvenience whatsoever. At the same time, may appeal to you—it is easy to deal with those who know the rules of thi House, but it is not so easy to deal with those who do not care to look int the rules of the House. So, I will hear you. Tell me what is to be don I am prepared to co-operate with all of you, but at the same time, may request you to see that the business of the House goes on and is carried o smoothly.

**Shri Siddhartha Shankar Ray:** Mr. Speaker, Sir, I am deeply oblige to you for having made this fearless and categorical statement. We kno that you are an independent person, an independent Speaker, not bound t the apron strings of the Executive Government. And I know that you shal hear all grievances. Sir, I have no personal knowledge about the happen ings referred to by the honourable members because I came much later But if there is any truth in what the honourable members have said on th floor of the Hose, that amount, in my submission and according to what ha been stated in May's Parliamentary Practice, to a gross breach of privilege It is not only intimidation—Sir, you were kind enough to say that in so fa

as happening within the precincts of the House are concerned you will be able to control and that in future no such unpleasant things will take place within the precincts of the House, But, Sir..........................

**Mr. Speaker:** Mr. Ray, excuse me, I do not admit that anything has happened unless I make enquiry. I came here at 11 o'clock and I made personal efforts to see that no inconvenience is caused to anybody. I will certainly make enquiry and let you know.

**Shri Siddhartha Shankar Ray:** Sir, I am deeply grateful to what you have been saying, which is in complete accord with what I am about to say. In so far as things which happened within the precincts of the House you are the master. But things which happened outside the House can also amount to breach of privilege of the House. I have here before me the May's Parliamentary Practice in which it is said that things happening outside the House—intimidation and the like, Sir, will amount to breach of privilege. Statements that have been made in the House clearly show, prima facie, there is a breach of privilege. If there is a breach of privilege —whether there has been or not, has to be enquired by the Committee of Privileges.

Committee of Privileges is there. I would request you to send this motion moved by the Leader of the Opposition to the Committee of Privileges so that the entire matter may be taken into account. You know that members are to seek your protection—protection of even an individual and the Police force and thereafter members are able to come to this House. If this goes how can Democracy function? Today, the Chairman of the Council has been obstructed? Who knows the Speaker, our Speaker, will not be obstructed?

**Mr. Speaker:** Mr. Ray......

**Shri Siddhartha Shankar Ray:** Sir, today the President of the Council has been obstructed. President of the Council is in the same position as the Speaker In Pakistan democracy died the day the Speaker was assaulted. The Speaker was obstructed Immediately thereafter martial law and military rule were imposed. Let this thing not happen in India. Let Speaker, President of the Council and members—whether they are Communist or Bangla Congress—let each and every member can come freely and without any interference to carry on their duties to the best of their ability and in accordance with their conscience, and let this motion be sent to the Privileges Committee. I think, prima facie a strong case has been made out.

**Mr. Speaker:** I have understood it. I just thought myself before you could give advice and I am grateful to you. I am prepared to send this to the Committee of Privileges. If any honourable member has got any grievance it will certainly be looked into and I will render my best possible assistance so that these things do not occur again.

## Third Report of the Business Advisory Committee

**Mr. Speaker:** I beg to present the Third Report of the Business Advisory Committee which considered the question of allocation of time for the following Government Bills and recommended as follows:

1. The Calcutta University (Amendment) Bill, 1967: (Introduction, Consideration and Passing) —1 hour.
2. The Calcutta Tramways (Amendment) Bill, 1967: (Introduction, Consideration and Passing) —1 hour.

3. The Calcutta National Medical College and Hospital Bill, 1967: (Introduction, Consideration and Passing)—4 hours.

4. The Motor Vehicles (West Bengal Third Amendment) Bill, 1967: (Introduction, Consideration and Passing) —2 hours.

**Shri Kamal Kanti Guha:** Sir, I beg to move that the Third Report of the Business Advisory Committee be agreed to by the House.

[The motion was then adopted by the House.]

## Adjournment Motions

**Mr. Speaker:** I have received five notices of adjournment motions on the following subjects, namely:-

1. Reported attack on Prof. Bimal Kanti Ghose, M.P.—from Dr. Gopal Das Nag.
2. Reported attack on the minority community at Aminbazar in Jiagunge police-station on 16th May, 1967—from Md. Israil.
3. Acute food crisis in Sunderban, Diamond Harbour in 24-Parganas—from Shri Trilokesh Misra.
4. Reported attack by communist workers in village Anandapur, police-station Keshpur, on 19th June, 1967—from Shri Panchanan Sinha Ray.
5. Naxalbari situation—from Shri Siddhartha Shankar Ray.

I have given consent to the adjournment motion of Shri Siddhartha Shankar Ray.

I would like to know if there is any objection to leave being granted to the discussion of the adjournment motion.

I find there is no objection.

The time will be today at 4 o'clock and by this time we hope the Hon'ble Finance Minister will present his Budget. We will sit up to 6 o'clock.

[1-40—1-50 p.m.]

**Shri Panchanan Sinha Ray:**

মিঃ স্পীকার স্যার, আমার অ্যাডজোর্নমেন্ট মোশান ডিসঅ্যালাউ করলেও গত সেশনে এই ধরনের একটা মোশন-এর উপর ডিসকাশন করতে দেওয়া হয়েছিল। সেটা ডাঃ নলিনাক্ষ সান্যাল মহাশয়ের অ্যাডজোর্নমেন্ট মোশান-এ ছিল এবং তাঁকে সেটা পড়তে দিয়েছিলেন। সুতরাং আমাকেও আমার এই মোশানটা পড়তে দিন। নয় একটা টাইম দিন।

**Mr. Speaker:**

আচ্ছা আপনি আর এক সময় দেবেন। এখন এটা হয়ে যাক। আপনি বসুন আমি এটা পড়ে দিচ্ছি।

**Shri Panchanan Sinha Ray:**

এই ধরনের একটা কাস্টম চলে আসছে।

**Mr. Speaker:** This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely,—

কেশপুর থানার আনন্দপুর গ্রামে কমিউনিস্ট কর্মীগণ ব্যাপক অত্যাচার, লুঠতরাজ ও গুন্ডামী চালাইয়া সাধারণ মানুষের মধ্যে চরম ভীতির রাজত্ব সৃষ্টি করেছে। ১৯-৬-৬৭ তাং কমিউনিস্ট কর্মীগণ ৫০০-৬০০ অস্ত্রশস্ত্রে সজ্জিত লোক লইয়া ঐ গ্রাম আক্রমণ করে। কংগ্রেস কর্মী ০

,মর্থকদের কাপড়, সাইকেল ও ভূষিমালের দোকান, ৬টি গৃহস্থের বাড়ি লুঠ করে এবং প্রচণ্ড াবে মারপিঠ করে। ৪০,০০০ টাকার সম্পদ লুঠ হয়। পাঁচ জন গুরুতরভাবে জখম হয়ে াদনীপুর সদর হাসপাতালে ভর্তি হয়। একজনের অবস্থা সঙ্কটাপন্ন। বিকাল বেলা থেকে াত্রি ১২টা পর্যন্ত মারপিঠ চলে। গ্রামবাসীগণ ভয়ে জঙ্গলে ও পাশের গ্রামে আশ্রয় নেয়। এখনও ীতির রাজত্ব চলছে। ভয় দেখিয়ে টাকা আদায় ও কমিউনিস্ট দলে যোগদানে বাধ্য করা হচ্ছে। াম দিয়ে পুলিশের নিকট অভিযোগ করা সত্ত্বেও এখনও কাউকে গ্রেপ্তার করা হয় নাই।

**শ্রীমহম্মদ ইসরাইল:** স্যার, আমারটাও পড়ে শুনিয়ে দিন।

**Mr. Speaker:** This Assembly do now adjourn its business to discuss a efinite matter of urgent public importance and of recent occurrence, amely,—

That on 16th May, 1967, at Aminabazar under Jiaganj police-station a owardly and dastardly attack on the members of the minority community n even sparing the women and children and strangely enough in the name f a Peace Commttee meeting the speaker incited the mob to burn the luslim huts, and the mob straight from the meeting started setting fire to ne huts, as a result, foodgrains, clothings and other household effects were oted, two girls were raped as a result of which a Muslim woman Sm. Amina egum was burnt to death, her husband was injured seriously and was emoved to Berhampore Sadar Hospital gasping and her daughter, aged bout 8 years sustained very bad burn injuries all over the body; another oy of 10 years old also was removed to Aminaganj Hospital in an unonscious state with serious burn injuries on his back. Though the Muslim enting mischief that very morning informed the local police-station, rangely enough, no steps were taken to prevent the happenings.

The Adjournment Motion of Shri Trilokes Misra runs thus:

This Assembly do now adjourn its business to discuss a definite matter urgent public importance and of recent occurrence, namely,—

"Acute Food Crisis in Sunderbans, Diamond Harbour and South 24-Parganas."

The motion of Dr. Gopal Das Nag runs thus:—

"This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely,—

The dastardly and brutal attack on Prof. Bimal Kanti Ghose, a member of the Parliament, on the 24th June, 1967, at 9-30 p.m. on the G. T. Road at Bhadrakali, police-station Uttarpara, by a group of violent youngmen belong to the C.P I. (Marxist) after taking off all his clothes in the presence of the public and rendering him absolutely naked and thereafter assaulting him with blows, fistcuffs, kicks, sticks and bamboos and dragging him in an injured and totally naked condition for about a mile along the G. T. Road and Dwarikjangal Road thereby infusing terror in the minds of the public as the sole ground that he has just prior thereto, addressed a public meeting organised by Bhadrakali Mondal Congress Committee at Sakherbazar, criticising the food and law and order policies of the present United Front Government"

## Calling Attention to matters of urgent public importance

**Mr. Speaker:** I have received two notices of Calling Attention on the lowing subjects, namely:—

(1) Acute food crisis in Garbeta police-station—from Shri Panchanan Singha Ray and,

(2) Assault upon and cruel murder of Shri B. P. Jha, ex-M.L.A.—from Shri Dasarathi Tah.

I have selected the notice of Shri Dasarathi Tah on the subject of assault upon and cruel murder of Shri B. P. Jha, ex-M.L.A. The Hon'ble Minister-in-charge will please make a statement on the subject in any convenient day.

**Shri Ajoy Kumar Mukhopadhyay:** I shall make a statement day after to-morrow.

## LAYING OF ORDINANCES

### The Calcutta University (Amendment) Ordinance, 1967

**Shri Jyoti Bhusan Bhattacharya:** Sir, I beg to lay the Calcutta University (Amendment) Ordinance, 1967 (West Bengal Ordinance No. I of 1967), under Article 213(2)(a) of the Constitution of India.

### The Calcutta Tramways (Amendment) Ordinance, 1967

**Shri Jyoti Basu:** Sir, I beg to lay the Calcutta Tramways (Amendment) Ordinance, 1967 (West Bengal Ordinance No. II of 1967), under Article 213(2)(a) of the Constitution of India.

### The Calcutta National Medical College and Hospital Ordinance, 1967

**Shri Nani Bhattacharya:** Sir, I beg to lay the Calcutta National Medical College and Hospital Ordinance, 1967 (West Bengal Ordinance No. III of 1967), under Article 213(2)(a) of the Constitution of India.

### The Motor Vehicles (West Bengal Amendment) Ordinance, 1967

**Shri Jyoti Basu:** Sir, I beg to lay the Motor Vehicles (West Bengal Amendment) Ordinance, 1967 (West Bengal Ordinance No. IV of 1967), under Article 213(2)(a) of the Constitution of India.

## LAYING OF RULES

### Amendments to West Bengal Zilla Parishads (Election, Constitution and Administration) Rules, 1964

**Shri Bibhuti Bhusan Das Gupta:** Sir, I beg to lay the amendments to the West Bengal Zilla Parishads (Election, Constitution and Administration) Rules, 1964, published under the Department of Panchayats Notifications:—

(1) No. 2588/Panch., dated 7th April, 1966.
(2) No. 4516/A.Z.P., dated 20th April, 1967.
(3) No. 5186/A.Z.P., dated 18th May, 1967.
(4) No. 5555/A.Z.P., dated 31st May, 1967.

**Shri Siddhartha Shankar Ray:** Sir, on a point of order. There is a serious trouble going on outside. I was trying to go to the High Court to have my launch. There is a serious trouble in front of the western gate, in front of the High Court gate. No members of the Press, no M.L.As., no persons are allowed to go out of the precincts of this House or to come in. Under the circumstances something has to be immediately done. May I request the Hon'ble Chief Minister to immediately attend to this and see that law and order is established at least a few feet away from the Legislative Assembly? There may not be law and order elsewhere but at least it must prevail a few feet away from the Legislative Assembly.

**Mr. Speaker:** The matter will be looked into.

## Budget of the Government of West Bengal for 1967-68

[1-50—2 p.m.]

**Shri Jyoti Basu:**

**স্পীকার মহোদয়, ১৯৬৭ সালের ৯ই মার্চ** পূর্ববর্তী সরকার কর্তৃক রচিত আনুমানিক বাজেট বরাদ্দ এই সভায় পেশ করা হয়েছিল। অবশ্য এই সভা পুঙ্খানুপুঙ্খরূপে সে বরাদ্দ আলোচনা না করে সাময়িকভাবে এই সরকার যাতে কাজ চালিয়ে যেতে পারেন সেই উদ্দেশ্যে ভোট অন অ্যাকাউন্ট মঞ্জুর করেছিলেন। সেই বাজেট পেশ করার সময় একথা আমি স্পষ্ট করে বলেছিলাম যে, বিধানমণ্ডলীতে যে বরাদ্দ পেশ করা হয়েছিল সময়ের স্বল্পতার দরুন বর্তমান সরকারের পক্ষে সেটি পরীক্ষা করে দেখা সম্ভব হয় নি। আমরা যথাসময়ে এই বাজেট বরাদ্দ ভাল করে পরীক্ষা করে দেখতে চেয়েছিলাম।

১৯৬৭ সালের মার্চ মাসে উপস্থাপিত বাজেট বরাদ্দ ইতিমধ্যে আমরা খুঁটিয়ে দেখেছি এবং কিছু কিছু পরিবর্তনও করেছি। বিধানমণ্ডলীতে প্রচারিত পুস্তিকায় এই পরিবর্তনগুলি সন্নিবেশিত হয়েছে। আমি এখানে কয়েকটি বাজেট বরাদ্দ পরিবর্তনের কথা সংক্ষেপে উল্লেখ করব। এর ফলে মাননীয় সদস্যগণের পক্ষে বাজেট বরাদ্দ আলোচনা করা এবং সমগ্র বৎসরের জন্য অনুদানের দাবি পাস করার সুবিধা হবে।

### ১৯৬৭-৬৮ সাল

### প্রারম্ভিক তহবিল

১৯৬৭ সালের মার্চ মাসে উপস্থাপিত ১৯৬৭-৬৮ সালের আনুমানিক বাজেট বরাদ্দে প্রারম্ভিক তহবিলের পরিমাণ দেখানো হয়েছিল ১ কোটি ২৫ লক্ষ টাকা; এটা ছিল ১৯৬৬-৬৭ সালের আনুমানিক সমাপ্তি তহবিল। অ্যাকাউন্ট্যান্ট-জেনারেলের ১৯৬৭ সালের মার্চ মাসের সাময়িক হিসাব অনুসারে প্রকৃতপক্ষে আর্থিক বৎসর ১৮ কোটি ৬ লক্ষ টাকার নগদ তহবিল নিয়ে সমাপ্ত হয়। অ্যাকাউন্ট্যান্ট-জেনারেলের নিকট থেকে প্রকৃত আয়ব্যয়ের চূড়ান্ত হিসাব না পাওয়া পর্যন্ত প্রারম্ভিক তহবিলের এই ব্যতিক্রমের সঠিক কারণ নির্দেশ করা সম্ভব নয়। বর্তমান অবস্থায় যতটা জানা যায়, তাতে এই পরিবর্তনের কারণগুলি নিম্নরূপঃ

(১) ১৯৬৬-৬৭ সালের আয়ের খাতে ধরা হয় নি এরূপ ১ কোটি ৩৮ লক্ষ টাকা সীমান্ত নিরাপত্তার যে ব্যবস্থা আমরা করেছিলাম তার দরুন বকেয়া কেন্দ্রীয় সাহায্য হিসাবে গত আর্থিক বৎসর শেষ হওয়ার পূর্বে পাওয়া গেছে।

(২) গত আর্থিক বৎসর শেষ হওয়ার মুখে গভীর নলকূপগুলিকে বিদ্যুৎচালিত করার জন্য বিদ্যুৎ পর্ষদকে দেওয়ার উদ্দেশ্যে ভারত সরকার আমাদিগকে ১ কোটি ৫০ লক্ষ টাকা দিয়েছেন। পর্ষদকে অবশ্য এই টাকা দেওয়া হয়েছে বর্তমান আর্থিক বৎসরে।

(৩) খাদ্যশস্য সংগ্রহে অর্থ নিয়োগের জন্য স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার কাছ থেকে ইতিপূর্বে গৃহীত মোটা একটি ঋণের একাংশ, প্রায় ১ কোটি ৮২ লক্ষ টাকা প্রদান আর্থিক বৎসর শেষ না হওয়া পর্যন্ত স্থগিত রাখা হয়েছিল।

(৪) দামোদর উপত্যকা কর্পোরেশনের কতকগুলি দায়াধিকার সম্বন্ধে ভারত সরকারের সংগে মীমাংসাসাপেক্ষে বন্যা-নিয়ন্ত্রণ ও সেচ-প্রকল্প বাবত রাজস্বক্ষতির দরুন দামোদর উপত্যকা কর্পোরেশনকে ৩ কোটি টাকা প্রদান আলোচ্য বৎসরে স্থগিত রাখা হয়।

(৫) গত বৎসরে সরবরাহ করা খাদ্যশস্যের দরুন ফুড কর্পোরেশন অব ইন্ডিয়া আমাদের কাছে ১২ কোটি ২৮ লক্ষ টাকা দাবি করেছিলেন। ফুড কর্পোরেশন আমাদের সংগৃহীত যে খাদ্যশস্য প্রভৃতি নিয়েছিলেন তার দরুন তাঁদের কাছে আমাদের প্রাপ্য ৫ কোটি ৮৩ লক্ষ টাকার মীমাংসাসাপেক্ষে ফুড কর্পোরেশন অব ইন্ডিয়াকে মাত্র ২ কোটি টাকা দেওয়া হয়েছিল। এইভাবে আমাদের তহবিলে ১০ কোটি ২৮ লক্ষ টাকা থেকে গিয়েছিল।

উল্লিখিত দফাগুলি একত্রিত করলে মোট অর্থের পরিমাণ দাঁড়ায় ১৭ কোটি ১৮ লক্ষ টাকা। এইভাবে প্রারম্ভিক তহবিল ১ কোটি ২৫ লক্ষ টাকার পরিবর্তে ১৮ কোটি ৬ লক্ষ টাকায় দাঁড়িয়েছে।

### রাজস্বখাতে আয়

বর্তমান বৎসরে রাজস্বখাতে মোট আদায়ের পরিমাণ ২০৪ কোটি ৯৯ লক্ষ টাকা; ১৯৬৭ সালের মার্চ মাসে উপস্থাপিত আনুমানিক বাজেট বরাদ্দে এই অঙ্ক ছিল ২০৬ কোটি ৩৪ লক্ষ টাকা। হ্রাসের পরিমাণ ১ কোটি ৩৫ লক্ষ টাকা।

১৯৬৭ সালের মার্চ মাসে প্রদত্ত আনুমানিক হিসাবের অন্তর্ভুক্ত ১৯ কোটি ৩৫ লক্ষ টাকা ছাড়াও কেন্দ্রীয় অন্তঃশুল্কে আমাদের অংশ হিসাবে অতিরিক্ত ১ কোটি ৬০ লক্ষ টাকা পাওয়ার সম্ভাবনা আছে। ভারত সরকার অবশ্য জানিয়েছেন যে, গত কয়েক বৎসরে এই খাতে তাঁরা অতিরিক্ত প্রায় ৯৫ লক্ষ টাকা দিয়েছেন এবং চলতি বৎসরে আমাদের প্রাপ্য অংশ নির্ণয়ের সময় এর সামঞ্জস্যবিধান করা হবে। সুতরাং এই খাতে নীট বৃদ্ধির পরিমাণ দাঁড়াবে ৬৫ লক্ষ টাকার মতো।

চলতি বৎসরে রাজ্য পরিকল্পনার জন্য কেন্দ্রীয় সাহায্য বাবত ৩১ কোটি টাকা পাওয়া যাবে বলে ভারত সরকার প্রথম দিকে আভাস দিয়েছিলেন। তাঁরা সম্প্রতি অতিরিক্ত আরো ৩ কোটি টাকা বরাদ্দের কথা জানিয়েছেন। এই ৩ কোটি টাকার মধ্যে ১ কোটি টাকা অনুদান হিসাবে পাওয়া যাবে একথা ধরে নিয়ে রাজস্ব হিসাবে এই ১ কোটি টাকা দেখানো হয়েছে।

ঝোলাগুড়ের তীব্র অভাবের দরুন রাজ্য অন্তঃশুল্কে আমাদের ৩ কোটি টাকা কিংবা ততোধিক ক্ষতি হওয়ার আশঙ্কা আছে।

এইসব কারণে চলতি বৎসরে আমাদের রাজস্বখাতের আদায়ে আনুমানিক ১ কোটি ৩৫ লক্ষ টাকা হ্রাস হতে পারে।

### রাজস্বখাতে ব্যয়

বর্তমানে রাজস্বখাতে ব্যয়বরাদ্দের পরিমাণ দাঁড়িয়েছে ২২৩ কোটি ১৯ লক্ষ টাকা, ১৯৬৭ সালের মার্চ মাসে প্রদত্ত আনুমানিক হিসাবে এর পরিমাণ ছিল ২০৮ কোটি ৬৭ লক্ষ টাকা। বৃদ্ধির পরিমাণ ১৪ কোটি ৫২ লক্ষ টাকা। প্রধানত নিচের কারণগুলির জন্য এই বৃদ্ধি ঘটেছেঃ

(ক) সরকারী কর্মচারী এবং বেসরকারী ক্ষেত্রে অশিক্ষক কর্মচারীসহ শিক্ষক-শিক্ষিকাগণকে ১৯৬৭ সালের ১লা মে থেকে বর্ধিতহারে দুর্মূল্যভাতা দেওয়ার জন্য বৎসরে অতিরিক্ত ১১ কোটি ৫০ লক্ষ টাকা ব্যয় হবে। বর্তমান বৎসরে আমরা এই ব্যয়ের পরিমাণ ধরেছি ৯ কোটি ৬২ লক্ষ টাকা এবং বিভিন্ন খাতে প্রদর্শিত এই ব্যয় মুদ্রিত পুস্তিকায় সন্নিবেশিত হয়েছে।

মূল্যমানের দ্রুত বৃদ্ধির ফলে রাজ্যসরকারের কর্মচারিগণের বর্ধিতহারে দুর্মূল্যভাতার দাবি আর নামঞ্জুর করা সম্ভব ছিল না—একথা সকলেই অনুধাবন করবেন। আমি এখানে উল্লেখ করতে চাই যে, আমরা সম্প্রতি যে দুর্মূল্যভাতা বৃদ্ধি করেছি সেটা হিসাবে ধরলে দেখা যায় যে, ১৯৬১ সালের এপ্রিল মাসে বেতনক্রম সংশোধনের পর আমাদের সর্বনিম্ন বেতনভোগী কর্মচারী-দের বেতন শতকরা ১০২·৫ ভাগ এবং মফঃস্বলে কর্মরত করণিকগণের বেতনহার শতকরা ৬৭·৪ ভাগ বৃদ্ধি পেয়েছে। সেক্ষেত্রে ১৯৬১ সালের এপ্রিল মাসের পর নিম্নতমশ্রেণীর কর্ম-চারীদের জীবনধারণের ব্যয় বেড়েছে শতকরা ৫০ ভাগ এবং করণিকশ্রেণীর ব্যয় বেড়েছে শতকরা ৪৭·৪ ভাগ।

স্বাভাবিক ব্যয়ের জন্য রাজ্যসরকারের আর্থিক প্রয়োজন নিরূপণের সময় বিগত অর্থ কমিশন ১৯৬৫ সালের জুন মাসের অনুরূপ ব্যয়স্তরের কথাই কেবল বিবেচনা করেছিলেন। তারপর রাজ্যসরকার সরকারী কর্মচারীদের তথা বেসরকারী শিক্ষকদের অধিকাংশকে পরপর চার দফায় দুর্মূল্য ভাতা দিয়েছেন। ফলে বাৎসরিক ব্যয়ের বোঝা প্রায় ২৪ কোটি টাকা বৃদ্ধি পেয়েছে। এছাড়া, সরকারী কর্মচারীদের আরো কতকগুলি সুযোগসুবিধাও দেওয়া হয়েছে, যার ফলে খরচ

হবে বাৎসরিক প্রায় ৫ কোটি টাকা। সর্বশ্রেণীর সরকারী কর্মচারীদের দুর্মূল্যভাতার দাবি পুরোপুরি মেটানোর জন্য এই অল্প সময়ের মধ্যে আমরা যথেষ্ট অর্থের সংস্থান করে উঠতে পারিনি বলে আমি দুঃখিত। আমি জানাতে চাই যে, স্থানীয় স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানগুলির কর্মচারিগণ আমাদের মঞ্জুর-করা দুর্মূল্যভাতার আওতায় না পড়লেও এ বিষয়ে তাঁদের কিছু সুবিধা দেবার কথা সক্রিয়ভাবে বিবেচনা করা হচ্ছে।

স্বল্প পেনসনভোগী ব্যক্তিদের দুর্দশা নিবারণের জন্যও আমরা কিছু করার চেষ্টা করব।

মূল্যস্তরের ক্রমোর্ধ্বগমনের ফলেই আমাদের উপর এইসব বিরাট বোঝা চেপেছে। ভারত সরকার যে-সব আর্থিক নীতি, বিশেষ করে ঘাটতি ব্যয়ের নীতি অনুসরণ করেন, মূল্যস্তরের ক্রমোর্ধ্বগমন তারই ফল। ক্রমোর্ধ্বগামী মূল্যমানের সমানুপাতে রাজ্যসরকারের স্বাভাবিক রাজস্ব বৃদ্ধি পায়নি। এ থেকে এই দাঁড়ায় যে রাজ্যসরকারের কর্মচারীদের দুর্মূল্যভাতা প্রভৃতি বাবত রাজ্যসরকারের উপর যে বোঝা চেপেছে তার অন্তত অংশবিশেষ ভারত সরকারের বহন করতে এগিয়ে আসা উচিত।

সরকারী কর্মচারীদের বেতনের হার শেষ সংশোধন করা হয়েছিল ১৯৬১ সালের ১লা এপ্রিল। দ্রুত পরিবর্তনশীল আর্থনীতিক অবস্থার কথা বিবেচনা করে সরকার মনে করেন যে, রাজ্যসরকারের বিভিন্ন স্তরের কর্মচারীদের যথোচিত বেতনক্রম নির্ণয়ের প্রশ্নটি নতুন করে পরীক্ষা করে দেখা বাঞ্ছনীয়। সুতরাং এ বিষয়টি পরীক্ষা করার জন্য সরকার একটি বেতন কমিশন নিযুক্ত করার সিদ্ধান্ত করেছেন।

(খ) ১৯৬৭'র মার্চে উপস্থাপিত আনুমানিক বরাদ্দে আমরা পরিকল্পনা-ব্যয় বাবত ৫৯ কোটি ৫০ লক্ষ টাকা ধরেছিলাম। বর্তমান হিসাবে চলতি বৎসরে ঐ বাবত ৬৯ কোটি ৯৪ লক্ষ টাকা ধরা হয়েছে। পরিকল্পনা-ব্যয় খাতে এই অতিরিক্ত প্রায় ১০ কোটি ৪৪ লক্ষ টাকা যোগের ফলে রাজস্ব ব্যয় ৪ কোটি ৭৬ লক্ষ টাকা বৃদ্ধি পাবে।

(গ) "২৩—পুলিশ" খাতে ৪৮ লক্ষ টাকা ব্যয় হ্রাস হয়েছে।

(ঘ) "২৬—বিবিধ বিভাগ—অগ্নি কৃত্যকসমূহ ব্যতিরেকে" খাতে ৪১ লক্ষ টাকা ব্যয় হ্রাস হয়েছে।

(ঙ) "৭৮ক—জাতীয় আপৎকালীন অবস্থার সঙ্গে সংশ্লিষ্ট ব্যয়" খাতে ৯৭ লক্ষ টাকা ব্যয় হ্রাস পেয়েছে।

(চ) বন্যা-নিয়ন্ত্রণ এবং ডি ভি সি'র সেচ সম্পর্কে রাজস্বখাতে বকেয়া লোকসান মেটাবার জন্য ২ কোটি টাকার অতিরিক্ত সংস্থান রাখা হয়েছে।

এ সবের ফলস্বরূপ রাজস্ব ব্যয় ১৪ কোটি ৫২ লক্ষ টাকা বৃদ্ধি পেয়েছে।

## ঋণ ও অন্যান্য খাত

১৯৬৭'র মার্চে উপস্থাপিত আনুমানিক হিসাবে ১৯৬৭-৬৮ সালে স্বল্প-সঞ্চয় সংগ্রহে আমাদের অংশস্বরূপ ১৮ কোটি টাকা ধরা হয়েছিল। গত বৎসর ঐ বাবত সংগৃহীত অর্থের পরিমাণ দাঁড়ায় ৯ কোটি ৪০ লক্ষ টাকা। ১৯৬৫-৬৬তে এর পরিমাণ ছিল ১৩ কোটি ৮২ লক্ষ টাকা এবং ১৯৬৪-৬৫তে ছিল ১৫ কোটি ৬০ লক্ষ টাকা। এ অবস্থায় চলতি বৎসরে স্বল্প-সঞ্চয় সংগ্রহে আমাদের অংশ ১৪ কোটি টাকার অতিরিক্ত হওয়ার আশা করা যায় না। সুতরাং বর্তমান হিসাবে আমরা ১৪ কোটি টাকাই ধরেছি। অতএব এই খাতে ঘাটতির পরিমাণ হবে ৪ কোটি টাকা। ১৯৬৭-র মার্চে উপস্থাপিত আনুমানিক হিসাবে ঋণ আদায় বাবত ৭ কোটি ২০ লক্ষ টাকা ধরা হয়েছিল। ঋণ আদায়ের জন্য বর্তমানে জবরদস্তিমূলক ব্যবস্থা গ্রহণ না করার সিদ্ধান্ত করা হয়েছে। ফলে এই খাতে ২ কোটি টাকা ঘাটতি দেখা দিতে পারে। পরিকল্পনার কার্যসূচিগুলির জন্য ২ কোটি টাকার অতিরিক্ত ঋণ-সহায়তা পাওয়া যাবে। এ সবের ফলে এই খাতে ৪ কোটি টাকার ঘাটতি হবে।

খাদ্যশস্য সংগ্রহের জন্য স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া থেকে গৃহীত নগদ টাকার আগাম পরিশোধের উদ্দেশ্যে ১ কোটি ৮২ লক্ষ টাকা বরাদ্দের দরুন ঋণখাতে ব্যয় ৪ কোটি ২৫ লক্ষ টাকা বৃদ্ধি পেয়েছে। পরিকল্পনার ব্যয়ের জন্য ঋণখাতে ২ কোটি ২৩ লক্ষ টাকার অতিরিক্ত সংস্থান আছে।

## মূলধনী ব্যয়

১৯৬৭-৬৮'র জন্য উপস্থাপিত হিসাবে মূলধনী ব্যয়ের মোট বরাদ্দ ৩৯ কোটি ৫২ লক্ষ টাকা। ১৯৬৭-র মার্চে উপস্থাপিত হিসাবে এর পরিমাণ ছিল ২৯ কোটি ৮৬ লক্ষ টাকা। বৃদ্ধির কারণ প্রধানত নিম্নরূপঃ

(১) ১০ কোটি ৪৪ লক্ষ টাকার অতিরিক্ত পরিকল্পনা-ব্যয় সঞ্জাত ৩ কোটি ৪৫ লক্ষ টাকার বাড়তি সংস্থান।

(২) গৃহনির্মাণ পরিকল্পসমূহের জন্য ৮০ লক্ষ টাকার অতিরিক্ত ব্যয়।

(৩) গত বৎসরে আমাদের যে সরবরাহ দেওয়া হয়েছে তার জন্য ফুড কর্পোরেশন অফ ইন্ডিয়াকে দেয় অতিরিক্ত ৫ কোটি ৪০ লক্ষ টাকা ব্যয়।

[2—2-10 p.m.]

## নীট ফল

১৯৬৭-৬৮ সালে ১৮ কোটি ২০ লক্ষ টাকার রাজস্ব ঘাটতি আছে। রাজস্ব হিসাবের বাইরের ঘাটতি হল ১৮ কোটি ২১ লক্ষ টাকা। সর্বমোট ঘাটতির পরিমাণ হল ৩৬ কোটি ৪১ লক্ষ টাকা। এর সঙ্গে ১৮ কোটি ৬ লক্ষ টাকার প্রারম্ভিক তহবিল হিসাবে ধরলে মোট বৎসরান্তিক ঘাটতি তহবিলের পরিমাণ দাঁড়ায় ১৮ কোটি ৩৫ লক্ষ টাকা।

আমরা স্বীকার করি যে, যতদূর সম্ভব ঘাটতি ব্যয় পরিহার করা উচিত। কিন্তু আমি মাননীয় সদস্যবৃন্দকে এক্ষেত্রে মনে রাখতে অনুরোধ করছি যে, এই হিসাবে যে বাৎসরিক পরিকল্পনা-ব্যয়বরাদ্দ দেখানো হয়েছে তদপেক্ষা ক্ষুদ্রতর ব্যয়বরাদ্দ এই রাজ্যের নিম্নতম প্রয়োজনের পক্ষেও অত্যন্ত অপ্রতুল হত আর দুর্মূল্যভাতাও না বাড়িয়ে উপায় ছিল না।

বাজেটের ঘাটতি পূরণের জন্য আমরা নিচের পন্থাগুলি গ্রহণ করার প্রস্তাব করছিঃ

(১) **অতিরিক্ত কর নির্ধারণ।**—চলতি বৎসরে কতকগুলি অতিরিক্ত কর ধার্য করার প্রয়োজন হবে। যথাসময়ে প্রয়োজনীয় ব্যবস্থাগুলি এই সভায় উত্থাপন করা হবে। এক্ষেত্রে যতদূর সম্ভব নিম্নআয়ের লোকদের উপর করের বোঝা বৃদ্ধি না করার বাঞ্ছনীয়তা স্মরণে রাখা হবে। তবে আমি একথা পরিষ্কার করে বলতে চাই যে, আমাদের সংবিধানগত ব্যবস্থার দরুন রাজ্যক্ষেত্রে অতিরিক্ত কর ধার্য করার সুযোগ খুবই সীমাবদ্ধ। অবশ্য কর ধার্য করার এমন কতকগুলি সূত্র আছে যেগুলির উপর সংবিধানানুসারে আইনগত নিয়ন্ত্রণ হল কেন্দ্রের, কিন্তু কেন্দ্র এই করগুলি ধার্য করলে সেগুলি বাবত আদায়করা অর্থ রাজ্যের প্রাপ্য হয়। এরূপ কর হল টারমিনাল কর, যাত্রীর ও মালের ভাড়ার উপর ধার্য কর প্রভৃতি। এ ছাড়া এন্ট্রি ট্যাক্স, বিক্রয় করের স্থলে কাপড়, চিনি ও তামাকের উপর ধার্য অতিরিক্ত অন্তঃশুল্কের ন্যায় রাজ্যক্ষেত্রে কিছু করের সূত্র কেন্দ্রীয় নিয়ন্ত্রণের অধীন। এ ব্যাপারে আমি কেন্দ্রীয় অর্থমন্ত্রকের সঙ্গে পত্রালাপ করছি।

(২) **কেন্দ্রীয় সরকারের ঋণ পরিশোধ স্থগিতকরণ।**—চলতি বৎসরে ভারত সরকারকে আসল বাবত ২২ কোটি টাকা এবং সুদ বাবত ১৩ কোটি টাকা পরিশোধের সংস্থান আমাদের হিসাবে ধরা হয়েছে। ঋণ স্থগিত রাখা, ঋণের যুক্তিসঙ্গত বিন্যাস এবং সুসংহতিকরণের প্রশ্ন নিয়ে আমরা ভারত সরকারের সঙ্গে আলোচনা

করছি। এই জাতীয় পরিবর্তনের অনেক অবকাশ আছে। এ প্রশ্ন নতুন নয়। এই বিষয়টি দ্বিতীয় অর্থ কমিশনের নিকট তোলা হয় এবং এ সম্বন্ধে ঐ অর্থ কমিশন-এর মন্তব্য নিম্নরূপঃ

"বহুসংখ্যক ঋণ দান এবং সে ঋণের সুদের হার ও পরিশোধের শর্তাদির বিভিন্নতা ইউনিয়ন ও রাজ্যসমূহের আর্থিক সম্পর্কের ক্ষেত্রে পরিহার্য জটিলতার সৃষ্টি করেছে। এইসব ঋণের সংহতিসাধন করতে পারলে এবং সুদের হার ও পরিশোধের শর্তাদির যুক্তিসংগত বিন্যাস করলে জটিলতা কমবে এবং অনেকটা পরিশ্রম ও হিসাবনিকাশের ঝামেলা থেকে রেহাই পাওয়া যাবে।"

দ্বিতীয় অর্থ কমিশন ঋণের সংহতিসাধন এবং যুক্তিসংগত বিন্যাস সম্বন্ধে সুপারিশ রছিলেন। ভারত সরকার প্রথমে সেসব সুপারিশ মেনে নিয়েছিলেন। কিন্তু পরে তাঁরা দের সিদ্ধান্ত সংশোধন করেন এবং এই বিষয়ে দ্বিতীয় অর্থ কমিশনের সুপারিশ অনুসারে ় করেন নি। সম্প্রতি পুনরায় আমি বিষয়টি উপপ্রধানমন্ত্রী ও কেন্দ্রীয় অর্থমন্ত্রীর কাছে ণ করেছিলাম। তিনি কেন্দ্রীয় ঋণ ও তার সুদ পরিশোধ স্থগিত রাখতে রাজী না হলেও দ্রীয় ঋণের সংহতিসাধন এবং যুক্তিসংগত বিন্যাসের প্রশ্ন বিবেচনা করতে রাজী হয়েছিলেন। মার মনে হয় যে, সুদের হার ও ঋণ পরিশোধের শর্তাদি সম্পর্কিত সমগ্র বিষয়টি ভারত কারের নতুন করে বিবেচনা করা উচিত, যাতে রাজ্যসরকারসমূহ এই ক্ষেত্রে উল্লেখযোগ্য সুবিধা ভের আশা করতে পারেন।

(৩) **কেন্দ্রীয় সহায়তার বরাদ্দ।** মাননীয় সদস্যগণের স্মরণ থাকতে পারে যে, গত ৯ই মার্চ (১৯৬৭) এই সভায় আমি প্রতিশ্রুতি দিয়েছিলাম যে, পশ্চিমবঙ্গের চতুর্থ পরিকল্পনার জন্য অতিরিক্ত কেন্দ্রীয় সহায়তার প্রশ্ন আমি নতুন করে কেন্দ্রীয় সরকারের কাছে উত্থাপন করব। পশ্চিমবঙ্গের ক্ষেত্রে কেন্দ্রীয় সহায়তা বরাদ্দের ব্যাপারে যে অবিচার করা হয়েছে সে সম্পর্কে আমি পরিকল্পনা কমিশনের ডেপুটি চেয়ারম্যান শ্রীঅশোক মেটাকে লিখেছি। আমি অতিরিক্ত ১০ কোটি টাকার কেন্দ্রীয় সহায়তা বরাদ্দ করার জন্য চাপ দিয়েছি। প্রকাশ যে, ১৯৬৭-৬৮ সালে সব কয়টি রাজ্যের জন্য মোট কেন্দ্রীয় সহায়তার পরিমাণ দাঁড়াবে ৫৯০ কোটি টাকা। মোটামুটি স্থির হয়েছিল যে, মোট কেন্দ্রীয় সহায়তার ৭০ শতাংশ জনসংখ্যার ভিত্তিতে বণ্টন করা হবে এবং অবশিষ্ট ৩০ শতাংশ বণ্টন করা হবে বিশেষ প্রয়োজনের ভিত্তিতে। মোট কেন্দ্রীয় সহায়তা ৫৯০ কোটি টাকার ৭০ শতাংশ ৪১৩ কোটি টাকা (৫৯০ কোটি টাকার ৭০ শতাংশ=৪১৩ কোটি টাকা) ১৯৬৭-৬৮ সালে জনসংখ্যার ভিত্তিতে বণ্টন করা হলে পশ্চিমবঙ্গ ৩৩ কোটি টাকা পাওয়ার অধিকারী হবে। কাজেই দেখা যাচ্ছে যে, অবশিষ্ট ৩০ শতাংশের মধ্যে (১৭৭ কোটি টাকা) পশ্চিমবঙ্গকে মাত্র ১ কোটি টাকা দেওয়া হয়েছে। পশ্চিমবঙ্গের কোন বিশেষ সমস্যা নেই এবং বিশেষ প্রয়োজনের ভিত্তিতে বণ্টনযোগ্য ১৭৭ কোটি টাকার মধ্যে ১ কোটির বেশি টাকা পাওয়ার অধিকারী সে নয় পরিকল্পনা কমিশন কি করে এই সিদ্ধান্তে পৌঁছালেন তা আমি বুঝতে পারি না। রাজ্যসমূহকে কেন্দ্রীয় সহায়তা বণ্টনের ব্যাপারে কোন্ নীতি অনুসরণ করা হচ্ছে তা পরিকল্পনা কমিশনের পক্ষে সুস্পষ্টভাবে ব্যক্ত করা বিশেষভাবে বাঞ্ছনীয়।

আমি চতুর্থ অর্থ কমিশনের রিপোর্টের ৫৭ অনুচ্ছেদের প্রতিও শ্রী মেটার দৃষ্টি আকর্ষণ করেছিলাম। সেই অনুচ্ছেদে চতুর্থ অর্থ কমিশন নিম্নোক্ত মান অনুসারে রাজ্য-সমূহের আনুপাতিক আর্থনীতিক ও সামাজিক অনগ্রসরতা বিচার করেছেনঃ

(ক) মাথাপিছু কৃষি উৎপাদনের মোট মূল্য;

(খ) শিল্পোৎপাদন দ্বারা বৃদ্ধিপ্রাপ্ত মাথাপিছু মূল্য;

(গ) মোট জনসংখ্যার অনুপাতে শ্রমিকদের শতাংশ হার;

(ঘ) ৬ থেকে ১১ বৎসর বয়স্কদের মধ্যে প্রথম থেকে চতুর্থ শ্রেণীতে ভর্তির শতকরা হিসাব;

(ঙ) হাসপাতালের শয্যাপ্রতি জনসংখ্যার হার;

(চ) মোট জনসংখ্যার অনুপাতে গ্রামীণ জনসংখ্যার শতাংশ হার; এবং

(ছ) মোট জনসংখ্যার অনুপাতে তফসিলী সম্প্রদায় ও আদিবাসী জনসংখ্যার শতাংশ হার।

উপরি-উক্ত নীতির ভিত্তিতে কমিশন বণ্টনযোগ্য ইউনিয়ন অন্তঃশুল্কের ৭·৫১ শতাংশ পশ্চিমবঙ্গকে প্রদান করার অভিমত দিয়েছিলেন। এরই পরিপ্রেক্ষিতে আমরা মনে করি যে, জনসংখ্যা ও বিশেষ প্রয়োজনের ভিত্তিতে বণ্টনযোগ্য কেন্দ্রীয় অর্থের ৭·৫১ শতাংশের চেয়ে একটুও কম পশ্চিমবঙ্গের পাওয়া উচিত নয়। পশ্চিমবঙ্গকে মোট কেন্দ্রীয় সহায়তা ৫৯০ কোটি টাকার ৭·৫১ শতাংশ (অর্থাৎ জনসংখ্যার ভিত্তিতে প্রাপ্তব্য ৮ শতাংশের কম) দেওয়া হলে আমরা ৩৪ কোটি টাকার জায়গায় পাব ৪৪ কোটি টাকা। কেন্দ্রীয় সরকার এই বৎসরের জন্য মোট কেন্দ্রীয় সহায়তার পরিমাণ ৫৯০ কোটি টাকার উপরে আরও বেশি বাড়িয়ে ঘাটতি অর্থসংস্থানের আশ্রয় নেবেন এমন কথা আমরা বলতে চাই না। আমাদের বক্তব্য চলতি বৎসরে সবকয়টি রাজ্যের পরিকল্পনা-বরাদ্দ বাবত বণ্টনযোগ্য কেন্দ্রীয় সহায়তা ৫৯০ কোটি টাকার মধ্যে আমাদের অংশের তদর্থক নির্ধারণের বিরুদ্ধে।

আমি এখানে একটি সাধারণ প্রশ্ন উত্থাপন করতে চাই। সংবিধানে অর্থ কমিশনকে কার্যত সমস্ত কেন্দ্রীয় অর্থ রাজ্যসমূহে হস্তান্তরের সংস্থা হিসাবে গণ্য করা হয়েছে। দ্বিতীয় ও তৃতীয় অর্থ কমিশনের বিচার্য বিষয় সম্পর্কে বলা হয়েছে যে, রাজ্যসমূহের জন্য সহায়ক অনুদান সুপারিশ করার সময় কমিশন পঞ্চবার্ষিক পরিকল্পনার প্রয়োজনও বিবেচনা করবেন। দুঃখের বিষয় ভারত সরকার এ সম্পর্কে তৃতীয় অর্থ কমিশনের সুপারিশগুলি গ্রহণ করেন নি। তার ফলে গুরুতর বৈষম্যের সৃষ্টি হয়েছে এবং পরবর্তী অর্থ কমিশনগুলি তার সমালোচনা করেছেন। সংবিধান প্রণেতারা কল্পনা করেন নি যে, সংবিধানের ২৮২ অনুচ্ছেদ অনুসারে ভারত সরকারের বিভিন্ন মন্ত্রক কর্তৃক সম্পূর্ণ ইচ্ছানুযায়ী বিভিন্ন রাজ্যকে প্রদত্ত কেন্দ্রীয় সহায়তা সমস্ত কেন্দ্রীয় অর্থ বণ্টনের উদ্দেশ্যে সংবিধানের দ্বারা পরিকল্পিত একমাত্র বিধিবদ্ধ সংস্থা অর্থ কমিশনের সুপারিশে নিষ্পন্ন কেন্দ্রীয় অর্থ হস্তান্তরের পরিমাণকে ছাড়িয়ে যাবে। তৃতীয় অর্থ কমিশন ৯৬ অনুচ্ছেদে এইরূপ মন্তব্য করেছেনঃ

> "ইউনিয়ন কর্তৃক রাজ্যসমূহকে প্রদত্ত আর্থিক সহায়তার চিত্র পূর্ণাঙ্গ করতে হলে ২৭৫ অনুচ্ছেদ অনুসারে অর্থ কমিশনের সুপারিশের ভিত্তিতে রাজস্বের সহায়তাকল্পে অনুদান ও সহায়ক অনুদান এবং ২৮২ অনুচ্ছেদ অনুসারে কেন্দ্রীয় সরকার কর্তৃক নির্দিষ্ট উদ্দেশ্যে ইচ্ছানুযায়ী অনুদানের বর্তমান দ্বৈত ব্যবস্থার উল্লেখ করা প্রয়োজন। ১৯৫২-৫৩ সালে ২৮২ অনুচ্ছেদ অনুযায়ী যদিও মোট অর্থের ৪৮·৭ শতাংশ সাহায্য হিসাবে দেওয়া হয়েছিল, ১৯৬১-৬২ সালের বাজেটে এখন তার পরিমাণ দাঁড়িয়েছে ৮০·২ শতাংশ। অন্যভাবে বলা যায় যে, ইচ্ছানুযায়ী প্রদত্ত অনুদান মোট সহায়তার একটা বড় অংশ হয়ে দাঁড়িয়েছে।"

এর মধ্যে স্পষ্টতই সাংবিধানিক সংস্থাকে অর্থাৎ সংবিধান রচয়িতাদের দ্বারা অভিপ্রেত অর্থ কমিশনকে পাশ কাটিয়ে যাবার প্রবণতা দেখা যায়। ভারত সরকার কর্তৃক অনুসৃত পদ্ধতির ফলে যে সাংঘাতিক বৈষম্যের সৃষ্টি হয়েছে তার বিবরণ নিচে দেওয়া হলঃ

(১) মহারাষ্ট্রের জন্য তৃতীয় অর্থ কমিশন সাধারণ হস্তান্তর অনুসারে পরিকল্পনার সাহায্য হিসাবে যে ৬ কোটি ৭৫ লক্ষ টাকা সুপারিশ করেছিলেন সেটা তাঁদের হিসাবের অন্তর্ভুক্ত করা হয়েছিল। তৃতীয় অর্থ কমিশন পরিকল্পনার ৭৫ শতাংশ রাজস্ব ব্যয় মেটানোর জন্য অর্থ হস্তান্তর সম্পর্কিত যে সুপারিশ করেছিলেন ভারত

সরকার তা গ্রহণ না করে বোম্বাই রাজ্যকে কেন্দ্রীয় রাজস্বের স্বাভাবিক হস্তান্তরের মাধ্যমে পরিকল্পনার সাহায্য হিসাবে বার্ষিক অতিরিক্ত ৬ কোটি ৭৫ লক্ষ টাকা পাওয়ার অনুমতি দিয়েছিলেন।

(২) চতুর্থ অর্থ কমিশন মহারাষ্ট্রের জন্য সমগ্র চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনাকালে ২১৬ কোটি টাকা হস্তান্তর অনুমোদন করেছিলেন। এই অর্থ মহারাষ্ট্রের স্বাভাবিক রাজস্ব ব্যয়ের প্রয়োজন অর্থাৎ বার্ষিক ৪৩ কোটি টাকার অতিরিক্ত ছিল। কমিশন বলেছিলেন যে, মহারাষ্ট্রের চতুর্থ পরিকল্পনার জন্য কেন্দ্রীয় সাহায্য বরাদ্দ করার সময়ে এই অতিরিক্ত হস্তান্তর হিসাবের মধ্যে ধরতে হবে।

এরকম বৈষম্য যাতে আবার না ঘটে সেইজন্য আমরা প্রস্তাব করি যে, পরিকল্পনা ও পরিকল্পনা বহির্ভূত ব্যয়ের জন্য সাংবিধানিক অভিপ্রায় অনুযায়ী গঠিত অর্থ কমিশনের ন্যায় স্বতন্ত্র কমিশনের রোয়েদাদের মাধ্যমে কেন্দ্রীয় অর্থের বণ্টন হওয়া উচিত। আমি কোন নতুন কথা বলছি না। একের পর এক অর্থ কমিশনগুলি এই বিষয়টির উপর মন্তব্য করেছেন। চতুর্থ অর্থ কমিশন ৮১-৮৩ অনুচ্ছেদে এই বিষয়টির উল্লেখ করে বলেছেনঃ

"অভিমত হয়ে আমরা বিবেচনা করি যে, আমাদের প্রস্তাবিত দুইটি পন্থার মধ্যে যে-কোন একটিকে গ্রহণ করলেই শুধু এই বৈষম্য দূর হবে।

প্রথম পন্থাটি হল অর্থ কমিশনের কাজকর্ম এমনভাবে সম্প্রসারিত করা যাতে রাজ্যগুলির স্বাভাবিক বাজেটের ভারসাম্য রক্ষা করা এবং পরিকল্পনার নির্দিষ্ট লক্ষ্য পূর্ণ করা—এই উভয় ব্যাপারে রাজ্যগুলিকে সক্ষম করে তোলার জন্য ঋণ কিংবা রাজস্ব হস্তান্তরের মাধ্যমে মোট আর্থিক সাহায্য দেওয়া যায়। আমরা মনে করি যে, এ ব্যবস্থা আমাদের সংবিধানের অভিপ্রায় এবং এমন কি সংবিধানের স্পষ্ট নির্দেশের সঙ্গে সঙ্গতিপূর্ণ হবে। এর ফলে পরিকল্পনা কর্মসূচীতে মূলধনী ও রাজস্ব ব্যয়ের পরস্পর-নির্ভরতাও হিসাবে ধরা হবে বলে কমিশনের সুপারিশগুলি অধিকতর বস্তুনিষ্ঠ হয়ে উঠবে।

দ্বিতীয় পন্থা হল, উপযুক্ত সময়ে পরিকল্পনা কমিশনকে অর্থ কমিশনে রূপান্তরিত করা।"

পরিকল্পনা কমিশন এখন যেভাবে গঠিত সেইভাবে তাকে অর্থ কমিশনে রূপান্তরিত করা এটা আমরা চাই না। এ সম্বন্ধে চতুর্থ অর্থ কমিশনের চেয়ারম্যান ডঃ পি ভি রাজামান্নার কারণ দেখিয়েছেন তার সঙ্গে আমি একমত। তিনি বলেছেনঃ "কমিশনের গঠন [illegible]। এর চেয়ারম্যান হিসাবে রয়েছেন প্রধানমন্ত্রী এবং সদস্যদের মধ্যে আছেন [illegible] মন্ত্রিগণ। সম্পূর্ণ সরকারী প্রভাবমুক্ত কোন বিধিবদ্ধ সংস্থার সাথে তুলনা করলে পরিকল্পনা কমিশনকে আধা-রাজনৈতিক সংস্থারূপে বর্ণনা করা যেতে পারে।" সংবিধানে [illegible] ব্যক্ত করা হয়েছে যে কেন্দ্রীয় অর্থ রাজ্যগুলিতে হস্তান্তর করতে হলে অর্থ কমিশনের কোন সরকারী প্রভাবমুক্ত স্বাধীন বিধিবদ্ধ সংস্থার সুপারিশের ভিত্তিতে সে বণ্টন হওয়া [illegible]। পরিকল্পনা কমিশন এইসব শর্ত পূরণ করে না। আমি মাননীয় সদস্যগণের কাছে [illegible] অভিমত উপস্থাপিত করছি এইজন্য যে, রাজ্যে পরিকল্পনার জন্য কেন্দ্রীয় সাহায্য বণ্টনের [illegible] নতুন কিছু চিন্তা-ভাবনার বিশেষ প্রয়োজন আছে—এই আমার দৃঢ় ধারণা।

গত মে মাসে প্রকাশিত সংবাদপত্রের খবর থেকে জানা যায়, শ্রী বি, ভেঙ্কটাপ্পায়ার নেতৃত্বে [illegible] প্রশাসনিক সংস্কার কমিটির পর্যবেক্ষক দল ইতিমধ্যে কেন্দ্রীয় আর্থিক প্রশাসন ব্যবস্থার [illegible] কেন্দ্র ও রাজ্যগুলির আর্থিক সম্পর্কের কাঠামোর আমূল পরিবর্তনের সুপারিশ করেছেন।

এই প্রসঙ্গে আমি পরিকল্পনার জন্য আরও সম্পদ সংস্থানের জরুরি প্রয়োজনের উপর জোর [illegible] চাই। এ পর্যন্ত অনুসৃত প্রচলিত পদ্ধতির দ্বারা প্রয়োজনীয় সম্পদ পাওয়া যাবে না—[illegible] বৈপ্লবিক পদ্ধতি প্রয়োগের প্রয়োজন।

### পশ্চিমবঙ্গের জন্য চতুর্থ পরিকল্পনা : বরাদ্দ

প্রথমেই একথা আমি পরিষ্কার করে বলতে চাই যে, এখন পর্যন্ত ভারত সরকার চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনার চূড়ান্ত রূপ দিতে না পারায় আমাদের পরিকল্পনা রূপায়ণে এবং পরিকল্পনার কার্যসূচি সম্পাদনে অসুবিধা ও অনিশ্চয়তা সৃষ্টি হয়েছে। মার্চ মাসে প্রদত্ত আনুমানিক হিসাবে চলতি বৎসরের জন্য পরিকল্পনা বাবত বরাদ্দ ছিল ৫৯ কোটি ৫০ লক্ষ টাকা। আমরা সযত্নে বিষয়টি পরীক্ষা করে দেখেছি এবং আমরা অনুভব করি যে, রাজ্য পরিকল্পনার জন্য বার্ষিক ৫৯ কোটি ৫০ লক্ষ টাকার যৎসামান্য বরাদ্দ খুবই অপ্রতুল; এমন কি খাদ্যোৎপাদন ও বিদ্যুৎশক্তির সঙ্গে প্রত্যক্ষভাবে সংশ্লিষ্ট কতকগুলি চালু পরিকল্প ত্বরান্বিত করতেও যদি আমরা চাই তার পক্ষেও এ বরাদ্দ অপ্রচুর। বর্তমান আনুমানিক হিসাবে আমরা ৬৯ কোটি ৯৪ লক্ষ টাকা পরিকল্পনা-বরাদ্দের ব্যবস্থা করেছি এবং উন্নয়নের বিভিন্ন খাতে যেসব পরিবর্তন করা হয়েছে, এই সভায় প্রচারিত পুস্তিকায় সেগুলির উল্লেখ করা হয়েছে। যেসব কারণে বিভিন্ন দফায় ব্যয় বৃদ্ধি করতে বাধ্য হতে হয়েছে সেগুলি সংক্ষেপে এখানে বলছি।

### কৃষি-উৎপাদন

এ বিষয়ে দ্বিমত থাকতে পারে না যে, খাদ্য উৎপাদন বৃদ্ধি সংক্রান্ত সমস্ত পরিকল্পকে সর্বোচ্চ অগ্রাধিকার দিতে হবে। তাই আমরা কৃষি খাতে ২ কোটি ৫৭ লক্ষ টাকা বৃদ্ধি করেছি। উত্তরবঙ্গের জেলাগুলিতে ও যেসব জায়গায় গভীর নলকূপের ও নদী থেকে তোলা জলের সাহায্যে সেচ দেবার ব্যবস্থা আছে সেসব জায়গায় এবং অন্যান্য জেলায় আউশ ধানের চাষ বাড়াবার ব্যবস্থা করা হয়েছে। এ বৎসর আউশ ধানের চাষে আরও ২,৬৫,০০০ একর জমি নিয়োগের কার্যসূচি গ্রহণ করা হয়েছে।

চলতি বৎসরে এ রাজ্যে উচ্চফলনশীল জাতের ধান, গম ও সংকর ভুট্টার চাষে আরও ৪,৫০,০০০ একর জমি নিয়োগেরও কার্যসূচি গ্রহণ করা হয়েছে। উচ্চফলনশীল ধানের প্রতি একরে গড় উৎপাদন ৫০-৬০ মণ। গভীর নলকূপ সংক্রান্ত পরিস্থিতির উন্নয়ন ও সংহতিবিধানের উদ্দেশ্যে ১৯৬৭ সালের ১লা এপ্রিল থেকে নতুন নলকূপ বসানোর কাজ বন্ধ রাখা হয়েছে। ইত্যবসরে এই মর্মে নির্দেশ দেওয়া হয়েছে যে, এ পর্যন্ত যেসব নলকূপ বসানোর কাজ আরম্ভ করা হয়েছে তার বাকি কাজ যথাসম্ভব দ্রুত শেষ করতে হবে। নদী থেকে জল তুলে যে সেচব্যবস্থা করা হয় সে কাজ সম্পূর্ণ করার এবং পুষ্করিণী উন্নয়নের উপরও জোর দেওয়া হচ্ছে। আরও বেশি পরিমাণে ফল ও সবজি চাষের ব্যাপারেও উৎসাহ দেওয়া হবে। তৈলবীজে আমাদের ঘাটতি পূরণের জন্য বাদামের চাষ সম্প্রসারিত করা হবে।

### সেচ

আমরা সেচ খাতে ২ কোটি ২০ লক্ষ টাকার বরাদ্দ বৃদ্ধির ব্যবস্থা করেছি। এর মধ্যে ১ কোটি ২০ লক্ষ টাকা কংসাবতী ও ময়ূরাক্ষী প্রকল্পের জন্য এবং ১ কোটি টাকা ক্ষুদ্র সেচের জন্য। এই অতিরিক্ত বরাদ্দের ফলে অতিরিক্ত ৮৬,০০০ একর জমি উপকৃত হবে।

[2-10—2-20 p.m.]

### স্বাস্থ্য

স্বাস্থ্য সংক্রান্ত পরিকল্পনার জন্য আমরা আরও ৮৩ লক্ষ টাকা অতিরিক্ত বরাদ্দ ধরেছি। কয়েকটি বেসরকারী যক্ষ্মা হাসপাতাল স্বাস্থ্যবিভাগের কাছে শয্যা সংরক্ষণের প্রস্তাব করেছেন। এসব হাসপাতালে মোট ১০০টি যক্ষ্মারোগের শয্যা সংরক্ষণের জন্য আমরা অতিরিক্ত ৩ লক্ষ টাকা বরাদ্দ করেছি। কলিকাতার হাসপাতালগুলির বহির্বিভাগে এত বেশি ভিড় হয় যে, রোগীদের প্রতি যথাযথ মনোযোগ দেওয়া সম্ভব হয়ে ওঠে না। জনসাধারণের উপকারার্থে কলিকাতার কয়েকটি হাসপাতালে বৈকালিক চিকিৎসা প্রবর্তনের প্রস্তাব করা হয়েছে এবং এজন্য ৫ লক্ষ টাকা বাড়তি বরাদ্দ ধরা হয়েছে। বর্তমানে এ রাজ্যের ২৭টি ব্লকে কোন স্বাস্থ্যকেন্দ্র নেই।

কলকাতা ন্যাশনাল মেডিক্যাল কলেজ'কে সরকারের হাতে আনার জন্য আমরা ৪৫ লক্ষ টাকা বরাদ্দ করেছি। পল্লী-অঞ্চলে নলকূপ বসানো এবং মেরামত করা সহ জল-সরবরাহ উৎস স্থাপন ও পুনঃস্থাপনের জন্য আমরা অতিরিক্ত আরও ২০ লক্ষ টাকা বরাদ্দ করেছি।

## শিক্ষা

শিক্ষা খাতে বরাদ্দ বৃদ্ধি করা হয়েছে ১ কোটি ৯৩ লক্ষ টাকা। শিক্ষা খাতে এই বাড়তি ব্যয় ধরা হয়েছে মাধ্যমিক বিদ্যালয়গুলিকে সহায়ক অনুদানের বকেয়া টাকা দেবার জন্য এবং প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়গুলির শিক্ষকদের কার্যকাল শেষ হবার সময়ের সহায়তাসহ বাড়তি ব্যয় নির্বাহের জন্য। বিদ্যালয়ের শিক্ষকদের জন্য বর্তমানে যে কনট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ড-এর ব্যবস্থা আছে তার উপর একটি উন্নত পেনশনের পরিকল্পও সবেমাত্র অনুমোদন করা হয়েছে। বিদ্যালয়ের পরলোকগত শিক্ষকদের বিধবা পত্নী এবং সন্তানদের জন্য ডেথ গ্র্যাচুইটি দানের একটি পরিকল্পও অনুমোদন করা হচ্ছে।

## বিদ্যুৎশক্তি

পল্লী-অঞ্চলে বিদ্যুৎ সরবরাহের জন্য বিদ্যুৎ পরিবহণের কাজ এবং সাঁওতালদি বিদ্যুৎকেন্দ্রের কাজ যাতে অযথা ব্যাহত না হয় সেজন্য আমরা বিদ্যুৎশক্তি খাতে ২ কোটি ১৫ লক্ষ টাকা ব্যয়-বরাদ্দ বৃদ্ধি করেছি।

## গৃহনির্মাণ

আমরা গৃহনির্মাণ পরিকল্পের জন্য আরও ১ কোটি টাকার অতিরিক্ত বরাদ্দ করেছি।

## উদ্বাস্তু সমস্যা

উদ্বাস্তু সমস্যা বেশ বড় আকারেই এখনো আমাদের সামনে রয়েছে। এখনও যেসব কাজের দিকে দৃষ্টি দেওয়া দরকার সেগুলি সম্পর্কে একটি কর্মসূচি প্রণয়নের উদ্দেশ্যে রাজ্যসরকার সম্প্রতি "রাজ্য পুনর্বাসন কমিটি" গঠন করেছেন। এখনো এমন বহু লক্ষ উদ্বাস্তু আছেন যাঁদের পুনর্বাসন প্রয়োজন। এ'দের মধ্যে সম্প্রতি আগত লোকও আছেন। সকল জবরদখল কলোনি এখনো বৈধ হয় নি। এই রাজ্যের উদ্বাস্তুদের জরুরি সমস্যাগুলির সমাধানের জন্য অবিলম্বে এবং যথেষ্ট পরিমাণে কেন্দ্রীয় সাহায্য অত্যাবশ্যক।

## ত্রাণকার্য

কয়েকটি জেলায় দুর্ভিক্ষাবস্থা বর্তমান। অবস্থার মোকাবিলার জন্য ত্রাণকার্য চালিয়ে যাওয়া হচ্ছে। এজন্য শেষ পর্যন্ত বর্তমান সংস্থান অপেক্ষা অনেক বেশি ব্যয় হওয়ার সম্ভাবনা। এ খাতে ৫ কোটি ৩৫ লক্ষ টাকার বেশি যা ব্যয় হবে তার ৫০ শতাংশ অনুদানরূপে এবং ২৫ শতাংশ ঋণস্বরূপ দিতে ভারত সরকার প্রতিশ্রুতি দিয়েছেন। আশা করি ভারত সরকার এ ব্যাপারে প্রতিশ্রুতি রক্ষা করবেন।

## কৃষিজীবীর সমস্যা

ভূমিহীন কৃষি-মজুর, ভূমিহীন বর্গাদার এবং ক্ষুদ্র ক্ষুদ্র জমির মালিকদের ভিতরে যাঁরা জমি পাওয়ার যোগ্য তাঁদের মধ্যে সরকারে ন্যস্ত জমি বিতরণের উদ্দেশ্যে নতুন সরকার ইতিমধ্যে পন্থাবলম্বনের সূত্রপাত করেছেন। এরূপ বিতরণের পদ্ধতিটিও গণতান্ত্রিক করা হয়েছে। যে-সব জমি সরকারে ন্যস্ত হওয়া উচিত ছিল, কিন্তু প্রাক্তন মধ্যস্বত্বভোগী বা বড় জোতদারদের অবৈধ বা বেনামী হস্তান্তরের ফলে যা সরকারে বর্তায়নি, সেইসব জমি খুঁজে বের করার ব্যবস্থা

বর্গাদারদের অবৈধভাবে উৎখাত করার ঘটনাগুলির প্রতি অধিকতর গুরুত্বসহ মনোযোগ দেওয়া হচ্ছে এবং যাঁরা উৎখাত হয়েছেন তাঁরা যাতে বস্তুত সাহায্য পান তার ব্যবস্থা হয়েছে। ঠিকাপ্রজা উচ্ছেদ বন্ধ করা এবং ভাড়াটেরা যাতে অধিকতর সুযোগসুবিধা পান তা সুনিশ্চিত করার কথাও বিবেচনা করা হচ্ছে।

এই রাজ্যের খরাক্লিষ্ট অঞ্চলের অধিবাসীদের খাজনা মকুব করা হচ্ছে এবং যে-সব রায়ৎ ২-৩ একরের মতো ক্ষুদ্র ক্ষুদ্র ভূখণ্ডের অধিকারী তাঁরা ভূমিরাজস্ব না দিলেও ঐ ভূখণ্ড তাদের দখলে রাখতে দেওয়া যায় কি না—একথা বিশেষভাবে বিবেচনা করা হচ্ছে।

গ্রামাঞ্চলের যেসব বাসিন্দার নাম সাম্প্রতিক সেটেলমেন্টের সময় খতিয়ানে নথিভুক্ত হয়নি অথবা যাঁদের ক্ষেত্রে অনুমতি দখল বা জবরদখল বলে দেখানো হয়েছিল তাঁদের নামে বাস্তুজমি নথিভুক্ত করার চেষ্টা চলছে।

গ্রামের যেসব লোক দরিদ্র বা গৃহহীন তাদের বাসগৃহের জন্য ছোট ছোট জমি দেবার নির্দেশ দেওয়া হয়েছে।

## খাদ্যনীতি

আমি এখানে বলতে চাই যে, দুঃখবরণ ও ত্যাগস্বীকারে দেশের সকলের সমান অংশ গ্রহণ করা উচিত, এই স্বীকৃত নীতির ভিত্তিতে একটি জাতীয় খাদ্যনীতি গড়ে তোলার চেষ্টা, আমার মতে, ভারত সরকার এখনো করেন নি। ভারতে প্রত্যেক লোক মাথাপিছু একই পরিমাণ খাদ্যশস্য গ্রহণ করবে, এই ভিত্তিতে গণনা করে যে উদ্বৃত্ত খাদ্য প্রাপ্য হবে তার [illegible] খাদ্যশস্য সংগ্রহের সম্পর্ক থাকা উচিত। যে খাদ্যনীতিতে কতিপয় রাজ্যের লোক [illegible] দৈনিক ২০ বা ৩০ আউন্স খাদ্যশস্য গ্রহণ করতে পারে এবং অন্য কতিপয় রাজ্যের [illegible] দৈনিক যে ১০ আউন্স খাদ্যশস্য পাবে তারও স্থিরতা নেই, সে খাদ্যনীতিকে [illegible] বলা দুরূহ। এই নীতিকে বড়জোর স্রোতের সঙ্গে ভেসে চলার নীতি বলা যায়। ভারত সরকার যদি এরূপ একটি জাতীয় খাদ্যনীতি গ্রহণে ও প্রবর্তনে বিফল হন, যে নীতির ফলে যুক্তিযুক্ত মূল্যে মাথাপিছু সর্বনিম্ন অত্যাবশ্যক খাদ্য পাওয়ার নিশ্চয়তা থাকবে এবং সমস্ত [illegible] লোকদের এ সম্পর্কে আত্মত্যাগে সমতা থাকবে, তাহলে জনগণকে সর্বদাই মজুতদার ও কালোবাজারীদের দয়ার উপর নির্ভর করে থাকতে হবে। আমরা ভারত সরকারের [illegible] খাদ্যনীতির ফল দেখতে পাচ্ছি। মাত্রাতিরিক্ত এবং কালোবাজারী দাম ছাড়া পশ্চিমবাংলায় [illegible] পাওয়া যাচ্ছে না, কিন্তু কতিপয় রাজ্যে অনেক কম মূল্যে চাল বিক্রি হচ্ছে।

সুতরাং দেখা যাচ্ছে যে, দেশের ঘনায়মান খাদ্যসংকট সম্পর্কে ভারত সরকার [illegible] সম্পূর্ণ অবহিত ছিলেন না। গত বৎসর কংগ্রেস সরকারকে যে পরিমাণ খাদ্যশস্য [illegible] হয়েছে তার সমপরিমাণ খাদ্যের জন্য আমাদের দাবি তাঁরা প্রত্যাখ্যান করেছেন। শুধু তাই নয়, আমাদের যে খাদ্য দিতে তাঁরা প্রতিশ্রুত ছিলেন সেটা দিতেও এ পর্যন্ত তারা ব্যর্থ হয়েছেন। পশ্চিমবঙ্গে আমরা সাংঘাতিক অসুবিধার সম্মুখীন হয়েছি। [illegible] যে পরিমাণ ধান পূর্ববর্তী সরকার সংগ্রহ করেছিলেন।

## পরিকল্পনা ও তার ব্যর্থতা

এতদিন ধরে যে পরিকল্পনার কাজ চলে এসেছে তার প্রতিশ্রুত উদ্দেশ্যগুলির মধ্যে ছিল যাঁরা নিয়োগপ্রার্থী তাঁদের জন্য পন্থা ও সুযোগ সৃষ্টি করা, অর্থনৈতিক ও সামাজিক বৈষম্য কমিয়ে আনা এবং দেশে প্রত্যেক পরিবারের জন্য ন্যূনতম স্তরের জীবিকা সংস্থানের ব্যবস্থা করা। এই উদ্দেশ্য এখনও সাধিত হয়নি। দিনের পর দিন বেকারী ও আধা-বেকারী বেড়েই চলেছে।

পরিকল্পনার একটি প্রধান উদ্দেশ্য ছিল আর্থনীতিক ক্ষমতা যাতে মুষ্টিমেয় [illegible] পুঞ্জীভূত না হয় এবং একচেটিয়া মালিকানার প্রসার না ঘটে সেই ব্যবস্থা করে [illegible] উন্নতিসাধন। আয়ের ক্ষেত্রে এবং সম্পত্তির মালিকানার ক্ষেত্রে বৈষম্য যাতে কমে এ

সামান্য ইঙ্গিতও আমরা কেন্দ্রীয় অর্থমন্ত্রীর বাজেট বক্তৃতায় পাইনি। হয়ত কেন্দ্রীয় অর্থমন্ত্রী বলবেন যে, সম্পদের উপর কর, উপহারের উপর কর, মৃত ব্যক্তির সম্পত্তির উপর কর প্রভৃতির মাধ্যমে একচেটিয়া মালিকানা এবং মুষ্টিমেয় লোকের হাতে অর্থনৈতিক ক্ষমতা পুঞ্জীভূত হওয়া নিবারণ করা যাবে। 'মনোপলিজ কমিশন'-এর রিপোর্ট থেকে দেখা যায় যে, মুষ্টিমেয় লোকের হাতে অর্থনৈতিক ক্ষমতা পুঞ্জীভূত হওয়ার ব্যাপারে এবং একচেটিয়া মালিকানার প্রবণতা রোধে কোনও অগ্রগতি কিংবা নির্দেশের নিশ্চয়তা লক্ষ্য করা যায় নি। বেসরকারী ক্ষেত্রে শিল্পের মালিকদের এবং উচ্চপদস্থ কর্মচারীদের বেতন ও অন্যান্য সুযোগসুবিধার আকারে মোটা আয় করতে দেওয়া হয় অথচ তাঁদের অধীনে কর্মরত বিরাট শ্রমিকশ্রেণীর বেঁচে থাকার মতো জীবিকার সংস্থান হয় না। পর পর পঞ্চবার্ষিক পরিকল্পনাগুলির রূপায়ণ সামাজিক কাঠামোতে শুধু বৈষম্য বৃদ্ধির সহায়তাই করেছে। কয়েক বৎসর আগে মহলানবিশ কমিটিও আয়ের বৈষম্য এবং অর্থনৈতিক ক্ষমতা পুঞ্জীভূত হওয়ার বিষয়টি স্পষ্ট করে তুলে ধরেছিলেন। আমি কেন্দ্রীয় অর্থমন্ত্রীর বাজেট বক্তৃতায় আয় এবং সম্পত্তির মালিকানার বৈষম্য কমানোর কোনও প্রয়াস দেখতে পাইনি। নয়াদিল্লীর একটি সম্মেলনেও একথার উল্লেখ আমি করেছিলাম। বহু কোটি কালোটাকার সন্ধান কি করে পাওয়া যায় কিংবা কিভাবে ব্যাঙ্ক জাতীয়করণ করা যায় এ সম্বন্ধে ঐ বাজেট বক্তৃতায় কোনও ইঙ্গিত নেই। পর পর তিনটি পরিকল্পনা রূপায়ণের অভিজ্ঞতা থাকায় ভারত সরকারের ইতিমধ্যেই বুঝতে পারা উচিত ছিল যে, তাঁরা যদি তথাকথিত "সমাজতান্ত্রিক ধাঁচের সমাজ" সত্যই গড়ে তুলতে চান তাহলে পরিকল্পনা প্রণয়নে ও রূপায়ণে বৈপ্লবিক পরিবর্তনের প্রয়োজন। বহু বৎসরের পরিকল্পনায় যে সৌধ গড়ে তোলা হয়েছে তার ভিত্তিমূলে আছে সুগভীর স্বার্থ ও বৈষম্যমূলক আচরণ। ভারত সরকার যদি সত্যই সকল মানুষকে সমমর্যাদায় প্রতিষ্ঠিত করতে চান এবং ভারতের জনগণ যাতে সামাজিক নিরাপত্তা ও ন্যায়বিচার পান সে ব্যবস্থা করতে চান তাহলে প্রচলিত ভাবধারায় এবং পরিকল্পনায় বৈপ্লবিক পরিবর্তনের প্রয়োজন

(তুমুল হটগোল)

## উপসংহার

আমি এতক্ষণ যা বলেছি তার পরিপ্রেক্ষিতে বোঝা যাবে যে আমাদের সম্মুখে দায়িত্ব কি গুরু, বিশেষ করে এই কারণে যে নিতান্ত সীমাবদ্ধ অবস্থার মধ্যে আমাদের কাজ করতে হবে। জনগণের ইচ্ছার ফলেই এই সরকার সংগঠিত হয়েছে এবং একমাত্র তাঁদের স্বেচ্ছাপ্রণোদিত সহযোগিতাই আমাদের প্রতিশ্রুত উদ্দেশ্যসাধন সম্ভব করে তুলতে পারে। আমার দৃঢ়বিশ্বাস যে, সংশ্লিষ্ট সকলের কাছ থেকে আমরা যথেষ্ট পরিমাণে এই সহযোগিতা পাব।

স্পীকার মহাশয়, আমি আমার বক্তৃতা শেষ করছি। এখন আপনি যা করবার তাই করুন।

### পশ্চিমবঙ্গ বাজেট, ১৯৬৭-৬৮

(হাজার টাকার অঙ্কে)

| | ১৯৬৭র মার্চে বিধানমণ্ডলীতে উপস্থাপিত বাজেট অনুযায়ী | বিধানমণ্ডলীতে উপস্থাপিত বর্তমান বাজেট অনুযায়ী |
|---|---|---|
| আয় | | |
| প্রারম্ভিক উদ্বৃত্ত .. .. | ১,২৪,৭৫ | ১৮,০৬,২৫ |
| রাজস্ব আদায় .. .. | ২,০৬,৭৪,১৩ | ২,০৮,৯১,১৩ |
| মূলধনে আদায় | | |
| ঋণ .. ... .. | ৬০,৭২,৮২ | ৫৬,৭৭,১১ |
| নির্দিষ্ট তহবিল ও সরকারী হিসাব থেকে আদায় | ৪,১৬,৭০,৪৪ | ৪,২১,৭০,৪৪ |
| মোট .. | ৬,৮৪,৭২,১৪ | ৭,০১,২০,৫৩ |

| | ১৯৬৭র মার্চে (হাজার টাকার অঙ্ক) বিধানমণ্ডলীতে উপস্থাপিত বাজেট অনুযায়ী | বিধানমণ্ডলীতে উপস্থাপিত বর্তমান বাজেট অনুযায়ী |
|---|---|---|
| ব্যয় | | |
| রাজস্বখাতে ব্যয় ... ... ... | ২,০৮,৬৭,২০ | ২,২৩,১৯,৫৫ |
| মূলধনখাতে ব্যয় ... ... ... | ২৯,৮৬,২৫ | ৩৯,৫২,১৯ |
| ঋণখাতে ব্যয়— | | |
| ঋণ ... ... ... | ৪৬,০০,৮৭ | ৫০,২৬,২৩ |
| উপনিমিত্ত তহবিল ও সরকারী হিসাব থেকে ব্যয় | ৪,০৬,৫৭,৫৩ | ৪,০৬,৫৭,৫৩ |
| সমাপ্তি তহবিল ... ... ... | —৬,৩৯,৭১ | —১৮,৩৫,০৬ |
| মোট ... | ৬,৮৪,৭২,১৪ | ৭,০১,২০.৪৪ |

নীট ফল

উদ্বৃত্ত (+)

ঘাটতি (—)

| | | |
|---|---|---|
| (ক) রাজস্বখাতে ... ... | —২,৩৩,০৭ | —১৮.২০,৪২ |
| (খ) রাজস্বখাতের বহির্ভূত হিসাবে .. | —৫,৩১,৩৯ | —১৮,২০,৮৯ |
| (গ) নীট (প্রারম্ভিক তহবিল বাদে) ... | —৭,৬৪,৪৬ | —৩৬.৪১,৩১ |
| (ঘ) নীট (প্রারম্ভিক তহবিলসহ) ... | —৬,৩৯,৭১ | —১৮,৩৫,০৬ |

[2-20—4 p.m.]

**Mr. Speaker:** A meeting of the Business Advisory Committee will be held in my room after the present adjournment of the House.

(At this stage the House was adjourned till 4 p.m. to-day.)

(After adjournment)

[4—4-10 p.m.]

**Shri Radhika Ranjan Banerji:**

অধ্যক্ষ মহাশয়, একটা জরুরী কথা আপনার কাছে ও আপনার মাধ্যমে হাউসের কাছে বলবার আছে। আজকে বিধানসভা প্রাঙ্গণের মধ্যে জানকীকুমার দাস নামে একজন গুণ্ডা ধরা পড়েছে যার নাম ভুট্টো, গত দু বৎসর ধরে বেলঘরে, দক্ষিণেশ্বর ও আড়িয়াদহ অঞ্চলে যেসমস্ত নরহত্যা, মেয়েদের উপর লাঞ্ছনা হচ্ছে তার প্রথম সাকরেত হচ্ছে এই ভুট্টো। এই কথা রাখতে চাই, তিনি কংগ্রেসের লোক।

(নয়েজ)

আপনার কাছে এইটুকু জানতে চাই এই জানকী দাস এলায়েস ভুট্টো সিদ্ধার্থশঙ্কর রায়ের কার্ডে বিধানসভায় এসেছেন কিনা? গতকাল বেলঘরিয়া থানায় এর নামে একটা চিঠি ডাইরী হয়েছে।

**মিঃ স্পীকার:**

I shall make an enquiry.

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জি:** তিনি বলেছেন, বিধানসভা ভবনে আসার জন্য তাঁকে কংগ্রেস থেকে নির্দেশ দেওয়া হয়েছে।

**শ্রীহংসধ্বজ ধাড়া:** পুলিশের কাছে তার স্টেটমেন্ট আছে যে, পরিমল দাশগুপ্ত যিনি কমিউনিস্ট পার্টি থেকে বিতাড়িত হয়েছেন তাঁর ভাই তাঁকে পাঠিয়েছেন।

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জি:** গতকাল বেলঘরিয়া থানায় এর নামে একটা চিঠি ডাইরি হয়েছে।

**Mr. Speaker:**

I shall make proper enquiries.

**শ্রীপ্রভাসচন্দ্র রায়:** স্যার, বিধানসভায় পশ্চিম গেটে কংগ্রেস ভবন থেকে একটা শোভাযাত্রা পাঠান হয়েছিল। যুক্তফ্রন্টের একটা শোভাযাত্রা এসেছিল তার উপর আক্রমণ করা হয়। যুক্তফ্রন্ট সরকারের শোভাযাত্রার উপর আক্রমণ চালাবার জন্য কংগ্রেস ভবন থেকে শোভাযাত্রা পাঠান হয়।

**(নয়েজ)**

এখানে যে দুজন আহত হয়েছেন তাদের একজনের নাম হচ্ছে মুকুলেশ চক্রবর্তী, আর এক জনের নাম সুকুমার দাশগুপ্ত। তারা স্বীকার করেছে যে তাদের কংগ্রেস ভবন থেকে পাঠানো হয়েছে। তারা ধরা পড়েছে এবং ভিতরে আটক রয়েছে।

(Noise and interruptions.)

## Debate on Adjounment Motion

**Mr. Speaker:** Mr. Ray, please move your motion.

**Shri Siddhartha Shankar Ray:** Mr. Speaker, Sir, I thank you very much for having granted me leave to move the following adjournment motion. I know, Sir, that just as I start moving the adjournment motion on the Naxalbari situation, the Left Communist would try to obstruct me in that way. I know it and I shall deal with the situation with your help. Sir, I move the following motion for the adjournment of the business of the House for the purpose of discussing a definite matter of urgent public importance:

This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely, the present state of anarchy and lawlessness, as existing today in the Naxalbari area in West Bengal, particularly in the interior and more remote parts thereof covered by the Naxalbari, Kharibari and Phansidewa Thanas brought in a highly organised and well planned manner under the active leadership of various Marxist Communists leading up to (a) the present and immediate move by some persons in the said area to create a "free zone" therein, as fairly and frankly admitted by the Hon'ble Chief Minister of West Bengal on the 24th June, 1967, at New Delhi which will appear from the respective issues on the "Statesman" and "Hindusthan Standard" both, dated the 25th June, 1967, and to (b) the present and immediate move by the above persons to commence the second phase of their wholly politically motivated struggle there to create a "red zone" in India, by holding a series of clandestine meetings in their secret hideouts and securing arms and ammunitions, further supplies whereof are expected by them from Chinese and Pakistani sources, and decision of the present West Bengal Government as again fairly and frankly disclosed by the Hon'ble Chief Minister at New Delhi on the 24th June, 1967, to in effect allow the said state of lawlessness and anarchy to continue by inter alia giving persons in the said area, for whose arrests lawful warrants have been issued by the authorities as by law established in West Bengal for having committed diverse henious and

gruesome offences which are all both cognizable and non-bailable, and who are now absconding time to surrender to the authorities and by further declaring that applications by these absconders for being enlarged on bail will not be opposed by the present Government in spite of the offences committed by them being both cognizable and non-bailable thereby acting contrary to Article 154 read with Article 256 of the Constitution of India as well as the procedure with regard to such matters as by law duly established in India, thus actively assisting these absconders and other lawless persons in the creation of an absolute state of anarchy even today in the said area and infusing an unprecedented state of panic and terror into the minds of thousands of peace-loving and law-abiding citizens residing in the said area in West Bengal.

Sir, we are deeply grateful to the Chief Minister He has been frank and he has told newspaper men in New Delhi about the situation. He has said that it is the idea of a handful of people to create a free zone in Naxalbari within India. With regard to the report of the "Hindusthan Standard" of the 25th June, 1967, I find that it has been reported that rebel leaders also said that they have already secured quite a number of guns and they were expecting more supply from the Chinese and Pakistani sources.

[4-10—4-20 p.m.]

I am placing these reports for this purpose that it will be my suggestion through the medium of this adjournment motion to request Government, most humbly, to immediately appoint an enquiry commission to find out whether these reports are correct or not Sir, I shall start, first by referring not to any document issued by the Indian National Congress, not by referring to any document or relying on any statement issued on behalf of the West Bengal Parliamentary Party or its leader I shall start this debate by referring to a well thought out and well written appeal issued by the Darjeeling District Office of the Bangla Congress Mr. Jitendra Nath Das Gupta, the General Secretary of the Darjeeling District of the Bangla Congress has said this I have the appeal here in my hand It is in Bengali and it reads as follows:

গত ২৯এ মে সকাল অনুমান ৮-৩০ মিনিটে নকশালবাড়ি থানার করজোতে কর্তব্যরত পুলিস ইন্সপেক্টর শ্রীসুনাম ওয়াংদিকে কম্যুনিস্ট (মার্ক্সবাদী) নেতার পরিচালনাধীন তীর-ধনুক-বর্শা সজ্জিত সশস্ত্র জনতা হত্যা করে এবং এই সাথে আরও তিনজন পুলিস অফিসারকে গুরুতরভাবে আহত করা হয়। কম্যুনিস্ট (মার্ক্সবাদী) নীতিগতভাবে বিশ্বাস করেন না যে শান্তিপূর্ণভাবে ভূমিসমস্যা সমাধান সম্ভব। ইঁহাদের অর্থাৎ কি না মার্ক্সবাদী কম্যুনিস্ট কি অতি বাম কি মধ্যপন্থী কি নরমপন্থী সকলেই রক্তক্ষয়ী শ্রেণী সংগ্রামে বিশ্বাসী। কম্যুনিস্ট (মার্ক্সবাদী) পরবর্তী কার্যক্রম হইতেছে এই রক্তক্ষয়ের পব ব্যক্তিস্বাধীনতা প্রতিষ্ঠার আন্দোলন মাধ্যমে বিভ্রান্তিকর প্রচার মাধ্যমে শ্রমিকশ্রেণীর এবং শহরের বন্দরের মধ্যবিত্ত বুদ্ধিজীবীর মনে সংশয়ের সৃষ্টি করিয়া পুলিস জুলুমের আওয়াজ তুলিয়া হয় সাধারণ জনতা নিষ্ক্রিয় করা, না হয় সম্ভাব্য ক্ষেত্রবিশেষে জনসাধারণের সমর্থন অর্জন করা। নেপাল এবং পাকিস্তানের সীমান্ত মধ্যবর্তী বনজঙ্গলে ঢাকা আত্মগোপনের অনুকূল এই স্থানটিকে চীনপন্থী মার্ক্সবাদী ভূমিসমস্যা সমাধানের লড়াইয়ের ক্ষেত্র নির্বাচনও তাৎপর্যপূর্ণ। স্বাভাবিকভাবে ইহার সহিত দেশরক্ষার প্রশ্নটিও জড়িত হইয়া পড়িতেছে। মার্ক্সবাদী কম্যুনিস্ট তথা চীনপন্থী নীতি শান্তিপূর্ণভাবে সমাজতন্ত্রের উত্তরণের নীতিতে বিশ্বাসী নয়। এই খণ্ড খণ্ড রক্তাক্ত শ্রেণী সংগ্রাম বৃহত্তর চূড়ান্ত রক্তক্ষয়ী ক্ষমতা দখলের সংগ্রামেরই প্রস্তুতি। মার্ক্সবাদী কম্যুনিস্টরা গ্রামাঞ্চলে ব্যাপক প্রচার চালাইতেছে যে, শ্রমিকশ্রেণীর রাষ্ট্রীয় ক্ষমতা দখলের চরম মুহূর্ত সমাগত।

This was said by the General Secretary of the Darjeeling District Bangla Congress on behalf of the Bangla Congress association. Another appeal was issued by the other non-communist leftist parties saying that *jatiya ar po ... alta front sarkar ... ndabad*. There a question has been asked !

এই সন্ত্রাসের রাজত্ব কতদিন আর চলবে, এ সম্বন্ধে মার্ক্সবাদী কম্যুনিস্টদের বক্তব্য কি?

They have been charged with the most heinous crime, most gruesome offences, including murder. Why are not warrants of arrest executed? Article 144 of the Constitution read with Article 256 of the Constitution—I know the Left Communist members have no faith in the Constitution but we are still governed by the Constitution—this Constitution enjoins the State Government to act in accordance not only with the Constitution but also in accordance with law that exists in the State passed by the Centre as well as by the State Government. What does the Police Act say? Police Act makes it absolutely clear that it shall be the duty of every police officer—and the Marxist Communist members, it is they and they alone are responsible for the agitation in the Naxalbari area—to obey and execute the warrants of arrest lawfully issued to him by any competent authority. Why are the Police not executing them which are statutorily imposed on them under section 23 of the Police Act, 1861? No Minister, no Chief Minister of any Government can interfere with the duties of the Police as enjoined by Law and it is the incumbent duty of the Police to carry out various duties which have been mentioned in section 23 of the Act. The reason why I wish to place this document before you is to impress upon the non-left Communist members on the other side of the House of the seriousness of the situation. It has been my endeavour from the very day this House met for the first time to warn the non-left Communist members of this House of the dangers of the left communism and the brand of communism that they are seeking to preach. I have time and again warned you in my humble capacity as a member, rightly or wrongly. I have said what they would do and today I stand vindicated that whatever I have said in the last session has been proved true to the last letter. No eloquence on my part would be more acceptable by the honourable members here to prove the lawlessness in the State of West Bengal than by referring to the incidents that are happening today in front of this very House. Within a few yards from the Government House, within a few yards from this august House, in front of the Calcutta High Court, lawlessness of the worst type is taking place. If lawlessness of this type can happen here today on the 26th June, 1967, in front of the Legislative Assembly, in front of the Calcutta High Court, in front of the Government House, just imagine what must be happening in the Naxalbari area, just imagine the reign of terror that has been let loose in that particular area, just imagine the panic and the terror that have been infused in the minds of the people in so far as Indian citizens in that Naxalbari area are concerned. I wish to say—and this is very very important—it has been fairly and frankly admitted by the Chief Minister that there are some people who are trying to establish a "free zone", a "red zone" in that territory. There are people against whom warrants of arrest have been issued. What was the reason for issuing those warrants of arrest?

[4-20—4-30 p.m.]

Sir, I have been interrupted time and again and I request you to give me two minutes more.

Finally, I shall say whether the non-communist parties like it or not, I shall be humbly and very respectfully reminding them that their position today is much more dangerous than the position of the Indian National Congress. You have seen what has happened in South Dum Dum Municipality. You have been wiped out by the Left Communists. You have fought the Left Communists and the Left Communists have wiped you out. Before the time is out, this bourgeois socialist revolution which according to Mao-Tse-Tung is going on in India today will certainly come to an end and it will take the shape of communist revolution. The non-communist who are siding today with the Left Communists will be wiped out from the State of West Bengal. That is the warning of Naksalbari. We on behalf of the people will fight to the last so that Naxalbari is not created in any part of Bengal. In order that this sort of thing must not continue you must take action. There must be an Enquiry Commission to go into the question of what is actually happening there. That is the demand of the people of Bengal.

(Noise and interruptions)

On a point of personal explanation, Sir,

উনি বলছেন আমার কার্ডে গুন্ডা ধরা পড়েছে। কিন্তু আমি আপনাকে জানাতে চাই—আমি কালকে রাত্রিবেলা সাতটার সময় আসাম থেকে কলকাতায় এসে পৌছাই। আজকের জন্য আমি কাউকি কার্ড ইস্যু করি নি। আমার নামে যদি কার্ড দেখা যায় তাহলে আমি বলব ঐ বামপন্থী কম্যুনিস্টরা আমার নামে জাল করেছেন

(Noise and interruptions)

অন এ পয়েণ্ট অফ প্রিভিলেজ স্যার, আমি দাবি করছি কোথায় সেই কার্ড আমি দেখতে চাই। আমি আসামে, আসাম গভর্নমেন্টের হয়ে একটা মামলা করতে গিয়েছিলাম। কালকে আমি এখানে এসে পৌঁচেছি এরোড্রোমে সন্ধ্যা সাতটার সময়। সেখান থেকে আমি কংগ্রেস পার্লামেন্টারি পার্টির মিটিং করেছি এবং তারপর বাড়ি গিয়েছি। আজ সকালে তারও সঙ্গে দেখা করি নি। কাউকে কার্ডও দিই নি। এই মিথ্যা অভিযোগ যাঁরা করছেন, তাঁরা বাইরে গিয়ে বলুন, আমি দেখব হাইকোর্টে গিয়ে তাঁরা এর সত্যতা প্রমাণ করতে পাবেন কিনা?

**Shri Arun Kumar Moitra:**

মিঃ স্পীকার, স্যার, নকশালবাড়ির ঘটনাবলীর উপরে আজকে যুক্তফ্রন্টের বিভিন্ন দলগুলি যতই ধোঁয়ার আবরণ সৃষ্টি করতে চান না কেন, প্রকৃত সত্য ঘটনা তাঁদের যুক্তফ্রন্টের বিভিন্ন দলের নেতৃবৃন্দ নকশালবাড়ি পরিভ্রমণ করে যে বিবৃতি দিয়েছিলেন তাতে অত্যন্ত পরিষ্কার হয়ে ফুটে উঠেছে। আমি তাঁদের সেই বিবৃতির অংশটা পড়ে দিচ্ছি। এটা কোন কংগ্রেস-সেবীর বক্তব্য নয়। যুক্তফ্রন্টের পক্ষে আহ্বায়ক শ্রীবরদা মুকুটমণি (বলশেভিক পার্টি), শ্রীঅমল গাঙ্গুলী (বাংলা কংগ্রেস) ও শ্রীস্বরাজবন্ধু ভট্টাচার্য মন্ত্রিমিশনের সঙ্গে শিলিগুড়ি মহকুমার উপদ্রুত অঞ্চলগুলি ঘুরে নিম্নলিখিত বিবৃতি দিয়েছেন। কৃষক আন্দোলনের নামে একজন উগ্রপন্থী মার্ক্সবাদী কম্যুনিস্ট কর্মী এতদঞ্চলে যে হত্যা, লুণ্ঠন, জবরদস্তি জমি দখল এবং অন্যান্য বে-আইনী হিংসাত্মক কার্যকলাপ করে চলেছে, একদিন এই আন্দোলনের পিছনে স্থানীয় দরিদ্র ভূমিহীন কৃষকের জমির ক্ষুধা ও চা-বাগান থেকে উৎখাত মজুতশ্রেণীর বিবিধ শোষণ ও অবিচার থেকে মুক্তির আকাঙ্ক্ষা কাজ করলেও বর্তমান আন্দোলনের সঙ্গে দেশের সত্যিকার কৃষি আন্দোলনের যে কোন সম্পর্ক নাই, তা অনুষ্ঠিত ঘটনাগুলি এবং আন্দোলনের চরিত্র ও ধারা থেকে তা সুস্পষ্টভাবে প্রমাণিত হয়েছে। একটি সুপরিকল্পিত ও সুদূরপ্রসারী রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে উক্ত উগ্রপন্থী কমিউনিস্ট কর্মীরা যে একটি সংগঠিত বাহিনী গঠন করেছে এবং পশ্চিম-বাংলার পূর্ব ও উত্তর সীমান্তে নিজেদের সেই রাজনৈতিক উদ্দেশ্যকে সফল করে তোলার পক্ষে একটি চমৎকার সুবিধাজনক

স্থান হিসাবে পশ্চিম বাংলার উত্তর সীমান্তের এই নকশালবাড়ি এলাকাটিকে বেছে নিয়েছে অনুমান করার যথেষ্ট কারণ আছে। আন্দোলনকারীদের উদ্দেশ্য হচ্ছে ধারাবাহিক ও সংগ হিংসাত্মক কার্যকলাপের দ্বারা সমগ্র এলাকায় একটি ভীতির রাজত্ব সৃষ্টি করা এবং স সীমান্ত এলাকায় নিজেদের আন্দোলনের ক্ষেত্র প্রসারিত করার জন্য একটি নিরাপদ মুক্ত অ স্থাপন করা। 'যুগান্তর' পত্রিকায় ২০এ জুন তারিখে এই বিবৃতি প্রকাশিত হয়ে নকশালবাড়ির ঘটনাবলীকে আপনারা সরকারপক্ষ থেকে যতই সাধারণ কৃষকের ভূমির ক্ষ বলে প্রচার করার চেষ্টা করেন না কেন ভূমির ক্ষুধার জন্য সালে লোহারের স্ত্রীকে ধর্ষণ কর প্রয়োজন হয় না। সালে লোহার একজন অতি সাধারণ নেপালী কৃষক যার মাত্র তিন- বিঘা জমি আছে এবং ক্ষেতমজুর হিসাবে কাজ করে খায়, তার বাড়ি লুণ্ঠিত হয়েছে এ তার স্ত্রী ধর্ষিতা হয়েছে এ বিষয়ে কোন সন্দেহ নেই। নকশালবাড়ির ঘটনা কতখানি রা নৈতিক প্রতিহিংসার পরিচয় দিতে পারে তার প্রমাণ হচ্ছে গণেশ লোহার নামে অ.ব এর নেপালী। নকশালবাড়ির সে সুবোলভিটা জোতের বাসিন্দা। সে গণেশ লোহারের ঘ থেকে প্রমাণ হবে যে, এই গণেশ লোহার একজন মাত্র চার বিঘা জমির মালিক, চাষী এ ক্ষেত-মজুর, একসময় সে নাকি কংগ্রেসে কাজ করতে এসেছিল এই তার অপরাধ, তাকে ভ করে নিজেদের দলভুক্ত করা হয় এবং কৃষাণ সমিতির সদস্যভুক্ত করা হয়। কিন্তু তাতেও ত আন্তরিকতা সম্বন্ধে নিঃসন্দেহ হওয়া যায় নি, সেই গণেশ লোহারের বাড়ি লুণ্ঠন করা এবং তার উপস্থিতিতে তার সন্তানদের সামনে ঐ বামপন্থী কমিউনিস্টপন্থী পশুরা বার তার স্ত্রীর সম্ভ্রমহানি করে। একে কি আপনারা ভূমির ক্ষুধা বলবেন? যদি একে আপন ভূমির ক্ষুধা বলতে চান তাহলে আমি প্রশ্ন করতে চাই যে, যাঁরা বলে থাকেন শ্র আন্দোলনে, কৃষক আন্দোলনের কথা যেখানে পারগুমিয়া টি এস্টেটের পনের-ষোলটি শ্র যারা বাগানের মালিকের অত্যাচারে একটি মামলায় জড়িত হয়ে সেই বাগান থেকে ডিসমি হয়েছে এবং সামান্য প্রভিডেন্ট ফান্ডের টাকা পেয়ে সেই পারগুমিয়া চা-বাগানের পাশে কয় বিঘা জমি কিনেছে—আমি নামগুলি পড়ছি, তার মধ্যে রয়েছে ঝরিয়া ও'রাও, যার জ পরিমাণ মাত্র ১৫ বিঘা, বিশ্থু সিং, যার জমির পরিমাণ মাত্র এক বিঘা, বান্দা ও'রাও, যার জ পরিমাণ পনের বিঘা, পীযুষ ও'রাও, একটা চা-বাগানের দরিদ্র শ্রমিক, যার জমির পরি ৬ বিঘা, ইসাদ ও'রাও, যার জমির পরিমাণ মাত্র এক একর, কান্দু ও'রা যার জমির পরিমাণ ৬ বিঘা, জোর করে তাদের সেই জমি থেকে উৎখাত করা হয়ে এবং বলা হয়েছে যে, যদি কখনও তারা সেই জমিতে প্রবেশ করার চেষ্টা করে তাহ তাদের জীবন সংশয়। এটা কি ভূমি আন্দোলন? এই যদি ভূমি আন্দোলন হ তাহলে আমরা বলব যে সম্পূর্ণভাবে সারা পশ্চিম বাংলার জনমতকে বিভ্রান্ত কর চেষ্টা করা হচ্ছে, সম্পূর্ণভাবে প্রকৃত সত্যকে গোপন রেখে এই অবৈধ কার্যকলা এই লুণ্ঠন চালানো হচ্ছে। নকশালবাড়ি একটা সীমান্ত এলাকা যার একপাশে নেপ সীমান্ত আর একপাশে পাকিস্তান সীমান্ত মাঝখানে ষোল মাইল একটুখানি জায়গা এ যে জায়গাটা সারা উত্তর-পূর্ব ভারতে সংযোগক্ষেত্র সেখানে আধিপত্য কায়েম করার যে চেষ্ট হচ্ছে তার সম্বন্ধে সমস্ত দেশপ্রেমিক, সমস্ত জাতীয়তাবাদী মানুষের আজকে সতর্ক হও দরকার। আজকে আমরা দেখতে পাচ্ছি বামপন্থী কমিউনিস্ট দলের নেতাদের দ্বারা যু ফ্রন্টের অন্যান্য দলের সদস্যরা যেখানে আঘাত প্রাপ্ত হচ্ছেন যেমন সংযুক্ত সোস্যালিস্ট পার্টি নেতা শিলিগুড়ি মহকুমার শ্রীসম্পদকুমার রায়ের গৃহ যখন আক্রান্ত হয় তখন তাঁরা চঞ্চল হ ওঠেন, যখন বাংলা কংগ্রেসের নেতা ঈশ্বর কিরকির বাড়ি আক্রান্ত হয় তখন যুক্তফ্রন্টে অংশীদার কোন কোন দল চঞ্চল হয়ে ওঠেন। তাই বামপন্থী কমিউনিস্ট পার্টি একটা ধোঁয়া আবরণ সৃষ্টি করতে চাইছেন যে আমরা নই আমরা নই গুটিকয়েক উগ্রপন্থী এই কাজ ক চলেছে, আমরা তাদের দল থেকে বের করে দিয়েছি। আমি কি প্রশ্ন করতে পারি হরেকৃষ্ণবাব জ্যোতিবাবুকে কানু সান্যাল এবং জঙ্গল সাঁওতাল আজও তাঁদের পার্টির সদস্য আছে কিনা আছে, কাউকে বহিষ্কার করা হয় নি। আমি কি প্রশ্ন করতে পারি এই শহরের যেসমস্ত কমিউনিস্ট নেতা যাদের গ্রামাঞ্চলের সঙ্গে কানু সান্যালের সঙ্গে জঙ্গল সাঁওতালের সঙ্গে সংযোগ কম ছিল তাদের সরিয়ে যাদের সংযোগ বেশি, যোগাযোগ বেশি তাদেরই কর্তৃত্বে তাঁ এনে দিয়েছেন কিনা? দিয়েছেন। হরেকৃষ্ণবাবু ১৭ই মে তারিখে নকশালবাড়িতে গিয়ে ছিলেন, তিনি সেখানে সভায় বলেছেন এই সমস্ত উগ্র বামপন্থীরা আমার কথা শুনছে না

তিনি কলকাতায় এসে সেই অসত্য বিবৃতি দেন অথচ ১৭ই তারিখে রাত্রিবেলার তিনি নিজে গাড়ি পাঠিয়ে কানু সান্যালকে নিয়ে গেছেন, তার সঙ্গে কথা বলেছেন। যেসময় কানু সান্যালের উপর পুলিসের গ্রেপ্তারী পরোয়ানা চলছে সেই সময় একজন মন্ত্রী একজন গ্রেপ্তারী পরোয়ানা ফেরারী আসামীর সাথে চুপি চুপি গভীর রাত্রে পরামর্শ করলেন এবং পুলিসকে বললেন হাত দিও না। পরের দিন আবার সকালবেলায় তিনি সেই কানু সান্যালের সঙ্গে ঐ বাংলোতে মিলিত হয়েছিলেন। ছয়জন মন্ত্রী ১২ই তারিখে পরিভ্রমণ করলেন সমস্ত এলাকা, কোন মন্ত্রী উগ্রপন্থী নেতাদের সঙ্গে যোগাযোগ করতে পারেন নি, কিন্তু হরেকৃষ্ণবাবু তো পেরেছিলেন, তিনিও ১২ই মে তারিখে রাত্রিবেলায় শিলিগুড়ি শহরে ঐ পলাতক কমিউনিস্ট নেতা জঙ্গল সাঁওতালের সঙ্গে মহানন্দা নদীর ধারে গিয়ে স্থানীয় কমিউনিস্ট নেতা বীরেন বসুর সঙ্গে সাক্ষাৎ করেছিলেন। তাতে এই প্রমাণ হচ্ছে যে, সারা বাংলাদেশে দ্বিতীয় ভিয়েৎনাম সৃষ্টি করবার জন্য বামপন্থী কমিউনিস্টদের একটা প্রচেষ্টা চলছে যার আঘাত সমস্ত জাতীয়তাবাদী শক্তিতে লাগবে এবং যার আঘাত সমস্ত দেশপ্রেমিক এবং সংসদীয় গণতন্ত্রে বিশ্বাসী, পরিষদীয় গণতন্ত্রে যাঁরা বিশ্বাসী তাঁদের আঘাত করবে। আমরা একথা বলতে চাই যে, একের পর এক মানুষের গৃহ লুণ্ঠিত হয়েছে যার অসংখ্য উদাহরণ দিয়ে এই সভার সময় নষ্ট করতে চাই না। একের পর এক অসংখ্য মানুষের গৃহ লুণ্ঠিত হয়েছে ঘরে আগুন জ্বালিয়ে দেওয়া হয়েছে, ধান লুঠ করে নেওয়া হয়েছে, নারী ধর্ষণ ও অপহরণ হয়েছে। সচ্চিদানন্দ ভারতী নামে এক ব্যক্তিকে ২৯এ মে তারিখে জবরদস্তিভাবে ধরে নিয়ে যাওয়া হয়েছে, আজ পর্যন্ত তার কোন খবর নেই এবং সবচেয়ে আশ্চর্যের কথা দেশে সরকার আছে কিনা তা আমরা বুঝতে পারছি না। একটা লোককে জবরদস্তিভাবে ধরে নিয়ে যাওয়া হল অথচ অনুসন্ধান করে তার জীবন বাঁচানোর ব্যবস্থা আজ পর্যন্ত পুলিস করলেন না। কুন্দন সিং নামে এক ব্যক্তির বাড়ি থেকে বন্দুক লুঠ করে নিয়ে গিয়ে তাকে ধরে নিয়ে যাওয়া হয়েছে আজ পর্যন্ত সেই কুন্দন সিংকে উদ্ধার করার চেষ্টা করা হয় নি। সবচেয়ে আশ্চর্যের কথা নগেন রায়চৌধুরীকে হত্যা করে ফেলে রেখে দেওয়া হল পুলিসকে খবর দেওয়া সত্ত্বেও ছয়-সাত দিন পুলিস সেখানে গিয়ে কোন তদন্তের ব্যবস্থা করলেন না, সেই শবটিকে গ্রহণ করে পোস্ট মর্টেমের কোন ব্যবস্থা করলেন না দিনের পর দিন শবটি পড়ে রইল। কোন সভ্য সরকারের আমলে এমন ঘটনা অকল্পিত। মন্ত্রিমিশন আত্মপ্রসাদ লাভ করছেন যুক্তফ্রন্টের খিচুড়ি দল আত্মপ্রসাদ লাভ করছেন যে আমরা তো মন্ত্রিমিশন পাঠিয়েছিলাম শান্তির বাণী বলে এসেছি, সব শান্ত হয়ে গিয়েছে। আমার কাছে আছে মন্ত্রিমিশনের আবেদন যে ২২এ জুন তারিখের মধ্যে যদি এই ধরনের কার্যকলাপ সম্পূর্ণ বন্ধ না হয় তাহলে ভীষণ ব্যবস্থা করা হবে। ২২এ জুন পার হয়ে গিয়েছে, সঙ্গে সঙ্গে তাঁরা যে আবেদনপত্র দিয়ে এসেছিলেন সেই আবেদনপত্র চরমপন্থীদের মুখপত্র হিসাবে শিলিগুড়ি মহকুমার কৃষাণ সমিতি ঘৃণার সংগে প্রত্যাখ্যান করেছেন। তাঁরা বলেছেন নকশালবাড়ির কৃষক আন্দোলন সম্বন্ধে তদন্ত করতে মন্ত্রিমিশন এখানে আসিলেন এবং একটি প্রচারপত্র বিলি করিলেন। সেই প্রচারপত্রে তাঁরা স্বীকার করিলেন জমির মালিকশ্রেণী কৃষকদের বঞ্চিত করিতেছে কিন্তু সাথে সাথেই ঘোষণা করিলেন যে, এই আন্দোলন হঠকারী এবং মন্ত্রিসভাবিরোধী। কারণ দর্শাইলেন হত্যাকাণ্ড ও লুণ্ঠন। জমির মালিক একজনমাত্র নিহত হইয়াছে এবং সেই হত্যাকাণ্ডে আন্দোলনকারীরা জড়িত আছেন, এটা অবিশ্বাস করবারও যথেষ্ট কারণ আছে। অথচ জমির মালিকশ্রেণী সরকারী আইন অমান্য করিয়াছে, মন্ত্রিমিশন থাকাকালে কৃষক হত্যা করিয়াছে, গ্রামের পর গ্রাম অগ্নিসংযোগ করিয়াছে ও করিতেছে। সম্পূর্ণ অসত্য ভাষণ দিয়ে মন্ত্রিমিশনের বক্তব্যকে তাঁরা অগ্রাহ্য করলেন। কৃষক সমিতি স্পর্ধিতভাবে জানালেন যে, আমরা যে সংগ্রাম আজ করিতেছি সেই সংগ্রাম প্রতিটা মানুষের স্বাধিকার রক্ষার লড়াই, গণতন্ত্র রক্ষার লড়াই, সম্মান, জাতীয় সম্মান উজ্জীবিত করার লড়াই। তাই প্রত্যেকটি দেশপ্রেমিকের কাছে আবেদন কৃষকের পাশে আসিয়া দাঁড়ান, সংগ্রামকে সুফল করিয়া তুলুন। বিগত ১৯-৬ তারিখে মন্ত্রিমিশনের সেই প্রস্তাব তাঁরা প্রত্যাখ্যান করেছেন। কিন্তু আজ পর্যন্ত মন্ত্রিমণ্ডলী সেখানে শান্তি ও শৃঙ্খলা স্থাপন করার জন্য কোন ব্যবস্থা গ্রহণ করেন নি, চার-পাঁচটি মৌজা আজও সম্পূর্ণভাবে তাদের অধিকৃত হয়ে রয়েছে, সেখানে কোন পুলিস যায় না, সেখানে কোন শাসন নেই, সেখানে মন্ত্রিমিশনের সদস্যরা যেতে সাহস পান নি, এই হচ্ছে সেখানকার অবস্থা।

[4-30—4-40 p.m.]

আমরা জানতে চাই বাংলাদেশে কোন সরকার কাজ করছে কিনা—বাংলাদেশে কোন সভ্য শাসন ব্যবস্থা আছে কিনা? বাংলাদেশে যে পুলিস আছে তার কাছে অত্যাচারিত নিপীড়িত মানুষ যার ঘর লুঠ হয়েছে, যার বন্দুক কেড়ে নেওয়া হয়েছে, যে নারীর সম্মান গিয়েছে তার কোন প্রতিকার পায় কিনা? আপনারা পরিষ্কার বলে দিন চৌদ্দটি দলের গঠিত সরকার বাম কমিউনিস্টদের ছাড়া চলতে পারে না, সুতরাং গদীর মোহে যে অন্যায় হচ্ছে তাই হতে দেব—কোন প্রতিকারের ব্যবস্থা হবে না। তাই যদি বলেন তাহলে বাংলার মানুষ যে প্রতিরোধ আন্দোলন গড়ে তুলবে, তারা তাদের গণতান্ত্রিক প্রতিকার রক্ষার জন্য, তাদের ধন, প্রাণ, ইজ্জত রক্ষার জন্য যে অবস্থার সৃষ্টি করবে তাতে আপনাদের ঐ চৌদ্দটি দলের যুক্তফ্রন্ট সরকার চৌদ্দখানা কাগজের মত উড়ে যাবে।

**Shrimati Purabi Mukhopadhyay:**

স্পীকার, স্যার, আজকে এখানে যে বিষয় নিয়ে আমরা আলোচনা করছি তা শুধু নকশালবাড়ির মধ্যে সীমাবদ্ধ নয়। মন্ত্রিসভার পক্ষ থেকে হয়ত বলা হবে নকশালবাড়ি শান্ত—অন্তত অপেক্ষাকৃত শান্ত এটুকু বলবেন, কিন্তু যে স্কীম অফ অ্যাকশন, যে পরিকল্পনা নিয়ে নকশালবাড়িতে ঘটনার অনুষ্ঠান চলছে সেই অ্যাকশন স্কীম কি বন্ধ হয়েছে? হয়ত নকশালবাড়ি শান্ত হতে চলেছে, কিন্তু সেটা বড় ঘটনা নয়। আজ আসল ঘটনা হচ্ছে এই যে, এর পিছনে বাম কমিউনিস্টদের যে অভিসন্ধি আছে সেটা পরিপূর্ণ সচেতনভাবে বিচার করতে হবে। খবরের কাগজে পড়লাম তারা নাকি উগ্রপন্থী গ্রুপ, তাদের বিরুদ্ধে পার্টি থেকে ডিসিপ্লিনারি অ্যাকশন নেওয়া হয়েছে, কিন্তু জিজ্ঞাসা করব কোন্ উগ্রপন্থীদের বিরুদ্ধে অ্যাকশন নিয়েছেন এবং কারা এরা? আমরা দেখছি কানু সান্যাল, জঙ্গল সাঁওতাল যারা নকশালবাড়ির আজ [illegible] হয়ে দাঁড়িয়েছে, মুক্ত এলাকা বলে একে ঘোষণা করছেন তাঁদের বিরুদ্ধে তো কোন অ্যাকশন নেওয়া হয় নি। আমার মনে হয় উগ্রপন্থীদের বিরুদ্ধে যে অ্যাকশন নিয়েছেন সেটা ধাপ্পাবাজি, ধোঁকাবাজি ছাড়া কিছু নয়। সরকারে থাকতে চান বলে তাদের লোক দেখান [illegible] নাম কা ওয়াস্তে এটা দেখাতে চাইছেন যে এদের সঙ্গে আমরা আইডেন্টিফায়েড নই। [illegible] যে বিভ্রান্তিমূলক শাস্তিমূলক নেওয়া হয়েছে এতে আমাদের বিশ্বাস নেই। আজকে বিধানসভার চারপাশে লাল সেলাম জানানো হয়েছে নকশালবাড়ির জন্য ভিয়েৎনামের জন্য নকশালবাড়ির ভেতর দিয়ে ভিয়েৎনামকে লাল সেলাম আজ কলকাতার বুকে শুধু নয় সমগ্র [illegible] বাংলায় বাম কমিউনিস্ট উগ্রপন্থীরা যে আন্দোলন শুরু করেছেন, যে আন্দোলনের অনুষ্ঠান চলেছে ঐ সরকারী গদীতে তাঁরাই বসে আছেন। প্রত্যক্ষভাবে এই অভিযোগ আমি [illegible] কমিউনিস্ট মন্ত্রীদের বিরুদ্ধে আনতে চাই। যখন বাংলাদেশে কংগ্রেসের বিপর্যয়ের পরে [illegible] ঘরে কংগ্রেসকর্মীদের উপর অত্যাচার শুরু হয়েছিল তখন বাকি তেরটি দলের সদস্য [illegible] মন্ত্রীরা বসে হাসছিলেন—তাঁদের ঘরেও আজ অত্যাচার শুরু হয়েছে। এই এস-এস-পি [illegible] বি পি ঝা এই সভার সদস্য ছিলেন, তাঁর হত্যার মধ্য দিয়ে এটা প্রমাণিত হয়েছে যে, [illegible] কংগ্রেসের রক্ত পান করে এরা শান্ত হবে না—বাদবাকি তেরটি দলও রেহাই পাবে না। [illegible] কমিউনিস্টরা মাও সে-তুঙ-এর যে নির্দেশ তা অক্ষরে অক্ষরে পালন করে বাংলাদেশের ঘরে [illegible] তারা বিপর্যয় ডেকে আনছেন। আজও শ্রীদেওপ্রকাশ রাই বসে আছেন ঐ মন্ত্রিসভায়। [illegible] যে বিবৃতি খবরের কাগজে বেরুল তা কি তিনি অস্বীকার করবেন? সেখানে যখন [illegible] দের উপর অত্যাচার হয়েছিল সেই অত্যাচারের কথা মন্ত্রিসভা [illegible] যখন অস্বীকার করেছিলেন শ্রীরাই তখন, দার্জিলিং-এর খবরে প্রকাশ, নাকি তাঁদের হাত ধরে নিয়ে [illegible] প্রমাণ করে দিয়েছিলেন যে, অত্যাচার হয়েছে—মহিলারা লাঞ্ছিতা হয়েছেন।

[4-40—4-50 p.m.]

[illegible] প্রকাশ রাই এখনও মন্ত্রীর গদী আঁকড়ে থাকেন তাঁর দল এবং সম্প্রদায়ের সকলে জোর [illegible] তাঁর পদত্যাগ দাবি করবেন। এবং এস এস-পি'র যাঁরা এখনও পর্যন্ত গদীতে রয়েছেন বি পি [illegible] মৃত্যুর জন্য তাঁদের জবাবদিহি দিতে হবে সারা বাংলাদেশের মানুষের সামনে। যখন কংগ্রেস কর্মীদের উপর অত্যাচার হচ্ছিল তখন তাঁরা সক্রিয়ভাবে বাহবা দিচ্ছিলেন, মনে করেছিলেন যে, এখানেই বুঝি শেষ হবে, এটা কংগ্রেসের উপর দিয়েই যাবে। কিন্তু আজ তাঁদের

ঘরও ভাঙ্গছে। আজকে যে ইনহেরেন্ট কন্ট্রাডিকশন যুক্তফ্রন্ট সরকারের ভিতরে রয়েছে সেই কন্ট্রাডিকশন আমরা দেখব বলে বসে আছি। এই ইনহেরেন্ট কন্ট্রাডিকশন অগ্রসর হয়েছে। শ্রীদেওপ্রকাশ রাই আজ তার জলজ্যান্ত সাক্ষী। এস-এস-পি'র যাঁরা সদস্য রয়েছে আমরা জানতে চাই এস-এস-পি'র সদস্যর কাছে বাংলাদেশের মুখ্যমন্ত্রী যে কথা বলেছিলেন যে হত্যা'র তিনি পূর্ণাঙ্গ তদন্ত করবেন—এস-এস-পি'র সদস্যরা আজকে সেই তদন্ত না পেয়ে সন্তুষ্ট হয়ে আছেন কিসের মোহে? গদীর মোহে ছাড়া আর কিসের মোহ পুলিসদের সম্পূর্ণ নিষ্ক্রিয় করে দিয়েছেন যে বামপন্থী কমিউনিস্ট মন্ত্রীরা, মন্ত্রিসভার অন্য সরিকরা তখন তাঁদের সমর্থন করেছিলেন আজকে আবার তাঁরাই দাবি করছেন, ফতোয়া জারী করে বলেছেন যে, এই-সমস্ত জায়গায় পুলিস অ্যাকশন কেন নেওয়া হচ্ছে না? বাম কমিউনিস্টদের পক্ষ থেকে মন্ত্রিমিশনের যাঁরা গিয়েছিলেন তাঁদের যে বিবৃতি আর মন্ত্রিমিশনে অন্য সরিক যাঁরা গিয়েছিলেন তাঁদের যে বিবৃতি এই দুই বিবৃতির মধ্যে কি কন্ট্রাডিকশন। একজন বলেছেন যে, এইজন্য হয়েছে এবং আরেকজন বলেছেন অমন ঘটনা হয় নি। আমরা বাংলাদেশের অধিবাসী হিসাবে আজকে নকশালবাড়ির ঘটনাকে তুচ্ছ করে দেখতে পারি না। আজকে গ্রামের পর গ্রামে যে অত্যাচার শুরু করেছে আজ মাও সে-তুং-এর নির্দেশনামাকে অক্ষরে অক্ষরে পালন করে বাংলাদেশে বিপ্লবকে ডেকে আনা হচ্ছে, যে সশস্ত্র অভিযান আনা হচ্ছে তাতে এখানে শ্রীসিদ্ধার্থ রায় যে দাবি করেছেন এনকোয়ারি কমিশন, আমিও সেই দাবি করছি বিরোধীদলের পক্ষ থেকে। আমি দাবি করছি এনকোয়ারি কমিশন অবিলম্বে সেট-আপ করা হউক। সেখানে পরোক্ষভাবে হউক বা প্রত্যক্ষভাবে হউক, মন্ত্রিসভায় যাঁরা আজকে বসে আছেন তাঁরা উস্কানি দিয়ে যেমন করে সমস্ত জায়গায় তাঁরা অরাজকতা সৃষ্টি করছেন—কোথা থেকে তাঁদের রসদ আসছে, কে তাদের জোগাচ্ছে, এইসমস্ত সম্পর্কে অবিলম্বে তদন্ত কমিশন হওয়া উচিত। এবং আমরা দাবি করছি যে, শ্রীদেওপ্রকাশ রাই আজকে এখানে দাঁড়িয়ে বলুন যে ঘোষণা আমরা খবরের কাগজে পড়েছি তার তিনি কন্ট্রাডিক্ট করুন যে, তিনি সেকথা বলেন নি, আর নয় তিনি স্বীকার করুন যে, নকশালবাড়িতে অত্যাচার হয়েছে। মন্ত্রিসভার সদস্য হিসাবে তাঁর বক্তব্য কি? মাননীয় মুখ্যমন্ত্রী ওখানে সোনাম ওয়াংদি যে পুলিস কর্মচারীর মৃত্যু হয়েছিল সেখানে তাঁর স্ত্রী-কন্যার সঙ্গে সাক্ষাৎ করে আশ্বাস দিয়েছিলেন ভরণপোষণের কথা। সঙ্গে সঙ্গে বাম কমিউনিস্ট সরিকরা তাঁর পদত্যাগ দাবি করেছেন এই মন্ত্রিসভা থেকে বর্ধমান জেলাতে। এখানে দ্বিতীয় এবং তৃতীয় সারিতে মন্ত্রী যাঁরা বসে আছেন আমি তাঁদের নাম উচ্চারণ করে বলতে চাই না, তাঁরা প্রকাশ্য সভায় বলেছেন যে, অজয় মুখোপাধ্যায়কে এর জবাবদিহি করতে হবে। অবাক কাণ্ড। কারণ এরই মধ্যে মন্ত্রিসভার মন্ত্রী হিসাবে তাঁরা মুখ্যমন্ত্রীর কাছে জবাব চাচ্ছেন। একজন মন্ত্রী এক রকম বলছেন, আর একজন মন্ত্রী আর একরকম বলছেন এই জিনিস আজকে হচ্ছে। বাম কমিউনিস্ট বলিষ্ঠ সরিক হিসাবে যে অত্যাচার পশ্চিমবঙ্গের বুকে যে অরাজকতা, সশস্ত্র বিপ্লবের বনিয়াদ তাঁরা গড়ে তুলছেন তাতে দেশের শান্তিপ্রিয় মানুষকে তার বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে। এই বিধানসভায় মাননীয় মুখ্যমন্ত্রী যিনি স্বরাষ্ট্রমন্ত্রীও বটে, তাঁর কাছ থেকে সুস্পষ্ট জবাব চাই যে, নারীর উপরে যে লাঞ্ছনা হয়েছে তিনি তার জবাব দিন। আর শিশুর উপরে যে লাঞ্ছনা হয়েছে তার তিনি জবাব দিন এবং এর বিরুদ্ধে মন্ত্রিসভা কি অ্যাকশন নিচ্ছেন যাতে ভবিষ্যতে নকশালবাড়ির ঘটনা পুনরায় কোথায়ও না ঘটে তারও জবাব আজ তাঁকে দিতে হবে—এই হচ্ছে বিরোধীপক্ষের দাবি।

**Shri Tenzing Wangdi:** Mr. Speaker, Sir, the occurrences about which we are discussing today falls within the constituency of Phansideoa which I have been representing for the last 15 years. So, before you fully understand the matters, I feel, I should relate to the House the situation; and the topography of the area. This area falls within the Subdivision of Siliguri. There are 4 police-stations in Siliguri Subdivision. First, Siliguri Sadar, second Phansideoa, third Khoribari and, fourth Naxulbari. Siliguri Subdivision, according to the census of 1961, had a population of 2 lakh 20 thousand. Of this, 22 per cent. belong to the Scheduled Caste community, 26 per cent. to the Scheduled Tribes and the rest to the other communities. As there was a large concentration of Scheduled Tribes in these three police-stations, Phansideoa, Khoribari and Naxulbari, this seat

vas declared as a reserved seat for the Scheduled Tribes. These three police-stations are mainly paddy, jute and tea growing areas. Communication, normally, is very, very bad. The whole area is interceted by a number of rivers and rivulets and quite a number of thick forests. The Scheduled Caste people are mostly cultivators and before the abolition of zemindari system a good number of them were jotedars. The Scheduled Tribes are mainly cultivators and a few were holding some land and a considerable number of them are engaged in tea gardens. Sir, it cannot be denied that recently, since April last, incidents of arson, robbery, murder, rioting and such other incidents were rampant. But, unfortunately, Sir, the local police did not take any action, though cases of cognizable offences were reported to the police-station. The police were quite impotent and they did nothing. And the result was, the mob became all the more emboldened and their number started snow-falling. Sir, we have instances to show that people belonging to other political parties, not only Congress, but also parties composing of United Leftist Front, were compelled to join Kishan Sabha on threats and a good number of them actually joined this Kishan Sabha. The matter did not end there. After they had joined the Kishan Sabha they were made to join the mob and take part in looting and arson. This is the picture of the area which is, unfortunately, going on here since April last. From what is reported in the papers, it is claimed that the condition has improved. I am not sure whether the condition has really improved or not. It may be, Sir, that because of the difficulties felt by the people who are in the remote villages, in coming to the police-station to report of crimes, it has been presumed that the condition has improved. I am quite sure that condition has not improved, it has worsened. Otherwise, I do not understand why a good number of people belonging to these police-stations are still in Siliguri town, they do not still return to their villages. The Hon'ble Labour Minister, if what is reported is correct, has said that there is no trouble in the Naxulbari area and the people are living peacefully. Sir, if there is peace in these villages it is the peace of the graveyard. If there is peace in these areas it is the peace of the deserted hearths and homes. If there is peace it is the peace of cultivable lands remaining fallow and uncared for. These are the things which are still prevalent in those areas.

Sir, as I have mentioned previously, paddy, tea and jute are grown normally in these areas. My appeal to the Government and particularly to the Chief Minister is that in the best interest of the area, in the best interest of the people of that area, normalcy should be returned at any cost, even by calling in the Military. Sir, once the monsoon sets in, those people who are left in the far-flung village areas will be isolated and if things do not improve, the matter will go out of control and these poor people will be left to the mercy of the mob. Sir, therefore, I humbly appeal again that normalcy may be restored in this area so that these poor cultivators by cultivating their land may be able to contribute their share in solving the food problem which is so acute in our State.

-50—5 p.m.]

**Shri Hansadhwaj Dhara:**

ননীয় অধ্যক্ষ মহাশয়, নকশালবাড়ি ঘটনা সম্পর্কে আলোচনা আমি ভিন্নভাবে অনেকদিন থেকে ন্তা করছিলাম। ভূমিরাজস্ব মন্ত্রী নকশালবাড়ি ঘুরে আসার পর মুখ্যমন্ত্রী যখন ঐ অঞ্চল রে এলেন তারপর আমি ঐ অঞ্চলে গিয়েছিলাম। ৪-৫ দিন ঐ অঞ্চলের গ্রামে গ্রামে ঘুরেছি। কশালবাড়ির ঘটনা যে ভাবে আলোচিত হচ্ছে তাতে আমি ভাবছিলাম কিভাবে নকশালবাড়ির

ঘটনা বিধানসভায় গ্রহণ করা হবে। নকশালবাড়ির ঘটনা বাংলাদেশ, ভারতবর্ষ এবং ভারতবর্ষের বাইরের জনসাধারণের দৃষ্টি আকর্ষণ করেছে। অ্যাডজোর্নমেন্ট মোশান আনবার আগে, মাননীয় মুখ্যমন্ত্রী নিশ্চয়ই এখানে সরাসরি হাউসের কাছে নকশালবাড়ি সম্পর্কে একটা বিবৃতি দান করবেন। আমরা নকশালবাড়ির উপর অ্যাডজোর্নমেন্ট মোশান এনেছি এজন্য যে, সবিস্তারে সেখানে ঘটনা কত ভিন্নভাবে কত সংখ্যায় ঘটেছে তা বলবার নয়। বাংলাদেশে নকশালবাড়ি ঘটনায় বাংলা কংগ্রেস কিভাবে দেখছেন বাংলাদেশের বিধানসভায় সেটা রাখুন। এই সুযোগ যাতে সকলে গ্রহণ করতে পারে সেজন্য অ্যাডজোর্নমেন্ট মোশান এনেছি। অ্যাডজোর্নমেন্ট মোশান এজন্য এনেছি যে, এস এস পি নকশালবাড়ির ঘটনাকে কিভাবে দেখেছেন, চিন্তা করেছেন তাঁরা এখানে তা বলুন। যে কয়জন পর পর এখানে বললেন তাতে দেখছি ওপক্ষ থেকে কেউই বলেন নি, আমরা আশা করেছিলাম ঐ পক্ষ থেকে কেউ কেউ বলবেন আমরা শুনবো। নকশালবাড়ির ঘটনাকে আমি যেভাবে ঘুরে ঘুরে দেখেছি, গ্রামে শুনে এসেছি তাতে আমি সম্পূর্ণ ভিন্নভাবে দেখেছি। এই যুক্তফ্রন্ট সরকার গণতান্ত্রিক পদ্ধতিতে হয়েছে। সেজন্য এ সরকারের বিশেষ কত তার ভাষায় নকশালবাড়ির ঘটনাকে লাগান যায় আমি সেভাবে দেখিনি। আজকে নকশালবাড়ির ইতিহাস-এর সঙ্গে পর্যালোচনা করে বাংলাদেশের জনসাধারণের বিচারের প্রয়োজন হয়েছে। ওখানে যেসমস্ত ঘটনা হয়েছে তা আমি চার দিন ধরে সমস্ত ঘুরে ঘুরে প্রায় ১০০ খানা লিপিবদ্ধ যা করেছি তা বলে লাভ নেই, কারণ অরুণবাবু অনেক কথাই বলেছেন। সেখানে গৃহদাহ, নারী ধর্ষণ, জোর করে জমি দখল করছে এবং এই অত্যাচারের ফলে মানুষ মরিয়া হয়ে গ্রাম ছেড়ে চলে গেছে। এটা হল একদিকের ইতিহাস যে মানুষ কিভাবে নিপীড়িত হচ্ছে। কিন্তু ঘটনা কিভাবে ঘটলো আমি সে কথাই অত্যন্ত গভীরভাবে চিন্তা করছি এবং তা আপনার মাধ্যমে বলতে চাই। আমি যদি আজকে মুখ্যমন্ত্রীর মন্ত্রীসভায় সদস্য হতাম তাহলে আমার ভাই যদি কাউকে খুন করতেন তাহলে তিনি সময় নিতেন আমার কথায় অ্যারেস্ট করতে দেরী করতেন। তাঁকে বের করে দিয়েছি অতএব অ্যারেস্ট করবার দরকার নেই। এই কথার উপর দেশের [illegible] শাসন ব্যবস্থা নির্ভর করছে কিনা এবং যদি করে তো আমার কোন আপত্তি নেই এই কথাটা [illegible] শুনতে চাই। আমার ভাই যদি হত্যা করে আমি যদি মন্ত্রী হই তাহলে আমি [illegible] দেবেন কিনা? অর্থাৎ মতের পরিবর্তন হচ্ছে বলে সময় নেবেন কিনা? এ সম্বন্ধে [illegible] জানতে চাচ্ছি যে ঘটনা হয়েছে তাতে কয়েকটা জিনিস আমি আপনার সামনে আনতে চাই [illegible] কিছু শুনতে চাই। আপনার মন্ত্রীরা বলবেন এবং আপনিও বলবেন ঘটনা ওখানে যা ঘটেছে পুলিশ তাতে সম্পূর্ণভাবে নিষ্ক্রিয় ছিল। যে ধরনের ঘটনা ঘটেছিল সেখানে, [illegible] নিষ্ক্রিয় থাকবার কি আছে? জমির জন্য আন্দোলন হতে পারে আমি মৌলিক [illegible] করছি। জমির আন্দোলনের কথা বলে আমরা ঘটনাকে চাপা দিতে চাচ্ছি। [illegible] নামে যে ঘটনার তথ্য অরুণবাবু বললেন তাতে তিন মাস ধরে পুলিশ নিষ্ক্রিয় থাকলো [illegible] করলে না কেন? মুখ্যমন্ত্রী বললেন পুলিশ এবার ব্যবস্থা গ্রহণ করবেন। [illegible] এস পি এবং এস ডি ও, এরা এয়ারোড্রোমে আসবার আগে ভূমিরাজস্ব মন্ত্রী বললেন আপনি [illegible] এখন গ্রহণ করবেন না, কলকাতায় ফিরে যাবার পর মন্ত্রীসভায় সমস্ত বিষয় [illegible] আপনি কাজ করবেন। মুখ্যমন্ত্রীর কথায় কাজ হল না ভূমিরাজস্ব মন্ত্রীর কথায় কাজ হয়েছে। আমি বলতে চাই এই যে ঘটনা হল সে ঘটনায় পুলিশ সাধারণ ভাবে সেখানে গিয়ে জনসাধারণের ধনসম্পত্তি রক্ষা করলো না। মুখ্যমন্ত্রীর প্রকাশ্যভাবে আদেশ যা খবরের কাগজে প্রকাশিত হল, মানুষকে হত্যা করা হবে, ধনসম্পত্তি লুট করা হবে, গৃহদাহ ইত্যাদি সমস্ত রকম ঘটনা হবে তবুও আমরা পুলিশকে নিষ্ক্রিয় রাখবো, এ সম্বন্ধে আপনার কথা শুনতে চাই। বাংলাদেশের ভবিষ্যৎ সম্পর্কে চিন্তা করতে হবে। সেজন্য আমি জানতে চাই। সেখানে যে ঘটনা ঘটেছে তা কারুর অজানা নেই। ২-৩ মাসের মধ্যে সেখানে যা হয়েছে তার সম্বন্ধে আমাদের দেবপ্রকাশ রায় মহাশয়, এস এস পি এবং বাংলা কংগ্রেস কি বলবেন সেটা জানতে চাই। সুপরিকল্পিতভাবে এই মন্ত্রীসভা গঠনের অনেক আগে ১৯৬৩ সাল থেকে ওখানে বিদেশীয় অস্ত্রশস্ত্রে সজ্জিত হয়ে যে আন্দোলন গড়বার কথা ছিল, কারণ তারা জানতো কংগ্রেসী সরকার হবে, সেখান থেকেই সংগ্রাম করবে এবং দেশকে ধ্বংস করবে এবং সে আন্দোলন আরম্ভ করেছিলাম, শুধু অসুবিধা হয়ে গেছে যে ওঁরাই আজ সরকারে বসেছেন সেজন্য এই অসুবিধা।

[5—5-10 p.m.]

**Shri Narayan Chandra Chaudhuri:**

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি জানি না ও'রা কেন এত চঞ্চল হয়ে উঠেছেন। নকশালবাড়ির ঘটনা সুপরিকল্পিতভাবে করা হয়েছে এবং সেই সুপরিকল্পিত ঘটনা তাঁরা রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে করে গেছেন। কিন্তু একটি কথা তাঁরা রাখতে পারেন নি, যেকথা তাঁরা এই বিধানসভা ভবনে দিলেন যে কোন গণতান্ত্রিক আন্দোলন হলে তাকে গুলী করে বা গুণ্ডা লাগিয়ে তাঁরা তাকে দমিয়ে দেবেন না। আমরা ধরে নিচ্ছি যদি তাঁদের কথা সত্য হয় যে নকশালবাড়ির যে আন্দোলন সে আন্দোলন ভূমিক্ষুধার আন্দোলন—তবে সেখানে গুলী চালানো হল কেন, সেখানে অরাজকতা সৃষ্টি তাঁরা করলেন কেন, আবার এখন কেন গুলী চালাতে গেলেন এবং সেখানে যে সাঁওতাল রমনী ও শিশু হত্যা করলেন এবং যে নারী ও শিশু হত্যায় প্রয়োজনের বেশী গুলী চালিয়ে এলেন সেই নারী ও শিশু হত্যার ভূমিকা কমিউনিস্ট পার্টি এবং এই সরকার কেন গ্রহণ করলেন তাঁরা নিজেরা একবার চিন্তা করে দেখুন। এটা যে রাজনৈতিক পরিকল্পনা ছিল সেটা ভালভাবে দেখা গেছে। দিল্লীর পত্রিকাগুলিতে বেরিয়েছে যে চাইনীজ অ্যামবাসীর থার্ড সেক্রেটারী ২০ থেকে ২৫এ জুনের মধ্যে কলকাতায় এসেছিলেন এবং তিনি জ্যোতি বসুর সঙ্গে ৫ দিন কলকাতায় ছিলেন। তিনি জ্যোতি বসু এবং কমিউনিস্ট প্রধানদের সঙ্গে মিলিত হয়েছিলেন এবং নকশালবাড়ি নিয়ে কিভাবে ওখানে অরাজকতা সৃষ্টি করা যায় এই কথা তাঁরা চিন্তা করেছিলেন। আজকে সারা পশ্চিমবঙ্গেই নকশালবাড়ি সৃষ্টি হয়েছে। আজকে পশ্চিমবঙ্গের যে দিকেই তাকাবেন সেদিকেই দেখতে পাবেন নকশালবাড়ি। কলিং অ্যাটেনশন মোশানে দেখলেন দাশরথী তা মহাশয় (পি এস পি-র সদস্য), তিনি এই সরকারের অঙ্গ, তিনি একটি কলিং অ্যাটেনশন দিয়েছেন—বারানসী ঝা তিনি আগে তাঁর দলে ছিলেন এখন এস এস পি-তে গেছেন, তাঁর হত্যাকাণ্ড নিয়ে। এই অবস্থা কেন হল? এইরকম দুঃসহ অবস্থায় এস এস পি তাঁদের সাথে মন্ত্রীত্ব করছেন। কি তাঁরা বলছেন আর কি তাঁরা করছেন দেখুন। এই সম্বন্ধে আমার একটি গল্প মনে পড়ে গেল। মন্ত্রিসভায় তাঁরা এসেছেন এই জন্য—এক ছেলে মাতাল হয়েছে, বাবা তাকে বারে বারে বলছে বাবা তুমি অমুক বংশের ছেলে মদ খাওয়া ছেড়ে দাও। একদিন ছেলে বাবাকে বলল একসঙ্গে দুজনে ধরি আসুন। ৭ দিন পরে আপনিও ছেড়ে দেবেন আর আমিও ছেড়ে দেবো। তখন দেখা গেল কি—বাবা বলছেন তুই ছাড়বি ছাড়, আমি ছাড়ছি না। এদের অবস্থাও হয়েছে তাই, আর এস এস পি, পি এস পি-দেরও অবস্থা হয়েছে তাই। কমিউনিস্ট পার্টি লড়ে লড়ুক, মন্ত্রীসভায় মার খেয়েই হোক আর গুঁতো খেয়েই হোক আমরা মন্ত্রীসভায় থাকবো। নাহলে বর্ধমানে বারানসী ঝা নিহত হল এবং বর্ধমান স্টেশনে পর পর তিনদিন ধরে চাল লুঠ হল, কাটোয়া স্টেশনে চাল লুঠ হল, বহরমপুরে চাল লুঠ হল—আপনাদেরই একজন নলীনাক্ষ সান্যাল মহাশয় মুখ্যমন্ত্রীকে বলেছেন যে, নকশালবাড়ি শুধু নকশালবাড়িতেই সীমাবদ্ধ নেই, আজকে গোটা পশ্চিমবাংলায় নকশালবাড়ি সৃষ্টি হয়েছে। সেই পটভূমিকায় আমি আজকে এই কথা বলছি যে সমগ্র পশ্চিমবাংলা আজকে নকশালবাড়িতে পরিণত হয়েছে। সেই নকশালবাড়িতে পরিণত করার জন্য আজকে দেখছি সরকার পক্ষের সদস্য নলিনাক্ষ সান্যাল মহাশয় মুখ্যমন্ত্রীকে ফোন করেছেন নদীয়ায় লুঠ হচ্ছে, বহরমপুরে লুঠ হচ্ছে, পুলিশ কোন কাজ করছে না।

নকশালবাড়ির অবস্থা আমাকে আজকে বক্তৃতা দিয়ে বলতে হবে না। সারা বাংলাদেশ আজকে নকশালবাড়িতে পরিণত হয়েছে। তাঁদেরই মন্ত্রী শ্রীদেওপ্রকাশ রায় বলেছেন এই যে (এটা ল্যান্ড হাঙ্গার নয় সেন হাঙ্গার) সেটা 'যুগান্তর' পত্রিকায় বেরিয়েছে, আপনিও অবশ্য দেখেছেন। আপনিও এটা জানেন যে আমাদের বামপন্থী কমিউনিস্ট পার্টি তাঁরা আজকে বলছেন যে কংগ্রেস এবং কেন্দ্রের উসকানীতে এখানে প্রেসিডেন্ট রুল করবার জন্য এটাকে অতিরঞ্জিত করা হয়েছে। মুখ্যমন্ত্রী তিনি নিজে ঐ অঞ্চলে গিয়ে এই কথা জানচ্ছেন যে তাঁরা অর্থাৎ কমিউনিস্টরা সব জিনিসের মধ্যেই উস্কানি দেখেন। সারা পশ্চিমবঙ্গে এই যে ঘটনা ঘটছে তার প্রতি দৃষ্টি আকর্ষণ করে আমি আমার সংক্ষিপ্ত ভাষণ শেষ করছি।

**শ্রীজ্যোতি বসুঃ** অন এ পপেণ্ট অফ পারসোন্যাল এক্সপ্লানেশান স্যার, মাননীয় অধ্যক্ষ মহাশয়, বক্তা শ্রী চৌধুরী মহাশয় তিনি আমার নাম করলেন। অবশ্য আমি খুব ভাল করে ধরতে পারলাম না, যাতে মনে হলো এখানে কারা চীনারা এসেছিলেন এবং তাঁদের সঙ্গে আমার দেখা হয়েছে, বসে আলোচনা হয়েছে নকশালবাড়ি সম্বন্ধে। আমি অবশ্য ২০ বছর ধরে অভ্যস্ত কংগ্রেসী নেতাদের মিথ্যা কথা শুনতে। কাজেই এটা নতুন কোন কথা নয়। আমি শুধু আপনাকে এই কথা বলতে চাই যে, সেই নিয়ম অনুযায়ী ঐ যে ভদ্রলোক বক্তৃতা দিলেন তিনি বোধ করি কংগ্রেসের একজন নেতা বর্ধমানের এবং তিনি এতবড় একটা মিথ্যা কথা এখানে এই সভায় দাঁড়িয়ে বললেন তাতে কংগ্রেস-এর চেহারা আপনিও জানেন আমরাও জানি এর চেয়ে বেশী কিছু বলার নেই।

**ডাঃ রঞ্জিৎ ঘোষ চৌধুরীঃ** মাননীয় স্পীকার মহাশয়, আপনি আজকে সকালে বিরোধী পক্ষের নেতাকে অনুরোধ করেছিলেন যেন তাঁর দলের সদস্যদের তিনি শান্ত করে রাখেন। আমি আপনার কাছে অনুরোধ করছি আপনি চিফ মিনিস্টারকে অনুরোধ করুন যাতে তাঁদের দলের সভ্যরা অসভ্যের মত ব্যবহার না করেন।

[5-10—5-20 p.m.]

**শ্রীমহারাজ বোসঃ** আমি এই আন্দোলনটিকে শ্রীদেওপ্রকাশ রায়ের কথা নিয়ে বলছি ইট ইজ নট দি হাংগার ফর ল্যান্ড, ইট ইজ দি হাঙগার ফর ফ্লেশ। আমি নিজে দেখেছি, কারণ আমার বাড়ি পশ্চিম দিনাজপুরের সীমান্ত জেলা জুবড়ী এবং ইসলামপুর, পাকিস্তানের বর্ডারে, সিকিমের বর্ডারে এবং চায়নার বর্ডারের সংগে ওতপ্রোতভাবে জড়িত হয়ে আছে। আমার এই আন্দোলনটির কথা মনে পড়ে ১৯৪৪ সালে যখন কংগ্রেসের নেতৃবৃন্দ সমস্ত জেলের ভেতরে ছিল তখন এই কমিউনিস্টরা মুসলিম লীগ এবং ইংরাজদের সঙ্গে মিশে তেভাগা এই হতভাগা আন্দোলন করেছিল।

স্যার, এই নকশালবাড়ির ঘটনার সংগে আমরাও জড়িত আছি। আমাদের বাড়ি পশ্চিম-দিনাজপুর চোপরা এবং ইসলামপুর--পাকিস্তান বর্ডারেতে। আমার মনে পড়ছে ১৯৪৮ সালের ঘটনা। যখন তেভাগার নাম করে তাঁরা যেভাবে হতভাগা আন্দোলন করেছিলেন গরীব কৃষকদের লেলিয়ে দিয়ে পুলিশের সামনে তাদের নিয়ে হত্যা করেছিলেন, সেই সময় মুসলীম লীগ গভর্ণমেন্ট এই হাউসে বুঝতে পেরেছিলেন যে কাদের সংগে তাঁরা সেদিন মিতালী করছিলেন। সেই সময় তাঁরা যে স্টেপ নিয়েছিলেন, আমি আশা করি শ্রদ্ধেয় অজয়দাও সেটা নিশ্চয়ই জানেন। সেই পশ্চিম দিনাজপুর ও অন্যান্য জায়গায় তেভাগার নামে হতভাগা আন্দোলন করে এই গরীব কৃষকদের উত্তেজিত করে তারা আঁধিয়ার ধান পেল না– ধান নিয়ে চলে গেল কমিউনিস্ট পার্টির ফান্ডে। ঠিক এইরকম আজকে হবে। এই হাউসে কিছুদিন আগে কংগ্রেসের ডাঃ সান্যাল আবেদিন একটা রেজলিউশান দিয়ে পাশ করেছেন যে কোন আঁধিয়ারের কাছ থেকে কোনদিন জমি খুলে নেওয়া হবে না। সে যদি মারা যায়, তাহলে তার পুত্র বা তার যে ওয়ারিশান থাকবে, তারা সেই জমি ভোগদখল করতে পারবে। কিন্তু বড়ই মর্মান্তিক ব্যাপার আজকে দেখতে পাচ্ছি যে গরীব চাষীর কথা নিয়ে তারা আইনের কথা বলেন, তাদের আজকে সেই জমি তাদের কাছ থেকে খুলে নিয়ে নিজেদের দলভুক্ত লোককে দেওয়া হচ্ছে। আজকে পি এস পি, এস এস পি ও কংগ্রেস তাদের, যাদের জমি ছিল, সেই জমি খুলে নিয়ে কমিউনিস্ট যে পার্টির মেম্বার যারা যারা বড় বড় জোতদার তাঁরা দখল করেছেন--একথা প্রকাশ্যে মন্ত্রিসভার সদস্যরা বলেছেন।

আমি অত্যন্ত আনন্দের সংগে, গর্বের সংগে উত্তরবংগের একজন মন্ত্রী দেওপ্রকাশ রায়কে অভিনন্দন জানাই, কারণ তিনি সৎসাহসের সংগে এই কমিউনিস্ট মন্ত্রীর সামনে তথা মন্ত্রিমিশনের সামনে সেই দুজন ধর্ষিতা নারীদের খাড়া করেছিলেন এবং তাদের যখন বিশ্বনাথবাবু ও হরেকৃষ্ণ নানারকম প্রশ্ন করছিলেন, তখনই দেওপ্রকাশ রায় বাধা দিয়ে বলেছিলেন—কেন আপনারা ঐভাবে প্রশ্ন করছেন তাদের ছেলের সামনে? আপনি কি প্রমাণ করতে চান তারা ধর্ষিতা হয় নি?

আমি এটা জানিয়ে দিতে চাই এটা একটা সীমান্ত জায়গায় অবস্থিত। এর পেছনে অনেক গুরুতর রহস্য আছে এবং এর পেছনে বড় রকমের কনসপিরেসী আছে। আপনি জানেন শিবগঞ্জ এরোড্রামে ১৯৬৫ সালে বম্বিং করা হয়েছিল শিবগঞ্জ দিনাজপুরের মধ্যে অবস্থিত, তার উপর বম্বিং করা হয়েছিল। সেখানে হচ্ছে এই নকশালবাড়ি, এই চোপরা, ফাঁসিদেওয়া এবং সেখান থেকে সামান্য কিছু দূরে গোদা। বর্তমানে সেইসমস্ত পাকিস্তানী ও চীন এদের সঙ্গে হাত মিলিয়ে বাংলাদেশকে সোজা ভারত থেকে বিচ্ছিন্ন করতে চায়—যারা এদের সহযোগিতায় আজকে মন্ত্রিত্ব করছেন। আমি ভবিষ্যম্বাণী করছি যে, দুদিন পরে তারা আপনাদের হত্যা করবে, এখান থেকে আপনাদের তাড়িয়ে দেবে এবং তাড়িয়ে দিয়ে বাংলাদেশকে ভারত থেকে বিচ্ছিন্ন করে তারা ঐ পাকিস্তান এবং চীনকে ডেকে নিয়ে ভারতবর্ষকে ধ্বংস করবে।

একটু আগেই একজন ভিয়েতনামের কথা বলছিলেন—বাংলারও আর এক নাম হবে ভিয়েৎনাম —লাল সেলাম, লাল সেলাম—আমি জানতে চাই যারা বর্ডারের লোক, যারা আপনাদের হাতে ধান-চাল দেয়, যারা আপনাদের চা দেয়, যারা প্রাণ দিয়ে ভারতবর্ষকে রক্ষা করছেন তাদের মুখ্যমন্ত্রিমহাশয় রক্ষা করবেন কিনা? এই কু-চক্রী কমিউনিস্টদের পাল্লায় পড়ে বাংলাদেশকে ভারত থেকে বিচ্ছিন্ন করার হাত থেকে তিনি রক্ষা করবেন কিনা? কমিউনিস্ট পার্টির চীন এবং পাকিস্তানী [illegible] তিনি কায়েম করবেন কিনা? এই কথা আমি একজন বাংলাদেশের সীমান্তের অধিবাসী হিসেবে আপনার কাছে জানতে চাচ্ছি, প্রশ্ন করছি। আপনারা সাবাধান থাকুন—আমি বলে দিচ্ছি। [illegible] শীঘ্র এটা করবে। তার প্রমাণ আপনারা নিজেরা কেবিনেটের [illegible] মন্ত্রী লিখিতভাবে [illegible] করেছেন। আমরা সেখানকার অধিবাসী- আমরা দেখছি এবার সেখানে কোন জমি চাষ [illegible]চ্ছে না। কোথায় আপনারা ফসল করবেন? কোথা থেকে কি করে আপনারা মানুষকে খাওয়াবেন? [illegible] পারবেন না। ইতিপূর্বে আপনি নিজে মুখ্যমন্ত্রী হিসেবে গাঁয়ে গাঁয়ে ঘুরেছেন। আমাদের [illegible] আপনি গিয়েছিলেন। আপনি কি বলেন নি যে, [illegible]ভাগার নাম করে কি [illegible]ভাগা [illegible] এঁরা করেছিলেন? এখানেও সেইভাবে একটা ষড়যন্ত্র তারা করেছে। [illegible] মহানুভবতার সুযোগ নিয়ে আজকে যেমন কমিউনিস্ট পার্টি বলছেন—প্রফুল্ল ঘোষ, বেরিয়ে [illegible] তোমাকে আমরা চাই না। খাদ্য আন্দোলন যদি কেউ করে থাকে তো কমিউনিস্ট পার্টির [illegible] করেছে। তারা দশ সের চালও লোকের কাছ থেকে ছিনিয়ে নিয়েছে। আপনাকেও এইরকমভাবে করবে। আপনি সতর্ক থাকুন।

**Dr. Ranjit Ghosh Chowdhury:**

[illegible] স্পীকার, স্যার, আমি সীমান্ত প্রদেশের ন্যায়সঙ্গত বিধানসভার নিয়মতান্ত্রিক নির্বাচনে নির্বাচিত সদস্য। মিঃ স্পীকার, স্যার, আজ আমার মনে হচ্ছে যে বাংলাদেশের [illegible] এই [illegible] আর একবার স্মরণ করিয়ে দেবার প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। [illegible] স্যার, যারা [illegible] হত্যা করতে চলেছেন, এই বামপন্থী কমিউনিস্ট পার্টি, যার জন্য আজকে আমি গণতন্ত্রের বানান ভুলে গিয়ে, গণতন্ত্রের বানান করছি জি, ইউ, এন, ও তন্ত্র বলে। [illegible] তাঁরা [illegible] গন-তন্ত্রে পর্যবসিত করেছেন। স্যার, আজকে আপনি জানেন নকশালবাড়ির এই যে [illegible] এটা একটা বিচ্ছিন্ন ঘটনা নয়। আজকে যাঁরা আমাদের এখানে নির্বাচিত হয়ে মন্ত্রিসভার [illegible] হিসাবে বসে আছেন, আমি তাঁদের কাছে এই প্রশ্নটি তুলে ধরতে চাই—সেদিন যাঁরা বলেছিলেন এই আজাদি ঝুটা হায়, আজকে তাঁরা রাজী আছেন কিনা তাঁদের সেই কথা ফিরিয়ে [illegible] তাদের স্বীকার করবার ক্ষমতা আছে কি যে ভবানী সেন মহাশয়, তিনি [illegible] বদলে [illegible] হয়েছেন, না ডানের বদলে বাম হয়েছেন? তিনি যেদিন সেখানে চীনের নির্দেশে বলেছিলেন [illegible] আজাদী ঝুটা হ্যায়। আজ সেই কথা তাঁরা ফিরিয়ে নিতে রাজী আছেন কিনা? আমরা [illegible] জানি ১৯৪২ সালের ইতিহাস, যেদিন বাংলাদেশের মানুষ একটু ফ্যান দাও, ফ্যান দাও [illegible] মৃত্যুমুখে পতিত হয়। সেদিন তাঁরা জনযুদ্ধের জিগির তুলেছিলেন। আমরা আরও [illegible] আমাদের স্বাধীনতা লাভের পরে, এঁরা এই আজাদী ঝুটা হ্যায় বলে চীৎকার করে [illegible]ছেন। তাই ধীরে ধীরে আমরা তাঁদের কার্যকলাপ থেকে দেখতে পাচ্ছি যে ঐ নকশালবাড়িতে সেটা তাঁরা ফুটিয়ে তুলতে চেয়েছেন। এতদিন তাঁরা এই গণতন্ত্রের বিরুদ্ধে যর্থা

প্রয়োগ করছিলেন, ছুরি মারছিলেন, এবার তাঁরা সুযোগ পেয়েছেন নকশালবাড়িকে কেন্দ্র করে তাঁরা গণতন্ত্রের উপর সাঁড়াশী আক্রমণ সুরু করার জন্য। এখানে তাঁরা মন্ত্রীসভায় বসে, মন্ত্রী-সভায় থেকে, রাজ্যের সমস্ত গুণ্ডাদের নির্দেশ দিচ্ছেন যে তোমরা এখানে বিশৃঙ্খলা সৃষ্টি করো এবং দেশকে লুটেপুটে খাও। এইটাই হল ওঁদের আসল থিওরী। আর এক দিকে ঐ নকশালবাড়িকে কেন্দ্র করে ওঁরা চাইছেন এখানে রক্তাক্ত বিপ্লব করতে। স্যার, আমি জানতে চাই মাও সে-তুংকে এই ক্ষমতা কে দিয়েছেন? এখানে একথা বলবার ক্ষমতা তার কোথা থেকে আসে? মাও-সে তুংকে এই ক্ষমতা কে দিয়েছেন? স্যার, আমাদের বাংলাদেশের, তথা ভারতবর্ষের এই পবিত্র গঙ্গানদীর জলকে রাঙ্গা করবার অধিকার বা সাহস কে দিয়েছেন? আজকে স্যার, নকশালবাড়িতে যা করতে চলেছেন, তা কয়েকটি ট্রায়েল হিসাবে ও এক্সপেরিমেন্ট হিসাবে করেছেন। জমির ক্ষুধার নামে, যৌন ক্ষুধা কি, দেওপ্রকাশ রায় মহাশয় সেকথা বলেছেন। আজ এখানে বিদেশী চক্রান্ত চলেছে, বিদেশীদের হাত রয়েছে। এটা আমার কথা নয়, বাংলা কংগ্রেসের হাওড়া জেলার বামপন্থী নেতার কথা, তিনি বলেছেন বৈদেশিক চক্রান্ত এর পিছনে রয়েছে। স্যার, আজকে বাংলাদেশের মানুষের কাছে, বিধানসভার বিরোধীপক্ষের সদস্য হিসাবে এটা দেখা আমার পবিত্র কর্তব্য বলে আমি মনে করি যে, যদি দেশ রসাতলে যায়, তাহলে তার বিরুদ্ধে আমাদের লড়তে হবে।

স্যার, ঐ সংঘটকে কমিউনিস্ট পার্টিকে আমি ভয় করি না। এখানকার ১৪টি দলকে আমি ভয় করি না। আমি ভয় পাই ভারতবর্ষের ইতিহাসকে। ভারতবর্ষের ইতিহাসের যে শিক্ষা, সেই শিক্ষা ভীষণ শিক্ষা। আমরা দুর্গত, দুর্ভাগা ভারতবাসী, আমরা বেশীদিন স্বাধীন হয়ে থাকিনি।

[5-20—5-30 p.m.]

তাই সেকথা সীমান্ত দেশের একজন সভ্য হিসাবে বিধানসভার মাধ্যমে আমি বাংলাদেশের মানুষের কাছে তুলে ধরতে চাই। স্যার, এর একমাত্র প্রতিকার হচ্ছে বাংলাদেশের ঘরে ঘরে ঐ মাও সে তুং-এর ছবি টাঙিয়ে তাকে জুতোপেটা করা উচিত তবেই আজকে নকশালবাড়ির মত জিনিস বন্ধ হবে, তবেই বাংলাদেশ বাঁচবে, ভারতবর্ষ বাঁচবে। স্যার, এই সংগে আর একটা কথা বলি যে, ওঁদেরই আর এক শরিক, ডান কি বাম জানি না, শ্রীনারায়ণ চৌবের কথা বলছি, সংবাদপত্রে দেখলাম, নারায়ণ চৌবে নকশালবাড়িতে ঘুরবার সাহস পান নি, তিনি খড়্গপুরে চাল ছিনিয়ে নিয়েছেন। বাংলাদেশে আইনভংগ করার অধিকার কে তাঁকে দিয়েছিল? তাঁর যদি সাহস থাকে, তাঁর যদি রক্তে এবং চরিত্রে নৈতিকতা কিছুমাত্র থাকে তাহলে আমি তাঁকে আহ্বান জানাচ্ছি তিনি যেন মেদিনীপুর জেলা থেকে হাওড়া জেলায় ঢুকবার সময় গাড়িতে লেবেল দিয়ে ঢুকেন। আমি স্যার, বাংলাদেশের মানুষের কাছে আবেদন জানাবো তাঁরা যেন এলোমেলো অবস্থার সৃষ্টি বাংলাদেশে না করতে দেন।

**শ্রীবিজয় সিং নাহারঃ** মিঃ স্পীকার, স্যার আমি এক মিনিট মাত্র সময় চাচ্ছি। আজকে সকালে যখন এখানে বলা হয়েছিল যে আমাদের হাউস-এর চারিদিকে ঘিরে রেখেছে, অন্যায় অত্যাচার করছে, তার কিন্তু এখনও পর্যন্ত কোন প্রতিকার হয় নি। কাউন্সিলের ডেপুটি চেয়ারম্যান যখন ফিরে যাচ্ছিলেন তখন তাঁর গাড়ি আটকে তাঁকে অপমান করা হয়েছে, তাঁর গায়ে থুতু দিয়েছে, এই ঘটনা ঘটেছে। আজকে এখানে প্রাথমিক শিক্ষক এবং শিক্ষিকারা মিলে একটা প্রশেসান করে আসছিলেন, তাঁদের উপর লালঝাণ্ডা নিয়ে নানারকম অত্যাচার করেছে, মেয়েদের মেরেছে, এই হাউসের সামনে এইগুলি ঘটেছে। এঁদের ঠান্ডা করতে গিয়ে শ্রীজ্যোতি বসু সেখানে যান এবং সেখানে গিয়ে আরো উস্কানী দিয়ে এসেছেন যে, তোমাদের অধিকার আছে এই কাজ করবার এবং গোলমাল করবার। কিন্তু ঘরের ভিতর যেয়োনা, কারণ তাতে স্পীকারের অসুবিধা হবে, বাইরে থেকে যা ইচ্ছা তাই করো। এই অত্যাচার এখনও শেষ হয় নি, এই অত্যাচারের বিরুদ্ধে আমাদের একটা কথা বলবার আছে যে, আমরা এই অত্যাচারের বিরুদ্ধে আজকে এই ঘরে সত্যাগ্রহ করবো, আমরা এখান থেকে যাবো না যতক্ষণ না এই অন্যায় অত্যাচার শেষ হয়।

**শ্রীজ্যোতি বসঃ** মিঃ স্পীকার, স্যার, শ্রীবিজয় সিং নাহার আমার নাম করে বললেন—তিনি বললেন যে, ও'রা নাকি সত্যাগ্রহ না কি গ্রহ করবেন, সেটা ও'রা জানেন, ও'রা সারা রাত্রি থাকতে ন, হয়ত তাঁদের জন্য ভাল ভাল খাবার আসবে, সেটা আপনি বুঝবেন—কিন্তু আমার যেটা ক্তব্য সেটা হচ্ছে............

(তুমুল হট্টগোল)

**শ্রীপঞ্চানন সিংহ রায়ঃ** অন এ পয়েন্ট অফ অর্ডার, স্যার, জ্যোতিবাবু বলতে উঠে তিনি আমার দিকে কটাক্ষ করে বলেছেন যে আমাদের জন্য নাকি ভাল ভাল খাবার আসবে।

**মিঃ স্পীকারঃ** হোয়াট ইজ ইওর পয়েন্ট অফ অর্ডার?

**শ্রীপঞ্চানন সিংহ রায়ঃ** আমার পয়েন্ট অফ অর্ডার হচ্ছে জ্যোতিবাবু এই সভাতে আমাদের ত্যাগ্রহ সম্বন্ধে যে উক্তি রেখেছেন তাতে তিনি তাঁকে বিকৃত এবং কটাক্ষ করে আমাদের বারের সম্বন্ধে বলেছেন এবং সেটা তাঁর প্রত্যাহার করা উচিত।

**মিঃ স্পীকারঃ** ইট ইজ নট এ পয়েন্ট অফ অর্ডার, দ্যাট ইজ মাই রুলিং।

**শ্রীজ্যোতি বসুঃ** স্যার, এটা ঠিক যে আমি ওখানে গিয়েছিলাম কারণ আপনার মনে আছে যখন খানে অভিযোগ করা হয়েছিল যে সমস্ত গেট বন্ধ করে দেওয়া হয়েছে এবং সদস্যরা ভেতরে সতে পারছেন না, বাইরে যেতে পারছেন না এবং আমাদের পক্ষে যাঁদের সেইসব কথা বলা হয়েছে তাঁরা ওখানে গোলমাল করছে এই জন্য অসুবিধার সৃষ্টি হচ্ছে তাই আমি মনে করেছিলাম মাদের এটা কর্তব্য এটা দেখা। আমি মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচন করি, তিনি তখন একটা জে ব্যস্ত ছিলেন, তিনি আমাকে বললেন যে, আপনারা গিয়ে দেখুন কি হচ্ছে, কারণ গেট কখনই করে রাখা যায় না, এটা স্পীকারের এক্তিয়ার এবং গেট যদি খোলা না থাকে তাহলে এখানে জ করা অসম্ভব এবং সেইজন্য আমি দেখতে গিয়েছিলাম যে কোন গেট বন্ধ হলে তা খুলে দিয়ে কার মহাশয়কে আমরা সাহায্য করতে পারি। এখানে অনেক সদস্য আছেন যাঁরা সেখানে তখন স্থিত ছিলেন। যাঁরা বাইরে ছিলেন তাঁদের বোঝালাম যে গেট খুলতে হবে গেট খুললো, আপনারা কেউ ভেতরে আসতে পারবেন না যাঁদের কার্ড নেই। যাঁর কার্ড আছে তিনি তে পারবেন। আপনারা বিক্ষোভ দেখাচ্ছেন সেটা আপনাদের অধিকার আছে কিন্তু সেটা বে দেখাবেন। আপনারা এটা দেখবেন কোন অসৌজন্যপূর্ণ ব্যবহার কারো প্রতি যেন না হয়। সব কথা ওখানে বলেছি। স্যার, আপনি শুনে খুসী হবেন- ও'রা খুসী হন বা না হন তৎক্ষণাৎ, আমাদের যেসব সদস্যরা ছিলেন তাঁদের প্রচেষ্টায় ৫ মিনিটের মধ্যে সেই গেট খোলা হয়েছে ান দিয়ে কেউ ভেতরে ঢুকেনি। এই কথা আপনি মনে রাখবেন।

**শ্রীবিজয় সিং নাহারঃ** স্যার, দক্ষিণ দিকে যে গেট আছে সেখানে উস্কানী দেওয়া হয়েছে।

(তুমুল হট্টগোল)

**মিঃ স্পীকারঃ** আপনারা কি বলতে দেবেন না? আমি অবাক হয়ে যাচ্ছি আপনাদের ব্যবহার ে।

…y I appeal to the Leader of the Opposition you have got to ask your …mbers just to behave properly and also to obey the Chair.

(তুমুল হট্টগোল)

**শ্রীনারায়ণ চৌবেঃ** অন এ পয়েন্ট অফ্ পার্সোনাল এক্সপ্ল্যানেশন, স্যার, ডাক্তার ঘোষ চৌধুরী ার সম্বন্ধে যে কথা বলেছেন সে সম্বন্ধে বলতে চাই যে, তিনি বলছেন খড়্গপুর স্টেশন আমরা লুঠ করেছি।

**মিঃ স্পীকারঃ** আপনার নাম করে বলেছেন কি কিছু?

**শ্রীনারায়ণ চৌবেঃ** হ্যাঁ, আমার নাম করে বলেছেন। উনি ভুল সংবাদ দিয়েছেন। হাওড়া জেলার কিছু স্মাগলার টিকিট না করে, বুক না করে চাল নিয়ে আসছিল। সেই চাল ওজন করে বুক করে ছেড়ে দেওয়া হয়েছিল। কিন্তু ওনার নেতৃত্বে বাগনানে মেদিনীপুরের চাল লুঠ হয়েছে।

**ডাঃ রঞ্জিৎ ঘোষ চৌধুরীঃ** অন এ পয়েন্ট অফ পার্সোন্যাল এক্সপ্লানেশন, স্যার। এক্ষণি নারায়ণবাবু বললেন যে বাগনানে নাকি আমার নেতৃত্বে লুঠ হয়েছিল। স্যার, আপনার কাছে বলছি যে যারা গাড়ি থামিয়েছিল নারায়ণবাবুর অত্যাচারের বদলা নেবার জন্য যার রেকর্ড বাগনান থানায় আছে এবং সেটা ওদেরই বামপন্থী ও ডানপন্থীদের মধ্যে ঝগড়া।

**শ্রীনারায়ণ চৌবেঃ** আমি চাই যে হাওড়া জেলার লোক এবং আমার জেলার লোককে এনকোয়ারী করা হোক যে কে দোষী।

[5-30—5-40 p.m.]

**Shri Ajoy Kumor Mukhopadhyay:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, দার্জিলিং জেলার নকশালবাড়ি, ফাঁসিদেওয়া এবং খড়িবাড়ি এই তিনটি থানাতে এইসব গোলমাল চলছে। এই তিনটি থানার লোকসংখ্যা ১,২৬,৮৫৭ এবং এর এলাকা হল ২৭৪ বর্গমাইল। তবে এর সবটা নয়, এর একটা মোটা অংশে, বেশীর ভাগ অংশে এইসব গোলমাল চলছে। আমরা যতদূর খবর নিতে পেরেছি তাতে ঐ গোলমালের প্রথম উদ্ভব হল ভূমির ব্যাপার নিয়ে। সেই ভূমি হচ্ছে যে জমি বেআইনী ভাবে হস্তান্তরিত হয়েছে, বর্গাদারকে বেআইনীভাবে উচ্ছেদ করা হয়েছে, ঠিকমত জমির সেটেলমেন্ট দেওয়া হয় নি, অপরের জমি বে-আইনীভাবে দখল করা হয়েছে, ভেস্টেড ল্যান্ড বেআইনীভাবে দখল করা হয়েছে, এই জাতীয় অনেক রকমের অভিযোগ ছিল, সেই অভিযোগ থেকেই প্রথমে এই গোলমালের উদ্ভব হয়। তাই আমরা এ সম্বন্ধে সিদ্ধান্ত নিয়ে চারটি কমিটি করে দিলাম। তিনটি কমিটি তিনটি থানায় এবং আর একটি মহকুমা কমিটি যাতে সব দলের প্রতিনিধিরা আছেন এবং সরকারী কর্মচারীরা আছেন। এর একটি উদ্দেশ্য হল যাতে যত শীঘ্র সম্ভব এই ভূমি ব্যবস্থার সুষ্ঠু সমাধান হয়।

এই কমিটির কাজ হল যথা শীঘ্র সম্ভব এই ভূমি ব্যবস্থার সুষ্ঠু সমাধান করা এবং যাদের ন্যায্য দাবী আছে সে ন্যায্য দাবী পূরণের ব্যবস্থা করা। এই হল গোলমালের একটা কারণ। আর একটা কারণ আছে—সেটা হল রাজনৈতিক কারণ। সেটা আমরা দেখলাম যে কতকগুলি অতি উগ্র-পন্থী হঠকারী লোক নেতৃত্ব নিয়ে একটা দল গড়ে তুলছে এবং এই ভূমির ব্যাপারের সুযোগ নিয়ে জোর দেখিয়ে নানারকম অরাজকতার সৃষ্টি করছে। আমরা সুষ্ঠুভাবে যে ভূমি ব্যবস্থা করতে চাইছি তাতে এর জন্য অসুবিধা হচ্ছে। এরা দাবী করেছিল যে তারা মার্কসিস্ট কমিউনিস্ট পার্টির লোক এবং তাদের পতাকা নিয়ে চলত। মার্কসিস্ট কমিউনিস্ট পার্টি যাঁদের বামপন্থী বলা হয় তাঁরা এদের অপসারণ করে দিয়েছেন। যখন তাঁরা জানলেন তারা এইসব কান্ড করছে তখনই তাদের অপসারণ করে দিয়েছেন। আমরা এ পর্যন্ত প্রায় ১৫০টি অভিযোগ পেয়েছি অভিযোগ বলব, কারণ এগুলি এখনও প্রমাণিত হয়নি। মার্চ মাস থেকে কাল পর্যন্ত আমরা প্রায় ১৫০টি অভিযোগ পেয়েছি। এসব অভিযোগ কয়েকটি ভাগে ভাগ করা যায়। একটি হল অপরের জমি জোর করে দখল করা—এমন কি সেই অপরের মধ্যে ছোট ছোট জোতদার আছে এবং এইসব দখল করতে যাওয়ার সময় তীরধনুক, বর্শা, অস্ত্র এইসব নিয়ে যাওয়া হয়েছিল। আর ধান-চাল লুট করা হয়েছে। লুট বলতে পারেন, ডাকাতিও বলতে পারেন, কারণ পাঁচজনের বেশি ছিল। বাসন-কোসন, গয়না, টাকা লুট করা হয়েছিল। আমরা এ পর্যন্ত যে খবর পেয়েছি তাতে পাঁচটি বন্দুক এরা লোকের কাছ থেকে নিয়ে গিয়েছে—একজন পুলিশ ইন্সপেক্টার নিহত হয়েছেন, আর একজন গ্রামের অধিবাসী নিহত হয়েছেন, আর দুইজনের কোন সংবাদ পাওয়া যাচ্ছে না—কি হয়েছে বলতে পারছি না। আর একটি মহিলার উপর ধর্ষণ করা হয়েছে বলে আমাদের কাছে রিপোর্ট আছে—তারপর সেটা প্রমাণসাপেক্ষ। এইসব খবর পাওয়ার পর পুলিশ যান সেখানে একজন অভিযুক্তকে ধরতে, সেই ধরতে যাওয়ার সময় আমাদের একজন পুলিশ অফিসার মনে করলেন এদের আরও উত্তেজিত করবেন না গাছের আড়ালে অন্য সকলকে রেখে তিনি একলা গিয়েছিলেন যাতে তাদের বুঝিয়ে সুজিয়ে ঠান্ডা করতে পারেন এই মনে করে। তাঁর সংগে রিভলবারও ছিল না। তিনি

কিছুদূর যেতেই কতকগুলি মেয়ে তাঁকে ঘিরে ধরে, তিনি তাদের বোঝাতে চেষ্টা করেছিলেন। ইতিমধ্যে কোন ইঙ্গিতে মেয়েরা দুদিকে একটু সরে দাঁড়ায় এবং তাতে যে ফাঁকের সৃষ্টি হয় তার মধ্য দিয়ে ওদিক থেকে তীর আসে এবং সেই তীরে তিনি মারা যান। তার পরের দিন পুলিশ আসে আসামীদের ধরতে, এই পুলিশদেরও তারা ঘিরে ফেলে। তখন পুলিশের একটা ভয় হয় যে এত কাছে তারা এসেছে যে তাদের বন্দুক কেড়ে নেবে। তখন তারা গুলী করে। সেই গুলীতে সাতজন মেয়ে, দুটি বাচ্চা এবং একজন পুরুষ মারা গিয়েছে।

আমরা তারপরে ঐ এলাকাটাতে অনেকগুলি পুলিশ ক্যাম্প বসিয়েছি এবং পুলিশরা টহল দিয়ে বেড়াচ্ছে। আমরা প্রায় ১৫০ জনের মত লোককে গ্রেপ্তার করেছি এবং তারা সবাই এখন হাজতে আছে। আমরা দেখেছি এর ফলে খানিকটা অবস্থার উন্নতি হয়েছে এবং ওদের এইসব কাজের সংখ্যা খুব কমে গিয়েছে। আমাদের ৬ জন মন্ত্রীকে আমরা পাঠিয়েছিলাম যে এইসব ব্যাপার ভালো করে দেখে তাঁরা খবর নিয়ে আসবেন। তারপর আমরা যুক্তি করে ঠিক করবো কি করণীয়। তাঁরা ফিরে এসে যে ব্যবস্থা করেছিলেন--তাঁরা সবাই একমত হয়েই করেছিলেন। এখানে আমাদের দার্জিলিং-এর মন্ত্রিমহাশয়ের সম্বন্ধে যে কথা বলা হয়েছে সেটা ঠিক নয়। সবাই একমত হয়েই ঐ কাগজে সই করেছিলেন। তাঁরা যে ব্যবস্থা করেছিলেন সেই ব্যবস্থা হচ্ছে যে টহল দেওয়া হবে। তারপর আমরা মন্ত্রিমণ্ডলী বসে এ সম্বন্ধে কি করণীয় তা স্থির করেছি। আবার আমরা তিনজন মন্ত্রীকে সেখানে পাঠাচ্ছি এই জন্য যে, সেখানে কতটা উন্নতি হয়েছে তা দেখতে এবং যাদের নামে ওয়ারেন্ট আছে তাদের ধরার কি হচ্ছে না হচ্ছে তার কি ব্যবস্থা হবে তাঁরা সেখানে গিয়ে দেখে এসে আমাদের খবর দেবেন। তখন আমরা ব্যবস্থা গ্রহণ করবো। তিনজন মন্ত্রী হচ্ছেন শ্রীবিশ্বনাথ মুখার্জী, শ্রীঅমরপ্রসাদ চক্রবর্তী ও শ্রীদেওপ্রকাশ রাই। তাঁরা কালকে যাচ্ছেন। এ ছাড়াও আমরা প্রতিদিন একবার কি দুবার করে ওয়ারলেসে বা টেলিফোনে আমাদের দার্জিলিং-এর পুলিশ বা ম্যাজিস্ট্রেটের কাছ থেকে প্রতিদিন খবর নিচ্ছি যে অবস্থার কিরকম উন্নতি হচ্ছে; গভর্নমেন্ট দৃঢ়সংকল্প। আমরা এ বিষয়ে যত কঠোর ব্যবস্থা নিতে হয় তা আমরা নেবই। আমরা সব বাংলাদেশকে এ বিষয়ে প্রতিশ্রুতি দিচ্ছি। এর বেশী আমার আর কিছু বলার নেই। এরপরে আমি বিরোধীপক্ষ থেকে যে কথাগুলি বলা হয়েছে তার জবাব দিচ্ছি। বিরোধীপক্ষের শ্রীসিদ্ধার্থ রায় বলেছেন যে তারা চীন এবং পাকিস্তান থেকে অস্ত্রশস্ত্র আনছে। আমি বলবো পুলিশের এ পর্যন্ত যে খবর আছে এবং গোপন যে খবর পেয়েছি তাতে ঐসব দেশ থেকে অস্ত্র আনবার কোন খবর পাই নি। তবে পাঁচটা বন্দুক ওরা স্থানীয় লোকেদের কাছ থেকে কেড়ে নিয়ে গেছে। তারপর শ্রীঅরুণ মৈত্র মহাশয় যে কথা বলেছেন তাতে বলতে পারি যে কানু সান্যাল এবং জঙ্গল সাঁওতালদের কমিউনিস্ট পার্টি থেকে সরিয়ে দেওয়া হয়েছে। তারপর শ্রীমতী পূরবী মুখোপাধ্যায় যে কথা বলেছেন যে হরেকৃষ্ণবাবু কানু সান্যালের সঙ্গে দেখা করেছিলেন এবং অন্যান্য বাবুও সেই একই কথা বলেছিলেন যে যে কানু সান্যাল একজন ফেরারী আসামী তার সঙ্গে কি করে একজন মন্ত্রী দেখা করেন? একথাটা ঠিক নয়। তিনি যখন দেখা করেছিলেন তখন তার নামে ওয়ারেন্ট ছিল না। এস পি ও তার সঙ্গে দেখা করেছিলেন। তখন তিনি আন্ডার গ্রাউন্ডে ছিলেন না।

**শ্রীবিজয় সিং নাহার:** এখন তাদের নামে ওয়ারেন্ট আছে কিনা?

[5-40—5-50 p.m.]

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** এখন ওয়ারেন্ট লিস্ট আমার কাছে নেই, আমি ঠিক বলতে পারবো না। তারপর আর একজন সদস্য বলেছেন যে ওদের কতকগুলি পকেটে মন্ত্রীরা যেতে সাহস করেন নি। আমি একথা বলতে পারি যে, একথা ঠিক নয়, মন্ত্রীরা প্রত্যেকটি পকেটে গিয়েছেন এবং পুলিশ না নিয়েই গিয়েছেন। তারপর হংসধ্বজ ধাড়া মহাশয় বলেছেন তিনি আশা করেছিলেন যে, মুখ্যমন্ত্রী মহাশয় ঘরে ঢুকে বলবেন যে নকশালবাড়ির আলোচনার জন্য তিনি একটি দিন ধার্য করবেন। কিন্তু আমি বলতে পারি যে ঘরে ঢোকার সময় আমি শুনলাম যে ও'রা অ্যাডজোর্নমেন্ট মোশান এনেছেন। সুতরাং আমি দেখলাম এতেই আলোচনা হবে—আমায় বলার আর দরকার হয় নি। আমরাও এ আলোচনা করতে চাই, এ বিষয়ে গোপন করার কিছু নেই। তারপর উনি

বলেছেন যে মুখ্যমন্ত্রী মহাশয় পুলিশ সম্বন্ধে যে আদেশ দিয়েছিলেন ভূমি ও ভূমিরাজস্ব মন্ত্রিমহাশয় তা স্থির করেছিলেন। এটা ভুল। তিনি আমার কোন আদেশ স্থগিত করতে বলেন নি; মোটামুটি আমি একথা বলছি যে, আমরা মনে করি না যে নকশালবাড়ি ভারতের বাইরে চলে গেল, চীনে চলে গেল। একথা আমি স্বীকার করেছি যে ওখানে কতকগুলি যুবক মনে করেন যে তাঁরা একটা মুক্ত এলাকা করবেন। তাঁদের সঙ্গে ভূমির ক্ষুধা আছে যেসব কৃষকের তারা জুটেছে আমরা তাদের পৃথক করে নিচ্ছি, আমরা তাদের জমি দিয়ে চাষে লাগিয়ে দিচ্ছি। তারপরে আমরা যা ব্যবস্থা করার হয় করবো। তাঁরা যদি আত্মসমর্পণ না করেন আমাদের কোর্টে, তাহলে আমরা তাঁদের ধরতে যাবো এবং ধরতে গেলে তাঁরা যদি বাধা দেন তাহলে আমরা গুলী চালাবো, তাতে যদি লোক মরে মরবে। আমরা বাংলাদেশে অশান্তি সৃষ্টি করতে দেব না এই আমার কথা।

**Shri Siddhartha Shankar Ray:**

মাননীয় স্পীকার মহাশয় ৬টা বাজতে এখনও ২০ মিনিট বাকি আছে। ৬টা পর্যন্ত অ্যাডজোর্নমেন্ট মোশন চলে রুল অনুযায়ী। ওখান থেকে কয়েকজন বন্ধু বলছিলেন যে, আমি বাংলা জানি না, তাই আমি ঠিক করেছি বাংলাতে বলার। তবে আমি একথা জানিয়ে দিই যে, আমি বাংলাদেশের সন্তান, বাংলা ভাষা আমি জানি এবং আমি বাংলাতেই বক্তৃতা দিচ্ছি। আগে আমি ইংরাজীতে বক্তৃতা দিয়েছিলাম কারণ আমাকে কনস্টিটিউশন থেকে, ক্রিমিন্যাল প্রসিডিওর কোড থেকে এবং পুলিস অ্যাক্ট থেকে কয়েকটা ধারা পড়তে হয়েছিল। সেগুলি ইংরাজীতে লেখা। সেগুলি যদি বাংলায় লেখা হত তাহলে নিশ্চয় আমি বাংলায় বক্তৃতা দিতাম। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের বক্তৃতা আমি খুব মনোযোগ সহকারে শুনলাম এবং শুনে এই কথাটা আমি জোর করে বলতে পারি যে, যেসকল তথ্য তিনি আমাদের কাছে রাখলেন সেই তথ্যের ভিত্তিতে আজকে এনকোয়ারি কমিশন হওয়া উচিত। কারণ তিনি কতকগুলি অত্যন্ত জরুরী জিনিস স্বীকার করে গেলেন। প্রথমত বামপন্থী কমিউনিস্টদের তরফ থেকে বলা হচ্ছিল যে, এই যে নকশালবাড়ির ঘটনা, এটার সঙ্গে কোন রাজনৈতিক সম্পর্ক কিছু নেই। আজকে আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি, তিনি স্বীকার করলেন যে, পলিটিক্যাল রিজিনসও আছে যার জন্য নকশালবাড়িতে এইরকম গন্ডগোল হচ্ছে। তাঁর কাছ থেকে আমি জানতে চেয়েছিলাম কতকগুলি কথা। সেই কথাগুলি হচ্ছেঃ—

(১) ইন্টিরিয়ার এরিয়াজে পুলিস আজকেও কি গেছে?

(২) কানু সান্যাল এবং জঙ্গল সাঁওতাল এদের বিরুদ্ধে কি কোন ওয়ারেন্ট অব আরেস্ট আছে?

(৩) আপনি বলছেন যে, ১৫০ জন লোককে গ্রেপ্তার করে হাজতে রেখে দিয়েছেন—১৫০ জন লোককে যখন গ্রেপ্তার করে হাজতে রেখে দিয়েছেন তখন অন্যান্য লোক যাদের বিরুদ্ধে ওয়ারেন্ট অব অ্যারেস্ট বেরিয়েছে তাদের বিষয়ে ডিসক্রিমিনেশন কেন হচ্ছে, এই ডিসক্রিমিনেশনের কারণ কি রাজনৈতিক, এই ডিসক্রিমিনেশনের কারণ কি এই যে, বামপন্থী কমিউনিস্টরা বলছেন, ওদের এখন ধরবেন না, দেখা যাক ওদের আমরা ঠান্ডা করতে পারি কি না?

(৪) মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বললেন যে, পাকিস্তান বা চায়না থেকে আর্মস বা অ্যামুনিশন আনবার কোন খবর তিনি এখনও পান নি।

কথা হচ্ছে, হিন্দুস্থান স্ট্যানডার্ডে যে খবর বেরিয়েছে সেটা আমি পাঠ করেছি। আমার প্রশ্ন হচ্ছে, কিসের ভিত্তিতে তিনি এটা বলতে পারলেন। আমি তাঁকে দোষ দিচ্ছি না কিন্তু আমি তাঁকে বলছি যে ব্যাপারটা এত গুরুতর এবং এই অভিযোগটা এত ইমপর্ট্যান্ট যে এটার বিষয় একটা জুডিসিয়াল তদন্ত হওয়া দরকার। পাকিস্তান এবং চাইনীজ ডিপ্লোম্যাটরা ভারতবর্ষের বিরুদ্ধে কি কি করছে তা আমরা খবরের কাগজে দেখেছি। আমরা দেখেছি চাইনীজরা ইন্ডিয়ানদের কুকুর বলে যাবে আর মাও সে-তুং-এর চেলারা কুকুর বলে যাবে আমরা তাদের কি কিছু বলব না? কিন্তু কথা হচ্ছে চাইনীজ এক্স ফার্স্ট সেক্রেটারী যে ভারতবর্ষের মানুষকে কুকুর বলে গেল তাঁকেই ঢাকায় কি রকম রিসেপশন দেওয়া হয়েছে তা আমরা দেখলাম। কথা হচ্ছে চায়না এবং পাকিস্তান একসঙ্গে চলছে। নকশালবাড়ি পাকিস্তানের খুব কাছে।

আমাদের খবর আছে যে, সেখানে কোথা থেকে আর্মস অ্যান্ড অ্যামুনিশন আসছে। পঞ্চম প্রশ্ন হচ্ছে, বন্দুক সম্বন্ধে স্বীকার করলেন যে, কিছু কিছু বন্দুক জোর করে কেড়ে নেওয়া হয়েছে। তার মানে একটা আর্মস আপরাইজিং-এর চেষ্টা করা হচ্ছে। বন্দুক দিয়ে বাঁশী বাজানো যাবে না। বন্দুক দিয়ে গুলি করা যাবে। এই বন্দুক কারা নিয়ে গেল তা কি সরকার জানেন না? এস এস পি-র লোকেদের উপর বাম কমিউনিস্ট লোকেরা অস্ত্রশস্ত্র নিয়ে আক্রমণ করেছিল কি না নকশালবাড়ির তিনটা অঞ্চলে? ফাঁসিদেওয়া থানায় যদি করে থাকেন তাহলে এস এস পি-র তরফ থেকে যে কথা বলা হয়েছিল সে কথাটা সরকারের পুলিস ঠিকমতন বিবেচনা করে দেখেছেন কি?

**মিঃ স্পীকারঃ** আপনার রাইট অফ রিপ্লাই এত বড় দিলে কি করে হবে? কাউন্সেল-এর রিপ্লাই যেভাবে হয় সেইভাবে দিন।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** আমি বড় কাউন্সেল নই। কিন্তু কাউন্সেল হিসাবে এটুকু জানি যে, রিপ্লাই কিভাবে দিতে হয়। কিন্তু এত যে প্রশ্ন হল তার উত্তর পাওয়া গেল না। মুখ্যমন্ত্রী যে উত্তর দিলেন তা থেকে আমরা নিজেরা কোনরকম উত্তর পেলাম না। আমরা জানতে চেয়েছিলাম সেখানে আইন অনুযায়ী, সংবিধান অনুযায়ী, সেন্ট্রাল পুলিস অ্যাক্ট অনুযায়ী সরকার কি কি কাজ করেছিলেন তার কোন উত্তর তিনি দিলেন না। পুলিস আজকে যাদের বিরুদ্ধে ওয়ারেন্ট আছে তাদের গিয়ে ধরছেন না?

(নয়েজ)

[5-50—6-01 p.m.]

মুখ্যমন্ত্রী কি দয়া করে বলবেন কটা মামলা হয়েছে—খুনের কটা, রেপের কটা এবং ডাকাতির কটা মামলা হয়েছে এবং কটা ট্রেসপাস হয়েছে? আজকে কতকগুলি মানুষের বিরুদ্ধে যে ওয়ারেন্ট যেটা কোর্ট থেকে ইসু করেছে সে ওয়ারেন্ট কেন একজিকিউটেড হচ্ছে না? তারপর উত্তর দিতে গিয়ে একথা কি রাখতে পারি যে, কলকাতায় যখন গোলমাল হচ্ছিল একটা মন্দির ও গুরুদ্বারকে নিয়ে তখন একটা যে অ্যাডজোর্নমেন্ট মোশন এনেছিলাম তাতে প্রত্যেকটি দল একে বক্তৃতা রেখেছিলেন। কিন্তু নকশালবাড়ি সম্বন্ধে কোন দলই কিছু বলতে চাইছেন না কেন? কারণ ওঁরা যদি একজন বক্তৃতা দিতেন তাহলে দেখা যেত একজন আর একজনের বিরুদ্ধে সমালোচনা করছে। আজকে আমি স্বীকার করছি মুখ্যমন্ত্রী দেশবন্ধু নেতাজীর আদর্শ চিন্তাধারাকে রক্ষা করতে গিয়ে তিনি যে সুনাম অর্জন করেছেন সেই সুনামের সুযোগ নিয়ে বাংলাদেশের কমিউনিস্টরা মার্ক্স কমিউনিজম ঢোকাবার চেষ্টা করছেন। মুখ্যমন্ত্রীকে তাঁরা ক্রীড়নক হিসাবে ব্যবহার করছেন। মুখ্যমন্ত্রীকে ব্যবহার করছেন নিজেদের একটা পেল থিং হিসাবে। মুখ্যমন্ত্রীর নাম নিয়ে বাংলাদেশে এরূপ একটা অবস্থার সৃষ্টি করেছেন যাতে প্রকৃতপক্ষে সর্বনাশী কমিউনিজম এদেশে আসে। তাই মুখ্যমন্ত্রীকে বলব তিনি যেসমস্ত কথা বললেন সকথা থেকে এটা পরিষ্কার যে, এ বিষয় নিয়ে একটা এনকোয়ারি হওয়া দরকার।

**শ্রীঅপূর্বলাল মজুমদারঃ** অন এ পয়েণ্ট অফ অর্ডার। রিপ্লাই যেটা দিচ্ছেন তাতে পনের মিনিট পার হয়ে গেল। আমি মনে করি

No speech on adjournment motion can go beyond 15 minutes. That is the rule.

অতএব আপনি তাঁকে বসতে বলুন।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** এখনও পনের মিনিট হয় নি। আমি অনুরোধ করব মুখ্যমন্ত্রীকে যে তিনি একটা এনকোয়ারি কমিশন বসান। এসব প্রশ্নের উত্তর আমরা চাই। যতক্ষণ না উত্তর পাওয়া যাচ্ছে ততক্ষণ পর্যন্ত আমরা বুঝব যে সম্পূর্ণ অরাজকতা সেখানে চলছে। মুখ্যমন্ত্রী নিজে বললেন সেটা ২৭৪ স্কোয়ার মাইল। অতএব মেজরিটি অফ দি এরিয়াতে এই ঘটনা চলছে।

(এ ভয়েসঃ আপনার সময় হয়ে গেছে।)

আন্ডার দি রুলস ২ ঘণ্টা অ্যাডজোর্নমেন্ট মোশন চলবে।

**মিঃ স্পীকারঃ** তাঁকেও তো একটু টাইম দিতে হবে।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** রুলে আছে আপনার অনুমতি নিয়ে উত্তর দিতে পারেন। প্রশ্ন হচ্ছে, কটা মামলায় লোককে অ্যারেস্ট করা হয়েছে। যেসব লোকদের বিরুদ্ধে ওয়ারেণ্ট অফ অ্যারেস্ট বেরিয়েছে তাদের ধরা হয় নি, কটা মামলা আছে যার ওয়ারেণ্ট আছে? কটা ওয়ারেণ্ট আছে যেগুলো একজিকিউটেড হয় নি? প্রক্লামেশন বেরিয়েছে কটা অফেন্ডারের এগেনস্টে, যে প্রক্লামেশন একজিকিউটেড হয় নি? এসব আমরা জানতে চাই।

**শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ** সারা বাংলাদেশে কটা ওয়ারেণ্ট একজিকিউটেড হয় নি সেটা দরকার?

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** আপনি বসলে ভাল হয়। আপনার দাদাই উত্তর দেবেন। আমাদের মাথা এত খারাপ হয় নি। আমরা এত বেসামাল হয় নি যে, নকশালবাড়ির কথা বলতে সারা বাংলাদেশের কথা বলব।

**Shri Ajoy Kumar Mukhopadhyay:**

আমার যা বলবার তা আমি বলেছি। তবে শুধু তিনি যে কয়েকটা প্রশ্ন করেছেন তার জবাব আমি দিতে চাই। অন্যান্য আসামীর বিরুদ্ধে আমাদের ডিসক্রিমিনেশন নেই, আমরা কারুর বিরুদ্ধে ডিসক্রিমিনেশন করি না। আমরা সকলকেই ধরব। সকলেই যে ধরা পড়ছেন তা নয়। আমরা চারিদিকে পুলিস দিয়েছি। তাদের যেমন যেমন ধরতে পারবেন ধরবেন। চীন সম্বন্ধে বললেন যে, সেখান থেকে অস্ত্রশস্ত্র আসছে। আমি বলতে পারব না কি করে সেখান থেকে এসব আসছে। তিনি যদি জানান আমি খোঁজ নেব। তবে আমাদের যে গোপন অনুসন্ধান করার জন্য পুলিস বিভাগ আছে তারাও এ পর্যন্ত কোন খবর রাখে না যে বাইরে থেকে ওরা অস্ত্র পাচ্ছে। তবে দু একটা পাথীমারা বন্দুক চুরি করেছে, লুঠপাট করেছ। ওরা ৫টা বন্দুক নিয়েছে, সেখানে সরকারী লাইসেন্স করা বন্দুক তিনচার শত আছে। তার মধ্যে থেকে পাঁচটা বন্দুক কেড়ে নিলে তা দিয়ে সশস্ত্র বিপ্লব হয় না। পাঁচটা বন্দুক বা তীর-ধনুক নিয়ে সশস্ত্র বিপ্লব হয় না। একে যদি কেউ সশস্ত্র বিপ্লব মনে করেন তাহলে তাঁকে পাগল ছাড়া আর কিছু বলা যায় না। আমরা এত পাগল নই। এই সংখ্যা আমার জানা নেই, আমি ঠিক বলতে পারছি না।

(**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** এগুলি জানাবার চেষ্টা করবেন।) এগুলি আমি খোঁজ করব। আর ওয়ারেণ্ট যাদের নামে ইসু হয়েছে তাদের মধ্যেও ঐসব লোক আছে যারা একদিন মার্ক্সবাদী কমিউনিস্ট বলে দাবি করত। এ'রা তাদের পার্টি থেকে তাড়িয়ে দিয়েছেন। আর কটা খুন হয়েছে—আমার জানা দুটো খুন হয়েছে। একটি আমাদের পুলিস খুন হয়েছে, আর একটি গ্রামবাসী খুন হয়েছে আর দুজনকে খুঁজে পাওয়া যাচ্ছে না এবং তারা খুন হয়েছে কি না আমরা এখনও খবর পাই নি। আর একটি কথা আমি বলতে ভুলে গেছি; সেটি হচ্ছে এই যে, এ'দের দলের বিরুদ্ধে প্রতিরোধ করতে গিয়ে আর একটি দলের প্রতিনিধিরা এ'দের দলের দুজনকে গুলী করে মেরেছে। আর কটা ধরা পড়েছে সেটা আমি আগেই বলেছি। নারীধর্ষণের খবর একটিমাত্র পাওয়া গেছে, বিষয়টি বিচারাধীন আছে বলে আমি বেশি কিছু বলব না। তাদের মেডিকেল রিপোর্ট পাওয়া গেছে, সেই মেডিকেল রিপোর্টের উপর হাকিম যা বিচার করবেন তাই হবে। আর ডাকাতি কটা হয়েছে—মোট এই সংখ্যাগুলি দিলাম, এর মধ্যে কিছু ডাকাতি আছে, কিছু অন্য আছে আমি আলাদা করে কিছু বলতে পারব না। ওয়ারেণ্ট যে কটা বেরিয়েছে তার সবগুলি কার্যকর করার চেষ্টা হচ্ছে। তবে ঐসব পাহাড়িয়া অঞ্চলে বনজঙ্গল আছে। আমি সংখ্যা জানি না, তবে কটা ধরা পড়েছে আমি বলেছি। কাজেই বাকিগুলি ধরবার জন্য আমাদের পুলিস চারিপাশে ওতপেতে বসে আছে। এবং ধরবার চেষ্টা করছে। উনি বলছেন মুখ্যমন্ত্রীকে ক্রীড়নক করা হয়েছে। ওদিকে বলছেন মুখ্যমন্ত্রী লোক নেহাৎ খারাপ নন। মুখ্যমন্ত্রী যদি ক্রীড়নকই হল সেই মুখ্যমন্ত্রী মূর্খমন্ত্রী হয়ে গেল। যদি ক্রীড়নক হয় তাহলে তাঁকে কি মনে করুন সেটা ভাল করে বলুন। এনকোয়ারি কমিশনের কথা দাবি করেছেন। আমরা যদি মনে করি যে, একটা এনকোয়ারি কমিশন বসানো দরকার তাহলে তখন করব। আমরা যে তদন্ত অনুসন্ধান চালিয়ে যাচ্ছি তাতে এখনও এমন কোন পর্যায়

আসে নি যে এনকোয়ারি কমিশন বসাতে হবে। আমরা যদি কোনদিন মনে করি যে, বসাতে হবে তখন ভেবে দেখব। আমি এই কথাটা আবার বলছি যে, এই জিনিসটা নিয়ে মস্তব্য করে দেখানো হয়েছে। জনকতক যুবক তাদের মাথায় ঢুকিয়েছে যে এইরকমভাবে কিছু কাজ করলে বেশ একটা মুক্ত এলাকা করে তোলা যাবে ভারতবর্ষের মধ্যে—তা এটা যে কত বড় অসম্ভব, অবাস্তব সেটা একটু দূরদৃষ্টিসম্পন্ন রাজনীতিজ্ঞ যদি তাঁদের নেতৃত্ব করতেন তাহলে বুঝতে পারতেন যে, গোটাপাঁচেক বন্দুক আর কয়েকটা তীর-ধনুক নিয়ে এইরকম একটা ছোট এলাকা—সেখানে মুক্ত এলাকা ভারতবর্ষ থেকে বেরিয়ে চলে গেল এ সম্ভব নয়। কাজেই তাঁরা ভুল করছেন এটা আমরা বুঝতে পারছি। কিন্তু কি করব তাঁদের ভুল সংশোধন করার ক্ষমতা আমার নেই। যেসব কৃষক ভুল করে এদের পিছনে গেছে—আমরা ব্যবস্থা করেছি যে যত জমি পাওয়া যাবে যদি তাদের চাষে লাগিয়ে দেওয়া যায়, তাহলে দেখবেন এদের পিছনে হয়ত ৫-১০টির বেশি লোক বেরোবে না, যে যার চাষের কাজে লেগে যাবে। তাই আগে তাদের চাষের কাজে লাগানোর ব্যবস্থা আমরা করে দিচ্ছি, যাতে তারা জমি নিয়ে চাষ করে। ফলে তাদের পরের জমি দখল করতে হবে না এবং ভূমিহীন হয়ে আর ঘুরে বেড়াতে হবে না আমাদের এখানে কিছু জমি আছে যেটা ভেস্টেড ল্যান্ড এবং আর কিছু জমি আছে যেটা আমরা ঐ চা-বাগান থেকে পেতে পারি বাড়তি জমি হিসাবে। এইসমস্ত বাড়তি জমি নিয়ে আমরা অনেক অফিসারকে নিযুক্ত করে দিয়েছি। কলকাতা থেকে আমাদের মেম্বার, বোর্ড অফ রেভিনিউ, নিজে গিয়ে তাঁদের বিশিষ্ট বিশিষ্ট লোকদের দিয়ে, বড় বড় অফিসারদের দিয়ে এই কাজ তাড়াতাড়ি করাতে চাচ্ছেন যাতে এই বছর কোন জমি পতিত না থাকে। কেন না লোকের মনে এইরকম একটা ভয় হতে পারে যে, আমরা চাষ করেছি অপরে আমাদের ধান কেটে নেবে। সেইজন্য এই ভয়টা হবে বলে তারা হয়ত চাষে নাও লাগতে পারে। আমাদের বাংলাদেশে যখন খাদ্যের এত অভাব তখন কৃষিযোগ্য জমি পতিত পড়ে থাকা ভাল নয়। সেই-জন্য আমরা চেষ্টা করছি এই লোকগুলিকে চাষের কাজে লাগিয়ে দিতে - কিন্তু যারা সত্যিকারের অপরাধী, যাদের মাথায় এইসব বুদ্ধি ঢুকেছে তাদের আমরা ছেড়ে দেব না, তাদের বিরুদ্ধে যা ব্যবস্থা করার আমরা তা করব এবং শুধু করব বলেই বসে নেই, আমরা লোক, পুলিস ও গোয়েন্দা ছেড়ে দিয়েছি এবং আমাদের যা কিছু করণীয় আছে আমরা তাই করে যাচ্ছি আমাদের বুদ্ধিতে যতটুকু করা যায়। এখানে কারও দুশ্চিন্তায় রাতের ঘুম ভাঙার অবস্থার কারণ নেই এবং এমন অবস্থা বাংলাদেশে হয় নি বলে আমরা মনে করি।

**Mr. Speaker:** The discussion is over.

The House stands adjourned till 1 p.m. tomorrow.

## Adjournment

The House was accordingly adjourned at 6.01 p.m. till 1 p.m. on Tuesday, the 27th June, 1967, at the "Assembly House", Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assemble under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Building, Calcutta, on Tuesda the 27th June, 1967, at 1 p.m.

## Prerent:

Mr. Speaker (Shri Bejoy Kumar Banerjee) in the Chair, 14 Ministe and 246 Members.

## Obituary

[1—1-10 p.m.]

**Mr. Speaker:** Honourable members, I have the melancholy duty announce the death of Shri Sunil Dasgupta, an ex-member of this Hou from 1962-1967, belonging to the Forward Bloc from Cooch Behar Nort Constituency. Recently he met with a serious jeep accident in Siliguri he was touring North Bengal in company with the Hon'ble Chief Minist and was removed to Siliguri Hospital. He was then shifted to S.S.K.M Hospital in Calcutta only six days ago where he breathed his last, last nigl at the premature age of 35 years. He was forceful member and kee debator in this House. He had participated in many democratic people movements including the food movement in Cooch Behar in 1951 on whi the report of Mr. Justice S. N. Guha Roy has been recently publishe He had suffered imprisonments for the cause of the people. He was tl Vice-President of the North Bengal State Transport Employees' Union ar an Executive Committee member of the West Bengal Committee of tl Forward Bloc. On behalf of the honourable members of this House ar on my own behalf I offer sincere condolences to the members of the bereave family.

I would now request you, honourable members, to kindly rise in you seats and observe two minutes' silence as a token of respect for the depart soul.

(Honourable members rose in their seats and observed two minutes' silence

Thank you, ladies and gentlemen. The Secretary will do the needfu

## Point of Information

**শ্রীবৃন্দাবন চট্টোপাধ্যায়ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আজকে হাউসের কার্যাবলী আরম্ভ হবার আগে কালকে হাউস অ্যাডজোর্ন হবার পরে বাড়িতে যাবার সময় গেটে আমাদের উপ যে অকথ্য অত্যাচার ও লাঞ্ছনা হয়েছে সে সম্বন্ধে আমি আপনাকে দু-একটি কথা বলতে চাই

**মিঃ স্পীকারঃ** আগে কোশ্চেনগুলো হবে। হাউসের তো একটা নিয়ম আছে। সে অনুসারে আমাকে চলতে হবে। আপনি বসুন। আইনে যা আছে সেইমত আমাদের চলত হবে।

(এ ভয়েসঃ আমরা অ্যাসাল্টেড হয়েছি কালকে।)

আগে কোশ্চেন হবে। আপনাদের কর্তা কে?

I want to know who is your leader.

**শ্রীখগেন্দ্রনাথ দাশগুপ্তঃ** মাননীয় স্পীকার মহাশয়, কালকে অ্যাসেম্বলির বাইরে যে তাণ্ড নৃত্য চলছিল, আজকে সারা বাংলাদেশেও সেই তাণ্ডবনৃত্য চলছে। যেভাবে আইন শৃঙ্খল ভংগ করা হচ্ছে, তাতে আমাদের প্রত্যেক সদস্যের মন অত্যন্ত চঞ্চল হয়ে উঠেছে। কালে

এখান থেকে বেরোবার সময় কয়েকজন আমাদের সদস্য দেহে আঘাত পেয়েছেন, তাঁদের অযথা অপমান করা হয়েছে, তাঁরা লাঞ্ছিত হয়েছেন। এমতাবস্থায় কি করে আপনি কোশ্চেন আনবেন, বিল আনবেন? এইসব শুনবার জন্য ও এই নিয়ে আলোচনা করবার মত ধৈর্য্য ও মানসিক অবস্থা আমাদের কারও নেই। কাজেই আপনাকে একটু ধৈর্য্য ধরে শুনতে হবে।

**Mr. Speaker:** Mr. Das Gupta, I am very sorry.

আপনি বসুন।

**শ্রীখগেন্দ্রনাথ দাশগুপ্ত:** আমাদের কথা আগে শুনতে হবে—কালকে কি ঘটনা এখানে ঘটেছিল।

**মিঃ স্পীকার:** কালকে আমি ছিলাম এখানে। আপনারা ঐরকম করছেন কেন? আপনারা যদি বলতে চান, এক একজন করে বলুন। তা না হলে একসঙ্গে যদি ১৪।১৫ জন দাঁড়িয়ে বলতে থাকেন, তাহলে এটা কি করে সম্ভব হতে পারে? বৃন্দাবনবাবু আপনি বলুন।

**শ্রীবৃন্দাবন চট্টোপাধ্যায়:** মাননীয় স্পীকার মহাশয়, কালকে হাউস অ্যাডজোর্নড হবার পর আমার শরীর অত্যন্ত অসুস্থ হয়ে পড়ে, আমার মাথায় অসহ্য যন্ত্রণা হচ্ছিল; আমি তখন গেটের কাছে গিয়ে দাঁড়াই এবং দেখি যে মন্ত্রীগণ ও এম-এলএরা ট্যাক্সি করে বেরিয়ে যাচ্ছেন। আমাদের দলের এম-এল-এরা বাইরে যেতে পারছেন না। আমি তখন গেটের কাছে জনতাকে বলি আমার শরীর অত্যন্ত অসুস্থ হয়ে পড়েছে, আমাকে যদি ছেড়ে দেন তাহলে ভাল হয়। তখন তাদের একজন লীডার বলেন যে, আপনি যদি যুক্তফ্রন্ট জিন্দাবাদ বলতে বলতে বাইরে যান, তাহলে আপনাকে ছেড়ে দিতে রাজী আছি। আমি বললাম, তা বলতে পারব না। তখন জনতার লোক আমাকে টেনে নিয়ে যায় ও সমানে ঘুষি, কিল আমাকে মারতে থাকে। আমার ছাতা কেড়ে নেওয়া হয়, আমার জামা-কাপড় ছিঁড়ে দেয়। আমি উলঙ্গ হয়ে পড়ি, আমার শুধু একটা ল্যাঙ্গট পরা ছিল। যতদূর সাধ্য তারা আমাকে ঘুষি, কিল মারতে থাকে এবং আমার জামার পকেট ছিঁড়ে দেয়। আমার সব কাগজপত্র ছিঁড়ে দেয়। আমার টাকা-পয়সা অন্য পকেটে ছিল। সমস্ত কাগজপত্র চলে যায়, ছাতা চলে যায়। যদি আমি জোর করে গেটের ভিতর ঢুকে না পড়তাম তাহলে কি হত জানি না। জনতা বলছিল এঁকে নিয়ে চল মারধোর করতে হবে, খুন করতে হবে। পুলিস সেখানে উপস্থিত ছিল, কিন্তু কোন অ্যাকশন নেয় নি। আমি আপনাকে অনুরোধ করছি আপনি এর একটা প্রতিবিধান করুন এবং আমাদের হাউসের চারিদিকে ১৪৪ ধারা জারী করা হোক।

(Noise and interruptions)

**Mr. Speaker:**

আপনি বসুন।

**শ্রীবৃন্দাবন চট্টোপাধ্যায়:** আমি এই হাউসে নূতন আসি নি। আমার তিনটা টার্মস হয়ে গেল। আমি এরকম ঘটনা ঘটতে আর কখনও দেখি নি। আমি সেইজন্য বিশেষভাবে এদিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

(Noise and interruptions)

**মিঃ স্পীকার:** আমি তো বরাবরই শুনছি। এটা কি হচ্ছে? আপনারা এক একজন করে বলুন।

**শ্রীবৃন্দাবন চট্টোপাধ্যায়:** ওঁরা বলতে থাকেন—যতক্ষণ পর্য্যন্ত না আপনি যুক্তফ্রন্ট সরকার জিন্দাবাদ বলতে বলতে না যাচ্ছেন, ততক্ষণ আপনাকে গেটের বাইরে যেতে দেওয়া হবে না। মিঃ স্পীকার, স্যার, আপনার কাছে আমার প্রেয়ার হচ্ছে যে, আপনি এই অ্যাসেম্বলির চারিদিকে ১৪৪ ধারা জারী করুন।

(Noise and interruptions)

**Mr. Speaker:**

আমার কথাটা আপনারা দয়া করে একটু শুনুন।

[1-10—1-20 p.m.]

**শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় স্পীকার মহোদয়, গতকাল দুটোর সময় হাউস অ্যাডজার্নড হয়ে যায়, আমার কালকে বাড়িতে একটা দুর্ঘটনা হয়েছিল তা সত্ত্বেও আমি সকালে এসেছিলাম কিন্তু দুপুরে আমার যাওয়ার বিশেষ প্রয়োজন ছিল, তাই আমি তিনটার সময় যাওয়ার চেষ্টা করি, উত্তর দিকের গেট দিয়ে গাড়ি বের করে নিয়ে যাওয়ার চেষ্টা করি এবং বেরুতে আমাকে দেওয়া হয়। সেই সময় যুক্তফ্রন্টের কিছু ভলান্টিয়ার আমার গাড়িটা এগিয়ে যেতে সাহায্য করে কিন্তু সেই সময় আবার বহু যুক্তফ্রন্টের ভলান্টিয়ার নানারকম শ্লোগান দিতে আরম্ভ করে, টিটকারি দেয় এবং আমার হাতটা গাড়ির একটা সাইডে বের হয়ে ছিল, তারা তা ধরে জামাটা ছিঁড়ে দেয়। এই হচ্ছে তার নিদর্শন। (এইখানে তিনি ছেঁড়া জামাটা হাউসের সকলকে দেখাইলেন।) তারপরে গাড়ির উপর মার দেয় দমাদম করে, গাড়ির মধ্যে থুতু দেওয়া হয় এবং অকথ্য ভাষায় গালি দেওয়া হয়। স্যার, আপনার কাছে আমার বক্তব্য এই যে, অ্যাসেম্বলি কম্পাউন্ডের মধ্যে যদি আপনার দায়িত্ব থাকে, যদি গেটের মধ্যে আপনার দায়িত্ব থাকে তাহলে আমরা গেট থেকে যদি বেরুতে না পারি, যদি এইরকমভাবে আমাদের লাঞ্ছিত হতে হয় তাহলে আমাদের প্রিভিলেজ কোথায় থাকে এটাই হচ্ছে আমার প্রশ্ন।

(তুমুল হট্টগোল)

**ডঃ প্রতাপচন্দ্র চন্দ্রঃ** স্যার, আপনি একটু আগে কোশ্চেনের কথা বলছিলেন, কিন্তু আমার মৌলিক প্রশ্ন হচ্ছে, আমরা কি সভ্য সমাজে বাস করছি? ওখানে মুখ্যমন্ত্রী মহাশয় বসে রয়েছেন, উপমুখ্যমন্ত্রী মহাশয় বসে আছেন, তাঁদের কয়েক গজ দূরে শুধু অ্যাসেম্বলির সভ্যরা লাঞ্ছিত হচ্ছেন তা নয়, শিক্ষক-শিক্ষিকারা লাঞ্ছিত হচ্ছেন, তাঁদের বস্ত্র অপহরণ করা হচ্ছে, তাঁদের জিনিসপত্র কেড়ে নেওয়া হচ্ছে। আর উপ-মুখ্যমন্ত্রী মহাশয় সেখানে বক্তৃতা দিচ্ছেন, তাঁদের গণতান্ত্রিক অধিকারের কথা বলছেন। আমি জিজ্ঞাসা করি, প্রাথমিক শিক্ষক-শিক্ষিকাদের ক্ষেত্রে গণতান্ত্রিক অধিকার বলে কি কিছু নেই? আমরা এখানে শুনেছি সুপার ক্যাবিনেটের কথা কিন্তু পশ্চিমবঙ্গে পুলিসের উপরেও একটা সুপার পুলিস বাহিনী সৃষ্টি হয়েছে সেটা হচ্ছে লাল গুণ্ডাবাহিনী, তাঁরা সেই লাল গুণ্ডাবাহিনী দিয়ে শিক্ষক-শিক্ষিকাদের আক্রমণ করেছেন, তাঁদের জিনিসপত্র ছিনিয়ে নিয়েছেন, এমন কি মেয়েরা পর্যন্ত বাদ যায় নি। তারা শিক্ষক-শিক্ষিকাদের এইভাবে বলেছে যে, জ্যোতি বসু জিন্দাবাদ যদি না বল তাহলে তোমাদের খুন করে দেওয়া হবে। এইভাবে তাঁদের উপর অত্যাচার করা হয়েছে। আমি শিক্ষক কল্যাণ সমিতির সভাপতি আছি, আমরা শিক্ষামন্ত্রীর কাছে একটি দরখাস্ত পাঠিয়েছিলাম আমাদের বক্তব্য পেশ করার জন্য কিন্তু তিনি আমাদের কোন প্রতিনিধির সঙ্গে দেখা করেন নি, তিনি ...দের সভাপতি আছি, আমরা শিক্ষামন্ত্রীর কাছে একটি দরখাস্ত পাঠিয়েছিলাম আমাদের ...ল হরেনবাবুও একজন সভাপতি, তাঁর দলও এসেছিল, সমস্ত শিক্ষক-শিক্ষিকাদের উপর ...ভাবে হামলা করা হয়েছে। তাঁরা জানতে চান কেন ঐ উপ-মুখ্যমন্ত্রী মহাশয় তাঁদের সঙ্গে প্রতারণা করেছেন। তাঁদের বলা হয়েছে যে, তাঁদের ৪৩ টাকা মাগগী ভাতা দেওয়া হবে, ২৫ টাকা মাগগী ভাতা আছে এবং আরও ১৮ টাকা বাড়াবার চেষ্টা হচ্ছে। কিন্তু এটা সর্বৈব প্রতারণা পূর্ণ। তাঁদের ৪৩ টাকা হচ্ছে না, তাঁরা মাত্র ১০ টাকা মাগগী ভাতা পাচ্ছেন। ... ...পন থাকবে না, কারণ তাঁদেরই মুখপত্র 'দেশহিতৈষী' ২৩এ জুন তারিখে পরিষ্কার করে ...ে বলেছে। কিন্তু এমনই আমাদের দুর্ভাগ্য যে, মন্ত্রিমণ্ডলী ....

(তুমুল হট্টগোল)

...র, আমি আপনার কাছে এই কথা বলতে চাই, এখানে মুখ্যমন্ত্রী বসে আছেন, তার কয়েক ... দূরে যদি এই পুলিস বাহিনী থাকা সত্ত্বেও শিক্ষক-শিক্ষিকাদের উপর এইভাবে হামলা ...তে থাকে তাহলে আমরা কোন্ সভ্যসমাজে বাস করছি সেই জিনিস জানতে চাই। এইভাবে ... ভীতি প্রদর্শন চলতে থাকে গুণ্ডাদের দ্বারা তাহলে যেসমস্ত নাগরিক রয়েছেন এখানে ...দের উপর দায়িত্ব আছে তাঁরা কি করে তাঁদের সেই গণতান্ত্রিক অধিকার প্রকাশ করতে পারবে?

তাঁরা কোন দলগত শিক্ষক সমিতির নয়। তাঁরা কংগ্রেসের আমলেও ছিলেন এবং আমি তখনও তাদের পাশে গিয়ে দাঁড়িয়েছিলাম। শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছ থেকে দাবি আদায়ের জন্য যে অনশন হয়েছিল তখন আমি সেখানে উপস্থিত ছিলাম। আমি আশা করব যে, হরেনবাবু তিনি দলীয় চাপের উর্ধ্বে উঠে এর প্রতিবাদ করবেন, তাঁর সমিতির উপরেও হামলা হয়েছে। ওখানে বসে আছেন মুখ্যমন্ত্রী মহাশয়, আমি তাঁর কাছে জানাতে চাই যে, আমাদের বৃন্দাবন চ্যাটার্জি মহাশয়কে কালকে আঘাত করা হল, আজ খবরের কাগজে দেখেছি তিনি নাকি বলেছেন যে, কেন তিনি উত্তেজনার মধ্যে গিয়েছিলেন। এই কথা তাঁর মুখে শোভা পায় না। তাঁর তো পুলিস বাহিনী রয়েছে কিন্তু তিনি সেই পুলিস বাহিনীকে কার্যকরী করতে পারছেন না। অথচ আমরা জানি যখন প্রয়োজন থাকে না তখন আড়াই মাসের মধ্যে দশ জায়গায় গুলী চালিয়েছেন। আজকে গণতান্ত্রিক অধিকার রক্ষা করার প্রশ্ন দেখা দিয়েছে এবং সেই কথা সভার কাছে নিবেদন করতে চাই।

**মিঃ স্পীকারঃ** আন্ডার হোয়াট রুল আমি এটা করব ?

(তুমুল হট্টগোল)

**ডঃ প্রতাপচন্দ্র চন্দ্রঃ** পুলিস বাহিনী থাকা সত্ত্বেও এইভাবে অত্যাচার চলবে? এখানে তো কোন রুলই নেই, একেবারে মিসরুলের রাজত্ব চলছে।

**শ্রীহংসধ্বজ ধাড়াঃ** স্যার, আপনি আইনের কথা বলছিলেন যে, কোন্ রুলে আপনি চালাবেন......

**Mr. Speaker:** First, you have got to take your seat. You have got to obey the Chair.

**শ্রীহংসধ্বজ ধাড়াঃ** আমার কথা আপনাকে শুনতে হবে।

**Mr. Speaker:** You have got to take your seat.

(তুমুল হট্টগোল)

**ডাঃ গোপিকারঞ্জন মিত্রঃ** জ্যোতিবাবু এই কাজ করার জন্য তাদের অভিনন্দন জানিয়েছেন। সেখানে নিজে গিয়ে বলেছেন যে, আপনারা যে কাজ করছেন খুব ভাল কাজ করছেন। এই কথা বলার পর এই বিধানসভার কাজ চলতে পারেনা।

(Noise)

**Mr. Speaker:** I will allow every one of you to speak.

আপনারা বসুন, কে বলবেন আমাকে বলুন।

(Noise and interruptions)

[1-20—1-30 p.m.]

**শ্রীপঞ্চানন সিংহ রায়ঃ** জ্যোতি বসু গুন্ডার সর্দার, তাঁরও তো আত্মীয়স্বজন আছে মেয়েছেলে আছে।

(Noises)

তাঁর লোকেরা মাও সে-তুং জিন্দাবাদ বলেছে মা-বোনের ইজ্জৎ নষ্ট করেছে, তারা বলেছে —জ্যোতি বসু জিন্দাবাদ।

**মিঃ স্পীকারঃ** খগেনবাবু আপনারা চেঁচালে কি কাজ হবে?

May I appeal to the leader of the Opposition. If you do not give dignity to the chair, if you do not like me to speak, how can I help you? I will allow every one of you to speak but the House must be made orderly. You must follow the rules. If you do not

(Noise and interruptions)

**শ্রীরবীন মুখোপাধ্যায়ঃ** স্পীকার, স্যার, আপনি গতকালের ঘটনা সম্পর্কে সম্যক অবহিত আছেন। আমি গতকালের ঘটনা সম্পর্কে নিজে......

(Noise and interruptions from the opposition benches)

**Mr. Speaker:** May I appeal to the Leader of the Opposition.

হাউস যদি না চলে তাহলে কি হবে? আপনারা কি ঠিক করেছেন যে, কিছুতেই হাউস চালাতে দেবেন না? আপনারা একে একে বলুন, আমি সকলকেই বলতে দেব।

(তুমুল হট্টগোল)

**শ্রীরবীন মুখোপাধ্যায়ঃ** স্যার, আপনার হুকুমমত আমি পুনরায় বলবার চেষ্টা করছি (অপোজিশন হইতে তুমুল গণ্ডগোল। আমরা কিছুতেই ও'কে বলতে দেব না।) আমি স্পীকারের অনুমতি নিয়েই বলছি। আপনাদের গণ্ডগোলের জন্য আমি থামব না স্পীকার যখন আমাকে অনুমতি দিয়েছেন তখন আমি বলব। স্যার, আপনি একটু ও'দের দয়া করে থামিয়ে দিন। আজকে ও'রা গণতন্ত্রকে হত্যা করবার জন্য সকলে মিলে এখানে গোলমাল করার চেষ্টা করছেন। গণতন্ত্রকে হত্যা করার জন্য ও'রাই দায়ী। (অপোজিশন হইতে—আপনারাই গণতন্ত্রকে হত্যা করেছেন। আপনার কোন কথা শুনতে রাজি নই আপনি বসুন।) আমি হাউসের মধ্যে একমাত্র স্পীকারের নির্দেশ ছাড়া বসব না। আপনারা অনেক বলেছেন এবার আমার কথা শুনতে হবে। স্পীকার আমাকে বলতে নির্দেশ দিয়েছেন সুতরাং আমি বলব। আপনারা যদি শুনতে না চান তাহলে বাইরে গিয়ে বসতে পারেন এখানে গণ্ডগোল করবার বা গুণ্ডাবাজী করবার জায়গা নয়।

(তুমুল হট্টগোল)

**শ্রীসত্যব্রত ভট্টাচার্যঃ** স্যার, আপনি ও'কে বসতে বলুন। উনি অনেকক্ষণ ধরে বলছেন। আমি প্রথমেই বলতে চাই যে, আমার মাইক কে বন্ধ করল? মাইক বন্ধ করে আমাকে থামাতে পারবেন না! ও'রা যতই গণ্ডগোল করুন আমাকে কেউ থামাতে পারবেন না। আজকে স্যার, আপনি কোন নিরাপত্তার ব্যবস্থা এখানে করতে পারেন নি। আপনিও অজয়বাবুর মত অসহায়। এখানে জ্যোতিবাবুই আপনাদের ২ জনকে জড়িয়ে রেখেছেন। আজকে যত কিছু গণ্ডগোল, গুণ্ডাবাজী সব জ্যোতিবাবুর দলের লোকেরা করছে। আপনি আমাদের সদস্যদের কোন নিরাপত্তার ব্যবস্থা করতে পারছেন না। কালকে যে ঘটনা ঘটে গেছে তা আপনাকে শুনতেই হবে। কালকে আমাদের সদস্যরা কি রকম অপমানিত হয়েছেন তা আপনাকে শুনতেই হবে।

(তুমুল হট্টগোল সরকারী বেঞ্চ থেকে)

বাংলাদেশের কি অবস্থা তা আপনি সহজেই অনুমান করতে পারেন। কাজে কাজেই আপনার এবং মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে আমার বিনীত অভিযোগ যে, কালকে যখন বৃন্দাবনবাবু বেরিয়ে যাচ্ছিলেন গেট দিয়ে তখন কেন তাঁর এই অবস্থা হয়েছে? তিনি কারও অনুগ্রহে এখানে আসেন নি। আমাদের মুখ্যমন্ত্রী বা হরেকৃষ্ণ কোঙার বা জ্যোতি বসু মহাশয় যেমন অধিকাংশের আস্থাভাজন হয়ে এখানে এসেছেন তেমনি তিনি এবং আমরা সকলেই জনগণের অধিকাংশের আস্থাভাজন হয়ে এখানে এসেছি। আজকে যে ক্ষমতার বলে ও'রা এখানে এসেছেন আমরাও সেই ক্ষমতার বলে এখানে এসেছি। এই হাউসের পবিত্রতা রক্ষা করার সর্বশক্তি আপনার আছে, আপনি কি বলতে পারেন যে কি কারণে আপনি এর প্রতিবিধান করতে পারেন নি, কি কারণে মুখ্যমন্ত্রী এর একটা ব্যবস্থা করেন নি? কাজেই আমরা এর তীব্র প্রতিবাদ করছি এবং এ সম্বন্ধে আপনি নিজে চিন্তা করে দেখুন এবং এর একটা উত্তর দিন।

[1-30—1-40 p.m.]

**শ্রীআহম্মদ হোসেন মণ্ডলঃ** স্যার একটু আগে আমি যখন ১-২০ মিনিটের সময় গাড়িতে করে আসছিলাম—আপনি এনকোয়ারি করুন, আমার গাড়ির নম্বর ডবলু, বি, এইচ ২৯৬৫, তখন কতকগুলি লাল ঝাণ্ডা নিয়ে গুণ্ডা প্রকৃতির লোক কাস্তে-হাতুড়ি মার্কা—আমার কাছে

আসেন, পুলিস সেখানে নিষ্ক্রিয় আছে, আমার গাড়ি আটক করে তাঁরা বললেন আপনি কোন্ দলের লোক, আপনি এম, এল, এ কিনা? আমি বললাম, আমি জাতীয় কংগ্রেসের এম, এল, এ।

(তুমুল হট্টগোল)

স্যার, গতকালের জের আজও চলেছে। যখন আমি বললাম ভেতরে যাব, তখন তাঁদের মধ্যে দুই দলে ভাগ হল। ভাগ হয়ে একদল বলছে যে জ্যোতি বসু মহাশয় আমাদের বলে দিয়েছেন যে, যাঁরা দল ভেঙেগ কংগ্রেসে গেছেন তাঁদের বিরুদ্ধে আমাদের কোন বিক্ষোভ নেই, যাঁরা টাকা দিয়ে আমাদের দল থেকে লোক ভাঙগাচ্ছেন সেই সমস্ত কংগ্রেসী এম, এল, এ-দের বিরুদ্ধেই আমাদের বিক্ষোভ। ইন সো মেনি ওয়ার্ডস তাঁরা বলছেন যে, জ্যোতি বাবু এই কথা বলে দিয়েছেন। কালকে জ্যোতি বসু মহাশয় যখন গেটে বক্তৃতা করছিলেন তখন আমি সেখানে ছিলাম। আমি নিজে তাঁর বক্তৃতা শুনেছি। সেখানে দাঁড়িয়ে কালকে তিনি উস্কানি দিয়েছেন এবং তারই প্রতিধ্বনি আজকে হচ্ছে।

**মিঃ স্পীকারঃ** আমি আপনাদের কাছে অনুরোধ করছি যে, এই হাউসের যেরকম রুল আছে আপনারা সেইরকমভাবে চলুন।

**শ্রীআহম্মদ হোসেন মণ্ডলঃ** স্যার, আপনি সরজমিনে এখনই একটা তদন্ত করুন। গতকাল যা হয়েছে তার জের আজও চলেছে। তা সত্ত্বেও আমরা এখানে আসব এবং আপনি বলতে না দিলেও আমাদের প্রিভিলেজের কথা আমরা বলব।

**শ্রীবিজয় সিং নাহারঃ** আজকে এইমাত্র শুনলেন যে, আজও আমাদের সদস্যরা গেটে লাঞ্ছিত হয়েছেন এবং গেটে তাদের আটকানো হয়েছে। কাল মুখ্যমন্ত্রী ব্যবস্থা গ্রহণের কথা বলেছিলেন--তা পারেন নি--তিনি পারবেনও না কমিউনিস্ট গুণ্ডাদের জন্য। আপনি কি করতে চান? আগে ওঁদের বলুন, গুণ্ডামি যদি বন্ধ না হয় তাহলে হাউসে কাজ চলতে দেওয়া হবে না।

(Noise)

**Mr. Speaker:** Please allow him to make his submission and then I want to meet the ponits concerning me

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** আজকে বিলের ভোটিং হবে। আমাদের কয়েকজন মেম্বার বাইরে আটক আছে তাদের আসতে দেওয়া হচ্ছে না। এভাবে হাউস চলতে দেওয়া হবে না।

**মিঃ স্পীকারঃ** কোথায়।

(নয়েজ)

**শ্রীপুরবী মুখোপাধ্যায়ঃ** দীর্ঘ ৪০ মিনিট এই হাউসে যে জিনিস চলছে তাতে আমি আপনার কাছে অনুরোধ করব এবং আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে বলব আমাদের আজকে যে অবস্থা হয়েছে।

(নয়েজ)

**Mr. Speaker:** Please keep quiet.

**শ্রীপুরবী মুখোপাধ্যায়ঃ** আজকে এখানে আপনার মাধ্যমে এই কথা মুখ্যমন্ত্রীকে বলতে চাই যে, হাউসের অমূল্য সময় নষ্ট করবার কোন ইচ্ছা আমাদের নেই।

(Noise)

**Mr. Speaker:** Please allow her to speak, and then I will reserve my comments thereon to be made in due time.

[1-40—1-50 p.m.]

**শ্রীপূরবী মুখোপাধ্যায়ঃ** আজকে যে অবস্থা হয়ে উঠেছে তাতে হাউসের যিনি নেতা তাঁর কাছে আবেদন করব যে, যে কারণে আজকে হাউসে এবং তার চারপাশে এ পরিস্থিতির উদ্ভব হয়েছে সে সে কারণ অনুগ্রহ করে দূর করুন। এক নং কারণ হচ্ছে এবারকার বিধানসভার অধিবেশন বসবার পূর্বে যে পাঁচজন সদস্য যুক্তফ্রন্ট পক্ষাবলম্বী ছিলেন তাঁরা স্বেচ্ছায় সাগ্রহে কংগ্রেসে যোগদান করেছেন।

(নয়েজ)

যে পাঁচজন সদস্য কংগ্রেসে যোগদান করেছেন সে পাঁচজন সদস্যদের সম্পর্কে কলকাতার ময়দানে ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে স্বয়ং মুখ্যমন্ত্রীর সভাপতিত্বে যে সভা অনুষ্ঠিত হয়েছিল সে সভায় প্রত্যক্ষভাবে দায়িত্বশীল মন্ত্রীরা হিংসার প্ররোচনা দিয়েছেন। (সেম্ সেম্) যেন তাদের অপমান করা হয়, পিঠের চামড়া তুলে নেওয়া হয়। আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী মহাশয়কে আবেদন করব আমাদের প্রথম দাবি হচ্ছে মাননীয় মুখ্যমন্ত্রী সভাস্থলে উঠে দাঁড়িয়ে তার জন্য দুঃখ প্রকাশ করুন।

(নয়েজ)

আমার দ্বিতীয় প্রস্তাব হচ্ছে, আপনার সামনে এ কথা রাখা যে, এখানে ইতিপূর্বে যারা...

(নয়েজ)

এই সভায় যাঁরা প্রত্যক্ষভাবে ডাক দিয়ে লোক নিয়ে এসেছিলেন এবং সারাদিন ধরে এই কংগ্রেসী সদস্যদের ধরার জন্য যা হয়েছিল তার সম্পর্কে উপ-মুখ্যমন্ত্রী স্বয়ং বিধানসভা প্রাঙ্গণে দাঁড়িয়ে প্রত্যক্ষভাবে তিনি যে প্ররোচনা দিয়েছিলেন তার জন্য তিনি দুঃখ প্রকাশ করুন। আমার তৃতীয় এবং প্রধান দাবি হচ্ছে হরেন মজুমদার মহাশয়, যিনি এই হাউসের সদস্য, যাঁর নেতৃত্বে শিক্ষকরা এখানে শোভাযাত্রা করে এসেছিল যে অভিযান এসেছিল সে অভিযানে যারা প্রত্যক্ষভাবে গুণ্ডামি করেছিল তাদের সম্পর্কে শিক্ষামন্ত্রী মহাশয় দুঃখ প্রকাশ করুন। এই প্রসঙ্গে বলব ও'রা আমাদের ফাঁদে পা দিয়েছেন। এই হাউসের সময় ও'রা নষ্ট করুন আমাদের কিছু বলবার নেই। কিন্তু যতক্ষণ পর্যন্ত ৪টা বিষয় কোন মীমাংসা না হচ্ছে ততক্ষণ পর্যন্ত এই হাউস চলার জন্য আপনি আমাদের উপর দায়িত্ব দেবেন না। বিরোধীপক্ষ থেকে সহযোগিতা করতে আমরা প্রস্তুত আছি। কিন্তু ইতিপূর্বে যা হয়েছে তার জন্য দুঃখ প্রকাশ না করলে এই হাউস চলবে না এবং আপনিও চালাতে পারবেন না।

**মিঃ স্পীকারঃ** আপনারা যা বললেন আমি সব শুনেছি। আসলে আমাকে নিয়ে যেসব কথা হাউস সংক্রান্ত ব্যাপারে হয়েছে সে সম্বন্ধে আমি আমার বক্তব্য আপনাদের কাছে রাখছি। কালকের এই দুর্ঘটনায় যাঁরা আসতে পারেন নি অর্থাৎ যেসব ঘটনা হয়েছে তার জন্য আমি পারসোনালি অত্যন্ত দুঃখিত।

(তুমুল গোলমাল)

আপনারা যদি চুপ না করেন তাহলে আমি কি করে বলি, আমার বক্তব্য আমাকে বলতে দেবেন তো? কোন্ গণতন্ত্রে এইরকম আছে যে, যেখানে স্পীকার দাঁড়ালে সেখানে ১৪ জন লোক দাঁড়িয়ে কথা কয়?

(তুমুল গোলমাল)

প্লিজ হিয়ার মি। আপনারা সকলেই রেসপন্সিবল ইলেক্টেড রিপ্রেজেন্টেটিভস অফ দি পিপল জাস্ট অ্যাজ আই অ্যাম। আজকে যে আইন এখানে আমাকে পরিচালনা করতে হয় সে আইন আপনাদেরই তৈরি। আপনারা যদি এই কাজে তার প্রতিকার চান—তবে আমি কি স্টেপ নিয়েছি যা নিয়েছি তা শুনুন, তা নাহলে খুব দুঃখের কথা হয়।

(তুমুল হট্টগোল)

আপনারা যেসব কথা বলেছেন আমি কালকে এখানে ছিলাম—আমি সাধ্যমত চেষ্টা করেছি হাউসের ভিতরে যাতে কোনরকম গোলমাল না হয়। হাউসের রাস্তা ক্লিয়ার রাখবার জন্য আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে বলেছি তিনি যথাযথ ব্যবস্থা করছেন ও করবেন। তিনি কালকে রাত্রে যেখানে ছিলেন......

(তুমুল হট্টগোল)

যেখানে গণতন্ত্রে এইরকমভাবে কথা কইতে দেওয়া হয় না সেখানে কি গণতন্ত্র? আপনাদের কালকের এই ঘটনা আমি প্রিভিলেজ কমিটিতে দিয়েছি। আমি নিজে চেষ্টা করছি ও আমি জানি এই হাউসের মর্যাদা, এই হাউসের কাজকর্ম যদি চালাতে হয় তাহলে সমস্ত মেম্বারসদের নিরাপত্তা ও তাঁদের যাতায়াতের সম্পূর্ণ স্বাধীন অধিকার এখানে দিতে হবে।

(তুমুল গোলমাল)

সেইজন্য যে ঘটনা আজকে হয়েছে বা হচ্ছে আমি কালকে এখানে ছিলাম ও আমি বলেছি যতদূর সম্ভব আপনারা এর ব্যবস্থা করুন। কারণ, হাউসের বাহিরে যা কিছু ঘটছে সেটা স্পীকারের পক্ষে দেখা তো সম্ভব হয় না। কিন্তু এখন সমস্ত গেট খোলা আছে এবং সমস্ত গেট দিয়েই লোক আসছে। আমাদের যিনি কেয়ারটেকার তাঁকে আমি আজকে ডাকিয়েছিলাম, তিনি তাঁর রিপোর্টে বলছেন

All the gates are open. There is no obstruction in any gate whatsoever.

সুতরাং যদি আপনাদের কোন গেটে কোন অবস্ট্রাকশন হয়ে থাকে তাহলে

That has got to be removed and I take the responsibility of removing them by any means within my power.

[1-50—2-15 p.m.]

সুতরাং আপনারা যদি আমার সঙ্গে বা সকলে সকলের সঙ্গে কো-অপারেশন না করেন তাহলে এই পরিস্থিতির পরিবর্তন হতে পারে না। সুতরাং আমি আজকে আপনাদের সহযোগিতা চাই সমস্ত বিষয়ে। আমার কোন দলাদলির এবং পক্ষাপক্ষির বালাই নেই। সুতরাং আপনারা বলুন কি করলে এই নিরাপত্তার ব্যবস্থা বা এই যে অভিযোগ যা এখানে এসেছে যাতে আর না হয় সেই ব্যবস্থা করবার জন্য আমি প্রস্তুত আছি। কিন্তু এর ভেতর রাজনীতির কথা আমি জড়াতে পারব না। আমার হাউসে—এই হাউসের কাছাকাছি যে রাস্তা আছে—এখানে যে রাস্তা দিয়ে আসি, এটা পরিষ্কার রাখবার দায়িত্ব আমার নয়। আমি মুখ্যমন্ত্রীকে বলেছি, তিনি কালকে বলেছেন যে, তিনি তার যথাযথ ব্যবস্থা করছেন। আজকে এই হাউসের সমস্ত গেট খোলা আছে এই আমার রিপোর্ট। এক্ষুনি আমাকে আমার কেয়ারটেকার রিপোর্ট দিয়ে গেছেন। কোন বাধা কোথাও নেই। কালকে যে সংখ্যক সভ্যরা এসেছিলেন আজকেও সেই সংখ্যক সভ্য এসেছেন। তবে যদি কোন বাধা থাকে আপনারা বলুন আমি নিশ্চয়ই দেখে ব্যবস্থা করব। আপনারা দয়া করে এটা বন্ধ করুন। আজকের যা কর্মসূচী আছে সেই অনুযায়ী যেতে গেলে আমাকে এক্ষুনি কাজ আরম্ভ করতে হয়। হাউস যদি বলে যে, আপনি কিছু করবেন না, হাউস বন্ধ করে দিন, তাতে আমার আপত্তি নেই। কিন্তু হাউস বন্ধ করে দিয়ে সাধারণের টাকা নষ্ট করা, করণীয় কর্তব্য না করা, এটা আমি ঠিক ভাল বুঝতে পারছি না। সুতরাং আমি অনুরোধ করব আপনারা যা করতে হয় বলুন আমি তা করব কিন্তু হাউসের কাজ তার জন্য বন্ধ থাকতে দিতে পারব না। হাউস আমাকে চালাতেই হবে। সেইজন্য আপনাদের কাছে অনুরোধ করছি......

(তুমুল হট্টগোল)

**শ্রীরবীন মুখার্জি:** স্পীকার, স্যার, ঐ ভদ্রলোক প্রত্যেকবার আমার বক্তৃতার সময় বাধা দিচ্ছেন। ওঁকে আগে বসতে বলুন।

(তুমুল গোলমাল)

**মিঃ স্পীকার:** আমি আগেই বলেছি আবার বলছি, এটা কনটেম্পট অফ দি হাউস হচ্ছে। I give you this warning, if you proceed like this, I shall have to proceed according to law.

আপনারা সবাই চুপ করুন, উনি অনেকক্ষণ দাঁড়িয়ে আছেন, ওনাকে বলতে দিন।

(তুমুল গোলমাল)

**শ্রীরবীন মুখার্জি:** স্পীকার মহাশয়, আজকে হাউসে যে অবস্থা সৃষ্টি করা হচ্ছে, তা পূর্ব পরিকল্পিত। আজকের ঘটনা কালকের কোন ঘটনা নয় এটা পূর্ব পরিকল্পিত।

(তুমুল গোলমাল)

**Mr. Speaker:** If you continue like this I shall have to adjourn the meeting.

**শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়:** স্যার, আপনি যেকথা বলেছেন, আমি সেই কথার তীব্র প্রতিবাদ করছি। আপনি আমাদের ১৩২ জন সদস্যের বিরুদ্ধে অ্যাকশন নিতে পারেন। তবে আমরা কেউই এই হাউস ছেড়ে যাব না। যদি প্রয়োজন হয় আপনি হাউস আডজোর্ন করতে পারেন

You can take law in your own hands and give us any punishment you think fit.

**মিঃ স্পীকার:** আমি এখন হাউস অ্যাডজোর্ন করছি।

The House stands adjourned for 15 minutes. I would request you all to help me to get rid of the trouble.

(At this stage the House adjourned for 15 minutes)

**[After adjournment]**

[2-15—2-45 p.m.]

**Mr. Speaker:**

আমি যে হাউস অ্যাডজোর্ন করবার সময় বললাম—আমার ঘরে আসুন। আপনারা তো কেউ গেলেন না! আপনারা চলুন, আমি হাউস অ্যাডজোর্ন করছি। আমি অনুরোধ করছি আপনারা দয়া করে আসুন।

**Shri Khagendra Nath Das Cupta:**

আমাদের তো ডাকেন নি।

**মিঃ স্পীকার:** আপনারা দয়া করে চলুন। আমি হাউস আডজোর্ন করছি ফর হাফ অ্যান আওয়ার, আসুন।

(At this stage the House adjourned for 15 minutes)

**[After adjournment]**

[2-45—2-55 p.m.]

**শ্রীমতী আভা মাইতি:** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি যুক্তফ্রন্ট সরকার যখন মন্ত্রিত্ব গ্রহণ করেন, বাংলাদেশের দায়িত্বভার গ্রহণ করেন তখন তাঁরা ময়দানে খুব বড় একটা জনসভা করে ১৮ দফা কর্মসূচি ঘোষণা করেছিলেন। সেই যুক্তফ্রন্ট সরকারের ১৮ দফা কর্মসূচি, সেই কর্মসূচিতে একটা সূচি ছিল যে, পুলিশের ব্যবহার তাঁরা করবেন না। বাংলাদেশের জনসাধারণ অনেকদিন ধরে পুলিসের ব্যবহার দেখে তাঁরা আশ্বস্ত হয়েছিলেন এবং আশ্বস্ত হয়ে এটা আশা করেছিলেন যে, যুক্তফ্রন্ট সরকার পুলিসের ব্যবহার করবেন না। আপনি জানেন... .

**Point of Order**

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** স্যার, অন এ পয়েন্ট অফ অর্ডার......

(Noise and interruptions)

**মিঃ স্পীকারঃ** আপনারা একটু চুপ করুন, উনি একটা পয়েন্ট অফ অর্ডার তুলেছেন। আইনে লেখা আছে—

(ভয়েসেস ঃ শুনব না, শুনব না।)

(গোলমাল)

শুনব না—তা কি করে হয়! আপনারা এসব কি করছেন? বসুন। আপনারা পরে বলবেন, আগে পয়েন্ট অফ অর্ডার শুনতে হবে। বসুন, বসুন।

(Noise and interruptions)

**Shri Krishna Pada Ghosh:** On a point of order, Sir,

আমার পয়েন্ট অফ অর্ডার হচ্ছে যে, মাননীয়া সদস্যা আপনার অনুমতি না নিয়ে এখানে যে-সমস্ত বিষয়ের কথা বলছেন, তা কি আজকের কার্যসূচির মধ্যে পড়ে?......

(Noise and interruptions)

**মিঃ স্পীকারঃ** আপনারা এইভাবে গোলমাল করছেন কেন? আপনারা বসুন। He has raised a point of order, please let me hear him.

**Shri Krishna Pada Bhosh:** On a point of order, Sir,

যুক্তফ্রন্ট সরকারের ১৮ দফা কর্মসূচি আজকে হাউসের আলোচনার বিষয়বস্তু নয়।

(Noise and interruptions)

**মিঃ স্পীকারঃ** আপনারা এইসব করছেন কেন? আপনারা সকলে বসুন।

I would request you all to take your seat.

উনি কি পয়েন্ট অফ অর্ডার রেজ করেছেন, সেটা আমাকে ত আগে শুনতে হবে। ও'কে আগে বলতে দিন। আপনি বসুন। আপনি আইন মেনে চলুন। আইনে আছে, কেউ পয়েন্ট অফ অর্ডার তুললে, তাঁকে বলতে দিতে হবে। আগে আমি ও'র কথাটা শুনি, তারপর আপনি বলবেন।

**Shri Krishna Pada Chosh:**

আমার পয়েন্ট অফ অর্ডার হচ্ছে, আমাদের সামনে আজকে যে কর্মসূচি ঘোষণা করা হয়েছে, তাতে যুক্তফ্রন্ট সরকারের ১৮-দফা কর্মসূচি আলোচনার বিষয়বস্তু নয়। সুতরাং মাননীয়া সদস্যা যে বিষয়ের উপর আলোচনা করছেন সেই বিষয়ে আলোচনা করবার জন্য আপনি অনুমতি দিয়েছেন কিনা?

(Noise and interruptions)

**শ্রীমতী আভা মাইতিঃ** এই প্রাথমিক শিক্ষক সমিতির উপর দুদিক থেকে সাঁড়াশী আক্রমণ ও'রা করেন।

**মিঃ স্পীকারঃ** আপনি এখানে কোন্ আইনে এইসব কথা বলছেন! আপনি বসুন।

**শ্রীমতী আভা মাইতিঃ** যুক্তফ্রন্ট সরকার তাদের উপর সুপার পুলিস ফোর্স দ্বারা আক্রমণ চালাবার জন্য, তাদের পূর্ব থেকে প্রস্তুত করে রেখেছেন।

(Noise and interruptions)

(এ ভয়েসঃ মিঃ স্পীকার, স্যার, উনি কি এই সমস্ত বলবার জন্য আপনার কাছে অনুমতি নিয়েছেন?)

(Noise and interruptions)

**Mr. Speaker:** She has not taken any permission from the chair to speak. She is speaking in her own way. There is no help to it.

আপনি কার উপর বলছেন, আপনি বসুন।

**শ্রীমতী আভা মাইতিঃ** তাঁরা তাঁদের সেই সুপার পুলিস ফোর্স নিয়ে বিভিন্ন রাজনৈতিক দলের লোককে আক্রমণ করেন। তাঁরা তাঁদের পতাকা ও ফেস্টুন নিয়ে এই নিরীহ প্রাথমিক শিক্ষকদের উপর ঝাঁপিয়ে পড়ে এবং তাদের উপর অকথ্য অত্যাচার চালায়।

মাননীয় স্পীকার মহোদয়, প্রাথমিক শিক্ষকরা এগিয়ে এসেছিল শ্লোগান দিতে দিতে যে বামপন্থী শিক্ষামন্ত্রীর ধাপ্পাবাজী চলবে না। জনসাধারণ এর জবাব দাও। শিক্ষকদের পথে বসানো চলবে না, আমাদের দাবি মনতে হবে, নইলে গদি ছাড়তে হবে, ইত্যাদি।

(Noise and interruptions)

সেই সুপার পুলিস ফোর্স যুক্তফ্রন্ট সরকারের বিভিন্ন রাজনৈতিক দলরা সৃষ্টি করেছেন। তারা তাদের উপর অত্যাচার করেন এবং তাঁদের বলেন, 'বন্দে মাতরম্' বললে চলবে না, বলতে হবে যুক্তফ্রন্ট সরকার জিন্দাবাদ। বলতে হবে ইনক্লাব জিন্দাবাদ, বলতে হবে জ্যোতি বসু জিন্দাবাদ, বলতে হবে যুক্তফ্রন্ট জিন্দাবাদ। এই কথা যখন প্রাথমিক শিক্ষকরা বলতে অস্বীকার করেন, তাঁরা বলেন যে, তাঁরা কোন রাজনৈতিক দলভুক্ত নন, তাঁরা এইসব শ্লোগান বলবেন না তখন তাঁদের উপর অসহনীয় অত্যাচার হয়। একজন শিক্ষক যাঁর বয়স প্রায় ৫৫-৫৬ বৎসর, তাঁর নাম আদিত্য মুখার্জী, বাঁকুড়া জেলার লোক

(তুমুল হট্টগোল)

তাঁদের দলভুক্ত গুন্ডাশ্রেণীর লোকদের নিয়ে সুপার পুলিস ফোর্স তৈরি করে শিক্ষকদের উপর অত্যাচার করা হয়েছে।

(তুমুল হট্টগোল)

শ্রীমতী লীলা ঘোষ এবং বীণা ভট্টাচার্য, তাঁদের উপর এমনভাবে অত্যাচার করে যে একজন মহিলা হয়ে এই সভার সামনে......

(তুমুল হট্টগোল)

[2-55—3-35 p.m.]

**মিঃ স্পীকারঃ** আপনার নিজের ইচ্ছা থেকে বলতে পারেন না। প্লীজ টেক ইওর সীট, আপনি কি গায়ের জোরে বলবেন? অলরাইট।

**শ্রীমতী আভা মাইতিঃ** শ্রীহরেন মজুমদার মহাশয় তিনি এই পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি, তিনি তাঁর দলের খাতিরে এখানে নীরব আছেন......

(তুমুল হট্টগোল)

**মিঃ স্পীকারঃ** আপনি এবারে বসুন।

**শ্রীমতী আভা মাইতিঃ** যে অকথ্য অবর্ণনীয় অত্যাচার হয়েছে সমিতির পক্ষ থেকে আমি তার তীব্র নিন্দা করছি। পুলিসের সামনে এই ঘটনা ঘটেছে এবং তারা নিস্ক্রিয় ছিল। আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি এদিকে আকর্ষণ করছি।

(তুমুল হট্টগোল)

**মিঃ স্পীকারঃ** আপনি বসুন।

**শ্রীমতী আভা মাইতিঃ** আমি এই সন্ত্রাসের বিবরণ দিয়ে অধিকতর বিভ্রান্তি সৃষ্টি করতে চাই না, কিন্তু শান্তি-শৃঙ্খলার দায়িত্ব গ্রহণকারী সরকার এবং দেশের শান্তিপ্রিয় জনসাধারণের দৃষ্টি রাজ্যের প্রাথমিক শিক্ষকগণের এই দুর্গতির প্রতি আকর্ষণ করি। প্রাথমিক শিক্ষকদের অপমান জাতীয় অপমান একথা যেন আমরা না ভুলে যাই। মিঃ স্পীকার, স্যার, এই বক্তব্য কংগ্রেসপক্ষের লোকের নয়, এই বক্তব্য হচ্ছে যুক্তফ্রন্টের অন্যতম সরিকদার বাংলা কংগ্রেসের শ্রীহরেন মজুমদার মহাশয়ের।

(তুমুল হট্টগোল)

স্পীকার মহাশয়, আপনি এখানে আমাদের পক্ষের বিধানসভার সদস্যদের প্রতি কোনরকম আক্রমণ হতে পারবে না, তাঁরা স্বচ্ছন্দগতিতে বিধানসভার অধিবেশনে যোগদান করতে পারবেন ও তাঁদের কার্যক্রম করতে পারবেন এই আশ্বাস দিতে পারেন নি, আপনি সেখানে ফেল করেছেন।

(তুমুল গণ্ডগোল)

**Mr. Speaker:** I will not be cowed down by any interruption by any body. Hon'ble Leader of the Opposition, may I appeal to you to ask your members to take their seats. I have asked one of your members, Shrimati Abha Maiti, to take her seat.

**শ্রীবিজয় সিং নাহার:** মিঃ স্পীকার, স্যার, মেম্বারদের নিরাপত্তা সম্বন্ধে যে কথা আপনার এখানে হয়েছিল যেটা ও'রা স্বীকার করছেন না, তার ব্যবস্থা না হওয়ার আগে কোন আইটেম এখানে নেওয়া সম্ভব নয়। আগে ঐ ব্যবস্থা হোক। আমাদের মেম্বারদের যাঁদের যা বলবার আছে সেটা আগে আপনি শুনুন তারপরে তার কোন প্রতিকারের ব্যবস্থা আছে কিনা সেটা আগে দেখুন, তারপরে আমরা বিল ধরব, সব কিছু করব। বিল কিছু দেরি হলে ক্ষতি হবে না, আগে মেম্বারদের নিরাপত্তা দরকার। আপনি এখানে মেম্বারদের যা প্রত্যক্ষ অভিজ্ঞতা আছে, তাঁরা যা বলতে চাইছেন সেটা আগে অনুগ্রহ করে শুনুন, তাঁদের নিরাপত্তার ব্যবস্থা করুন। মেম্বারদের এখানে আসতে অপমানিত হতে হচ্ছে, তার প্রতিকারের ব্যবস্থা আগে করা হোক, তারপর যদি বিল আনেন, কাজ আনেন তাহলে আমরা তা করতে আপত্তি করব না।

(Noise and interruptions)

(At this stage the House was adjourned for half an hour)

[After adjournment]

[3-35—3-45 p.m.]

**Mr. Speaker:** Honourable members, I have to report to you that we have met just now.

আমার ঘরে এখুনি আমরা ডিফারেন্ট পার্টি লীডারস মিট করেছিলাম। আমাদের এই অ্যাসেম্বলি যাতে সুষ্ঠুভাবে চলার সুবিধা হয়, কোন মেম্বার যাতে আশেপাশের রাস্তা দিয়ে আসতে কোনরকম বাধাপ্রাপ্ত না হন সেরকম যথাযথ ব্যবস্থা করবার জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে বলেছি। সেসময় খগেনবাবু, প্রতাপবাবু, বিজয়বাবু সকলেই উপস্থিত ছিলেন। মুখ্যমন্ত্রী নিশ্চয়ই এর ব্যবস্থা করবেন এটা আমি মনে করছি। আজকে আমি সন্ধান করেছিলাম—সমস্ত গেট খোলা ছিল। কোন দুর্ঘটনা আজ ঘটে নি। আমি খোঁজ নেওয়া মাত্রই গেটকীপার আমাকে রিপোর্ট দিয়েছেন সমস্ত গেট খোলা আছে—কোন সদস্য এখানে আসতে বাধা পান নি। আপনাদের কাছে আমার অনুরোধ আজকে যদি আমাদের বিধানসভার কাজ চালাতে হয় সুষ্ঠুভাবে, সকলকার সাহায্য আমি চাই—আশা করি দলনিরপেক্ষভাবে সকলে এই সাহায্য আমাকে করবেন। আইনগত যদি কোন কথা কেউ না শোনেন তাহলে বিধানসভা চলতে পারে না। এর একটু আগে আমার নির্দেশ দেওয়া সত্ত্বেও আমার বারণ করা সত্ত্বেও যদি সকল সদস্য উঠে তাঁদের বক্তব্য একসঙ্গে পেশ করতে চান আমাদের কাজে তাহলে বাধার সৃষ্টি হয়। আজ আমরা অনেক সময় নষ্ট করেছি, আমাদের যেসব স্বাধিকারের প্রশ্ন উঠেছে তার মধ্যে বেশির ভাগই একই প্রশ্ন। আমি প্রিভিলেজ কমিটিতে সেগুলি কালকে পাঠিয়েছি। সেগুলি বিচারাধীন আছে। আমার মনে হয় মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় তিনি সমস্ত কথা শুনেছেন, ও তিনি তার যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন যাতে সমস্ত মেম্বারদের এই হাউসে আসার কোনরকম অসুবিধা না হয়, তার ব্যবস্থা তিনি করবেন। আজকে আমি আবার আপনাদের অনুরোধ করব বিভিন্ন মত যাঁদের যাই থাকুক আমি রাজনীতির কোন দলাদলির মধ্যে নেই, আমাকে এখানে কাজ চালাবার জন্য ক্ষমতা দেওয়া হয়েছে সেই ক্ষমতার বই যতটা বুঝি সেইভাবে কার্য পরিচালনা করি। আমি এও অধ্যক্ষ হিসাবে দেখেছি যে, এখানে কটাক্ষ করা হয়েছে এই চেয়ারের উপর এবং আমার এই চেয়ারের কাছে

চতুর্দিক থেকে সব সদস্যরা অনুগ্রহ করে এলেন, ভীড় করলেন। সুতরাং এইরকমভাবে কোন কাজ চলে না। আমি অনুরোধ করব যে, যে পক্ষেরই হোন আমি কোনপক্ষের উপর দোষারোপ করছি না, আমি এই অনুরোধ করব যে, আমাদের দেশ যখন গণতান্ত্রিক দেশ এবং যদি আমাদের গণতান্ত্রিক মতে চলতে হয় তাহলে আমাকে এই বিধানসভার কাজ চালিয়ে যেতে হবে। আমার কর্তব্যের প্রতি লক্ষ্য রেখে আমি আমার কার্যকলাপের শেষ মুহূর্তে পর্যন্ত এই বিধানসভার কাজ কোনরকম বাধাবিঘ্ন না মেনে আমি চালাব। তাই আমি ফোর্থ রিপোর্ট......

**শ্রীবিজয় সিং নাহার:** স্যার, আপনি যখন......

**মিঃ স্পীকার:** আপনি যদি কিছু বলতে চান এক একজন করে বলুন।

**শ্রীবিজয় সিং নাহার:** স্যার, আপনি আমার নাম করেছিলেন, সেজন্য বলছি। যখন আপনি অনুগ্রহ করে আমাদের ডাকেন তখন আমরা সেখানে উপস্থিত ছিলাম। আপনার প্রতি আমাদের কোন অশ্রদ্ধা নেই, আপনার চেয়ার যাতে এখানে ভালভাবে কাজ করতে পারে সেজন্য আমাদের সকলের কো-অপারেশন আপনি পাবেন, এ সম্বন্ধে আপনি নিশ্চিন্ত থাকুন। কিন্তু এই দুদিন ধরে এখানে হাউসের চারিদিকে যে ব্যবস্থা চলেছে, অরাজকতা চলেছে, গুণ্ডামি চলেছে তার কোন প্রতিকার আপনাকে বার বার বলা সত্ত্বেও হয় নি। আপনি চীফ মিনিস্টারকে বলবেন যে, ব্যবস্থা করুন, তিনি স্বীকার করলেন না, তিনি বললেন আমি আলোচনা করে পরে জানাব কি ব্যবস্থা করব। আমাদের অবস্থা হচ্ছে কালকে প্রিভিলেজ কমিটিতে দেবার পরও সেই কাজ, সেই অব্যবস্থা, সেই গুণ্ডামি, সেই বদমায়েসী চলেছে এবং আজকেও আপনাকে কে কি রিপোর্ট দিয়েছে জানি না, আমাদের মাননীয় সদস্য আমেদ সাহেব তিনি যখন ১-২০ মিঃ আসছিলেন তখন সেখানে তাঁকে ধরা হয়েছে, অপমান করা হয়েছে এবং নানারকমে তাঁকে বিপর্যস্ত করা হয়েছে। এই জিনিস আপনাকে বলা হয়েছে। মাননীয় সদস্য এই হাউসে তা বলেছেন কিন্তু কোন ব্যবস্থা এখনও পর্যন্ত এই নির্লজ্জ মন্ত্রিদল গ্রহণ করেন নি এবং করবেনও না। আপনি যদি হাউস চালাতে চান, তাহলে অবিলম্বে ব্যবস্থা অবলম্বন করুন। আমাদের মধ্যে বিশ্বাস আসুক যে, এই মন্ত্রিদল, এই গভর্নমেন্ট, এই ইউনাইটেড ফ্রন্ট গভর্নমেন্ট যাঁরা বড় বড় কথা বলেন তাঁরা গুণ্ডামিকে প্রশ্রয় না দিয়ে এখনই ব্যবস্থা অবলম্বন করুন যাতে বাংলদেশে শান্তি ফিরে আসে। আমরা চাই বাংলাদেশ শান্তিপূর্ণভাবে এগিয়ে চলুক কিন্তু এঁরা প্রতিটি ক্ষেত্রে চেষ্টা করছেন কি করে অরাজকতা সৃষ্টি হয় এবং যতক্ষণ এইসব অরাজকতা চলবে ততক্ষণ আমরা সুষ্ঠুভাবে কোন কাজে মন দিতে পারব না এবং কাজ করাও সম্ভবপর নয়। কারণ, প্রতি পদে পদে এই বিধানসভার মধ্যে আসতে গেলে যদি অপমানিত হতে হয় এবং আপনার প্রোটেকশন দেবার ইচ্ছা থাকলেও আপনি প্রোটেকশন দিতে পারছেন না ঐ দুর্বৃত্তের দল যাঁরা ওখানে বসে আছেন তাঁরা জেনেশুনে অরাজকতা সৃষ্টি করছেন যতক্ষণ তাঁরা এই গোলমাল করে চলেছেন ততক্ষণ আপনি অনুগ্রহ করে আইন-কানুনের ব্যবস্থা আমাদের দেখাবেন না। আইন-কানুন ব্যবস্থা আপনি ওঁদের বলুন যাঁরা আইন-কানুনকে ভাঙ্গছেন। যাঁরা আজকে আইন-কানুনকে নিয়ে নানারকম অপকর্ম করে যাচ্ছেন, যাঁরা নিজেরা মাঠে মাঠে গিয়ে বক্তৃতা করে লোককে ক্ষেপিয়ে গোলমাল করবার চেষ্টা করছেন, যতক্ষণ এই বিশৃঙ্খল চলছে ততক্ষণ এই হাউসএ বসে সুষ্ঠুভাবে কোন কাজ করা সম্ভবপর নয়। আমরা জানি যে, যে দুটো বিল আছে তা পাঁচ মিনিটের মধ্যেই হয়ে যায় কিন্তু আসল জিনিসটা হচ্ছে ওঁরা যেরকম অরাজকতা সৃষ্টি করছেন তার ব্যবস্থা গ্রহণ যতক্ষণ না হচ্ছে আমরা কোনরকমেই এতে অংশ গ্রহণ করতে পারি না এবং এখানেও আমরা সুষ্ঠুভাবে বসতে পারছি না এবং আমাদের পক্ষেও এখানে বিলের উপর অ্যামেন্ডমেন্ট দেওয়া শক্ত হচ্ছে। আমাদের সদস্যরা এখানে আসতে পারছেন না। যখন আমাদের স্বাধিকার নষ্ট হচ্ছে তখন আপনাকে নিবেদন করব যে আপনি অনুগ্রহ করে হাউস চালাবার চেষ্টা করবেন না।

ওঁদের বলুন, ওঁরা নিজেরা ঠিক করে কি ব্যবস্থা করেছেন বলুন, সেই ব্যবস্থা যদি সুষ্ঠুভাবে হয় তাহলে নিশ্চয় আমরা সহযোগিতা করব। কালকে যখন আমরা দেখলাম যে স্বাধীন নাগরিক হিসাবে, বিধানসভার সদস্য হিসাবে আমরা চলাফেরা করতে পারি তখন রাত্রি ৯টার সময় আমরা এখান থেকে গিয়েছি। কিন্তু আজকে তার আবার পুনরাবৃত্তি হয়েছে। সেইজন্য

আপনার কাছে অনুরোধ করব এই হাউস আর দু-এক ঘণ্টার জন্য চালাবার চেষ্টা না করে, উত্তেজনার সৃষ্টি না করে আজকে বন্ধ করে দিয়ে ও'দের বলুন একটু ব্যবস্থা করতে এবং আমি বলছি আমরা ভালভাবে সেইসব ব্যবস্থায় যোগদান করব ও'দের সঙ্গে।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** মাননীয় স্পীকার মহাশয়, কেবলমাত্র আমরা এখানে যাতে ঠিকমত আসা-যাওয়া করতে পারি তাই নয়, আরও কতকগুলি গুরুতর ব্যাপার আছে। হাইকোর্ট সামনে আছে, কাল আমি খবর পেয়েছি এই গোলমাল যখন চলছিল তখন কতকগুলি কেস অ্যাডজোর্ন করতে হয়েছে এবং একজন জজ উঠে চলে গিয়েছেন। এখানে গুপ্ত তদন্ত কমিশন চলছে। সেখানে সাক্ষী আসবে, ল-ইয়ার আসবে, তাঁদের কাজকর্ম করতে হবে। এইরকমভাবে যদি ল অ্যান্ড অর্ডারের সিচুয়েশন হয় তাহলে শুধু অ্যাসেম্বলির নয়, গুপ্ত তদন্ত কমিশনও চলতে পারে না। তা ছাড়া আমরা গত দশ বছর ধরে দেখছি অনেক ছোট ছোট স্কুলের ছেলেমেয়েরা এখানে দেখতে আসে কিভাবে বিধানসভার কার্য পরিচালনা করা হয়। এখন এইরকম যদি অবস্থা হয় তাহলে কোন বাপ-মা কোন ছেলেপিলেকে পাঠাবেন না বিধানসভার কার্য দেখতে। আর একটা কথা আছে আমরা কার্ড ইস্যু করেছি, আমাদের সভ্যদের ভেতরে যাঁরা কালকে কার্ড ইস্যু করেছিলেন যাঁদের ইস্যু করেছিলেন তাঁদের মধ্যে অনেকে কার্ড নিয় ঢুকতে পারেন নি, ঢুকতে দেবেন না। গেট একবার খুললে হুড় হুড় করে লোক ঢুকে পড়বে। আপনি আপনার গেটকীপারদের জিজ্ঞাসা করুন, তাঁরা চেক করতে পারেন নি। যাঁদের সত্য সত্য কার্ড আছে তাঁরা কার্ড দেখিয়ে ঢুকতে পারছেন না। কাজেই এমন একটা ব্যবস্থা করা দরকার যাতে সভ্যজগতে সভ্য মানুষ সভ্যভাবে যেরকম গণতন্ত্র চালান ঠিক সেইরকমভাবে যাতে আমরা আমাদের দেশকে চালনা করতে পারি। এই আশ্বাস যদি মুখ্যমন্ত্রী আমাদের না দেন তাহলে এই হাউস চলতে পারে না। তাঁর কাছে আমরা এই আশ্বাস চাই যে, আমরা এই এই অর্ডার দিয়েছি, এই এই কার্য করেছি। সেগুলি না দিলে অ্যাসেম্বলির সামনে গণ্ডগোল, আমাদের সামনে, সেখানে গেলমাল, গভর্নর হাউসের সামনে গোলমাল—আজকে আমরা কোথায় আমাদের সামনে, সেখানে গোলমাল, গভর্নর হাউসের সামনে গোলমাল—আজকে আমরা কোথায় আছি, এটাই আমার বড় প্রশ্ন।

(তুমুল হট্টগোল)

[3-45—3-56 p.m.]

## Fourth Report of the Business Advisory Committee

**Mr. Speaker.** I beg to present the Fourth Report of the Business Advisory Committee which at its meeting held on the 25th June, 1967, in my chamber considered the question of allocation of dates and time for disposal of Voting on Demands for Grants for the financial year 1967-68 and recommended a Time Table in respect thereof. A copy of the Time Table as recommended by the Committee is laid on the Table.

**Shri Kamal Kanti Cuha:** Sir, I beg to move that the Fourth Report of the Business Advisory Committee presented this day be agreed to by the House.

The motion was then agreed to.

## Adjournment Motions

**Mr. Speaker:** I have received six notices of adjournment motions on the following subjects, namely:—

(1) Brutal murder of Shri B. P. Jha, Trade Union Leader, in Asansol—from Dr. Ranjit Ghosh Chowdhury.

(2) Murder of Shri B. P. Jha, ex-M.L.A.—from Shri Tinkori Mondal.

(3) Policy of United Front Government as regards law and order in Naxalbari—from Shrimati Abha Maiti.

(4) Policy of United Front Government rendering police inactive—from Shri Sushil Kumar Paul.

(5) Starvation deaths in Purulia, Bankura, Malda and other districts—from Shri Hansadhwaj Dhara.

(6) Sudden attack on primary teachers yesterday in front of the Assembly gate—from Shri Panchanan Singha Roy and Shri Prabhakar Mandal.

I have withheld consent to all the notices.

### Calling Attention to Matters of Urgent Public Importance

**Mr. Speaker:** I have received four notices of Calling Attention on the following subjects, namely:—

(1) Drought in West Bengal—from Shri Mohammed Abdul Bari.

(2) Assault on the primary teachers by some miscreants at the Assembly gate yesterday—from Shri Harendra Nath Mazumder.

(3) Assault on Trade Union leader Shri Krishna Chandra Sadhu as reported in newspaper—from Shri Pramatha Nath Dhibar.

(4) Activities of the extremists in Naxalbari as reported in newspaper—from Shri Maharaja Bose.

**Mr. Speaker:** I have selected the notice of Shri Md. Abdul Bari regarding drought in West Bengal.

**Shri Jyoti Basu:** The reply will be given on Tuesday.

## GOVERNMENT BILLS

### The Calcutta University (Amendment) Bill, 1967

**Shri Jyoti Bhusan Bhattacharya:** Sir, I beg to introduce the Calcutta University (Amendment) Bill, 1967.

(Secretary then read the title of the Bill.)

**Shri Jyoti Bhusan Bhattacharya:** Sir, I beg to move that the Calcutta University (Amendment) Bill, 1967, be taken into consideration.

This is a simple amendment to the Calcutta University Act, 1966, to extend the operation of the transitory provision of section 58(3) of the Act which reads as follows:—

"The first Vice-Chancellor shall within six months from the date of his appointment or within such longer period, not exceeding one year from the date of his appointment, as the State Government may, by notification, direct, cause arrangements to be made for constituting the Senate, the Syndicate, the Academic Council, the Faculties, the Councils for Post-Graduate and Under-Graduate Studies and the Boards of Studies in accordance with the provisions of the first Statutes, the first Ordinances and the first Regulations as framed under sub-section (2), as if they had already came into force".

The first Vice-Chancellor, appointed under the Act of 1966, assumed office on the 23rd April, 1966. He was required, under the section 58(2) of the Act, to cause the first Statutes, the first Ordinances and the first Ragulations to be framed with the approval of the Chancellor and with the assistance of a Committee consisting of not less than six members nominated by the Chancellor.

By a notification dated the 6th May, 1966, the Chancellor nominated twelve persons to constitute the Committee for assisting the first Vice-Chancellor in framing the First Statutes, the First Ordinances and the First Regulations of the University under hte provisions of the Act of 1966.

The framing of the First Statutes, the First Ordinances and the first Regulations has, however, taken time. It was, therefore, not possible for the first Vice-Chancellor under the Act of 1966 to cause arrangements to be made for constituting the Senate, the Syndicate, the Academic Council and the other authorities of the University in accordance with the provisions of the first Statutes, the first Ordinances and the first Regulations within a period of six months from the date of the appointment of the first Vice-Chancellor. This period had to be extended by a notification of the State Government. But the maximum period of such extension, permissible under section 58(3) of the Act of 1966, was one year from the date of the appointment of the first Vice-Chancellor, i.e., up to the 22nd April, 1967. It was not, however, possible to finalise the first Statutes, the first Ordinances and the first Regulations by that date.

It became necessary at this stage to amend the Calcutta University Act, 1966, in order to empower the State Government to extend the maximum time limit prescribed in section 58(3) of the Act. As both the Houses of the State Legislature had by then been prorogued, the Governor of West Bengal was pleased to promulgate on the 16th April, 1967, the Calcutta University (Amendment) Ordinance, 1967 (West Bengal Ordinance No. 1 of 1967). By this Ordinance, for the words "not exceeding one year" in sub-section (3) of section 58 of the Calcutta University Act, 1966, the words "not exceeding eighteen months" were substituted.

(At this stage the mike was removed from the table of Mr. Speaker )

This Ordinance was laid before the Assembly yesterday. The purpose of the present Bill is to replace the Ordinance by an Act of the Legislature.

I would now ask your permission, Sir, to request the House to consider this Bill.

The motion was then put and agreed to.

**Mr. Speaker:** There is no amendment.

Clauses 1, 2, 3 and Preamble

The question that clauses 1, 2, 3 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Jyoti Bhusan Bhattacharyya:** Sir, I beg to move that the Calcutta University (Amendment) Bill, 1967, as settled in the Assembly, be passed.

**মিঃ স্পীকার:** আপনাদের আভা মাইতিকে বলুন অ্যাপলজি চাইতে। আপনারা মাইক সরিয়ে নিয়েছেন। এই কি গণতন্ত্র?

(তুমুল গোলমাল)

The motion of Shri Jyoti Bhusan Bhattacharyya that the Calcutta University (Amendmesnt) Bill, 1967, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

## The Calcutta Tramways (Amendment) Bill, 1967

**Shri Jvoti Basu:** I beg to introduce the Calcutta Tramways (Amendment) Bill, 1967.

(Secretary read the title of the Bill.)

**Shri Jyoti Basu:** I beg to move that the Calcutta Tramways (Amendment) Bill, 1967, be taken into consideration.

A letter was received by the Transport Commissioner's Department at bout 4 p.m. on the 21st March, 1967, from the Calcutta Tramways Co. td. informing Government about its decision to revise its fare schedule the following manner with effect from the 24th March, 1967:

1st Class fares—15 p. for any single journey in one direction in lieu of fares of 10p, 15p and 20p.

2nd Class fares—10p for any single journey in one direction in lieu of fares of 8p and 10p.

This letter was not delivered to any officer of the State Government. he 22nd March, 1967, was a holiday and therefore, the letter could be onsidered by Government only on the 23rd March. As no previous notice ad been given by the Company of its intention to revise its fare schedule, e notice received on the 23rd March was inadequate. Most of the tramway ssengers belong to the category in which according to the existing fare hedule they pay fares of 10p in the first class and 8p in the second class. he number of remaining passengers is insignificant. Therefore, for the ge majority of the tramway passengers the decision of the Tramway Co. ould have meant a substantial increase of fare. If the decision had been plemented, then there might have been large scale public disturbances, the past is any guide. Fortunately, upon a petition moved by two embers of this Assembly the Hon'ble High Court was pleased to issue an junction restraining the company from giving effect to its decision.

(At this stage the mike was removed from Mr. Speaker's Table)

The State Government were of the opinion that a situation in which e Tramway Company would revise its fares without consulting the State overnment should not be allowed to exist, because any revision of fares s repercussions affecting public peace and tranquility. At the same ne Government did not consider it advisable to depend for a suitable medy upon a petition moved by private individuals in the Hon'ble High ourt. They accordingly decided to amend the Calcutta Tramways Act 1880 so as to require the Company to obtain the prior consent of the ate Government before revising its fare schedule. As the Legislature s then not in session, the State Government had no other alternative but make this amendment by an Ordinance. Accordingly, the Calcutta amways (Amendment) Ordinance, 1967, was promulgated by the overnor on the 11th May, 1967.

The motion of Shri Jyoti Basu that the Calcutta Tramways (Amendent) Bill, 1967, be taken into consideration, was then put and agreed to.

**Mr. Speaker:** There is no amendment.

Clauses 1, 2 and 3

The question that clauses 1, 2 and 3 do stand part of the Bill was then t and agreed to.

*Preamble*

The question that Preamble do stand part of the Bill was then put d agreed to.

**Shri Jyoti Basu:** I beg to move that the Calcutta Tramways (Amendment) Bill, 1967, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

## The Calcutta National Medical College and Hospital Bill, 1967

**Shri Nani Bhattacharya:** Sir, I beg to introduce the Calcutta National Medical College and Hospital Bill, 1967.

(Secretary then read the title of the Bill)

**Shri Nani Bhattacharya:** Sir, I beg to move that the Calcutta National Medical College and Hospital Bill, 1967, be taken into consideration.

The motion was then put and agreed to.

Clauses 1 to 7 and Preamble

The question that clauses 1 to 7 and the Preamble to stand part of the Bill was then put and agreed to.

**Shri Nani Bhattacharya:** Sir, I beg to move that the Calcutta National Medical College and Hospital Bill, 1967, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 3-56 p.m. till 1 p.m. on Wednesday the 28th June, 1967, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Legislative Building, Calcutta, on Wednesday, the 28th June, 1967, at 1 p.m.

### Present

Mr. Speaker (Shri BIJOY KUMAR BANERJEE) in the Chair, 14 Ministers, and 245 Members.

### STARRED QUESTIONS

### (to which oral answers were given)

[1—1-10 p.m.]

### Distribution of Government Flats

***6.** (Admitted question No. *8.)

**ডাঃ নারায়ণচন্দ্র রায়ঃ** গৃহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, সরকার ফ্লাট বণ্টনের ব্যাপারে পূর্বতন সরকার যে তালিকা ঠিক করেছিলেন বর্তমানে কি সেই তালিকা অনুসারে ফ্লাটগুলি ভাড়া দেওয়া হবে?

**Shri Hemanta Kumar Basu:**

নূতন মন্ত্রীসভা যখন কার্যভার গ্রহণ করেন, তখন কেবলমাত্র সাবসিডাইসড ইন্ডাস্ট্রিয়াল হাউসিং স্কীম-এ নির্মিত বাড়িগুলির জন্য প্রার্থীদের তালিকা ছিল। সেই তালিকা হইতে কোন প্রার্থীকে ঘর দেওয়া হয় নাই। যে কমিটি কর্তৃক এই তালিকা প্রস্তুত হইয়াছিল, তাহা সম্প্রতি পুনর্গঠিত হইয়াছে। এই পুনর্গঠিত কমিটির সুপারিশ অনুযায়ী খালি বাড়িগুলি বণ্টন করা হইবে। অন্যান্য স্কীমে নির্মিত বাড়িগুলির জন্য পূর্বতন সরকারের আমলে প্রস্তুত কোনও তালিকা নাই।

**Shri Sambhu Charan Ghosh:**

পূর্বতন মন্ত্রীসভা যে তালিকা প্রস্তুত করেছিলেন, সেই তালিকা করবার সময় প্রতিটি দরখাস্তকারীর কাছ থেকে প্রচুর টাকা নিয়েছিলেন—সে কথা কি মন্ত্রিমহাশয় অবগত আছেন?

**Shri Hemanta Kumar Basu:**

সেকথা আমার জানা নাই।

**Shri Arun Kumar Moitra:**

মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, নূতন করে টাকা লেনদেন করবার জন্যই এই নূতন কমিটি করা হয়েছে এবং নূতন করে দরখাস্ত আহ্বান করা হয়েছে?

**Shri Hemanta Kumar Basu:**

এ বাতুলের প্রলাপ।

**Mr. Speaker:** The question No. 7 relates to Irrigation and Waterways Department. The Minister concerned is away from the city. The question is held over.

### Collection of rents of Government Flats

***8.** (Admitted question No. *9.)

**ডাঃ নারায়ণচন্দ্র রায়ঃ** গৃহনির্মাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

**(ক) সরকার যে সকল ফ্ল্যাট ভাড়া দিয়েছে তার মধ্যে থেকে কি সকল ফ্ল্যাটের ভাড়া নিয়মিত পাওয়া যাচ্ছে;**

(খ) যে সকল ফ্ল্যাট থেকে ভাড়া পাওয়া যাচ্ছে না তাদের সংখ্যা কত; এবং

(গ) আজ পর্যন্ত মোট কত ফ্ল্যাট ভাড়া দেওয়া হয়েছে?

**Shri Hemanta Kumar Basu:**

(ক) না।

(খ) ৩,০৯৪টি।

(গ) ১২,৪০৮টি।

**Shri Sudhir Kumar Das:**

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, যাদের ভাড়া দেওয়া হচ্ছে, সেই ভাড়ার রেট সম্পর্কে কমান বা বৃদ্ধি করার কথা বিবেচনা করছেন কি?

**Shri Hemanta Kumar Basu:**

হ্যাঁ, এ বিষয় আমি বিবেচনা করছি। এ বিষয়ে অনুসন্ধান করবার জন্য একটা কমিটি নিয়োগ করবো ভাবছি। তাঁরা এইসমস্ত ঘরবাড়ি তৈরি সম্বন্ধে, খুঁটিনাটি সমস্ত কিছু অনুসন্ধান করে, তাঁরা যদি রেকমেন্ড করেন ভাড়া কমান উচিত, তাহলে ভাড়া কমান হবে। এই ভাড়া ধরা হয়, বাড়ি তৈরির মালমসলা, মেটিরিয়াল, লেবার ইত্যাদি ধরে এবং সেখানকার ঘরবাড়ি রক্ষণাবেক্ষণ করার জন্য যে কেয়ারটেকারকে রাখা হয়, তারও যে খরচ, সেটাও এই ভাড়ার মধ্যে ধরা হয়। এটা কোন লাভের ব্যবসা নয়। যদি ভাড়া বেশি মনে হয়, তাহলে একটি কমিটির দ্বারা সেখানে অনুসন্ধান করে, তারপর তা বিবেচনা করা হবে।

**Dr. Pratap Chandra Chunder:**

মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি, এই বকেয়া ভাড়া আদায় করবার জন্য কি কোন মামলা দায়ের করা হয়েছে বা অন্যভাবে আদায় করার ব্যবস্থা হয়েছে?

**Shri Hemanta Kumar Basu:**

কিছু কিছু মামলা দায়ের করা হয়।

**Shri Narayan Chandra Choudhury:**

কত টাকা বাকি পড়ে আছে?

**Shri Hemanta Kumar Basu:**

নোটিশ দিলে বলতে পারবো।

**Dr. Ranjit Ghosh Chowdhury:**

এইসব ফ্ল্যাটেতে কোন জবরদখলকারী আছে কিনা?

**Shri Hemanta Kumar Basu:**

কিছু লোক বাড়ি ভাড়া নিয়ে, যার নামে বাড়ি ভাড়া ছিল, তিনি অন্য লোককে সেই বাড়িতে রেখে দিয়েছেন, এরকম কতকগুলি কেস আছে।

**Dr. Ranjit Ghosh Chowdhury:**

মাননীয় মন্ত্রিমহাশয় কি অবগত আছেন যে, বর্তমানে বামপন্থী কমিউনিস্টরা এই গণকমিটির নাম করে সেখানে তারা নিজেদের লোককে ঢুকিয়ে দিচ্ছেন?

**Shri Hemanta Kumar Basu:**

এরকম কোন সংবাদ পাই নাই।

**Shri T. A. Nurun Nabi:**

আমি গত বৎসর থার্ড মার্চ দরখাস্ত দিয়ে রেখেছি, মন্ত্রিমহাশয় সে খবর রাখেন কিনা এবং তার কি ব্যবস্থা করেছেন?

**Mr. Speaker:**

আপনি একটু দয়া করে আস্তে আস্তে বলুন, বুঝতে পারা যাচ্ছে না।

**Shri T. A. Nurun Nabi:**

এখন কোন ফ্ল্যাট খালি আছে কিনা জানতে চাই?

**Shri Hemanta Kumar Basu:**

এখন কোন বিশেষ ফ্ল্যাট খালি নেই। সামান্য কিছু খালি আছে।

**Shri Krishna Kumar Sukla:**

মাননীয় মন্ত্রিমহাশয় তাঁর উত্তরে বলেছেন যে মোট কত ফ্ল্যাট ভাড়া দিয়েছেন। সেটা জানিয়ে দিয়েছেন। কিন্তু কতগুলি ফ্ল্যাট খালি আছে, সেটা বলতে পারবেন কি?

**Shri Hemanta Kumar Basu:**

নোটিশ দিলে পরে জানাবো।

**Shri Maharaja Bose:**

বর্তমান সরকারের যাঁরা সদস্য, তাঁদের কি অনেকে ঐখানে ভাড়া দিয়ে আছেন? যেমন নিখিল-বাবুর কথা আমি বলতে পারি।

**Shri Hemanta Kumar Basu:**

হ্যাঁ অনেকে আছেন। কিন্তু কোন বিশেষ সরকারী দল হিসাবে নয়। সেখানে সব দলেরই লোক আছেন।

**Shri Abdus Sattar:**

যারা ট্রেস্‌পাসার্স তাদের সেখান থেকে উচ্ছেদের জন্য, এভিকশন-এর জন্য কোর্টে কোন মামলা-মোকদ্দমা করেছেন কি?

**Shri Hemanta Kumar Basu:**

না।

**Shrimati Biva Mitra:**

এই সব ট্রেসপাসার্স-এর সংখ্যা কত, মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি?

**Shri Hemanta Kumar Basu:**

নোটিশ না দিলে বলতে পারবো না।

1-10—1-20 p.m.]

**শ্রীআব্দুস সাত্তার:** এই মোকদ্দমাগুলি করেছেন বলেছেন, কতগুলি দায়ের করা হয়েছে ট্রেস্‌পাসার্সদের বিরুদ্ধে? Number of the cases filed against the trespassers.

**শ্রীহেমন্ত কুমার বসু:** নোটিশ দিলে বলতে পারবো।

**শ্রীমহম্মদ আব্দুল লতিফ:** ভাড়া দেওয়ার জন্য সবসুদ্ধ কতগুলি ফ্ল্যাট আছে?

**শ্রীহেমন্তকুমার বসু:** সেটা এখন আমি বলতে পারবো না, নোটিশ দিলে বলতে পারবো।

**শ্রীমতী বিভা মিত্র:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি আর কোন নূতন ফ্ল্যাট তৈরি হচ্ছে কিনা এবং হলে কোন্ কোন্ জায়গায় হচ্ছে?

**শ্রীহেমন্ত কুমার বসু:** নোটিশ দিলে বলতে পারবো।

**শ্রীমতী বিভা মিত্র:** মন্ত্রিমহাশয় জানাবেন কি, এইসব ফ্ল্যাটে অনেক গভর্নমেন্ট এমপ্লয়িজ আছে তারা যখন ট্রান্সফার হয়ে যায় তখন তারা সেই ফ্ল্যাট ছেড়ে যায় কিনা?

**শ্রীহেমন্তকুমার বসু:** রেন্টাল স্কীমে কিছু ফ্ল্যাট গভর্নমেন্ট অফিসারদের দেবার পরিকল্পনা আছে। তাদের যখন চাকরী চলে যায় বা তারা যখন রিটায়ার করে তখন তাদের বাড়ি ছেড়ে দিতে হয়। এইরকম কতগুলি কেস আছে তা নোটিশ দিলে বলতে পারবো।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, গভর্নমেন্ট ফ্ল্যাটে যে হারে প্রথমে রেন্ট নির্ধারিত ছিল গত কয়েক মাসের মধ্যে তার হার অত্যন্ত বাড়িয়ে দেবার জন্য সেখানকার যারা অধিবাসী তাদের অনেকেই খুব অসুবিধায় পড়েছে এবং তার জন্য খাজনা আদায়ের পক্ষে অসুবিধা দেখা দিয়েছে?

**শ্রীহেমন্তকুমার বসু:** আমি জানি না ভাড়া বেড়েছে কিনা, এ বিষয় আমি অনুসন্ধান করবো।

**শ্রীমতী বিভা মিত্র:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি গড়িয়াহাটে যেসব ফ্ল্যাটগুলি আছে তার ভাড়া ডবলের চেয়েও বেশী করে দেওয়া হয়েছে?

**শ্রীহেমন্তকুমার বসু:** আমি তা জানি না, এটা পরে অনুসন্ধান করে জানাবো।

Mr. Speaker: Questions over.

## UNSTARRED QUESTIONS

### (to which written answers were laid on the table)

### Filaria Cases in West Bengal

**1.** (Admitted question No. 39.)

**শ্রীমহঃ আবদুল বারি:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬০ হইতে ১৯৬৭ সালের বর্তমান সময় পর্যন্ত কলিকাতাসহ পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় ফাইলেরিয়ায় প্রতি বৎসর জেলাওয়ারী কয়জন (১) আক্রান্ত হইয়াছেন এবং (২) মৃত্যুমুখে পতিত হইয়াছেন বলিয়া সরকার অবগত আছেন?

**The Minister for Health:**

(১) ও (২) মোট কতজন এই রোগে আক্রান্ত হইয়াছেন এবং মৃত্যুমুখে পতিত হইয়াছেন তাহার সংখ্যা দেওয়া সম্ভব নহে। তবে বিভিন্ন হাসপাতালে যাঁহারা এই রোগে আক্রান্ত হইয়া চিকিৎসিত হইয়াছেন এবং যাঁহারা মৃত্যুমুখে পতিত হইয়াছেন তাঁহাদের একটি তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

### Nyaya Panchayats

**2.** (Admitted question No. 47.)

**শ্রীমহঃ আবদুল বারি:** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে এ পর্যন্ত মোট জেলাওয়ারী কয়টি (নামসহ) ন্যায় পঞ্চায়েত চালু হইয়াছে এবং কয়টি এখনও চালু হইতে বাকি আছে; এবং

(খ) চালু ন্যায় পঞ্চায়েতগুলির কোন্‌টি অদ্যাবধি কয়টি বিচার শেষ করিয়াছেন?

**The Minister for Panchayats:**

(ক) পশ্চিমবঙ্গে এ পর্যন্ত মোট ৪৯টি ন্যায় পঞ্চায়েত চালু হইয়াছে। তন্মধ্যে মালদহে .টি, পশ্চিম দিনাজপুরে ২টি এবং বর্ধমানে ৩৮টি, এখনও ২,৮৭৭টি ন্যায় পঞ্চায়েত চালু ইতে বাকী আছে। জেলাওয়ারী (নামসহ) এ পর্যন্ত প্রতিষ্ঠিত ন্যায় পঞ্চায়েতগুলির একটি স্তৃত বিবরণ লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) 'ক'-এ উল্লিখিত বিবরণের চতুর্থ স্তম্ভ (কলম) দ্রষ্টব্য।

## Government advertisements through agencies

**3.** (Admitted question No. 51.)

**মহঃ আবদুল বারি:** তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন ক—

(ক) ইহা কি সত্য যে, সরকার কর্তৃক কিছু কিছু এজেন্সীর মারফৎ বিভিন্ন পত্রপত্রিকাকে বিজ্ঞাপন দেওয়া হয়;

(খ) সত্য হইলে, উক্ত এজেন্সীগুলির নাম কি এবং গত তিন বৎসর কোন্ বৎসর কত টাকার বিজ্ঞাপন উক্ত এজেন্সীগুলির মারফৎ দেওয়া হইয়াছে, এবং

(গ) উক্ত এজেন্সীগুলিকে উক্ত কাজ করার জন্য কিভাবে এবং কত করিয়া মজুরী দেওয়া হয়?

**The Minister for Information and Public Relations:**

(ক) হ্যাঁ। কিন্তু বর্তমানে কেবলমাত্র পর্যটন সংক্রান্ত বিজ্ঞাপনই পর্যটন বিভাগ সরাসরি জেন্সি মারফৎ দিয়া থাকেন।

(খ) গত তিন বৎসর এজেন্সি মারফৎ বিজ্ঞাপন প্রচার সম্পর্কে দুইটি পৃথক তালিকা পেশ রা হইল।

(গ) বিজ্ঞাপন প্রচার করার জন্য এজেন্সিগুলিকে কোন মজুরী সরকারকে দিতে হয় না। বে সংশ্লিষ্ট বিজ্ঞাপনের ডিজাইন, ব্লক, স্টিরিও, ম্যাট প্রভৃতির মূল্য নির্ধারিত হারে দিতে য়।

tatement referred to in reply to clause (kha) of unstarred question No. 3

**তালিকা—১**

**তথ্য বিভাগ হইতে এজেন্সি মারফৎ বিজ্ঞাপন প্রচারের তালিকা**

| এজেন্সির নাম | কত টাকার বিজ্ঞাপন দেওয়া হইয়াছে | | |
|---|---|---|---|
| | ১৯৬৪-৬৫ | ১৯৬৫-৬৬ | ১৯৬৬-৬৭ |
| ১। প্রগ্রেসিভ পাবলিসিটি সার্ভিস | টা ৬৪,৪৭০.৩৭ প: | — | — |
| ২। কল্পনা অ্যাডভারটাইজিং এ্যাণ্ড পাবলিক রিলেসন্স | টা ২৪,৬৮১.৩৫ প: | — | — |
| ৩। আলফা অ্যাডভার্টাইজিং সার্ভিসেস প্রা. লি. | টা ৪৬,৩৯৬.৫৪ প: | টা ৮,০৪১.৩৭ প: | — |
| ৪। ক্ল্যারিওন অ্যাডভার্টাইজিং সার্ভিসেস প্রাঃ লিঃ | টা ৯,০৭২.৭৭ প: | — | — |

### তালিকা—২

### পর্যটন বিভাগ হইতে সরাসরি এজেন্সির মাধ্যমে বিজ্ঞাপন প্রচারের তালিকা

| এজেন্সির নাম | কত টাকার বিজ্ঞাপন দেওয়া হইয়াছে | | |
|---|---|---|---|
| | ১৯৬৪-৬৫ | ১৯৬৫-৬৬ | ১৯৬৬-৬৭ |
| ১। জে, ওয়াল্টার টমসন কোং প্রাঃ লিঃ | টা ১,২১,৭১৪.১০ পঃ | টা ১,২৩,৭৩৭.৮০ পঃ | — |
| ২। ইণ্ডিয়ান পাবলিসিটি ব্যুরো | টা ৯,০১৮.০০ পঃ | টা ৪৪,৮৩৭.৭৯ পঃ | — |
| ৩। টুয়েন্টিয়েথ্ সেনচুরি পাবলিসিটি | — | — | টা ৮০,০৪৪.০৫ পঃ |
| ৪। ইণ্ডিয়া পাবলিসিটি কোং লিঃ | — | — | টা ৯৫,৩২৫.৫৩ পঃ |

## Adjournment motion

**Mr. Speaker:** I have received notice of an adjournment motion on the subject of murder of Shri B. P. Jha, an ex-M.L.A., from Shri Tinkori Mondal. I have withheld consent.

## Calling attention to matters of urgent public importance

**Mr. Speaker:** The Minister-in-charge of the Home (Police) Department will please make a statement on the subject of assault upon and cruel murder of Shri B. P. Jha in Asansol, called attention by Shri Dasarathi Tah on the 26th June, 1967.

**Shri Ajoy Kumar Mukhopadhyay:**

মাননীয় স্পীকার মহোদয়, আসানসোলের শ্রমিক নেতা ও পশ্চিমবঙ্গ বিধানসভার প্রাক্তন সদস্য শ্রীবানারসি প্রসাদ ঝার হত্যাকান্ড সম্পর্কে দৃষ্টি আকর্ষণ করিয়া মাননীয় সদস্য শ্রীদাশরথি তা মহাশয় যে নোটিশ দিয়াছেন তাহার উত্তরে আমি নিম্নোক্ত বিবৃতি দিতে চাইঃ

রাণীগঞ্জ থানার অন্তর্গত কুঁয়াদি খনি অঞ্চলে গত ৪ঠা জুন কয়েকটি সংঘর্ষের ঘটনা ঘটে যার ফলে এস এস পি দলভুক্ত শ্রমিক নেতা শ্রীবানারসি প্রসাদ ঝা দুর্ভাগ্যবশতঃ নিহত হন। এই সম্পর্কে রাণীগঞ্জ থানায় দুইটি মামলা দায়ের করা হইয়াছে এবং সমগ্র বিষয়টি বর্তমানে পুলিশের সি আই ডি ডিপার্টমেন্টের তদন্তাধীন আছে। উপযুক্ত সাক্ষ্য প্রমাণের অভাবে এখনও পর্যন্ত কাহাকেও গ্রেপ্তার করা সম্ভব হয় নি।

**ডাঃ গোপিকারঞ্জন মিত্রঃ** অন এ পয়েন্ট অফ অর্ডার, স্যার, মুখ্যমন্ত্রিমহাশয় এখানে যে স্টেটমেন্ট দিলেন তাতে তিনি বহু ফ্যাক্টস হাউসের কাছে গোপন করে স্টেটমেন্ট দিলেন। তিনি এ বিষয়ে বললেন না.....................

**মিঃ স্পীকারঃ** কলিং অ্যাটেনশনের পরে আর তা নিয়ে আলোচনা হয় না।

**ডাঃ গোপিকারঞ্জন মিত্রঃ** আমি পয়েন্ট অফ অর্ডারের উপর বলছি। আমি নিজে জানি যে, কলিং অ্যাটেনশনের পরে আলোচনা চলে না, কিন্তু তিনি এই ব্যাপারে...........................

**মিঃ স্পীকারঃ** ইট ইজ এ পয়েন্ট অফ অর্ডার? আপনার পয়েন্ট অফ অর্ডারটা কি বলুন।

**ডাঃ গোপিকারঞ্জন মিত্রঃ** আমার পয়েন্ট অফ অর্ডার হচ্ছে এই যে, তিনি অনেক ফ্যাক্ট সম্বন্ধে বললেন না। তিনদিন আগেকার কথা বলতে পারি যে, একজন যুক্তফ্রন্ট মিশনের কাছে সাক্ষ্য দিতে গিয়েছিলেন, কৃষ্ণপদ সাধু তার নাম, তাকে আবার মারধোর করা হয়েছে। সাক্ষ্য নেই এই কথা মুখ্যমন্ত্রিমহাশয় ভুল বলেছেন। এফ আই আর এ তিনজনের নাম দেওয়া আছে অথচ কোন লোককে অ্যারেস্ট করা হয় নি।

**মিঃ স্পীকারঃ** আই ডিসঅ্যালাউ ইট। দেয়ার ইজ নো পয়েন্ট অফ অর্ডার।

**শ্রীবিজয়সিং নাহারঃ** চিফ মিনিস্টার যে স্টেটমেন্ট দিলেন কলিং অ্যাটেনশনের উত্তরে আমরা এর উপর হাফ অ্যান আওয়ার ডিবেট চাই।

**মিঃ স্পীকারঃ** আপনি নোটিশ দেবেন, আমি টাইম ঠিক করে দেবো, আজকে করতে পারবো না।

**শ্রীমনোরঞ্জন হাজরাঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, গতকাল লোকসভায় বিমলকান্তি ঘোষ সম্পর্কে একটা কথা উঠেছে যে....................

**মিঃ স্পীকারঃ** আপনি একটু পরে দৃষ্টি আকর্ষণ করবেন, এখন আমাকে কাজ সারতে দিন।

**শ্রীখগেন্দ্রনাথ দাশগুপ্তঃ** মাননীয় স্পীকার মহোদয় আমার একটা বৈধতার প্রশ্ন আছে সেটা হচ্ছে এই যে গত কালকার প্রসিডিংস অফ দি হাউস-এর রেকর্ড আমাদের কাছে বিলি করা হয়েছে তাতে দেখতে পাচ্ছি যে তিনটি গভর্নমেন্ট বিল পাসড হয়েছে। সেই বিলগুলির কন্সিডারেশন স্টেজ পাসড হয়েছে, অ্যাজ সেটেলড ইন দি অ্যাসেম্বলী পাসড হয়েছে, সবই দেওয়া আছে। আমরা কালকে এখানে উপস্থিত ছিলাম, গোলমালের মধ্যে কয়েক মিনিটের মধ্যে কি হল আমরা শুনতে পাই নি, বুঝতে পারি নি। তাই আপনার ঘরে আমরা কয়েকজন গিয়েছিলাম, আপনি অনুগ্রহ করে টেপ রেকর্ডিং-এ যা রেকর্ড হয়েছে সেটা শুনবার সুযোগ দিয়েছিলেন। আপনিও সেখানে উপস্থিত ছিলেন, আমরা শুনে যা বুঝলাম তাতে প্রসিডিয়োর ফলোড হয় নি। আপনিও নিশ্চয়ই মনে মনে একথা স্বীকার করবেন। কিন্তু তা সত্ত্বেও এটা আমরা এখানে দেখতে পাচ্ছি। আমার মনে হয় যে আপনি এ বিষয়টা পুনর্বিবেচনা করবেন এবং পুনর্বিবেচনা করা উচিত। কারণ এইরকম ঘটনা এর আগেও হয়েছে এবং তা পুনর্বিবেচিত হয়েছে। আমি আপনার কাছে অনুরোধ করছি যখন প্রসিডিয়োর ফলোড হয়নি তখন আপনি এটা পুনর্বিবেচনা করবেন।

**মিঃ স্পীকারঃ** আমি তারপরেও ওগুলি দেখেছি, আমাদের প্রসিডিংস-এ যা লেখা আছে তাতে আমার মতে ওগুলি আইনতঃই হয়েছে, ঠিকই হয়েছে। তাহলেও আপনি যখন এই কথা তুলেছেন তখন আমরা এক সময়ে বসবো এবং বসে দেখবো কি বলেন না বলেন। কিন্তু সমস্ত ব্যাপারটা এই হাউসে ডিসকাস করা যাচ্ছে না। তবে টেপ রেকর্ডিং-এর কথা যা বলছেন সে সম্বন্ধে আমি বলছি যে আমার মাইকও দু-তিন বার সরিয়ে নেওয়া হয়েছে, টেপ রেকর্ডিং মাইক ছাড়া উঠে না। টেপ রেকর্ডিং-এ উঠেছে কি উঠেনি সেগুলি ভেরিফাই করে দেখতে হবে এবং আমি তা দেখছি।

## Calling attention to matters of urgent public importance

**Mr. Speaker:** I have received three notices of calling attention on the following subjects, namely:—

(1) Non-payment of salary to school teachers in the district of Midnapur —from Shri Debendra Nath Das;

(2) Disturbances in Rishra—from Shri Gopal Das Nag; and

(3) Non-supply of foodstuff to workers of collieries in Asansole and closure of East Jamuria Colliery—from Shri Tinkori Mondal.

I have selected the notice of Shri Debendra Nath Das on the subject of non-payment of salary to school teachers in the district of Midnapur.

The Hon'ble Minister-in-charge may please make a statement or give me a suitable date when the statement will be made.

[1-20—1-30 p.m.]

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য:** মঙ্গলবার।

**শ্রীমনোরঞ্জন হাজরা:** মিঃ স্পীকার, স্যার, গতকাল লোকসভায় বিমলকান্তি ঘোষ সম্পর্কে বক্তব্য রাখতে গিয়ে আমাদের স্বরাষ্ট্রমন্ত্রী বলেছেন যে, তাঁকে লাঞ্ছনা করা হয়েছে। আমি সে সম্পর্কে আপনার মাধ্যমে হাউসে জানাতে চাই যে, তিনি সুভাষচন্দ্র নামক একজন ছাত্রকে এমন-ভাবে মেরেছেন যে হাসপাতালে তার জীবনান্ত অবস্থা হয়েছে। (তুমুল হট্টগোল)

স্যার, তার বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে এবং বিমলকান্তি ঘোষের বিরুদ্ধেও মামলা দায়ের করা হয়েছে এবং সেটা স্বরাষ্ট্রমন্ত্রী চেপে গিয়েছেন। লোকসভার সদস্য একজন মানুষকে খুন করবে তাতে তাঁকে জনসাধারণ যদি লাঞ্ছনা করে........................(হট্টগোল)

আমরা তার প্রতিবাদ জানাই। আমি আপনার মাধ্যমে এইটুকুই বলতে চাই।

(Noises and interruptions)

আমরা তার প্রতিবাদ করি, কিন্তু ওরকমভাবে কাজ করা তাঁর অন্যায় এটা বলতে চাইছি।

**Dr. Gopal Das Nag:**

স্যার, আপনার আপত্তি সত্ত্বেও যেকথা উনি বলেছেন তা প্রসিডিংস-এ রেকর্ডেড না হয় এটা আপনাকে রিকোয়েস্ট করছি। দি পজিশান হুইচ হি হ্যাজ সেইড।

**Mr. Speaker:** I shall look into it and pass necessary orders.

**Shri Krishna Kumar Sukla:**

স্যার, এটা আপনাকে করতেই হবে।

**Mr. Speaker:**

আচ্ছা ঠিক আছে। আই শ্যাল লুক ইন্টু দি ম্যাটার।

**Shri Pannalal Majhi:**

মাননীয় স্পীকার, স্যার, আপনার মাধ্যমে আমি জানাতে চাই যে, হাওড়া এবং হুগলির মধ্য দিয়ে মার্টিন কোম্পানীর যে রেলওয়ে গিয়েছে তার মালিক মার্টিন কোম্পানী ভাড়া বাড়ানর নোটিশ দিয়েছে যে, পয়লা জুলাই থেকে শতকরা দশ ভাগ ভাড়া বাড়ান হবে।

**Shri Byomkesh Majumdar:** স্যার, অন এ পয়েন্ট অফ অর্ডার

অনেকক্ষণ আগে থেকে আমি পয়েন্ট অফ অর্ডার নিয়ে দাঁড়িয়ে আছি। আপনি এদিকে তাকাবেন না।

**Mr. Speaker:**

দেখুন, ওইসব কথা বলবেন না।

I shall not tolerate that sort of remarks from anybody. Is that your point of order?

চারদিকে চোখ খুলে রয়েছি। বলুন, আপনার কি পয়েন্ট অফ অর্ডার।

**Shri Byomkesh Majumdar:**

আপনি যদি এখনও হাত-পা ছোঁড়েন, কি করে বলি? আমার বক্তব্য হচ্ছে মাননীয় সদস্য মনো-রঞ্জন হাজরা মহাশয় লোকসভা সম্পর্কে যেকথা এখানে বলেছেন সেসমস্ত কথা আমাদের এখানে আলোচিত হতে পারে না এবং সে সম্বন্ধে আমার বক্তব্য যদি আমি না রাখতে পারি, তাহলে সারাদিন এইভাবে বলে যাব। আপনার কাছে নিবেদন মনোরঞ্জনবাবু যে তথ্য এখানে পেস করবার চেষ্টা করেছেন, সকলের আপত্তি সত্ত্বেও এবং আপনার আপত্তি সত্ত্বেও যদি কার্যবিবরণী থেকে সেটা বাদ দেওয়া না হয়—আপনি বলেছেন ভেবে দেখব।

**Mr. Speaker:**

সেটা আমি বুঝব—সেটা আমার কথা। হোয়াট ইজ ইওর পয়েন্ট অফ অর্ডার ?

**Shri Byomkesh Majumdar:**

আমার পয়েন্ট অফ অর্ডার হচ্ছে এটা এক্সপাঞ্জ করতে হবে।

**Mr. Speaker:** I know my duty and I will do my duty.

**Shri Monoranjan Hazra:**

স্বরাষ্ট্রমন্ত্রী পার্লিয়ামেন্ট-এ বিমলবাবুর বিরুদ্ধে যে মামলা চলছে সেটা চেপে গিয়েছেন—পার্লিয়ামেন্টে দাঁড়িয়ে মিথ্যা কথা বলবেন!

**শ্রীপান্নালাল মাঝি:** মাননীয় সভাপাল মহাশয়, আপনার মাধ্যমে আমি জানাতে চাই যে, হাওড়া এবং হুগলি জেলার মধ্যে যে মার্টিন রেলওয়ে আছে তারা ১লা জুলাই থেকে শতকরা ১০ টাকা ভাড়া বাড়াবার নোটিশ দিয়েছে। এর কিছুদিন আগে তারা ভাড়া বাড়িয়েছিল এবং বলেছিল যে রেলওয়ের কিছু উন্নতি তারা করবে, কিন্তু উন্নতি কিছুই করে নি। যাত্রীদের বসবার জায়গা নেই, বৃষ্টির সময় আরো অবস্থা খারাপ হয়। বৃষ্টির সমস্ত জল গাড়ির মধ্যে পড়ে। সেই হিসাবে আমি বলতে চাই যে, এই বেসরকারী কোম্পানীর ভাড়া বাড়ানো এটা জনসাধারণের দুর্গতি বা তাদের পকেট লুঠ করা ছাড়া আর কিছুই নয়। সেইজন্য পশ্চিমবঙ্গের যুক্তফ্রন্ট সরকারের কাছে আমার অনুরোধ যে যাতে এই কোম্পানী ভাড়া বাড়াতে না পারে তার জন্য যদি কিছু করা যায় সে সম্পর্কে ব্যবস্থা করুন। এই কথা বলে আমি শেষ করছি।

**শ্রীজয়নারায়ণ শর্মা:** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার সম্মুখে আমাদের কুলটি সালানপুর এলাকার কিছু কথা বলতে চাই। যুক্তফ্রন্ট সরকার হবার পর থেকে সেখানে যে অবস্থা হয়েছে তাতে সেখানে মানুষের বাঁচবার কোন উপায় নেই এইরকম অবস্থা হয়ে গিয়েছে। যুক্তফ্রন্ট সরকার হবার পর থেকে এবং কর্ডনিং উঠে যাবার পর থেকে আমাদের দেশে যে চাল ছিল তা উধাও হয়ে গিয়েছে। পাড়াগাঁ-এ চালের অবস্থা এমন হয়েছে যে সেখানকার ভালো ভালো ঘরের লোকেরা পর্যন্ত একবেলা উপোস করে আছে। এইরকম অবস্থা এখন সেখানে হয়েছে। যখন খরা অঞ্চল বলে ঘোষণা করা হল তখন তা সত্ত্বেও সেখানে খরা অঞ্চলের মত ব্যবস্থা করা হল না। তারপর মার্ক্সবাদী কমিউনিস্টরা যা আরম্ভ করেছে রাজনৈতিক গুণ্ডামি তা অকথনীয়। সেখানে তারা তাদের ইচ্ছামত গভর্নমেণ্ট করে রেখেছে। স্যার, আপনার সামনে যে কলিং অ্যাটেনশান দেওয়া হয়েছে বি পি ঝার সম্বন্ধে, সে সম্পর্কে আমি বলতে পারি যে তিনি একজন শ্রমিক নেতা ছিলেন। তিনি ট্রেড ইউনিয়ন করতেন অন্যান্য দলের মত। সি পি আই-এর লোকেরা তাঁকে যেভাবে মেরেছে তা অকথনীয়। তাঁদের লিডার এই হাউসেই বসে আছেন। বি পি ঝা-কে পিঠে বল্লম দিয়ে মারা হয়েছে এবং তারপর পেট্রোল তাঁর গায়ে ছিটিয়ে দিয়ে তাঁকে হত্যা করা হয়েছে। স্যার, আমি জানি শ্রীহারাধন রায় সেখানে উপস্থিত ছিলেন। যে অবস্থা হয়েছে যুক্তফ্রণ্ট সরকার হবার পর থেকে তাতে বলতে পারি সেখানে আইন বা শাসন বলে কোন জিনিস নেই। পুলিশকে অকর্মণ্য করে রেখে দেওয়া হয়েছে। পুলিশকে কোন কিছু করতে দেওয়া হচ্ছে না। যুক্তফ্রন্ট সরকার হবার পর থেকে যতগুলি মার্ডার কেস ছিল তার মধ্যে কল্যাণ রায়ের কেস ছিল সেগুলি সব রাতারাতি উইথড্র হয়ে গিয়েছে। স্যার, এই যে অবস্থা হয়েছে এইগুলি আমি যুক্তফ্রন্ট সরকারের মাননীয় নেতা শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায় মহাশয়ের কাছে নিবেদন করতে চাই। এই ভাবে যদি মার্ডার কেসগুলি উইথড্র হয়ে যায় তাহলে সাধারণ লোকের বাঁচবার কোন উপায় থাকবে না। বি পি ঝা-র সম্বন্ধে এনকোয়ারী করতে যে তদন্ত কমিশন গিয়েছিল তাঁরা ভালোভাবে তদন্ত করেননি বা ভালোভাবে সাক্ষী নেওয়া হয় নি। এইরকম অবস্থায় যে স্টেটমেণ্ট আজকে দেওয়া হল সেটা একেবারে ভুল। এতে একটুও সত্য অংশ নেই। কাজেই স্যার, আপনার মাধ্যমে আমি জানাতে চাই যে এইরকম যদি অবস্থা হয় তাহলে এ দেশে অশান্তি থাকবে বা রাজ্য অশান্তির রাজ্য হয়ে

যাবে। এই অবস্থায় দেশে শান্তি ফিরে আসা বড়ই মুশকিল। এইজন্য আমি দাবী করছি যে ভালো ভাবে তদন্ত করা হোক এবং এনকোয়ারী বসানো হোক। চিফ মিনিস্টারের ২১ তারিখে যাবার কথা ছিল, তিনি গেলেন না কেন? আমার মনে হয় এর পেছনে ষড়যন্ত্র আছে। সবশেষে আমি চিফ মিনিস্টারকে বলব যে তিনি নিজে গিয়ে তদন্ত করে আসুন।

[1-30—1-40 p.m.]

**শ্রীশচীন্দ্রমোহন নন্দী:** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে স্টেটসম্যানে দেখতে পেলাম একটা বিবৃতি মাননীয় মুখ্যমন্ত্রী এবং কাল রেডিওতেও শুনেছিলাম—তিনি বলেছেন যে বিরোধী সদস্যরা যদি চান তাদের নিরাপত্তার জন্য তিনি পুলিশ প্রহরাতে তাঁদের এই অ্যাসেম্বলী হাউসেতে নিয়ে আসতে পারেন....................(গোলমাল)

অত্যন্ত কম যেটা সমস্ত নাগরিকের অধিকার সেটা হচ্ছে স্বাভাবিকভাবে চলাফেরার অধিকার যাতে করে অক্ষুণ্ণ থাকে এই আশ্বাস মুখ্যমন্ত্রীর কাছে চাওয়া হয়েছিল—তিনি সেটা দিতে পারেন নি। আমরা জানি তাঁর পক্ষে সেটা দেওয়া সম্ভব নয়, যে সরকারের রাজত্বে মেয়েদের ন্যূনতম সম্মান রক্ষিত হয় না—লোকেরা স্বাধীনভাবে চলাফেরা করতে পারে না—প্রতিদিন যেখানে লুটপাট হচ্ছে সেখানে তিনি আশ্বাস দিতে পারেন না, তার উপর অত্যন্ত অবমাননাকর প্রস্তাব যেটা তিনি রেখেছেন আমরা সেটা দ্বিধাভরে প্রত্যাখ্যান করছি।

**শ্রীঅমলেশ মজুমদার:** অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, একই কথা—পলেসি স্টেটমেন্ট বার বার তোলা যায় কিনা এটা পয়েন্ট অফ অর্ডার হিসাবে আপনার সামনে উপস্থিত করছি।

**মি: স্পীকার:** তোলা যায় না।

**ডঃ প্রতাপচন্দ্র চন্দ্র:** স্যার, এই বিধানসভার পাশে শিক্ষক শিক্ষিকাদের যে সমাবেশ হয়েছিল তাতে তাদের উপর হামলা করা হয়েছিল সেটা হাউসের দৃষ্টি আকর্ষণ করে অনেকে বলেছিলেন তা সত্ত্বেও মুখ্যমন্ত্রী কোন দুঃখপ্রকাশ করেন নি এ সম্পর্কে। এই সম্পর্কে কি করা হবে সে সম্পর্কে কিছু বলেনও নি। এই ধরনের অধিকারের কথা তিনি বলছেন শিক্ষক শিক্ষিকাদের গণতান্ত্রিক অধিকার রয়েছে তাদের উপর হামলা করাটাও কি গণতান্ত্রিক অধিকার। যদি তা হয়ে থাকে এইরকম যদি মুখ্যমন্ত্রী বলেন তাহলে এখানে কিভাবে আইনশৃঙ্খলা বজায় আছে সেটা তিনি জনসমক্ষে নিশ্চয় বলবেন। কিন্তু সরকারের এইরকম হৃদয়হীন আচরণের প্রতিবাদে আজ আমরা সভাকক্ষ থেকে বাইরে চলে যাচ্ছি।

(At this stage the Opposition Members walked out of the Chamber.)

## GOVERNMENT BILL

### The Motor Vehicles (West Bengal Third Amendment) Bill, 1967

**Shri Jyoti Basu:** Sir, I beg to introduce the Motor Vehicles (West Bengal Third Amendment) Bill, 1967.

(Secretary then read the title of the Bill).

**Shri Jyoti Basu:** Sir, certain areas and routes in this State have been reserved for the exclusive use of State Transport undertakings in accordance with schemes approved by the State Government under Chaptre IVA of the Motor Vehicles Act, 1939. The Regional Transport Authorities are, therefore, precluded from issuing permits for the plying of private buses in such areas and routes.

Government decided to permit 500 buses of the private sector to ply on various routes in the Calcutta region. The routes on which the private buses are to ply overlap the routes reserved for exclusive use of the Calcutta State Transport Corporation and as such permits for the plying of private

buses cannot be issued by the Regional Transport Authority unless the schemes on the strength of which the Calcutta State Transport Corporation is at present operating are modified. As modification of the schemes was likely to take about three months, and as the introduction of private buses could not wait that long, Government considered it necessary to amend the Motor Vehicles Act, 1939, to enable the Regional Transport Authority to issue, with the approval of the State Government, temporary stage carriage permits for the plying of private buses on routes overlapping exclusive routes of the State Transport undertakings. As the State Legislature was then not in session, the State Government had to vest the Regional Transport Authority with the power mentioned above by amending the Motor Vehicles Act, 1939, by an Ordinance. Accordingly, the Motor Vehicles (West Bengal Amendment) Ordinance, 1967 (No. IV of 1967), was promulgated by the Governor.

Sir, I beg to move that the Motor Vehicles (West Bengal Third Amendment) Bill, 1967, be taken into consideration.

**Dr. Nalinaksha Sanyal:** Sir, may I have your permission to make some observations on this Bill?

**Mr. Speaker:** Yes, you may speak.

**Dr. Nalinaksha Sanyal:**

আমি এই বিলের বিরোধিতা করছি না। যে অবস্থায় আমাদের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় এই অর্ডিন্যান্স করবার জন্য বাধ্য হয়েছিলেন সেই অবস্থা সম্পর্কে আমার সহানুভূতি আছে এবং একরকম তাঁর মাথায় পিস্তল ধরে এইরকম অর্ডিন্যান্স করতে বাধ্য করা হয়েছিল যার মধ্যে স্টেট ট্রান্সপোর্টের একাধিক যে ক্ষমতা তা ছেড়ে দিয়ে তাঁকে তাঁদের বিঘোষিত নীতি এবং যুক্তফ্রন্টের সাধারণ যে দৃষ্টিভঙ্গি তা পরিবর্তন করে একই জায়গায় সরকারী বাস এবং বেসরকারী বাস চালানোর সাময়িক ব্যবস্থাকে মানতে বাধ্য হতে হয়েছিল। তার জন্য তাঁর উপর আমার সহানুভূতি আছে—কিন্তু তার পর অনেক সময় চলে গেল, এখন এটা আইনের মাধ্যমে তাঁকে যে গ্রহণ করতে হচ্ছে সেই অবস্থার জন্য তাঁকে কয়েকটি বিষয়ে আমি সাবধান করে দিতে চাই। প্রথমত তাড়াতাড়ি করে যে অর্ডিন্যান্স করা হয়েছিল তাতে টেম্পোরারি পারমিট বলে কতকগুলি বেসরকারী বাসকে অনুমতি দেওয়া দরকার বিবেচনা করা হয়েছিল এবং সেইভাবে অর্ডিন্যান্স তৈরি করা হয়েছিল—কিন্তু এই টেম্পোরারি পারমিট কতদিন পর্যন্ত থাকবে এবং এই টেম্পোরারি পারমিটের কি রীতি হবে—যে রাস্তায় সরকারী বাস চলে সেই রাস্তার কতখানি পরিমাণ বেসরকারী বাস একই রাস্তায় দু' প্রস্থ পাশাপাশি যেতে পারবে, এ সম্বন্ধে আমি একটু পরিষ্কার জবাব পেতে চাই। কেন না ইতিপূর্বে যখন এই আইনটা আলোচনা হতে যায় তখন আমরা নিবেদন করেছিলাম যে, একই রাস্তায় সরকারী বাস এবং বেসরকারী বাস উভয় যদি চালানোর ব্যবস্থা হয় তাহলে নানারকম অসুবিধা এবং দুর্নীতির রাস্তা আছে। কলকাতা শহরে প্রায় ১২ শত বাস যদি চলে তার মধ্যে ২০০ গাড়ি যদি বিকল হয়ে থাকে অন্তত হাজার গাড়ি যদি দৈনিক পরিচালনা করার সুযোগ থাকে তাহলে কলকাতা শহরের সাধারণ লোকের যে দাবি তার কিছুটা সুরাহা করা সম্ভব হতে পারে।

[1-40—1-50 p.m.]

কিন্তু বেসরকারী বাস আর সরকারী বাস এই দুই মিলিয়ে কতকগুলি বাসকে তিনি কলকাতার শহরে চালানোর জন্য প্রস্তুত হয়েছেন। আমার দ্বিতীয় এনকোয়ারি হচ্ছে এটা তিনি আমাদের সরলভাবে জানিয়ে দিন এই যে টেম্পোরারি পারমিট দিয়ে বেসরকারী বাস চালানোর জন্য সরকারীর যে নীতি, সে নীতি থেকে তিনি একটু পরিবর্তন করতে চাচ্ছেন। এটা কি ঊর্ধ্বতন কোন সীমা আছে এবং কতদূর পর্যন্ত তিনি তা দেবেন? এটা হল আমার দ্বিতীয় জানবার বিষয়। তৃতীয় কথা হচ্ছে আইন এখন পরিবর্তন করে স্থায়িভাবে আমাদের এই আইন যখন হয়ে যাচ্ছে তখন এটার একটা বিশেষ গুরুত্ব আছে। এতে বলা হয়েছে যে, যেখানে এস টি এ, তাঁরা নিজেরা

তাঁদের মনোপলি গ্রহণ করেছেন আইনের মধ্যে তার কোন অংশে যদি বেসরকারী বাস চালানোর প্রয়োজন হয় তাহলে স্টেট গভর্নমেন্টের অনুমোদন নিয়ে স্থানীয় আর টি এ সেখানে টেম্পোরারি বাস দিতে পারেন। এ বিষয়ে সীমাবদ্ধ ঊর্ধ্বতন যে সংখ্যা তা নির্ধারণ করে দেওয়া উচিত। প্রথমত এস টি এ যে জায়গায় তাঁরা নিজেরা জনসেবার জন্য এস টি এ দেবার দায়িত্ব গ্রহণ করেছেন যা এই আইনে লেখা আছে, সেখানে তাদের বলতে হবে আমরা পারলাম না। বা অল্প সময়ের মধ্যে জনসাধারণের সেবার জন্য তাদের দেবার মত বাস নেই। এটা হল একটা শর্ত। আর দ্বিতীয় শর্ত স্থানীয় যে আর টি এ তারা জনসমাজের সেবার দায়িত্ব যে গ্রহণ করেছেন তাঁরা বলবেন আমাদের এতগুলো বাস দিতে হতে পারে। এই আইনে বলা হয়েছে স্টেট গভর্নমেন্টের অনুমোদন নেওয়া দরকার। এখন আমার ভয় হয় এতে স্থানীয় আর টি এ এবং এস টি এ সেক্রেটারি বা গভর্নমেন্ট এই দুয়ের মধ্যে মতানৈক্য হবার সম্ভাবনা রয়েছে। এবং ইতিপূর্বেও আমরা এইরকম ঘটনা দেখেছি। এরূপ হতে পারে। যদি আপনি মনে করেন যে, সাধারণের সেবার জন্য সাময়িকভাবে সরকারী বাস দেওয়া যেখানে সম্ভব হচ্ছে না সেখানে বেসরকারী বা পরিচালনার জন্য অনুমতি দেওয়া দরকার তাহলে সরাসরি গভর্নমেন্টের পর্যায়ে সে ক্ষমতা রাখলেন না কেন? এটার জন্য আবার আর টি এ-র কাছে তাদের যে অথরিটি আছে আইনের বলে সে আইনের অথরিটি বাড়িয়ে না দিয়ে এটা স্টেটের হাতে রাখলেই আমার বিবেচনায় সহজ হত। এমন হতে পারে যে, আর টি এ চাইলেন যে, একটা বাস দেব কিন্তু গভর্নমেন্ট মনে করলেন বর্তমানে পাঁচটা দেওয়া দরকার। আর টি এ চাইলেন যে, যে পার্টিকে দেওয়া, স্টেট গভর্নমেন্ট মনে করতে পারেন এরা ঠিক যোগ্য নয়। এইরকমভাবে নানা হিসাবে আর টি এ-র সঙ্গে স্টেট গভর্নমেন্টএর যে ট্রান্সপোর্ট বিভাগ তাদের মধ্যে এ বিষয় মতান্তর হতে পারে। যেখানে সাময়িকভাবে অনুমোদন দেওয়া হয়েছে সেখানে সরকারী অনুমোদন ছাড়া আর টি এ কাজ করতে পারছেন না। অতএব এখানে সরাসরি আর টি এ-কে না দিয়ে স্টেট গভর্নমেন্টএর হাতে রাখলেই হত।

আমি মনে করি এই যে সাময়িক সুবিধার জন্য অবস্থার বিবেচনায় কাজ করতে হবে সেখানে গভর্নমেন্টের সরাসরি দায় নেওয়া উচিত ছিল, বিশেষত সেক্ষেত্রে যেক্ষেত্রে এস টি এ একটা এলাকায় সেখানের সমস্ত যানবাহনের ভার দেওয়া হয়েছে। এর মাঝখানে আর টি এ আসবার দরকার ছিল না। সরাসরি যখন আইনের পরিবর্তন করলেন তখন সে পাওয়ার সরাসরি স্টেটের হাতে নিলে কোন ক্ষতি হত না। এটা কেন করলেন? তাহলে আমার প্রশ্ন হল তিনটি। এক হচ্ছে, সীমাবদ্ধ এরিয়ায় কতটা এরিয়া ওভারল্যাপ করলে সরকারী এবং বেসরকারী বাস সেখানে চালানোর অনুমতি দেওয়া যেতে পারে, এটা বিশেষ বিবেচনার জিনিস। যদি ১৪ আনায় চলে তাহলে সাধারণের অসুবিধা হবে। যদি ২-৪ আনায় একটার উপর একটায় বেড়ে যায় তাহলে এত ভয়ের কারণ থাকত না। সুতরাং সেদিক থেকে সীমা হওয়া উচিত ছিল। দ্বিতীয়ত কত সংখ্যা দেবেন এটা ভাবা উচিত ছিল। তৃতীয় প্রশ্ন হচ্ছে টেম্পোরারি পারমিট সম্বন্ধে কতদিনের জন্য সেটা ঊর্ধ্বতন সীমা বেঁধে দেওয়া উচিত। আমাদের পূর্বতন সরকার অনুরূপ অবস্থায় অনেকগুলি বেসরকারী বাসকে কলকাতায় চালানোর জন্য অনুমতি দিয়েছিলেন। তারপর যখন তাদের সে অনুমতির সময় চলে গেল তখন সকলে তা নিয়ে হৈ-চৈ আরম্ভ করলেন। এক একটা বাস করতে গেলে ৭০-৭৫ হাজার টাকা খরচ হয়। এটা এমন জিনিস নয় যে, ২-১ মাসের মধ্যে ডাকলেই পেতে পারেন, আর ছেড়ে দিলে তাঁরা সেগুলিকে কাজে লাগাতে পারেন। কাজেই সাধারণ ডাকে জনসেবার দিক থেকে যেমন আমাদের কর্তব্য রয়েছে তেমনি যানবাহন যাঁরা পরিচালনা করেন তাঁদের দিক থেকে বলতে গেলে যেমন সময় খুব কম দেওয়া চলবে না তেমনি দীর্ঘ সময় দিলে আমাদের আসল যে উদ্দেশ্য স্টেট ট্রান্সপোর্টকে কাজ করতে দিচ্ছেন সেখানে সম্পূর্ণভাবে অধিকার তাদের ছাড়া আর কারও আসছে না। সে নীতি ভঙ্গ করবার ভয় আছে। কাজেই টেম্পোরারি জিনিস সম্বন্ধে পরিষ্কার হতে চাই। পূর্বে আমাদের যে আইনের মধ্যে টেম্পোরারি প্রভিশন রয়েছে তার ফলে দেখা যায় সাতদিন করে কোন কোন আর টি এ টেম্পোরারি পারমিট দিতেন একটা জেলা থেকে আর একটা জেলায় যাবার জন্য। এইরকমভাবে ম্যারেজ পার্টি, মেলার জন্য আর টি এ অস্থায়ী পারমিট দিতেন। এমনও আমি দেখছি, এই টেম্পোরারি পারমিট দেবার অধিকারকে তাঁরা উপর্যুপরি এক সপ্তাহ বা দশদিন করে এইভাবে তাঁরা ৩-৪ মাস চালিয়েছেন। টেম্পোরারি পারমিট দিলে তাদের রেট

একটু বেশি দিতে হয়। এতে টেম্পোরারি পারমিট লাইসেন্সএর খরচ বেড়ে যায়—এরকমভাবে টেম্পোরারি পারমিট দেবার যে অপব্যবহার তা যাতে না হয় সেজন্য মন্ত্রিমহাশয়কে বলছি তিনি এ সম্বন্ধে যদি কিছু ভেবে থাকেন যে, এই টেম্পোরারি পারমিট উর্ধ্বতম কত সীমানা এবং কমপক্ষে কতদিন তাহলে সেটা নির্ধারণ করা উচিত। বর্তমান যে অবস্থা তাতে তাদের বাধ্য হতে হচ্ছে বে-সরকারী বাস গ্রহণ করায়। তার জন্য তাঁদের উপর সহানুভূতি থাকা সত্ত্বে আমি এটার দিকে মন্ত্রিমহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে আমাদের আইন সুষ্ঠুভাবে প্রণীত হতে পারে এবং এই আইনের বলে যে ক্ষমতা নেওয়া হবে সে ক্ষমতার অপব্যবহার না হয়, ধন্যবাদ।

[1-50—2 p.m.]

**Shri Hara Prasad Chatterjee:**

মিঃ স্পীকার, স্যার, মটর ভেহিকলস (ওয়েস্ট বেঙ্গল) অ্যামেন্ডমেন্ট অ্যাক্ট, ১৯৬৭, যেটা আমাদের সামনে এখন আনা হয়েছে সেটাকে আমি সমর্থন করছি এবং সমর্থন করে স্যার, আমি দু-একটি কথা বলতে চাই। প্রথম কথা হচ্ছে এই যে, আজ এই আইন করার আগে নিশ্চয়ই মাননীয় মন্ত্রিমহাশয়কে অনেক দুঃখের সাথে এই আইন করতে হচ্ছে। তার কারণ, স্টেট ট্রান্সপোর্ট যখন আমাদের পশ্চিম বাংলায় চালু করা হয়েছিল, তার যে উদ্দেশ্য ছিল সেই উদ্দেশ্য থেকে পূর্ববর্তী কংগ্রেস সরকার এই স্টেট ট্রান্সপোর্ট পরিচালনার অব্যবস্থার জন্য তাকে কিছুটা সরাতে হচ্ছে। কারণ, স্টেট ট্রান্সপোর্ট যে অব্যবস্থার ভিতর চলেছিল যার ফলে দেখা গেল বাসের সংখ্যা এত কমে এসেছে যাতে কলকাতার জনসাধারণের পক্ষে খুবই অসুবিধা হচ্ছে অবশ্য পূর্ববর্তী সরকার ডিফেন্স অফ ইন্ডিয়া রুলে কিছু প্রাইভেট বাসকে স্টেট ট্রান্সপোর্ট এলাকার ভিতর চালু করার ব্যবস্থা করেছিলেন এবং বর্তমান সরকার এই আইন পরিবর্তন করে সেই ক্ষমতা স্টেট ট্রান্সপোর্ট অথরিটির সাথে প্রাইভেট বাস চালানোর ক্ষমতাও হাতে নিচ্ছেন। সেইজন্য জিজ্ঞাস্য থাকবে যে, এই স্টেট ট্রান্সপোর্টকে আবার পূর্বতন অবস্থায় ফিরিয়ে আনা যাবে কিনা এবং কত তাড়াতাড়ি সেটা আনা যাবে মাননীয় মন্ত্রিমহাশয় আমাদের বলবেন। কারণ সেই বুঝে এই আইনকে পরে আরও পরিবর্তন করতে হবে কিনা—টেম্পোরারি পারমিট সম্বন্ধে ডঃ সান্যাল যে কথা বললেন যে, কতদিন দেওয়া যাবে দু' মাসই হোক আর তিন মাসই হোক সে বিষয়ে আমাদের পার নির্ধারণ করতে হবে যে, এই টেম্পোরারি পারমিট স্টেট ট্রান্সপোর্ট আবার তাদের পূর্বতন দায়িত্ব গ্রহণ করতে পারবে কিনা। যদি না পারে তাহলে আবার হয়ত এই আইনকে পরিবর্তন করার ব্যবস্থা করতে হবে এবং সেখানে হয়ত আইনগত অনেক ডিফিকাল্টি আসতে পারে যে ঐ একই জায়গায় স্টেট ট্রান্সপোর্ট এবং প্রাইভেট বাস পারমানেন্ট বেসিসএ দেওয়া চলতে পারবে কিনা সেটা আবার দেখার ব্যাপার হবে। আমার আর একটি বিষয় হচ্ছে এই যে, পূর্ববর্তী সরকার ডিফেন্স অফ ইন্ডিয়া রুলে যেসমস্ত বাস পারমিট ইসু করেছিলেন তার বিরুদ্ধে নানারকম অভিযোগ আছে এবং সরকার থেকে এই কথা বলা হয়েছিল যে, সেগুলি এনকোয়ারি করে তার রিপোর্ট অ্যাসেম্বলির সামনে উপস্থাপিত করতে হবে। সেই এনকোয়ারি কতদূর এগিয়েছে এবং কত তাড়াতাড়ি তার রিপোর্ট আমরা পাব এটা মন্ত্রিমহোদয়ের কাছ থেকে জানতে চাই। আর তিন নম্বর হল যেটা ডঃ সান্যাল মহাশয় বললেন যে, পারমিট দিয়ে যদি আর টি এ-কে প্রাইভেট বাস চালাতে হয় তাহলে রুলে সে ক্ষমতা আর টি এ-র আছে কিনা যদি থাকে তাহলে সেই ক্ষমতা সরকারের হাতে রাখার ব্যবস্থা ঠিক হবে না। তবে আগে যে টেম্পোরারি পারমিট ছিল—উনি ঠিকই বললেন যে বিবাহ বা অন্য কোন কারণে এক-দুই-তিন দিনের জন্য পারমিট দিতেন, কিন্তু বর্তমান ক্ষেত্রে এই আইন পরিবর্তনের জন্য এই পারমিটের মেয়াদ আরও কিছুদিন বাড়ানো সম্ভব হবে কিনা—তাতে কিছু অসুবিধা হবে না হয়ত সেটা ১-২-৩ মাস করা যাবে। কিন্তু যদি এগুলিকে পারমানেন্ট বেসিসে করতে হয় তাহলে তার যে পদ্ধতি, সেই পদ্ধতি অবলম্বন করতে প্রায় চার মাস সময় লাগবে সেটা অবশ্য সরকার বলবেন এবং সরকারকে পারমিশন নিতে হবে আর টি এ-র কাছ থেকে। পারমানেন্ট বেসিসে করতে গেলে তাকে পুনরায় অ্যাপ্লিকেশন ইনভাইট করে তার যেসমস্ত ফরমালিটিজ আছে সেগুলি অবজারভেশন করতে প্রায় চার মাস সময় লাগবে। তাহলে সেই টেম্পোরারি পারমিটএ চার মাস চলতে দেবার ব্যবস্থা করতে হবে। সেইজন্য এগুলি সম্বন্ধে আমরা জবাব পেলে আমাদের আরও সুবিধা হবে।

**Shri Robin Mukherjee:**

মাননীয় স্পীকার মহাশয়, যে প্রসঙ্গটি এখানে আলোচিত হচ্ছে সেটা এমনই একটা বিষয় যে, আমাদের মত যাঁরা দৈনিক বাসে যাতায়াত করেন তাঁদের আলোচনায় অংশ না গ্রহণ করে উপায় নেই। এই বিষয়টা সম্পর্কে যে কয়টা কথা উঠেছে তা নিয়ে আমি আর আলোচনা করতে যাচ্ছি না। কিন্তু যেটা ঘটনা হিসাবে আমার জানা আছে সেটা হচ্ছে এই যে, অনেকগুলো বাসের পারমিট দেওয়া হয়েছিল এমন একটা সময়ে যে সেই সময় যাত্রীসাধারণের কথা যত না ভাবা হয়েছিল তার থেকে স্টেট ট্রান্সপোর্ট এমপ্লয়িজদের তদানীন্তন কালে যে স্ট্রাইক চলছিল সেটাকে প্রধানতঃ ভাঙ্গার জন্য এই ডি আই রুল প্রয়োগ করে বাস ইত্যাদি রাস্তায় বার করার চেষ্টা হয়েছিল। আমি মন্ত্রিমহাশয়কে এই প্রসঙ্গে এটা স্মরণ করিয়ে দিতে চাই যে, এই বাসের ব্যাপারে পরবর্তীকালে আমরা লক্ষ্য করে দেখেছি যে, আমাদের বিরোধীপক্ষের যাঁরা আজকে অ্যাবসেন্ট বলা যায়, তাঁরা পাঞ্জাবী বাঙ্গালী বা পঞ্জাবীদের আমাদের যুক্তফ্রন্ট সরকারের বিরুদ্ধে মোবিলাইজ করার জন্য তাঁরা চেষ্টা করেছিলেন। কাজেই যেসমস্ত বাসগুলো আছে সেই বাসগুলো কেন রাস্তায় নামছে না এই কথাও আমি আমার অনেক পাঞ্জাবী বন্ধুদের মধ্যে শুনতে পেয়েছি। সুতরাং আমি আশা করব এই বিধিব্যবস্থা এমনভাবে দ্রুত হবে যাতে এই যে আমাদের যাঁরা বিরোধীপক্ষ, এটাকে আমাদের যুক্তফ্রন্টের বিরুদ্ধে যেন প্রয়োগ করতে না পারেন। এটা একটা বাস্তব ঘটনা যেটা স্মরণে রাখা দরকার। তারপর কথা হচ্ছে যেটা এখন কিছু কিছু বলা হয়েছে—আমার কনসিডারেশন হচ্ছে সোজা এই যে বাস কলকাতার বা পশ্চিম বাংলার যেখানে চলবে সেটা যাত্রীসাধারণের কথা যেটা পূর্ববর্তী সরকার তাঁরা প্রধানতঃ খেয়ালে আনতেন না, যেভাবে বাস পারমিট দেওয়া হোক না কেন সেই বাস পারমিট এমনভাবে বণ্টন করা হয়েছে যা নিয়ে বহু অভিযোগ আছে এবং সেই সম্পর্কে তদন্ত হচ্ছে, আমরা রিপোর্ট পেলে সেই সম্পর্কে হয়ত আমাদের বক্তব্য বলবার সুযোগ হতে পারে কিন্তু প্রধান এবং শেষ কথা হচ্ছে যে, যাত্রীরা কিসে উপকৃত হবে? কলকাতার রাস্তায় দৈনিক যে পরিস্থিতির মধ্যে যাত্রীরা চলাফেরা করতে বাধ্য হন এবং বাসে চড়েন তা ছাড়া ট্রামের অবস্থা যেভাবে ডেটেরিয়েট করছে, এই সমস্তগুলো যাতে খেয়ালে আনা হয় তাহলে আমাদের কাছে এটা আদৌ সমস্যা নয়। যে কোন একটা বাসরুটে আরও কয়েকটা বেসরকারী বাস চালানো হবে কি হবে না সকলের আগে এটা কনসিডারেশনে আনতে হবে। সেই সমস্ত রুটে যাত্রীদের অবস্থা কি, সেখানে যদি দেখা যায় একই রুটে আইনের যদি কোন ধারায় অসুবিধা থাকে তাহলে সেটা অপসারণ করতে হবে এবং সেই রুটে যদি প্রয়োজন হয় যাত্রী-সাধারণের স্বার্থে সরকারী বাসের সঙ্গে বেসরকারী বাসের ব্যবস্থা করতে হবে। তা ছাড়া আমার নিজের এই ধারণা দাঁড়িয়েছে দীর্ঘকাল যাবৎ এই স্টেট বাস পরিচালনার ব্যবস্থার মধ্য দিয়ে যে তার অধিকাংশ গাড়ি অব্যবহার্য অবস্থায় চলে আসছে। আজকে যদি পাশাপাশি বাস চলে তাহলে দেখা যাবে এবং আমরা একটা অ্যাসেস করতে পারব যে, সরকারী এবং বেসরকারী বাস চালানোর মধ্যে কোথায় কোন জায়গায় ত্রুটি রয়েছে যার মধ্যে দিয়ে সম্ভবত প্রচণ্ড প্রচুর যে লোকসান আমাদের সরকারী বাসের পরিচালনা ব্যাপারে দিতে হয়েছে, তার হয়ত অনুসন্ধান করে তথ্য ইত্যাদি পাব। আমি পরিশেষে মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব যাই তাঁরা করুন না কেন যাকেই বাস পারমিট দিন না কেন, বাস পারমিট দেবার ব্যাপারে যে প্রচণ্ড অভিযোগ আছে সেই অভিযোগের তদন্ত হওয়া দরকার এবং আগামী দিনে যাদের দেবেন তাদের কিভাবে ভবিষ্যতে দেওয়া হবে সেটা বিবেচিত হওয়া দরকার। সঙ্গে সঙ্গে শেষ কথা হচ্ছে যে যাত্রীসাধারণের কথা বিবেচনা করে বাসের রুট কোন জায়গায় কি বাস চলবে না চলবে এটা লিপিবদ্ধ করার বিশেষ দরকার আছে। এইসব বিষয়ে দৃষ্টি আকর্ষণ করবার জন্য আমি এই কয়েকটি কথা বলে আমার বক্তব্য শেষ করলাম।

[2—2-10 p.m.]

**Dr. Radha Krishna Sinha:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রিমহাশয় যে বিলটা এনেছেন সেটাকে আমি সমর্থন জানিয়ে নীতিগতভাবে ওঁকে একটি অনুরোধ করব। প্রথম হচ্ছে পশ্চিমবঙ্গে যখন আমরা স্টেট ট্রান্স-পোর্ট করপোরেশন করি, তখন কতকগুলি অসুবিধার কথা চিন্তা করে এটা করা হয়েছিল।

প্রথম হচ্ছে প্রাইভেট বাসওনাররা যাত্রীদের উপর অত্যন্ত অত্যাচার ও যথেচ্ছাচার করত এবং সবচেয়ে বড় কথা হল আমরা সবাই জানি তখন সময়ের কোন মূল্য তাদের কাছে ছিল না। যখন প্রাইভেট ওনারশিপ থেকে স্টেট ট্রান্সপোর্টে নিয়ে এলাম এবং আবার যখন সেখানে প্রাইভেট ওনারশিপে ফিরে যেতে হচ্ছে আমাদের মুনাফা করার মধ্যে, সেখানে মূলগত প্রশ্ন হচ্ছে স্টেট ট্রান্সপোর্টকে বড় করা এবং জোরদার করা এবং ভবিষ্যতে প্রাইভেট ওনারশীপ থেকে সম্পূর্ণ মুক্ত হওয়া—এটা আমাদের সব সময় লক্ষ্য রাখতে হবে। কারণ, আমরা দেখেছি ভারতবর্ষের অন্যান্য যেসমস্ত স্টেট আছে তাঁরা সেখানে যে স্টেট ট্রান্সপোর্ট করপোরেশন করেছেন, সেখানে তাঁরা লাভ করছেন এবং সেখানে তাঁরা যাত্রীসাধারণের জন্য অনেক সুবিধা দিয়েছেন। আমি মন্ত্রিমহাশয়কে বলব যখন বিহার, মাদ্রাজ ও অন্যান্য সমস্ত স্টেট ট্রান্সপোর্ট করপোরেশনকে একটা ফুল ফ্লেজেড ইউনিট হিসেবে তৈরি করতে পেরেছেন তখন আমাদের বাংলাদেশে কেন তা হচ্ছে না? কোথায় অসুবিধা হচ্ছে? কোথায় বড় গলদ? আর কেনই বা এগারোশো বারশো বাসের মধ্যে বেশির ভাগ বাসই গ্যারেজে আছে রাস্তার চেয়ে? আমি বলছিলাম তিনি যে নীতি নিয়েছেন এটার একটা টেম্পোরারি ফেজ হিসেবে নিতে হবে পারমানেন্টলি নয়। আমরা যে উদ্দেশ্য প্রাইভেট বাস ওনারশিপ থেকে স্টেট ট্রান্সপোর্ট হাতে নিয়েছিলাম যাত্রীদের সুবিধা দেবার জন্য ও তাদের অত্যাচার থেকে রক্ষা করবার জন্য আমরা যেন সেখানে যেতে পারি এবং অন্যান্য স্টেটের মত আমরা প্রত্যেক রুটে কি শহর কি পাড়াগাঁয়ে এই স্টেট ট্রান্সপোর্ট নিজের হাতে নিতে পারে সেটা লক্ষ্য রাখতে হবে। এটা যেন একটা টেম্পোরারি মেজর হিসেবে যাত্রীসাধারণের সুবিধার জন্য তিনি করতে পারেন।

**Shri Jyoti Basu:**

মাননীয় স্পীকার মহাশয়, আমি প্রথমেই এটা পরিষ্কার করে দিতে চাই আমি বিগত অধিবেশনে যা বলেছিলাম এখনও তাই বলছি আমরা এটা কোন নীতি হিসেবে গ্রহণ করি নি যে, রাষ্ট্রীয় পরিবহণ বিভাগকে উঠিয়ে দেবার রাস্তায় যাওয়া বরং ঠিক তার উল্টোটা। আমি চাই এটা প্রতিষ্ঠিত থাকুক এবং আরও চাই যাতে অন্যান্য জায়গায় প্রসারলাভ করতে পারে। আমি আগেও বলেছি এখনও বলছিলাম এমন একটি অবস্থা সৃষ্টি হয়েছে এই রাষ্ট্রীয় পরিবহণ বিভাগে যে দুঃখের সঙ্গে বলতে হচ্ছে, একটা ক্ষোভের সঙ্গে বলতে হচ্ছে জনসাধারণ অসীম অসুবিধার মধ্যে পড়েছে এবং আমাদের যতগুলি বাস আছে, আমি বলব তার প্রায় অর্ধেক অকেজো হয়ে পড়ে আছে। হয়ত যেগুলি অকেজো হবার কথা নয়, সেগুলিও অকেজো করে রাখা হয়েছে। এইরকম অবস্থার মধ্যে এটা আছে। এমন বাস কেনা হয়েছে বিলেত থেকে, যা এখন আর বিলেতে চলে না। এখন যদি তার স্পেয়ার পার্টস কিনতে চাওয়া হয়, তা পাওয়া যাবে না। তা ছাড়া প্রয়োজনীয় ফরেন এক্সচেঞ্জও আমাদের নাই। সেইজন্য এই বাসগুলি আমরা গ্রহণ করতে পারছি না। এই অবস্থার মধ্যে আমরা পড়ে আছি। এইরকম অবস্থা যখন দাঁড়িয়েছে তখন প্রথম কথাটা আমাদের কি? প্রথম কথা হচ্ছে জনসাধারণের সুবিধা কিসে হবে সেটা দেখা। আমাদের যদি দু বছর লাগে বা তিন বছর লাগে এই অবস্থা থেকে পরিত্রাণ পেতে, এই অবস্থা থেকে বেরিয়ে আসতে, ততদিন কি জনসাধারণকে অসুবিধা ভোগ করতে হবে? এটা সরকারের কাছে সবচেয়ে বড় প্রশ্ন হিসেবে দেখা দিয়েছিল। সেইজন্য সরকার এই সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে, জনসাধারণকে আমরা দীর্ঘদিন অসুবিধার মধ্যে ফেলে রাখতে পারি না। যে অপরাধ কংগ্রেস সরকার করে গেছেন, তার জন্য জনসাধারণকে আমরা কেন এই-রকম দুঃসহ অবস্থার মধ্যে ফেলে রাখব? সেইজন্য দুঃখের সঙ্গে এই নীতি আমাদের গ্রহণ করতে হয়েছে। এটা অস্থায়ী হলেও কিছু প্রাইভেট বাস আমাদের দিতেই হবে। তার মোটামুটি হিসেব একটা করতে গিয়ে দেখেছি প্রায় পাঁচশো বাস দিতে হবে কলকাতায় এবং তার আশেপাশে অতিরিক্ত। আমি সঠিক সংখ্যা এখন বলতে পারব না। কারণ আমরা সম্প্রতিকালে আর টি এ যা তৈরি করেছি সেই আর টি এ ২৪-পরগনা এবং কলকাতা নিয়ে, তার সদস্যরা বসে এর সব খুঁটিনাটি হিসেবনিকেশ করছেন।

২৪-পরগনা অঞ্চল থেকে যে বাসগুলি কলকাতার দিকে আসছে তারা কোন্‌খান দিয়ে প্রবেশ করবে, কোথায় যাবে, কোন্ রুটএ বাস বাড়ানোর প্রয়োজন আছে, তা কোথায় কি রকম দিতে হবে ; রাস্তাঘাট কোথায় কি রকম আছে, জনসাধারণের চাহিদা কি রকম আছে, এই সমস্ত বিষয় নিয়ে ও'রা আলোচনা করছেন। এবং কলিকাতার মধ্যে আমাদের পরিবহন বিভাগ

যেসব রুটে বাস চালাচ্ছেন, সেইসব পরিবহন বিভাগ এবং আর টি এ-র প্রতিনিধিগণ একত্রে বসে একসঙ্গে মিটিং হয়ে গিয়েছে যে কি করে পুনর্বিন্যাস করা যায়, এইসমস্ত রুটগুলি কোথায় কিরকম করতে হবে। যেকথা পূর্বে ডঃ সান্যাল মহাশয় বলেছিলেন এবং আজও বলেছেন, যে একটি অঞ্চলের মধ্য দিয়ে, একটা রুটের মধ্য দিয়ে দুটো বাস হয়ত চলছে, অন্তত খানিকটা পথ এগুলির পুনর্বিন্যাস কি করে করতে হবে, তা নিয়ে তাঁরা আলোচনা করছেন এবং আশা করা যায় যে, অল্পদিনের মধ্যেই তাঁরা এর ব্যবস্থা করবেন। কাজেই এখন পুঙ্খানুপুঙ্খরূপে এই সমস্ত কথার উত্তর দেওয়া আমার পক্ষে সম্ভব নয়। তবে ও'রা যা আলোচনা করেছেন, তার রিপোর্ট খানিকটা আমি পেয়েছি। ও'রা ঠিক করে নিয়েছেন যে, যাতে কোথায়ও ওভারল্যাপিং না হয়। এইভাবে তাঁরা ঠিক করছেন যে বেশি অঞ্চলে, যেখান থেকে প্রাইভেট ও পরিবহন বিভাগের বাস একসঙ্গে যাতে না আসে। এইরকম সব ব্যবস্থা তাঁরা করছেন, সেটা কিছুদিনের মধ্যেই আমরা জানতে পারব।

তারপর এখানে যে দু-চারটা প্রশ্ন বা সন্দেহ তোলা হয়েছে সে সম্বন্ধে আমি বলতে চাই যে টেম্পোরারি পারমিট অস্থায়ীভাবে যেগুলি দেওয়া হচ্ছে, এ সম্বন্ধে আমরা আগেই আইন করে ঠিক করেছি যে, চার মাসের বেশি হবে না। আপ টু ফোর মান্থস, দুই মাসও হতে পারে চার মাসও হতে পারে এবং পরবর্তীকালে যেগুলি দেওয়া হবে, যেগুলি পারমানেন্ট বলে বলা হয়। সেগুলি তিন বছরের জন্য দেওয়া হবে। এখন আমাদের এইরকম দুটো স্টেজ হচ্ছে। এই অর্ডিন্যান্সটি আনতে হয়েছিল কেন? তার কারণ তখন অ্যাসেম্বলির সেসন ছিল না। এখন তাহলে এই আইনটা আবার কেন করতে হচ্ছে? আমাদের যদি স্থায়ী ভিত্তিতে, পারমানেন্ট বেসিসএ বাসের পারমিট অনুমোদন করতে হয় তাহলে আমরা দেখলাম অনেক সময় লেগে যাবে। তিন-চার মাস সময় লেগে যাবে। তাই এই হিসাবনিকাশ করলাম—গত অধিবেশন থেকে আজ পর্যন্ত অনেক সময় পেরিয়ে গেলেও, তাড়াহুড়া করে কিছু করতে পারলাম না, অনেক হিসাবনিকাশ নিতে হল, কাগজপত্র সংগ্রহ করতে হল, তখন দেখা গেল কাজকর্ম করতে আর দেরি করা যায় না; সেইজন্য কয়েকদিনের মধ্যেই আমরা ভেবেছিলাম, এই মাসের শেষে দিয়ে দেব। ৩০০ বাস এখন চলছে, হয়ত আরও ২০০খানা বাস দিতে হবে। মোটামুটি আমি বলছি। এটা আর টি এ-রা বসে ঠিক করছেন, সেটা অস্থায়ীভাবে হতে পারে তার জন্য বলছি। কাজেই এটা চার মাসের বেশি হবে না। এবং তার সংখ্যা ৩০০, এইরকম হবে। ইতিমধ্যে কিছু ক্যানসেল করা হয়েছে, কাগজপত্রে নানারকম গোলমাল পাওয়া গিয়েছে। সে সম্বন্ধে আমি পরে বলব। বর্তমানে প্রায় ৩০০টি বাস চলছে, হয়ত আরও ২০০টি বাসের পারমিট দিতে হবে।

[2-10—2-20 p.m.]

কাজেই নূতন ২০০ ধরে নিতে পারেন এবং আমাদের সরকারী পরিবহণ বিভাগের যা আছে, এফেক্টিভ বাস যা বর্তমানে চলে তা প্রায় সাড়ে ছয়শত কি সাতশত, এর বেশি চলে না। এর মধ্যে মেরামতের অভাবে, নানা কারণে সেগুলি অনেক সময় রাস্তায় বিকল হয়ে যায় সেটা আপনারা জানেন। এ সম্বন্ধে আমি বিশেষ কিছু বলতে পারছি না, কারণ ইতিমধ্যে পূর্বতন সরকার একটা ইভ্যালুয়েশন কমিটি করেছেন, তাঁরা একটা রিপোর্ট আমাদের দেবেন বলেছেন, আমরা আশা করছি সেই রিপোর্ট এই মাসের শেষে পেয়ে যাব। সেই রিপোর্ট পেলে আমরা সঠিকভাবে বুঝতে পারব সরকারী বাস চালানো সম্বন্ধে আমাদের সরকারের কি করণীয় আছে, আমরা আরও কত তাড়াতাড়ি বেশি বাস কিনব কিনা এবং কোন্ রুট কোন্ অঞ্চল দিয়ে আমরা সেইসব বাস চালাব, এইগুলি আমরা করতে পারব। তারপরে আমাদের রাষ্ট্রীয় পরিবহন সংগঠনের পরিবর্তন যদি কিছু করতে হয় তা আমরা করতে পারব ইভ্যালুয়েশন কমিটির রিপোর্ট পেলে পর, তার আগে আমরা কিছু করতে পারি না। যেটা ভয় করা হচ্ছে যে, যদি আর টি এ-র সঙ্গে স্টেট গভর্নমেন্টের একটা বিরোধ দেখা দেয়, মতপার্থক্য দেখা দেয় তাহলে এটা সমস্তটাই সরকারের হাতে নিয়ে নিলে হত। এইরকম বিরোধ দেখা দেওয়ার বিশেষ কিছু সম্ভাবনা নেই বলেই আমার মনে হয়। যেমন অন্যান্য জেলায় আর টি এ-র আছে তেমনি আমরা এখানে রাখতে পারতাম সরকারের হাতে কিন্তু আমি মনে করি চব্বিশপরগনা এবং কলকাতার বাস চলাচলের ব্যাপারে সেখানকার আর টি এ-র হাতে যেমন অন্য জেলায় আছে সেইভাবে রাখলে অসুবিধা হবে না।

কারণ আমাদের সরকারের প্রতিনিধিরা সেখানে আছেন, বেসরকারী প্রতিনিধিরা আছেন, বিভিন্ন বন্ধুরা সেখানে আছেন, সব একসঙ্গে বসে তাঁরা সঠিকভাবে করতে পারবেন বলে আমরা মনে করি। তারপর শ্রীহরপ্রসাদ চ্যাটার্জি যে প্রশ্ন করেছেন সে সম্বন্ধে আমার যেটা কথা, সেটা আগেই জানিয়ে দিয়েছি যে, নীতি হিসাবে আমরা এটা এখনও গ্রহণ করি নি। জনসাধারণের সুবিধার জন্য এইরকম চলবে সাময়িকভাবে, আমাদের রাষ্ট্রীয় পরিবহন বিভাগ আমরা কমিয়ে সব আর প্রাইভেট বাসগুলকে ক্রমশ বাড়িয়ে দেব এটা কোনদিন ঠিক করি নি, বরং এর উল্টোটা ঠিক করেছি, কত তাড়াতাড়ি এই ব্যবস্থা আরও ভাল করে আরও এগিয়ে যেতে পারে, আরও বেশি পরিবহন বিভাগের বাসের ব্যবস্থা করতে পারে। তারপরে শ্রীরবীন মুখার্জী এবং আরও একজন এই প্রশ্ন তুলেছেন যে, অনেক রকমের আমাদের কাছে অভিযোগ আসে, অনেক প্যাসেঞ্জার্স অ্যাসোসিয়েশন আছে তাঁরা আমাদের কাছে অভিযোগ করেন, এ সম্বন্ধে আমি বলতে পারি, এই বিলের সঙ্গে এই অভিযোগগুলির কোন সম্পর্ক নেই তবুও যখন প্রশ্ন করা হয়েছে তখন বলছি যে, এইসমস্ত অভিযোগগুলি আমাদের কাছে এসেছে আমরা সেটা দেখেছি, পড়েছি, আমরা আর টি এ-কে বলেছি যে, এইসব অ্যাসোসিয়েশনের সঙ্গে বসে যেসব অভাব-অভিযোগ, অসুবিধার কথা আছে, যেমন এর মধ্যে বেসরকারী বাসের প্রশ্ন আছে, রুটের কথা আছে, কোন অঞ্চল দিয়ে বাস যাবে তার কথা আছে, স্টপেজের কথা আছে, এইগুলি নিয়ে তাঁরা যেন জনপ্রতিনিধিদের সঙ্গে বসে কথাবার্তা বলে তার ব্যবস্থা করেন এবং তাঁরা সেগুলি দেখছেন যাতে করে সেই ব্যবস্থা করতে পারেন জনসাধারণের সুবিধার জন্য, যাই হোক এর বেশি এখন আমার আর বিশেষ কিছু বলার নেই, আমি শুধু এইটুকু বলছি যে, আগামী অল্পদিনের মধ্যে আমি আশা করছি যে, যাঁরা এইসব ব্যবস্থা করছেন আর টি এ তাঁরা আমাদের সকলকে বলতে পারবেন কতটা বাসের জন্য তাঁরা কি ব্যবস্থা করলেন। আর একটা কথা বলা হয়েছে, একটা এনকোয়ারি করার কথা বলেছিলাম, আমরা সেটা করেছি, তার রিপোর্ট একটা আমার কাছে এসেছে, শ্রী আর গুপ্ত, আই-সি-এস তাঁকে দিয়ে একটা এনকোয়ারি করিয়েছিলাম যে প্রাইভেট বাস কিভাবে চলছে, কোন আইনে চলছিল, কি তাতে আছে, এইসব বিষয়বস্তু নিয়ে উনি একটা এনকোয়ারি করেছিলেন। উনি একটা রিপোর্ট আমার কাছে দিয়েছেন, কালকে কি পরশু, সেটা দেখছি, পরে নিশ্চয়ই আপনাদের সেটা জানাব এবং আমাদের নিজস্ব যে রিপোর্ট আছে সেগুলিও আমরা আপনাদের কাছে জানিয়ে দেব। এটাই হচ্ছে আমার মোটামুটি বক্তব্য।

The motion of Shri Jyoti Basu that the Motor Vehicles (West Bengal Third Amendment) Bill, 1967, be taken into consideration was then put and agreed to.

**Mr. Speaker:** There are no amendments to clauses 1, 2, 3, 4 and Preamble. So I put the clauses and the Preamble.

*Clauses 1 to 4 and Preamble*

The question that clauses 1 to 4 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Jyoti Basu:** Sir, I beg to move that the Motor Vehicles (West Bengal Third Amendment) Bill, 1967, as settled in the Assembly, be passed.

**Shri Bazle Ahmed:**

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় তাঁর বক্তৃতার সময় বললেন যে, প্রায় অর্ধেক সংখ্যক সরকারী বাস অব্যবহার্য হয়ে পড়ে আছে এবং সেগুলি স্পেয়ার পার্টসের অভাবেই পড়ে আছে এবং এর মধ্যে কিছু গাড়ি এমন অবস্থায় পড়ে আছে যেগুলি চালান যায় অথচ চালান হচ্ছে না। আমার বক্তব্য এই যে, স্পেয়ার্স পার্টসের অভাব আমাদের আছে, ফরেন এক্সচেঞ্জের অভাব আছে সুতরাং বিদেশ থেকে স্পেয়ার পার্টস আমদানি করার আশা নেই। বিশেষ করে কিছু কিছু মডেলের গাড়ি যেগুলি আমাদের দেশে চালু আছে, অথচ বিদেশে ঐ মডেলের গাড়ি আর চলছে না, ডিসকন্টিনিউ করে দেওয়া হয়েছে, সেগুলি আমাদের এখানে অচল হয়ে পড়ে আছে। আজকে যাত্রীসাধারণের কথা চিন্তা করে অচল গাড়িগুলি চালু করার জন্য সেই

ধরণের স্পেয়ার পার্টস এখানে তৈরি করার জন্য এখানকার অটোমোবাইল এক্সপার্ট এবং এখানকার স্থানীয় ইঞ্জিনীয়ারিং কারখানাগুলির সঙ্গে কনট্যাক্ট করে যদি সেই ধরনের প্রয়োজনীয় স্পেয়ার পার্টস এখানে তৈরি করার অ্যারেঞ্জমেন্ট করা যায় তাহলে নিশ্চয়ই আমাদের বর্তমানে যে অসুবিধা আছে সেটা আমরা কাটিয়ে উঠতে পারব। সরকারী গাড়ি অনেকগুলি অব্যবহার্য হয়ে পড়ে আছে অথচ সরকার নীরব দর্শক হয়ে বসে থাকবেন এটা আমরা চাই না। আমরা চাই সরকার থেকে ইনিসিয়েটিভ নিয়ে এগুলিকে নূতন করে মেরামত করে রাস্তায় চালানো হোক যাতে করে কলকাতা এবং যেখানে যেখানে গাড়ির দরকার সেখানকার যাত্রীসাধারণ ভালভাবে নিরাপদে যাতায়াত করতে পারেন। এটাই আমার বক্তব্য।

**Shrimati Geeta Mukhopadhyay:**

মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মারফৎ আমি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের কাছে কয়েকটি অনুরোধ উপস্থিত করতে চাই। এই যে নীতি থেকে ব্যতিক্রম হিসাবে যে প্রস্তাব আমরা গ্রহণ করতে চাইছি সেটা আমরা বাধ্য হয়ে করছি, আমার তাতে পূর্ণ সম্মতি আছে। কিন্তু সেই সম্মতি যদি আমাদের সকলকে সাময়িক করতে হয় তাহলে যে প্রশ্ন ইতিমধ্যে বহু মাননীয় সদস্য তুলেছেন আমিও সেই প্রশ্ন আবার তুলতে চাই। যেসমস্ত গাড়ি অকেজো হয়ে পড়ে আছে তাকে কার্যকরী করবার জন্য স্পেয়ার পার্টএর ব্যাপারে আমার আগে যে বক্তা বলেছেন তাঁর বক্তব্য যেমন গুরুত্ব-পূর্ণ তেমনি আমি মনে করি এই জিনিসগুলি আসলে যদি দমন করতে হয় তাহলে ঐ জায়গায় তার শ্রমিকদের কাউন্সিল করে তাদের হাতে ম্যানেজমেন্টের ব্যাপার যদি না নিয়ে আসা যায় তাহলে এ প্রশ্নের আমরা সমাধান করতে পারব না। আর একটি গুরুত্বপূর্ণ প্রশ্ন এই ব্যাপারে আছে যে ক্রমশ শ্রমিকদের অধিক অধিকারের দায়িত্ব, তাদের রাষ্ট্রীয় সম্পত্তি রক্ষা করার উপযুক্ত-ভাবে দায়িত্ব দেওয়া উচিত। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব যে, তাঁর নিজের বিভাগে এই সুযোগ যখন আসছে তখন আমরা যাতে আরও তাদের এই ব্যাপারে অধিকার দিই, প্রকৃতপক্ষে সরকারী সম্পত্তিকে রক্ষা করার জন্য এবং জনকল্যাণে তাকে অধিকতর কার্যে খাটানোর জন্য যাতে ব্যবস্থা করতে পারি এই বিষয়টা তিনি যেন বিচার করে দেখেন।

[2-20—2-30 p.m.]

**শ্রীফকিরচন্দ্র রায়:** মাননীয় স্পীকার মহাশয়, ডিস্ট্রিক্টে ডিস্ট্রিক্টে আর টি এ গঠন করার সময় তাতে অফিসিয়াল তো থাকবেনই, নন-অফিসিয়ালও থাকবেন, আমার বন্ধুরাও থাকবেন। স্থানীয় যাঁরা রেসপেক্টেড পাবলিক মেন আর টি এ গঠনের সময় তাঁরা যাতে এতে স্থান পান সেদিক থেকে আমি মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আর দেখা যায় যে, আর টি এ একটা পারমিট হয়ত ইসু করলেন কিন্তু এমনও দেখা গিয়েছে যে, সেই পারমিটের বিরুদ্ধে স্টেট ট্রান্সপোর্টের কাছে অ্যাপীল হল, আবার সেই অ্যাপীলের বিরুদ্ধে হাইকোর্টে অ্যাপীল গেল।

যাত্রীসাধারণের সুবিধার জন্য স্টেট ট্রান্সপোর্ট-এর কাছে অ্যাপীল, হাইকোর্ট-এর কাছে অ্যাপীল, হাইকোর্টের সঙ্গে স্টেট ট্রান্সপোর্ট-এর দ্বন্দ্ব নিয়ে বাসের জন্য যে পারমিট ইসু করা হল দেখা গেল অনেক সময় সেই বাস পথে নামল না। এই যে একটা অবস্থা, এই অবস্থা যাতে বার বার না ঘটে সেদিকে নজর রেখে দরকারমত রুলস সংশোধন করা দরকার যদি হয়, তা যেন করা হয় এই কথা মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে রাখতে চাই।

বাসের পারমিট কাকে দেওয়া হবে? আগেকার গভর্নমেন্ট দেখা যেত পলিটিক্যাল সাফারারস-দের জন্য বাসের পারমিট ইসু করছেন। কিন্তু অধিকাংশ ক্ষেত্রে এইসব মানুষের টাকাকড়ি নেই টাকার জন্য অন্য ধনী লোকের হাতে তাদের পড়তে হয়। যদি পলিটিক্যাল সাফারিংসএর গ্রাউন্ডএ পারমিট দেওয়া হয়, তাহলে সরবরাহের দায়িত্বও গভর্নমেন্টের নেওয়া দরকার বা নিতে পারা যায় কিনা মাননীয় মন্ত্রিমহাশয় সেটা বিবেচনা করে দেখবেন। ব্যক্তিবিশেষকে বাসের পারমিট না দিয়ে সমবায়- যদি সমবায়ে সুবিধা না হয় যদি প্রাইভেট লিমিটেড কোম্পানী বা অন্য কোন জনহিতকর প্রতিষ্ঠান বাসের পারমিট চান তাঁরা যাতে তা পেতে পারেন বাস পারমিট ইসু করার সময় পলিসি সম্পর্কে যে ডাইরেকশনস দেওয়া হবে এই কথাটা যেন মন্ত্রিমহাশয় বিবেচনা করে দেখেন।

**Shri Gangadhar Pramanick:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বেসরকারী বাস দেবার জন্য মাননীয় মন্ত্রিমহাশয় তাঁর উদ্দেশ্য বা আরগুমেন্ট যা রেখেছেন সেখানে তিনি বলেছেন ৫৫০-এর মত বাস বিকল হয়ে আছে—তার কারণ তার পার্টস সংস্থান করবার মত ফরেন এক্সচেঞ্জ নেই, বাসও তাই আনতে পারছেন না এবং এই-জন্য প্রাইভেট এন্টারপ্রাইজএ বাস দেবার মনস্থ করেছেন। আমার কথা হচ্ছে বাস প্রাইভেট এন্টারপ্রাইজ যেটা পাবে সেটা কোথা থেকে পাবে? এখানে যেটা তৈরি হচ্ছে সেইটেই পাবে বা ফরেন এক্সচেঞ্জএর পারমিশন নিয়ে ব্যবস্থা করবে। এখানে যে বাস তৈরি হয়, তা যদি প্রাইভেট পার্টি পেতে পারে তাহলে প্রাইভেট পার্টিকে তা না দিয়ে সরকার কেন চালাবেন না? সরকারের বিবেচনা করা উচিত প্রাইভেট পার্টি না দিয়ে নিজেদের তরফ থেকে যদি এখানে চালানো যায় তাতে সুবিধা হয় কিনা। এই আমার বক্তব্য।

**Shri Provash Chandra Roy:**

মাননীয় স্পীকার মহাশয়, আমার বক্তব্য হচ্ছে যে, অনেকগুলি বাস নাকি নির্বাচনের সময় কিছু কিছু বাস পারমিট পেয়ে সেগুলি চালু হয়েছিল। কতকগুলি বাস ছিল যেগুলি পারমিট না পাওয়ার জন্য চালু হতে পারে নি এখনও পর্যন্ত। এরকম অনেকগুলি বাস আটকে আছে। তারা আবেদন করেছে, চেষ্টা করছে যাতে তারা বাস পারমিট নতুন করে পেতে পারে। আমরা জানি যাদের বাস আটকে রয়েছে—এর মধ্যে এমন কতকগুলি আবেদনকারী আছেন যাঁদের ৩-৭টি লরি রয়েছে, ট্যাক্সি রয়েছে এমনকি বাসও রয়েছে। তারা আবার কংগ্রেস সরকারের আমলে আরও ২-৩টি বাসের পারমিট পাবার জন্য আবেদন করেছিল। আমাদের বর্তমানে যিনি ট্রান্সপোর্ট মন্ত্রী আছেন তাঁর কাছে আমি আপনার মাধ্যমে আবেদন করতে চাই যে, এই ধরনের আবেদনকারী যাদের ২-৩টি বাস, লরী ট্যাক্সি আছে তারা আবার যাতে পারমিট না পায় সেটা তাঁর দেখা দরকার। দ্বিতীয়তঃ আমি জানি যে এরা চোরাকারবার করে এই সব টাকা উপার্জন করেছে। এইভাবে টাকা রোজগার করে কংগ্রেস আমলে তারা বাস পারমিট পাবার চেষ্টা করেছিল। সুতরাং তাদের ক্ষেত্রে তদন্ত করে—যারাই আবেদন করছে তাদের প্রত্যেকটি কেস ভালোভাবে তদন্ত করা দরকার। তারা চোরাকারবারী করে কংগ্রেসের আমলে বহু টাকা রোজগার করে বাস পারমিট পাবার চেষ্টা করেছিল। সেই ধরনের লোক যাতে বাস পারমিট না পায় তার জন্য আমাদের ব্যবস্থা করা দরকার। তারপর আমার কথা হচ্ছে যে, মফঃস্বলে আমরা জানি বিশেষ করে চব্বিশপরগনা জেলায় বহু রুটে এত প্যাসেঞ্জার হয় যে, সেখানে বাস না বাড়ালে যাত্রীদের অত্যন্ত অসুবিধা হচ্ছে। সেইজন্য আমার মনে হয় যে, কতকগুলি রুটে অবিলম্বে বাস বাড়ানো দরকার। বিশেষ করে আমি জানি ৭৫নং ৭৬নং ৭৭নং এবং ৭৭এ এইসব রুট এবং চব্বিশ-পরগনা জেলার অন্যান্য রুটে প্যাসেঞ্জারদের এত অসুবিধা হচ্ছে যে, সোমবার দিন কেউ কেউ অফিস পর্যন্ত যেতে পারছেন না বাসের অভাবে বা ভিড় হচ্ছে বলে। সেইজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় ট্রান্সপোর্ট মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি যে, অবিলম্বে এইসব রুটে যাতে বাস বাড়ানো হয় তার ব্যবস্থা তিনি করুন। আর যাঁরা ব্যক্তিগতভাবে বাসের জন্য আবেদন করছেন তাঁদের থেকে যাঁরা কোঅপারেটিভের ভিত্তিতে আবেদন করছেন বা ভবিষ্যতে করবেন তাঁদের আগে যাতে সুবিধা দেওয়া হয় তার ব্যবস্থা যেন করা হয়। এমন কি যদি ৪-৫ জন বা ৭ জন মিলে আবেদন করেন একসঙ্গে এবং যারা গরিব বা মধ্যবিত্ত তাদের যেন আগে সুবিধা দেওয়া হয়। এর পর যাঁরা ব্যক্তিগতভাবে আবেদন করবেন তাঁদের মধ্যে যাঁদের লরি, ট্যাক্সি বা বাস নেই তাদের কথা বিবেচনা করা দরকার। আমার মনে হয়, আমি বিশেষ করে মাননীয় ট্রান্সপোর্ট বিভাগের মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি যে, তিনি এইসব নীতির ভিত্তিতে এবং এগুলির প্রতি দৃষ্টি রেখে বিচার-বিবেচনা করে কাজ করবেন। এই কথা বলে আমি শেষ করছি।

**Shri Amiya Bhusan Bandopadhyay:**

মাননীয় স্পীকার মহাশয়, স্টেট ট্রান্সপোর্ট বিভাগের মন্ত্রিমহাশয় আজকে যে বিল এনেছেন সেটা সমর্থন করতে উঠে দুই-একটি কথা আমি আপনার মাধ্যমে নিবেদন করছি। এর আগে দুই-একজন বক্তা এই পয়েন্টেই বলেছেন। প্রথম হচ্ছে যে স্টেট ট্রান্সপোর্ট থেকে টেম্পোরারি ডিপারচার অব পলিসি করে আমরা প্রাইভেট বাসের পারমিট দিচ্ছি যেহেতু যাত্রীসাধারণের সুবিধা হবে। স্বভাবতঃই আমি যে জিনিসটা বুঝতে পারছি ধারণাটা সম্ভবতঃ কিছুদিন সময় পেলে

এর ভেতরে স্টেট ট্রান্সপোর্টের যে বাসগুলি অকেজো হয়ে আছে অথবা নতুন বাসের সম্ভাবনা সৃষ্টি করে নিয়ে আমরা আবার রিভার্ট টু আওয়ার ওন পলিসি। প্রাইভেট বাসকে আমরা উৎসাহ দেব না এ চিন্তা আছে। স্বভাবতঃই যাত্রীসাধারণের সুবিধার জন্য এ কাজ করতে হবে। কিন্তু একটা জিনিস বিশেষভাবে অনুসন্ধান করা দরকার, একজন সদস্য বলেছেন এবং আমিও সেদিকে মাননীয় ট্রান্সপোর্ট বিভাগের মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হল অন্যান্য স্টেট ট্রান্সপোর্ট খুব বেশি লোকসানজনক ব্যাপার নয়। ব্যক্তিগতভাবে আমি যা জেনেছি সেটা হচ্ছে লং ডিস্ট্যান্স বাস যে সমস্ত স্টেট চালান সেগুলিতে লাভ বেশি হয়। আমরা যখন আবার স্টেট ট্রান্সপোর্ট এক্সপ্যানশন করার চেষ্টা করব সেদিকে নজর দেব লং ডিস্ট্যান্স বাস চালানো যায় কিনা সে জিনিষটা বিবেচনা করব। দ্বিতীয়ত এই প্রসঙ্গে আর একটি কথা বলতে চাই যে প্রাইভেট বাসগুলির বিষয়ে সুবিধা-অসুবিধার সম্পর্কে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই।

[2-30—2-40 p.m.]

মাননীয় সদস্য শ্রীপ্রভাস রায় চব্বিশপরগনা জেলার বিভিন্ন রুটে বাসযাত্রীদের দুর্দশার কথা তুলেছেন আমি তাঁর সঙ্গে সম্পূর্ণ একমত। প্রসঙ্গক্রমে আমি যে অঞ্চল থেকে নির্বাচিত হয়েছি সেই অঞ্চলে ৭৯, ৭৯সি বাস যেটা হাসনাবাদ এবং ইটিন্ডা যায় ৮২ বাদুড়িয়া বাসরুট এবং সংগ্রামপুর বাসরুট এই সব বাসরুটে অসম্ভব ভিড় হয়। শুধু ভিড়ই নয় সমস্ত জার্নিটা অত্যন্ত কষ্টকর, বিশেষ করে আমি নিজে এই বাসে বহু বৎসর ধরে যাতায়াত করছি—তাতে দেখেছি যে মাঝে মাঝে খুবই দুঃখজনক এবং বেদনাদায়ক সমস্ত অবস্থার সৃষ্টি হয়। যেমন এই রুটে যারা বাস পরিচালনা করেন তাঁরা বহু ক্ষেত্রে যাত্রীসাধারণের উপর দুর্ব্যবহার করেন। আমি ব্যক্তিগতভাবে লক্ষ্য করেছি যারা প্যান্ট-সার্ট গায়ে দিয়ে থাকেন তাঁদের সঙ্গে একরকম ব্যবহার করে আর গ্রামাঞ্চলের চাষী মেয়েরা যারা ঝুড়ি কোদাল নিয়ে বাসে উঠে তাদের সঙ্গে সম্পূর্ণ অন্যভাবে ব্যবহার করেন। তা ছাড়া যাত্রী ওঠানো-নামানো এবং স্টপেজ সবই তাদের ইচ্ছামত এবং তারা এ ব্যাপারে কিছু মানে না। এ সম্পর্কে সাধারণভাবে কথাবার্তা বলতে গেলে শেষ পর্যন্ত মারামারির সৃষ্টি হয়। আমরা লক্ষ্য করে দেখেছি এবং অনেকে কাগজেও দেখে থাকবেন যে আমার কলেজের ছেলেদের সঙ্গে এই বাস যারা পরিচালনা করে তাদের সঙ্গে নানা গণ্ডগোল হয়। বাস যারা চালায় তারা বলে, কলেজের ছেলেরা ভাড়া দিতে চায় না আর কলেজের ছেলেরা [illegible] দুর্ব্যবহারের প্রতিবাদ করতে গেলে গোলমাল হয়। এ ব্যাপারে মাঝে একসময় ২৪-পরগনা জেলার এ-ডি-এম একটা কনফারেন্স ডেকেছিলেন, তাতে আমি একথা বলেছিলাম, এইসমস্ত রাস্তায় যেসব অশান্তির সৃষ্টি হচ্ছে তাতে করে এইসমস্ত বাস পরিচালনার ব্যবস্থা যদি উন্নতি না হয় তাহলে কিছুই হবে না। তার পরে বিশেষ করে ভাদ্র-আশ্বিন মাসে এই সমস্ত বাসে মাছের ঝুড়ি থাকে এবং তার সাথে যাত্রীদের যেতে হবে এ সম্পর্কে কিভাবে তাদের একটা ডিসিপ্লিনের মধ্যে আনা যায় তা আমি ঠিক জানি না। মাননীয় মন্ত্রিমহাশয় যদি এদিকে আমাদের একটু এনলাইটেন্ড করেন তাহলে আমরা ব্যাপারটা বুঝতে পারি এবং যাত্রীসাধারণকে বলতে পারি। আর একটা ছোট জিনিসের প্রতি আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, সেটা হচ্ছে এনটায়ার লং রুটে কোন স্টপেজএ ইউরিন্যাল বা এইরকম ধরনের কোন ব্যবস্থা নেই। কাজেই এদিক থেকে আমি জানতে চাই যে, এরা ঠিক কোন ডিসিপ্লিনের মধ্যে থাকে এবং কিছু বলতে গেলেই তারা বলে যা ইচ্ছা করুন, কিছুই আসে যায় না—নম্বর টুকলেও যা হবে, না টুকলেও তাই হবে। এই ব্যাপারে যদি মন্ত্রিমহাশয় একটু এনলাইটেন্ড করেন যে, একটা ডিসিপ্লিনের মধ্যে আনবার জন্য তিনি কি করবেন তাহলে আমরা বাধিত হব, এই কথা বলে আমি আমার আসন গ্রহণ করছি।

**Shri Sasanka Sekhar Mondal:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের স্টেট ট্রান্সপোর্ট মন্ত্রিমহাশয়ের কাছে কিছু নিবেদন করতে চাই। তার আগে তিনি যে বিল এনেছেন অত্যন্ত প্রয়োজনীয়—সেটাকে আমি সমর্থন করছি। আমি আপনার মাধ্যমে তাঁর কাছে একটু জিজ্ঞাসা করতে চাই যে, পশ্চিম বাংলায় যতগুলি জেলা আছে সমস্ত জায়গাতে আর টি এ কর্মীটি করমেশন হয়েছে। কিন্তু আমি যে জেলা থেকে এসেছি সেটা সারপ্লাস জেলা সেখানকার খবর মন্ত্রিমহোদয়রা

...লেই রাখেন—কিন্তু সেই বীরভূম জেলায় এখনও পর্যন্ত আর টি এ ফরমেশনের কোন সংবাদ এখনও যায় নি কেন। আমি মনে করি যে, এই সারপ্লাস জেলাতে আর টি এ-র মাধ্যমে যেসমস্ত গাড়ি যাতায়াত করে তার সংখ্যা খুব বেশি হওয়া প্রয়োজন। আমাদের মন্ত্রিমহাশয়রা অনেকবার ...ছেন বর্তমান খাদ্যসংকটের প্রয়োজনের ভিত্তিতে একাধিকবার অনেককেই যেতে হয়েছে। কিন্তু আমাদের জেলাতে কেন এত সবচেয়ে বিলম্বিত হল সেটা আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে একটু নিবেদন করতে চাই। তৃতীয় কথা হল বাসের মধ্যে যখন আমরা জনপ্রতিনিধি ...ই তখন বাসে যেসব শিশুরা মাতৃক্রোড়ে থাকে তারা এমন ক্রন্দন করে যে তা দেখা যায় না। কাজেই এ ব্যাপারে আর টি এ-র মাধ্যমে একটা ব্যবস্থা করে তাদের রিলিফ দেওয়া দরকার। আমি সেখানকার কর্তৃপক্ষকে বলছি যে, আপনারা অন্তত পুরানো আর টি এ বসিয়ে দেখুন না দু-একটা বাস চালাতে পারেন কিনা। তাঁরা বলেছেন পুরানো আর টি এ-কে বসালে অবাঞ্ছিত হলে মনে হবে। এখন বাসে কান্নাকাটি চলুক তার পরে বীরভূমের আর টি এ কমিটি যখন নির্ধারিত হবে তখন নিশ্চয় একটা ব্যবস্থা হবে। সেইজন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি নিবেদন করব যে আমাদের উপর যেন একটু তাড়াতাড়ি করুণা বর্ষণ হয়, এই আমার বক্তব্য।

**Shri Nathaniel Murmu:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় পরিবহনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি আমাদের নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্টের দিকে। বাংলাদেশে তিনটি স্টেট ট্রান্সপোর্ট রয়েছে—ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট, দুর্গাপুর স্টেট ট্রান্সপোর্ট এবং নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট এবং নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট যেটা হয়েছে সেটাতে বোধহয় সবচেয়ে বেশি গাড়ি চলে। পশ্চিম দিনাজপুর, মালদা, জলপাইগুড়ি, কোচবিহার এবং দার্জিলিঙে। সেখানে অধিকাংশ স্টেটবাস অকেজো হয়ে পড়ে আছে এবং যতগুলি চলছে সেগুলি এত জীর্ণ অবস্থায় চলছে যার ফলে ড্রাইভার কন্ডাক্টরদের স্বাস্থ্যহানি হচ্ছে—তাতে প্রচুর ধোঁয়া হয় এবং রাস্তায় সেই গাড়িগুলি ব্রেকডাউন হয়। অল্প কয়েকদিন আগে কিছু লেল্যান্ড গাড়ি সেখানে গেছে—১০টি—কিন্তু আমরা আশা করেছিলাম পশ্চিম দিনাজপুর জেলায় যেখানে সবচেয়ে বেশি স্টেট বাস চলে সেখানে বেশি করে দেওয়া হবে কিন্তু একটামাত্র দেওয়া হয়েছে বালুরঘাট-মানিকচক রুটে। আমরা এই যে আইনটা সংশোধন করতে যাচ্ছি—আমি রাষ্ট্রীয় পরিবহন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, সাময়িক ব্যবস্থা হিসাবে আমরা যখন এটা করতে যাচ্ছি তখন যেন শুধু কলকাতার ক্ষেত্রে নয়, উত্তরবঙ্গের ক্ষেত্রেও যেন এটা সম্প্রসারিত হয়। বালুরঘাট থেকে মানিকচক ৮৭ মাইল, বালুরঘাট থেকে জলপাইগুড়ি ২০৮ মাইল। এত লম্বা রাস্তায় যে স্টেটবাসগুলি চলে সেই স্টেটবাসগুলি সময়মত যায় না, সেখানে প্রাইভেট এন্টারপ্রাইজ থেকে যদি এই রুটগুলি নিতে পারে তাহলে ভাল হয়। আমি জানি তাঁরা সে রকম ব্যবস্থা করতে পারেন, মালদা ট্রান্সপোর্টের মত বড় কোম্পানী, বালুরঘাট ট্রান্সপোর্টের মত বড় কোম্পানী রয়েছে যারা ভাল ভাল গাড়ি প্লেস করতে পারে। কাজেই যাত্রীসাধারণের সুবিধার্থে যখন আমরা এই আইনটা সংশোধন করতে যাচ্ছি তখন উত্তরবঙ্গের ক্ষেত্রেও যেন এটাকে সম্প্রসারিত করা হয় যাতে সেখানকার যাত্রীসাধারণের সুবিধা হয়—এই অনুরোধ আমি পরিবহন মন্ত্রিমহাশয়কে জানাচ্ছি।

**Shri Kshudi Ram Chakraborty:**

মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন দপ্তরের মন্ত্রী যে বিলটি এনেছেন তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। কিন্তু তবুও যখন অন্যান্য জেলার কথা উঠল তখন আমি আমাদের মেদিনীপুর জেলা সম্বন্ধে কিছু বলছি। মেদিনীপুরে বর্তমানে যে আর টি এ মেম্বারদের সিলেকশন হয়েছে সেই মেম্বার সিলেকশনের কোন একটা ভিত্তি আছে কিনা কিংবা কোন সারকুলার আছে কিনা যে কিভাবে মেম্বারস সিলেকশন হয়। বর্তমানে দেখেছি মেদিনীপুর জেলার আর টি এ-র যে মেম্বার নির্বাচিত হয়েছে ক্যালকাটা গেজেটে দেখেছি মাত্র সাতটি মেম্বার আছেন। এই বড় জেলায় সাতটা মেম্বারের পক্ষে সব বিবেচনা নিয়ে পারমিট দেওয়া এবং রুট দেওয়া খুবই অসুবিধাজনক বলে আমরা মনে করি। সেইজন্য আমি এই কথা বলতে চাই যখন আর টি এ কোন রুটের পারমিট দেবেন তখন সেখানে এম এল এ আছেন তাঁর সঙ্গে যেন পরামর্শ করে দেন। আমি বিশেষ করে একটা জিনিস বলছি আমাদের ওখানে পাঁশকুড়া রুটটি একটা প্রয়োজনীয় রুট, সেখানে ইন্টারমিডিয়েট

করা হয়েছে, কিন্তু আজ তিন-চার মাস হল সেই রুটের কোন বন্দোবস্ত হয় নি। সেইজন্য আমি এইকথা বলতে চাই যে যখন এগুলির বিলিবন্দোবস্ত হবে তখন অন্তত স্থানীয় এম এল এ-দের সঙ্গে আর টি এ যেন একটু পরামর্শ করেন। তা না হলে মন্ত্রিমহাশয় জানেন ইলেকশনের আগে যেসব পারমিট ইস্যু হয়েছে তাতে অনেক গলদ হয়েছে—যারা টাকা বেশি দিতে পেরেছে তারাই পেয়েছে। সেইজন্য আমি মন্ত্রিমহাশয়কে আমার অনুরোধটা রক্ষা করার জন্য বলছি।

[2-40—2-50 p.m.]

**Shri Jamini Ranjan Sen:**

মাননীয় অধ্যক্ষ মহোদয়, পরিবহন সম্পর্কে যে সংশোধনী বিল এসেছে সেটার সম্পর্কে আমি বিশেষ পুনরাবৃত্তি না করে এটাকে পুরোপুরি সমর্থন করছি। কিন্তু আজকে মফস্বল এলাকায় যেসমস্ত ব্যক্তিগত মালিকানায় বাস রয়েছে এবং সিন্ডিকেট রয়েছে সে সিন্ডিকেটের সঙ্গে এবং আর টি এ-র সঙ্গে এমন একটা যোগাযোগ রয়েছে যার ফলে যে দুর্নীতি চলছে তাতে জনসাধারণের দুর্ভোগের সীমা থাকে না। আমাদের একটা রুটে দুটি বাস আছে, যেমন আমাদের ৯৬(বি) বলে একটা রুট আছে, সেখানে মাত্র দুইটা বাস আছে। তার মধ্যে কোন কোনদিন একটি অচল হয়ে থেকে গেল। যারা কলকাতায় ডেলি প্যাসেঞ্জারী করছে তারা কোনরকমে ট্রেন ধরতে পারে না। এটা হল স্বরূপনগর এলাকা। বাংলাদেশের এক্সট্রিম বর্ডার, আর একটা রুট রয়েছে ৮২ এবং ৮৪, ৮৪ বলে যে একটা রুট আছে বসিরহাটের পার দিয়ে বর্ডার পর্যন্ত যায়। সেখানে ৫টি বাস আছে, তার মধ্যে প্রায় তিনটি অচল হয়ে থাকে। সেখানে থানার সঙ্গে মালিক এবং বাস সিন্ডিকেটে যারা রয়েছে তাদের সঙ্গে এরূপ যোগাযোগ রয়েছে যে, তাদের উপর হাত দেবার কোন উপায় থাকছে না। জনসাধারণের সঙ্গে মালিকের এবং কর্মচারীর সঙ্গে মালিকের প্রতিদিন নানারকম বিবাদ হয় এবং থানা বাস কর্তৃপক্ষের উপর এমন প্রভাব বিস্তার করেছে যে, ১০ মিনিট দেরি হলেও থানা কনস্টেবল বা দারোগাকে তারা থানায় দিয়ে যায়। আর টি এ-তে যখন রিনিউয়ালের সময় আসে তখন আর টি এ-তে এ অবস্থা হয় যে, আর টি এ যেটা অতীতে হয়েছে তাদের সঙ্গে এমন ব্যবস্থা থাকে যে, অচল বাসেরও পারমিট রিনিউয়াল হয়ে যাচ্ছে। কিন্তু দুদিন পর আবার তা অচল হয়ে যাচ্ছে। মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে উপস্থিত করছি মফস্বল এলাকায় এসব যে দুর্নীতি রয়েছে তার প্রতিকার তিনি যেন করেন। অসংখ্য জনসাধারণ, কলেজের ছাত্র, অফিস-গামী যাত্রী, তাদের জন্য কলকাতার সঙ্গে যোগাযোগের জন্য আমাদের এখানে তেঁতুলিয়া ব্রীজ যেটা আছে সেটার সঙ্গে কলকাতার ডাইরেক্ট কানেকশন করার জন্য অনুরোধ করছি। তারপর বসিরহাট এলাকায় ৪৮নং বাস যেটা মসলন্দপুর হয়ে হাবড়া যাচ্ছে যেটা বাদুড়িয়া থেকে ট্রেন ধরাবার জন্য লোক নিয়ে যায়, যেখানে সিন্ডিকেট এমনভাবে রয়েছে যে দৈনিক ৪-৫টা বাস অচল হয়ে যাচ্ছে, যার ফলে তারা বাসের উপরে রিস্ক নিয়ে লোক যাচ্ছে এবং সাধারণ যাত্রী-দের উপর অত্যাচারের সীমা থাকছে না। এ সমস্ত দুঃখদুর্দশার হাত থেকে যাতে যাত্রী-সাধারণ রেহাই পেতে পারে তার জন্য বাসের সংখ্যা বাড়িয়ে দেবার ব্যবস্থা করা হোক। এখানে বাসের কর্মীর সংখ্যা কম থাকার ফলে তাদের ইউনিয়নও নিরাপত্তার কোন ব্যবস্থা নেই। মালিকের সঙ্গে মাহিনা থেকে আরম্ভ করে নানারকম দাবি-দাওয়া আদায়ের ব্যবস্থা থাকছে না। সেখানে যাত্রী প্রচুর রয়েছে বাসের সংখ্যা বাড়ানো যায়। কর্মচারীর সংখ্যা বাড়ালে তারা সঠিকভাবে কাজ করবার সুযোগ পাবে এবং তাদের ইউনিয়ন হলে ডিউটি ইত্যাদি সম্পর্কে যে অভাব-অভিযোগ আছে তা তারা আদায় করতে পারবে। সেজন্য বাসের সংখ্যা বাড়ানো উচিত। দুটা রুট যেমন ৮৪ ও ৯৬(বি) এ দুটোকে অ্যামালগামেট করে যদি বাইফারকেট করে একটা বাস হাবড়া কলেজে যায় ও আর একটা বসিরহাট কলেজে যায় এবং এ দুটো তেঁতুলিয়ায় গিয়ে বাইফারকেটেড হতে পারে এদিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আপনার মাধ্যমে আকর্ষণ করছি।

**Shri Jyoti Basu:**

স্পীকার মহাশয়, নানান প্রশ্নের এখানে অবতারণা করা হয়েছে এবং আপনি ঠিকই বলেছেন লিখে দেবার জন্য, অবশ্য অনেকে লিখে দিয়েছেন। যাঁরা দেন নি তাঁরা দিয়ে দিলে আমাদের পক্ষে

সমস্ত কিছু বিচার করে তার উপর যা করণীয় সেটা করার সুবিধা হয়। আমি কয়েকটি কথার জবাব এখানে দেব। শ্রীআমেদ সাহেব এবং গীতা মুখার্জি বলেছেন রাষ্ট্রীয় পরিবহন বাস সম্বন্ধে সেগুলি কিভাবে মেরামত করা যায়। এক্সপার্ট আনিয়ে ও শ্রমিকদের সহযোগিতা নিয়ে কিভাবে করা যায়। তা করা হোক। আমরা বলছি ইতিমধ্যে এক্সপার্ট যে দিয়েছি তাদের কমিটির রিপোর্টের জন্য আমরা বসে আছি। তাদের রিপোর্ট আমরা পেয়ে গেছি। বিলেতের বাস হলেও এখানে মেরামত করা যায় কিনা, স্পেয়ার পার্টস পাওয়া যায় কিনা এ বিষয় শ্রমিক ও অফিসারদের নিয়ে একসঙ্গে কথা বলেছি। তাদের সে রিপোর্ট পেলে বুঝব কতটা করা যায়। কিন্তু আপনারা শুনে সুখী হবেন, শ্রমিকরা এগিয়ে এসে অফিসারদের সঙ্গে একসঙ্গে বসে যা কখনও হয় নি সেই জিনিস করার ফলে উভয়পক্ষ বলেছেন যে, তাঁরা লাভবান হয়েছে। শ্রমিকরা ইতিমধ্যে কয়েকটা বাস যা অকেজো হয়ে পড়ে ছিল সেগুলো তারা মেরামত করে রাস্তায় বার করেছে। আমি নিজে বেলঘরিয়ার ওয়ার্কশপে গিয়েছিলাম সেখানে দেখেছি আরও কয়েকটা বাস শ্রমিকরা নিজেরা এখান থেকে সেখান থেকে স্পেয়ার পার্টস জোগাড় করে মেরামত করে রাস্তায় বার করবার চেষ্টা করছেন। এটা শুধু এক জায়গায় নয়, আর এক জায়গায় হাওড়ার ডিপোয় এরূপ অনেক বাস ছিল স্পেয়ার পার্টস মেটিরিয়াল হিসাবে বিক্রি করতে হত, স্পেয়ার পার্টস পাওয়া যাচ্ছে না এরূপ একটা রিপোর্ট পাওয়া গেছে, সেখানেও এরূপ ১০-১৫খানা বাস এভাবে চালানো যায় এবং শ্রমিকরা সে সহযোগিতা আমাদের সঙ্গে করছেন। অফিসাররা বলছেন এরূপ আগে ছিল না। এটা একটা মস্ত বড় অসুবিধা ছিল। সেটা এখন দূরীভূত হয়েছে, প্রত্যেক ডিপোতে তাদের নিজেদের মধ্যে মিটিং হয়েছে। পুরানো ইতিহাস একদিনে শেষ হয় না, নিজেদের মধ্যে নানারকম গোলমাল ও মতানৈক্য আছে, কিন্তু তার মধ্যেও আমরা এটা করতে পেরেছি। ফকির রায় মহাশয় যে প্রশ্ন করেছেন সেটা আমদের অনেকের প্রশ্ন, বাস ও ট্যাক্সির পারমিট ইত্যাদির জন্য। ডাঃ রায়ও এই কথা বলেছিলেন এবং কিছুটা চেষ্টাও করেছিলেন যাতে মধ্যবিত্ত—সে নিজের দলের লোক হতে পারে তাঁরা যাতে কিছু বাস ও ট্যাক্সি পান। কিন্তু আমরা দেখছি এগুলো তাঁদের হাতে থাকে না, অর্থাৎ এরূপ অবস্থার সৃষ্টি হয় যাতে এগুলি বিত্তশালীর হাতে চলে যায়। কো-অপারেটিভ সম্বন্ধে বলছি। কো-অপারেটিভের বাস এক-আধটা আছে, বাংলাদেশের বেশির ভাগ জায়গায় এগুলি চলে না। ট্যাক্সি কো-অপারেটিভ যা হয়েছিল তা অকেজো হয়ে গিয়েছে।

[2-50—3-4 p.m.]

কিন্তু এইরকম একটা কথা আমরা আর টি এ-দের বলেছি যে যাতে করে কো-অপারেটিভ হয়। কারণ, তা নাহলে এইসব মধ্যবিত্ত, গরিব মানুষেরা কোথায় এত টাকা একসঙ্গে পাবে কো-অপারেটিভ না করলে তবে কো-অপারেটিভের একটা নিয়ম আছে। ১০-১৫ জন মিলে একটা কো-অপারেটিভ করলে ধাপ্পাবাজি হবে কিনা আমি জানি না, তবে এটা আমরা বলেছি যে ওয়ার্কার্সই হোক, মধ্যবিত্তই হোক আর গরিব মানুষই হোক—বিত্তশালী লোকেরা যাতে না পায় সেটাই হচ্ছে উদ্দেশ্য। এইরকম যদি হয় যে তাদের যদি প্রাধান্য দেওয়া হয়, তাদের যদি প্রথমে দেখা হয়—সেইভাবে আমরা বলেছি বিচার করবার জন্য এবং সেটা এখন কতটা কি হবে সেটা বিভিন্ন আর টি এ-দের সঙ্গে বসে ঠিক করতে হবে। আর অন্য কি উপায় আছে এটা বন্ধ করার জন্য এখন পর্যন্ত সেটা আমরা খুঁজে পাই নি। কারণ এত টাকা যেখানে ইনভেস্ট করতে হবে বিশেষ করে বাসের ব্যাপারে বলছি সেখানে সত্যই গরিব মধ্যবিত্ত মানুষ, যাঁরা পাবেন বলে আমরা চাই তাঁদের অনেক অসুবিধা হয়ে যায় ব্যক্তিগতভাবে। তারপরে পারমিট কাদের দেওয়া হবে এ ব্যাপারে এখনে একটা প্রশ্ন উঠেছে। আমি তার মধ্যে যাচ্ছি না, অনেক জায়গায় সেই প্রশ্ন আছে। বিগত দিনে কি করেছেন প্রাক্তন সরকার, এখন আমরা যে নতুন আর টি এ করেছি আশা করি তাঁরা সেই সব ব্যবস্থা করবেন। আমরা আর টি এ যখন তৈরি করি তখন কোনরকম ঐভাবে পার্টিগত বিশেষ ব্যবস্থা করতে চাই না। এমন কি ওদিকে যাঁরা কংগ্রেসের বন্ধুরা আছেন তাঁদেরও আমরা বলেছিলাম যে আপনারা যদি আপনাদের প্রতিনিধি দিতে চান তাহলে তাঁদের দিন যাতে আমরা আর টি-তে রাখতে পারি প্রতিনিধি হিসাবে। কিন্তু ওঁরা কোন ব্যাপারে আমাদের সঙ্গে যেমন সহযোগিতা করছেন না, অন্য পথ নিয়েছেন এ ব্যাপারেও সেটা তাঁরা প্রত্যাখ্যান করেছেন। যাঁকে আমি লিখেছিলাম তিনি চিঠির জবাব দেন নি, মুখে জানিয়েছেন যে, একটু অসুবিধা তাঁদের আছে, কাজেই তাঁরা দান দিতে পারবেন না। সবাই

মিলে থাকলে হয়ত ভাল হত, কিন্তু তাঁরা সেটায় নেই। আর অন্য যেখানে যেমনভাবে পাওয়া গেছে সেভাবে করা গেছে। একজন বলেছেন সংখ্যাটা এত কম করলে কি করে হবে। মোট সাতজন করা হয়েছে। চারজন নন-অফিসিয়াল এবং তিনজন অফিসিয়ালকে নিয়ে আমরা কেবিনেটের সিদ্ধান্ত অনুযায়ী এটা করেছি। কারণ, সেখানে দীর্ঘ তালিকা করে কোন লাভ নেই, অনেকগুলি নাম নিয়ে লাভ নেই এবং এইভাবে কাজ করলে ভাল হবে বলে আমরা মনে করেছি। কাজেই কাদের দেওয়া হবে, না হবে, সেটা আর টি এ বিচার করে ঠিক করবেন। তারপরে এখানে বলা হয়েছে অনেক অসুবিধার কথা, যেখানে বিশেষ করে প্রাইভেট বাস চলছে—২-৩ জন এ বিষয়ে বলেছেন। সেগুলি অবশ্য আমরা পেলে আমাদের যেটুকু অথরিটি আছে—কখনও দেখা হয় নি বলে আমরা জানি। এইরকম কাজে কমপ্লেন আছে আমরা জানি এবং সেই অথরিটি দিয়ে আমরা দেখতে পারি যাতে একটা ব্যবস্থা করা যায়, অব্যবস্থার হাত থেকে বাঁচানো যায় সেগুলি চেষ্টা করতে পারি এবং যাঁরা দুর্ব্যবহার করেন নিশ্চয়ই আমরা তাঁদের উপর ব্যবস্থা করতে পারি। আমরা তাদের মালিকদের ডেকে পাঠাতে পারি এবং তাদের সেই কথা বলতে পারি। তবে এখন সেইরকম অভিযোগ সেইভাবে এসেছে বলে আমরা জানি না। বিভিন্ন রুটে যখন এগুলি আসবে—এক-আধটা আমরা পেয়েছি। স্টেট বাস—রাষ্ট্রীয় পরিবহন—বিভাগে আমরা সেগুলির ব্যবস্থা করেছি। আর টি এ-র একজন সদস্য বলছেন যে, আর টি এ-র কাছে কিছু অভিযোগ এসেছে। তাঁরা নিশ্চয়ই সেগুলির ব্যবস্থা করবেন এবং যা অ্যাকশন নেবার তাঁরা তা নেবেন, সেগুলি সবই দেখেছি। আমি যতদূর জানি প্রত্যেক আর টি এ এগুলি বিশেষ করে আমরা সম্প্রতি যেটা করেছি চব্বিশপরগনা, কলকাতা নিয়ে—প্রথম যেতেই তাঁরা রিপোর্ট করলেন যে আমরা লিস্ট চেয়েছিলাম। যাঁরা সরকারী অফিসার আছেন—২৪-পরগনার কোন্ কোন্ এলাকায় কোন্ রুটে কত বাস দরকার বা পুরানো রুটে যেগুলো আছে সেখানে আরও বেশি প্রয়োজন আছে কি নেই, এর কোন সঠিক হিসাব তাঁরা পেলেন না। আমাদের কাছে যেগুলি পড়েছিল যখন আর টি এ তৈরি করে নি সেগুলি অবশ্য তাঁদের কাছে পাঠিয়ে দিয়েছি। তাঁরা তখন একটা সারকুলার দিয়েছেন যে অল্প সময়ের মধ্যে আমাদের একটা খবর এনে দিতে হবে যে, এইরকম কোথায় কোথায় কোন্ জায়গায় আরও বাস দরকার, সেগুলির অভিযোগ পাওয়া গেছে এবং পরে আরও যেখানে বাড়ানো দরকার হবে সেখানে বাড়ানো হবে। এখানে মামলার কথা বলা হয়েছে। এখন মামলা হলে কি করা যায় সেটা ঠিক আমি বলতে পারব না, তবে এটুকু আমরা করতে পারি যে, মামলা করলে যাতে হাইকোর্টে পড়ে না থাকে আমাদের সেরকম কিছু ব্যবস্থা আছে। আমরা সেখানে গিয়ে সেগুলিকে তোলবার ব্যবস্থা করতে পারি এবং জনসাধারণের যে অসুবিধা হচ্ছে সেজন্য হিয়ারিং যাতে তাড়াতাড়ি হয় সেটা করতে পারি। এর বেশি জজদের হুকুম দেওয়ার ক্ষমতা আমাদের নেই। কাজেই এই কাজে অসুবিধা আছে। ২-৪টি রুট আছে যেখানে পাবলিক থেকে অনবরত বলা হচ্ছে যে, আমাদের বাস বাড়ান। উপরে নিচে করে নানা জায়গায় নানাভাবে লোক যাচ্ছে এবং অ্যাক্সিডেন্টও হচ্ছে। এইরকম অবস্থায় সেখানকার কিছু মালিক মামলা করে বসে আছে। এখন হিয়ারিং না হওয়া অবধি আমরা সেখানে হস্তক্ষেপ করতে পারছি না, তবে আমরা দেখছি কি করা যায়। তারপর আমি আশ্চর্য হয়ে যাচ্ছি একটা কথা কথা শুনে যে, বীরভূমের আর টি এ তাঁরা এখনও গেজেট হন নি বা তাঁরা খবর পান নি, কারণ প্রায় ১৫ দিন ২০ দিন হল সেই নামের তালিকা চলে গেছে, এখনই আমি খোঁজ নেব যে, কেন হয় নি। তারপর আর একটা কথা এখানে একজন বলেছেন দূরপাল্লা তার সম্বন্ধে। ভারতবর্ষের অনেক জায়গায় এইরকম আছে এবং সেটা নাকি লাভজনক। যা হোক আমি যেটা বললাম, দূরপাল্লার বাসে লাভ হয় এটা ঠিক। আমরা সমস্ত ভারতবর্ষের খবর রেখেছি এবং এটা দেখা যাচ্ছে যে লং ডিস্টান্সের যে বাস আছে সেগুলিতে অনেক জায়গায় লাভ হয়েছে। আর অনেক জায়গায় শর্ট ডিসস্ট্যান্সের বাসে লাভ হয় নি। এগুলি আমাদের নিশ্চয়ই বিবেচনার মধ্যে রাখতে হবে কারণ ঐ সমস্তের প্রয়োজন আছে বলে শুনেছি। আমরা এইরকম কিছু অ্যাপ্লিকেশনও পেয়েছি। আর একটা কথা যেটা এখানে বলা হয়েছে যে, উত্তরবঙ্গের রাষ্ট্রীয় পরিবহন বিভাগের বাইরে যাত্রীসাধারণের সুবিধার জন্য কেন প্রাইভেট বাস দেওয়া হচ্ছে না। আমরা সেটা বিবেচনা করি নি কারণ এই প্রথম আমি এই ব্যাপারটা শুনলাম। বরং আমরা চেষ্টা করেছিলাম এবং যতটুকু আমরা জেনেছি যে, সেখানকার পরিবহণ বিভাগ মোটামুটি ভালভাবে চলছে।

এখানকার যা অবস্থা এর মধ্যে এক কোটি দুই কোটি টাকা ক্ষতিতে পেঁছে গেছে। সেই অবস্থা সেখানে এখনও হয় নি, তবে আমি বলব এবং স্বীকার করতে আমি বাধ্য যে, কিছু-দিন আগে আমাকে ওখানকার পরিবহন বিভাগের ইউনিয়নের যাঁরা শ্রমিক বন্ধু তাঁরা আমাকে একটা স্মারকলিপি দিয়েছেন এবং তাঁরা একবার দেখা করে গেছেন আমার সঙ্গে এবং আবার তাঁদের আমি ডেকে পাঠিয়েছি, তাঁদের অনেক কথাও আছে, অনেক সমালোচনা আছে এই পরিবহন বিভাগ সম্বন্ধে এবং তাঁরা এটাও বলছেন যে, এতে আরও অনেক বেশি লাভ হতে পারে। আরও কি ব্যবস্থা হতে পারে এইসব অনেক কিছু আমি তাঁদের স্মারকলিপিতে দেখেছি। আমাদের অফিসারদের ডেকে পাঠিয়েছি এবং ঐ ইউনিয়নের প্রতিনিধিদের সঙ্গে একসঙ্গে বসে আমরা উন্নততর ব্যবস্থা কি করতে পারি সেটা দেখব এবং ঐ রাষ্ট্রীয় পরিবহন বিভাগ থেকে বেলঘরিয়া ওয়ার্কশপ থেকে আমি দেখেছি অনেক অর্ডার তাঁরা দিয়েছেন, আরও নতুন নতুন বাসের জন্য বডি তৈরি হয়েছে যেগুলি শীঘ্র সেখানে যাবে। যা হোক আমরা সহজে প্রাইভেট বাস যাঁরা চালান তাঁদের হাতে ছেড়ে দিতে চাই না। আমরা একটু দেখে নি তারপর আমরা এ বিষয়ে বলতে পারব, এখনও আমরা এটা কিন্তু ঠিক করে উঠতে পারি নি। কেন না এইরকম কোন ঘটনা আমাদের কাছে ছিল না। মফস্বলের সম্বন্ধে অন্য যেসমস্ত কথা বলা হয়েছে যামিনীবাবু যেটা বললেন চব্বিশপরগনা সম্বন্ধে সেটা আমার মনে হয় আর টি এ-র কাছে রয়েছে। উনি যদি লিখে পাঠিয়ে দেন তাহলে নিশ্চয়ই সেইগুলো বিবেচনা করে দেখবেন। আমি এটুকু উত্তর দিলাম। আমি আশা করব যে, আপনারা এই প্রস্তাব গ্রহণ করবেন।

**শ্রীগঙ্গাধর প্রামাণিক:** মাননীয় স্পীকার মহাশয়, স্টার্লিং সম্বন্ধে বলেছিলাম। ফরেন এক্সচেঞ্জ যেমন প্রয়োজন হয়, প্রাইভেট এন্টারপ্রাইজের পার্টস কেনার জন্য এখানকার যে ম্যানু-ফ্যাকচারিং বাস—সেইগুলো যদি পাওয়া যায় প্রাইভেট এন্টারপ্রাইজের পক্ষে তাহলে সরকার কেন পাবে না?

**শ্রীজ্যোতি বসু:** মাননীয় স্পীকার মহাশয়, আমি ভুলে গিয়েছিলাম বলতে—উনি এটা ঠিক বোঝেন নি। কাউকে ফরেন এক্সচেঞ্জ দেওয়া হচ্ছে না। আমরা সরকারও পাচ্ছি না, প্রাইভেট বাস যাঁরা কিনতে চান তাঁরাও পাচ্ছেন না। প্রাইভেট বাস কেনবার জন্য যাঁরা কিনছেন তাঁরা ভেতরেই কিনছেন। আমরা সরকারপক্ষও হয়ত এবারের বাজেট পড়লে দেখবেন সেখানেও কিছু টাকা ধার্য করা হয়েছে, কেননা আমাদেরও কিছু নূতন বাস কিনতে হবে। যেগুলো একেবারে অকেজো পুরানো হয়ে গেছে, সেইগুলো বদলাবার জন্য। সেইগুলো এখানে যাতে আমরা পাই, আমাদের দেশে সেইগুলো তৈরি হচ্ছে, তার জন্য ব্যবস্থা করছি। কিন্তু আমরা কত টাকা তাতে ইনভেস্ট করব, কিভাবে করব, কতদিনে করব, এইগুলো আমরা এখনই বলতে পারছি না যতক্ষণ না আমরা রিপোর্ট পাই এবং এটাও বোধহয় আপনারা জানেন যে এখানে দোতলা বাস তৈরি হয় না।

তারপর যে ফরেন এক্সচেঞ্জএর কথা বলা হচ্ছে, সেটা শুধু পার্টসএর জন্য। শুধু যেগুলি এখানে আছে তা যদি আমাদের দেশে মেরামত করা না যায়, তাহলে সেই পার্টস বিলেত থেকে অর্ডার প্লেস করে কিনে আনতে হবে। এই বাসের স্পেয়ার পার্টসগুলি পেলে পর আমরা অনেকগুলি বাস রাস্তায় বের করতে পারব। এই ফরেন এক্সচেঞ্জএর ব্যাপারে আমরা কেন্দ্রীয় সরকারের অনুমতি পেয়েছি। এখন কত জিনিস কি স্পেয়ার পার্টস কিনতে হবে তার হিসেব নিকেশ হচ্ছে বিলেতে অর্ডার প্লেস করবার জন্য।

**Shri Gangadhar Pramanick:**

এই প্রাইভেট পার্টি যাঁরা বাস কিনবেন, তাঁরা সরকার থেকে প্রায়রিটি কিছু বেশি পাবেন তা নয় তবে সরকার তাদের জন্য একটু চেষ্টা করবেন। এখন কথা হচ্ছে আপনি বলছেন কত টাকা আমাদের সরকার খরচ করতে পারবেন তা এখনও আপনারা ঠিক করেন নাই। সেটা ঠিক করে আপনি বলবেন বলেছেন। সেটা ঠিক করে তারপরে প্রাইভেট পার্টিকে দেওয়া হবে কি না হবে সেটা দেখলে হবে।

**Shri Aburba Lal Majumdar:**

মিঃ স্পীকার, স্যার, আমি মিঃ বসুর কাছ থেকে জানতে চাইছিলাম যে, প্রাইভেট পার্টিকে যে বাসগুলির জন্য পারমিট দেওয়া হচ্ছে, তাঁরা যে বাসগুলি চালাবেন, সেই বাসগুলি তো নিশ্চয়ই আমাদের এখানকার কান্ট্রি-মেড। তাঁরা যদি এই বাস চালিয়ে প্রফিট করতে পারেন, স্টেট ট্রান্সপোর্ট করপোরেশন সেই বাসগুলি চালিয়ে কেন প্রফিট করতে পারছেন না? প্রফিট করা তাদের পক্ষে সম্ভব ছিল কিনা? তা যদি সম্ভবপর হয় প্রাইভেট বাসওয়ালারা যে বাস চালাবেন, আমরা যদি সেই বাসটা এখান থেকে তৈরি করে নিয়ে চালাই, স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনএর তরফ থেকে তা চালাতে পারে কিনা? তা যদি পারা যায় তাহলে প্রাইভেট পার্টিকে ঐ বাস রান করতে দেওয়া দরকার কি? সেই সম্পর্কে মন্ত্রিমহাশয় চিন্তা করেছেন কি? যদি কিছু চিন্তা করে থাকেন, জানান।

**Shri Jyoti Basu:**

আমি এটা যদি এক্ষুনি বলতে পারতাম যে লাভ করতে পারা যায়, তাহলে এই প্রশ্ন ছিল না, এত গোলমাল ছিল না, এই আইন আনারও দরকার হত না। আমরা সমস্ত টাকা ইনভেস্ট করে দিতাম—তিনশো চারশো বাস কেনবার জন্য। আমি আগেই বলেছি, সেই রিপোর্টের জন্য অপেক্ষা করছি। কেন এই দুর্দশা হচ্ছে, কেন এই দেড় কোটি দু কোটি টাকা লস হচ্ছে। এই লস-এর কারণগুলি আমরা বুঝে নিতে চাই। একটু সময় লাগবে, ইতিমধ্যে বাস কিনতে হবে রিপ্লেস করবার জন্য, এই পাঁচশো বাস দিচ্ছি, তা আটঘাট বেঁধে দিতে হবে। আর যাতে কোটি কোটি টাকা লস না হয় সেটাও বিবেচনা করতে হবে এই অবস্থায় সেই রিপোর্ট পেলে পর, আপনাদের সব কিছু জানাতে পারব।

The motion of Shri Jyoti Basu that the Motor Vehicles (West Bengal Third Amendment) Bill, 1967, as settled in the Assembly, be passed was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 3-4 p.m. till 1 p.m. on Thursday, the 29th June, 1967, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Building, Calcutta, on Thursday, the 29th June, 1967, at 1 p.m.

## Present

Mr. Speaker (Shri BEJOY KUMAR BANERJEE) in the Chair, 16 Ministers and 249 Members.

## UNSTARRED QUESTIONS

### (to which written answers were laid on the table)

[1—1-10 p.m.]

### Lands vested in Government

**4.** (Admitted question No. 42.)

**মহম্মদ আবদুল বারী:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জমিদারী উচ্ছেদের ফলে জেলাওয়ারী মোট কত একর কৃষি এবং অকৃষি জমি কাগজে-কলমে সরকারে 'ভেস্ট' করিয়াছে;

(খ) কত একর জমি বর্তমানে সরকার দখল করিয়াছেন; এবং

(গ) বাকি জমিগুলি সরকারের আয়ত্বাধীনে আনিবার জন্য কি কি ব্যবস্থা করিতেছেন?

**The Minister for Land and Land Revenue:**

(ক) সরকারে ভেস্ট করিয়াছে এমন কৃষি ও অকৃষি জমির পৃথক পরিসংখ্যান বিভাগে না থাকায়, কৃষি, অকৃষি, বন ও অন্যান্য জমির মোট পরিমাণ যাহা কাগজে-কলমে ভেস্ট করিয়াছে তাহার জেলাওয়ারী বিবরণ এতৎসহ প্রদত্ত হইল।

(খ) মোট ১৬,৫০,২০২ একর জমি সরকার ৩১-১-৬৭ তারিখ পর্যন্ত দখল পাইয়াছেন। বিভিন্ন প্রকার জমির পরিমাণ নিম্নরূপঃ

| | |
|---|---|
| কৃষি জমি | —৪,০২,৭৩৫·৭২ একর |
| অকৃষি জমি | —২,২৯,৭৫১·৭৬ একর |
| বন | —৮,৫৫,৭৯২·০৩ একর |
| অন্যান্য জমি | —১,৬১,৯২১·৮১ একর |

(গ) বাকী জমিগুলি সরকারের আয়ত্বাধীনে আনিবার প্রধান অন্তরায় ভেস্টিংয়ের বিরুদ্ধে বিভিন্ন আদালতে মামলা এবং জমিদারী দখল আইনে ৬(৫) ধারার অন্তর্গত কেসগুলির নিষ্পত্তি না হওয়া। সরকারী উকিলের মাধ্যমে মামলাগুলির নিষ্পত্তি ত্বরান্বিত করার চেষ্টা হইতেছে। রেভিনিউ অফিসারদের ৬(৫) ধারার কেসগুলির নিষ্পত্তি ত্বরান্বিত করার জন্য নির্দেশ দেওয়া হইয়াছে।

Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 4

### বিবরণী

| জেলার নাম | সরকারে বর্তানো মোট জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ১। কুচবিহার | ৫৩,৪২৮·২৫ |
| ২। ২৪-পরগণা | ১,১৬,৭১৬·০০ |
| ৩। জলপাইগুড়ি | ২,১৮,৮১৮·০০ |
| ৪। দার্জিলিং | ২৮,২৩৫·৬২ |
| ৫। নদীয়া | ২৯,৩৪৩·৪০ |
| ৬। পশ্চিম দিনাজপুর | ৭০,৭০৮·৪২ |
| ৭। পুরুলিয়া | এই জিলায় ১লা বৈশাখ ১৩৭১ সন হইতে উব্লিউ বি. এস্টেটস অ্যাকুইজিশান অ্যাক্ট চালু করা হইয়াছে। ভেস্টিং-এর বিরুদ্ধে অনেকগুলি মামলায় ইন-জাংসান জারী হওয়ায় সরকারে বর্তানো, জমির সঠিক পরিমাণ নির্ধারণ করা যায় নাই। |
| ৮। বর্ধমান | ১,৩৫,৫৬৯·৫৪ |
| ৯। বাঁকুড়া | ৩,৯১,৪৮০·০৪ |
| ১০। বীরভূম | ৫৬,৩৮৯·৬৩ |
| ১১। মালদহ | ৮৯,২৮৩·৪৭ |
| ১২। মুর্শিদাবাদ | ৩৬,৫৬৬·১৩ |
| ১৩। মেদিনীপুর | ৭,৩৭,৬৬৬·৩৬ |
| ১৪। হাওড়া | ৪,৯৩৬·৭৯ |
| ১৫। হুগলী | ১৪,৯২৩·৬৮ |
| | সর্বমোট—১৯,৮৪,০৬৫·৩৩ একর |

**Relief work in drought areas of Bagdha and Bongaon police-stations**

**5.** (Admitted question No. 90.) **Shri Apurbalal Majumdar:** Will the Minister-in-charge of Relief Department be pleased to state—

(a) whether it is a fact that the Bagdha and Bongaon P.S. areas are drought areas and rice is selling at the rate of about Rs. 3 per K.G.; and

(b) if so, what immediate relief work is being done by Government for these areas?

**The Minister for Relief:** (a) 31 mouzas in Bagdha and Bongaon police-stations have been affected by drought and price of rice in the open market in that areas rose up to Rs. 2.80 per K.G.

(b) In the distressed areas of Bongaon and Bagdha police-station gratuitous relief has been and is being distributed and a sum of Rs. 25,050 has been given to the B.D.Os concerned for distribution of such relief in June, 1967. Arrangement for starting relief works (previously called Test Relief Work) has been made. In some selected pockets of the areas, wheat and atta have been and are being sold through M.R. From the first week of July, 1967, the scale of M.R. wheat would be uniformly 500 grams per unit per week for 'A' and 'B' class people in the rural area. Besides, the qusetion of rent remission for the 31 mouzas in quest on is under consideration. Further relief measures will be taken up according to necessity.

## Dantan-Digha Railway Line

**6.** (Admitted question No. 130.)

**শ্রীআব্দুল হক:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) মেদিনীপুর জেলার দাঁতন হইতে দীঘা পর্যন্ত ট্রেনের লাইন বসাইবার জন্য পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করিয়াছেন কি; এবং

(খ) অনুরোধ করিয়া থাকিলে, কবে করিয়াছেন এবং কেন্দ্রীয় সরকার কি উত্তর দিয়াছেন?

**The Minister for Home (Transport):**

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

## Registered unemployed

**7.** (Admitted question No. 49.)

**শ্রীমহঃ আবদুল বারি:** শ্রম বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) ১৯৬৭ সালের ১লা ফেব্রুয়ারী পশ্চিমবঙ্গের কোন্ এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে কতজন রেজেস্ট্রীভুক্ত বেকার ছিলেন;

(খ) উহা ১৯৬৫ এবং ১৯৬৬ সালের ১লা ফেব্রুয়ারী কোন্ বৎসর কত ছিল; এবং

(গ) উক্ত বেকারের মধ্যে কয়জন স্কুল ফাইনাল বা ম্যাট্রিক পাশ?

**The Minister for Labour:**

(ক) ১৯৬৭ সালের ১লা ফেব্রুয়ারী পশ্চিমবঙ্গের বিভিন্ন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলিতে মোট ৪,৫৩,৪১৫ জন রেজেস্ট্রীভুক্ত বেকার ছিলেন। উহাদের এক্সচেঞ্জওয়ারী সংখ্যা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত বিবরণীতে দেওয়া হইল।

(খ) ১৯৬৫ এবং ১৯৬৬ সালের ১লা ফেব্রুয়ারী উহাদের সংখ্যা যথাক্রমে ৪,৯৮,৩৮৯ এবং ৪,৮২,৭৫৭ ছিল। এক্সচেঞ্জওয়ারী উহাদের সংখ্যা উল্লিখিত বিবরণীতে দেওয়া হইল।

(গ) কোন বৎসরের ১লা ফেব্রুয়ারী পর্যন্ত বেকারের শিক্ষাগত যোগ্যতার পরিসংখ্যান দেওয়া সম্ভব নয়। শিক্ষাগত যোগ্যতার পরিসংখ্যান এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলিতে বৎসরে দুইবার জুন ও ডিসেম্বরে তৈয়ারী করা হয়। অতএব ম্যাট্রিক বা স্কুল ফাইন্যাল পাশ প্রার্থীর ১লা ফেব্রুয়ারীর নিকটতম মাসের অর্থাৎ ডিসেম্বর মাসের সংখ্যা দেওয়া হইল। ঐ সংখ্যা ১৯৬৬, ১৯৬৫ এবং ১৯৬৪ সালের ৩১এ ডিসেম্বর যথাক্রমে, ৬৮,৫৫০, ৭৪,৯২২ এবং ৭৫,৯১৮ ছিল। উহাদের এক্সচেঞ্জওয়ারী সংখ্যা উল্লিখিত বিবরণীতে দেওয়া হইল।

**Mr. Speaker:** With the consent of the House the list of questions fixed for today will be held over to the next rotational day. I have given consent to the moving of an adjournment motion of Shrimati Purabi Mukhopadhyay on the subject of famine in Bankura. I think there is no objection to leave being granted.

**Shri Jyoti Basu:** We have no objection.

**Mr. Speaker:** The motion will be taken up for discussion at 5 p.m. today.

### Calling Attention to matter of urgent importance

**Mr. Speaker:** I have received three notices of Calling Attention on the following subjects,—

(1) acute scarcity and high price of rice in the non-rationing areas of Darjeeling district—from Shri Arun Kumar Moitra,

(2) death of cattle in Cooch Behar district due to plauge and other epidemic diseases—from Shri Prasenjit Barman, and

(3) scarcity of Sugar in Midnapore district—from Shri Deben Das.

I have selected the notice of Shri Arun Kumar Moitra on the subject of acute scarcity and high price of rice in the non-rationing areas of Darjeeling district. The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject.

**Shri Jyoti Basu:** The statement will be made on Monday.

**Mr. Speaker:** Some honourable members took my permission to refer to certain important matters. I call upon Shri Paresh Goswami to mention his matter.

**Shri Paresh Coswami:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমাদের এলাকায়, বিশেষ করে কালনা এবং পূর্বস্থলী থানার বর্তমান খাদ্যসংকট এবং সেই খাদ্যসংকট থেকে উদ্ভূত সাধারণ মানুষের যে অবর্ণনীয় কষ্ট হয়েছে সেদিকে আপনার দৃষ্টি আনতে চাই এবং এই সুযোগে রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত এবং তারই সঙ্গে কিছু গুন্ডাবাজ লোকের অত্যাচার এত প্রবল আকার ধারণ করেছে যে কালনা এবং পূর্বস্থলী এলাকার সাধারণ মানুষের জীবনযাত্রা অত্যন্ত দুর্বিসহ হয়ে উঠেছে। সেখানে চাল বাজারে আনতে পারা যাচ্ছে না, সাধারণ মানুষ যে রাস্তা দিয়ে চাল আনে সেই সমস্ত ধান চাল লুঠ করে নিচ্ছে। ট্রেনে এমন অবস্থা হয়েছে যে যারা ট্রেনে করে চাল নিয়ে যাচ্ছে তাদের ত বটেই সাধারণ মানুষের জীবনযাত্রাও দুর্বিসহ হয়ে উঠেছে। এইভাবে যদি বিশৃংখলা, অরাজকতা সৃষ্টি করা হয় তাহলে দেশের মানুষের পক্ষে বাঁচা দুষ্কর। একেই ত দ্রব্যমূল্যের বৃদ্ধির দরুণ, খাদ্যাভাবের তাড়নায় সাধারণ মানুষ অস্থির তার উপর যদি এইরকম অরাজকতার সৃষ্টি হয় তাহলে মানুষ বাঁচতে পারে না। খাদ্যাভাবের যে কথা আমি বলছিলাম সেখানে মানুষ না খেয়ে, অর্ধাহারে কোনরকমে জীবনযাপন করছে, র্যাশনে চালের অভাব, বাজারে যে চাল পাওয়া যাচ্ছে সেই চালের দাম দুই টাকা, আড়াই টাকা পর্যন্ত উঠেছে, তা সাধারণ মানুষের ক্রয়ক্ষমতার বাইরে। সাধারণ মানুষ পাটের পাতা খেয়ে জীবনযাপন করছে। আমি যে এলাকায় গিয়েছিলাম সেখানকার সাধারণ মানুষ পাটের পাতা খেয়ে জীবন যাপন করছে ত বটেই, তারা এখন পাটের পাতা পর্যন্ত আনতে পারছে না। কারণ যে সমস্ত লোকের পাটের ক্ষেত আছে তারা লাঠি নিয়ে তাড়া করছে। তাই দেশে যদি এম আর সপের মাধ্যমে সস্তা দরে চাল সরবরাহ না করা হয় তাহলে বাঁকুড়া, পুরুলিয়া এবং মেদিনীপুরের অবস্থার মত বর্ধমান জেলা যেটা সারপ্লাস ডিস্ট্রিক্ট বলে আমরা জানি তারই একটা অংশ কালনা এবং পূর্বস্থলী থানা দুর্ভিক্ষের সম্মুখীন হবে।

**শ্রীমতী গীতা মুখোপাধ্যায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে যে পারমিশন চেয়েছিলাম সেটা আজকে আর বলছি না।

## LAYING OF REPORTS, REGULATIONS AND RULES

### Second Annual Report of Central Road Transport Corporation Ltd.

**Shri Jyoti Basu:** Sir, I beg to lay the Annual Report of the Central Road Transport Corporation Ltd. (A Government of India Undertaking) for the year 1965-66, in terms of section 619A(3) of the Companies Act, 1956.

### Report of Comptroller and Auditor-General of India on accounts of Electro Medical and Allied Industries Ltd.

**Shri Nani Bhattacharya:** Sir I beg to lay the Report of the Comptroller of Auditor-General of India on the accounts of the Electro Medical and Allied Industries Ltd., for the year ended June, 1966, in terms of section 619A(3) of the Companies Act, 1956.

### Amendments to West Bengal Public Service Commission (Consultation by Governor) Regulations, 1955

**Shri Jyoti Basu:** Sir, I beg to lay the amendments to the West Bengal Public Service Commission (Consultation by Governor) Regulations, 1955, issued under Finance Department Notification No. 5267-F., dated the 6th December, 1966 and No. 885-F., dated the 18th March, 1967.

### Amendment to West Bengal Standards of Weights and Measures (Enforcement) Rules, 1959.

**Shri Sushil Kumar Dhara:** Sir, I beg to lay the amendment to the West Bengal Standards of Weights and Measures (Enforcement) Rules, 1959, published under Commerce and Industries Department Notification No. 1041-W.M., dated the 8th June 1967.

### General Discussion on the Budget for 1967-68

**Shri Saila Kumar Mukherjee:** When the Hon'ble Finance Minister presented the three months' Vote on Account in March last based on the estimates of receipts and expenditure of the previous Governmnt, he said that in the final presentation he would make adjustment in the proposals for receipts and expenditure. He had four months' time as Deputy Chief Minister and Finance Minister to study and to be completely conversant with the problems of this problem State and I do hope now his proposals before the House are there after mature consideration of its economic, chiefly social and other objectives. Sir, before I begin, I would remind you and I rely on the successive opening budget speeches of the erstwhile Leader of the Opposition, and I was going through his several speeches in opening the general discussions on the budget for the last few years. On every occasion he insisted and his angle of criticism was how far the budget reflects the economy of the common man, how far the budget gave amelioration to the middle class, the working class and tillers of the soil. Sir, from the same angle of vision I would like to present before this House my observations on the first budget of the United Front Government for which they have during the last twenty years made claims very aloud as to what the budget should be. At the first budget we would like to examine it as to how far it fulfils the expectations of the people of West Bengal so far as its economy is concerned.

[1-10—1-20 p.m.]

I may humbly submit, Sir, I have very carefully gone through this white book he has circulated on fresh demands and I may sum up in one sentence that this budget it a budget of despair, a budget of consternation and a budget of ruin for the people of West Bengal. Before I take up point by point my first submission will be on the question of deficit financing that this budget envisages. It is a colossal deficit, unprecedented in the history of budgetary economy during the last 20 years. His first budget of the United Front Government is presented with a deficit of Rs. 36 crores. Whereas, when we presented it and when our budget was presented by the Finance Minister in March, it was a deficit of Rs. 6 crores and odd lakhs. Sir, we have now to consider whether this line is not a dangerous line and the economy of West Bengal whether it is able to bear the burden of this deficit of Rs. 36 crores, whether the back of the economy will not be shattered in no time. Sir, this deficit of Rs. 36 crores requires analysis. This deficit of Rs. 36 crores and odd lakhs was calculated with the opening balance. If you take into account the opening balance, which by a jugglery of figures has been converted, suddenly, within three months of administration, from 1 crore to 18 crores perhaps in the history of budget economy no one can say that such a thing has happened within three months 1 crore has been converted into 18 crores and, how? The Finance Minister has himself admitted that this sum Rs. 18 crores represents the unpaid dues of the Government of India on the 31st March. And they are shown as opening balance three months hence, just to minimise the real deficit of Rs. 36 crores, as a result of receipts and disbursement which he has now presented. Therefore, I submit, Sir, the real deficit is he has himself admitted it in his budget speech Rs. 36 crores when we take into account the opening balance the House has got to see the opening balance is raised from 1 crore to 18 crores. I have been trying to find out from the papers that have been circulated, if there is an opening balance because of India Government dues having been paid on 31st March, although in the previous budget of 31st March they were supposed to have been paid. Then, there should be corresponding entries on expenditure side to meet that 18 crores, so that it is wiped out. There is nothing. I would like the Finance Minister to satisfy that this sum of Rs. 18 crores has been shown also on the expenditure side to balance it. In that event the real deficit would be Rs. 18 crores.

The deficit is three times than what we presented on the last occasion, and on the last occasion, Sir, what we presented? It was stated that we would be reducing gradually the deficit financing as a policy as a matter of an all-India policy and every State Government accepted that policy. Even the different political parties accepted that policy not excluding the Communist Party. Deficit financing is dangerous for the country's economy. The Finance Minister himself had admitted in his budget statement that deficit financing should not have been resorted to. On the contrary it should be reduced. When after the General Election every State Government have presented some surplus budget, when some have reduced the deficit budget, when some have presented balanced budgets and the Central Government too have presented not a deficit, I fail to understand why the 14-party Government in West Bengal in their first budget cannot present before the House a balanced budget, specially when they have the benefit of having increased revenue expenditures presented in 20 years by the much accused, much maligned Congress Government who have laid a firm foundation of financial stability. They have given revenue receipts gradually mounting, rising from Rs. 35 crores to about Rs. 180 crores. I know there were difficulties during the last two years. The whole country every State budget and the Central budget was hard hit by the Pakistani war and the Chinese war.

t has been a great blow. But still certain directions had been given by the entral Government and this State Government also got those directions iat deficit financing must be reduced. What does deficit financing mean? o far as Central Government is concerned, they will go on circulating aper currency which may cause inflation in the country. So far as State overnment is concerned, they will go on ov rburdening the poor people of est Bengal without giving them adequate protection, without providing r corresponding receipts with overdrafts from the Reserve Bank. There another factor which the Finance Minister has not stated in his speech. he Central Government has given a clear direction to the Reserve Bank of ndia to stop overdrafting by the State Governments. This is a bad habit ndoubt. The previous Government of West Bengal had no occasion to iake much overdrafting from the Reserve Bank of India. Still for stabilis- ig the economy of the country, for stopping inflation and price rise, which re arresting the growth, that was one of the financial, economic methods dopted. The Reserve Bank was given a clear direction not allow over- rafting to States. I do not know if the present Finance Minister of the nited Front Government, who is courageous enough, who is bold in his tterances and speeches, who does not show any sense of fear to anybody, as consulted the Central Government or the Reserve Bank of India that verdrafting will be allowed. He has placed his cards before the House. e has not said that he was given direction by the Reserve Bank to make erdrafts. But he has, at the same time, presented us with Rs. 36 crores eficit budget. I do not know how this deficit financing will be met.

(Dr. Nalinaksha Sanyal: Heavy taxation is coming.)

-20—1-30 p.m.]

Therefore, I submit, Sir, that if there is no guarantee or offer from the eserve Bank of India in your predicament to offer you overdraft credit, en by this budget you are leading this State to a dangerous state of financial

ankruptcy unless you can recoup a substantial part of this deficit by, as r. Nalinaksha Sanyal just now anticipated, a fresh and heavy dose of ixation. Is this fresh and heavy dose of taxation a part of the financial hics or morality of the Finance Minister? During the Budget proposal aced before the House he did not inform the country of the new taxation at the People have to face. I do hope that the Finance Minister during s reply will do that. He has given a hint, he has said in his Budget Speech iat taxation will perhaps be necessary. He will place before the House ow far and what kind of taxation he proposes to introduce during the irrent session for this State. Sir, the Finance Minister has also suggested iat he is afraid of this heavy deficit and he is thinking of three means of iping out the deficit—first is taxation and the second is moratorium on ans. I want a categorical assurance from him during reply whether he as got from the Centre the assurance of moratorium. So far as we know, ome of the States have applied and the Central Finance Minister has cate- orically stated that it is not possible in this state of central finance to ant moratorium on loans. But our Finance Minister ,says he still in correspondence and I congratulate him for his optimism. ut it if does not materialise, the result will be disastrous. e has given a third alternative. third means of wiping out ie deficit. That is increase of Central assistance. He may try r increase of Central assistance which is fixed every five years by e Finance Commission under the Constitution. The Fourth Finance ommission has already submitted its report and there will be no fifth inance Commission before 1971. Has he got assurance that the Central sistance as provided for under the Fourth Finance Commission will be irther augmented by the Centre? The Centre has no power to do it other

than what the Finance Commission has reported. Therefore, so far as I can envisage, excepting fresh and heavy dose of taxation neither moratorium nor Central assistance would help him to wipe out the deficit. Therefore what is happening is that the people of West Bengal must be prepared for new taxes. What sort of taxation will be will be apprised and informed before the House, whether it affects the common man, the richer section or it affetcs those on whom the common economy of the common people of West Bengal rests. These are the assurances that the Hon'ble Finance Minister will have to give before the House when he replies to the debate on General Discussion because it is a very serious matter, and he has presented a budget with a deficit of 36 crores. These are some of the methods that he is contemplating to wipe out the deficit. Therefore he must satisfy the House what concrete shape he is to give. I can say in my humble way that so far as my experience goes, it is the practice all over the States under the Constitution that taxation proposals are submitted with the Budget proposal. But, now, there is a hint of taxation which may come into effect in this year or later on it is entirely for him to consider. But the House and the people of West Bengal must be informed as to when these taxations are coming over them and in what shape. Therefore, Sir, I earnestly urge the Finance Minister not to keep us any more in suspense. This is, Sir, all the more regrettable and reprehensible that many of the States in India after general election could present a surplus budget inspite of the dearness allowance given to the employees at the Central Government scale but we could not do it. In West Bengal this is the first time where the United Front Government the non-Congress Government could dare to come in with this heavy deficit budget for 36 crores and thereby pave the way for further inflation, for further rise in the price of rice, shortage of capital and then unemployment to increase. But, Sir, the present Finance Minister had himself on the previous occasions in the past repeatedly said that the object of the budget will be how unemployment problem would be mitigated. However, I will come to the question of unemployment and labour later on but so far as this question is concerned, he must satisfy the House that this heavy deficit budget is not going to stay, is going to be wiped out very soon.

Sir, during the last food debate I apprised the Food Minister when he was replying to the food debate that increase of five and a half crores of subsidy by purchasing foodgrains from villages at a higher rate and selling it at cheaper rate to the people of Calcutta who have got the highest purchasing power in the State to feed them with foodgrains at the extra cost of five and a half crores will suddenly affect the economy and increase inflation. In reply he taunted at me and said five and a half crores will have no effect on price and inflation because there are other factors. Since March and to-day let him calculate let him search his own heart and find out whether or not there has been further rise of price of essential commodities everything bread, biscuit, butter, rice, edible oil, pulses and sugar everything has gone up during the last three months or not. Although increased subsidy is not only the matter but I think it is one of the factors that led to inflation and our object should be not to increase deficit that should be the primary aim of ours. But unfortunately this was not done. Sir, therefore, you will also kindly see that there has been during the last four months, when the United Front Government is in power, a 34 per cent. increase in the price of foodstuff which is unprecedented in the statistical history of Bengal and India during the last 20 years. I do not say that all is due to the policy of the State Finance Minister but certainly he is responsible to a great extent that during the four months of their administration no attempt could be made to see that there is no further rise of prices. These are all warnings—natural warnings—financial and fiscal warnings to

be careful and cautious. He may at his sweet will do it but the question he has to consider is the economy. There are losses but economic losses cannot be frustrated and cannot be brushed aside simply by the power of pen. That is my humble submission.

[1-30—1-40 p.m.]

Do not leave the people of Bengal to further economic stagnation and ruin by this heavy deficit budget and at least satisfy this House how this can be soon wiped out. Sir, another shocking point I find from this budget. The proposal is that for the first time since independence with a heavy commitment of expenditure that is not bad, certainly you can do it in three months' administration you have shown a shortfall of revenue receipt to the extent of 2 crores. That is a dangerous sign I should say. When this State has been during the last twenty years shown a buoyancy of revenue receipt, when this much-maligned and much abused Congress Government could bring the revenue figure from 35 crores to 190 crores, I shudder to think why in the first budget of the United Front Government there will be a shortfall in revenue receipts to the extent of two crores. During 4 months of administration this is shown. I am showing it from the figures of his printed report. That will show 206 crores revenue receipts in the March budget. In this budget it is shown as 204 crores. If according to him, the figure is 2 crores, why should not it, at the end of the year, be further increased, because the beginning shows the day how the year will end Even from the beginning you start with two crores shortfall. Do you except that at the end of the year the revenue receipts will increase? Sir, in this connection I would humbly submit to the Finance Minister or other Ministers to survey and review these 4 months' conditions of trade and industry. I do not mean big industry or the big bourgeois I mean small traders, middle class people, lower middle class people and the entrepreneurs who have built up very ordinary mistries, small industries, large scale industries. Go to every shop in Calcutta, ask every trader in Calcutta small trader, whether or not during the last 4 months his business has been affected, his sales have gone down, his profits have become less, his business is shrinking. It is no political harangue but it is a cold fact which one in charge of the Government should do well to investigate, make a survey of the streets of Calcutta why it has shrunk during the last four months. There has been a rise, I tell you, in their misery due to the gradual shrinkage of business.

Then I come to the question of labour and unemployment. What does it indicate, Sir? This indicates that the buoyancy will further go down during the end of the year. If you are bold enough to ascertain from your collecting agents, you will find whether there has been recession in your collections during the four months. If there were no recession, why should you reduce the income to 2 crores. That is a dangerous sign. When during the last 20 years it has not shown recession, it has not shown decline, why should the first budget show the recession? That means you apprehend, your officers apprehend, your experts apprehend that there has been a recession in trade and industry. There will be recession and less collection. Why? Because of the condition of West Bengal, particularly, of poorer and middle classes, who are shattering, who are dwindling, who are coming to a stage of collapse. It is time enough to be cautious and to be vigilant. How? It is no use saying that we 14 parties have ousted Congress and formed Government. After all the people of West Bengal have to be satisfied. I do not know whether simply by party machinery a people can be pleased, whether simply by party organisation a democracy can function. Therefore, I would request you to consider this dangerous trend in your

first budget, the trend of shortfall in revenue receipts which has not occurred during the last 20 years. If you are satisfied, please yourself. You can take rest with mounting committed expenditure and dwindling revenue. If you think in this way you can do good to the people of West Bengal I will congratulate you. But that is a financial impossibility, that is according to ethics of finance an impossible proposition. It cannot be done. It is a dangerous indication of coming events which are casting their shadows before, which are already spread all over West Bengal. Whether they have spread or not, whether you accept it or not, it is for you to consider and to see with your open eyes. Send your officers with open eyes to meet everyone of the poor, middle class traders and small shopkeepers whether they are quite happy and doing business properly. A few Government employees, or a few mercantile employees or 4½ lakh teachers are not enough. It is the millions and millions of people in West Bengal engaged in different trades, avocations, industries, who constitute the economy of West Bengal. You have got to give philip to these industries and trades so that progress may be made, development may go on, the upward curve may go on and there is no recession and backward curve.

Sir, my last submission is that if with mounting expenditure there is no corresponding increase in revenue, West Bengal's so far soundest financial position in the country will be in jeopardy resulting in calamitous consequences. I have already said and I do not want to dilate on this about the three modes of dealing with deficit financing. I hope that in reply the Finance Minister will explain how far he is satisfied about the moratorium, how far he is satisfied about Central assistance and how much taxation he wants to impose on the people of West Bengal.

Sir, I would like to make some observation on the revenue expenditure. He has stated that revenue expenditure has been increased by Rs. 14½ crores. That is the difference between the March budget and the present budget. And he has shown this in this white book. Sir, they are all figures which were presented and prepared by the much abused and much maligned previous Congress Government. The only difference is an increase of Rs. 14½ crores. But how is this composed of? Rs. 11½ crores out of this goes for increased dearness allowance to the Government employees and teachers. Let us examine whether this benefit has been a real benefit or an illusory benefit.

[1-40--1-50 p.m.]

There are two aspects of the question. One is the principle. I should now submit why should State Government employees receive lesser scale of dearness allowance than the Central Government employees posted in Calcutta, specially when other State Governments have the courage to equate it with the Central Government scale. What would have been the fate if expenditure was increased to Rs. 3½ crores or more when you have taken recourse to a deficit budget of Rs. 36½ crores? When you are contemplating to bring forthwith fresh doses of taxation, why not settle for ever this vexed question for which we have also been fighting?

**Shri Narayan Choubey:** এতদিন আপনি করছিলেন কি?

Mr. Narayan Choubey will please learn and see what his leader has said in his book. We have given 27 crores in 3 years to employees. Sir, there is no moral or ethical justification for this discrimination except on the question of financial ability. There is no doubt about that. Now that you have decided to take up this question with the Centre, why not go on giving them the full Central scale like some other States which could give them

the same Central Government scale? It would have meant a further increase of about Rs. 3½ crores and you could have found that money easily. There are methods. My complaint is that year after year from that side as Leader of the Opposition he charged that Congress Government had a top-heavy administration, that Congress Government indulged in extravagance. I was looking forward to see that in his budget. Where is the curtailment of the top heavy expenditure? Where is the curtailment shown in the budget of extravagant expenditure which you had courageously charged during the last twenty years in season and out of season? Could you not out of a budget of about Rs. 170 crores cut down some amount? If your intention is bonafide, if you want to give your employees the same footing as the Central Government employees then Rs. 3½ crores could be provided by reducing the top heavy administration for which you have been clamouring and agitating and also criticising us for the last twenty years. Why not curtail a single farthing? Why not a single top boss has been chucked out? Why? An explanation is needed for this. It shows that there is no curtailment of expenditure on General Administration by a single farthing. It only shows hollowness of your criticism which has so far been levelled against the Congress Government. There is another side of looking at the things, and that I want you to consider. This benefit given to four lakhs of Government employees and teachers to the extent of an annual expenditure of about Rs. 11½ crores will hit forty lakhs of common people because it will result in inflatation. There is a vicious circle. If suddenly an amount of Rs. 11½ crores is pumped into the hands of four lakh people on account of their increased emoluments, it will give them the benefit but consider the price rise when this amount of Rs. 11½ crores will go into the market. What will happen then? Prices of every commodity will increase. There is another side of it. You may give them the benefit but you may see that inflation is not caused. How can this be done? During 1940, during the War, all Government employees used to get at cheap rates, subsidised food subsidised clothing, subsidised essential commodities. Why can't you do it now by distributing through the Government stores? Why can't you think of distributing them through Government co-operative stores? Of course, that is a matter for your consideration. That is an alternative which we suggest for your consideration as to whether this sort of benefit will be a real benefit or whether this benefit will be a lesser benefit which will be eaten up by this enormous price rise that occurred during the last four months. Whether they will get some real benefit or not, that is the point. It is for you to consider whether this will be feasible or not because this will not add to the other alternative that 30 crores of rupees would be further increased by nearly 20 crores of rupees.

Now I would refer to the Finance Minister's speech. I would not have referred to this, but this is a very vital question. In his

[illegible]

speech he has referred to the previous Government's

ধান [illegible] পরে নগণ্য পরিমাণ ধান পূর্ববর্তী সরকার সংগ্রহ ক[illegible]ছিলেন।

Then I would humbly state before him some figures on the food front. As a result of constantly changing, hesitant, weak and defective policy pursued by the United Front Government they have changed their policies and orders at least half a dozen times during the last four months without being consistent because they could not make up their mind. It is not a lecture, we have facts, certain circulars changing their policies and orders from month to month. Therefore the policy was hesitant and weak. During the last four months law and order situation has deteriorated. According to the Chief Minister's version, he himself said,

yes, give us food and I will improve the law and order situation. He has admitted that due to food condition law and order situation has deteriorated in rural areas, in every district and in villages and rice has disappeared in many districts. Markets have become dry and the normal trade channel in foodgrains has been seriously interrupted. It is not due to our fault, it is due to the policy pursued during the last four months. One thousand cases against levy holders which have been pending before the High Court have been withdrawn under Government order. This has emboldened them to say that they will violate the levy order. They know that the United Front Government will not punish them as was done by the previous Government. So they are violating the levy order. One thousand cases are pending and within 15 days you will certainly have to enforce strict orders under the Defence of India Act or whatever it is. But as is usual with universal communist tactics, the Finance Minister certainly wants a scapegoat and for this weak-kneed policy he makes a scapegoat of the previous Congress Government and the Central Government. It is usual with communist policy that they want a scapegoat. The figures will show what did the last Congress Government did and what was the position. The Finance Minister has said in his speech that the previous Congress Government did not collect the necessary quantity of paddy after the last harvest. But what are the facts? The facts will show that from January to April it is the usual season for purchase of paddy and rice as harvesting is finished by the middle of December and all large producers in West Bengal were thrashing their paddy during the first week of January. And then between January and

[1-50—2 p.m.]

April this is the usual normal period of heavy procurement. What happened this year? During January alone 54 thousand tons were procured from the big jotedars and then February from this month why poor collections? You all know February was a month of general election All Government officers and staff were engaged in election work. Therefore, during February the annual collections suffered. On the 2nd of March the United Front Government came to power. What they have collected during March-April which is the normal period of heavy procurement? First they started the policy of persuasion. We heard big things from the Ministers that they shall reach the traget by the policy of persuasion. Within 15 days we came to know that this is far far below expectation and promise they have made and other steps will have to be thought of. Sir, during February this year, I have said, no procurement was made. But look at 1966 last year during January to April the Congress Government collected 70 per cent. of the target. Since 2nd of March nothing could be collected on the other hand, they were encouraged to hide. One thousand cases were withdrawn instituted by the previous Government they were emboldened to hide their stocks and sell it out in the market. Why this has happened? It is due to their hesitant policy and now to lay the blame on the Central Government is something which is uncharitable and unbecoming. In the district, cordoning was abolished. The levy was given up and large producers were given the opportunity to sell their stock of paddy during the vital period of procurement viz., March to April. Therefore, now at the fag end certainly for your faulty policy you do want to scapegoat the Congress Government and Central Government. If the policy of levy were not given up during this vital period at least about 56 thousand tons could have been procured only through levy. It may be mentioned that about 2 lakh tons of rice could have been procured if codoning was maintained as was done during the previous year in 1966. It is easy to blame the Centre but in the Statement of the Food Minister, Dr. P. C. Ghosh, he made it clear that the Central Government has not discrimanated between Congress and non-Congress

Government so far as food allotment is concerned. Sir, during the election campaign the constituencies were told that the U. F. Government promise to increase the scale of statutory rationing 3 Kg. per week, they will bring down the price. But everybody knows, Sir, that even in the surplus districts prices of rise are varying from 2.50 Kg. to 3.50 Kg. so also in the deficit districts. It has happened because of the fact that surplus producers were given the opportunity to sell their rice. Even in the statutory rationing areas when the U. F. Government came to power rice was available. But hundreds/thousands of people would stock their rice because of the apprehension in their minds that rationing might fail while statutory rationing area was cordoned to prevent rice coming in large quantities from the villages.

They are trying to feed the rich people and highly purchasing power people of Calcutta at the cost of the poor. Nothing is clear from the budget statement. Finance Minister has not mentioned all these things. But it has a relation to economy because we are spending money unnecessarily. We are spending money, purchasing everything at a high price not to give benefit to the poorer people in the villages but for giving benefit to the people in Greater Calcutta who have the highest purchasing power. That is the faulty policy, wrong policy, and if you do it you ought to subsidise them without making the village people suffer. That is my humble submission. Sir, it will have to be seen how far the food question affects the economy.

Sir, now the Labour Minister is here. I make my humble submission on the question of labour and employment. I do not find the Industries Minister. I also make my submission on the question of small scale and medium industries. I searched page after page but I do not find wrether there is any provision of improvement to give effect to the dynamic labour policy of our Labour Minister. I find not a single farthing has been provided.

Then I come to the village industries and small scale and medium industries on which not the big industries, the bourgeoise thrive but humble or middle class, lower middle class Bengalis carry on the sustenance. Was there any provision in the revised budget of the United Front Government a single farthing on this small scale and village industries? No. Why, it is because of the new policy. What is the new policy? Certainly, the Labour Minister is entitled to say that Police should not interfere in legitimate trade union activities, police should not be utilised as strike-breakers. Let him enforce that. A reign of terror during the last 4 months has spread not simply amongst the big industries, your eye-sore with which I agree, but among the small industrialists and middle class, poor humble Bengali industrialists. They are being wiped out of existence during the last four months. I have simply before me a figure to show that—during 2½ months only, from 2nd of March to 17th of May, it does not include very small industries which are not registered with my friend's office. There are thousands and thousands of industries in the shacks and hovels of Howrah and in the huts and hutments of Barrackpore where common mistries earn their livelihood by plying lathe or handling a machine or machine tools. They have not come under the statistics. But the statistics show that within 2½ months there are 240 gheraos not for legitimate trade union purposes. Retrenchment out of 240 is only 10, lay off is only 11.

[2—2-10 p.m.]

For non-implementation of Wage Board and Tribunal awards, 33, leaving 196 cases. They have nothing to do with trade union activities. Therefore, I am not complaining against the Labour Minister about the gherao policy if it is in the interest of the labour. If he thinks that by pampering the labour, or by giving thoughts to the labour only industry in West Bengal

is safe, he can do it. But does he think I heard him announce openly, I am a Minister of labour and not a Minister of management I humbly submit, does he think this is a fair announcement? Is he not responsible collectively for the efficient management and running of industry? It is unheard of in the annals of any country. I hope he will retract from what he has said.

**Shri Subodh Banerjee:** I am sorry to oblige the ex-Finance Minister. I belong to the working class and I am proud of it.

**Shri Saila Kumar Mukherjee:** Being proud of it the Labour Minister would not bother if he kills the chicken that lays the golden eggs. If, by looking to the working class, the industries, big, small and medium, from West Bengal are wiped out and one by one the doors are shut, the shutters are closed, the Labour Minister, being a Labour Minister of the working class according to his own saying won't bother, I think that is an attitude which amounts to saying that he has nothing to do with industrial development of this State. When I say of industrial development, I am not thinking of big industries only. During the last 20 years Bengal was a place where middle class Bengalis had no place in industry. Gradually, during the last 20 years, small industries and medium industries have tried to move up with middle class Bengali capital. Sir, I come from an area which is called the Bermingham of West Bengal. In the shacks and hovels of Howrah thousands of ordinary working mistries have built up sheds with small capital and are earning their bread. I would request the Labour Minister and the Industries Minister to make a survey one day, according to their convenience, of the entire Barrackpore belt and Howrah belt, to go from door to door and see for themselves how during the last 4 months the conditions have deteriorated. I do not want them to pay visit to the big industries. I want them to go to the small industrialists, the middle class owners. He will see the bleeding monument of 4 months' tyranny in their faces. Hundreds of such concerns have been shut up, hundreds are on the point of being shut up and, similarly, if you go to the shops and trading centres, you will see how many shopkeepers are there to tell you, I am happy, the business is prospering. Everyone will tell you, my business has shrunken. There are, these things will have to be investigated into for the economic development of West Bengal. Unless you can do this there is no hope for West Bengal.

**Shri Subodh Banerjee:** Before you conclude, for heaven's sake please drop a tear for the poor workers.

**Shri Saila Kumar Mukherjee:** I will drop a tear without killing them. You cannot wipe out their tears by taking away their bread.

Now, Sir, on the question of planning, Finance Minister has said something in his speech. He has provided Rs. 10 crores for the Plan budget too. I wonder what can they do with this amount and on what basis. Is it a plan budget or an unplanned budget. All these three years. I have seen the Plan budget arrived at as a result of agreement between the Centre and all the States. Planning is not for a State but planning is for the whole country. Unless the amount of Rs. 10 crores come and if it does not come, then it will have to be provided from Rs. 36 crores revenue deficit. Is it safe for him to go on like this? Is it safe for West Bengal to find dues for the Plan provision which by negotiation you can agree with the Centre. I wonder of

"সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে আমাদের কাজ করতে হচ্ছে"

We are working under a federal Constitution with federal finance. Every State is not free and independent. Read the Constitution

and find whether States have got the freedom other than what the Constitution has given them. In a federal Constitution, in a federal finance, there must be mutual adjustment. Therefore to say that

ক্ষমতা সীমাবদ্ধ

it is the Constitution. Unless you change the Constitution you cannot do it. You are thinking of seceding from the Centre. West Bengal never for a moment think of seceding from the Centre. You can villify the Centre. You can do it for political purpose but for the gain of West Bengal you must convince them.

Before I conclude, I submit again most humbly that unless in your budgetary policy people of Bengal feel their sense of safety and security in every sphere, in running trains or in moving in bazars or in cars or in their schools and colleges, unless their safeties are assured, the future of West Bengal will be doomed.

Thank you.

**Shri Monoranjan Hazra:**

মাননীয় স্পীকার মহাশয়, আজকে এই বাজেটের সাধারণ আলোচনা সম্পর্কে আমি আপনার কাছে নিবেদন করতে চাই আমাদের শ্রদ্ধেয় সদস্য মাননীয় শৈলবাবু আমার আগে বক্তব্য রাখলেন—আমি অবশ্য তাঁর বক্তব্যের জবাব দিতে উঠিনি, তবে কয়েকটা কথা তিনি যা বলেছেন তা থেকে আমার বক্তব্য শুরু করব। তিনি একটি কথা উল্লেখ করেছেন—কলোসেল ডেফিসিট। কলোসেল ডেফিসিট সম্পর্কে তিনি বুঝাতে চেয়েছেন এই ধরনের বাজেট নাকি কখনও আমাদের এখানে উপস্থিত করা হয় নি। আমি তার দৃষ্টি আকর্ষণ করব—কলোসেল ডেফিসিট যাকে বলেছেন তার পরিবেশ কি ছিল—কি অবস্থায় তা করতে হয়েছে—একটা একটা করে যদি আমরা সেদিকে দেখি তাহলে দেখতে পাব তার কারণ আছে। প্রথম কথা পশ্চিমবাংলায় এখনও কেন্দ্রীয় শুল্ক যেভাবে আদায় করা হয় তার ফিগার-এর মধ্যে যদি যাই—এই ওঁদেরই সমর্থন কাগজে লেখা হয়েছে—"বেশির ভাগ কেন্দ্রের জন্য সংরক্ষিত উৎপাদন শুল্ক থেকে আদায় ১৯৬০-৬১ সালে ৪১৬ কোটি টাকা থেকে এ বছরের বাজেটে ১,১১৬ কোটি টাকায় উঠেছে।"

[2-10—2-20 p.m.]

কিন্তু রাজ্যসরকারগুলির জন্য নির্দিষ্ট অতিরিক্ত উৎপাদন শুল্ক থেকে আদায় ১৯৬০-৬১ সালে ৩৩·৬০ কোটি টাকা থেকে এ বছরের বাজেটে মাত্র ৫০·৫৬ কোটি টাকা। এ'রা কমিট করেছেন, আদায়ের ব্যাপারে এরকম তারতম্য থেকেই বোঝা যায় যে, রাজ্যসরকারগুলির আর্থিক দুর্দশা সম্পর্কে কেন্দ্র কতটা নির্বিকার। এ যেমন একটা কথা তেমনি আর একটি কথা আমি উল্লেখ করতে চাই। ১৯৬৭-৬৮ সালের বাজেটে কেন্দ্র ৫৯০ কোটি টাকা ধার্য করেছেন এবং জনসংখ্যার ভিত্তিতে সেখানে ৭০ ভাগ খরচ হবে এবং বাকি বিশেষ প্রয়োজনে ৩০ ভাগ খরচ করা হবে। যদি ৭০ ভাগ ধরা যায় তাহলে ৪১৩ কোটি টাকা হয়, আর যদি ৩০ ভাগ ধরা হয় তাহলে ১৭৭ কোটি টাকা হয়। এই ১৭৭ কোটি টাকার মধ্যে মাত্র পশ্চিমবাংলাকে ১ কোটি টাকা দেয় বলে ধরা হয়েছে। মাননীয় শৈল মুখার্জী মহাশয় বাজেটের মধ্যে যে কলোসাল ডেফিসিটের কথা বললেন ১৭৭ কোটি টাকার জায়গায় ১ কোটি টাকা পেলে এই পশ্চিমবঙ্গ কোথা থেকে সেই টাকা যোগাড় করবে। কলোসাল ডেফিসিটের যিনি এখানে উদ্গাতা তাঁকে জিজ্ঞাসা করতে চাই যে, এর পর কি করে সেই ডেফিসিট মেকআপ করতে হবে। উনি বলেছেন নিউ ট্যাক্সেসান সেটা নিশ্চয় হবে। তাঁর এত ভয় কেন নিউ ট্যাক্সেসান হলে? স্যার, এই বাজেটের সবচেয়ে বড় কথা যেটা সেটা হচ্ছে যে গত ১৫-১৬ বছর ধরে যে বাজেট আমরা দেখে এসেছি তার থেকে এর মৌলিক পার্থক্য রয়েছে। এই পার্থক্যটা হচ্ছে এই যে, বাংলাদেশে যারা এতদিন লুঠপাট করে খেত তাদের উপর কর ধার্য হতে পারে। এই আশঙ্কা তাঁরা কলোসাল ডেফিসিট দেখে আতঙ্কিত হয়েছেন। কিন্তু আজকে সরকারের পক্ষে তা না হলেও উপায় নেই। স্যার, কলোসাল ডেফিসিট নিয়ে আর বিশেষ কিছু বলতে চাই না। তারপর উনি আর একটা কথা

বলেছেন যে প্রাইস লাইন ফুড স্টাফের উপর ৩৪ পার্সেন্ট বেড়েছে। আমি তাঁকে সবিনয়ে জিজ্ঞাসা করতে চাই যে এই গত কয়েক মাসের ইতিহাসটা যদি তিনি দেখেন তাহলে তিনি দেখতে পাবেন যে গত বছর ১০ই মার্চ, ৬ই এপ্রিল, ২২ ও ২৩এ সেপ্টেম্বর এতবড় সংকটের বছরে কেন্দ্রীয় সরকার সেখানে ১৪ লক্ষ টন গম দিয়েছেন, আজকে হাফ অফ দি ইয়ার কমপ্লিটেড প্রায় অর্ধেক বছর কেটে গিয়েছে তখন মাত্র আমরা ১ লক্ষ টন গম পয়েছি। আমি তাঁকে জিজ্ঞাসা করি যে, এই খাদ্য পশ্চিমবঙ্গে কোথা থেকে আসবে? আর খাদ্য ঘাটতির জন্য দাম বাড়া অস্বাভাবিক নয়, যদিও তার অন্য কারণ আছে আমি সেটায় পরে আসছি। মাননীয় শৈলবাবু খুব ভালোভাবেই জানেন যে দর বাড়ার দুটি মস্তবড় কারণ ঘটেছে। একটা হচ্ছে মুদ্রামূল্য হ্রাস। মুদ্রামূল্য হ্রাস করার আগে যেখানে একটা আমেরিকান ডলার কিনতাম ৪·৭৬ পয়সাতে সেখানে এখন ৭·৫০ পয়সা অর্থাৎ ২·৭৪ পয়সা বেশী দিতে হয়। এটা সবচেয়ে বড় কারণ নয় যে আজকে দর বৃদ্ধি হবে। কিছুদিন আগে আমাদের মাননীয় প্রধানমন্ত্রী বলেছিলেন যে জিনিসপত্রের দাম বাড়বে। দর বাড়বার অন্য আর একটা কারণ হচ্ছে মুদ্রাস্ফীতি। এটা সকলেই জানেন যে, দেশে মুদ্রামূল্য হ্রাস করা হয় সাম্রাজ্যবাদীদের স্বার্থে, যে দেশে চোরাকারবারীদের কালো টাকা ঘুরে বেড়ায় সেই দেশে দাম বাড়বে না এ কখনই হতে পারে না। আর অন্য দিকে যে কথা তিনি বলেছেন সে কথা আমি বলতে চাই যে, তিনি একটা কথা গোপন করে গিয়েছেন। সেটা হচ্ছে গত সপ্তাহে লোকসভায় দাঁড়িয়ে আমাদের খাদ্যমন্ত্রী বলেছিলেন যে পশ্চিমবঙ্গের ধান চাল সংগ্রহ নীতির জন্য পশ্চিমবাংলায় খাদ্য সংকট হয়েছে।

তাঁর সেই সুরে সুর মিলিয়ে এখানে সেই সংকটটাকে বড় করে দেখান হচ্ছে। সেই সংকটটাকে একবার চিন্তা করে দেখা যাক। বাংলাদেশে হার্ভেস্টিং হয় নভেম্বর মাসে- সেই নভেম্বর, ডিসেম্বর, জানুয়ারি মাসে তাঁদের হাতে সরকার ছিল। সরকার সেই সময় কেন সংগ্রহ করেন নি? অন্য দিকে জগজীবনসাহেব আর একটি কথা বলেছেন যে, খাদ্য বাংলাদেশে দেওয়া যাচ্ছে না তার কারণ হচ্ছে সুয়েজের যুদ্ধ। আমি জিজ্ঞাসা করি সবিনয়ে যে, উড়িষ্যার এই যে ১৫ হাজার টন চাল দেবার কথা হয়েছিল সেটা কি সুয়েজ ঘুরে আসছিল? আমি জিজ্ঞাসা করি পাঞ্জাব থেকে যে গম দেবার কথা হয়েছিল, যে খুদ দেবার কথা হয়েছিল সেগুলি কি সুয়েজ ঘুরে আসছিল? কেন্দ্রীয় সরকার সেখানে কি এই নীতি গ্রহণ করেনি যে, কেন্দ্রীয় সরকারের মাধ্যমে নিতে হবে? বাংলাদেশের যুক্তফ্রন্ট সরকারের ১৫০ জন এম এল এ-কে জব্দ করার জন্য যে নোংরা রাজনীতি করা হচ্ছে এবং খাদ্য নিয়ে এই ৪ কোটি মানুষকে সাজা দেওয়া হচ্ছে কেন্দ্রীয় সরকার থেকে এখানকার কংগ্রেস নেতারা পর্যন্ত সেটা ঢাকবার জন্য আজকে পরিষ্কারভাবে দর বেড়েছে এই কথা তুলছে এবং মিডিল ক্লাস, লোয়ার মিডিল ক্লাস লোকেদের দুঃখে এখানে কুম্ভীরাশ্রু বর্ষণ করছেন এটা আমরা দেখতে পাচ্ছি। এই বাজেটের অন্য দিকে আমি দু-একটি কথা বলতে চাই সে কথা হচ্ছে এই যে, আগেকার ১৫ বছরের বাজেটের সংগে এর মৌলিক পার্থক্য আছে সেটা আমরা দেখেছি। মাননীয় স্পীকার মহাশয়, আমি বলতে চাই যে আমাদের অর্থমন্ত্রী এই কথাগুলি বলেছেন—তাঁর বাজেট স্পীচ-এর মধ্যে আছে যে, সরকারী কর্মচারী এবং বেসরকারী ক্ষেত্রে অশিক্ষক কর্মচারীসহ শিক্ষক-শিক্ষিকাগণকে ১৯৬৭ সালের ১লা মে থেকে বর্ধিতহারে দুর্মূল্যভাতা দেওয়ার জন্য বৎসরে অতিরিক্ত ১১ কোটি ৫০ লক্ষ টাকা ব্যয় হবে। এর পরে তিনি উল্লেখ করেছেন ১৯৬১ সালের পর নিম্নতম শ্রেণীর কর্মচারীদের জীবনধারন সম্পর্কিত ব্যয়ের হার বেড়েছে শতকরা ৫০ ভাগ এবং করণিকদের ক্ষেত্রে ৪৭·৪ ভাগ। এই পরিপ্রেক্ষিতে ১৯৬৫ সালের পর চার দফায় কর্মচারীদের বেসরকারী শিক্ষক প্রভৃতিদের ভাতা বাবদ ইতিমধ্যে ২৪ কোটি টাকা ও আরো কতগুলি সুখসুবিধার জন্য ৫ কোটি টাকা ব্যয়ের ঝুঁকি নিয়ে অর্থমন্ত্রী সরকারের পক্ষ থেকে ঘোষণা করেছেন সর্বশ্রেণীর সরকারী কর্মচারীদের দুর্মূল্য ভাতার দাবীর পুরাপুরি মেটাবার জন্য এই অল্প সময়ের মধ্যে আমরা যথেষ্ট অর্থের সংস্থান করতে পারিনি বলে আমি দুঃখিত, এই ঘোষণা করেছেন। স্থানীয় স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানগুলির কর্মচারীগণ আমাদের মঞ্জুরকরা দুর্মূল্যভাতার আওতার না পড়লেও এ বিষয়ে তাঁদের কিছু সুবিধা দেওয়ার কথা সক্রিয়ভাবে বিবেচনা করা হচ্ছে। এছাড়া মাননীয় অর্থমন্ত্রী একটা নতুন কথা বলেছেন যা বিগত দীর্ঘ ১৬ বছর কখনো শুনিনি সে হচ্ছে স্বল্প পেনসনভোগী ব্যক্তিদের দুর্দশা নিবারণের

জন্য আমরা কিছু করার চেষ্টা করবো এই কথাটা। মাননীয় স্পীকার মহাশয়, এরপর উল্লেখ-যোগ্য ঘোষণাগুলি এরইকম—প্রচলিত বাজেট রীতি অতিক্রম করে যেসব বরাদ্দ বৃদ্ধি করা হয়েছে তার তুলনা ইতিপূর্বে কখনো দেখিনি। সেচ বিভাগে বৃদ্ধি করা হয়েছে ২ কোটি ২৩ লক্ষ টাকা, স্বাস্থ্য বিভাগে বৃদ্ধি করা হয়েছে ৮৩ লক্ষ টাকা, শিক্ষা বিভাগে বৃদ্ধি করা হয়েছে ১ কোটি ৯৩ লক্ষ টাকা, বিদ্যুৎশক্তি ক্ষেত্রে বৃদ্ধি করা হয়েছে ২ কোটি ১৫ লক্ষ টাকা, গৃহনির্মাণে ১ কোটি টাকা, ত্রাণ খাতে ৫ কোটি ৩৫ লক্ষ টাকার মত ব্যয় হবে। অবশ্য কেন্দ্র এর শতকরা ৫০ ভাগ অনুদান এবং ২৫ ভাগ ঋণ হিসাবে দেবেন।

[2-20—2-30 p.m.]

এই যে পরপর এই বৃদ্ধিগুলো করা হয়েছে যেখানে সরকারী কর্মচারী যারা নিম্নতম কর্মচারী তাদের এখন যে মহার্ঘ্য ভাতা দেওয়া হয়েছে শিক্ষক ও যেসমস্ত প্রাথমিক শিক্ষক তাদের যে বৃদ্ধি করা হয়েছে তা এই টাকার মধ্যে বরাদ্দ করেছেন। এই যে দৃষ্টিভঙ্গী, এই দৃষ্টিভঙ্গী নিয়ে আজকে আমি আপনার মাধ্যমে কংগ্রেস পক্ষকে বলতে চাই যে এই জিনিসটা গত ১৫ বৎসর দেখিনি। দরিদ্র শিক্ষক, সরকারী কর্মচারী গত বৎসর যখন এখানে কংগ্রেস গভর্নমেন্ট ছিলেন তখন মাননীয় শৈলবাবু বলেছিলেন সরকারী কর্মচারীদের অর্থাৎ বরাদ্দের ব্যাপার নিয়ে যে তারা আমাদের সম্মানিত সহকর্মী। অর্থাৎ তাদের শুধু বাচনভঙ্গী দিয়ে ভোলাতে চেয়েছিলেন, যেটা আমরা চাই না। রোমান্স সিনেটারের মত শৈলবাবু এখানে অনেক বক্তৃতা করেছিলেন তখন তাঁর বক্তৃতার মধ্যে এসব কথা শুনি নি। সরকারী কর্মচারীদের মহার্ঘভাতা ইত্যাদি দেওয়ার মধ্য দিয়ে সরকারী নীতি ফুটে উঠেছে। আজকে বেসরকারী প্রতিষ্ঠান, যেসমস্ত ছোটবড় শিল্পের মালিক যদি বলেন যে, সরকার যদি নিজের ক্ষেত্রে এসব মঞ্জুর না করেন তাহলে বেসরকারী ক্ষেত্রে আমরা কি করে তা প্রয়োগ করবো? সরকার সঙ্গে সঙ্গে তার দেয় অর্থের দ্বারা সারা বাংলাদেশে একটা প্রেরণা এনে দিয়েছে, এটাকে শৈলবাবুরা ভয় করছেন এবং কলোস্যাল ডেফিসিট বলে অভিহিত করতে চাচ্ছেন। বাংলাদেশের মানুষকে তারা জাগলারি অফ ওয়ার্ডস দিয়ে ভোলাতে চাইছেন যে তারা এখনও বেঁচে আছেন। কিন্তু তা সত্য নয়। অন্য দিকে আমি বলতে চাই এ কাজগুলি করার সঙ্গে সঙ্গে আর একটা জিনিসের দিকে দৃষ্টি আকর্ষণ করছি সেটা হচ্ছে আমাদের এই পশ্চিমবঙ্গ রাজ্য আমরা যে কোন কাজ করি না কেন তাতে আমাদের প্রচণ্ড বাধা হচ্ছে কেন্দ্র। কেন্দ্রের যে সমতায় আমাদের পশ্চিমবাংলার প্রতি প্রতিফলিত হচ্ছে তা একটা অদ্ভুত ব্যাপার এবং পৃথিবীর অন্য কোন দেশে এ জিনিস হয় কিনা জানা নেই। জাতীয় সংগতির কথা বলা হয়। এই কেন্দ্রীয় সরকারের রাজভাণ্ডারে বাংলাদেশ থেকে আমরা একের তিন অংশ রাজস্ব দিই, আমাদের পাট, চা, খনিজ দ্রব্য ইত্যাদি থেকে। প্রকৃতির নিয়মে যে নদী নালা-সাগর শুকিয়ে আকাশে বাস্প হয়ে যে মেঘ হয় আবার সেই বাস্পই বৃষ্টি হয়ে ভূমিতে পতিত হয়, কিন্তু কেন্দ্রীয় সরকারকে আমরা বাংলাদেশ থেকে যে অর্থ দিই তা আমরা যখন প্রাকৃতিক নিয়মের মত তাদের কাছ থেকে চাই যে, আমাদের দেওয়া হোক তখন কংগ্রেস সরকার বোধ হয় প্রাকৃতিক নিয়ম বিরুদ্ধে আমাদের তারা মঞ্জুর করেন না এবং আমাদের প্রতি বিমাতৃ-সুলভ মনোভাব দেখায়, এর কারণ হচ্ছে প্ল্যানিং কমিশন। এই প্ল্যানি কমিশন কাদের নিয়ে তৈরি হয়েছে? যদিও অর্থমন্ত্রী মহাশয় তার বাজেট বক্তৃতার মধ্যে এ বিষয়ে খুব স্পষ্টভাবে বলেন নি, কারণ এখানে সংবিধানের প্রশ্ন আছে। আমি এ কথা বলতে চাই যে প্ল্যানি কমিশন-এর সদস্য আছেন, মন্ত্রীরা যারা একটি বিশিষ্ট রাজনৈতিক দলভুক্ত অর্থাৎ কেন্দ্রীয় মন্ত্রীসভার। সে মন্ত্রিসভা যে প্ল্যান করেন তখন অন্য কোন দল গদিতে আসীন থাকলে তাদের প্রতি তাঁরা সহানুভূতিসম্পন্ন হতে পারেন না। প্ল্যানিং কমিশনকে যদি এইরকমভাবে রূপান্তরিত করা না হয়, যেটা অর্থমন্ত্রিমহাশয় বাজেট স্পীচ-এর মধ্যে উল্লেখ করেছেন তাহলে কিছুটা কাজ হত। কিন্তু প্ল্যানি কমিশন-এর মধ্যে কিছু এরকম রাজনৈতিক ব্যক্তিরা থাকবেন এবং তাঁরা পশ্চিম বাংলায় যে মতাবলম্বী নিয়ে বিরোধী শক্তিরা এখানে এসেছেন তখন তাঁরা সহানুভূতিসম্পন্ন হয়ে কোন কাজ করতে পারেন না। এর উদাহরণ আমি আগে দিয়েছি আরও দিতে পারি। এখানে ইন্ডাস্ট্রিয়াল প্ল্যান করতে গেলে বাধা আসে, এখানে সাড়ে চার কোটি টাকা চাওয়া হয়েছিল খাদ্যের জন্য, সে টাকা দেওয়া হয় নি। আজকে যখন খাদ্যের অবস্থা অত্যন্ত শোচনীয় সে সময় আমাদের অন্য কোন জায়গা থেকে চাল কেনার ক্ষমতা নেই এবং সে টাকা কেন্দ্র থেকে চাইলে

আমরা পাব না এরূপ অবস্থা হয়েছে। আমি শেষে একথা বলতে চাই যে বাংলাদেশে এই যে বাজেট অর্থমন্ত্রী উপস্থিত করেছেন এই বাজেটে বিগত ১৫ বৎসর ধরে কংগ্রেস সরকারের যে দৃষ্টিভংগী ছিল তার সংগে মৌলিক পার্থক্য আছে। এর ফলে সরকারী কর্মচারী নিম্নতম কর্মচারী, শ্রমিক, শিক্ষক সকলেই উপকৃত হবেন। অন্তত আগামী দিনে তারা প্রেরণা নিয়ে এ দেশকে আপন ভেবে গড়ে তোলার জন্য এগিয়ে যাবে।

সবচেয়ে বড় কথা হচ্ছে বাজেটের মধ্যে ২টা জিনিস আমরা পেলাম। একটা হচ্ছে পুলিশ খাতে ১৫ বৎসরের চেয়ে এবার টাকা কমান হয়েছে এবং যেসমস্ত ডিফেন্স-এর নাম করে যে টাকা বাজে খরচ হত সে টাকা কমান হয়েছে, এই সাহসিকতার জন্য আমি বলবো এই মন্ত্রি-সভা যে মৌলিক পার্থক্য বাজেটের মধ্যে দেখিয়েছেন সেটা জনসাধারণের সহযোগিতায় বজায় রেখে যাবেন এবং আগামী দিনে যে বাজেট তৈরি করবো তাতে আমরা মানুষকে কিছু কার্যকরী পথ দেখাবো। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Abdus Sattar:**
মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইতিপূর্বে আমাদের ভূতপূর্ব ফাইন্যান্স মিনিস্টার এবং মিস্টার হাজরা যে বক্তব্য রেখেছেন তা আমি মনোযোগ সহকারে শুনেছি। আমাদের ভূতপূর্ব ফাইন্যান্স মিনিস্টার ২টা বাজেট অর্থাৎ মার্চে যে বাজেট এই হাউসে রাখা হয়েছিল সেই বাজেট এবং ২৬এ জুন যে বাজেট রাখা হয়েছে তার সংগে তুলনা করে দেখিয়েছেন যে বর্তমান বাজেট যেটা রাখা হয়েছে জুন মাসের ২৬ তারিখে তা থেকে প্রমাণিত হয় যে, আমাদের বাংলাদেশ একটা আর্থিক সংকটের মধ্যে পড়ে আছে। এবং আমি বলবো যুক্তফ্রন্ট সরকার গঠিত হবার পর তা আরো বৃদ্ধি পেয়েছে। এবং এই সংকটের দিকে দিনের পর দিন বাংলাদেশকে যুক্তফ্রন্ট এগিয়ে নিয়ে যাচ্ছে। মার্চ মাসে ৬ কোটি ৬৩ লক্ষ যে ঘাটতি ছিল আর আজকে সে ঘাটতি দেখাচ্ছেন ১৮ কোটি ৩৫ লক্ষ। যেখানে ঘাটতি বাজেট হবে সেখানে নিশ্চয়ই আর্থিক সংকট হবে। এই কথা তিনি তাঁর বাজেটের মধ্য দিয়ে প্রমাণ করেছেন। মিঃ হাজরা বলেছেন মার্চ মাসে যে বাজেট মন্ত্রিমহাশয় রেখেছিলেন সেই বাজেট প্রিপেয়ার্ড বাই প্রিভিয়াস গভর্নমেন্ট এবং বর্তমান বাজেট সম্বন্ধে বলেছেন মৌলিক পার্থক্য আছে। আমি বলব মৌলিক পার্থক্য কিছু নেই বরং এই সংকটের দিনে যখন মানুষ না খেতে পেয়ে মারা যাচ্ছে ৩-৪ মাসের রাজত্বে জেলায় জেলায় ফ্রি কিচেন ওপেন করা হয়েছে। যখন মানুষের কেনবার ক্ষমতা নেই এবং বাজারে প্রতি কেজি ৩-৪ টাকা দরে চাল সে সময় ঘাটতি বাজেট নিশ্চয়ই জনসাধারণকে আঘাত করবে তাতে সন্দেহ নেই। তিনি বলেছেন ১৮ কোটি ৩৫ লক্ষ ঘাটতি বাজেট সেটা কর বসিয়ে নিশ্চয়ই আদায় হবে। কিন্তু ফাইন্যান্স মিনিস্টার তার বক্তব্যের মধ্যে রাখেন নি যে কিভাবে ঘাটতি পূরণ করবেন। বড় লোকেদের উপর থেকে আদায় করবেন কিনা তা তিনি বলতে সাহস করেন নি।

[2-30—2-40 p.m.]

তাঁরা কিভাবে টাকা জোগাড় করবেন সে সম্বন্ধে যা বলেছেন তা ভেগ অস্পষ্ট। তার দ্বারা আমার মনে হয় তিনি কেবল এড়িয়ে গেছেন। আজকে মিঃ হাজরা তিনি তাঁর বক্তৃতার সময় বলেছেন যে মৌলিক পরিবর্তনের মধ্যে পুলিশ খাতে টাকা কম ধরা হয়েছে। অর্থাৎ ৪৮ লক্ষ টাকা কম ধরা হয়েছে। আমার মনে হয় যদি মার্চ মাসের বাজেট দেখা যায় তাহলে দেখা যাবে যে, মার্চ মাসের বাজেটে পুলিশ খাতে ২ কোটি ৪৮ লক্ষ টাকা বৃদ্ধি পেয়েছে। অর্থাৎ গত মার্চে পুলিশ খাতে যে টাকা ছিল এই বছর মার্চ মাসে তার চেয়ে ২ কোটি ৪৮ লক্ষ টাকা বৃদ্ধি পেয়েছে। ৪৮ লক্ষ টাকা বাদ দিলেন দ্বিতীয় দফায় যখন বাজেট পেশ করলেন। তারপরে আর একটু দেখলে দেখা যাবে যে কেবল লোককে ভাঁওতা দেবার জন্য লোককে বোঝানো হচ্ছে যে পুলিশ খাতে টাকা কমান হইয়াছে। কিন্তু সেই জাগলারি বাজেট দেখলে দেখা যাবে গ্র্যান্ট নং ১৫-এ যেখানে আছে টোট্যাল রিকোয়ারমেন্ট ফর পুলিশ, তাতে ১ কোটি ২৬ লক্ষ ৯২ হাজার টাকা আরো বৃদ্ধি পেয়েছে। সুতরাং ডিয়ারনেস অ্যালাওয়েন্স পুলিশ খাতের জন্য বেড়েছে সে যে কোন কারণে হোক ৩ কোটি টাকা। সুতরাং পুলিশ খাতে ৪৮ লক্ষ টাকা কম করে জনসাধারণের কাছ থেকে বাহবা নিচ্ছেন। কিন্তু বাজেট যদি একটু অনুধাবন করে দেখা

যায় তাহলে দেখা যাবে বর্তমান বাজেটে পুলিশ খাতে ৩ কোটি ২৬ লক্ষ ৯২ হাজার টাকা বৃদ্ধি পেয়েছে। অথচ তিনি বলছেন ৪৮ লক্ষ টাকা খরচ কম করা হয়েছে। আজকে দেখবেন জনগণের কোন কাজে পুলিশ নেই। আমার মনে হয় ঐ ৩ কোটি ২৬ লক্ষ ৯২ হাজার টাকাই বৃদ্ধি করেছেন। অথচ লোককে ভাঁওতা দেওয়ার জন্য বলা হচ্ছে ৪৮ লক্ষ টাকা কম হয়েছে। এটা হিসাবের জাগলারি—ভাঁওতা ছাড়া আর কিছু নয়। আপনারা পুলিশের যখন সাহায্য চান না, পুলিশকে যখন আপনাদের দরকার নেই তখন আমি বলব এতগুলি টাকা কেন আপনারা পুলিশ খাতে দিচ্ছেন? আজকে পুলিশকে নিষ্ক্রিয় করে ফেলেছেন। আজকে চারিদিকে সন্ত্রাসের রাজত্ব সৃষ্টি করেছেন এবং জংলী শাসন চলেছে। আমি মুর্শিদাবাদ থেকে এসেছি। আমি সেখানে দেখেছি পুলিশকে নিষ্ক্রয় করে ফেলার ফলে চারিদিকে লুঠপাট হচ্ছে, এমন কি ঐ বামপন্থী, আর এস পি-র লোকেরা অতর্কিতে আমাকে আক্রমণ করেছিল। আরো জেনে রেখে দিন বহরমপুর খাগড়া বাজারে যে চাল লুঠ হয়েছিল—সেখানে চাল লুঠ হয় নি, দোকান লুঠ হয়েছিল। সেখানেও কিন্তু পুলিশ নিষ্ক্রিয়ভাবে দাঁড়িয়েছিল। কতকগুলি বামপন্থী নেতা, তারা হচ্ছে জেলার মাথা, তারা পুলিশকে সরে যেতে বলেছিল, যাতে তাদের সুবিধা হয়। আজকে যে সন্ত্রাসের রাজত্ব সৃষ্টি করেছেন আমার মনে হয় এর ফলে লোকের মনে বিভীষিকা সৃষ্টি হয়েছে। আজকে পথেঘাটে মানুষ নিরাপদে চলতে পারছে না। আজকে ট্রেনে, পথে-ঘাটে যেখানেই দেখা যায় শুধু লুঠতরাজ আর বিভীষিকার রাজত্ব সৃষ্টি হয়েছে। এমন কি এই ২৬এ জুন যখন বিধানসভা এবং বিধান পরিষদের সভ্যরা আসছিলেন, তখন বাম কমিউনিস্টের লোকেরা কংগ্রেস মেম্বারসদের গায়ে থুতু ফেলতে দ্বিধাবোধ করেন নি, তাদের জামাকাপড় ছিঁড়ে ফেলতেও দ্বিধাবোধ করেন নি, কিন্তু পুলিশ সেখানে নিষ্ক্রয়ভাবে দাঁড়িয়েছিল। তাই আমি আবার বলব পুলিশকে নিষ্ক্রয় করে দিয়ে যখন জংলী সন্ত্রাসের রাজত্ব সৃষ্টি করেছেন তখন এত টাকা কেন পুলিশ খাতে ব্যয় করছেন? নকশালবাড়িকে কেন্দ্র করে এখানে অনেক আলোচনা হয়েছে। কিন্তু আমি বলব আজকে যাঁরা স্টেটসম্যান পত্রিকা পড়েছেন তাঁরা নিশ্চয়ই দেখেছেন নকশালবাড়ির পিছনে চীন যে আছে তার প্রমাণস্বরূপ চীনা বেতার বার্তায় যা বেরিয়েছে সেটা সম্বন্ধে আজকের স্টেটসম্যান পত্রিকা লিখেছে। সেটা হচ্ছে এই

Statesman, dated the 29th June, 1967. Naxalbari, A Base for Farmers' revolt, says Peking. It says that the Indian Communist Party has set up a base for the peasants' armed struggle against the Indian Government in Darjeeling district, the New China News Agency reported today, says A.P. NCNA said, they have established their own political power and organised peasants' societies, thus rebelling against the Indian reactionary Government and the landlord class. The Peking radio said tonight that the present unrest in Naxalbari showed that the Indian people have begun to advance along the revolutionary road shown by Chairman Mao Tse-tung.

সুতরাং মাও-এর নির্দেশ অনুসারে নকশালবাড়িতে যে ঘটনা হচ্ছে, তার প্রমাণ পিকিং নিজে স্বীকার করেছে, আজকে পিকিং-এর বেতার বার্তায় এটা বলা হয়েছে। এবং এস এস পি লিডার্স চার্জেস

"The terrorist activities of CPI(M) in Naxalbari appear to be part of a long-term plan to prepare defence guards for the Chinese in the event of hostile developments on the Indo-Chinese borders," Mr. Tulsi Boda, Joint Secretary of the SSP said, reports UNI

সুতরাং দেখা যাচ্ছে তারা এই নকশালবাড়িতে একটা ঘাঁটি তৈরি করতে চায়, তারা সেখানে একটা বেস রাখতে চায়, যার ফলে চীনাদের ভবিষ্যতে ভারতবর্ষ আক্রমণ করতে সুবিধা হবে। সেই উদ্দেশ্য নিয়ে তারা তৈরি করছে এবং সেই দলই আজকে এখানে গদিতে বসে আছে। সেইহেতু আমরা তাদের কাছ থেকে কি আশা করতে পারি—এই বাজেটে তারা দেশের দুঃখ লাঘব করবে? দুঃখ লাঘব করা তো দূরের কথা, তারা এই বাজেটের দ্বারা প্রমাণ করছে যে দেশের দুঃখ যাতে আরও বাড়ে তারা সেটা করছে। আজকে খাদ্য আন্দোলনের নামে দেশের মধ্যে অরাজকতা সৃষ্টি করেছে এবং খাদ্যের অবস্থা আজকে কোথায় গিয়ে দাঁড়িয়েছে দেখুন, কংগ্রেস সরকারের ত বিশ বছরের শাসনে দেখিয়ে গেছে, সবচেয়ে খাদ্যের অবস্থা যখন খারাপ

ছিল তখন ১·৫০ পয়সা কিলো চাল হয়েছিল। আজকে সাড়ে তিন মাসের শাসনে তারা কি করেছেন দেখুন, তাঁরা যখন দেশের শাসনভার গ্রহণ করেছিলেন তখন ১·২৫ পয়সা চালের কিলো ছিল, সেখানে ৩·২৫ পয়সা, ৩·৫০ পয়সা, ৪ টাকায় সেই দর গিয়ে দাঁড়িয়েছে। ২০ বছরে যে দর বাড়েনি কংগ্রেস সরকারের আমলে আজকে দ্বিগুণ, তিনগুণ, চারগুণ বেশী বেড়েছে। আমি বলবো যে কংগ্রেস সরকারের লেভির ব্যাপারে তাঁরা অভিযোগ করেছিলেন যে কংগ্রেস কালোবাজারী, জোতদার, মজুতদার এবং মুনাফাখোরদের বন্ধু, কিন্তু প্রকৃত বন্ধু কে, সেটা আমি আপনাকে বলছি, প্রকৃত বন্ধু আজকে যুক্তফ্রন্ট সরকার। তাঁরা যখন দেশের শাসনভার গ্রহণ করেন তখন যাদের উপর ধান দেওয়ার ব্যাপারে লেভির নোটিশ দেওয়া হয়েছিল, কিংবা যাদের বিরুদ্ধে হাজার হাজার কেস ফাইল করা হয়েছিল, যুক্তফ্রন্ট সরকার সেই লেভির নোটিশ উঠিয়ে দিলেন এবং লেভি নেন নি এবং যেসমস্ত কেস ছিল সেইসমস্ত কেসগুলো উইথড্র করেছেন, এর ফলে দেখা যাচ্ছে যে বাধ্যতামূলক ধান না নেওয়ার ফলে এই অবস্থায় এসে আজকে দাঁড়িয়েছে। তাঁরা যদি বাধ্যতামূলক ধান মজুতদারদের কাছ থেকে জোতদারদের কাছ থেকে নিতেন তাহলে সেইসমস্ত মজুতদার কালোবাজারীদের কাছে ধান থাকতো না এবং সেইসমস্ত জোতদার, মজুতদাররা আজকে মাথাচাড়া দিয়ে উঠতে পারতো না, সেই সুযোগ এ'রা দিয়েছেন। কংগ্রেস সরকার কিন্তু দেন নি। আমি বলবো ভূতপূর্ব মুখ্যমন্ত্রী যতগুলো লোককে এই ধান না দেওয়ার জন্য, লেভি না দেওয়ার জন্য আটক করেছিলেন আজকে এই যুক্তফ্রন্ট সরকার তার পাঁচ পার্সেন্ট, দশ পার্সেন্ট লোককেও আটক করেন নি। আজকে পি ডি অ্যাক্ট নিয়ে কথা উঠেছে, তাঁরা এককালে যাকে কালো কানুন বলেছিলেন, সেই পি ডি অ্যাক্ট আজকে তাঁরা চালু করছেন। অথচ আমার মনে হয়, ভূতপূর্ব মুখ্যমন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেন যে খাদ্যনীতি রচনা করেছিলেন সেই নীতিই তাঁরা গ্রহণ করছেন, অথচ আগে সেই খাদ্যনীতিকেই বার বার নিস্ফল খাদ্যনীতি বলে আক্রমণ করেছিলেন। আমি বলবো আজকে এই যে বামপন্থীদল যাঁরা যুক্তফ্রন্ট সরকার গঠন করেছেন, দেশকে চালাবার মত ক্ষমতা এ'দের নেই, আজকে দেশকে তাঁরা দুর্ভিক্ষের মুখোমুখি এনে ফেলেছেন। আজকে প্রতি জেলায় শত শত লোক না খেয়ে মারা যাচ্ছে, কোন জেলায় রেশনে চাল দেওয়া হচ্ছে না। যারা গরীব দিনমজুর কোনরকমে ইনকাম করে খায় তাদের পক্ষে সংসার চালানো অসম্ভব হয়ে পড়েছে, দিনের পর দিন অনাহারে থাকছে। আমি যুক্তফ্রন্ট সরকারকে বলবো যাঁরা বলেছিলেন একদিন যে, দিনমজুর জনসাধারণকে চাল দেবেন টাকায় তিন কেজি করে, আজকে তাঁরা ৩ টাকায় এক কেজি করে চাল খেতে দিচ্ছেন, এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-40—2-50 p.m.]

**Shri Narayan Choubey:**

মাননীয় স্পীকার মহোদয়, যুক্তফ্রন্ট সরকার যে বাজেট নিয়ে এসেছে আমি সেটা সমর্থন করি। কারণ এটা একটা নতুন ধরনের বাজেট। এই প্রথম আমরা দেখলাম বাজেটের মাধ্যমে বাংলাদেশ তার ন্যায্য পাওনার কথা জোর গলায় বলেছে। বাংলাদেশ বলেছে সেন্টার তার ন্যায্য পাওনা টাকা দেন নাই। বাংলাদেশ সেই ন্যায্য টাকার জন্য দাবী জানিয়েছে—ন্যায্য হকের টাকা বাংলাদেশকে দিতে হবে। এই আমরা প্রথম দেখলাম—উৎপাদন, স্বাস্থ্য, শিক্ষা খাতে ৯ কোটি ৫১ লক্ষ টাকা বাড়ান হয়েছে। এই টাকা যদি আমরা ব্যবহার করতে পারি, যদি আমাদের পুঞ্জীভূত ক্লেদ ও আবর্জনা যা ভূতপূর্ব সরকার রেখে গিয়েছেন তাকে ধীরে ধীরে সরিয়ে অক্টোপাশের হাত থেকে রক্ষা করতে পারি তাহলে নূতন ৮ লক্ষ একর জমি চাষ করতে পারবো এবং ৮ লক্ষ টন বাড়তি খাদ্যশস্য উৎপাদন করতে পারবো এবং বাংলাদেশে যে খাদ্য ঘাটতি তা আংশিক হলেও পূরণ করতে পারবো এই আশা আমাদের আছে।

আমরা দেখছি পুলিস অ্যাডমিনিস্ট্রেসান খাতে ১ কোটি ৮৬ লক্ষ টাকা কমিয়ে দেওয়া হয়েছে, এই পুলিস অ্যাডমিনিস্ট্রেসান ও ইমারজেন্সী নামের এই ১ কোটি ৮৬ লক্ষ টাকার মধ্য দিয়ে অনেক মণ্ডল কংগ্রেস ইত্যাদি পালিত হতো। তার দরুন এই টাকা আমরা কমিয়ে দিচ্ছি। কাজেই তাঁদের দুঃখের কথা বুঝি, তাদের বেদনার কথা আমরা বুঝি।

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের ভূতপূর্ব অর্থমন্ত্রী শৈলবাবু ঘেরাও সম্বন্ধে যখন দুঃখ প্রকাশ করেছেন, তখন আমার একটা বাংলা ছড়া মনে পড়ে গেল। সেই ছড়াটা হল এই—

"নোটন নোটন পায়রাগুলি ঝোটন বেঁধেছে,

পুকুরেতে রুই কাতলা ভেসে উঠেছে,

দাদা তাদের কলম ছুড়ে মেরেছে,

উঁহু দাদা বড্ড লেগেছে।"

তাই শ্রমিকদের তরফ থেকে ঘেরাও হবার ফলে কালোবাজারী মালিক, মুনাফাখোর মিল মালিকদের বক্ষক যারা তাদের গায়ে বড্ড লেগেছে। কিন্তু আমি তাদের বলি আমাদের এই পলিসি চলবে। যতদিন এই সরকার জোরদার থাকবে, ততদিন এই নীতি তাঁরা চালিয়ে যাবেন সে বিষয়ে কোন সন্দেহ নাই। এই সরকার যাতে ভালভাবে তাদের নীতি না চালাতে পারে তার জন্য চক্রান্ত চলেছে। চক্রান্ত চলেছে জোতদার জমিদারদের নিয়ে গ্রামে গ্রামে। যুক্তফ্রন্ট সরকার যখন গঠিত হয়েছিল, তখন এরা ইঁদুরের মত গর্তে ঢুকেছিল, এখন তাঁরা অন্ধকারে চামচিকার মত বেরিয়েছে। তারা এখন গ্রামে গ্রামে গিয়ে মিটিং করছে এবং বলছে যুক্তফ্রন্ট সরকারকে তোমরা ধান দিও না। ঐ আভা মাইতি গ্রামে গ্রামে গিয়ে মিটিং করে বলছে তোমরা এই সরকারকে ধান দিও না, ঐ শ্রীমতী পূরবী মুখার্জী গ্রামে গ্রামে গিয়ে মিটিং করে বেড়িয়েছেন এবং বলেছেন তোমরা কখনো যুক্তফ্রন্ট সরকারকে ধান দিও না। আর এদিকে আমরা দেখছি কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী জগজীবন রাম কল্যাণ বিতরণ করছেন চির কল্যাণময়ী, তুমি ধন্য। তিনি খাদ্য দিতে পারছেন না বটে, তবে বলছেন সুয়েজে ঐ নাসের মিয়া খাল বন্ধ করে দিয়েছেন, খাদ্য আসতে দিচ্ছেন না বলে। কে না জানে সেকথা কেন্দ্রীয় সরকার আগে যে গম আমাদের দিতেন, তার চেয়ে কম দিচ্ছেন। যতটা আমাদের দেবার কথা তাও তিনি দেন নাই। তার জন্য চারিদিকে এই হাহাকার চলেছে। যে খাদ্য সংগ্রহ করবার কথা ছিল, তা তাঁরা করেন নাই। তার জন্য এই বিদ্রোহ ও বিক্ষোভ হচ্ছে। আমরা এটা জানি না যে অনেক কংগ্রেস এম-এল-এ গ্রামে গ্রামে গিয়ে ধান লুঠ করিয়েছেন। হাওড়া জেলায় যে ধানচাল লুঠ হয়েছে তার পেছনেও এই কংগ্রেসীদের হাত আছে। মেদিনীপুরের ভোগপুরে যে লুঠ হয়েছে, তার পেছনেও কংগ্রেসের চক্রান্ত রয়েছে। তা কি আমাদের জানা নেই? অথচ এদিকে দেখাবার চেষ্টা হচ্ছে যে বাংলাদেশে অরাজকতা বিশৃঙ্খলা বিদ্যমান। তাই হে কেন্দ্র, তুমি এসো। তার জন্য ওরা এই পন্থা অবলম্বন করেছে, হল্লা করছেন, আর ওখান থেকে চ্যবন সাহেব হলফনামা দিচ্ছেন এবং বলছেন চ্যবন সাহেব, তুমিও এস। ও'রা হস্তক্ষেপ করতে চাচ্ছেন সময়মত—এই আশ্বাস তিনি দিচ্ছেন।

মাননীয় স্পীকার মহোদয়, একথা কি আমরা জানি না যে চ্যবন সাহেব যখন বঙ্গদেশে এসেছিলেন তখন বঙ্গদেশের খাদ্য নিয়ে কিছু বলেননি। তিনি বললেন এ দেশে অরাজকতা চলেছে। একথা কি আমরা জানি না যে কেন্দ্রের পক্ষ থেকে কোথাও কোথাও সুপারিন্টেন্ডেন্ট অফ পুলিশ ও ম্যাজিস্ট্রেটদের ডেকে বলা হচ্ছে যে তোমরা হচ্ছ সেন্ট্রাল সার্ভিস এর লোক, তোমাদের কাছে সেন্ট্রাল গভর্নমেন্ট বড়, তোমরা এখানকার মন্ত্রীদের কথা শুনো না, যতক্ষণ না তাঁরা লিখে দেন। একথা কি সংবাদপত্রে প্রকাশিত হয়নি? একথা কি আমরা জানি না? (নয়েজ অ্যান্ড ইন্টারাপসান্স।) ও'দের গায়ে বড় লাগছে তাই এমন করছেন। একথা কি আমরা জানি না যে, যে সমস্ত ফুড অ্যান্ড রিলিফ কমিটি তৈরি হয়েছে, কংগ্রেস পার্টি, একটা অত্যন্ত দায়িত্বশীল পার্টি বলে তারা গর্ব করে থাকেন, তারা তাতে জয়েন করেননি। তারা খাদ্য সংগ্রহ করতে আমাদের সরকারকে সাহায্য করেননি। তাঁরা জোতদারদের সাহায্য করতে এগিয়ে গিয়েছেন, একথা কি আমরা জানি না! মিঃ স্পীকার, স্যার, তাই আমরা জানি ও'রা প্রাণ ভয়ে ভীত। আজকে মাননীয় শৈলবাবু বলেছেন যে জিনিষপত্রের দাম ৩৪ পারসেন্ট বেড়ে গিয়েছে। তিনি বলেছেন ছোটখাটো ইন্ডাস্ট্রিগুলি বন্ধ হয়ে যাচ্ছে শৈলবাবু কি জানেন না যে ভারতবর্ষের ইকোনমি একটা টোটাল ইকোনমি? তিনি কি জানেন না যে তাঁদের দ্বারা পরিচালিত কেন্দ্রের সরকার ফোর্থ ফাইভ-ইয়ার প্ল্যানকে এমন জায়গায় নিয়ে এসেছেন, যার ফলে আমাদের শিল্প শুধু পশ্চিম বাংলায় নয়, সারা ভারতবর্ষে বন্ধ হতে চলেছে। আমাদের এগ্রিকালচার, ইন্ডাস্ট্রিগুলি

একটা স্টেগনেন্ট অবস্থায় এসে দাঁড়িয়েছে। এটা কাদের কার্যের ফলে হয়েছে? ঐ কুড়ি বছর ধরে ক্যাপিটালিস্টরা যেভাবে তাঁদের কার্যকলাপ চালিয়েছেন, তার ফলেই আমাদের এই দশা করেছেন, এবং আমাদের মুক্তি নাই, যদি এ'দের হাত থেকে আমরা রক্ষা না পাই।

(নয়েজ অ্যান্ড ইন্টারাপসানস ফ্রম অপোজিসান বেঞ্চ)

মাননীয় স্পীকার মহোদয়, আমরা জানি ও'দের প্রাণে বড্ড লেগেছে। ক্যাপিট্যালিস্ট ওয়ে অফ ডেভেলপমেন্ট-এর জন্যই আজ আমাদের এই দশা। কে না জানে, এক কলমের খোঁচায় ঐ কেন্দ্র সরকার-এর রেলওয়ে বোর্ড ৪০ হাজার ওয়াগন-এর অর্ডার ক্যানসেল করে দিয়ে বাংলাদেশের আশেপাশে ছোটখাটো ইন্ডাস্ট্রিকে গর্তে ফেলে দিয়েছেন। তাঁদের দুর্দশার অন্ত নেই, তা কে না জানে। শৈলবাবু জানেন যে হাওড়ার ইন্ডাস্ট্রির যে আজ এত দুর্দশা, তার কারণ, তারা রেলওয়ে অর্ডার পাইনি বলে। ও'দের যদি সাহস থাকে তাহলে এখানে না বলে ঐ পুনাচা সাহেবকে বলুন, ঐ পরিমল ঘোষকে কেন্দ্রে বলুন যাতে তারা এই ব্যবস্থাটা করেন। ও'রা ভুলে গিয়েছেন পরিমল ঘোষের মারার কথা। বিমল ঘোষের মার নিয়ে ও'রা বড় হল্লা করছেন। বিমল ঘোষ যখন গঙ্গার তীরে যুক্তফ্রন্টের কর্মীকে মেরে ফেলে দিয়েছিলেন সে খবর তো ও'রা কাগজে তোলেননি। (নয়েজ অ্যান্ড ইন্টারাপসানস) ও'দের বড় প্রাণে লেগেছে। যখন আমাদের এখানকার পার্লিয়ামেন্ট মেম্বারদের বিনা বিচারে দমদম সেন্ট্রাল জেলে আটক রাখা হয়েছিল তখন তো ও'দের চোখ দিয়ে জল বেরোয় নি! যখন মধু লিমায়াকে পাটনাতে মেরে ফেলে দিয়েছিল বিহারে তখন তো তাঁর সম্বন্ধে পার্লামেন্টে কেউ কিছু বলেননি! আজকে বিমল ঘোষকে নিয়ে হল্লা হচ্ছে, কারণ, ও'দের একটা প্ল্যান আছে। এই প্ল্যানটা হচ্ছে হাঁটি হাঁটি, পা পা, করে এসো। যদি বাংলাদেশে এই সরকার বজায় থাকে, যদি এ'রা আরও ছয়টা মাস টি'কে থাকে, যদি আরও খাদ্য সংগ্রহ করতে পারে, ও'দের ভরা ডুবি হয়ে গেলো। ও'রা মনে করছেন আমরা থাকবো না। তাই ও'রা জানেন যে যদি এই যুক্তফ্রন্ট সরকার এখানে ভালভাবে প্রতিষ্ঠিত হতে পারে, তাহলে পর, আগামী দিনে এই সরকার শুধু এখানে নয়, দিল্লীতে নীতি বদলাবার জন্য এগিয়ে যাবে এবং দিল্লীতেও আগামী দিনে এই ধরনের সরকার প্রতিষ্ঠিত হবে। তাই ও'রা ভীত ও সন্ত্রস্ত। বিদেশী পুঁজির পিঠস্থান হচ্ছে এই বাংলাদেশ, মাড়ওয়ারীর পিঠস্থান হচ্ছে এই বাংলাদেশ, মনোপলি ক্যাপিটালিস্ট-এর পিঠস্থান হচ্ছে এই বাংলাদেশ সুতরাং তাঁরা ভয় পাচ্ছেন এই ভেবে, যে এই বাংলাদেশে যদি অকংগ্রেসী সরকার বিদ্যমান থাকে, তাহলে তাদের মুস্কিলে পড়তে হবে। আমরা আশা করি না এই সমস্ত দেশদ্রোহীর দল, যারা আমেরিকার কথায় ওঠে বসে, তারা চুপচাপ থাকবে। কিন্তু আমি এই কথা বলতে চাই মাননীয় স্পীকার মহোদয়, ও'দের চক্রান্তকে আমরা ব্যর্থ করে দেবো। ও'দের দয়াতে আমরা যুক্তফ্রন্ট সরকার আসিনি এবং ও'দের দয়াতে এই যুক্তফ্রন্ট সরকার থাকবে না। বাংলাদেশের মানুষের জনসাধারণের ইচ্ছায় এবং তাদের ভরসার উপর নির্ভর করে এই যুক্তফ্রন্ট সরকার গঠিত হয়েছে এবং তাদের উপর নির্ভর করেই এই যুক্তফ্রন্ট সরকার থাকবে।

মাননীয় স্পীকার মহোদয়, আমরা দেখছি ও'দের ডেজ আর নামবার্ড। স্যার, ও'দের মুখ দিয়ে তাই বেরোচ্ছে—ও'রা তাই আশা করছেন, ও'দের চাবন চাচা কিম্বা ইন্দিরা মাইয়া কবে এখানে এসে বসবেন।

(এ ভয়েস: আপনাদের মাও সে-তুংকে ডাকুন)

মাননীয় স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে আমি ও'দের এই কথা বলতে চাই যে মাও সে-তুং, মাও সে-তুং বলে কোন লাভ নেই, জনসন, জনসন বলুন অনেক কাজ দেবে।

[2-50—3 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই বাজেটকে সমর্থন করি, নূতন দৃষ্টিভঙ্গীকে সমর্থন করি। আমি আশা করি মাননীয় মন্ত্রিমহাশয় এই বাজেটকে আবো সুদূরপ্রসারী করবেন, আমি আশা করি আগামী দিনে আমাদের এমপ্লয়মেন্ট পোটেনসিয়ালিটি যাতে করে আরো বাড়ে, যাতে করে আমাদের এই যে ফোর্থ ফাইভ-ইয়ার প্ল্যান-এর ব্যাপারে যে সঙ্কটে ফেলেছে তার সঙ্গে সংগ্রাম করে বাংলাদেশের ইকনমিকে যাতে আরো এগিয়ে নিয়ে যাওয়া যায় তার ব্যবস্থা করবেন। আমি

আশা করি বাংলাদেশের মানুষ যুক্তফ্রন্ট সরকারের সঙ্গে সহযোগিতা করে ও'দের সমস্ত রকম চক্রান্তকে ব্যর্থ করে দেবে। এই সরকার প্ল্যান, বাজেট এবং অন্যান্য পন্থা নিয়ে সাধারণ মানুষের ভাল করে ও'দের দুঃখ কান্না নিয়ে এসে মানুষের আশীর্বাদ নিয়ে টি'কে থাকবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Maharaja Bose:**

শ্রদ্ধেয় অধ্যক্ষ মহাশয়, একটা কথা ছোট বেলায় শুনেছিলাম যে পাগলে কিনা বলে, ছাগলে কিনা খায়। জানিনা কিরি কিরি করতেয়াছি মন্‌সিগিরি এই কথাটা আজকে আমার মনে পড়ে গেল। গত মার্চ মাসে অর্থমন্ত্রী মহাশয় খুব লম্ফ ঝম্ফ করে বলেছিলেন, তাঁর সাকরেদ চৌবেও তা সমর্থন করলেন, পাগল ত, আমরা সময় পাইনি আর সেন্টার টাকা পয়সা দিচ্ছে না, চার মাস পরে আমরা এমন বাজেট করবো যে যে বাজেট দেখে দেশের জনসাধারণ স্তম্ভিত হয়ে যাবে। আমরা খুব পেট ভরে মানুষকে খেতে দেবো, জিনিসপত্রের দাম কমে যাবে, কোন বড় গণ-আন্দোলনকে স্তব্ধ করা হবে না। কিন্তু তারপরে দেখা গেল কি, কলকাতা, শান্তিপুর, নকসালবাড়ী, রানাঘাট এবং হাওড়াতে তাদের খাদ্যের বদলে শিশু নারী এবং সকলকে হত্যা করে খুব করে ভাল করে খাওয়ালেন। আর কি করলেন, না সঙ্গে সঙ্গে যেখানে ১৷৷ কোটি টাকার মত বাজেটে ঘাটতি ছিল—নলিনী রঞ্জন সরকার একবার জ্যোতিবাবুকে বলেছিলেন যে জ্যোতিবাবু শুধু ২ আর ২এ ৪ হয় না, ১৷৷এ আর ২৷৷তেও ৪ হয়, সেটা বুঝতে হবে। এ জি বি, যে বছরের শেষে টাকা পয়সার হিসাবগুলি ব্রট ফরোয়ার্ড করে সেটাতে বোধহয় ও'র জ্ঞান ছিল না তাই আজকে উনি কাঁদো কাঁদো হয়ে বলছেন

"The estimates for 1967-68 presented in March, 1967, indicated an opening balance of Rs. 1.25 crores being the estimated closing balance for the year 1966-67. According to the Accountant-General's provisional figures for March, 1967, the year actually closed with a cash balance of Rs. 18.06 crores.".

এটা কি ও'র জানা ছিল না? এটা কি শৈলবাবু বা প্রফুল্ল সেন মহাশয় চুরি করে নিয়ে গেছেন? এখন কোথা থেকে বের হল? সুতরাং শুধু দুয়ে দুয়ে চার হয় না, দেড়ে আড়াইএও চার হয়, তিনে একে চার হয় এটা শিখতে হয় তবেই বাজেট হয়। গাঁয়ে মানে না আপনি মোড়ল—পৈত্রিক সম্পত্তি দখল করতে হলে তার দেনাটাও ঘাড়ে নিতে হয়। আপনি বলছেন ইন্ডিয়া গভর্নমেন্ট এতগুলি টাকা ত এখনও দেয় নি। এই একজন বললেন যে পুলিশের খাতে খরচ কমিয়েছে তারপরে শুনুন

"The Government of India gave us Rs. 1.50 crores towards the close of the last financial year for payment to the Electricity Board for energisation of deep tubewells.".

খুব বাহাদুরি নিলেন যে ডিপ টিউবওয়েল করে জল দেবো। ওগুলি যেন পৈত্রিক সম্পত্তির টাকা। ঐ টাকা ত ইন্ডিয়া গভর্নমেন্টের কাছ থেকে নেওয়া হয়েছে যাকে গালাগালি দিচ্ছেন। তারপরে শুনুন

Payment of about Rs. 1.82 crores, of a bigger loan taken earlier from the State Bank of India to finance procurement of food grains etc.

তারপর প্রকিওরমেন্টে, ফাইন্যান্স করার জন্য যে টাকা সেটা পেয়েছেন Payment of Rs. 3 crores to D.V.C.

এখানে কি কান্ড দেখুন ডি ভি সি-র ২ কোটি টাকা দেনা শোধ করলেন, পেলেন সেই বড়দাদের কাছ থেকে, যে বড়দাকে গালাগালি দিচ্ছেন তার কাছ থেকে পেলেন ৩ কোটি টাকা। এটা আমার কথা নয় এটা আপনাদেরই গুরুদেবের কথা। ফুড কর্পোরেশন অফ ইন্ডিয়া ক্লেইমড ১১·২৮ কোটি টাকা সেখানে তাঁরা দেনা পাওনা শোধ করলেন দেখালেন

thus our balances were swelled by about Rs. 10.28 crores.

এখন দাঁড়ালো এখানে প্রায় ১৮৷৷ কোটি টাকার মত সারপ্লাস, আর তিনি কি করছেন, না ঠিক তার চেয়ে বেশী টাকা ১৮·৫২ কোটি টাকা ঘাটতি করলেন। জনদরদী, পরদরদী, এই সরকারের অর্থমন্ত্রী বলছেন আমার হাতে ক্ষমতা নেই, সেন্টারের হাতে ক্ষমতা আছে, সেন্টার সব ট্যাক্স করে, আমরা এখানে শুধু ভাড়া বাড়ান, অমুক বাড়ান, এই সব করে সেই ঘাটতি পূরণ করবো।

এ'দের একটা প্রভিশন আছে সেটা হচ্ছে কাপড়, চিনি, আর কিছু বিড়ি তামাক, এইগুলি বাকী আছে, পরে এইগুলির উপর বাড়াবেন। খাদ্য কেড়ে নিয়ে লোককে না খেতে দিয়ে মারছেন এবারে কাপড়ের উপর ট্যাক্স করে লোককে উলঙ্গ করবেন। এবারে চিনি, বিড়ি, তামাকের উপর ট্যাক্স বসিয়ে গরীব জনসাধারণকে পীড়ন করবেন। এটা যদি করেন তাহলে জনগণ শাস্তি আপনাদের দেবে। আমরা আগেও বলেছি, এখনও বলছি যে ১৯৬৬ সাল পর্যন্ত শিক্ষক-শিক্ষিকাদের এবং অন্যান্যদের যে মাইনে দেওয়া হয়েছে তা ও'দের মত এইভাবে হরির লুঠ দিয়ে দেওয়া হয়নি। তাঁদের পার্মানেন্ট বলে গণ্য করা হয়েছে, তাঁদের পেনসন, গ্র্যাচুউটি, প্রভিডেন্ট ফাণ্ড, যেগুলি ন্যায়সঙ্গত জনসাধারণের গভর্নমেন্টের কথা তার ব্যবস্থা করা হয়েছে। কিন্তু আজকে এ'রা হরির লুঠ দিচ্ছেন যে ২৫ টাকা নিয়ে নেও, নিয়ে খরচ করো এবং তারপরে আবার এসে হাত পাতো। জিনিসের দাম, ধান চালের দাম কমানো হবে। আমি ডঃ ঘোষকে বলেছিলাম বড় বড় জোতদার, মিল মালিক যারা ধান চাল আঁকড়ে রাখছে, যাদের এক বিঘাও জমি নেই তাদের ধানের দাম বাড়াবেন না, তাদের ব্ল্যাকমার্কেট করার সুযোগ দেবেন না। একজন গরীব কর্মচারীকে ১৫ টাকা বাড়িয়ে দিলেন, নাম কিনা এক টাকা ইন্ডিয়া গভর্নমেন্টের চেয়ে বেশী দিয়েছি। কিন্তু তার আগে এই কংগ্রেস সরকার কি দিয়ে গিয়েছেন সেটা একটু দেখবেন। হরেন মজুমদার মহাশয়ের নেতৃত্বে শিক্ষক সমিতি এসেছিলেন তাঁদের লাঠি পেটা করেছেন। তাঁরা সত্য কথা বলেছিলেন যে তোমরা আমাদের কিছুই বাড়াওনি। আজকে দৈনিক যার বাড়ীতে ২ কেজি চাল লাগে, যার এক ছটাকও জমি নেই, যাকে দৈনিক খেটে খেতে হয়, ১০টি ছেলেকে মানুষ করতে হয়, তার ১৫ টাকা ডি এ, বাড়ালে কি করে সে চড়া দামে চাল কিনবে? আপনারা সেখানে বাড়িয়েছেন মাসে দশ টাকা। আজকে তেল, লবণ, মাছ, দুধ, ডাল, সব জিনিসের দাম অগ্নিমূল্য।

[3—3-25 p.m.]

আজকে সেখানেতে ডাঃ ঘোষ যে পলিসি করেছিলেন আমি বলেছিলাম ভাল পন্থা করেছিলেন আপনি; কিন্তু এই যুক্তফ্রন্টের ওই কমিউনিস্ট, ওই বাংলা কংগ্রেস, ওই ফরওয়ার্ড ব্লক, ওই আর এস পি কিভাবে সেটা বানচাল করে দিয়েছে তা কি ঠিক নয়। আজ ফরওয়ার্ড ব্লক-এর সুশীল মিত্র কি বলেছে? সত্যাগ্রহ হয়ে গেল হেমন্তদা সেখানে গিয়ে সত্যাগ্রহ ভাঙ্গিয়ে আসলেন। যাই হোক আমি এখানে কতকগুলি কনক্রিট এক্সজামপল দিতে পারি কিভাবে ডি এম-এর কাছ থেকে টাকাকড়ি নেওয়া হয়েছে। কালিয়াগঞ্জের হাটে লংকা লুঠ হয়ে গেল। প্রধানমন্ত্রী শ্রীমতী গান্ধী শুনে বললেন

It is silly that chillies are being looted. What will the hungry people do with the chillies?

এ'রা তো কথায় কথায় বলছেন আমরা নাকি কথায় কথায় দিল্লী যাই এদের নিন্দা রটাতে। কিন্তু গতকাল নিজেদের মধ্যে যেভাবে বম্ব মেরেছেন এবং জ্যোতিবাবু এবং হরেকৃষ্ণবাবু যেভাবে পুলিশ প্রোটেকসান দিয়ে সেভ করেছেন, তা তো সকলেই জানেন? ও'রাই আপনাদের শেষ করবে। দিল্লী যেতে আমাদের হবে না; কিন্তু বেশিদিন আপনাদের এই স্বৈরতন্ত্র চালিয়ে যেতে দেওয়া হবে না, গণতন্ত্রের জয় হবে,—জয় হিন্দ্।

[At this stage the House was adjourned for 20 minutes.]

**[After adjournment.]**

[3-25—3-35 p.m.]

**Shri Sasabindu Bera:**

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন তাকে আমি সম্পূর্ণ সমর্থন করি। মার্চ মাসে কংগ্রেস সরকারের তৈরি যে বাজেট এখানে পেশ করা হয়েছিল তাতে ৭ কোটি ৬৪ লক্ষ টাকা ঘাটতি দেখানো হয়েছিল, এবারে বাজেটে মোট ৩৬ কোটি ৪১ লক্ষ টাকা ঘাটতি দেখানো হয়েছে। এবং সেই নিয়ে অপর পক্ষ থেকে বহু প্রতিবাদ আমাদের কানে এসে পৌঁছেছে। এই ঘাটতি বাজেট সকলেরই পক্ষে উদ্বেগের কারণ সন্দেহ নেই, কিন্তু বিশেষ পরিস্থিতির মধ্যে এর চেয়ে ভালো বাজেট আর পেশ করা যেতে পারত বলে আমি মনে করি না। যে ঘাটতি-বাড়তি ঘাটতি এখানে এসে দাঁড়িয়েছে তার একটা মূল কারণ হচ্ছে সরকারী

কর্মচারী এবং সকল শ্রেণীর শিক্ষকদের এবং বিদ্যালয় ও শিক্ষালয়ের অন্যান্য কর্মচারীদের মাগ্‌গীভাতা বাড়ানোর জন্য। সেই খাতে ৯ কোটি ৬২ লক্ষ টাকা বাড়তি ব্যয়বরাদ্দ করতে হয়েছে। আজকে দেশে প্রতিটি জিনিষের অতি মূল্যের দিনে এই বাড়তি ডি এ বরাদ্দ ভিন্ন আমাদের আর কোন উপায় ছিল না।

অর্থমন্ত্রী তাঁর বাজেট বক্তৃতায় একথা স্পষ্ট করে বলেছেন। আরও যে কারণে বাড়তি ব্যয়বরাদ্দ দেখানো হয়েছে যার জন্য ঘাটতির মাত্রা বেড়েছে সেগুলি যদি আমরা একটু বিচার এবং বিশ্লেষণ করে দেখি তাহলে দেখবো যে সেগুলির ক্ষেত্রে এই বাড়তি বরাদ্দগুলি করা ভিন্ন অন্য কোন উপায় ছিল না। দেখা যাচ্ছে শিক্ষা খাতে রেভিনিউ এবং ক্যাপিট্যাল হেডে মোট ২ কোটি টাকার উপর বাড়তি ব্যয় বরাদ্দ করা হয়েছে এবং তার মূল কারণ হচ্ছে আমাদের এই রাজ্যে বহু উপেক্ষিত প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক করে গড়ে তোলবার জন্য ৭২ লক্ষ টাকা মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের উন্নয়নের জন্য বা কলেজীয় স্তরে বা বিশ্ববিদ্যালয় স্তরে শিক্ষার উন্নয়নের জন্য আরো কিছু বরাদ্দ করা হয়েছে—এই নিয়ে শিক্ষা খাতে ২ কোটির বেশি কিছু বরাদ্দ হয়েছে। জনস্বাস্থ্য খাতে প্রায় ৫০ লক্ষ টাকা এবং ক্যাপিটাল অ্যাকাউন্ট যদি তার সাথে যোগ করা যায় তাহলে আরো কিছু টাকা হয়। এই যে বরাদ্দ করা হয়েছে, আজকে কংগ্রেস পক্ষ থেকে প্রবল আপত্তি করা হয়েছে এই সমস্ত বাড়তি বরাদ্দগুলির জন্য, কিন্তু দেখা যায় জনস্বাস্থ্য খাতে রেভিনিউ এক্সপেন্ডিচারে ২০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে টিউবওয়েলের জন্য, যার প্রয়োজনীয়তা সকলেই স্বীকার করবেন। কারণ বিগত কয়েক বছর কংগ্রেসী শাসনে গ্রামাঞ্চলে টিউবওয়েল এবং পানীয় জল সরবরাহের যে অবস্থা হয়ে রয়েছে, জনসাধারণের জলকষ্টের কথা যদি চিন্তা করা যায় তাহলে এই বরাদ্দ না করে উপায় ছিল না। তপশীলি এবং উপজাতি সম্প্রদায়ের উন্নয়নের জন্য ৫ লক্ষ বাড়তি টাকা বরাদ্দ করা হয়েছে। আর এক দিকে রেভিনিউ খাতে এবং ক্যাপিটাল হেডে আমরা যদি দেখি, কৃষি এবং জলসেচ সেগুলিকে যদি একত্র করে দেখি, তাহলে আমরা দেখব যে, ৪ কোটি ৭৭ লক্ষ ৩৫ হাজার টাকা এগুলির জন্য ব্যয়বরাদ্দ করা হয়েছে এবং এর বাড়তি আরও কিছু ব্যয় করতে হচ্ছে জলসেচ খাতে, কারণ সেচ এবং বন্যা নিয়ন্ত্রণ খাতে ডি ভি সি-র ঘাটতি পূরণের জন্য বাধ্যতামূলকভাবে ২ কোটি টাকা বাড়তি ব্যয় বরাদ্দ করতে হয়েছে। সুতরাং কতগুলি বরাদ্দ বাধ্যতামূলকভাবে করতে হয়েছে এবং কতগুলি বরাদ্দ দেশের প্রয়োজনের দিকে দৃষ্টি রেখে বাড়াতে হয়েছে—তা ছাড়া কোন গত্যন্তর ছিল না। কতকগুলি বরাদ্দ বাড়ান হয়েছে, সেগুলি জনকল্যাণের জন্য যাবে। আমরা দেশের সাধারণ মানুষের কথা যদি চিন্তা করি, সাধারণ মানুষের অর্থনৈতিক অবস্থার পরিবর্তন যদি বাস্তবিকভাবে আমরা চাই, তাহলে এই বরাদ্দগুলি না করে উপায় ছিল না। ডিয়ারনেস বাড়ানোর জন্য ৯ কোটি ৬২ লক্ষ টাকা বাড়তি ব্যয় বরাদ্দ এখানে হয়েছে। সেই সঙ্গে সঙ্গে দেখছি আমাদের অর্থমন্ত্রী কৃষি এবং জলসেচ খাতে প্রায় ৫ কোটি টাকার মত বাড়তি বরাদ্দ করেছেন ডি ভি সি-র জন্য বাধ্যতামূলকভাবে ২ কোটি টাকা বাদ দিয়ে। এর দ্বারা সুফল পাবো বলে আমরা আশা করি। আমি একথাটা স্পষ্ট স্মরণে রাখছি যে, ঘাটতি বাজেটে দুটো দিক থেকে আমাদের আশংকার কারণ—একদিকে দ্রব্যমূল্য বৃদ্ধির কারণ হয়ে দাঁড়াবে, জনসাধারণের ক্রয় ক্ষমতার বাইরে দ্রব্যমূল্য চলে গেলে জনসাধারণের জীবনে দুঃখ-দুর্দশা আসা স্বাভাবিক। আর একটা হচ্ছে এই রাজ্যের অর্থনৈতিক অবস্থা দুর্বল হয়ে পড়বে। এই দুটো প্রধান বিচারে আমরা ঘাটতি বাজেটকে আশংকাজনক বলে মনে করি। কিন্তু দেশের বর্তমান অবস্থায় আজকে দেশের নিম্নস্তরের মানুষ, পল্লী অঞ্চলের মানুষ, কৃষির উপর নির্ভরশীল মানুষ তাদের অর্থনৈতিক অবস্থার যদি পরিবর্তন সাধন করতে হয়, তাহলে তার কিছু ব্যবস্থা রাখা দরকার। আমরা জানি যে, সরকারের সঙ্গে সরাসরিভাবে যুক্ত যাঁরা, তাঁরা সরকারী বা আধা-সরকারী বা অন্য কোন প্রতিষ্ঠানে কাজ করেন তাঁদের আয় আছে, তাঁদের আয় বৃদ্ধি করবার সুযোগ আছে, তাঁরা চাপ দিয়ে সংগঠনের মাধ্যমে আন্দোলন করে তাঁদের আয় বৃদ্ধি করে ক্রয়ক্ষমতা বাড়াতে পারেন। বিগত ২০ বছরের আন্দোলনের ফলে হোক বা সরকারের দৃষ্টিভঙ্গীর পরিবর্তনের ফলেই হোক এই সমস্ত মানুষ, যাঁরা সরাসরিভাবে শাসন বিভাগের সঙ্গে যুক্ত, সরকারী, আধা-সরকারী বা বেসরকারী প্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত, তাঁদের আয় বেড়েছে, অন্ততঃ তাঁদের আর্থিক সঙ্গতি দাঁড়াবার মত কিছু আছে এটা বলা যেতে পারে।

[3-35—3-45 p.m.]

কিন্তু ২০ বৎসর কংগ্রেস শাসনে দেশের পল্লী অঞ্চলের জনসাধারণের যে দুর্দশা হয়েছে সেদিকে যদি দৃষ্টি দিই তাহলে দেখবো তাদের অর্থনৈতিক অবস্থার একটু মাত্র উন্নতি হয় নি। ২০ বৎসর কংগ্রেসী শাসনের কালে বহু অর্থ ব্যয় করা হয়েছে। আজকে ৭০০ কোটি টাকা মতন বরাদ্দ। সেখানে যে ঘাটতি দেখানো হয়েছে এ ঘাটতি হতে যদি গত বছরের উদ্বৃত্ত টাকাটা বাদ দিই তাহলে ঘাটতি ২৮ কোটি টাকায় দাঁড়ায়। কিন্তু একথা স্মরণ রাখা দরকার যে বিভিন্ন খাতে মোট মূল বরাদ্দগুলির পরিবর্তন যা হয়েছে মোট বরাদ্দের অঙ্কের তুলনায় তা খুব বেশী নয়। ২০ বৎসর কংগ্রেস শাসনে বিভিন্ন খাতে অর্থ বরাদ্দ করা হয়েছে তাতে সরকারী কর্মচারীদের অল্প কিছু কিছু বেতন ও মাগ্‌গীভাতা বৃদ্ধি করা হয়েছে। কিন্তু পল্লী অঞ্চলে সাধারণ মানুষের জীবনে অর্থনৈতিক উন্নতির জন্য তাদের বাজেটে কিছু করা সম্ভব হয় নি। আমাদের কৃষি প্রধান রাজ্যে সবচেয়ে বেশী প্রয়োজন ছিল কৃষির উপর জোর দেওয়া, যাতে কৃষকদের অর্থনৈতিক অবস্থার উন্নতি ঘটে এবং সঙ্গে সঙ্গে দেশের উৎপাদন বাড়লে আমাদের দেশের খাদ্য সংকট দূর হতে পারে। এ সরকার সেদিকে দৃষ্টি দিয়েছেন এবং সেচ ও কৃষির উন্নয়নের জন্য ৫ কোটি টাকার মত বাড়তি বরাদ্দ করেছেন, এর ফলে ঘাটতির জন্য যতই ঝুঁকি নিতে হোক না কেন সেটা করা উচিত এবং উচিত বলে প্রয়োজনবোধে অর্থমন্ত্রী মহাশয় সে ব্যবস্থা করেছেন। আমি মনে করি আরও ঘাটতির ঝুঁকি যদি নিতে হয় তাও নেওয়া উচিত এবং এই ঘাটতি দিয়ে যদি আমরা কৃষি ও সেচ ব্যবস্থার উন্নতি করতে পারি তাহলে দেশের অর্থনৈতিক অবস্থার উন্নতি হবে, কারণ কৃষি ও সেচ ব্যবস্থার দিকে যদি অর্থ বরাদ্দ করি যেগুলি প্রডাকটিভ ইনভেস্টমেন্ট হবে—এগুলির দ্বারা দেশের উৎপাদন বৃদ্ধি হবে। অন্য যেখানে অর্থ ব্যয় করা হচ্ছে সে মাগ্‌গীভাতা বৃদ্ধিই হোক আর যাই হোক না কেন এগুলি প্রডাকটিভ নয়। অল্প কতকগুলি লোকই এর সুযোগ পেয়ে থাকেন এবং তাঁদের আয় বৃদ্ধি হয়ে দ্রব্যমূল্য বৃদ্ধির সহায়তা করে থাকে, অন্য দিকে কৃষকদের বেশী উৎপাদনে যদি সব রকম সহায়তা করি, তার জন্য ঘাটতির দুর্ভোগ বা বিপদের ঝুঁকি যদি নিতে হয়, তহলেও আমরা জানি এ দিকে অর্থ নিয়োগ করলে পর এক দিক থেকে সমাধান আসবে। দেশের উৎপাদন বৃদ্ধি হবে, দেশের সাধারণ কৃষকদের ক্রয়ক্ষমতা বাড়বে এবং উৎপাদন বৃদ্ধির সঙ্গে সঙ্গে খাদ্য সরবরাহ বৃদ্ধির জন্য দ্রব্যমূল্য কম হবে। এক শ্রেণীর মানুষ, যাঁরা চাকুরীজীবী, যাঁরা সরকারী, বেসরকারী, আধাসরকারী প্রতিষ্ঠানে কাজ করেন তাঁদের ক্রয়ক্ষমতা বৃদ্ধি পাচ্ছে কিন্তু অন্য আর এক শ্রেণীর মানুষ যাঁরা সংখ্যাগরিষ্ঠ তাঁদের অর্থনৈতিক অবস্থার পরিবর্তন হচ্ছে না। সেজন্য এদিকে অর্থ নিয়োগ করলে সাধারণ মানুষের আর্থিক অবস্থা উন্নত হবে এবং সমাজে অর্থনৈরিক অসামঞ্জস্য দূর হবে। সুতরাং ঘাটতি বাজেটের বিপদের কথা জেনেও মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন জানাচ্ছি।

**Shri Paresh Chandra Goswami:**

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রী তাঁর মন্ত্রিমণ্ডলীর সকলকে এবং তাঁর কেবিনেট ও সুপার কেবিনেট-এর সকলকে একটা কথা জিজ্ঞাসা করতে চাই যে এই যে বাজেট অর্থমন্ত্রী পেশ করেছেন সেটা সর্বসম্মত কি না? এই বাজেট সকলে সমর্থন করেছেন কি না? অথবা এই বাজেট অর্থমন্ত্রীর একার। তার কারণ আমি এ কথা বলতে চাই বিগত খাদ্য নীতি নিয়ে ডাঃ ঘোষকে যে অবস্থার সম্মুখীন হতে হয়েছিল সে জিনিষের পুনরাবৃত্তি হবে কি না সেটা জানাতে চাই। কারণ খাদ্য নিয়ে আমরা প্রথমেই বলেছিলাম যে, খাদ্যনীতি আনা হয়েছিল তার মধ্যে অনেক অসামঞ্জস্য আছে। এর মাধ্যমে দেশের খাদ্য অবস্থার উন্নতি হবে না। তখন সর্বসম্মতিক্রমে আমাদের সামনে এটা পেশ করা হয়েছিল কিন্তু যখন দেখা গেল এর মধ্যে ত্রুটি-বিচ্যুতি হচ্ছে, মানুষের ঘরে হাহাকার অর্ধাহার, অনাহার, দেশে দুর্ভিক্ষ দেখা দিল তখন সে কেবিনেট-এর মন্ত্রীরা এবং যুক্তফ্রন্ট সরকারের সদস্যবৃন্দরা নিজেদের দায়িত্ব এড়িয়ে গেল, ডাঃ ঘোষকে নিন্দা করতে লাগলেন এবং বললেন, এ খাদ্যনীতি আমাদের নয়। আমরা জানি, যে বাজেট পেশ করা হয়েছে সে বাজেটের মধ্যে আশা করার কিছু নেই। বাজেট হচ্ছে একটা ব্লু প্রিন্ট, বাজেটের মধ্য দিয়ে দেশের অর্থনৈতিক বুনিয়াদ প্রতিষ্ঠিত হয়। কিন্তু যে নড়বড়ে ও অস্পষ্ট বাজেট আমাদের সামনে পেশ করা হয়েছে তাতে কিছুদিন পরে যখন অসামঞ্জস্য দেখা

দেবে তখন কেবিনেট মন্ত্রীরা বলবেন এটা আমাদের নয়। এবং তখন ডাঃ ঘোষ, সুবোধ ব্যানার্জী এবং মুখ্যমন্ত্রী বলবেন এটা আমাদের নয়। এভাবে জনসাধারণকে বিভ্রান্ত করবার প্রচেষ্টা যেন না করা হয় এবং যুক্তফ্রন্ট সরকারের ব্যর্থতা জনসাধারণ জানুক। অর্থমন্ত্রী মহাশয় আগে বলেছিলেন এই যে বাজেট আমি পেশ করছি সে বাজেটকে ভাল করে দেখাব সময় পাই নি। কিন্তু ৩ মাসে সে সময় পেয়েছেন কিনা জানি না, আমার মনে হয় ভালভাবে সময় পান নি। কারণ ৩ মাসে তাঁরা শাসন ব্যবস্থার দিকে মনোনিবেশ করেন নি এর বদলে তাঁরা নিজেদের পার্টির সংগঠন রাজনৈতিক ধাপ্পাবাজীকে হাঁসিল করবার চেষ্টা করেছেন। খাদ্য নিয়ে কিভাবে গুণ্ডাবাজী করা যায়, কিভাবে মানুষের দুঃখ-দৈন্য নিয়ে পার্টির সংগঠন করা যায় এবং দেশের ভেতর অরাজকতা করা যায় সে চেষ্টা করছেন। আমরা সকলে জানি যে বাংলাদেশের সর্ব-সাধারণের উন্নয়নের অর্থনৈতিক উন্নয়নের জন্য কিছু না করে কোথায় কি করে নক্সালবাড়ী তৈয়ারী করা যায় সেইদিকে তাঁরা প্ল্যান করছিলেন। তাঁরা বাজেটের ব্লু প্রিন্টের পরিবর্তে অরাজকতার সৃষ্টি করেছিলেন এবং নানান রকম রেডগার্ড সৃষ্টি করেছিলেন কাজেই বাজেটের দিকে তাঁরা সময় দিতে পারেন নি। আমাদের শৈলবাবু যেভাবে বিশ্লেষণ করেছেন আমি অতটা আঘাত করতে চাই না কারণ আমাদের ক্ষমা করা উচিত ছিল। তাঁরা মাত্র তিন মাস এসেছেন কিন্তু তাঁরা ১৪ দিকে চলেছেন, আমাদের তৎকালীন মুখ্যমন্ত্রী সাবধান বাণী উচ্চারণ করে বলেছিলেন যে এই চোদ্দ দলের কি পরিণতি হবে—সে কথা তিনি ঘোষণা করেছিলেন। আমরা প্রথম দিকে কি দেখেছি না তারা কংগ্রেসকে দোষ দিয়ে সে ক্যাপিটাল ভাঙ্গিয়ে তাঁরা চলবার চেষ্টা করেছিলেন। কিন্তু তাতে কোন লাভ হয় নি দেখে তাঁরা এখন কেন্দ্রীয় সরকারের কথা বলছেন, জনসাধারণকে নির্বাচনের সময় যে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল—যে রঙ্গীন চিত্র দেওয়া হয়েছিল তাতে তারা কেন্দ্রীয় সরকারের কথা বলেন নি।

[3-45—3-55 p.m.]

আমরা জানি যে সংবিধানগত পশ্চিম বাংলার যা করণীয় পশ্চিম বাংলা তা করবে, কেন্দ্রীয় সরকার কেন্দ্রীয় সরকারের মত করবে, এটা চিরকাল ধরে হয়ে আসছে এণ কথা সমস্ত স্টেটই বলছে। তবে পশ্চিমবঙ্গ সরকার ভারতবর্ষের বাহিরে কি না জানি না এবং পশ্চিমবঙ্গ সরকার সাংবিধানিক কাঠামো থেকে বাহিরে নিয়ে যাবার জন্য চেষ্টা করছেন কি না জানি না। আমি বলব জনসাধারণ বিভ্রান্ত হবে না এবং জনসাধারণের যে রুদ্ররোষ, জনসাধারণের যে ক্ষুধার অন্নের দাবী তা সেই মানুষকে তুলে দিতে হবে। তা না করে শুধু অক্ষরে ব্লু প্রিন্টে বিভিন্ন রকম ধাপ্পাবাজী দিয়ে মানুষকে ভোলানো যাবে না। কিছুক্ষণ আগে কথা উঠেছিল যে পুলিশ বাজেটে ৪৮ লক্ষ টাকা কমানো হয়েছে। সেই কথা প্রসঙ্গে আমাদের জনৈক সদস্য জনাব আবদুস সাত্তার সাহেব বলেছেন যে পুলিশ বাজেটে কোন টাকা ব্যয় করা উচিত ছিল না। কেন না, পুলিশকে নিষ্ক্রিয় দর্শকে পরিণত করা হয়েছে। পুলিশকে যে নিষ্ক্রিয় করে দেওয়া হয়েছে সে সম্পর্কে আমি একমত। কিন্তু আমি এই কথা বলতে চাই যে পুলিশকে তাঁদের প্রয়োজন আছে। গতকাল কি ঘটনা ঘটেছে সেটা আপনারা আজকের কাগজে দেখেছেন। গতকাল দেশ হিতৈষী পত্রিকা অফিসে একটি গণ্ডগোল হয়েছে। সেখানে পরস্পরের মধ্যে হানহানি, কাটাকাটি, এমন কি বোমা নিক্ষেপ পর্যন্ত হয়েছে এবং প্রাথমিক শিক্ষকরা তাঁদের যে দাবী নিয়ে এসেছিলেন সেখানেও জুলুমবাজী হয়েছে, পার্টিবাজী হয়েছে, সেখানে শিক্ষক-শিক্ষিকাদের উপর অত্যাচার করা হয়েছে, তাঁদের মধ্যে অনেকে আহত হয়েছেন, সেখানেও পুলিশ নিষ্ক্রিয় ছিল, এমন কি আমাদের বিধানসভার মাননীয় সদস্য যে নিগৃহীত হয়েছেন সেখানেও পুলিশ নিষ্ক্রিয় ছিল, সমস্ত দেশের মধ্যে যে নকশালবাড়ী সৃষ্টি হয়েছে, যে লুঠতরাজ হচ্ছে পথে ঘাটে, মানুষ যেখানে খেতে পাচ্ছে না, সেখানেও পুলিশ নিষ্ক্রিয় ছিল, অথচ ঐ দেশ হিতৈষী পত্রিকা অফিসে পুলিশ সঙ্গে সঙ্গে ছুটে এসেছে এবং তার চারিধারে পুলিশ ঘিরে আছে ঐ বাম কমিউনিস্ট নেতৃবৃন্দের জীবন রক্ষার জন্য। কাজেই নিজেদের বাঁচবার জন্য, নিজেদের প্রয়োজনে নিজেদের হাতিয়ার হিসাবে ব্যবহার করবার জন্য পুলিশের যতটুকু প্রয়োজন ঠিক সেটুকুর জনাই তাঁরা পুলিশ রেখেছেন। ও প্রসঙ্গে গোপালভাঁড়ের একটি ঘটনা আমার মনে পড়ে গেল। সেখানে একটি ভাল গল্প ছিল। সেটা হল এই—একদল জংলা শেয়াল হুক্কা হুয়া করছিল। আমাদের হবুচন্দ্র রাজা গবু পারিষদকে বলল, যাও তো ওখানে কি হচ্ছে দেখে এস! পারিষদ এসে বলল দেশে খাদ্য নেই সেই জন্য

বিক্ষোভ জানানো হচ্ছে। কিছুদিন পরে পারিষদের উপর নির্দেশ এল যাও। পারিষদ নির্দেশ পালন করল। আবার কিছুদিন পরে দেখা গেল আবার সেই বিক্ষোভ, আবার সেই হুক্কা হুয়া, আবার সেই গণ্ডগোল। তখন রাজা হবুচন্দ্র গবুকে বলল আবার হুক্কা হুয়া, আবার গণ্ডগোল কেন? তখন পারিষদ বলছে এটা বিক্ষোভ নয়, এটা হচ্ছে অভিনন্দন। পুরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুর ও নদীয়ার হাজার হাজার বিক্ষুব্ধ মানুষ আজকে সেই অভিনন্দন নিয়ে এসেছে এবং চারিদিকেই আজকে বিক্ষোভ দেখা দিয়েছে। আজকে বাংলার নিরন্ন মানুষ ক্ষুধার তাড়নায় সমস্ত কিছু বিসর্জন দিতে বসেছে। মানুষের সেই বুক ফাটা ক্রন্দনকে যুক্তফ্রন্ট সরকার অভিনন্দন বলবেন কি না জানি না এবং আমি যেটা আগে বললাম সেই ব্লু প্রিন্ট আমাদের সামনে কি নির্দেশ দিচ্ছে জানি না। একটি সাধারণ কথা যা পাঠশালায় পাঠ্য হিসাবে ছিল, যা সবাই জানেন এবং বাড়ীর মেয়েরাও জানে যে কতটা আয় সেই হিসাবে ব্যয় করা হয়। আমাদের সামনে ভাল ভাল কথা বলা হয়েছে, অনেক উন্নতির কথা বলা হয়েছে। কিন্তু যে ঘাটতি দেখানো হয়েছে সেটা কি করে পূরণ করা হবে, তা তো বলা হয়নি? কর ধার্য করা হবে বলা হয়েছে। কর ধার্য সম্বন্ধে আমি বলতে চাই যে, কতটা হলে কি কর ধার্য করা হবে, কতটা ধরা হবে কার কাছ থেকে এটা যদি নির্দেশ না থাকে তাহলে আমি বলব জমার ঘর শূন্য এবং জমার ঘর শূন্য নিয়ে শুধুমাত্র খরচের ঘর দেখালে সে হিসাবকে যে হিসাব বলা হয় না সেটা পাঠশালার ছেলেরাও বোঝে, কিন্তু আমাদের মাননীয় অর্থমন্ত্রী সেটা কেন বোঝেন না আমি জানি না। তবে কি আমি বলব এটা একটা ভয়ানক ভাঁওতার কথা? তিনি কি এই বলতে চেয়েছেন যে আমরা নির্বাচনের সময় যেমন বলেছিলাম, আমাদের যুক্তফ্রন্ট সরকারও যেমন বলেছিলেন খাদ্য আন্দোলনের নামে—তাঁরা তখন বলেছিলেন, 'জান দেব তবু ধান দেব না।' তাঁরা বড় বড় চাষীদের গায়ে আজও হাত দেন নি। আজকে সেই জন্য ব্যবসাদারদের, মজুতদারদের মুনাফার সুযোগ দেওয়া হয়েছে এবং সেই জন্যই বড় বড় জোতদারদের কাছ থেকে ধান সংগ্রহ করা হয়নি, সাধারণ গরীব মানুষদের গায়ে হাত দেওয়ার তো প্রশ্নই ওঠে না। এই জন্য চারিদিকে বিক্ষোভ, অনাহার দেখা দিয়েছে। চারিদিকে যে অসম্ভব ক্রাইসিস দেখা দিয়েছে সেটাকে এড়িয়ে যাবার জন্য এইরকম একটা বিভ্রান্তিকর অবস্থার সৃষ্টি করা হয়েছে। সেইজন্য বলি—"তুমি কেমন করে গান কর হে গুণী, আমি অবাক হয়ে শুনি"। আমাদের অবাক হওয়ার পালা, দেশবাসী অবাক হয়েছে এবং সমস্ত কংগ্রেসীরা তাই আজ আমরা অবাক মনে এই বাজেট শুনছি।

**Shri Ajoy Malakar:**
মাননীয় স্পীকার মহাশয়, বাজেটকে সমর্থন জানিয়ে আমি আপনার মারফত মন্ত্রিসভার নিকট কয়েকটা প্রস্তাব রাখতে চাই। বিরোধি পক্ষের সদস্য মাননীয় শৈলবাবুর বক্তৃতা শুনছিলাম—গত ২০ বছর ধরে কংগ্রেসী মন্ত্রিসভা বাংলাদেশের বিধানসভায় যে বাজেট পেশ করেছিলেন, সেই বাজেটের মধ্যে দিয়ে বাংলাদেশের মানুষের কোন সমস্যার সমাধান হয় নি। আমরা দেখেছি ২০ বছর ধরে কংগ্রেস বেকারসমস্যার সমাধান করতে পারেন নি, খাদ্যসমস্যার সমাধান করতে পারেন নি, জমিসমস্যার সমাধান করতে পারেন নি, এমন কি যে পুনর্বাসন সমস্যা সেই সমস্যারও কোন সমাধান করতে পারেন নি। তাই আজকে আমরা দেখি সেই বাংলাদেশের মানুষই কংগ্রেসীদের ঐ দফা করেছে, তাই আজকে আমরা দেখি যে বিরোধী দলের আসনে সেই কংগ্রেসীরা শোভাবর্ধন করছেন! আজকে কংগ্রেস সরকারের মন্ত্রী ছিলেন—আজকে শৈলবাবু চিন্তা করুন তো যে কেন কংগ্রেসী মন্ত্রিসভার এই রকম পতন ঘটলো, যদি তাঁরা বাংলাদেশের মানুষের কথা চিন্তা করতেন তাহলে কি এই অবস্থা হতো, এই জিনিস তাঁকে আগে চিন্তা করতে হবে। তা ছাড়া আর একটা কথা শৈলবাবুর বক্তৃতার মধ্যে শুনলাম যে, সরকারী কর্মচারীদের বেতন বৃদ্ধির জন্য তিনি আনন্দিত হয়ে বলেছেন যে কেন তাদের কেন্দ্রীয় সরকারী কর্মচারীরা যে ভাতা পায় সেই রকম ভাবে দেওয়া হলো না—এই কথা শুনিয়ে শৈলবাবু এই কুম্ভীরাশ্রু দেখিতে তিনি ভাবছেন যে, তিনি হয়তো সরকারী কর্মচারীদের বিরোধী পক্ষকে কংগ্রেসের ঐ দিকে আনতে পারবেন। কিন্তু আমরা জানি যে গত কয়েক বছর ধরে যখন সরকারী কর্মচারীরা আন্দোলন করেছেন তখন এই কংগ্রেসী মন্ত্রিসভায় যাঁরা ছিলেন তাঁরা তাঁদের আন্দোলনের যে উদ্দেশ্য তার কোন জিনিসে তাঁরা কর্ণপাত করতে চান নি, বার বার সরকারী কর্মচারীরা আবেদন-নিবেদন করেছেন—এমন কি তৎকালীন কংগ্রেসী মন্ত্রিসভা তাঁদের ডেকে দেখা পর্যন্ত করেন নি, তাঁদের তাড়িয়ে দিয়েছেন

এবং অনেকের চাকরী খেয়ে তাঁদের সন্তানদের মুখের গ্রাস কেড়ে নিয়েছেন। আজকে শৈলবাবুর মুখে যখন সরকারী কর্মচারীরা এই কথা শুনবেন যে, তাঁদের দুঃখের কথা বলছেন, তাঁরা এটা মোটেই সমর্থন করবেন না। শৈলবাবু বললেন যে, কেন্দ্রীয় সরকারের মন্ত্রিসভার নির্দেশের বিরুদ্ধে মাননীয় অর্থমন্ত্রী যে অভিযোগ করেছেন তাতে কংগ্রেসীদের গায়ে লেগেছে। কিন্তু এই অভিযোগ আমরা শুনেছি কংগ্রেস যখন ক্ষমতায় ছিল তখন তাঁরাই বলেছেন যে আমরা কেন্দ্রের কাছ থেকে ন্যায় বিচার পাই নি, আমরা আমাদের প্রয়োজনীয় টাকা পাই নি। এই কথা কংগ্রেস মন্ত্রিসভা বলেছিলেন। এবং আজকে দেখছি বাংলাদেশ সহ অন্যান্য কয়েকটি রাজ্যে আমাদের অকংগ্রেসী সরকার এর প্রতি কেন্দ্রীয় সরকার বিমাতৃসুলভ ব্যবহার আরম্ভ করেছেন এবং ন্যায্য প্রাপ্য দেন নি। না দিলে আমাদের উপায় কি আছে, আমাদের যে কোন উপায়ে দেশের উন্নতি করতেই হবে এবং দেশের যদি উন্নতি করতে হয় তাহলে কর আদায় করতে হবে। এতে শৈলবাবু বোধ হয় ভীত হয়ে পড়েছেন কারণ তাঁদের উপরই বেশী করভার চাপবে। টাটা বিড়লা বড় বড় ধনিকশ্রেণী পুঁজিপতিদের উপর এই করভার চাপবে কি না সেটা জানতে চেয়েছেন। সাধারণ মানুষের এই বাজেট দ্বারা উপকৃত হবেন এই কথা বলতে চান নি। মিঃ স্পীকার, আমি শৈলবাবুর কাছ থেকে শুনলাম আর একটি জিনিস যে এই খাদ্যনীতি ৬।৭ বার পরিবর্তন করা হয়েছে।

[3-55—4-5 p.m.]

আমি জিজ্ঞাসা করি, গতবারে যখন লেভী নীতি চালু হয়, গতবারে যে খাদ্যনীতি চালু করেছিলেন, কতবার সেই খাদ্যনীতি আপনারা পরিবর্তন করেছিলেন ? তাঁরা ও তাঁদের সেই খাদ্যনীতি পরিবর্তন করতে বাধ্য হয়েছিলেন। আমরা কর্ডনিং-এর বিরুদ্ধে একথা বলি। কর্ডনিং করে কংগ্রেস সরকার মানুষকে যেভাবে রেখেছিলেন আমরা সেইভাবে কর্ডনিং করে রাখবো না। আপনি জানেন স্যার, তাদের সেই কর্ডনিং-এর ফলে হাওড়া জেলার চালের দাম ৩।৪ টাকা হয়ে গেল। যারা দু-এক কেজি চাল বাইরে থেকে হাওড়া জেলায় আনত তাদের উপর পুলিশ লেলিয়ে দিয়েছিলেন তাঁরা, ছোট ছোট শিশু ও মেয়েদের কাছ থেকে সেই চাল কেড়ে নেওয়া হয়েছে। তার ফলে হাওড়া জেলায় চাল পাওয়া যায় নি, তারই ফলে সেখানে চালের দাম তিন টাকা হয়ে গিয়েছিল। কিন্তু আজকে সর্বত্র একটু কমবেশী সমান দাম চালের। শৈলবাবু আজকে সেটা চিন্তা করে দেখুন।

আর একটা জিনিষ শুনছিলাম—লেভীর কথা। তিনি যে বলেছেন কংগ্রেস রাজত্বে শতকরা ৭০ ভাগ লেভী আদায় হয়েছে, সেকথা আদৌ সত্য নয়। যারা দু-চার কেজি চাল এনেছে খাবার জন্য, তাদের মুখের অন্ন কেড়ে নিয়ে সরকারী গুদামে দিয়েছেন তাঁরা। তাঁরা লেভী মাত্র শতকরা ৪০ ভাগ আদায় করতে পেরেছিলেন। যেদিন আমাদের এখানে এই অকংগ্রেসী সরকার গঠিত হয়, তখন বিধানসভায় তাঁরা বলেছিলেন—এই সরকারের সঙ্গে সহযোগিতা করবেন। তাঁরা কি মজুতদারদের হাত থেকে চাল সংগ্রহ করতে সহযোগিতা করেছেন এই সরকারের সঙ্গে? তাঁরা কি মিলমালিক চোরাকারবারীদের কাছ থেকে ধানচাল আদায় করতে সাহায্য করেছেন ? তা তাঁরা করেন নাই। বরং তার উল্টোটাই করেছেন। যখন দেখি প্রাক্তন কংগ্রেস এম এল এ-রা গ্রামে গ্রামে গিয়ে জনসাধারণকে উৎসাহিত করছেন যে, এই সরকারকে ধান দিও না, তাদের কাছে ধানচাল বিক্রী করো না, মজুতদারদের ও'রা উৎসাহিত করেছেন এই বলে যে, যত ইচ্ছা দামে তোমরা ধানচাল বিক্রী করো, তখন তাঁদের আসল স্বরূপ আমরা বুঝতে পারি। অথচ এখানে এসে মুখে তাঁরা অন্য কথা বলছেন। বাংলাদেশের লোক জানে গত বিশ বছর ধরে কংগ্রেস সরকার এই মেহনতী কৃষক-শ্রমিক-মজুরদের উপর কি অত্যাচার চালিয়েছে, মেয়েদের উপর কি নির্মম অত্যাচার করেছে, পুলিশ লেলিয়ে দিয়েছে। কিন্তু আমাদের এই যুক্তফ্রন্ট সরকার দিনে দিনে সেই কাজ কখনো করবে না। আজকে চিন্তা করতে হবে, পুলিশের প্রয়োজন আছে কি না! আমরা দেখছি পুলিশের প্রয়োজন আছে আপনাদের রক্ষা করবার জন্য। আপনাদের যদি বিপদ হয়, তাহলে পুলিশই আপনাদের বাঁচাতে পারবে। আপনারা পুলিশের সাহায্য চেয়েছেন। জনতার রুদ্ররোষ থেকে আপনাদের রক্ষা করবেন আমাদের এই পুলিশ।

এই কথা কয়টি বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Dr. Gopika Ranjan Mitra:**

মাননীয় স্পীকার, স্যার, জ্যোতিবাবু যে বাজেট উত্থাপন করেছেন, আমি তার বিরোধিতা করতে উঠেছি। বিরোধিতা করছি এই জন্য যে, তিনি যখন বিরোধী দলনেতা ছিলেন, তখন জ্যোতিবাবু বাজেট সম্পর্কে যে বক্তৃতা দিতেন, তখন আমরা বুঝতাম তিনি অঙ্কে একটু কাঁচা আছেন। এখন এই বাজেট দিয়ে প্রমাণ করে দিলেন, হয় তিনি বাজেট সম্বন্ধে কিছু বোঝেন না, আর না হয় তাঁর অফিসিয়ালরা যা এনে দিয়েছেন তাই এখানে দিয়েছেন।

যে কথা আমাদের প্রাক্তন অর্থমন্ত্রী শৈলবাবু বলে গেছেন, প্রারম্ভিক তহবিলের যে হিসেব দিয়েছেন ,সেই বাজেট অনুযায়ী ১ কোটি থেকে ১৮ কোটি টাকার মধ্যে যে হিসেবপত্র দিয়েছেন, তা বাজেটে খাটে না। আজকে এই যে ৩৬ কোটি টাকার যে ডেফিসিট বাজেট তিনি দিলেন, তাতে তিনি যদি মনে করে থাকেন "লাগে টাকা দেবে গৌরী সেন", তাহলে আর আমার বলবার কিছু নাই। আমার জিজ্ঞাস্য এই ঘাটতি ৩৬ কোটি টাকা আসবে কোথা থেকে? কি করে এটা পূরণ হবে? বাংলাদেশের মানুষ কি করে এই ডেফিসিট বাজেটের টাকা বহন করবে? একথা তাঁর চিন্তা করা উচিত ছিল।

আমি এই জন্য এই কথা বলছি, তিনি যদি নূতন কর ধার্য করেন এবং তাঁর মধ্যে যদি সততা থাকত তাহলে নিশ্চয়ই এই বাজেট স্পিচের মধ্যে বলে দিতেন যে কি কি ধরনের কর তিনি ধার্য করবেন বলে ঠিক করেছেন। পরে করা হবে বলা মানে কাপুরুষতা। তিনি আজ স্বীকার করতে পারছেন না যে কোন কোন ধরনের কর তিনি পশ্চিমবাংলার জনসাধারণের উপর চাপাবেন। আবার চিরাচরিতের মত তিনি সেই কথাগুলি নিয়েছেন. তিনি বলেছেন গরীবের উপর কর বাড়বে না, বড়লোকের উপর কর বাড়বে। আমরা আবার অপেক্ষা করে থাকবো তিনি যখন কর ধার্য করবেন। তিনি কি রকম ভাবে বড়লোকের উপর কর ধার্য করে এই ৩৬ কোটি টাকা ডেফিসিট মেক আপ করেন তা দেখব। তিনি বলেছেন সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে যে ঋণ আছে, সেটা কিছুদিনের জন্য মোরেটোরিয়াম করবেন। আমরা সে কথা স্বীকার করি। যদি তিনি তা করতে পারেন. ভাল কথা। কারণ, এই ধরনের প্রচেষ্টা হওয়া উচিত যে সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে যে লোন, অন্ততঃ তার ৫০ পারসেন্ট মোরেটোরিয়াম হিসাবে, পশ্চিমবঙ্গকে কিছু দিনের জন্য সময় দেওয়া হোক. এটা শোধ করবার জন্য। এর পিছনে আমাদের সমর্থন আছে। একথা তিনি জানবেন যে আমরাও এটা পছন্দ করি। যে যে সমস্ত স্টেটকে আজ সেন্টার থেকে লোন দেওয়া হয়েছে, তার যদি ৫০ পারসেন্ট মোরেটোরিয়াম করা হয়, তাতে আমাদের সমর্থন আছে। কিন্তু আজকে যেভাবে ভারতবর্ষের বাজেটকে তার ডেফিসিট ফাইনান্স থেকে সরিয়ে আনবার চেষ্টা করছেন বা চেষ্টা চলেছে, সেই সব দেখে আমাদের মনে খুবই সন্দেহ আসছে, যে এই প্রচেষ্টা সার্থক হবে কি না? কেন না, আমরা জানি—আমি আপনার কাছে কিছু ফিগার রাখতে পারি, যে সেন্ট্রাল গভর্নমেন্টের বাজেট কিভাবে বাড়ছে। তাতে দেখবেন যে

total expenditure of the Central Government in the first three plan period increases 8-fold.

৫০৪ কোটি টাকা ১৯৫০-৫১ সালে ছিল, সেটা বেড়ে হয়েছে ৩,৯৯২ কোটি টাকা ১৯৬৫-৬৬ সালে। আবার

according to an economic classification of the Central budget released on the 27th June,

এই বাজেট ডেফিসিট যেটা সেন্ট্রাল গভর্নমেন্টের হয়েছে সেটাও দেখবেন। ফার্স্ট প্ল্যান পিরিয়ড-এ ৩০৫ কোটি টাকা ছিল. এবং সেকেন্ড প্ল্যান পিরিয়ড-এ ১,১৬১ কোটি টাকা হয়েছিল। তারপর থার্ড প্ল্যান পিরিয়ড-এ ১,০৩২ কোটি টাকা হয়েছিল। এখানে যখন সেন্ট্রাল গভর্নমেন্ট-এর ডেফিসিট এইভাবে বাড়ছে, তখন সেন্ট্রাল গভর্নমেন্ট কিভাবে এই ঋণ পরিশোধের অ্যাপিলটি নেবেন, তা দেখবার জন্য আমরা খুব ব্যস্ত থাকবো। আমি শুধু এই-টুকু আশা করবো তিনি যদি সাকসেসফুল হন, তাহলে ওয়েস্ট বেঙ্গালের লোকের পক্ষ থেকে আমরা তাঁকে ধন্যবাদ দেবো।

দ্বিতীয় কথা তিনি বলেছেন সেন্ট্রাল এলোকেশান সম্বন্ধে এখানে আমি শ্রীমনোরঞ্জনবাবু ও নারায়ণ চোবে মহাশয়কে বলতে যে সেন্ট্রাল লোন-এর ব্যাপারে সেন্ট্রাল এবং স্টেট-এর যে রিলেশন তিনি বোধ হয় জানেন না যে ১৯৫০ সালে ভারতবর্ষে যে নূতন যুক্ত-রাষ্ট্রীয় শাসন পদ্ধতি গৃহীত হয়, সে শাসন পদ্ধতিতে কেন্দ্র এবং অঙ্গরাজ্যগুলির নিজস্ব, নিজস্ব স্বাধীন অর্থনীতি আছে। কিছু কিছু জায়গায় ফেডারেশন-এ ইউনিয়ন লিস্ট আছে—কিছু কিছু জায়গায় স্টেট লিস্ট আছে, এবং কিছু কিছু জায়গায় কনকারেন্ট লিস্ট আছে। উনি বোধ হয় জানেন না ১৯৫১ সাল থেকে রাষ্ট্রপতির অনুমোদনক্রমে একটি করে ফাইনান্স কমিশন হয়। প্রথম ফাইনান্স কমিশন বসে ১৯৫১ সালে। তারপর শান্তানামকে চেয়ারম্যান করে, ১৯৫৬ সালে শান্তানাম কমিটি গঠিত হয়েছিল এবং ফাইনান্স কমিশন যে রেকমেন্ডেশন করেন সেই অনুযায়ী সেন্টার এবং স্টেটের এলোকেশন ঠিক হয়। সেন্টার ঠিক বা অর্ডার করলে, স্টেট তা পায়। একটা কথা মনোরঞ্জন ও নারায়ণবাবু জোর করে বলেছেন যে তাঁরা নাকি এই প্রথম বাজেট দেখলেন যে, বাংলাদেশ সেন্টারের কাছে তার প্রাপ্য বরাদ্দ বাড়ানোর কথা বলেছেন। তাঁরা এখনকার বহুদিনের সভ্য, তাঁদের আমি আগেকার বাজেট স্পিচগুলি পড়ে দেখতে বলি।

[4-5—4-15 p.m.]

ডাঃ রায়ের আমল থেকে এই বাংলা দেশে প্রচেষ্টা যে সেন্ট্রাল এলোকেশন যা হয় তা যেন জনসংখ্যার ভিত্তিতে না হয়, তা যেন আদায় যেখানে যত হচ্ছে তার ভিত্তিতে হয়। আজকে একথা জানবেন যে জ্যোতিবাবু যে বাজেট পাচ্ছেন তার জন্য ডাঃ রায় এবং পূর্বতন অর্থমন্ত্রী শৈলবাবুর প্রচেষ্টা চালিয়েছিলেন সেই প্রচেষ্টার ফলেই পাচ্ছেন। আজকে জনসংখ্যার ভিত্তিতে সেকেন্ড কমিশন বলেছিলেন যে ৯০ ভাগ হোক, অন্ততঃ জনসংখ্যার ভিত্তিতে তা কমে ৭০ ভাগে এসেছে। জন-সংখ্যার ভিত্তিতে যদি এই টাকা বরাদ্দ হয় তাহলে লক্ষ্য করে দেখবেন ইউ পি সব চেয়ে বেশী পাবে। আমাদের ওয়েস্ট বেঙ্গল, মহারাষ্ট্র বরাবর ডিমান্ড করে এসেছে আদায়কৃত করের ভিত্তিতে অর্ধেক এবং জনসংখ্যার ভিত্তিতে অর্ধেক যদি দেওয়া হয় তাহলে ওয়েস্ট বেঙ্গলের ইকনমি ভাল হবে। আজকে বলছেন যে জ্যোতিবাবু সেই প্রচেষ্টা চালাচ্ছেন কিন্তু এই প্রচেষ্টা নূতন প্রচেষ্টা নয়, ডাঃ রায়ের আমল থেকে এই প্রচেষ্টা চলে আসছে। জ্যোতিবাবু আজকে যে সেন্ট্রাল বাজেট পাচ্ছেন, যেটুকু এলোকেশন পাচ্ছেন তার জন্য জ্যোতিবাবুর পূর্বতন সরকারকে ধন্যবাদ দেওয়া উচিত এই কারণে যে তাঁর অংশ আজকে অনেক বেশী হয়েছে। আপনারা গত দিনের বাজেট বাংলাদেশের খুলে দেখুন প্রতি বছর বছর দেখবেন ওয়েস্ট বেঙ্গল সেন্টার থেকে কতটা পেয়েছে আর নিজের রাজস্ব কতটা পেয়েছে এবং ওয়েস্ট বেঙ্গল আজ সেন্টারের কাছ থেকে কত পাচ্ছে এবং ওয়েস্ট বেঙ্গল নিজে কত আদায় করছে। এরই উপর বাংলাদেশের ইকনমি নির্ভর করে। আমি একটা কথা বলছিলুম, বাজেট দেখে আমাদের অনেকেই বলেছেন যে এটা যুগান্তকারী নূতন বৈপ্লবিক বাজেট, বিশেষ করে জ্যোতিবাবু যখন মার্চ মাসে ভোট অন অ্যাকাউন্ট দিলেন তখন বলেছিলেন যে আমি বাজেট ভাল করে পড়বার সুযোগ পাই নি, ভাল ভাবে পড়ে নূতন বাজেট আনবো। আমি বলবো এই যে বাজেট হয়েছে এটা গতানুগতিক বাজেট, রুটিন বাজেট, এই বাজেটের মধ্যে অঙ্ক দেখছি যে এটা একটা হিউজ ডেফিসিট, তাছাড়া এই বাজেটের মধ্যে নূতন কিছু দিয়েছেন বলে আমি বিশ্বাস করি না। আমি আপনাদের কাছে বলতে পারি এঁরা যা নিয়ে গর্ব করছেন তা হচ্ছে দুটি বিষয় নিয়ে। এঁদের গর্ব হচ্ছে কর্মচারীদের ডি এ বাড়ান হয়েছে, আমি স্বীকার করছি যে ৯ কোটি টাকা বাড়ান হয়েছে কিন্তু সকলকেই যদি সমানভাবে সেন্ট্রাল ডি এ দিতে পারতেন তাহলে আমরা খুসী হতাম, কিন্তু তা পারেন নি। ক্লার্ক্স এবং ফোর্থ ফার-এর মাঝখানে যে ডিসটিংশন তাঁরা করলেন সেটা কেন করলেন? এঁদের সমানভাবে করতে পারতেন এবং এইভাবেই করা উচিত ছিল। এক ভদ্রলোক বক্তৃতা করলেন, তিনি বললেন যে গত কংগ্রেস সরকারের আমলে সরকারী কর্মচারীদের কিছুই হয় নি। আমি আমাদের কথা কিছু বলবো না, জ্যোতিবাবু যে বাজেট স্পীচ দিয়েছেন তার থেকে আমি একটা অংশ শুনিয়ে দিচ্ছি.

"Last Finance Commission had taken into consideration only the level of such expenditure as in June, 1965. Since then State Government have granted dearness allowance to Government employees as well as non-Government teaching staff in four sucessive instalments involving

annual burden of about Rs. 24 crores. Besides, certain other benefits have also been conferred on Government employees involving an expenditure of about Rs. 5 crores per annum.".

এটা আমার কথা নয়, জ্যোতিবাবুর বাজেট স্পীচেই আছে যে ২৯ কোটি টাকা গত সরকার দিয়েছেন। আর এই সরকার ৯॥ কোটি টাকা দিয়েছেন। আমরা শুনি যে সেন্ট্রাল গভর্ণমেন্ট যে টাকা দিতে পারছে না স্টেট গভর্ণমেন্ট জ্যোতিবাবু সেই ডি এ দিয়েছেন। আমরা খুব খুশী হতাম যদি তিনি এর জন্য ডেফিসিট না করে অন্য কোন সোর্স থেকে অন্য কোন খাত থেকে কমিয়ে এই বাজেটকে ব্যালেন্সড বাজেট করতেন এবং তার সংগে সংগে টিচিং স্টাফদের যে ডি এ দেওয়া দরকার তা যদি দিতেন তাহলে আমরা তাঁকে বাহবা দিতাম। তিনি বলেছেন এবং আমাদের বহু সদস্য সেই কথা বলে গিয়েছেন যে পুলিশ খাতে নাকি বাজেট কমান হয়েছে। আমি একথা বিশ্বাস করি না। আমাদের মাননীয় সদস্য আবদুস সাত্তার সাহেব বলেছেন যে, এখনও পুলিশ খাতে যা খরচ করা হচ্ছে গত বছরের বাজেটের চেয়েও অন্তত ৩ কোটি টাকা বেশী খরচ করা হচ্ছে। অ্যাডিশনাল ডি এ ১ লক্ষ ৪৮ হাজার টাকা বেশী লাগতো সেই খরচ কমিয়ে ৭৮ হাজার করেছেন। পুলিশ খাতে বাজেট কমান হয়েছে একথা ভুল কথা, একথা যাঁরা বলছেন তাঁরা দেশকে ঠকাচ্ছেন, দেশের অধিবাসীদের মিথ্যা কথা বলছেন। পুলিশের খাতে বাজেট বাড়ান হয়েছে, এবারে যে বাজেট দেওয়া হয়েছে তাতে পুলিশের খাতে বাজেট বেড়েছে, কমেনি। অনেক মাননীয় সদস্য বলে গিয়েছেন যে পুলিশের খাতে কেন বাজেট বাড়বে। এটা আমরা অস্বীকার করি না, কারণ পুলিশ যেভাবে কাজ করছে তাতে সেই খাতে বাজেট বাড়ার যে খুব দরকার আছে তা আমরা বিশ্বাস করি না। তবে আমি একটা দিকে, বাংলা দেশের ইকনমির দিকে নজর দিতে বলছি। আমাদের লেবার মিনিস্টার শৈলবাবুকে বলেছিলেন যে আপনি শ্রমিকদের জন্য দুফোঁটা চোখের জল ফেলুন। তিনি শ্রমিক দরদী, তিনি যেভাবে শ্রম দপ্তর চালাচ্ছেন তাতে শৈলবাবুকে চোখের জল ফেলতে হবে না, তিনি সারা বাংলাদেশের লোকের চোখের জল নিয়ে আসবেন। আমি কয়লা খনি অঞ্চলের কথা বলতে পারি যে সেখানে দারুণ অশান্তি চলছে। সাধারণতঃ সেখানে দুটি কারণে অশান্তি চলছে, একটা কারণ হচ্ছে ফুড সর্টেজ, সেখানে খরা অঞ্চল, খাদ্য ঘাটতি আছে। যদিও সেটা বর্ধমান জেলার অংশ তবুও সেখানে বহু ঘাটতি আছে, সেখানে একটা তীব্র খাদ্য সংকট চলছে যার জন্য লেবার আনরেস্ট রয়েছে। আর একটা কারণ হচ্ছে ইন্ট্রা ইউনিয়ন রাইভ্যালারী। শ্রমিকদের এক দলের ইউনিয়নকে হটিয়ে আর এক দল জোর করে প্রতিষ্ঠিত হবার চেষ্টা করছে। ফলে সেখানে কি ধরনের কয়লার রেজিং কমে গিয়েছে তা ধারণা করা যায় না। কিছুদিন আগে পর্যন্ত কোল পিটে কিছু কয়লা জমা ছিল কিন্তু এখন যেভাবে রেজিং চলছে তাতে আমি অত্যন্ত শঙ্কিত এবং আমি জ্যোতিবাবুকে সে সম্বন্ধে সতর্ক করে দিচ্ছি। তিনি যেন এটা মনে রাখেন যে আমাদের দেশের ইন্ডাস্ট্রি আরো সংকটের মুখে গিয়ে পড়বে যদি কোল রেজিং ওয়ান-ফোর্থ হয়ে যায়। সেখানে ইন্টার ইউনিয়ন রাইভ্যালরি চলছে, যার ফলে এখানে লেবার আনরেস্ট চলছে, তাতে পুলিশ তাদের কোন রকম সাহায্য দিতে পারছে না। আমি শ্রী ঝার মৃত্যু সম্বন্ধে কালকে বলতে গিয়েছিলাম কিন্তু আমি বলিনি কারণ স্পীকার মহাশয় আমাদের কথা দিয়েছেন যে এই সম্বন্ধে ডিসকাশন করার সময় তিনি দেবেন। কিন্তু একথা সত্য যে কয়লা উত্তোলন বন্ধ হয়ে গেলে বাংলাদেশের যে স্টিল ইন্ডাস্ট্রি, থার্মাল পাওয়ার স্টেশন এবং অন্যান্য যে ইন্ডাস্ট্রি চলছে তাদের প্রভূত ক্ষতি হবে এবং এই দিকে যদি নজর না দেওয়া হয় যে কি রেজিং হচ্ছে—গত মার্চ মাস থেকে এপ্রিল মাস পর্যন্ত কত রেজিং হয়েছে, জুন মাসে কত রেজিং হয়েছে এ সম্বন্ধে যদি খোঁজ খবর না নেওয়া হয় তাহলে বাংলাদেশের শিল্প যে একটা গুরুতর সংকটের দিকে এগিয়ে চলেছে সেই সংকট আগস্ট এবং সেপ্টেম্বর মাসের পরে অনুভূত হবে একথা আমি জোর করে বলতে পারি। মাননীয় স্পীকার মহাশয়, এই যে সংকট চলছে এতে যে জিনিস ওখানে আরম্ভ হয়েছে সে সম্বন্ধে যুক্ত ফ্রন্টের অন্যান্য শরিকদারদের অবহিত করতে চাই। আমি লক্ষ্য করে দেখেছি জ্যোতিবাবু যে বাজেট দিয়েছেন সেই বাজেটের মধ্যে বাংলাদেশে তিনি যে সব যুগান্তকারী কথা বলতেন সেই সব কথার কোন ইঙ্গিত নেই। তিনি বাংলাদেশের কাছে একটা গতানুগতিক বাজেট দিয়েছেন কিন্তু তার সঙ্গে সঙ্গে আমি কখনও যা শুনি নি তা এই যুক্ত ফ্রন্ট সরকারের আমলে চলেছে। একদিকে যুক্ত ফ্রন্ট সরকার মন্ত্রীত্ব চালাচ্ছেন আর একদিকে

সেই সরকারেরই দলের লোকেরা গণ-আন্দোলনের নামে, গণ-সংগ্রামের নামে নানারকম আন্দোলন করছে। যে সরকার এখানে খাদ্য দিতে পারছে না সেই সরকারের কর্মীরা ভুখা মিছিল আরম্ভ করেছে, শ্রমিকদের মধ্যে বিদ্বেষ বৃদ্ধি করছে, নিজেদের ট্রেড ইউনিয়ন বেসগুলি শক্ত করবার চেষ্টা করছেন। যদি একথা সত্য হয় যে বাংলা দেশের জনসাধারণ আপনাদের হাতে ক্ষমতা দিয়েছে তাহলে কেন আপনার একদিকে সরকার চালাচ্ছেন আর একদিকে কেন আপনারা এই ধরনের আন্দোলন করে বাংলাদেশের যে ইকনমি, বাংলাদেশের যে ফাউন্ডেশন তাকে নষ্ট করে দিচ্ছেন। আমি এই কথা কংগ্রেস হিসাবে বলিনি, আমি একথা বার বার বলেছি যে কংগ্রেস বহু সময় বিদেশী শাসকদের নীচে থেকেছে এবং তাঁরা জানে যে কি করে সংগ্রাম করতে হয়।

[4-15—4-25 p.m.]

কিন্তু যাঁরা ওই কমিউনিস্ট পার্টির পাশে বসে আছেন এবং আজ রাজত্ব চালাচ্ছেন তাঁরা নিজেদের যেন সতর্ক রাখেন—কারণ, ওই কমিউনিস্ট পার্টি আজ নানাভাবে নানাদিকে নিজেদের প্রসার বাড়াচ্ছে। বাংলাদেশে তারা প্রচেষ্টা চালাচ্ছে যেন তারা ছাড়া কোন রাজনৈতিক দল মাথা তুলতে না পারে। এটা রাইট কমিউনিস্ট সম্বন্ধে সত্য, পি এস পি সম্বন্ধে সত্য, আর এস পি সম্বন্ধে সত্য, এস এস পি সম্বন্ধেও সত্য, একথা কংগ্রেস সম্বন্ধেও সত্য। কিন্তু কংগ্রেস পার্টি বার বার বলেছে কংগ্রেস নানা প্রতিকূল অবস্থার মধ্যেও বাঁচবে এবং বাড়তে জানে। আজ চারদিকে বলা হচ্ছে আমরা নাকি দিল্লী ছুটাছুটি করছি। আপনারা যদি টি এ বিল নিজেদের দেখেন, কনভেয়ানস চার্জেস দেখেন মিনিস্টারদের তাহলে বুঝবেন যে কারা ছুটছে দিল্লীতে। আমার কথা হল জনসাধারণ যখন সত্যিই বুঝবে কমিউনিস্ট পার্টি গণতন্ত্রকে হত্যা করতে চাইছে, যেকথা সুবোধবাবু বলেছেন,—নির্বাচনের মাধ্যমে কিছু হবে টবে না, নির্বাচনকে একটা স্টেপিং স্টোন হিসাবে ব্যবহার করছি—সেটা ভুলে গেলে চলবে না। তিনি তাঁর মে ডে বক্তৃতায় বলেছেন—গণতন্ত্র ফনতন্ত্র বিশ্বাস করি না, আমরা বিশ্বাস করি বিপ্লবে—রক্তাক্ত বিপ্লবে। আমি সুবোধবাবুকে ধন্যবাদ দিই যে তিনি স্পষ্টভাবে বাংলাদেশের মানুষকে তাঁর নীতির ও মতের কথা বলেছেন যে আমরা গণতন্ত্রে বিশ্বাস করি না। আজকে দেখুন ও'রা একদিকে গদী আঁকড়ে আছেন মানুষের সমস্যা সমাধান করবেন এই প্রতিশ্রুতি দিয়ে, অন্যদিকে নানাভাবে দেশে বিশৃংখলার সৃষ্টি করছেন। এর একমাত্র উদ্দেশ্য হচ্ছে বাংলাদেশ থেকে গণতন্ত্রকে একেবারে উচ্ছেদ করে দেওয়া। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Amalesh Chandra Majumdar:**

স্পীকার মহোদয়, আজকে যুক্তফ্রন্ট সরকারের পক্ষ থেকে যে বাজেট এখানে উপস্থাপিত করা হয়েছে তাকে আমি অভিনন্দন জানাচ্ছি—সমর্থন করছি। অভিনন্দন জানাচ্ছি এই জন্য যে গতানুগতিক যে বাজেট কংগ্রেস মন্ত্রিসভার পক্ষ থেকে উপস্থাপিত করা হয়েছিল তার মধ্যে কোন মৌলিক বা সুদূরপ্রসারী বিশ্লেষণাত্মক চিন্তাধারা ছিল না। আজকে সমগ্র দেশের অর্থনৈতিক কাঠামোর উপর নির্ভর করে মৌলিক বিশ্লেষণাত্মক চিন্তাধারার পরিচয় এই বাজেটে মিলেছে। ভারতবর্ষের গত তিনটি পঞ্চবার্ষিকী পরিকল্পনা শেষ হয়ে গিয়েছে—তার মূল লক্ষ্য কি ছিল, তার থেকে কি বিচ্যুতি ঘটেছে, সাধারণ মানুষের উপর কিভাবে নির্যাতন দিনের পর দিন হয়েছে তার চমৎকার বিশ্লেষণের জন্য আমি অভিনন্দন জানাচ্ছি। তবে একটি বিষয়ে পরিষ্কার বিশ্লেষণ করা হয় নি, আজ পর্যন্ত সেটা হল কেন্দ্রের সাথে রাজ্যের সম্পর্কের বিষয়। একথা অবশ্য পরিষ্কার বলা হয়েছে—আমরা নাকি লিমিটেসানস-এর মধ্যে আছি। তবুও একথা বলব লিমিটেসন-এর মধ্যে থেকেও আমরা কিভাবে সাধ্যমত ভাল বাজেট উপস্থাপিত করতে পারি, সেখানে কেন্দ্রের সংগে অন্য রাজ্যগুলির কি সম্পর্ক এবং সেই সম্পর্কের মধ্যে যে বৈষম্যমূলক আচরণ আমাদের প্রতি হয়েছে তাও বলা হয়েছে। আজকে নতুন সুর বেজেছে গ্রামের মানুষের মনে, শহরের মানুষের মনে, সর্বস্তরে আজ নতুন সুর এই যুক্তফ্রন্ট সরকার বাজিয়েছে।

একথা অস্বীকার করবার কারণ নেই যে গ্রামে একজন প্রাইমারী শিক্ষক থেকে সুরু করে আজ সহরের সমস্ত বুদ্ধিজীবী সম্প্রদায়ের মধ্যে আজকে এই যে নতুন আশা ও নতুন আলোড়নের সৃষ্টি হয়েছে—আজ তাদের যে মজুরী এবং যে তাদের মাহিনা বৃদ্ধি যেভাবে হয়েছে সেটার জন্য

সকলেই আজকে অভিনন্দন দিচ্ছে একথা পরিষ্কার। কিন্তু সেই সাথে এখানে যে কথাগুলি হল একথাগুলি থেকে দেখা যায় বেশীরভাগই বিরোধী পক্ষ বললেন খাদ্য সমস্যার উপর এবং জোতদারদের স্বার্থ রক্ষা করবার জন্য। আমি একটা উদাহরণ আপনার মাধ্যমে এই সভার সামনে হাজির করছি। আমি যে এলাকা থেকে নির্বাচিত হয়েছি গত ১৬ তারিখে আমরা খবর পেয়েছিলাম যে এক জায়গায় জোতদারের ধান আছে। পুলিশ সেখানে গিয়েছিল। সেখানকার একজন স্থানীয় কংগ্রেসের সভাপতি তিনি সেখানে পুলিশকে বাধা দিয়েছিলেন এবং মজা করে নয়, জোর করেই বলেছিলেন যে বাড়ী যেতে দেব না। তখন খবর দেওয়ায় পুলিশ আসে এবং আমরাও ভলেনটিয়ার পাঠাই। বাধা দেওয়ার অপরাধে তাকে গ্রেপ্তার করা হয় এবং তার বিরুদ্ধে মোকদ্দমা করা হয়। এই ঘটনার নাম যদি করুর চান তা আমি দিতে পারি। পুলিশ ১৬ তারিখের রাত্রে ধরে নিয়ে যায় এবং তাকে কোর্টে সোপর্দ করা হয়। অর্থাৎ আজকে জোতদারদের প্রতিভূ হয়ে সকল স্তরের সমস্ত জায়গায় কংগ্রেসীরা অবরোধ সৃষ্টি করতে চাইছে। আজকে পরেশবাবু যে কথা বার বার বলছেন সেই কথার উত্তরে আমি এটা বললাম। আমি একটি মৌলিক কথার অবতারণা করতে চাই, সেটি হচ্ছে যে আজকে সহরের মানুষের মধ্যে এবং গ্রামের প্রাথমিক শিক্ষকদের স্তরে আজকে যে নতুন সুর তাঁরা গ্রহণ করতে পেরেছেন, আমি মনে করবো স্বাধীনতার পর গ্রামের সাধারণ কৃষকদের মধ্যে একটা নতুন আলোড়ন আনতে গিয়ে প্রচ্ছন্নভাবে অর্থমন্ত্রী যে একটা ইঙ্গিত দিয়ে গেছেন বাজেট বক্তৃতার মধ্যে, সেটা হচ্ছে ভূমিরাজস্ব। সেই ভূমিরাজস্ব নিয়ে যুগান্তরের ভূমিরাজস্ব বা রাজরাজড়ার যুগ থেকে সুরু করে ইংরাজ, লীগ বা কংগ্রেসী আমলের ভূমিরাজস্বের কথা চলেছে। আজকে এখানে সরকার চিন্তা করছেন ২।৩ একরের মত যে সমস্ত ভূমির মালিক তাদের ভূমিরজস্ব রহিত করবার কথা। আমি সমস্ত ভূমিরাজস্ব মকুব করার কথা বলব না, অন্ততঃ ৫ একর পর্যন্ত ভূমির খাজনা মকুব করে দেওয়া হোক। আজকে বাজেটে দেখলাম ভূমিরাজস্ব আদায় হচ্ছে ৬ কোটি টাকার কাছাকাছি, এবং ভূমিরাজস্ব আদায় করবার জন্য কালেকসান কস্ট সেটা হিসাব করে দেখি প্রায় ২১।২২ পারসেন্ট। অর্থাৎ প্রায় দেড় কোটি টাকার মত খরচ হচ্ছে ৬ কোটি টাকা আদায় করবার জন্য। ৫ একরের কথা বলছি, ৫ একরের উপর থেকে যদি ভূমিরাজস্ব রহিতকরে দেওয়া হয় তাহলে এই যে তহশীলদার, পিওন, মোহরার এদের কথা বিবেচনা যদি করি তাদের অন্যভাবে পুনর্বাসন করতে হবে। আজকে যদি ৫ একরের জমির মালিকদের খাজনা বাদ দেওয়া যায় তাহলে গ্রামের মানুষদের মধ্যে এক নতুন উদ্দীপনা ও আশার সঞ্চার হবে। আজকে মানুষিক স্তরে উন্নয়নমূলক কাজই বলুন বা দেশগঠন করবার কথাই বলা হোক আজকে মানসিক প্রস্তুতি, মানসিক উত্তেজনা এবং আবেগের সঞ্চার করতে হলে আজকে নিম্ন মধ্যবিত্ত বা মধ্যবিত্ত বা বুদ্ধিজীবীদের মধ্যে যেরকম সঞ্চার করা হয়েছে আজকে গ্রামের চাষীদের মধ্যেও যদি সেই ধরনের আশার সঞ্চার করতে হয় তাহলে গ্রামের চাষীদের ৫ একরের খাজনা রহিত করে দিতে হবে। এজন্য আমি মন্ত্রিসভাকে অনুরোধ করবো, অবশ্য তাঁরা ২।৩ একরের কথা বলেছেন, ৫ একর যদি করেন তাহলে আমি মনে করি বাংলাদেশে এক নতুন উত্তেজনা ও নতুন অবস্থার সৃষ্টি হবে চাষীদের মধ্যে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-25—4-35 p.m.]

**Shri Rabin Mukherjee:**

স্পীকার, স্যার, আমি আপনার কাছে দুই মিনিট একটা জিনিষ বলার জন্য অনুমতি চাচ্ছি। এই অ্যাসেমব্লীর বাইরে কয়েক সহস্র ইঞ্জিনীয়ারিং শ্রমিক এসে উপস্থিত হয়েছেন—তাদের দাবী হচ্ছে ছাঁটাই করা চলবে না, লে অফ এবং কারখানা বন্ধ ইত্যাদি করা চলবে না। ইঞ্জিনীয়ারিং শ্রমিকদের অন্যতম বিষয় যেটা ওয়েজ বোর্ডের রিলিফের যে রেকমেন্ডেশন হয়েছিল অ্যাড-ইন্টারিম রিলিফ সেটাও পর্যন্ত মালিক দিচ্ছে না, ইন্ডাস্ট্রিয়াল ট্রাইব্যুনালের রায় পর্যন্ত মালিক মানছে না। এটা আমি উপস্থিত করছি পশ্চিমবাংলার ইঞ্জিনীয়ারিং শ্রমিকদের তরফ থেকে যে কয়েক সহস্র শ্রমিক এখানে উপস্থিত হয়েছেন এবং আরো কয়েক সহস্র এখানে আসছেন এবং যুক্ত ফ্রন্ট সরকারের সমর্থনে এবং যুক্ত ফ্রন্ট সরকার গঠিত হবার পর মালিকরা যে ষড়যন্ত্র করছে তার প্রতিবাদে আগামী ৪ তারিখে জেনারেল স্ট্রাইক হবে ইঞ্জিনীয়ারিং শ্রমিকদের। আমি বিশেষ করে আমাদের

শ্রমমন্ত্রী সুবোধবাবুকে অনুরোধ করব যে কয়েক সহস্র শ্রমিক সামনে বসে আছেন, তিনি যেন দয়া করে সেখানে গিয়ে কিছু বলেন. আরো কয়েকজন মন্ত্রীও উপস্থিত আছেন. আমি জ্যোতিবাবুকে বলছি তাঁরা যেন শ্রমিকদের কাছে গিয়ে কথা বলেন এই হচ্ছে আমার অনুরোধ ইঞ্জিনীয়ারিং শ্রমিকদের তরফ থেকে।

**শ্রীসুবোধ ব্যানার্জীঃ** স্পীকার মহাশয়, রবীনবাবু যে কথা বললেন, আমি মনে করি আমার দেখা করা দরকার কিন্তু আমার নিজের শরীর খুব খারাপ। ফলে আমি রবীনবাবুকে অনুরোধ করবো যে ওঁদের যদি কিছু ডেপুটেশন আমার চেম্বারে নিয়ে আসেন ইন কন্সিডারেশন অফ মাই হেল্থ. অন্য কোন গ্রাউন্ডে নয় তাহলে আমি বাধিত হব।

**Shri Amalendra Lal Roy:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তার সব চেয়ে বড় কথা যে ইতিপূর্বে পূর্বতন সরকারের তরফ থেকে যে বাজেট তৈরী করা হয়েছিল তার উপর এমন কতকগুলি খাতে বেশী বরাদ্দ ধার্য করা হয়েছে যে গুলিতে বেশী বরাদ্দ ধার্য করা অনেক আগে উচিত ছিল। যেমন সরকারী কর্মচারীদের অশিক্ষক কর্মচারী সহ শিক্ষক-শিক্ষিকাদের দুর্মূল্য ভাতা বৃদ্ধির প্রশ্নটা অনেক দিনের পুরানো প্রশ্ন। অবশ্য শৈলবাবু বলেছেন যে, যে বেনিফিট দিতে যাওয়া হচ্ছে সেটা ইলিউসারী—অবশ্য ইলিউসারী হওয়া সত্ত্বেও তিনি ইলিউসনের উপর সেখানে এত কথা খরচ করেছেন যার একটা অর্থ দাঁড়ায় যে আমি যেটা পারলাম না সেটা জ্যোতিবাবু হঠাৎ করে ফেলে সবাইকে তাঁর দিকে টেনে নিলেন, তার জন্য গাত্রদাহ ছাড়া আর কিছু নয়। দ্বিতীয়ত অর্থমন্ত্রী স্থানীয় স্বায়ত্বশাসিত কর্মচারীদের সুবিধা দেবার প্রস্তাব করেছেন। আমি আশা করবো যে শুধু বাজেটে প্রস্তাব করা নয় যত তাড়াতাড়ি সম্ভব এই প্রস্তাব কার্যকরী করার ব্যবস্থা যেন করা হয় এবং এই প্রসঙ্গে আমি তাঁর কাছে একটা কথা উল্লেখ করে রাখি সেটা হচ্ছে এই যে সমস্ত স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানগুলির অনেকগুলিতে প্রভিডেন্ট ফান্ড চালু আছে কিন্তু সেই প্রভিডেন্ট ফান্ডের হাজার হাজার টাকা অন্যভাবে খরচ করে ফেলা হয়েছে এবং প্রভিডেন্ট ফান্ডের যে সুযোগ সুবিধা কর্মচারীদের দেওয়ার কথা সেগুলি তাঁরা পান না। অন্তত দু-একটা মিউনিসিপ্যালিটির খবর আমার জানা আছে যারা এইভাবে প্রভিডেন্ট ফান্ডের ৩০, ৪০, ৫০ হাজার টাকা পর্যন্ত খরচ করে ফেলেছে যার জন্য আজকে কর্মচারীদের অসীম দুঃখ-কষ্টের মধ্যে পড়তে হয়েছে। স্বল্প বেতনভোগীদের দুর্দশা লাঘব করা সম্পর্কে জ্যোতিবাবু যে ঘোষণা রেখেছেন তাঁকে আমি স্বাগত জানাই। আমি আশা করবো তাড়াতাড়ি এ সম্বন্ধে পাকা সিদ্ধান্ত নেওয়া হবে। স্বভাবতই এ খরচ বাড়ার জন্য আমাদের ঘাটতির দিকে যেতে হয়েছে, এতে শৈলবাবু আপত্তি করেছেন এবং বলেছেন এতে দেশকে ধ্বংস করে। আমি জানি না কি করে গরীব শ্রমিক কর্মচারীদের বেতন ও মাগ্গী ভাতা বাড়লো! যখন তারা দুঃখ-কষ্টের মধ্যে আছে তখন দেশ ধ্বংসের দিকে এগিয়ে যায়, এটা আমার মগজে ঢোকে না। তবে তাঁরা বড় বড় ক্যাপিটালিস্ট-এর এজেন্ট হয়ে এদেশে কাজ করছেন তাঁরা অবশ্য এটাকে সেভাবে দেখবেন সেজন্য এবিষয়ে আপত্তি করার কোন কারণ নেই। ডি-ভ্যালুয়েশান এবং ইনফ্লেশান-এর ফলে যে অবস্থার সৃষ্টি হয়েছে তাতে আজকে এ করা ছাড়া কোন উপায় ছিল না। তাঁরা বলছেন টাকা কে দেবে এবং এর জন্য ট্যাক্সেসান করতে হবে। ট্যাক্সেশান যদি করতে হয় করতে হবে। আপনাদের অনেক বাড়ী, গাড়ী, শাড়ী, গহনা ও গাড়ীর খেলা আছে। সে সবের উপর দরকার হলে নিশ্চয়ই ট্যাক্সেসান হবে। যদি এই ট্যাক্সেসান করে এই টাকার যোগাড় করতে হয় তাহলে সে ট্যাক্সেসান হবে এবং এ ট্যাক্সেসান ছাড়া যদি অন্যদিক থেকে আসে তাহলে সেদিকেও চেষ্টা করা হবে। যেমন একটা কথা অর্থমন্ত্রী মহাশয় বলেছেন সেটা হচ্ছে কেন্দ্রীয় সরকার বাংলাদেশের প্রতি দীর্ঘ ২০ বৎসর ধরে যে অবিচার করে আসছেন তার সঙ্গে আমাদের বোঝাপড়া করতে হবে। গোপীকাবাবু একটা কথা যে বলেছেন সেটা তিনি বাজেট না পড়েই বলেছেন। আমাদের কর্নাস্টিটিউসান ২৮২ ও ২৮৫ অনুচ্ছেদ অনুযায়ী টাকা আসে। কেন্দ্রীয় সরকার আজকে স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান অর্থ কমিশনের সুপারিশকে অগ্রাহ্য করে তারা ডিসক্রিশনারী পাওয়ার নিজেদের হাতে

তুলে নিয়েছেন। অর্থাৎ পলিটিকেল কন্সিডারেশন-এ আজকে টাকা দেবার ব্যবস্থা করা হয়েছে। ভারতবর্ষের আজকে যে রাজনৈতিক কমপ্লেকশন তাতে এ প্রশ্ন নিয়ে যদি আমরা একটা মোকাবিলা না করতে পারি তাহলে আমাদের একটা চরম অবস্থায় যেতে হবে। সেজন্য এ প্রশ্নের মীমাংসা হওয়া চাই। বাংলাদেশের প্রতি ২০ বৎসর ধরে যে অন্যায় চলে আসছে যাতে জ্যোতিবাবু বলেছেন এটা একটা সাংঘাতিক বৈষম্য। আজকে বলেছেন ডেফিসিট ফাইনান্সিং এবং যার ফলে বহু কোটি টাকা গাড্ডার মধ্যে দেশকে নিয়ে যাওয়া হয়েছে। আজকে পপুলেশন বেসিস কেন? রাজা মান্নার কমিশন যে বেসিস-এর কথা বলেছিলেন সে বেসিস নয় কেন? কেন্দ্রীয় সরকার সেই পপুলেশন বেসিস নিয়েছেন এবং প্ল্যান্ড পেরেন্টহুড লুপহোল দিকে দেশকে নিয়ে গেছেন। একদিকে বলছেন প্ল্যান পেরেন্টহুড আর একদিকে বলছেন পপুলেশন বেসিস-এ টাকা দেবো। তাহলে তো আমাদের গ্রো মোর পিউপল ক্যাম্পেন দেশের মধ্যে চালু করতে হয়। কিন্তু খাদ্যের ব্যাপারে দেখেছি যে দেশ ঘাটতি সে দেশ ঘাটতি বেশী করে দেখাচ্ছে, যে দেশে উদবৃত্ত আছে সে দেশ তা কম করে দেখাচ্ছে এই পপুলেশান বেসিস যেটা সাইন্টিফিক বেসিস হতে পারে না। ইকনমিক-এর আজকে সে বেসিস-এ যদি এভাবে টাকা বণ্টন করার বন্দোবস্ত থাকে তাহলে আমরা তাকে মেনে নিতে পারি না। ২৮৫ অনুচ্ছেদ অনুসারে ভারত সরকার যেভাবে আমাদের রাজ্যের সঙ্গে বৈষম্য করে এসেছেন তাতে শৈলবাবুর লজ্জা করা উচিত ছিল, কারণ সে বৈষম্যের বিরুদ্ধে লড়তে পারেন নি। আজকে জ্যোতিবাবুই সে বৈষম্যের বিরুদ্ধে প্রথম বিদ্রোহ করতে যাচ্ছেন, সেজন্য বাংলা দেশ এবং আমাদের এই সভা তাঁকে অভিনন্দন জানাবে বলে মনে করি। ডেফিসিট-এর কথা বলে ১০ কোটি টাকা ২৮৫ ও ২৮২ অনুচ্ছেদ অনুযায়ী যে ঝগড়া তার যদি মীমাংসা করা যায় তাহলে সে ১০ কোটি টাকা আমরা পেতে পারি।

[4-35—4-45 p.m.]

আমরা পাব না কেন? যদি তার উপর ডেফিসিট থাকে সেটা আমরা নিশ্চয়ই ট্যাক্সের দ্বারা পূরণ করবো। ও'রা যত রাগ করবেন তত বেশী করে ট্যাক্স দিতে হবে। তা না হলে দেশ বাঁচবে না। কাজেই একথা মনে রেখে আমাদের এগোতে হবে এবং জ্যোতিবাবু যে রাস্তা নিয়েছেন তার জন্য তাঁকে আমরা ধন্যবাদ দিচ্ছি। খাদ্যাবস্থা সম্পর্কে প্রশ্ন উঠেছে। যদিও বাজেটের আলোচনায় খাদ্য সম্পর্কে খুব বেশী বলতে চাই না কারণ পরে এটা নিয়ে আলোচনা করা যাবে। তবু বিরোধী সদস্যদের শুভ বুদ্ধি জাগরণের ব্যর্থ প্রচেষ্টায় তাঁদের কাছে শুধু ২।১টা তথ্য সবিনয় নিবেদন করবো, তথ্যগুলি আমার নয়, স্টেটসম্যান পত্রিকায় ২০-৬-৬৭ তারিখে খবর বেরিয়েছিল

"West Bengal M.P.s discuss food with Prime Minister: They pointed out that the food situation in West Bengal was desperate. There have been many incidents of looting of foodgrains in some districts. Political parties far from organizing these incidents were actually trying to pacify the people." Prime Minister-এর জবাব কি সেটা আমি স্মরণ করিয়ে দিচ্ছি।

The Prime Minister observed that the conditions in several other States were also more or less the same. The foodgrains were not available. They would have to face the situation.".

২নং হচ্ছে স্টেটসম্যানের ২৩-৬-৬৭ তারিখের সংবাদ হুইট সাপ্লাই টু বিহার হ্যাজ ব্রোকন্ ডাউন। তারপর দেখা যাচ্ছে আনন্দবাজার পত্রিকা ২৩-৬-৬৭ তারিখে "চরম খাদ্য সংকট" সম্পর্কে বলছেন জগজীবন রাম ও ইন্দিরা গান্ধী বলেন যে খাদ্য সম্পর্কে চরম দুর্দিন ঘনিয়ে আসছে। তারা দেশের সকলকে সমান ভাবে এই সংকটের অংশ বহন করতে আহ্বান করেন, তিনি বলেন জুন-জুলাই মাস খাদ্যসংকটের সবচেয়ে সংকটজনক মাস। খাদ্যমন্ত্রী বলেন, জুন ও জুলাই সবচেয়ে সংকটজনক মাস, এ সময়ে স্বভাবতঃই খাদ্যশস্য কম থাকে, তার উপর আন্তর্জাতিক পরিস্থিতি অবস্থাকে আরও সঙ্গীন করে তুলছে। এখানে আমার প্রশ্ন

হচ্ছে খাদ্য এবং ত্রাণ কমিটিতে আজ পর্যন্ত তাঁরা যোগদান করেন নি, অথচ তাঁদের খাদ্যমন্ত্রী ও প্রধানমন্ত্রী বলছেন সকলকে সমানভাবে এই সংকটের অংশ বহন করুন। কিভাবে তাঁরা বহন করছেন? গ্রামে গ্রামে জোতদারদের যুক্ত ফ্রন্ট সরকারের বিরুদ্ধে এগিয়ে দিচ্ছেন যে ধান দিও না। এটা আমাদের কথা নয়। আমি শেষ করবার আগে ও'দের একদল দিল্লীতে কি বলেছেন সেটা স্মরণ করিয়ে দিই। অ্যাড-হক কংগ্রেস বডি ইন ওয়েস্ট বেঙ্গল অমৃতবাজার পত্রিকা ২৪-৬ লেখা হয়েছে মেমোরেন্ডাম টু এ আই সি সি-র কাছে যেটা দেওয়া হয়েছে তাতে তাঁরা বলছেন a memorandum circular among AICC members here said that the present leaders of the Bengal Congress were pursuing a policy of groupism and self-aggrandisement. They are alleged to have formed a close coterie and were patronising black marketing, hoarding and other anti-social activities. এটাই জাজমেন্ট হলো না, এ জাজমেন্ট আপনাদের দলের লোক দিতে আরম্ভ করেছেন। এই বলে আমি শেষ করলাম।

**Shri Phakir Chandra Roy:**

১৯৪৭ সালে দেশ স্বাধীন হবার পর বাংলাদেশের বিধ্বস্ত যে অর্থনীতি সে অর্থনীতি কংগ্রেসের হাতে পড়ে কারণ কংগ্রেসের হাতে এখন শাসনভার। সেই অর্থনীতি বিধস্ত অবস্থা থেকে নূতন বনিয়াদ কংগ্রেস সরকার গড়ে তোলে। কংগ্রেস সরকারের যে রিসোর্সেস ছিল সে রিসোর্সেস থেকে এবং কেন্দ্রীয় কংগ্রেসী সরকারের থেকে কংগ্রেস যখন থেকে পরিকল্পনা অর্থনীতি গ্রহণ করলেন সেই সময় থেকে পরিকল্পনা অর্থনীতি বাংলাদেশে এল। আজকে সে বিষয়ে খুব বেশি আলোচনা করবার সময় নেই। পশ্চিম বাংলার সংকটময় আর্থিক জীবনে যেসব অর্থনৈতিক রিসোর্সেসএর কথা আজকে আমাদের শৈলবাবু বলেছেন এবং যে খাদ্যসঙ্কট এবং মূল্যবৃদ্ধির কথা বলেছেন, তাঁর মত একজন অভিজ্ঞ লোকের মুখে এই ধরনের কথা মানায় না। আজকে সাধারণভাবে যে কংগ্রেস সরকারের অর্থনীতি সর্বভারতে চলছে তাকে দায়ী না করে যে সরকারের বয়স মাত্র চার মাস হল এবং একটি রাজ্যের মধ্যই যাঁর কার্য নিবন্ধ, সমস্ত পশ্চিম বাংলার অর্থনৈতিক দুর্গতির জন্য তাঁকে কেন দায়ী করবেন তাঁর মত একজন অভিজ্ঞ লোক—এটা খানিকটা যেন দায়ী করতে হবে বলেই তিনি দায়ী করছেন। এই প্রাইস চেক বা মূল্যবৃদ্ধি রোধ করার জন্য দিল্লী থেকে বহু ব্যবস্থাই তো করা হয়েছে। কিন্তু কেন সাকসেসফুল হল না? নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দর বেড়ে যাচ্ছে, তার জন্য কনজিউমারস কো-অপারেটিভ স্টোর মুভমেন্ট করা হল কিন্তু এই কনজিউমারস কো-অপারেটিভ স্টোর মুভমেন্ট কেন সাকসেসফুল হল না? বার বার খাদ্যদ্রব্যের দাম বেঁধে দেওয়া হয়েছে। কিন্তু খরিদ্দাররা কেন সেই দর অনুযায়ী জিনিস পায় নি? এইসব কথা শৈলবাবু জানেন, অথচ জেনেশুনে কেন এই নবগঠিত সরকারের অর্থমন্ত্রীর বিরুদ্ধে তাঁদের দায় অর্পণ করলেন—এটা ঠিক জ্ঞান পাপীর মত বলে আমি মনে করি। বাংলাদেশের প্রতি কেন্দ্রীয় সরকারের অর্থনৈতিক ক্ষেত্রে অবিচারের কথা অনেকদিন থেকেই জানা আছে। বাংলা যখন ভাগ হয় নি তার আগে থেকেই অর্থনৈতিক ক্ষেত্রে যাতে বাংলার প্রতি সুবিচার হয় তার দাবী দিল্লীকে বারে বারে করা হয়েছে, এটা আমরা সবাই জানি। মিঃ নৃপেন সরকার থার্ড রাউন্ড টেবল কনফারেন্সের সময় যখন বিলেতে যান তখন তিনি হাউস অব কমন্সের কাছে অনেক আবেদন-নিবেদন করে, অনেক চেষ্টা করে একটু সুরাহা করার চেষ্টা করেছিলেন, ডাঃ বিধানচন্দ্র রায়ও যে চেষ্টা করেছিলেন তাও আমরা সবাই জানি এবং আমরা এও জানি প্রফুল্লচন্দ্র সেন মহাশয় এবং শৈল মুখার্জি মহাশয় যে অবিচার হয়েছে তার যাতে একটু সুবিচার পাওয়া যায় এবং সেটা যাতে রেক্টিফায়েড হয় সে চেষ্টাও করেছিলেন। কিন্তু কোন সুবিচার হয় নি। বছর বছর ফাইন্যান্স কমিশন ট্যাক্সের ভাগ-বাটোয়ারা করবার জন্য পাঁচ বছর অন্তর একটি করে কমিশন ভারত-সরকার বসান। সেখানেও সুবিচার পাওয়া যায় নি। যাতে সুবিচার পাওয়া যায় তার জন্য ডাঃ রায় ও শৈলবাবু বহু চেষ্টা করেছিলেন। কিন্তু কেন সুবিচার পান নি, বলতে পারবেন কি? আজকে এর সুবিচার পেতে হবে। আজকে শৈলবাবু একটি কথা যা বলেছেন তখন আমরা আমাদের ফেডারেল গভর্নমেন্টের মধ্যে আছি, আমাদের অটোনমাস স্টেট, ইন্ডিপেন্ডেন্ট স্টেট, অ্যাজ ইফ আমাদের ইকনমির ক্ষেত্রে আমরা ফিউডালিস্ট হব কি প্রোটেস্টানিস্ট হব এই সমস্ত ব্যাপারগুলি ঠিক করার ক্ষমতা আমাদের আছে এবং আমাদের সমস্ত অর্থনৈতিক ইল্‌ডস দূরীকরণের ক্ষমতা

আছে, এটা তাঁর মত লোকের কাছ থেকে আজকে বিধানসভায় এই কথা শুনব, এটা আমরা আশা করি নি। কোন দেশের ফেডারেল গভর্নমেন্টের কোন ইউনিট কি অর্থনীতির ক্ষেত্রে কি পলিটিক্সের ক্ষেত্রে কখন একটা ইন্ডিপেন্ডেন্ট ইউনিট হিসাবে ফাংশন করতে পারবে না। হোলের যেটা পলিসি, হোলের যেটা স্ট্রাকচার, হোলের যেটা লাইফ, সেই হোল পার্টের লাইফটাকে রেগুলেট করে কন্ট্রোল করে নিয়ে যায়। এই কথা তিনি জানেন, অথচ জেনেশুনে কেন এই কথা বললেন তা আমি বুঝতে পারছি না। জ্যোতিবাবু এই কথা বলেছেন যে, আমাদের সীমিত ক্ষমতা এবং সেই সীমিত ক্ষমতায় হয়ত সমস্ত সমস্যার সমাধান করতে পারব না। অটোনমি ইন্ডিপেন্ডেন্স করে এবং সমস্ত অর্থনৈতিক ইল্‌স দূর করবার সামর্থ আমাদের আছে এই দোষটা জ্যোতিবাবুর ঘাড়ে চাপাবার চেষ্টা করেছেন, এটা অত্যন্ত তাঁর পক্ষে অবিচার করা হয়েছে আমি বলব।

মাননীয় স্পীকার মহাশয়, আর একটি কথা বলে আমি শেষ করছি সেটা হল এই, কংগ্রেসের অর্থনীতিতে ইল্ড করেছেন ইউনাইটেড ফ্রন্ট গভর্নমেন্ট। জ্যোতিবাবু শৈলবাবুর সাকসেসর। যেখানে কংগ্রেস ওয়েলফেয়ার স্টেট করতে চেয়েছিলেন মুখে, আসলে ওয়েলফেয়ার স্টেট করতে পারেন নি, করবার চেষ্টাও করেন নি। জ্যোতিবাবু তথা ইউনাইটেড ফ্রন্ট সরকার আজকে সত্যি সত্যিই এখানে ওয়েলফেয়ার স্টেট করার চেষ্টা করছেন এবং তার পদক্ষেপ এই বাজেট বক্তৃতায় আছে কিনা সেটা আজকে বিচার করতে হবে। সেদিক থেকে আমি বলব যে, সে পদক্ষেপ এই বক্তৃতায় আছে। এইদিক থেকে জ্যোতিবাবু যে বাজেট এখানে পেশ করেছেন আমি তা সর্বান্তঃকরণে সমর্থন করছি।

[4-45—4-55 p.m.]

**Shri Amiya Bhusan Bandopadhyay:**

মাননীয় স্পীকার মহাশয়, আমি আমাদের যুক্তফ্রন্ট সরকারের অর্থমন্ত্রী যে প্রথম বাজেট আমাদের এখানে উপস্থিত করেছেন সেটা সমর্থন করতে গিয়ে এই হাউসের সামনে দু-একটি কথা বলব। স্বাভাবিকভাবে আমাদের এই যুক্তফ্রন্ট সরকার এই প্রথম ভোট অন অ্যাকাউন্টস প্লেস করেছিলেন মার্চ মাসে, তারপর কয়েক মাস সময়ের মধ্যে যে মূল বাজেট পূর্বতন সরকার তৈরি করেছিলেন তাকে অদল-বদল করে আজকে জ্যোতিবাবু এই নূতন বাজেট আমাদের সামনে উপস্থিত করেছেন। এই বাজেটে কতখানি কি সম্ভব হয়েছে বা হয় নি সেটা বিচার করবার আগে এই কথা চিন্তা করবার দরকার আছে যে কি পরিবেশের মধ্যে এই বাজেট এখানে উপস্থাপিত করা হয়েছে। গত ২০ বছর ধরে একটি দল, একটি নেতৃত্বের অধীনে এই দেশ পরিচালিত হয়ে এসেছে। তার ফলে সমগ্র দেশের আশা-আকাঙ্ক্ষা পূরণ তো হয়ই নি বরং যথেষ্ট পরিমাণে বেকারী বেড়েছে, খাদ্যের অভাব বেড়েছে, শিল্পে উন্নতি হয় নি এবং সব মিলে সমাজ-ব্যবস্থা ভেঙ্গে পড়বার উপক্রম হয়েছে। মাস্টার মহাশয়রা বিক্ষুব্ধ, ছাত্ররা উৎক্ষিপ্ত অস্থির চঞ্চল, এই পরিবেশের মধ্যে যুক্তফ্রন্টের সরকার এর অর্থমন্ত্রী বর্তমান বাজেট আমাদের সামনে উপস্থাপিত করেছেন। এই কথা আশা করা অন্যায় এবং এই কথা বোধহয় কেউ আশা করতে পারেন না যে, একটা যুগান্তকারী পরিবর্তন এই বাজেটের মধ্যে তিনি আনবার চেষ্টা করেছেন বা তা আনা সম্ভব। তবে অদলবদলের মাধ্যমে যতটুকু করা সম্ভব হয়েছে—তার মাধ্যমে একটা দৃষ্টিভঙ্গি আছে যে দৃষ্টিভঙ্গিটা কিন্তু পূর্বতন সরকারের দৃষ্টিভঙ্গির সঙ্গে সম্পূর্ণ পৃথক। কর্মাশ্রয়ী মানুষ যাঁরা, এই দেশে শিক্ষক থেকে কর্মচারী, সমস্ত মানুষ এর প্রতিনিধি—যে মমতা ও দরদবোধ অর্থমন্ত্রীর বাজেটে জাজ্বল্য হয়ে উঠেছে তাকে স্বাগত না জানান এমন মানুষ বাংলাদেশের মধ্যে সম্ভবতঃ খুব কমই আছে। এই কথা মনে রাখতে হবে, যেসমস্ত ভারতীয় সংবিধানে সেন্টারের সঙ্গে স্টেটের যে রিলেশন আছে সেখানে ফাইন্যান্স ডিস্ট্রিবিউশনের ব্যাপারে সেই ব্যাপার সম্পর্কে ভারতবর্ষের বস্তুত আলোচনার বিষয়বস্তু রয়েছে। শৈলবাবু কি বুঝতে পারেন নি যে, সীমাবদ্ধতার মধ্যে ২০ বছর ধরে সরকারের নেতৃত্ব করছেন এবং পুঙ্খানুপুঙ্খভাবে কনস্টিটিউশন দেখেছেন, তারপর যদি মনে করে থাকেন যে, রাজ্য সরকারের ক্ষমতা সীমাবদ্ধ নয়, তাহলে আমার কিছু বলার নেই। প্রকৃতপক্ষে রাজ্যসরকারের ক্ষমতা অত্যন্ত সীমাবদ্ধ এবং কেন্দ্রীয় সরকারের হাতেই অর্থের অধিকাংশ উৎস। এমতাবস্থায় যদি উদার না হন, যদি বিমাতৃসুলভ মনোভাব দেখান

তাহলে স্বভাবতঃই কোন রাজ্যসরকারের পক্ষে সুষ্ঠুভাবে কাজ করা সম্ভব নয়। পশ্চিমবঙ্গ সরকার যে বিমাতৃসুলভ মনোভাব কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে পেয়ে থাকেন তা আমার কথা নয়, গত কয়েক বছরের বাজেট বক্তৃতা, কংগ্রেস সরকারের যে বাজেট তাতে বার বার অভিযোগ করা হয়েছে, ভাষাটা হয়ত একটু নরম করা হয়েছে।

কিন্তু আসলে একথাও তাঁরা বলেছেন বাংলাদেশের উপর অবিচার হচ্ছে। এটা ইতিহাসের সাক্ষ্য। আজ অবশ্য শৈলবাবু নানাবিধ প্রশ্ন তুলছেন। এই যে ধরনের কাজ করা হচ্ছে এর ফলে বাজেট অফ রুইনেশন এবং মোরেটোরিয়ামএর প্রশ্নও তুলছেন। কেন্দ্রের কাছ থেকে কি তিনি আগেই অনুমতি নিয়েছেন? শৈলবাবুরা একটু গভীরভাবে চিন্তা করে দেখুন এবং বিশেষ করে গোপিকাবাবু বলছেন এই মোরেটোরিয়াম যদি ৫০ পারসেন্ট আমরা পাই জ্যোতিবাবু যদি তার জন্য চেষ্টা করেন তাহলে সানন্দে আমরা তাঁকে সমর্থন করব। জ্যোতি-বাবু যদি চেষ্টা করেন তাহলে তাঁরা সকলে সমর্থন করবেন—তা নয়, সমগ্র পশ্চিমবঙ্গের মানুষ কি ট্রেজারী বেঞ্চের, কি অপোজিশনের সকলকে আজকে এক হয়ে দাঁড়াতে হবে, ভারত গভর্নমেন্টের কাছ থেকে আমাদের হককে আদায় করে নেবার জন্য। তা না হলে পশ্চিমবঙ্গের মানুষকে বাঁচানো যাবে না। আপনারা বলেছেন—আমরা দেনা করেছি। কিসের দেনা? ন্যায্যভাবে কেন্দ্রীয় সরকারের রাজস্ব আমাদের দেয়, আমরা দিয়েছি। কাজেই আজ আমরা আমাদের পাওনা চেয়েছি। এবং সেই পাওনা আমরা চাই। ঐ দেনা কোথা থেকে এসেছে? কিন্তু সেখানেও আমরা একথা বলছি না যে, সেই দেনা আমরা পরিশোধ করব না। আমরা এই কথা বলছি, আমরা দাবি করছি, পশ্চিমবঙ্গের এই নিদারুণ সঙ্কটের সময় অন্ততঃ এইটুকু করুন এবং আপনাদের কাছে আবেদন করছি অনেক তো দল ভাঙ্গাভাঙ্গির খেলা খেলেছেন, অনেক মানুষকে মেরেছেন, তা সত্ত্বেও যদি এখনও বিবেকের কিছু অংশ অবশিষ্ট থেকে থাকে, তাহলে একবার সমগ্র মানুষের সঙ্গে হাত মিলিয়ে বলুন যে, এক বছরের জন্য অন্ততঃ এই মোরেটোরিয়াম হোক। তাহলে দেখবেন ১৮ কোটি টাকা অন্ততঃ সেখান থেকে বাঁচবে।

আর দ্বিতীয় কথা, আপনারা প্রশ্ন তুলেছেন সেন্ট্রাল অ্যালোকেশন কিভাবে হয়? আমি একটা কথা হাউসের বিচারের জন্য উপস্থিত করছি, স্বভাবতঃ কিভাবে এই ডিস্ট্রিবিউশন হয়ে থাকে? ফাইন্যান্স কমিশন স্বীকার করেছেন যে, শতকরা ৭০ ভাগ পপুলেশন বেসিসএ হবে। আর বাকিটা কিভাবে হবে? বাকিটা স্পেশ্যাল নীডস বেসিসএ হবে। তাদের সেই ৫৯০ কোটি টাকার মধ্যে ১৭৭ কোটি টাকা স্পেশ্যাল নীড বেসিসএ হবে। পশ্চিম বাংলা স্পেশ্যাল নীডস বেসিসএ কত পেয়েছে? এক কোটি টাকা। এই হাউসের সামনে শৈলবাবুরা বুঝিয়ে দিন পশ্চিম বাংলায় কি এমন কোন স্পেশ্যাল নীডস নেই যার জন্য এক কোটি টাকার বেশি পেতে পারে না? অথচ শৈলবাবুর দৃষ্টি আর একটা দিকে আকর্ষণ করছি অশোক মেটাকে ছেড়ে স্বভাবতই এই ডিস্ট্রিবিউশনএর সময় ব্যাকওয়ার্ড এরিয়ার কথা ভাবা হবে কিনা? এবং ব্যাকওয়ার্ড এরিয়ার মাপকাঠি কি হবে—যে মাপকাঠিতে ফাইন্যান্স কমিশন পশ্চিমবঙ্গকে ৭·৫১ পারসেন্ট দিতে রাজ্য হয়েছে? সেদিক থেকে যদি ভাগ করা যায়, তাহলে আমরা ৪৪ কোটি টাকা পাই, ঐ ৩৪ কোটি টাকার স্থানে। স্বভাবতঃ তাহলে সেখানে আমরা আরও দশ কোটি টাকা পাব। আর যদি ৫০ পারসেন্ট মোরেটোরিয়াম করা সম্ভব হয়, তাহলে সেখানে থেকেও ১৭-১৮ কোটি টাকা আমরা পেতে পারি। তাহলে মোট ২৭-২৮ কোটি টাকা আরও আমরা পাই। এটা পেলে আর আমাদের নূতন করে ট্যাক্স করতে হবে না। অথচ এদিকে শৈলবাবুরা চিন্তিত হয়ে পড়েছেন -- আমরা ট্যাক্স কোথা থেকে করব! অর্থমন্ত্রীর বাজেট স্পীচে পরিষ্কার করে বলা হয়েছে যে, ট্যাক্স হলে লো ইনকাম গ্রুপ ব্র্যাকেটের উপর হবে না। তা সত্ত্বেও তাঁদের এত দুশ্চিন্তা কেন? আর যদি হয় যে, আপনারা আদৌ ট্যাক্সেশন চান না, তাহলে আসুন সকলে মিলে চেষ্টা করি যাতে করে মোরেটোরিয়াম পাওয়া যায় কিছু পরিমাণে এবং তার জন্য আমাদের ন্যায্য প্রাপ্য যেটা, সেই ন্যায্য প্রাপ্যের অ্যালোকেশন সম্বন্ধে নতুন করে ভাবা হোক। আর সেন্টার-স্টেটএর রিলেশনকে কোনক্রমেই ধামাচাপা দেওয়া যাবে না। কারণ আজ বিচারের প্রশ্ন এসেছে। রাজাদের বাঁচাবার জন্য সেন্ট্রাল গভর্নমেন্টের গত কয়েক বছরে একশো কোটি টাকার উপর খরচ করতে পেরেছেন। ব্ল্যাক মানি আজ পর্যন্ত আপনাদের সেন্টার ধরতে

পারেন না। এমন কি তাঁরা ডিমনিটাইজেশনও করতে পারেন না, কমার্সিয়াল ব্যাঙ্কও ন্যাশানালাইজ করতে পারেন না। অথচ স্টেটকেও সাহায্য দিতে পারেন না। এই বিবিধ নীতির বিরুদ্ধে আজকে সকলে মিলে দাঁড়াতে হবে। এটা কোনও বিশেষ দলের প্রশ্ন নয়, দেশের বাঁচার প্রশ্ন, সমগ্র পশ্চিমবঙ্গকে আজকে সঙ্কট থেকে বাঁচাতে হলে আপনারা এই কাজ করতে আমাদের সঙ্গে সহযোগিতা করুন।

[4-55—5-5 p.m.]

**Shri Biswanath Das Ghosh:** Mr. Speaker, Sir, the budget that has been placed before this House demands my fullest support and my hearty congratulations are due to the Hon'ble Finance Minister, Mr. Jyoti Basu, for the bold approach he has made forward the solution of the economic stringency of our problematic State.

Sir, at the very first sight the budget may seem to be appalling to the common people of Bengal due to the huge deficit of about Rs. 18 crores and 35 lakhs. But I may assure the House that this excess amount of money will be actually spent for the benefit of the people, for the upliftment of the condition of every sphere of Bengal and not for any political party's purpose or for any personal interest as it was the usual practice during the Congress regime.

Sir, I think the Congress colossus may shed their crocodile tears but in this budget the people of Bengal of all castes and creed will sigh a sigh of relief to find a ray of hope in this budget and I think the Finance Minister for the novel method he has adopted for filling up the gap and for meeting the deficit, and the three methods he has suggested are: (i) taxation, (ii) postponement of payment of Central loans, and (iii) allocation of Central assistance. Really this should be so but I may request him that taxations may not be imposed upon the common people of Bengal who are suffering from this high price rise in the market, but should actually be extracted from the big jotedars, hoarders, blackmarketers, profiteers and black money holders who have accumulated so much money so long by sucking the blood of the common people of Bengal. As regards the postponement of Central loans. I may suggest that if there is the provision then our Finance Ministry may stop the payment of interest to the Central Government and by doing this we can save a few crores of rupees which will meet our huge deficit. I may thank the Finance Minister for consideration of different spheres, particularly for the production of food in this age of food scarcity as also for the amount proposed to be spent on Irrigation. But actually as a teacher I welcome his Education policy because practically he has saved education of Bengal from teachers' occasional route marches in the street of Calcutta His bold approach for meeting the agrarian problems, for upliftment of the condition of poor cultivators of Bengal is praiseworthy. But simultaneously I may suggest that there is a large number of fishermen in Bengal who have been suffering so long for the lack of fishing provisions because many of our rivers like Damodar and Rupnarayan have dried up and as the course of sandhead at the mouth of river Bhagirathi has stopped, fishing process becomes difficult and the fishermen have been deprived of their usual profession. So, I may suggest that some loans and grants for these fishermen may be considered or the question of engaging them in some industries of cultivation may be considered by the Finance Minister.

Putting my whole support to every item I try to concentrate my criticism on one affair. In the last budget and also in the present one the Finance Minister has shown his helplessness in regard to Central-State relation and the misery of the Central Government in meeting our legal

demands. Bengal has a tradition to crush the iron hands of Delhi. I may suggest that our Finance Minister and our leaders should be bold enough, should be courageous enough to show much revolutionary spirit in extracting our legal dues. Today I expect that our leaders would stand united before the depressed and demoralised people of Bengal and say like the Greek hero Ulysis: "What we are we are, one equal temper of that heroic heart made weak by time and fate but strong in will to strive, to seek to find and not to yield" and not to yield to the feminine leadership of the Centre. We must demand our legal dues of which we have been deprived so long.

Thank you, Mr. Speaker, Sir.

## Adjournment Motion

[5-5—5-15 p.m.]

**Shrimati Purabi Mukhopadhyay:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি আমাকে এই অ্যাডজোর্নমেন্ট মোশন মুভ করার জন্য যে সুযোগ দিয়েছেন তার জন্য আমি আমার পক্ষ থেকে, আমার জেলার পক্ষ থেকে আপনাকে আন্তরিক ধন্যবাদ দিচ্ছি। আমাদের সরকারপক্ষ এই অ্যাডজোর্নমেন্ট মোশনে কনসেন্ট দিয়ে যে সৌজন্যের পরিচয় দিয়েছেন সেজন্য আমি তাঁদের ধন্যবাদ দিচ্ছি। বাঁকুড়া জেলার পক্ষ থেকে এই প্রস্তাব এখানে আনার বিশেষ প্রয়োজন ছিল, সেজন্য আমাকে আনতে হয়েছে। আমার প্রস্তাব নিম্নরূপ—

"This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely, anti-people food policy and inadequate relief which have caused famine in the district of Bankura.

Sir, I need not go through the statement because I am going to make a statement myself."

আমাদের বাঁকুড়া জেলার পক্ষ থেকে আমি এই বিধানসভার সামনে সেখানকার পরিস্থিতি কি গুরুতর আকার ধারণ করেছে তা রাখার প্রয়োজন অনুভব করি। এ পর্যন্ত বিভিন্ন সংবাদপত্র যেভাবে বাঁকুড়ার দুর্ভিক্ষের পরিস্থিতি দিনের পর দিন খবরের কাগজ মারফত সংবাদ পরিবেশন করেছেন তার জন্য আমি আপনার মারফৎ তাঁদের ধন্যবাদ জানাই। কারণ তাঁরা সেই সংবাদ পরিবেশন করার ফলে বেসরকারী সাহায্য পেতে আমাদের অনেকখানি সাহায্য করেছে। আজকে সরকারপক্ষ থেকে যে সাহায্য এই খরা এবং দুর্ভিক্ষের জন্য আসা উচিত ছিল আমি দুঃখের সঙ্গে জানাচ্ছি যে, তা আমরা পাই নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যখন খাদ্য সম্পর্কে ডিবেট হচ্ছিল খাদ্যনীতি নিয়ে সেই সময় আমি বলেছিলাম এই খাদ্যনীতির অবিসম্বাদী ফল হিসাবে বাংলাদেশে দুর্ভিক্ষ ডেকে আনবে। এটা অত্যন্ত দুঃখের কথা মাত্র তিন মাস সাড়ে তিন মাস এই সরকার কার্যকালের যে সময় পেয়েছেন এই তিন মাসে সাড়ে তিন মাসের মধ্যে আমার দরিদ্র জেলাকে তাঁরা সম্পূর্ণ লঙ্গরখানার ভিখারীতে পরিণত করেছেন, এটা অত্যন্ত দুঃখের এবং পরিতাপের বিষয়। আমি সেদিনও বলেছিলাম এবং আজও জোর দিয়ে এই কথা বলতে চাই যে, বর্তমান খাদ্যনীতিতে কিনে খাওয়া মানুষ, দরিদ্র গ্রামবাসী, বর্গাদার চাষী, ভূমিহীন ছোট-জোতের মালিক যাদের সম্বৎসরের খাদ্য আসে না এই খাদ্যনীতির ফলে বাজারে অগ্নিমূল্য যে হবে এ অবধারিত ছিল, সেদিন এই সাবধানবাণী এখানে দাঁড়িয়ে আমি উচ্চারণ করেছিলাম যে, এই খাদ্যনীতির ফলে ঐ কিনে খাওয়া মানুষদের এই সরকার সঙ্কটের মুখে ঠেলে দেবেন। আজ কিনে খাওয়া মানুষ না খেয়ে মরতে বাধ্য হচ্ছে, তার কারণ কর্ডনিং যে মুহূর্তে তুলে নেওয়া হল যেহেতু বাঁকুড়া গরীব জেলা, সেহেতু সেখানকার মানুষের ক্রয়-ক্ষমতা কম, সেই মুহূর্তে সেখান থেকে সমস্ত ধান-চাল হুহু করে বেরিয়ে গেল। এ যে বেরুবে এটা সম্পূর্ণ স্বাভাবিক কথা এবং এটা সরকারের সেদিন বোঝা উচিত ছিল। মানুষের অর্থের প্রতি যে মোহ, কালোবাজারী, মুনাফাবাজী তারা যেরকম পরিচয় ইতিপূর্বে দিয়ে এসেছিল তাতে আমরা এখানে দাঁড়িয়ে বলেছিলাম যে, খাদ্য সম্পর্কে বাংলাদেশে যেভাবে ফাটকাবাজী চলছে তাতে সে সম্পর্কে অবহিত হয়ে এমনভাবে খাদ্যনীতি রাখা উচিত যাতে

আবার তাদের হাতে খাদ্য গিয়ে না পড়ে। ঠিক সেইজন্যই কর্ডনিং তুলে দেওয়ার ফল ফলতে সুরু করেছে। বাঁকুড়া জেলাকে যাঁরা সারপ্লাস ডিস্ট্রিক্ট বলে জানতেন আজকে তাঁরা যদি বাঁকুড়ায় যান তাহলে সেখানে গিয়ে দেখবেন লঙ্গরখানার সামনে ভিখারীর মত দাঁড়িয়ে আছে আমার জেলার অধিবাসীরা থালা হাতে নিয়ে যে কখন তারা লঙ্গরখানা থেকে একটুখানি খিচুড়ি পাবে। এর চেয়ে পরিতাপের বিষয় আর কি আছে। নির্বাচনের পূর্বে যুক্তফ্রন্ট সরকার গঠন করে তাঁরা লোকের কাছে সমস্ত রকম প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, তাঁরা সস্তা দরে চাল খাওয়াবেন, ৬ আনা কে জি সরিষার তেল খাওয়াবেন, তাঁদের সেই দম্ভোক্তি আজকে কোথায়ও খুঁজে প্যাওয়া যাচ্ছে না। বাঁকুড়া জেলার পক্ষ থেকে আমি এই কথা স্পষ্ট ভাষায় আপনাদের কাছে নিবেদন করব, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি আপনার নিজের বিশ্বস্ত কোন ব্যক্তিকে যদি বাঁকুড়ায় পাঠান এবং তিনি সমস্ত জেলা ঘুরে এসে আপনার কাছে এখানে যদি সত্য রিপোর্ট পেশ করেন তাহলে আপনি তার তদন্তে দেখতে পাবেন সেখানে খাদ্যের নামে, ত্রাণের নামে কি রাজনীতি চলছে। আমার কাছে দুর্ভাগ্যের বিষয় হোক আর সুখের বিষয়ই হোক এই সমস্ত ফুড রিলিফ কমিটির প্রতিটি প্রসিডিংস আসে, এই ফুড রিলিফ কমিটির প্রসিডিংসগুলি থেকে আমি আপনাকে দেখিয়ে দেব সেখানকার টেস্ট রিলিফ সম্পর্কে প্রতিটি ব্লকের যে ফিগার দেওয়া হচ্ছে তার মধ্যে অর্ধেক জায়গায় দেখা যাচ্ছে বি ডি ও ইজ অ্যাবসেন্ট, স্কীম নিল্। এই কথা আমরা শুনেছিলাম যে সরকারী অফিসার মারফত, সরকারী চ্যানেলে ফুড এবং রিলিফের ব্যবস্থা হবে না কিন্তু দেখা গেল সেই জায়গায় গণ-কমিটি এবং এইসব ফুড এবং রিলিফ কমিটি, যেগুলি সরকারপুষ্ট যেসমস্ত রাজনৈতিক স্বার্থান্বেষীর দল নিয়ে গঠিত তারা সেখানে বসে না করলেন ফুডের ব্যবস্থা, না করলেন রিলিফের ব্যবস্থা। সেখানে বি ডি ও অনুপস্থিত বলে যদি রিলিফ দেওয়া বন্ধ হয় তাহলে আমি জানতে চাই সরকারের এই ব্যাপারে পলিসি কি? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এইসমস্ত কাগজ নিয়ে এসেছি আপনার টেবিলে দেব বলে যে, আমার কথার মধ্যে মিথ্যা কিছু আছে কিনা। এই কমিটির রিপোর্ট, তাঁরা যে প্রসিডিংস পাঠিয়েছেন, এর মধ্যে আছে বি ডি ও অনুপস্থিত বলে সেখানে কাজ বন্ধ। আমি জানতে চাই এই কাজ কি বি ডি ও-র মারফত হবে যার জন্য বি ডি ও অনুপস্থিত থাকলে সেখানকার লোক দুর্ভিক্ষের কবলে পড়ে মারা গেলেও সেখানে টেস্ট রিলিফ হবে না? তাহলে গণ-কমিটি, ফুড রিলিফ কমিটির দরকার কি? আর যদি ফুড রিলিফ কমিটির মারফত হয় তাহলে সেখানে বি ডি ও আছেন কি না আছেন তারই বা প্রয়োজন কি? যদি বলেন ড্রয়িং অ্যান্ড ডিসবার্সিং এই কাজের জন্য গেজেটেড অফিসার সেই ব্লকের বলে বি ডি ও-র প্রয়োজন, তা না হলে টাকা তোলা হবে না, তাহলে আমি বলতে চাই ড্রয়িং অ্যান্ড ডিসবার্সিংএর জন্য ব্লকলেভেলে যদি সরকারী কর্মচারী না থাকে তাহলে সাবডিভিসন লেভেলে, ডিস্ট্রিক্ট লেভেলে অসংখ্য হাজার হাজার কর্মচারী রয়েছে তারা ড্রয়িং অ্যান্ড ডিসবার্সিংএর কাজ করে, কেন সেখানে টেস্ট রিলিফ খোলা হয় নি? আমি জানতে চাই খাদ্যের নামে, ত্রাণের নামে যে রাজনীতি আজকে সরকার গদিতে বসে নিজেরা চালাচ্ছেন, এর ফল যে ফলতে সুরু করেছে জেলায় জেলায় দুর্ভিক্ষের মধ্যে দিয়ে, তা মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিজে তদন্ত করে দেখে আসুন। আমি আজকে মুক্তকণ্ঠে ঘোষণা করছি যে, মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয়ের খাদ্য সম্পর্কে সদিচ্ছা আছে কিন্তু তাঁর যতই সদিচ্ছা থাকুক যে খাদ্যনীতি তিনি দিয়েছেন তর্কের খাতিরে যদি ধরেও নিই যে সেই খাদ্যনীতি একটা আদর্শ নীতি তাহলেও তাঁরই যুক্তফ্রন্ট সরকারের অন্য যে শরিকদার তাঁরা খাদ্য ধরার নাম করে যে গুন্ডামি, হানাদারী, অত্যাচার সুরু করেছেন তাতে তাঁর খাদ্যনীতি ফেল করাবেন তাঁরই শরিকদাররা। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছ থেকে একটা চিঠি পেয়েছিলাম, এখানে একটু আগে শ্রীনারায়ণ চৌবে মহাশয় বক্তৃতার সময় বলেছিলেন যে, শ্রীমতী আভা মাইতি এবং শ্রীমতী পুরবী মুখোপাধ্যায় বক্তৃতা করে বেড়াচ্ছেন যে, প্রকিওরমেন্টে ধান কেউ দিও না, আমার ইচ্ছা ছিল সেই সময় হাউসে এসে সেটার প্রতিবাদ করি কিন্তু তাতে সময় কম পেতাম, আমি মুখ্যমন্ত্রীর সেই চিঠির জবাবে লিখেছিলাম এই সম্পর্কে খোলাখুলিভাবে কি ঘটছে তা জানিয়ে এবং আপনার অনুমতি নিয়ে এই হাউসে সেই চিঠির কথা তুলে ধরতে চাই। সেই চিঠিতে ঐ যুক্তফ্রন্ট সরকারের যারা শরিকদার তারা আমার নির্বাচনী এলাকায় ঐ খাদ্যনীতির বিরুদ্ধে এবং খাদ্যমন্ত্রীর বিরুদ্ধে যিনি ঐ যুক্তফ্রন্ট সরকারের অংশীদার, এবং মুখ্যমন্ত্রী

সম্পর্কেও প্রকাশ্য জনসভায় আমি মার্ক্সিস্ট কমিউনিস্ট পার্টি আমার সিমলাপাল থানায় বক্তৃতা করেছিলেন। আমি থানার কথা, গ্রামের নাম, ব্যক্তির নাম, তারিখ দিন সব বলে দেব যদি চান তো খবর নিয়ে আসুন। যদি কেউ এই সংবাদ আনতে চান তিনি খবরের কাগজের লোকই হন আর অন্য দলের লোকই হন, তিনি সেখানে গিয়ে দেখবেন যে, তাঁরা প্রকাশ্যে বলছেন দুটি কথা, একটি কথা হচ্ছে কেন খাদ্য দিতে পারেন নি, সেই স্কেপগোট কংগ্রেস সরকার ও কেন্দ্রীয় সরকার এবং তার চেয়ে বড় গলায় বলতে শুরু করেছেন যে, এই খাদ্যনীতি আমরা চাই না, ডঃ প্রফুল্ল ঘোষ গায়ের জোরে এই খাদ্যনীতি করেছেন অতএব যতক্ষণ পর্যন্ত ডঃ প্রফুল্ল ঘোষ খাদ্যমন্ত্রী থেকে পদত্যাগ না করবেন কিম্বা পদত্যাগ করাতে বাধ্য না করা হবে ততক্ষণ পর্যন্ত খাদ্য পাবে না। দ্বিতীয় কথা বলছেন মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যতক্ষণ থাকবেন মুখ্যমন্ত্রীর পদে ততক্ষণ খাদ্য সম্পর্কে কোন সমাধান হবে না। শ্রীজ্যোতি বসু কিম্বা শ্রীহরেকৃষ্ণ কোঙার মহাশয়ের নাম দিয়ে বলছেন যে, তাঁদের যতক্ষণ মুখ্যমন্ত্রী না করা হবে ততক্ষণ খাদ্য নাকি আমরা পাব না। তবে তাই করুন। খাদ্য দেশের মানুষকে দেবেন বলেছেন, তবে তাই করুন। আমি এই সম্পর্কে কেন এই কথা বলতে চাই, কেন আমি এই দাবি করছি তার কারণ হচ্ছে যুক্তফ্রন্ট সরকারের শরিকদাররা পরস্পরের বিরুদ্ধে খাদ্যের নামে যে রাজনীতির খেলা খেলছেন এবং যে রাজনীতির প্রকাশ্য জনসভার মারফত হচ্ছে তার সম্পর্কে বাংলাদেশের মানুষের অবহিত হওয়ার প্রয়োজন আছে। বিভিন্ন জায়গায় সেই জনসভায় মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয় তাঁর খাদ্যনীতি ঘোষণা করার সময় একটি কথা বলেছেন —সেই কথা ছিল যে যে অঞ্চল থেকে প্রকিওরমেন্ট হবে সেই প্রকিওরমেন্টএর একটা অংশ সেই অঞ্চলে রেখে বাকিটা অন্যত্র নিয়ে যাওয়া হবে। আমরা সেই দাবি করেছিলাম যে, বাঁকুড়ার মানুষ খেতে পাচ্ছে না—এই দুর্ভিক্ষপীড়িত এলাকা থেকে যেন ধান-চাল না যায়। আজকে বেসরকারী প্রতিষ্ঠান হিসাবে বাংলাদেশের শিক্ষকসমাজ, ছাত্রসমাজ, বিভিন্ন সমাজসেবীরা বাঁকুড়া জেলার বিভিন্ন জায়গায় লঙ্গরখানা খুলেছেন। কিন্তু আমি একথা বুঝতে পারি না বিহার সরকার যদি তাদের কোন এলাকাকে দুর্ভিক্ষপীড়িত এলাকা বলে ঘোষণা করতে পারেন, আমাদের সরকার যেখানে সত্যিকারের দুর্ভিক্ষ রয়েছে কেন তাকে দুর্ভিক্ষপীড়িত এলাকা বলে ঘোষণা করতে পারেন নি? ওঁরা বলবেন ফেমিন কোডএ নেই। আমি জিজ্ঞাসা করি ফেমিন নেই বলে মনে করে কি? আমি মনে করি কেন্দ্রীয় সরকারের কাছ থেকে টাকা পেতে সুবিধা হত যদি বিহার সরকারের মত আপনারাও দুর্ভিক্ষ হয়েছে বলে ঘোষণা করতেন। আজকে বেসরকারী সেবা প্রতিষ্ঠানে বিহার ছেয়ে গিয়েছে। আমি জানি সরকারপক্ষ থেকে মাননীয় মুখ্যমন্ত্রী কিংবা ত্রাণমন্ত্রী বেসরকারী প্রতিষ্ঠানের কাছে মুক্তকণ্ঠে স্বীকার করতেন যে, বাঁকুড়ায় দুর্ভিক্ষ হয়েছে—সরকারী প্রতিষ্ঠান থেকে যা পারছি করছি, বেসরকারী প্রতিষ্ঠান থেকে আপনারাও করুন, তাহলে আরও অনেক বেশি সাহায্য আমরা পেতে পারতাম। সংবাদপত্রগুলিই লঙ্গরখানা মারফত বাঁকুড়ায় সাহায্যের কথা, সেখানকার দুর্ভিক্ষের কথা দেশবাসীকে শুনিয়েছিলেন এবং তাতে এগারটি প্রতিষ্ঠান সেখানে কাজ সুরু করে। আমরা কংগ্রেসপক্ষ থেকে বিরোধীদল হিসাবে শুধু সমালোচনা করে আমরাও সেখানে লঙ্গরখানা খুলেছি। সরকারের যদি সীমিত ক্ষমতা থাকে, তার মধ্যে যেটুকু পারতেন তা কেন করা হয় নি? তাহলে বেসরকারী সাহায্য তাকে সাপ্লিমেন্ট করতে পারত। তাই করে কেন মুখ্যমন্ত্রী, খাদ্যমন্ত্রী, ত্রাণমন্ত্রী পাবলিক অ্যাপীল দিলেন না। তা না দেওয়া সত্ত্বেও যে-সমস্ত বেসরকারী প্রতিষ্ঠান মাননীয় মুখ্যমন্ত্রীর হাতে বাঁকুড়া-পুরুলিয়ার দুর্ভিক্ষের জন্য যে অর্থসাহায্য করেছেন তা দিয়ে আমি জানতে চাই কটি লঙ্গরখানা হয়েছে? তারপর যারা লঙ্গরখানায় আসতে পারছেন না, যারা আসতে সমর্থ তাদের ঘরে ঘরে রিলিফ পৌঁছানোর কি ব্যবস্থা হয়েছে? এখানে আপনাদের প্রথম বাজেট পেশ করার কথা আজ স্মরণ করুন। ওখানে শ্রীমতী আভা মাইতি বসে আছেন—তাঁকে লক্ষ্য করে ত্রাণ সম্বন্ধে বিভিন্ন অভিযোগ আপনারা এনেছিলেন। আমি জিজ্ঞাসা করি বাঁকুড়ার যে এই অবস্থা হবে—পর পর তিন বছর খরার জন্য তখন আপনারা দুর্ভিক্ষের পদধ্বনি, পদধ্বনি বলে চীৎকার করেছিলেন, তখন যে রিলিফ দেওয়া হয়েছিল সেই রিলিফ যদি না দেওয়া হত তাহলে তক্ষুনি এই দুর্ভিক্ষ শুরু হত। সেদিন যাঁরা সমালোচনা করেছিলেন আজকে দীর্ঘ তিন মাস ধরে তারা সিচুয়েশন ডেটরিয়োরেট করতে দিয়েছেন দিনের পর দিন। কোনদিন তারা ঐ ক্ষুধিত মানুষের

কাছে কি আজ পর্যন্ত কোন মন্ত্রী গিয়ে একথা বলেছেন—তোমাদের জন্য আমরা এই এই কাজ করব। এদিক মানুষ মরতে শুধু করেছে। ভোটের জন্য যে মানুষদের নানা প্রতিশ্রুতি দিয়েছিলেন সেই প্রতিশ্রুতি আজ রক্ষা করুন—সব প্রতিশ্রুতি চারমাসের মধ্যে পালন করা হয়ত সম্ভব নয়, কিন্তু অন্তত যেটুকু সাধ্য তাই নিয়ে গিয়ে তাদের পাশে দাঁড়াতে পারতেন, বলতে পারতেন—আমরা আছি, একটি মানুষকে না খেয়ে মরতে দেব না।

[5-15—5-25 p.m.]

আজকে সরকার আপনাদের হাতে। মাননীয় স্পীকার মহাশয়, আমি জানত চাই, কেন্দ্রীয় সরকার দায়ী কি পশ্চিমবঙ্গ সরকার দায়ী এই চুলচেরা বিচার করতে করতে আমরা কি দেখব নিষ্ক্রিয়ভাবে, নিরাসক্তভাবে বাঁকুড়ার অধিবাসী না খেয়ে মারা যাচ্ছে? আমি প্রোকিওরমেন্টের প্রশ্ন তুলব না, কি ব্যবস্থা হচ্ছে সে সম্বন্ধে বিস্তারিত আলোচনা করে আমি এই হাউসের সময় নষ্ট করতে চাই না। কারণ ফুড ডিবেটে আমরা এটা বিস্তারিত আলোচনা করতে পারব এবং তার জন্য একটা দিন আমরা চাই বা বাজেটের আলোচনায় আমরা বিস্তারিতভাবে এটা আলোচনা করতে পারব। আমি জানতে চাই আজ পর্যন্ত সরকারপক্ষ থেকে একটা দুর্ভিক্ষের মুখোমুখি দাঁড়িয়ে, কল্যাণব্রতী সরকার বলে যাঁরা নিজেদের পরিচয় দেন, তাঁরা নিজেরা কি কাজ করছেন, কিছুই করতে পারেন নি। এই জনদরদী সরকারকে আজকে বাঁকুড়াবাসী ধিক্কৃত করেছে। স্যার, আপনি আজকে বাঁকুড়ায় চলুন সেখানে দেখবেন মানুষ চাল পায় না, গম পায় না, গাছের পাতা খেয়ে তারা আছে। মাননীয় স্পীকার মহাশয়, আমার সময় আর বেশি নেই সেইজন্য আমি আর দু-একটি কথা বলব। এখানে আমি একটা কাগজ দেব। যেটা আমি বলেছি যে, বি ডি ও নেই, সেখানে কাজ হয় নি। আমি আপনাকে কাগজটা প্লেস করে দিচ্ছি। এই সঙ্গে সঙ্গে আমি বলতে চাই যে, আমি যখন বিভিন্ন জায়গায় সভা করছিলাম তখন আমি জানি না মুখ্যমন্ত্রীর কোন শরিক তাঁকে চিঠি দিয়েছিলেন, তাতে তিনি ভয় পেয়ে আমাকে যে চিঠি দিয়েছিলেন সেটা এবং তার উত্তর আমি এখানে পড়ে শোনাতে চাই। ১১ই জুন মুখ্যমন্ত্রী আমাকে লিখেছিলেন,

"Dear Shrimati Mukherjee,

I have received a telegram saying that you are holding meetings at Taldangra to dissuade public from lawful disposal of paddy and pursuading gherao of Government officers. I am inclined not to believe such a statement, as it is not expected from an ex-Minister and experienced politician of your stature.

Yours sincerely,
A. K. MUKHERJEE."

আমার উত্তরটাও আমি সংগে সংগে দিয়াছিলাম, সেটা হচ্ছে—

"Dear Shri Mukherjee,

This is to acknowledge your D.O. No. such and such, dated 11/12th June 1967. I as surprised to go through its contents. I did not dissuade public from lawful disposal of paddy. The Government have already determined what would be the lawful manner of disposal of paddy. These are: selling to the Government, selling to other traders, selling in the open market, sending out rice or paddy or both to other districts where there is no cordon, etc. However much I may differ with this policy it is far from me to take the law in my own hands. I do not think you suggested that I did so. I fail to understand what you really meant. Did you in any way suggest that I prevented the public from discharging their procurement obligations? I did not. On the contrary, I emphasised in all my speeches the need of any Government with a food deficit in the state to procure food to feed the starving millions. I would not in any way suggest

to the people not to discharge their procurement obligations or prevent them from selling to the Government. No responsible person would do that. Your procurement policy and programme only prove that the Congress Government were right when they had to procure food to meet the deficit. I would be unworthy of the trust people had reposed in me if the mere fact that the party to which I have the honour to belong now forms the Opposition made me so far forgetful of my duty as to align myself with those forces which dissuade the public from helping the Government with their surplus paddy at this hour of need. I emphatically state that I did not dissuade the public from helping the starving millions with their paddy. On the contrary, I helped your Government in procuring food in my area. It would be amply proved if you go through the list of persons who have discharged their procurement obligations in my constituency. All my supporters and the workers of Congress in my area have ungrudgingly given their paddy and helped the Government officers. All this has my fullest support. What I objected to is the policy of discrimination as well as coercion and intimidation which your Government have been systematically pursuing in the matter of procurement. The people who supported me in the last election are being singled out for persecution. The list of assessees is usually prepared by C.P.I. (M) workers whose guiding principle is their party interest which includes a burning hatred for other political parties. A brief reference to the background is made here to emphasise my point. You may kindly recall that I was only minister of the former Government who had a straight contest with C.P.I.(M) in the last general election and with your experience of different political parties you are certainly aware of the ways of the CPI(M). Their workers smirting under a sense of defeat in my area are making all sorts of efforts to persecute my supporters. Their latest modus operandi in my area has been to pick up Congressmen and Congress supporters and harass them in all possible ways. There have been cases where their houses have been searched not once or twice but four or five times by officers of the Food Deptt. and sometimes again by Enforcement Deptt. people. Often a very big amount of paddy is demanded without taking into account the households' stock position, quantum of land that he possesses, his total production and the family requirements and the requirement of the seed which have the Government's approval. No rules are peing observed. Straightaway requisition is being made.........

**Mr. Speaker:** Please finish your speech.

**Shrimati Purabi Mukhopadhyay:** With your permission, I submit it before you.

**Mr. Speaker:**
আপনি অত লেংদি জিনিস পড়লে কি করে হবে?

**Shrimati Purabi Mukhopadhyay:**
আমাকে চিঠিটা পড়তে হবে? আমি এটা আপনার টেবিলে দিয়ে দিচ্ছি।

**Mr. Speaker:**
ঠিক আছে দিয়ে দিন।

I cannot allow you more than fifteen minutes time. That is fixed by the rules.

**Shri Kanai Bhowmick:**
মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাঁকুড়ায় এবং পুরুলিয়ায় যে দুর্ভিক্ষের অবস্থা দেখা দিয়েছে তা নিয়ে মাননীয়া সদস্যা যে চিত্র রাখলেন সেই চিত্র উনি যা রাখলেন তার চেয়ে অনেক বেশি ভয়াবহ এবং উনি ও'র বক্তৃতায় এতক্ষণ ধরে অনেক কিছু বললেন, কিন্তু মূল বিষয় আমি

প্রথমে বলে রাখি যে, বাঁকুড়ায় এবং পুরুলিয়ার এই দুর্ভিক্ষের জন্য আমাদের যুক্তফ্রন্ট সরকার খুবই উদ্বিগ্ন এবং সমগ্র দেশ উদ্বিগ্ন। এই ত্রাণ ইত্যাদি সম্পর্কে তাঁরা পজিটিভলি কি করেছেন এবং কিভাবে এই প্রকিওরমেন্টে তাঁরা সাহায্য করেছেন কিভাবে ফুড রিলিফ কমিটিতে তাঁরা সাহায্য করেছেন সেই সব কিছুই তিনি উত্থাপন করেন নি। আমরা জানি যে, বাঁকুড়া এবং পুরুলিয়ায় এই দুর্ভিক্ষের কারণ এই তিন মাসের যুক্তফ্রন্ট সরকার নয়, বাঁকুড়া এবং পুরুলিয়ায় খরা হয়েছিল গত বছর যখন ও'রা মন্ত্রিত্বে ছিলেন। ও'রা জানতেন বাঁকুড়া, পুরুলিয়া এবং বিভিন্ন অঞ্চলে খরা হয়েছে—বার কোটি টাকা, তাঁরা স্যাংশন করছিলেন, তার মধ্যে প্রায় এক কোটি টাকার মত বাঁকুড়ায় রিলিফ ইত্যাদির জন্য তাঁরা বরাদ্দ করেছিলেন সেই টাকা কিরকমভাবে খরচ হয়েছে আমি শুধু তার একটা নমুনা দেব। ইতিমধ্যে বাঁকুড়া জেলা পরিষদ বা আঞ্চলিক পরিষদের মাধ্যমে যে টাকা খরার নামে গত বছর করা হয়েছে তার বেশির ভাগ অংশ ইলেকশন তহবিলে গেছে, মানুষ রিলিফ পায় নি, টেস্ট রিলিফ পায় নি এবং তার সমস্ত তদন্ত হয়েছে এবং সেই তদন্তের রিপোর্ট আমাদের যুক্তফ্রন্ট সরকারের রিলিফ ডিপার্টমেন্টে এসেছে, সেজন্য সেই সমস্ত জেলা পরিষদ, আঞ্চলিক পরিষদ বাতিল করার প্রশ্ন উঠেছে। সেই সমস্ত খরা ত্রাণের টাকা গত বছর কিভাবে তাঁরা খরচ করেছেন তার শুধু একটা নমুনা একটা হিসাব আপনার কাছে দিচ্ছি। (বিরোধীপক্ষের বেঞ্চ হইতে তুমুল হট্টগোল) এটা আপনাদের গভর্নমেন্টেরই হিসাব। ৬১ লক্ষ ২৭ হাজার টাকার মধ্যে ৪৪ লক্ষ ৬২ হাজারের বেশি হিসাব পাওয়া যায় নি। এই ৩৬ লক্ষ টাকা পূরবী মুখার্জির মন্ত্রিসভার হাত দিয়ে খরচ করা হয়েছিল। ৪৪ লক্ষ টাকার মাস্টার রোল পাওয়া গেছে, বাকি পাওয়া যায় নি। পুরুলিয়ায় যেসব কূপ খনন করা হয়েছিল তার মধ্যে শতকরা ৯৬টি কূপ অসম্পূর্ণ এবং পুরুলিয়ায় যে টাকা খরচ করা হয়েছিল তার ৫০ পারসেন্টএর হিসাব নেই।

[5-25—5-35 p.m.]

**শ্রীসামসুদ্দিন আমেদ:** অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, মাননীয়া সদস্যা পূরবী মুখার্জি যে অ্যাডজোর্নমেন্ট মোশন এনেছেন তাতে বাঁকুড়ার দুর্ভিক্ষ অবস্থা সম্পর্কে আলোচনা হবে। সুতরাং এই অ্যাডজোর্নমেন্ট মোশন সম্পর্কে অন্য অপ্রাসঙ্গিক আলোচনা হওয়া উচিত নয়। অ্যাডজোর্নমেন্ট মোশনএ যা আছে তার বাইরে আলোচনা হতে পারবে না। এ বিষয়ে আপনার রুলিং চাচ্ছি। মাননীয় সদস্য যেভাবে বক্তৃতা করছেন তাঁকে আর বক্তৃতা করতে দেবেন না।

**Mr. Speaker:** He is perfectly justified in what he is saying because he is referring to the speech already made and he is trying to find out the causes of famine. Mr. Bhowmik, please go on.

**শ্রীকানাই ভৌমিক:** আমি ২টা নমুনা নিলাম, বাঁকুড়ায় এবং পুরুলিয়ায় এই যে অনাহার ও মৃত্যু চলেছে এর জন্য দায়ী বিগত কংগ্রেস সরকার। গত বৎসর থেকে এ জিনিস তাঁরা চালিয়ে এসেছেন, তাঁরা জানতেন বাংলাদেশের অবস্থা, তা ছাড়া তাঁরা ফেব্রুয়ারী মাস পর্যন্ত গভর্নমেন্ট চালিয়েছেন, কোন প্রকিওরমেন্ট করেন নি। তাঁরা বাংলাদেশের সমস্ত মিলমালিকদের শতকরা ৫০ ভাগ লেভি ছাড় দিয়েছেন যাতে তাঁরা যা ইচ্ছা দামে হোক বিক্রি করতে পারেন বা পাচার করতে পারেন। এ পলিসি তাঁরা গ্রহণ করেছিলেন, সে জিনিসের পরিণতি বাঁকুড়া এবং পুরুলিয়ায় হয়েছে। যার জন্য যুক্তফ্রন্ট উদ্বিগ্ন।

(নয়েজ)

**Mr. Speaker:** Honourable members, please don't disturb the Speaker. I appeal to you.

**শ্রীকানাই ভৌমিক:** আমাদের যুক্তফ্রন্ট সরকারের নিকট যেটুকুন ধান-চাল ও রিলিফের জিনিস আছে তা নিয়ে তাঁরা এগিয়ে গেছেন বাঁকুড়া পুরুলিয়া ও অন্যান্য দুর্ভিক্ষপীড়িত এলাকায় এবং ইতিমধ্যে তাঁরা সে কাজ শুরু করেছেন। পুরুলিয়ায় ইতিমধ্যে ২ লক্ষ

১০ হাজার লোককে খয়রাতি সাহায্য দেওয়া হচ্ছে, জনসংখ্যার যা প্রায় ১৪ পারসেন্ট। ইতিমধ্যে খরাক্লিষ্ট এলাকায় ১৪৭টা অঞ্চলে টেস্ট রিলিফএর কাজ করা হচ্ছে এবং বাঁকুড়ায় লঙ্গরখানা খোলা হয়েছে। টেস্ট রিলিফ সেখানে চালু করা হয়েছে ও কয়েক হাজার টাকা ঋণ দেওয়া হয়েছে।

সেখানে সংশোধিত রেশন চালু করা হয়েছে। আমরা জানি আমাদের গভর্নমেন্ট যা দিয়েছেন তা যথেষ্ট নয়। আমি পরিষ্কার এই কথা বলতে চাই বাঁকুড়া ও পুরুলিয়ার যা অবস্থা তার জন্য আমাদের আরও সাহায্য চাই। লঙ্গরখানা আরও খোলা দরকার ও রিলিফ আরও দেওয়া দরকার। এম আর-এর সংখ্যা আরও বাড়ান দরকার, কিন্তু আমরা তা পাচ্ছি না। আমি শুধু বলব যুক্তফ্রন্ট সরকারের তরফ থেকে যে কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী জগজীবন রাম এসেছিলেন, তাঁকে আমাদের যুক্তফ্রন্টের মন্ত্রীরা পরিষ্কার বলেছেন ও পুরুলিয়া ও বাঁকুড়ার লোকেরা ১২ লক্ষ টন চাল বা গম দাবি করেছিলেন। কিন্তু দুঃখের বিষয়, তিনি সে সব অঞ্চল দেখেছিলেন এবং তিনি সহযোগিতার কথা বলেছিলেন, কিন্তু তা কেবল কাগজ-কলমে রয়ে গেল। কিন্তু আমাদের প্রকৃত চাল-গম সাপ্লাইয়ের জন্য তিনি কিছুই করেন নি। শুধু কয়েকটা কিচেন খোলবার জন্য চাল বা গমের প্রতিশ্রুতি দিয়েছেন। তিনি জেনে গেলেন বাংলাদেশের খাদ্য পরিস্থিতি কিন্তু জুনমাসে চাল বা গম পাঠালেন না কেন্দ্রীয় সরকার। তিনি বাঁকুড়া, পুরুলিয়া, পশ্চিম দিনাজপুর, মালদহ দেখে গেলেন, বাংলাদেশের অভাবের কথা জেনে গেলেন। এ সত্ত্বেও তাঁরা আমাদের ৪৪ হাজার টন গম দিলেন না। এমন কি জুন মাসের ২৫-২৬ তারিখ পর্যন্ত চাল দেন নি। শুনলে আশ্চর্য হবেন আমাদের সরকার বলেছিলেন লোন দাও, কিন্তু তাঁরা সুয়েজ ক্রাইসিস দেখালেন। তাঁরা বললেন সুয়েজের ব্যাপারে গোলমালে আমরা গম আনতে পারি নি, কেপ অফ গুডহোপ ঘুরে আমাদের জাহাজ আসছে। আমরা বললাম উত্তরপ্রদেশ, পাঞ্জাব, অন্ধ্র থেকে দাও কিন্তু লোন হিসাবেও তাঁরা নিতে দেন নি এবং যেটুকু উড়িষ্যা থেকে পাওয়া গেছে তাও অনেক কষ্ট। জগজীবন রামকে বসিয়ে রেখে তাঁর সামনে উড়িষ্যার মুখ্যমন্ত্রীকে বলিয়ে তার পর থেকে কিছু আসতে আরম্ভ করেছে। কিন্তু কেন্দ্রীয় সরকারের ডাইরেক্ট সাপ্লাই আসে নি। কাজেই আমি কংগ্রেসপক্ষকে বলব তাঁরা এখানের গোলমালের টেলিগ্রাম করবার সময় পান কিন্তু কেন্দ্রীয় সরকার চাল পাঠাচ্ছেন না কেন তার টেলিগ্রাম করছেন না কেন? চালের জন্য কেন্দ্রীয় সরকারকে দায়ী করছেন না কেন? কাজেই এই রকম দায়িত্বজ্ঞানহীনভাবে বিরোধী দল ফাংশন করছেন। এটা জানা দরকার। সঙ্গে সঙ্গে বাঁকুড়া যে জেলা সারপ্লাস তাকে আজকে দুর্ভিক্ষের অবস্থায় কে এনে ফেলেছে সে কথা বুকে হাত দিয়ে বিচার করুন। তাঁদের যদি বিবেক থাকে তা হলে নিশ্চয়ই জ্ঞানপাপী হিসেবে তার প্রায়শ্চিত্ত করবেন। আমি জানি বাঁকুড়ায় এমন অনেক পকেট আছে সেখানে কিছুটা সারপ্লাস আছে। এই বাঁকুড়ায় এই পকেট থেকে আর এক পকেটে চাল যেতে দেওয়া হচ্ছে না। এইরূপভাবে বাঁকুড়া, পুরুলিয়ার অবস্থা খারাপের দিকে কারা নিয়ে যাচ্ছে? এর জন্য প্রধানত দায়ী ভূতপূর্ব সরকারের নীতি। তাঁরা টাকা চুরি করেছেন। টেস্ট রিলিফের টাকা মেরে দিয়ে ইলেকশনে খরচ করেছেন। তৃতীয়ত হচ্ছে কেন্দ্রীয় সরকার বাংলাদেশে একটা পলিটিক্যাল চক্রান্ত করতে চান, দুর্ভিক্ষ নিয়ে খেলা করতে চান, প্রেসিডেন্ট রুলের কথা তাঁরা ভাবছেন।

(নয়েজ)

কিন্তু এ অবস্থার জন্য আজকে অপোজিশনে যাঁরা বসে আছেন তাঁরাই দায়ী। তাঁরা যদি বাঁকুড়া এবং পুরুলিয়ার কথা ভাবতেন তা হলে তাঁরা ফুড রিলিফ কমিটি বয়কট করতেন না। আমি চ্যালেঞ্জ করছি একটা এনকোয়ারি কমিশন বসানো হোক যে, শ্রীমতী পূরবী মুখোপাধ্যায় বলেছেন কি না যে ধান দিও না। গ্রামে গ্রামে মিটিং করে লোকেদের ইনসিস্ট করেছেন যে, এক ছটাকও চাল যাতে না দেওয়া হয়। (শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়—আমি চ্যালেঞ্জ অ্যাকসেপ্ট করছি।) অথচ এখানে তিনি কুম্ভীরাশ্রু বিসর্জন করছেন। তিনি আজকে এখানে সি পি আই-কে দায়ী করছেন। বাঁকুড়া এবং পুরুলিয়া আজকে অনাহারের অবস্থা যে হয়েছে তার জন্য দায়িত্ব ওঁদের। আমি শেষকালে আবেদন করব এখনও যদি শুভবুদ্ধি থাকে তাহলে আমরা সকলে মিলে দাবি করি কেন্দ্রীয় সরকারের কাছে যে বাঁকুড়া এবং

পুরুলিয়া দুর্ভিক্ষ এলাকা বলে ঘোষণা করা হোক এবং তার জেলার দায়িত্ব নিক কেন্দ্রীয় সরকার। উভয় পক্ষ মিলে যদি আন্দোলন করি তাহলে আমরা বাঁকুড়া এবং পুরুলিয়াকে বাঁচাতে পারব।

[5-35—5-45 p.m.]

**Shri Satyanarayan Mitra:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রীমতী পূরবী মুখার্জি যে অ্যাডজোর্নমেন্ট মোশন এনেছেন সেটা সমর্থন জানিয়ে আমি এই বিধানসভার মাননীয় সদস্যদের বাঁকুড়া জেলার প্রকৃত অবস্থা কি এবং খাদ্যাভাবে মানুষ কিভাবে দিন যাপন করছে সে সম্বন্ধে কিছু কিছু কথা আমি তাঁদের জানাব। কারণ, আমাদের এখানে যাঁরা উপস্থিত রয়েছেন তাঁরা সেখানে না গেলে বাঁকুড়া যে কি দুর্ভিক্ষের সম্মুখীন হয়েছে তা উপলব্ধি করতে পারবেন না। বাঁকুড়া এবং পুরুলিয়া জেলা সম্বন্ধে যে কথা উঠেছে আমি সেই প্রসঙ্গে বলতে চাই যে, পুরুলিয়া বাঁকুড়ার পাশাপাশি জেলা। এই দুটো জেলাতেই দুর্ভিক্ষ দেখা দিয়েছে। আমি বাঁকুড়া সম্বন্ধে এই কথা বলতে চাই যে, বাঁকুড়ার জেলাশাসক খরাক্রান্ত এলাকা বলে যে লিস্ট তৈরি করেছিলেন—সেই লিস্টএ তিনি বলেছিলেন ১০টি ব্লকের ৮৫টি অঞ্চল খরাক্রান্ত হয়েছে। কিন্তু পরবর্তী সময়ে তিনি বলছেন যে, না, এখন যত দিন যাচ্ছে ঐ ফুড রিলিফ কমিটি যেটা হয়েছে তাঁরা সবাই ঘুরে এখন মিলিতভাবে বলতে বাধ্য হচ্ছেন যে প্রায় সমস্ত জেলাতেই আজকে খরাক্রান্ত হয়েছে। এই সমস্ত খরাক্রান্ত এলাকাগুলির অধিবাসীরা কিভাবে রয়েছে তার দু-একটি কথা আমি আপনাদের কাছে তুলে ধরছি। মুসুরী গ্রামের কয়েকটি অঞ্চলে সেখানে খাদ্য বলে কিছুই নেই। সেখানে চাল, গম বা গমজাত কোন দ্রব্য কিছু নেই। কোন কোন লোক যদি কোনপ্রকারে কিছু চাল সংগ্রহ করছে—সেই চালের যে ফ্যান, সেই ফ্যান নিয়ে সকলে মিলে কাড়াকাড়ি করে খাবার জন্য দলে দলে লোকেরা সেখানে গিয়ে চড়াও হচ্ছে, এই হচ্ছে প্রকৃত বাঁকুড়ার রূপ। সেখানে স্বাভাবিকভাবে চাল আসছে না। আমার পূর্ববর্তী বক্তা ভৌমিক মহাশয় বলেছেন যে, সেখানে চাল আসতে দেওয়া হচ্ছে না। কেন আসছে না, কারা বাধা দিচ্ছে, এটা যদি তদন্ত করা যায় তাহলে দেখবেন ঐ গণকমিটির নামে যেসমস্ত দল গজিয়ে উঠেছে, তারা বাধা দিচ্ছে। স্বাভাবিকভাবে হয়ত কিছু চাল আসত, কিন্তু এই গণকমিটির অত্যাচারের ভয়ে উদ্বৃত্ত এলাকাগুলি থেকে যদিও কিছু কিছু চাল আসত, এখন তাও আসছে না। বাঁকুড়া বাজারে চালের দর খুবই উঠেছে, গ্রামাঞ্চলে আরও বেশি হয়েছে। এমন কি মজুত উদ্ধারের নামে যে আন্দোলন আরম্ভ হয়েছে তাতে আমরা দেখতে পাচ্ছি মজুতদার বলে কিছু কিছু কংগ্রেসী সমর্থক কংগ্রেসী সদস্য এদের যদি কোথাও কিছু চাল থেকে থাকে তাহলে সেটাকে পুলিস দিয়ে সীজ করানো হয়েছে, অথচ অপর পক্ষে ঠিক তারই পাশে অন্য দলের লোকেদের যেসমস্ত চাল মজুত রয়েছে তাতে হাত দেওয়া হচ্ছে না, সেটা স্পর্শ করা হচ্ছে না। এটা যদি বাঁকুড়ার জেলাশাসককে জিজ্ঞাসা করা হয় তাহলে দেখবেন অন্য যেসমস্ত মজুতদার, জোতদার আছে তাদের কাছ থেকে চাল সংগ্রহ করবার একটু চেষ্টাও পর্যন্ত করা হয় নি। এমন কি তাদের ধান-চালে হাত পর্যন্ত দেওয়া হয় নি। যে টেস্ট রিলিফের কাজ হচ্ছে সেটাও পর্যাপ্ত নয়, প্রয়োজনের তুলনায়। আরও অনেক টেস্ট রিলিফ ওয়ার্কসএর প্রয়োজন রয়েছে। কিছু-দিন আগে পশ্চিমবঙ্গের মাননীয় খাদ্যমন্ত্রী ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষ, ত্রাণমন্ত্রী শ্রীনিশীথনাথ কুন্ডু মহাশয় এবং আমাদের কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী জগজীবন রামজী সেখানে গিয়েছিলেন। যখন সেখানকার সারকিট হাউসে সমস্ত দলের মধ্যে সভা হয় তখন সেই সভায় মিলিত হবার আগে তাঁরা বাঁকুড়া এবং পুরুলিয়া এই দুটি জেলা ঘুরে এসেছিলেন এবং ঘুরে এসে তাঁরা স্বীকার করেছিলেন যে, বাঁকুড়ার যে অবস্থা দেখলাম তাতে সত্যই একে দুর্ভিক্ষ ছাড়া অন্য কিছু বলা চলে না। সেই যে দেখে এসেছিলেন এবং দুর্ভিক্ষের কথা অন্তত অফিসিয়্যালি না হলেও নিজেরা বেসরকারী আলোচনায় বসেছিলেন, সেই অবস্থাই হচ্ছে আজকে সেখানকার প্রকৃত অবস্থা। অর্থাৎ দুর্ভিক্ষ বলে ঘোষণা করা হোক এবং তাতে যদি অপর দিক থেকে অন্য কোন সাহায্য আসতে থাকে তা থেকে যেন বাঁকুড়া জেলা বঞ্চিত না হয়। তাঁরা তখন বলেছিলেন যেসমস্ত টেস্ট রিলিফ ওয়ার্ক হচ্ছে সেটা যেন আরও বেশি হয়। কিন্তু দুঃখের বিষয় আমার পূর্ববর্তী বক্তা পূরবীদি বলেছেন যে, ইউনিট টেস্ট রিলিফের কাজ হচ্ছে না।

ছাড়া টেস্ট রিলিফের কাজ যাঁরা করছেন তাদের যে মজুরী দেওয়া হয় সেই মজুরীতে জীবন পরিবার চালু করা সম্ভব হয় না। তার কারণ দিনের পর দিন অনাহারে অর্ধাহারে থেকে তাদের আজ শরীর এত দুর্বল হয়ে পড়েছে যে, সারাদিন খেটে কাজ করে ঐ মজুরী নেবার ও শক্তি এবং সামর্থ্য এখন তাঁদের নেই। সেই টেস্ট রিলিফের যে মজুরী যে রেট বর্তমানে রয়েছে সেই রেট অনতিবিলম্বে বাড়ানো দরকার এবং সেদিকে দৃষ্টি দেওয়া দরকার। আমি আর একটা কথা বলব যে, যেসমস্ত সংস্থা আর্তের সেবার জন্য বাঁকুড়া জেলার খরাক্রান্ত এলাকায় কাজ করছেন এঁদের সাহায্যার্থে এক কংগ্রেসী রাজনৈতিক দল ছাড়া অন্য কোন অপর দল আজ পর্যন্ত এগিয়ে আসেন নি। বাঁকুড়ায় এ পর্যন্ত যে কয়টি লঙ্গরখানা হয়েছে আপনি দেখবেন—ভারত সেবকসমাজ, রামকৃষ্ণ মিশন, বাঁকুড়া জেলা কংগ্রেসপক্ষ থেকে এবং চেম্বার অফ কমার্স বাঁকুড়ায় যাঁরা সাবসিডাইজড রেটে কিছু খাদ্য প্রত্যহ দিয়ে থাকেন কিন্তু আমরা এখন দেখছি হঠাৎ সেদিন যখন খাদ্যমন্ত্রী এবং কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী সার্কিট হাউসে ঘোষণা করলেন যে, তাঁরা বাঁকুড়া জেলার জন্য ২৫০টি লঙ্গরখানা খুলবেন এবং প্রতি লঙ্গরখানায় চাল দেবার ব্যবস্থা করবেন, গম বা গমজাত জিনিস দেবার ব্যবস্থা করবেন তখন রাতারাতি যুক্তফ্রন্ট সরকারের তরফ থেকে সমস্ত লঙ্গরখানা করায়ত্ত করে চালাবার ব্যবস্থা করছেন কিন্তু যেসমস্ত সংস্থা কাজ করছিলেন তাঁদের সঙ্গে দেখা পর্যন্ত করেন নি। এই-ভাবে বাঁকুড়া জেলার যে চিত্র তুলে ধরলাম—উপহাস করবেন না, এটা ঠাট্টার জায়গা নয়, যদি সেখানে না যান সেখানকার অবস্থা আপনারা বুঝতে পারবেন না। আমি পুনরায় মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে আপনাদের কাছে এই কথা রাখব যে বাঁকুড়ার প্রকৃত যে অবস্থা সেই অবস্থা থেকে যাতে সেখানকার মানুষ মুক্তি পায় সেদিকে দৃষ্টি দেবেন। আমি দেখেছি গত বছর এইরকম সময়ে বাংলাদেশের কিছু কিছু জায়গায় স্ট্যাটুটরি রেশনিং ছিল এবং বাকি কিছু জায়গায় মডিফায়েড রেশনিং ছিল। স্ট্যাটুটরি রেশনিং বাদ দিয়ে মডিফায়েড রেশনিংএ—সেখানে এই এক কোটি সত্তর লক্ষ লোক তার সুযোগসুবিধা পাচ্ছিল এবং সেখানে যে রেশন দেওয়া হত আজ সেখানে একটি বিন্দু পর্যন্তও দেওয়া হচ্ছে না, এই বিষয়ে সরকারকে অনতিবিলম্বে ব্যবস্থা করবার জন্য অনুরোধ জানাব।

[5-45—5-55 p.m.]

**Shri Dilip Kumar Majumdar:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয়া সদস্যা শ্রীমতী পূরবী মুখার্জি আজ বাঁকুড়া জেলার উপর যে আলোচনার সূত্রপাত করেছেন, ভেবেছিলেন সেই আলোচনায় বাঁকুড়ায় কেন দুর্ভিক্ষ অবস্থা হল তার কারণ তিনি ব্যাখ্যা করবেন, অত্যন্ত নিঃশঙ্কচিত্তে অত্যন্ত সরলভাবে তিনি সত্যিকার ঠিক করে বাঁকুড়া অঞ্চলের লোকেদের এই দুর্গতির দিনে সাহায্য করা যায় সেইভাবে তিনি গঠনমূলক আলোচনা করবেন। কিন্তু দেখা গেল অত্যন্ত সচেতনভাবে শ্রীমতী পূরবী মুখার্জি এই দুর্ভিক্ষের কারণ যে কংগ্রেসপ্রার্থী ও কংগ্রেস সরকার তাদের জোতদার, কালোবাজারী, জমিদার ইত্যাদি তাদের বাঁচাবার জন্য সমস্ত দায়িত্ব যুক্তফ্রন্ট সরকারের ঘাড়ে চাপিয়ে দেবার চেষ্টা করেছেন। যদি এটা চিন্তা করা হয় যে, এই একটা সরকারের তিন-চার মাসের কাজের দরুন সারা দেশে দুর্ভিক্ষ লেগেছে, তাহলে বলব সে বাতুলের চিন্তা, কোন সুস্থ লোকের চিন্তা নয়। তাঁরা ভূমিসমস্যা এমনভাবে ট্যাকল করেছেন যে, বাংলাদেশে শুধু নয়, সারা ভারতবর্ষই দুর্ভিক্ষ কবলিত হয়ে পড়েছে। আমরা জানি যদি চাষীদের যারা প্রকৃত ভূমিহীন ক্ষেতমজুর, তাদের উপযুক্ত পরিমাণ চাষের জমি না দেওয়া যায়, তাহলে উৎপাদন বাড়তে পারে না। আর এটাও জানি কেবল জমি দিলেই চলবে না; কারণ বৃটিশ শাসনের সময় যে জমিদারী প্রথা ছিল, যার মধ্য দিয়ে আমাদের ভারতবর্ষের লক্ষ লক্ষ কোটি কোটি কৃষকের জীবনে একটা বিপর্যয় এনে দিয়েছিল, সেই বিপর্যস্ত অর্থনীতিকে যদি পুনর্গঠিত করতে হয়, তাহলে শুধু কৃষককে জমি দিলেই হবে না। তার সাথে তাকে উপযুক্ত পরিমাণ কৃষিঋণও দিতে হয়, সেচের ভাল বীজের ও সারের ব্যবস্থা করে দিতে হয়। আমাদের বাঁকুড়া জেলাকে যদি দেখি এবং ভারতবর্ষের অন্যান্য প্রদেশকে যদি দেখি যে, কংগ্রেস এতদিনে কৃষিকে কিভাবে পুনর্গঠিত করেছে, তাহলে দেখব বাস্তবে সেই বৃটিশ আমলের জমিদারী প্রথা তাঁরা উচ্ছেদ না করে রেখে দিয়েছে। বৃটিশ শাসক যে জমিদারী প্রথা চালু করেছিল, সেই প্রথা এই পূরবী

মুখার্জির কংগ্রেস দল নতুনভাবে তাকে জিইয়ে রেখে দিয়েছেন। আমি তার ডিটেলসের মধ্যে যেতে চাই না। শ্রীমতী পূরবী মুখার্জি জানেন তিনি বা তাঁর দল কয়জন ভূমিহীন কৃষককে ক্ষেতমজুরকে জমি দিতে পেরেছেন। কুড়ি বছর আগে কংগ্রেস যখন ক্ষমতা দখল করে, তখন জোতদার ও মজুতদারদের কতটা ক্যাপিট্যাল ছিল, আর এখনই বা তাদের ক্যাপিট্যাল কতটা বৃদ্ধি পেয়েছে? আর আগে কৃষকদের যে অর্থনৈতিক অবস্থা ছিল, তার চেয়ে এখন কতটা ভাল হয়েছে, না মন্দ হয়েছে? কংগ্রেস পার্টি হচ্ছে জমিদার ও জোতদার ও মজুতদারদের পার্টি, তারাই সারা দেশের কৃষি অর্থনীতিকে একটা বিপর্যয়ের মধ্যে ফেলে দিয়েছে। কাজেই সেই কংগ্রেস দলের শ্রীমতী পূরবী মুখার্জি বাঁকুড়ায় প্রকৃত দুর্ভিক্ষের কারণ না বলে রাজনৈতিক খেলা জুড়ে দিয়েছেন, রাজনৈতিক কুৎসা গেয়েছেন। আমি ভেবেছিলাম তিনি একজন নারী, আমাদের দেশের লোক যখন দুর্ভিক্ষ কবলিত হয়ে পড়েছে এবং ভিখারীর মত তারা আজকে লঙ্গরখানার সামনে গিয়ে দাঁড়িয়েছে, তখন একজন নারী হিসেবে আপনাদের নেত্রী পূরবী মুখার্জি বলেছিলেন যে, এই দুর্ভিক্ষ নিয়ে আলোচনা একটা সিরিয়াস আলোচনা, এই-সময় সকলেই সেই সিরিয়াসনেস দেখাবেন। আর এখন আপনাদের ব্যবহারে বোঝা যাচ্ছে আপনাদের নেত্রীর কথাটা আদৌ সত্য নয়, সেটা একটা কথার কথা মাত্র; ভন্ডামি মাত্র। তা না হলে আপনারা এই দুর্ভিক্ষ নিয়ে ঐরকম হাসি-তামাসা করতেন না। আপনারাই ঐ দুর্ভিক্ষকে ডেকে এনেছেন। এই দুর্ভিক্ষ আজ তিন মাস নয়, ছয় মাসে দেখা দিয়েছে। ভোট পাবার জন্য পূরবী মুখার্জি ও তাঁর নেতা প্রফুল্ল সেন যখন বাঁকুড়ায় গিয়েছিলেন, কংগ্রেস রাজত্বে যখন সেখানে ডিস্ট্রিক্ট কর্ডনিং ছিল, তখনও সেখানে দুর্ভিক্ষ চলেছে পুরাদমে। তাঁরা সেখানে কি পেয়েছিলেন? সেখানে পূরবী মুখার্জি ও তাঁর নেতা প্রফুল্ল সেনের গলায় ছেঁড়া জুতার মালা মিলেছিল।

মাননীয় স্পীকার মহাশয়, আজকে সারা বাংলাদেশে এই যে দুর্ভিক্ষ সৃষ্টি হয়েছে তার জন্য দায়ী কংগ্রেস এবং তাঁদের বন্ধুরা। আমাদের যুক্তফ্রন্ট সরকারের ক্ষমতা যদিও আজকে অত্যন্ত সীমাবদ্ধ, তবুও তাঁরা আন্তরিকতা ও সহানুভূতি নিয়ে এগিয়ে এসেছেন। বাঁকুড়ার দুর্গত লোকে'ক উদ্ধার করবার জন্য। আমরা বাঁকুড়ার দুর্গত অঞ্চল ঘুরে দেখে এসেছি সেখানকার মানুষের কথা শুনেছি, তাঁরা এই কথা বলেছেন—হ্যাঁ, আমরা জানি আমাদের দেশকে গত কুড়ি বছরে কংগ্রেস সরকার কি শোচনীয় অবস্থার মধ্যে নিয়ে এসেছেন। তাঁরা একথাও বলেছেন যে, আমরা জানি যুক্তফ্রন্ট সরকার দু-চার মাস বা এ বছরের মধ্যে এর মোকাবিলা করতে পারবেন না। তাঁরা আবার এ কথাও বলেছেন যে, অন্ততপক্ষে গত কুড়ি বছরের মধ্যে কংগ্রেস সরকারের কাছ থেকে এই ধরনের সহযোগিতা পাই নি, যে সহযোগিতা ও সহানুভূতি আজ আমরা যুক্তফ্রন্ট সরকারের কাছ থেকে পাচ্ছি। তাই আমরা সেখানে গিয়ে দেখেছি সেখানকার মানুষ, যদিও আজ তারা অত্যন্ত দুর্দশায় পড়েছে, অভুক্ত মানুষ, শিশু, নারী রয়েছেন, তাঁরা বলেছেন যুক্তফ্রন্ট সরকার যেভাবে সেখানে ব্যবস্থা গ্রহণ করেছেন, তার জন্য আমরা স্বাগত জানাচ্ছি। মাননীয় স্পীকার, স্যার, অন্য দিক দিয়ে আমরা দেখছি দুর্ভিক্ষ প্রপীড়িত বাঁকুড়ার মানুষের মধ্যে ঐ পূরবী মুখোপাধ্যায় ও তাঁদের বন্ধুরা এবং সমস্ত কংগ্রেস মেসিনারি আজকে চেষ্টা করছেন কি করে সেখানে দুর্ভিক্ষকে আরও সঙ্কটের মধ্যে ফেলে তাকে আরও ব্যাপক দুর্ভিক্ষে পরিণত করা যায়। আমরা জানি তাঁরা বলেছেন, তাঁরা নাকি জোতদারদের কাছ থেকে খাদ্যশস্য সংগ্রহ করতে চান। আমার পূর্ববর্তী বক্তা বলেছেন যে, গণকমিটি সেখানে খাদ্য ব্যবসায়ীর উপর অত্যাচার চালাচ্ছে। বিশেষ করে পূরবী মুখোপাধ্যায় একথা বলেছেন যে, গণকমিটি নাকি সেখানকার ব্যবসায়ীদের উপর অত্যাচার জুলুম চালাচ্ছে। আমরা চেষ্টা করছি জোতদারদের পেট থেকে সমস্ত চাল বের করে নিয়ে এসে বুভুক্ষু মানুষের মুখে দিতে। তারই জন্য তাঁদের এত আক্রোশ, রোষ।

(নয়েজ অ্যান্ড ইন্টারাপশনস)

মিঃ স্পীকার, স্যার, আমার ওপক্ষের এক বন্ধু তিনি যা বলেছেন, এটা যদি সত্য হয় যে আজকে নিরীহ মানুষের উপর অত্যাচার চালান হচ্ছে, কিন্ত প্রকৃত যারা সত্যিকারের জোতদার যারা চাল আটক করে রেখেছে, তাদের উপর আক্রমণ চালানো হচ্ছে না, তাদের কাছ থেকে চাল কেড়ে নেওয়া হচ্ছে না, এই সমস্ত জোতদারদের নাকি ফ্রি রেখে দেওয়া হচ্ছে, তার কা

শুনে মনে হল তিনি নিশ্চয়ই জানেন কোন কোন জোতদার, যাদের কাছ থেকে চাল নেওয়া সম্ভব হয় নি। সুতরাং আমি ও'কে জিজ্ঞাসা করতে চাই, ও'র যদি সৎসাহস থাকে, তাহলে এখানে ঐসব জোতদারদের নামগুলি বলে যান। তাঁর কোন কোন জোতদার বন্ধু এই গণকমিটি ছেড়ে দিয়েছেন, সেই সমস্ত জোতদার বন্ধুদের নাম তিনি এখানে উল্লেখ করে বলুন। সর্ব-শেষে আমি সরকারে কাছে আবেদন করব সরকারের তরফ থেকে সেখানে আরও লঙ্গরখানা খুলুন। সেখানে আরও লঙ্গরখানা খোলার প্রয়োজনীয়তা রয়েছে। আমি জানি সেখানে আরও বেশি করে কৃষিঋণ দেওয়ার প্রয়োজনীয়তা আছে। সেখানে দুর্ভিক্ষের কথা চিন্তা করে শুধু লঙ্গরখানা খুললেই যথেষ্ট হবে না, সরকার যে মনোভাব নিয়ে তাদের সাহায্য দেবার জন্য এগিয়ে এসেছেন, তা আরও ব্যাপকভাবে করতে হবে ; সেখানে লঙ্গরখানা খোলার সাথে সাথে আরও বেশি করে কৃষিঋণ, সার ও বীজ দেবার ব্যবস্থা করুন। তাদের হাল-গরু কেনবার ববস্থা করুন। যারা ক্ষেতমজুর, ভূমিহীন তাদের জমি দেবার চেষ্টা করুন। এই সমস্ত পরিকল্পনাগুলির সুষ্ঠু সমাধানের দিকে অগ্রসর হবার জন্য চিন্তা করুন। আমি আশা করি, পূর্বতন কংগ্রেস সরকার গত ২০ বছরে যে সঙ্কট সৃষ্টি করেছেন, তা দূর করবার জন আমাদের যুক্তফ্রন্ট সরকার আপ্রাণ চেষ্টা করবেন। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Arun Chatterjee:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকের এই সভায় শ্রীমতী পূরবী দেবী বাঁকুড়া জেলার দুর্ভিক্ষ সম্বন্ধে যে অ্যাডজোর্নমেন্ট মোশন এনেছেন, আমি তাকে পূর্ণ সমর্থন জানিয়ে, আপনার মাধ্যমে এই সভার মাননীয় সদস্যাদিগকে এবং যুক্তফ্রন্ট সরকারের মন্ত্রিমহাশয়দের সামনে আমার কিছু বক্তব্য রাখতে চাই। আমার আগে পূর্ববর্তী বক্তা মাননীয় দিলীপবাবু যে ধরনের বক্তৃতা করে গেলেন, সেটা শুনে মনে হল যে নির্বাচনের আগে মেঠো বক্তৃতা দিয়ে যেভাবে বাম কম্যুনিস্ট পার্টি বাংলাদেশের মাঠেবাটে ঘুরে বেড়িয়েছেন ঠিক তাই। বাঁকুড়া জেলা যে সত্যিকারের দুর্ভিক্ষের সামিল, সেখানে দুর্ভিক্ষ এসেছে, সেকথা তিনি জেনেও অজানার ভাণ করলেন।

[5-55—6-5 p.m.]

আমি আমার বক্তব্য রাখার আগে একটা কথা আমি এই সভায় জানিয়ে রাখতে চাই যে এখানে একটা কথা জোর করে বলে গেলেন কংগ্রেস সরকারেব আমলে ভূমিহীনদের মধ্যে কতটুকু জমি বিলি করা হয়েছে, তাঁর দলের মন্ত্রী শ্রীহরেকৃষ্ণ কোঁনার মহাশয় স্পষ্টই স্বীকার করেছেন যে কংগ্রেস সরকারের আমলে ভূমিহীনদের মধ্যে যে ভূমি বণ্টন প্রথা চালু আছে সেই প্রথা তাঁরা চালু রেখেছেন বছর বছর বন্দোবস্ত দিয়ে। আমি মনে করি মাননীয় সদস্য দিলীপবাবু বোধ হয় এই খবর জানেন না—তাই তিনি এই সভাতে অবান্তর প্রশ্ন তুলেছেন। ভিক্ষার অভাব হলে বলা হয় দুর্ভিক্ষ। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভার সদস্যবৃন্দকে তথা যুক্ত ফ্রন্ট সরকারের যে কোন মন্ত্রী মহাশয়কে আহ্বান জানাচ্ছি—বাঁকুড়া জেলায় আসতে। তাঁরা দেখে যান যে সত্যিকারের দুর্ভিক্ষের অবস্থা সেখানে চলছে কি না? ভিক্ষা দেবে কে? চাষী, মধ্যবিত্তের ঘরে অন্ন নেই, শ্রমিকদের কাজ নেই, কোথা থেকে তাঁর ভিক্ষা দেবে? দুর্ভিক্ষ বলতে যে জিনিস বোঝায়, দুর্ভিক্ষের করাল ছায়া যে কি আমি অনুরোধ করছি মাননীয় সদস্যগণ বাঁকুড়া জেলায় গিয়ে স্বচক্ষে দেখে আসবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি এবং মাননীয় সদস্যবৃন্দ জানেন যে বাঁকুড়া জেলা এক ফসলী জেলা, সেখানে ধান ছাড়া আর বিশেষ অন্য কোন ফসল হয় না। পর পর দু বছর অনাবৃষ্টির জন্য বাঁকুড়া জেলার ১০টি ব্লক খরার সম্মুখীন—তারা আজকে দুর্ভিক্ষের সম্মুখীন। আমি আজ যুক্ত ফ্রন্ট সরকারকে বার বার অনুরোধ করবো যে এখনও সময় আছে, এখনও তাঁরা সাবধান হন, এখনও তাঁরা এগিয়ে চলুন বাঁকুড়া জেলার অধিবাসীদের দুর্ভিক্ষের করাল ছায়া থেকে বাঁচাবার জন্য। বাঁকুড়া জেলায় যদি বা কোন রকমে কেউ কিছু চাল সংগ্রহ করতে পারছে তার সমস্ত গহনাগাটি, থালা বাসন বিক্রি করে দিয়েও কিন্তু তাঁর সংসারের খরচের তুলনায় চাল যথেষ্ট পাচ্ছে না। কারণ এখানে চালের দরও ২৷৷৹ টাকা। আমি যুক্ত ফ্রন্ট সরকারের মন্ত্রীকে চ্যালেঞ্জ করছি, তিনি আমার সঙ্গে বাঁকুড়া জেলায় চলুন আমার বড়জোড়া কনস্টিটিউয়েন্সীর পল্লীগ্রামে ২·৩৭, ২·২০, ২·১৫ এই হচ্ছে চালের কিলো।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন বাঁকুড়া জেলার লোকের ক্রয় ক্ষমতা নেই, কারণ সেখানে কোন ইন্ডাস্ট্রি নেই, তারা সম্পূর্ণ চাষের উপর নির্ভর করে। কাজেই যদিও বা ঐ দরে চাল মিলছে কিন্তু সকলের পক্ষে ঐ দরে চাল কেনা সম্ভব নয়। আর একটি কথা আমি বলতে চাই যে, সপ্তাহে যে ৫০০ গ্রাম করে পার ইউনিট আংশিক রেশন হিসাবে গম দেওয়ার প্রতিশ্রুতি এই সরকার দিয়েছেন এই অবস্থাতে তাঁরা তাঁদের সেই প্রতিশ্রুতি পালন করতে পারছেন না। আমি আমার এলাকার বিভিন্ন গ্রামের কথা জানি যে তারা জুন মাসের ১৭।১৮ তারিখেও প্রথম সপ্তাহের গম তখনও পর্যন্ত পায় নি। তা ছাড়া যতটুকু গম যাচ্ছে ততটুকু যত ইউনিটের পাওয়া উচিত তত ইউনিটকে দিতে পারছে না। এই সঙ্গে আমি আর একটি কথা, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে রাখতে চাই যে ১৫।২০ দিন আগে বাঁকুড়া জেলায় একটু বৃষ্টি হওয়ার জন্য হয়ত কিছু কিছু কুয়ায় জল হয়েছে যার জন্য জনসাধারণ পানীয় জলের অভাব থেকে কিছুটা বেঁচেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে আশ্চর্য হয়ে যাবেন যে কংগ্রেস আমলে যে সমস্ত কূপ খনন করা হয়েছিল পানীয় জলের জন্য, ছোট ছোট সেচ কাজের জন্য, এই যুক্ত ফ্রন্ট সরকার সেই সমস্ত কাজ সম্পূর্ণ বন্ধ করে রেখে দিয়েছেন এবং আমি বলবো এই যুক্ত ফ্রন্ট সরকারের কোন অধিকার নেই সরকারী অর্থ তছরূপ করার। তার বদলে তাঁরা করলেন কি, না সস্তায় বাহাদুরী নেবার জন্য তাঁরা বললেন যে ট্রাকে করে আমরা পল্লীগ্রামে জল সরবরাহ করবো। আমি বিনীতভাবে মাননীয় সদস্যবৃন্দকে অনুরোধ করছি যে তাঁরা অনেকে আমার মত পল্লীগ্রাম থেকে এসেছেন, তাঁরা চিন্তা করে দেখুন হরিণাগাড়, কেওটগ্রাম এবং তার আশেপাশে যেসমস্ত পল্লীগ্রাম আছে সেখানে কি করে ট্রাকে করে জল দেওয়া সম্ভব? এই সরকার ট্রাকে করে জল নিয়ে গিয়ে যে টাকা খরচ করেছেন সেই অংশের টাকা যদি কুয়ার পিছনে খরচ করতেন তাহলে চিরকালের জন্য পার্মানেন্টলি জলকষ্ট দূর করতে পারতেন। কিন্তু তাঁরা সে কাজ করেন নি। কংগ্রেস সরকার আগে থেকেই বুঝতে পেরেছিলেন যে এ বছরে বাঁকুড়া জেলায় দারুণ পানীয় জলের কষ্ট হবে। সেজন্য তাঁরা কুয়া, ছোট ছোট সেচের কাজে হাত দিয়েছিলেন টেস্ট রিলিফের মাধ্যমে—কিন্তু তাঁরা তা সম্পূর্ণ করতে পারেন নি কারণ যুক্ত ফ্রন্ট সরকার তখন মার্চ মাসে এসে গিয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বর্তমানে বাঁকুড়া জেলার বিশেষ করে যে ১০টি ব্লকে দুর্ভিক্ষ দিয়েছে সেই এলাকার চাষীদের অবস্থা সম্বন্ধে সরকারের কাছে এবং মাননীয় সদস্যদের কাছে রাখতে চাই। চাষ করতে হলে বীজ ধানের খুব দরকার, গত বছর বহু জায়গাতে চাষ হয়নি—কাজেই চাষীর ঘরে বীজ ধান মোটেই নেই। এই সরকার কাউকে মাত্র ৪ কেজি, কাউকে ৫ কেজি করে বীজ ধান দিয়েছেন, তাও সকলকে দিতে পারেন নি। আমি এই সরকারকে অনুরোধ করবো এখনও সময় আছে, এখনও তাঁরা বীজ ধান চাষীদের হাতে তুলে দিন যাতে তারা চাষ করতে পারে। যেহেতু চাষীর ঘরে অন্ন নেই, গরুর খাওয়ার খড় নেই, তাই তারা গরু-বাছুর, চাষের বলদ বিক্রি করে দিয়েছে পৌষ মাসে। চাষী কখনও বলদ বিক্রি করতে চায় না কিন্তু তারা বিক্রি করতে বাধ্য হয়েছে। আমি সরকারকে বলবো যে এবছর যদি বৃষ্টি হয়ও তবুও বাঁকুড়া জেলার বহু জমি পতিত থাকবে। এ বছরে চাষীর ঘরে চাষ করার মত কোন সম্বল নেই। সেই জন্য আমি আপনার মাধ্যমে সরকারের কাছে অনুরোধ করবো তাঁরা এবিষয়ে যেন সচেষ্ট হন, তাঁরা জেলা শাসকের কাছে নির্দেশ পাঠান যে তাঁরা যেন তালিকা তৈরী করেন কোন্ চাষী বলদ কিনতে পাচ্ছে না, কোন্ চাষীর বীজ ধান নেই, কোন্ চাষীর ঘরে খোরাকী নেই। আর একটি কথা আমি সরকারের দৃষ্টিতে আনতে চাই সেটা হচ্ছে চাষীদের কৃষি ঋণ হিসাবে যে টাকা দেওয়া হচ্ছে আমি বলবো চাষীদের অভাবের সুযোগ নিয়ে এই যুক্ত ফ্রন্ট সরকার তাদের অভাবকে বিদ্রূপ করছেন। এখানে সরকার পক্ষের যাঁরা সদস্য আছেন তাঁরা বুকে হাত দিয়ে বলুন ৫০ টাকা, ১০০ টাকা, ৩০ টাকা ঋণ দিয়ে কি কৃষিকার্য হয়? অথচ এই সরকার স্ট্যাটুটারি রেশনিং এরিয়ায় কলকাতা এবং যেখানে যেখানে রেশনিং রয়েছে সেই এলাকার লোকদের উঁচু দরে চাল কিনে সস্তা দরে চাল খাওয়াবার জন্য যেখানে ৫ কোটি টাকা সাহায্য দিতে প্রয়াসী সেখানে গরীব চাষী যারা ধান উৎপাদন করবে তাদের ঋণ দেবার বেলায় এই সরকার বলছেন টাকা নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই সরকারকে আপনার মাধ্যমে অনুরোধ করবো বাঁকুড়া জেলায় আগামী বছরে যদি দুর্ভিক্ষ ঠেকাতে হয় তাহলে চাষীদের দিকে লক্ষ্য রাখুন যাতে সুষ্ঠুভাবে চাষ হয়।

[5—6-15 p.m.]

**Shri Girish Marato:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকের আলোচনা শুনে একটা কথা আমার মনে পড়ছে যে, চোরের র বড় গলা। আমার নির্বাচন এলাকা পুরুলিয়া, কিন্তু আপনার বাঁকুড়ার অতি সংলগ্ন জেলা র্থাৎ উভয় জেলার সীমান্ত এলাকা আমাদের আত্মীয়স্বজন বাঁকুড়া এবং পুরুলিয়া মানবাজারের ধ্য আছে, সেজন্য বলছি বাঁকুড়া এবং পুরুলিয়া মানবাজারের কথা আমি ভালভাবেই জানি। মতী পুরবী মুখার্জী বলেছেন যে সেখানে লোক না খেয়ে মরে যাবে; কিন্তু আমরা তা বলছি —আমরা বলছি বহুলোক ইতিমধ্যে মরে গিয়েছে। কংগ্রেস সরকারের মত আমরা সত্য চাপা তে চাই না। আপনারা কাগজে দেখেছেন আমরা বলেছি পুরুলিয়ায় ১৫ লক্ষ লোকের বাস র মধ্যে ১২ লক্ষ লোকের ব্যবস্থা করতে না পারলে লোক না খেয়ে মরে যাবে। এই অবস্থার ৃষ্টি আজকে হয়নি। দীর্ঘদিন ধরে—কয়েক বছর ধরে এই অবস্থার কথা আমরা প্রাক্তন মুখ্য-ন্ত্রীকে বার বার বলেছি। প্রাক্তন দুর্ভিক্ষ মন্ত্রী তাতে বলেছেন—লোকে না খেয়ে মরে যাচ্ছে, ক পুরুলিয়ার শ্মশানে তো লোক দেখছি না? আমাদের উপহাস করে প্রাক্তন মুখ্যমন্ত্রী ও রিলিফ ন্ত্রী বলেছেন—যেখানে শ্মশানে মানুষ নেই, সেখানে দুর্ভিক্ষ নেই, আজ তাঁরা বড় গলায় লছেন—হ্যাঁ, দুর্ভিক্ষ হয়েছে। অধ্যক্ষ মহাশয়, দু-এক বছর আগে যখন ধান প্রচুর হয়েছিল খন পুরুলিয়া জেলায়, বাঁকুড়া জেলায় রিকুইজিশন করে ধান জমা করেছিলেন। পুরুলিয়া লার কথা জানি—আমাদের ওখানে হাজার হাজার টন জমা ছিল। মুখ্যমন্ত্রী বলেছিলেন যে, রুলিয়ায় ধান রাখা হবে; কিন্তু পরে তা পাচার করে কলকাতায় আনা হয়েছিল। এক জায়গায় ন আর এক জায়গায় পাচার হয়েছে—ওদিকে সেখানে মানুষ না খেয়ে মরেছে। তা ছাড়া হাজার াজার মণ চাল পাচার হয়েছে বিহারে। গোটা ভাদ্র মাস ধরে রিকুইজিশান করা হয়েছিল রুলিয়া জেলায় যেখানে দুর্ভিক্ষ হয়েছিল। আমি রিলিফ সেক্রেটারী শ্রী জে এন রায়কে নিজে ়ো এবং মালদার এলাকায় দেখিয়েছিলাম—ভাদ্র মাসে গ্রামের পর গ্রাম এক গাছি ধানও নেই। দ্র মাস থেকে আশ্বিন মাস—এ সময় কোন গ্রামে এক কেজি ধান বা চাল ছিল না—তাই লোকে া খেয়ে মরেছে। সেদিন কংগ্রেসী সরকার কি করলেন, ঐ আভা মাইতি মহাশয়া এক কোটি ২০ ক্ষ টাকা খরচ করে কুয়া তৈরী করালেন কিন্তু তাতে এক ফোঁটা জল নাই। আজ জলের জন্য াহাকার পড়ে গেছে। আজ কংগ্রেস সরকারের জন্য লোকে না খেয়ে মারা যাচ্ছে। আজ ারিদিকে জলের হাহাকার, খাদ্যের জন্য হাহাকার এর জন্য কংগ্রেস সরকারই দায়ী।

**Shri Dasarathi Tah:**

াননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের ভগিনী শ্রীমতী পুরবী মুখোপাধ্যায় যে রকম চেহারার নমুনা নয়ে বাঁকুড়ার দুর্ভিক্ষের প্রতিনিধিত্ব করলেন তা ভয়ানক বেখাপ্পা হল। আমার সব চেয়ে বেশী াপত্তি তিনি শুধু কেন বাঁকুড়ার কথাই বললেন, তিনি পুরুলিয়ার কথা বললেন না কেন— আমার মনে হয় বিভূতি দাশগুপ্ত মহাশয় সাক্ষাৎ প্রতিমূর্তি, দুর্ভিক্ষে তিনি দাঁড়ালে আরও ভাল তো। যাই হউক তিনি যে কথা বলেছেন তার সঙ্গে আমরা একমত। আজ দেশে চরম খাদ্যাভাব এবং ক্ষুধার ঘুরঘুরে পোকা এই যুক্ত ফ্রন্ট সরকারের সমর্থকদেরও যেরকম বেদনা দেয় কংগ্রেসী মর্থকদেরও সেই রকম বেদনা দেয়। কেন বন্ধুরা বলছেন এই রকম যে আমাদের উপর যুক্ত ফ্রন্ট সরকারের একটা মস্ত বড় বিদ্বেষ আছে, একমাত্র যদি সেই সদস্যদের মধ্যেই সেটা সীমাবদ্ধ াকত তাহলে না হয় আমরা বলতাম যে তাদেরকে মেরে ফেলবার জন্যই আমরা করছি। কিন্তু য জিনিষই বলুন এটা যে খাদ্য সংকট আমাদের ভগিনীর বিশেষ করে এটা লক্ষ্য করা উচিত ছিল য দুর্ভিক্ষ কি এক দিনে হয়? কথায় আছে—"হইলে কুপথ্য যোগ, এক দিনে না বাড়ে রোগ, সময় কালে লক্ষণ যায় দেখা, প্রসূতির কাটিয়া নাড়ী, শৈশবে কি গজায় দাড়ি, বয়স কালে গোঁফের রে দেখা"। একদিনে দুর্ভিক্ষ সৃষ্টি হয়নি। ২০ বছরের যে কংগ্রেস শাসন এবং ভগিনীরা ালন করে যে সমস্ত শস্য সঞ্চয় করে রেখেছেন আজকে দুঃখের দিনে তাদের কাছে ভিক্ষা াইছি খুলুন—কেন না একথা শুধু পুরুলিয়া-বাঁকুড়ার নয়। ওখানকার যা সমস্যা—খাস র্ধমান যেখানে মনে করেন যে লক্ষ্মীর বরপুত্র আমরা সেখানেও চরম দুর্ভিক্ষ। দুর্ভিক্ষের র্থ যদি হয় ভিক্ষা না পেলে দুর্ভিক্ষ বা ভিক্ষা পেতে কষ্ট হলে দুর্ভিক্ষ তাহলে বর্ধমানে চরম ুর্ভিক্ষ। আমার এলাকা রায়না থানা— কোথাও গাছের পাতা খাচ্ছে, আর আমার ওখানে পাটের

াতো খ চ্ছে। কবিরাজরা বলে প'ট শাক বেশী খেলে পেট খারাপ হয় না, সেই জন্য রক্ষা, তা া হলে এতদিন তারা মারা যেত। চরম খাদ্যাভাব হয়েছে সে বিষয়ে সন্দেহ নাই। এবং তার জন্য ায়ী পূর্বতন সরকার। তার উপর এ বছর অ'বার অস্বাভ'বিক—অর্থাৎ যে দামোদরের বন্যার ন্য আমরা চিরকাল আতঙ্কিত হয়েছি, বারে বারে বানের জ্বালায় জ্বলে মলাম ভাই—আজ কি সই জায়গায় গত বছর দামোদরে নৌকা চলে নি। একবারে শুকো। অতএব আমাদের যুক্ত ন্ট এমনই নজীর রাখলেন যখন আমরা ভিক্ষ'র ঝুলি হাতে নিলুম দেশ সুদ্ধ আকাল হল। াকতালীয়বৎ—যত দোষ আমাদের ঘাড়ে চাপিয়ে দিয়ে লাভ নাই। আর একটা কথা বার বার লেন ক্ষুধা নিয়ে র'জনীতি করবেন না। আমরা তা মোটেই করিনি। আমরা বলেছি ফুড এবং রিলিফ কমিটি নয় সঙ্গে সঙ্গে খাদ্য উৎপাদন—কিন্তু সে কমিটিতে তো আপনারা গেলেন া—সেখানে গিয়ে লড়ালড়ি করুন, ঝগড়া করুন—কথা উঠেছে কিছু লে'কের মাথা খারাপ— ার্কসবাদী কমিউনিস্ট পার্টির নাম দিয়ে সে জায়গায় কিছু লোক হল্লা করছে বেফাঁস কথা বলে —বহু লোকেই তো ব'লে সে জানি। এবং প্রত্যেক পার্টিরই কিছু কিছু মাথা খারাপ লোক াছে। আমরা দেখেছি কিছু কিছু জায়গায় ডাঃ ঘোষের পদত্যাগ চাই, নিশীথ কুণ্ডুর মুণ্ডু াই, অজয় মুখার্জীর ফাঁসি চাই—আবার তেমনি কংগ্রেসীদের তরফ থেকে সত্যাগ্রহ করার চেষ্টা চ্ছে। সেজন্য বলছি দুই দলের মধ্যেই কিছু কিছু মাথা খারাপ লোক আছে। আমি দুই লকেই সাবধান করে দিচ্ছি। আজকে খাদ্য সংকটের দিনে কিছুতেই দলাদলি চলবে না। আমাদের যে সামর্থ্য আছে সেই সামর্থ্যটুকু নিয়ে একদিকে খাদ্য উৎপাদন, আর এক দিকে খাদ্য যা াছে তা বণ্টন। আমাদের জেলাতে বহু জায়গায় ধান চাল মজুত আছে গোপনে—তা বের রতে হবে। সকল দলের সমবেত চেষ্টায় তা করতে হবে। আমরা জোতদারদের প্রশ্রয় দিচ্ছি ার তারা অত্যন্ত সাধু একথা ঠিক নয়। শুধু তাই নয়, এই সরকারকে বলি আমার জেলায় ড় বড় যারা জোতদার তারা একেবারে গৌরাঙ্গ সেজে গেছে, দুই হাত তুলে তারা বলছেন কি রব ধান চাল নেই সব বিক্রি করে দিয়েছি।

6-15—6-25 p.m.]

তাঁরা বলছেন কি কর'বো ধান চাল বিক্রয় করে দিয়েছি, ২২ টাকা দর দিয়েও তাঁদের ক্ষুধা মিটল া, ৪০ টাকা দরেও মিটবে ন'—যদি ১০০ টাকার নোটও তাঁদের দেওয়া হয় এক মণ ধানের জন্য তাতেও তাঁদের ক্ষুধা মিটবে না। সেই জন্য আম'র প্রস্তাব হচ্ছে এই যে দেখুন যারা বাড়তি রে ধান বিক্রয় করে টাকা জমা ক'রেছে সেই টাকা কিভ'বে নেওয়া যায় সেদিক দিয়ে চেষ্টা করা উচিত। আমার বন্ধুরা বলছেন ব'জেট ঘাটতি কেমন করে পূরণ হবে—এইভাবেই পূরণ হবে এবং আরো ১০ কোটি টাকা যদি ঘাটতি হত ত'হলে ভাল হত, কিন্তু লোককে খাওয়াতে হবে এটা বড় কথা। ডঃ প্রফুল্ল ঘোষ আছেন, নিশীথবাবু আছেন তাঁরা যান দেখুন। এতদিনে তটা হওয়া উচিত ছিল তার কিছুই হয় নি। আজ লোকে হাহাকার করছে, অতএব যেমন করে হাক তাদের বাঁচাতে হবে। কাজেই একথা আমি বলি সমবেত প্রচেষ্টায় সকল দল মিলে এই য দুর্ভিক্ষ রাক্ষসী আসছে তাকে প্রতিরোধ করতে হবে। সেই জন্য আমি অনুরোধ করছি র্বশ্রেণীর সদস্যদের একযোগে যাতে দুর্ভিক্ষ রাক্ষুসীকে প্রতিরোধ করা যায় তার চেষ্টা রুন।

**Dr. Sailendra Nath Das:**

াননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে যে মুলতুবী প্রস্তাব আলোচনা হচ্ছে তাতে বলা বাহুল্য আপনার াধ্যমে উপস্থিত সমস্ত সদস্যবৃন্দকে কি ট্রেজারী বেঞ্চ, কি বিরোধী পক্ষের, তাঁদের সকলকে একটু আত্মানুসন্ধান করতে বললে খুব অপরাধ করা হবে না। দুর্ভিক্ষ হঠাৎ একদিনে তো গজায় া, তার একটা অনুসঙ্গিক পূর্বাপর সম্পর্ক থাকে সেটা বলা বাহুল্য। দিলীপ মজুমদার হাশয় এবং আমার ঠিক পূর্ববর্তী বক্তা তাঁরা একটু আভাস দিয়েছেন—সেটা না কি কারো কারো াছে মেঠো বক্তৃতা বলে মনে হয়েছে। মৌসাকিল হচ্ছে বহু জিনিস বহু গবেষণা করে আমরা যেটা লি সেটা যদি এখানে বলতে চ'য় তাহলে কি করে মেঠো বক্তৃতা হয় তা আমি জানি না, সেটা কভাবে প্রকাশ করা যেত যদি মাননীয় বিরোধী পক্ষের সদস্যরা সেটাকে অন্য কোন ভাবে প্রকাশ রতে পারেন যে দুর্ভিক্ষ কি করে সৃষ্টি হয় তাহলে ভাল হত এবং আমাদেরও কিঞ্চিৎ জ্ঞান

দিতে পারতেন। আমার মনে হয় দুর্ভিক্ষ সৃষ্টির মূলে যে কথাগুলি দিলীপবাবু বলছিলেন অর্থাৎ জমিদারী প্রথা ইত্যাদি যে কারণগুলি দেখলেন আমি তার পুনরাবৃত্তি করতে চাই না তবে সেগুলি হচ্ছে প্রধানতম কারণ, সেগুলিকে বাদ দিয়ে দুর্ভিক্ষের সৃষ্টি হয় এটা বললে বাতুলতা হবে। সুতরাং ভারতবর্ষ তথা বাংলাদেশ থেকে দুর্ভিক্ষ দূর করতে গেলে জমি সংক্রান্ত ব্যাপারে আমূল সংস্কার প্রয়োজন এবং আমার মনে হয় যুক্ত ফ্রন্ট সরকার সেদিকে কিঞ্চিৎ পদক্ষেপ করেছেন। এখানে প্রসঙ্গক্রমে আমি মাননীয়া সদস্য পূরবী দেবীর কথা একটুখানি উল্লেখ করতে বাধ্য হচ্ছি—তিনি এই সভার অত্যন্ত একজন প্রাচীন সভ্যা। কাজে কাজেই তাঁর কাছ থেকে আমরা আরো বেশী গভীর আলোচনা প্রত্যাশা করেছিলাম। তিনি এক্ষণে কথা বলতে গিয়ে যেটুকু বলেছেন তাতে আমরা যে সমগ্র বাঁকুড়ার একটা চিত্র খুঁজে পেলাম তা ঠিক মনে হল না। আমরাও কিঞ্চিৎ কিঞ্চিৎ বাঁকুড়া, পুরুলিয়ার জন্য ভাবছি, তিনি মনে করলেন না যে আমরা একান্তভাবে ভাবছি। তিনি এখানে রিলিফ কমিটি কি অন্যায় করেছে, গণ-কমিটি কি অন্যায় করেছে সেটাকে তুলে ধরার চেষ্টা করলেন, কিন্তু কি করে এখানকার দুর্ভিক্ষ দূর করা যেতে পারে সে সম্বন্ধে কোন কংক্রিট সাজেশান তাঁর আলোচনায় রাখেন নি। আমি একটা কথা বলি, রিলিফ কমিটিতে তাঁর আপত্তি আছে—এটা আমাদের অভিজ্ঞতার ভিত্তিতে বলতে পারি এই সভার কাছে আপনার মাধ্যমে যে, যে সময় রিলিফ কমিটি বলতে কোন পদার্থ ছিল না, ঐ অঞ্চল প্রধান ইত্যাদিরা রিলিফ বিতরণ করত সেই সময়কার লিস্ট এখনও পর্যন্ত আছে, অর্থাৎ জি আর এবং টি আর তার লিস্ট এখনো পর্যন্ত রয়েছে - আপনারা যে কোন লোক গিয়ে সেই সমস্ত অঞ্চল প্রধানের কাছে কিম্বা ব্লক ডেভেলপমেন্ট কমিটির কাছে দেখতে পারেন, সেখানে গিয়ে দেখবেন যাদের রিলিফ দেওয়া হচ্ছে যেমন এ বি সি ডি করে এই সমস্ত আছে তাদের মধ্যে অনেককে এমনভাবে লিস্টের অন্তর্ভুক্ত করা হয়েছে যা কল্পনা করা যায় না, যেমন জমি আছে তেমন লোককে জি আর-এর মধ্যে এনে ফেলা হয়েছে। কি কারণ বুঝতে পারি না, বোধ হয় তাঁরা অঞ্চল প্রধানের ব্যক্তিগত লোক হয়ে থাকবেন, কিন্তু এই অভিজ্ঞতার ভিত্তিতে ফুড অ্যান্ড রিলিফ কমিটি করতে গিয়ে আমরা বিভিন্ন রাজনৈতিক দলের লোককে এমন কি কংগ্রেসকেও থাকতে বলেছি যাতে করে সুসম বণ্টন হয়।

সেই জন্য ফুড রিলিফ কমিটি করা হয়েছিল। আমি জানি না কংগ্রেসের সেই সমস্ত সদস্যারা তার মধ্যে কোন অংশ গ্রহণ করেন নি। তার কি কারণ ছিল। সেখানে থাকলে তাদের অপরাধ কি ধরা পড়বে। আমাদের যে সমস্ত রিলিফ কমিটি হয়েছে তার মধ্যে ত্রুটি-বিচ্যুতি থাকতে পারে সেজন্য ত্রুটি বিচ্যুতির সমালোচনা করা হোক। আপনারা আমাদের সঙ্গে আসুন। যদি আমাদের ফুড রিলিফ কমিটির মধ্যে কোন বক্তব্য সম্পর্কে কোন অভিযোগ থাকে সে অভিযোগ-গুলি সামনে হাজির করুন। যুক্ত ফ্রন্ট সরকার কি করেছেন তা বলুন তাতে আমাদের আপত্তি নেই। আমরা সংশোধনের কথা ভাবছি। আমরা সেই পুরান আমলের অঞ্চল প্রধানদের কাছে যেতে রাজি নই। যে গণকমিটির কথা ভাবছেন, স্বভাবত অভিজ্ঞতার ভিত্তিতে দেখছি যে গণ-কমিটির যে সমস্ত যুবকরা থাকে তারা সেখানে কোন কোন ক্ষেত্রে ভুল করতে পারেন। দেখা গেল যেখানে ঘেরাও করেছে সেখানে খাদ্য নেই, এটা হতে পারে। কংগ্রেস থেকে একজন বলেছেন যে যেখানে কোন কিছু নেই সেখানে গণকমিটি হামলা করেছে, কিন্তু যার কিছু আছে তার কাছে যাচ্ছে না। কথা হচ্ছে জোতদার যারা আছে তা তাঁরা জানেন, সুতরাং দয়া করে মন্ত্রি-সভার কাছে তাঁরা লিস্ট দিন তাতে কাজের সুবিধা হবে। (লাল বাতি জ্বলিয়া উঠে) আমার আরো অনেক কথা বলবার আছে, কিন্তু আমার সময় হয়ে যাওয়ায় আমি বসে পড়লাম। আমি আমার বক্তব্য শেষ করলাম।

**Dr. Prafulla Chandra Chosh:**

সভাপতি মহাশয়, আমি খুব ধৈর্য সহকারে শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ের বক্তৃতা শুনেছি। কিন্তু তাতে দেখলাম যে প্রথমেই একটা বড় সত্যকে চাপা দেবার চেষ্টা করা হয়েছে। বাঁকুড়ায় এই দুর্ভিক্ষ হল কেন? এ বৎসরে প্রায় শতকরা ৫০ ভাগ ফসল হয় নি—গত আমন ফসল। সে কথা কিন্তু তিনি একবারও উল্লেখ করেন নি। দ্বিতীয় কথা অসতর্ক মুহূর্তে তিনি বলেছেন যে বাঁকুড়া জেলা অন্যান্য জেলার তুলনায় গরীব। তাঁরা ২০ বৎসর মন্ত্রীত্বে ছিলেন। ২০ বৎসরের মধ্যে বাঁকুড়া জেলাকে সমৃদ্ধিশালী করতে পারেন নি, ২০ বৎসরে চাষের উন্নতি করতে পারেন

নি। আজকে আমাকে বলেছেন যে আমার খাদ্যনীতির ফলেই এ অবস্থা হয়েছে। আমি জানতাম না তাঁদের এত বড় বড় রথী মহারথীরা এত বৎসর মন্ত্রীত্ব করে সমৃদ্ধশালী দেশ গড়ে তুলেছেন তাকে আমি ৩ মাসের মধ্যে ধ্বংস করে দিতে পারি এবং আমি এত বড় যে শক্তিশালী তা আমি জানতাম না। এ'রা ২০ বৎসরের মধ্যে দেশকে সর্বনাশের মধ্যে এনে দিয়েছেন। আমরা তাঁদের উত্তরাধিকারী এই উত্তরাধিকার সূত্রে পাওয়া—গুণও পাওয়া যায় দোষও পাওয়া যায়। এই দোষ ইচ্ছা করলে একদিন বা ২—৬ মাসে দূর করা যায় না। আমি বাঁকুড়ায় গিয়ে দেখেছি সেখানে কোন রিজার্ভ নেই। গত বৎসর আমি জানি তার আগের বৎসর বাঁকুড়ায় ভাল ফসল হয়েছিল। কিন্তু সব প্রকিওরমেন্ট হয়ে চলে এসেছে। কাজেই বাঁকুড়ায় কোন রিজার্ভ নেই। তাই আমরা এবার প্রকিওরমেন্টের ব্যাপারে বলেছি বাঁকুড়ায় যা সংগ্রহ হবে এবার বাঁকুড়ার অবস্থা খারাপ অজন্মা হয়েছে, এক কণা চাল বাঁকুড়া জেলা থেকে বাহিরে আসবে না—যা প্রকিওরমেন্ট হবে। কংগ্রেস ও অকংগ্রেসী সকলে মিলে প্রকিওরমেন্ট করে বাঁকুড়া জেলার গরীবদের খাওয়াবার চেষ্টা করতেন তাহলে এ অবস্থা হতো না। অরপর শ্রীমতী মুখার্জি যা বলেছেন তাতে আমি এ'দের একই কথা বলব যে, কানু ছাড়া গীত নেই। অর্থাৎ কর্ডন করো। সারা ভারতবর্ষেই এটা হয়েছে। প্রদেশে প্রদেশে কর্ডন, জেলায় জেলায় কর্ডন। আমি মনে করি সারা ভারতবর্ষে একটা খাদ্য জোন হওয়া উচিত। তা না হলে ভারতবর্ষে—আমরা ততদিন জীবিত থাকবো না—এই ভাবে যদি চলতে থাকে তাহলে ভারতবর্ষ টুকরো টুকরো হয়ে যাবে। এই নীতি কংগ্রেসের নীতি যা হচ্ছে ভারতবর্ষের সর্বনাশের নীতি। আমি বাঁকুড়ায় জন্মাই নি, কিন্তু ৩ বার বাঁকুড়ায় রিলিফ করেছি। "বাইরের লোক বাঁকুড়া জেলায় সাহায্য করতে এসেছে, কিন্তু আজকে এ অবস্থা হল কেন যার ফলে বাঁকুড়ার লোক অনাহারে মরছে, কেন?

[6-25—6-35 p.m.]

আজ তা নেই কেন? এর জন্য ২০ বৎসরের কংগ্রেসের অপশাসনই দায়ী। তাঁরা দেশের মধ্যে স্বার্থ বুদ্ধি তৈরি করেছেন, ত্যাগ বুদ্ধি তৈরি করতে পারেন নি। এটাই আমি দেখছি। বাঁকুড়ার যে তিনজন প্রতিনিধি এখানে বললেন তাঁদের দেখে আমার মনে হয়েছে যে একটা বই লিখি—নিউয়ার নলেজ অফ নিউট্রিশন। কারণ তাঁদের যা চেহারা দেখলাম সেটা যদি না খাওয়া চেহারা হয় তাহলে বুঝতে হবে যে নিউট্রিশন অন্য রকম। সেজন্য নিউয়ার নলেজ অফ নিউট্রিশন বই লেখবার ইচ্ছা হল। আমার তখন মনে হল ১৯১৫ সালে ত্রিপুরা জেলায় যে বন্যা হয়েছিল তাতে আমরা রিলিফ করতে গিয়েছিলাম। তখন একদল লোক মহাত্মা গান্ধীকে এসে বললেন যে ত্রিপুরায় বন্যা হয়েছে নেতারা কিছু করছেন না। এর উত্তরে তিনি বললেন নেতারা যা ভাল মনে করছেন করুন আর তোমরা যা ভাল মনে করছো করো এবং তখন তাঁরা বললেন আমাদের কথা কে শুনবে। এর উত্তরে মহাত্মা গান্ধী বলেছিলেন

Do you feel them, why are you here? Go there and starve with them for some days.

কিন্তু এরা তা করছেন না, এর মধ্যে রাজনীতি নিয়ে আসছেন। আমি নিজে গিয়ে দেখেছি বাঁকুড়ার মূক দরিদ্র জনসাধারণ সেখানের লঙ্গরখানায় কি অন্য খানায় গেছে, আমি সেখানে ২-১ দিন জগজীবন রামের সঙ্গে ঘুরে দেখেছি সে মূক জনসাধারণ কথা বলতে পারে না, কিন্তু যাঁরা বেশী চিন্তা করছেন তাঁদের একজনেরও না খাওয়া চেহারা বলে মনে হল না। আমি সেখানে তাঁদের সামনে বলেছি বাঁকুড়া জেলায় কি ৫০০ লোক নেই যারা হাজার করে টাকা দিতে পারে রিলিফের জন্য? বাঁকুড়া জেলা কি নিজেদের কর্তব্য পালন করেছে? আজকে কেবল বলছেন সরকার করো। আমাদের দেশের স্বাধীনতা লাভের পর এটা একটা দুর্দশা হয়েছে। অর্থাৎ সকলেই মনে করেন সরকার করবে, আর সরকার মনে করে সব আমরা করতে পারি। এই দুটোই ভ্রান্ত। সরকার সব করতে পারেন না। সরকার জনসাধারণ যদি একত্র হয় তাহলে সব হতে পারে। আমি জানি বাঁকুড়া জেলায় যে অবস্থা হয়েছে তার জন্য কি করা যায় যাতে পর্যাপ্ত পরিমাণে খাদ্য বাঁকুড়া জেলায় পায়। তার জন্য আমরা চেষ্টা করছি। শুধু চেষ্টা করিনি গত মাসে যখন ১৫ই জুন সেখানে আমি ও জগজীবনরাম গেছি তখন গিয়ে প্রথম কথা ম্যাজিস্ট্রেটদের হাতে কি পরিমাণ খাদ্য আছে জিজ্ঞাসা করায় তাঁরা বলেছিলেন যে ২ হাজার টন মজুত খাদ্য আছে। কাজেই খাদ্যের অভাব হয়নি খাদ্য মজুত ছিল। শুধু তাই নয়, আজকে এ মাসের—কোন মাসে কত পাঠিয়েছি, তার হিসাব সব দিতে পারি—৩,৬৫২ টন খাদ্য পাঠিয়েছি। আমার ইচ্ছা ছিল ৪

হাজার টন দিই, কিন্তু পাই নি বলে দিতে পারি নি। আগামী মাসের ৫ হাজার টন বাঁকুড়াকে দেবো বলে ভাবছি। এবার যে কথা লঙ্গরখানা সম্বন্ধে বলেছেন তাতে আমি বলবো আমি লঙ্গরখানা খোলার বেশী পক্ষপাতী নই। কিন্তু সেখানে দেখেছি কংগ্রেসের ও অন্যান্য লোকেরা বলেছেন এবং জগজ্জীবনরামও বলেছেন যে লঙ্গরখানা খোল। কিন্তু যে যাই বলুব যতটা দুঃখ-কষ্ট দূর করা যায় তার সব কাজই করা হচ্ছে।

রামকৃষ্ণ মিশন, ভারত সেবাশ্রম সংঘ, বিড়লা ব্রাদার্সের তরফ থেকে, মাড়োয়াবী রিলিফ ফাণ্ডের তরফ থেকে এমন কি মেয়র রিলিফ কমিটির তরফ থেকে মেয়ব এসে আমার সঙ্গে দেখা করেন এবং আমি তৎক্ষণাৎ বলি আপনাদেব কত পরিমাণ গম চাই? আমি তখনই তাদের পারমিট দিয়ে দিয়েছি যতটা চেয়েছে। কাজেই এই ব্যাপারে আমি কোন কার্পণ্য করিনি এবং এই কথা বলেছি যাঁরা কলকাতার কথা বলেন এমন কি এই রুটির জন্য যে গম তা থেকে কেটে আমি পুরুলিয়া, বাঁকুড়া ও মালদহ এই তিনটি জায়গায় পাঠিয়েছি এবং কলকাতায় রেশনে যে পরিমাণ দেওয়া হয় অর্থাৎ ১,৭৫০ গ্রাম করে, আমি বলেছি আগামী মাস হতে বাঁকুড়া জেলার কৃষিপ্রধান অঞ্চলে অন্তত ১,৭৫০ গ্রাম করে অর্থাৎ দৈনিক ২৫০ গ্রাম করে দেওয়া হয় এবং এইভাবেই দেওয়া হবে আমি রিলিফ মন্ত্রীকে বলেছি। এই কথা শুধু নয়, আমি ৫ হাজার টন করে বাঁকুড়া জেলার জন্য বরাদ্দ করেছি আগামী জুন মাস থেকে যাতে পায়। অবশ্য গম তো আমার হাতে নেই যদি ভারত গভর্নমেন্ট-এর কাছ থেকে পাওয়া যায় আমি দেবো এবং আশা করি আগামী পুরো দুই মাসই দেবো। আমরা জানি বাঁকুড়া জেলার কৃষকদের কেনবার ক্ষমতা খুব কম। কেনবার ক্ষমতা কম বলে আমি রিলিফ মন্ত্রীকে বলেছি শতকরা ৪০ জনকে একেবারে বিনা পয়সায় রেশন দেওয়া হোক ১,৭৫০ গ্রাম করে আগামী ২ মাস এবং বাকি শতকরা ২০ জনকে অর্ধেক দামে এবং বাকি ৪০ জন যে দামে বিক্রি হবে সেই দামে কিনে নেবে, যাতে চাষবাস ঠিকমত হতে পারে। আমি এই কথা বলতে পারি যে অ্যাডজোর্নমেন্ট মোশান নিয়ে আসব কখন--যখন দেখি যে আমরা বিরোধিতা করি। কিন্তু আমরা যদি চাই রিলিফ করতে, দুঃখ দূর করতে তাহলে আসুন আমরা সবাই মিলে একসঙ্গে বসে রিলিফ করি। তাতে এই অ্যাডজোর্নমেন্ট মোশান নিয়ে আসার কোন প্রয়োজন হয় না। এই কথা পুরুলিয়ার বন্ধুরা বলেছেন যে পুরুলিয়া মিনিমাম ৬ হাজার টন আমার কাছে চেয়েছিল। আমি বলছি আগামী মাস থেকে ৬ হাজার টনই যাবে। এইবারে প্রায় ৫ হাজার টন দেওয়া হয়েছে। আগামী মাস থেকে পুরুলিয়ায় ৬ হাজার টন এবং মালদহে ৫ হাজার টন করে এইভাবে আগামী মাস থেকে দেওয়া হবে এবং বাঁকুড়া, পুরুলিয়া ও মালদহ এই তিনটি জেলায় প্রয়োজন হলে কলকাতার রুটি বা বিস্কুটের পরিমাণ থেকে কিছু কেটে আমি তাদের আরো দেবো এই কথা আমি স্থির করেছি। আমি আশা করি কংগ্রেস পক্ষ থেকে আপনারা যে কেউ এসে দেখতে পারেন আলোচনা করতে পারেন--যে জিনিস আছে তার মধ্যে আমাদের করতে হবে। আসল কথা হচ্ছে পশ্চিমবাংলায় খাদ্যের ঘাটতি এবং এখানে যে খাদ্য কম হয়েছে সেটা অস্বীকার করে লাভ নেই এবং সেটা পূরণ করতে তাই গত বছর ভারত সরকার ১৫.৯ লক্ষ টন খাদ্য দিয়েছিলেন। এবার আমি বলছি না এতটা দিতে। সারা ভারতবর্ষে খাদ্য এইরকম দুর্দিন গত ১০০ বছরের মধ্যে হয় নি। বিহার, উত্তরপ্রদেশ, মধ্যপ্রদেশ, বাংলা এবং আরও অনেক প্রদেশকেই কেন্দ্র থেকে দিতে হচ্ছে এবং গত ১০০ বছরের মধ্যে এইরকম অবস্থা কখনও হয় নি। কাজেই এইসমস্ত কথা বিবেচনা করে আমি বলেছি গত বছর ১৫.৯ লক্ষ টন দিয়েছিলেন, এবার আমাদের মোট ১৫ লক্ষ টন দিন। জানি এবার লোকও বেশী, খাবার লোকও বেশী, তবুও একটু কষ্ট করে থাকতে হবে। কিন্তু দুঃখের কথা আজ দেখছি এই উদ্বৃত্ত জেলা ঘাটতি জেলায় চাল দিচ্ছে না, উদ্বৃত্ত জেলার লোক বলছে আমরা ঘাটতি হয়ে গেছি। আমি বলছি না যে এখন নদীয়া জেলায় আউস ধানের ক্রপ খুব ভাল হবে। ২ লক্ষ ৮৭ হাজার একর জমিতে আউস চাষ হয়েছে এবং সকলে আশা করছেন ১ লক্ষ টনের উপর হবে। তখন আমি জিজ্ঞাসা করেছিলাম কত টন প্রোকিওর করতে পারবেন? বলল মোট ১ হাজার টন। ১ লক্ষ টন থাকতে এই যদি অবস্থা হয় ৫ হাজার দিক কিম্বা ১০ হাজার দিক যদি এখন দিত—কিন্তু যখন নদীয়া দেবে তখন দরকার শেষ হয়ে যাবে। কাজেই দেশের এই অবস্থা হয়েছে। নদীয়া মনে করছে যদি এখন দিয়ে দিই তাহলে হয়ত পরে আর পাওয়া যাবে না। এইরকম অবস্থায় সারা বাংলাদেশকে এক ভেবে কাজ করতে এবং যে আউস ধান উঠবে আমি মনে করি কয়েক লক্ষ টন চাউল পাওয়ার মত হবে।

আগস্ট, সেপ্টেম্বর, অক্টোবর এই তিন মাস খুব দুঃখের সময় হবে। আর নভেম্বর ডিসেম্বর মাসে আমন ধান উঠবে। কাজেই যাতে কষ্ট না হয় সেজন্য আসুন আমরা সকলে মিলে এক সঙ্গে বসে কাজ করি এবং এই সমস্যার সমাধান করি। শ্রীমতী পুরবী দেবী বলেছেন যে, হ্যাঁ প্রফুল্লবাবুর খাদ্য নীতির বিরুদ্ধে কোন কোন ওদিকের লোকেরা বলেছেন। আমি তো বলছি কংগ্রেসের একজন বিশিষ্ট নেতা কে[illegible]য় মন্ত্রী তিনি আমায় বলেছিলেন প্রফুল্লবাবু আমার বিরুদ্ধেও কংগ্রেসের লোকেরা নির্বাচ[illegible] করেছেন। এটা এক দলেরই নয়, সকল দলেরই এই অবস্থা হয়েছে। আমি তো কো[illegible]ভুক্তই নই। হতে পারে, হওয়া স্বাভাবিক।

[6-35—6-45 p.m.]

এই তো আমাদের দেশের অবস্থা। সেই কথা বুঝে আমাদের কাজ করতে হবে। ইট আর লাউ ফাংশ্যানিং ইন এ ডেডলক এর মধ্যেও আমাদের কাজ করতে হবে, এর মধ্য দিয়ে লোকের দুঃখ দূর করতে হবে। কিন্তু খাদ্য নিয়ে যেন আমরা কোন রাজনীতি না করি। খাদ্য নিয়ে রাজনীতি আমি বলছি হচ্ছে

But show the surprise Show the surprise on you also

আমি এই কথা বলছি

I shall show the surprise on myself and I request you to show the surprise on yourself also.

এবং সেই কথা যদি বলি এবং আপনাদের বিচারক আমি নই, আপনারা যদি বলেন হ্যাঁ, যে নিজের কর্তব্য ঠিক পালন করছেন, কোন রাজনীতি আসছে না, তবে বিচারক আপনাদের বিবেক আর ঐ উপরওয়ালা। সকলকে ঠকাতে পারেন কিন্তু নিজেকে ঠকাতে পারবেন না। তাই শংকরাচার্য বলেছিলেন, 'আমরনাং কিম্ সল্লম্ প্রচ্ছনা যতকৃতং পাপং। জীবনের শেষ দিন পর্যন্ত সেই কথার মধ্যে থাকবো। গোপনেও পাপ করা যায় আশা করি আমরা গোপনে পাপ করবো না। আমরা সকলে যদি সেইভাবে একত্র হয়ে কাজ করি তাহলে এই দুঃসময়েও বাংলার দুঃখ দূর করতে পারবো। আমি আর একটা কথা বলে আপনাদের সাবধান করে দিতে চাই যে, এই বৎসর শুধু বাইরে থেকে গম আসছে, আমেরিকান গম বহু এসেছে কিন্তু আগামী বছর এর অর্ধেকের অর্ধেকেও গম আসবে না। যদি আমরা উৎপন্ন করতে না পারি তাহলে যেই হোন এবং যতই চিৎকার করুন না কেন কিছুই হবে না। আমি সেইজন্য একজনকে বলেছিলাম যে আমাকে কাটলে রক্ত বেরোবে শরীর থেকে, কিন্তু গম বেরোবে না। আমাকে কাটতে পারেন কিন্তু গম বা চাল বার হবে না। তাই আপনাদের বলছি আসুন আমরা, আপনারা সকলে মিলে একত্র হয়ে এই খাদ্য সমস্যার সমাধান করি। কিসে উৎপাদন বাড়াতে পারি এবং অতীতে ভুল করেছি ঠিক কথা, ভুল মানুষ করে থাকে, সকলেই করে- কি সে বিঘা প্রতি, একর প্রতি ফলন বাড়ানো যায়, এক জমিতে এক ফসল না হয়ে তিন ফসল কি ভাবে হয় -আমি ১৯৩৬-৩৭ সালে বাঁকুড়া জেলার গ্রামে গ্রামে পায়ে হেঁটে ঘুরেছিলাম তখন দেখেছিলাম যে, এক মাঠে ৬০টি পুকুর—এত পুকুর কেন, এই পুকুর থেকে জলসেচের কাজ হয়। তখন আমি রিলিফ করতে গিয়েছিলাম তখন বলেছিলাম যে, শুধু ডোলস দেবো না, বিনা পয়সায় কিছু দেবো না, পুকুরগুলোর পঙ্ক উদ্ধার করুক, দরকার যদি হয় বেশী পয়সা দেবো। এই ২০ বছরে যদি বাঁকুড়া জেলার পুকুরগুলোর পঙ্ক উদ্ধার করতেন তাহলে হয়তো বাঁকুড়া জেলায় যে জমি তাতে দোফসলা ছিল, সেইগুলো আবার দোফসলা হতো। বাঁকুড়া জেলার বড় বড় বাঁধগুলোর যদি সংস্কার করতেন তাহলেও হতো। আমরা আশা করি সেইভাবে কাজ করতে পারবো এবং এক ফসলকে দোফসলা এবং দোফসলকে তিন ফসল করে কৃষকের অবস্থা যাতে ভাল হয় সেই জন্য চেষ্টা করবো। আজকে সবচেয়ে অধঃপতিত কৃষক, আজকে সবচেয়ে গরীব কৃষক এবং আমি মনে করি যে তাদের উন্নতির জন্য ব্যবস্থা করা উচিত। আসুন আমরা একত্র হয়ে সেই ব্যবস্থা করি এবং তার মধ্যে বিরোধীদল এবং সরকারপক্ষ যেন না হয় কারণ আপনাদের খেতে হবে। আমি আপনাদের জন্য খাদ্যমন্ত্রী, আপনাদের না খাইয়ে রাখা যায় না এবং এদিককার জন্যও খাদ্যমন্ত্রী। আশা করি সকলে একত্র হয়ে সেই জিনিস আমরা করতে পারবো। অবশেষে আমি বলবো যে আপনারা অ্যাডজোর্নমেন্ট মোশান বাতিল করে দেবেন এই আমার নিবেদন এবং আসুন একত্র হয়ে এই দুর্দিনের অবসান ঘটাই যেন আগামী বছর আর এইরকম না হয়, এই বলে আমি শেষ করছি।

**Shri Nishith Nath Kundu:**

াননীয় স্পীকার মহাশয়, যে প্রশ্ন আজ এখানে তোলা হয়েছে, তার জবাব দেবার সময় নাই। র্যান এই প্রস্তাব উপস্থিত করেছেন—শ্রীমতী পূরবী দেবী তিনি তো সাধারণ সদস্যা নন, তিনি আগে মন্ত্রী ছিলেন। এই ম্যানুয়াল অন ফেমিন ১৯৫৯ সালে তাঁরা তৈরি করেছেন। আমি াঁর আলোচনা শুনেছি। তাঁর সম্বন্ধে আমার ধারণা হয়েছে তিনি প্রতিভাশালিনী। আমি লতে চাই যাঁরা প্রতিভাশালিনী হন, তাঁদের স্মৃতিশক্তি খুব তীক্ষ্ম হয়। তিনি কি করে এই ্যানুয়ালের কথা ভুলে গেলেন এবং বাঁকুড়াকে ফেমিন-এর মধ্যে গ্রহণ করবার জন্য এত পীড়াপীড়ি করছেন? এই ম্যানুয়াল অফ রিলিফ অফ ডিসট্রেস তৈরি তো আপনারাই করেছেন। আমি তার থকে একটু পড়ে শোনাই কয়েকটা লাইন- ৫৮ দফা থেকে

"Relief works in a welfare State should not be negative in character, just to find out if the reasons of distress are real or deceptive as envisaged in ... old Famine Code, 1913 or in the Famine Manual, 1941. There are now to be opened on the appearance of distress symbolised by unemployment amongst rural labour. The three stages of distress as laid down in the old Famine Code, 1913, namely, observation and test, scarcity (intermediate between the stage of observation and test and that of famine) and severe distress (famine) should no longer constitute the phases of relief.

এটা মনে করতে হবে।

The provisions of the Code for declaration of famine or scarcity have been dispensed with.

এটা তুলে দিলেন কেন?

Government now accept full responsibility for relief operations without declaring famine or scarcity. Relief works may now be defined as works opened for relieving unemployment amongst rural labour.".

এই যে রিলিফ ম্যানুয়াল আপনারা করেছেন, এটা পড়ে আমি চমৎকৃত হয়েছি। এই রিলিফ ম্যানুয়াল-এ আছে লোককে শুধু আমাদের বাঁচিয়ে রাখবার দায়িত্ব নয়, আমাদের দায়িত্ব হচ্ছে একটা স্ট্যান্ডার্ড মেন্টেইন করা। এই চমৎকার রিলিফ ম্যানুয়াল আপনারা করেছেন। তা একেবারে ভুলে গিয়ে ফেমিন ডিক্লেয়ার-এর জন্য পীড়াপীড়ি করছেন আপনারা। আপনারা গত ১৯ বছর রিলিফে যে টাকা খরচ করেছেন, তার গড় হচ্ছে ৫ কোটি ৩৫ লক্ষ টাকা। এই টাকা খরচ করবার পর আমরা যদি রিলিফের জন্য আরো খরচ করি, তাহলে উদ্বৃত্ত টাকার শতকরা ৭৫ ভাগ টাকা ভারত গভর্নমেন্ট দেবেন এবং আর ২৫ ভাগ লোন দেবেন। কাজেই ওখানে ফেমিন ডিক্লেয়ার করবার কোন আবশ্যকতা নাই, তার সুযোগও নাই। সামান্য ডিসট্রেস যেদিন দেখা দেবে, সেদিন থেকে রিলিফ দেবার দায়িত্ব আমাদের নিতে হবে। সেই দায়িত্ব আমরা নিয়েছি। কিন্তু আমরা সঙ্গে সঙ্গে স্বীকার করেছি আমাদের সীমিত শক্তি-সামর্থ্য, সীমিত রিসোর্সেস। যেরকম ভাবে রিলিফ দেওয়া দরকার, তা আমাদের নাই এই গরীব দেশেতে।

আমি বাঁকুড়া পুরুলিয়া ঘুরে এসে যে বিবৃতি দিলাম তাতে দেশের জনসাধারণ সাড়া দিয়েছে আমি ৪ঠা মে প্রধানমন্ত্রীকে চিঠি লিখলাম খুব আবেদন-নিবেদন করে। তার জবাব কি দিলেন জানেন? যেমন সাধারণভাবে গভর্নমেন্ট একনলেজমেন্ট দেন, সেইরকমভাবে লিখলেন। তাতে প্রাণের কোন স্পর্শ সেই জবাবে পাই নি। তারপর অনেকদিন পর জবাব এলো কেন্দ্রীয় খাদ্য-মন্ত্রীর কাছ থেকে। আমি তাঁকে লিখেছিলাম—আপনি যদি আমাদের উপর নির্ভর করেন বিশ্বাস করেন, একটা স্পেশাল কোটা হিসেবে কিছু চাল-গম ও টাকা আমাদের দিন। আমি অবশ্য চিঠিতে কোন পরিমাণ উল্লেখ করি নাই। তারপর অনেকদিন পর কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী জগজীবনরামের কাছ থেকে চিঠি এলো—এখানে আসার কয়েকদিন আগে ; তিনি তাতে লিখলেন, আমরা বলেছিলাম আপনাদের কোন রেসপনসিবল লোক এখানে পাঠিয়ে দিন, যদি আমাদের বিশ্বাস না করেন তিনি লিখলেন ১৯৬৬ সালের নভেম্বর ও ১৯৬৭ সালের জানুয়ারিতে আমাদের লোক ঘুরে এসেছে। আমি অবাক হয়ে গেলাম ১৯৬৬ সালের নভেম্বর-ডিসেম্বর এবং ১৯৬৭ সালের জানুয়ারির অবস্থা কি—১৯৬৭ সালের মার্চ-এপ্রিল, মে-জুনের অবস্থার সঙ্গে তুলনা করা যায়? তিনি একথা একটু চিন্তা করুন।

[6-45—6-55 p.m.]

এ কথা তিনি চিন্তা করলেন না। আজকে দায়িত্বের প্রশ্ন উঠেছে। আমাদের নিশ্চয়ই স্বীকার করতে হবে প্রাদেশিক সরকারের নিশ্চয়ই দায়িত্ব আছে। কিন্তু কেন্দ্রীয় সরকারেরও কি এতে দায়িত্ব নেই ? আপনারা জানেন আমরা ইচ্ছা করলেও, যেসমস্ত সারপ্লাস প্রভিন্স আছে, সেখান থেকে নিজেরা গিয়ে খাদ্য আনতে পারি না। আমরা ভারতবর্ষের বাইরে থেকেও খাদ্য আনতে পারি না। আমাদের খাদ্য আনতে হলে কেন্দ্রীয় সরকারের অনুমোদন, অনুমতি, তাদের সাহায্য চাই। পুরুলিয়া, বাঁকুড়ায় যে দুর্ভিক্ষ দেখা দিয়েছে, এটা ত একদিনে আসেনি। নভেম্বর মাসে যখন ফসল উঠলো, তখন আপনাদের কংগ্রেস সরকার এখানকার এবং কেন্দ্রের কাছে কোন ফিগার্স অফ স্ট্যাটিস্টিকস ছিল যে, যে ফসল হল তাতে সমগ্র দেশকে খাইয়ে বাঁচিয়ে রাখা যাবে না। একটা প্রভিন্স ঘাটতি তো নয়, এমন অসংখ্য প্রভিন্স আছে। কেবলমাত্র অন্ধ্র, মাদ্রাজ, হরিয়ানা এবং পাঞ্জাব উদ্বৃত্ত এলাকা। তাদের সাড়ে আট লক্ষ মেট্রিক টন খাদ্য দিতে হয়। আমি বলি, কংগ্রেস এবং নন্ কংগ্রেস প্রভিন্স বলে যে কিছু করছেন তা মনে হয় না। কিন্তু তাই বলে কি তাদের দায়িত্ব ফুরিয়ে গেলো! নভেম্বর মাসে যখন দেখা গেলো যে খাদ্য আসছে না, তখনও সুয়েজ বন্ধ হয় নি, তখন ডেফিসিট প্রভিন্স-এর জন্য যা খাদ্য দরকার, তা সংগ্রহ করলেন না কেন? এর চেয়ে দূরদৃষ্টিহীনতা ও কর্তব্যজ্ঞানহীনতার পরিচয় আর কি হতে পারে, আমাকে বলুন। আজকে জোতদার, মজুতদারদের নামে আমরা নালিশ করছি তারা খাদ্য আটক রেখে লোককে মেরে ফেলছে। কিন্তু আমাদের কেন্দ্রীয় সরকার কি করলেন? তাঁদের যে দায়িত্ব ছিল, তা তাঁরা পালন করেন নি। আমি ত মনে করি যারা জোতদার মজুতদার, মুনাফাখোর, যারা খাদ্য পাচার করছেন, তাঁদের চেয়ে, এঁরাও কোন অংশে কম নন। আপনারা বলেছেন, একজন বন্ধু [illegible] বলেছেন ট্রাকে করে জল নিয়ে যাওয়া হচ্ছে। আমি নিজে দেখে এসেছি সুদূর পল্লীতে গিয়ে ঘুরে ঘুরে—বাঁকুড়া, পুরুলিয়াতে দেখেছি সেখানে এই ট্রাকের জল যখন গিয়ে পৌঁছায় তাতে কত লোক উপকৃত হচ্ছে, তা বলা যায় না। এই ট্রাকের জলের যে খরচ, তা খুব বেশী নয় এবং এখনই তো কুয়া বা টিউবওয়েল সব জায়গায় খুঁড়ে বসানো সম্ভব নয়। কাজেই ট্রাকের জল যে দেওয়া হয়েছে, যা আমরা দিয়েছি, তা সেখানে প্রয়োজন আছে মনে করেই দিয়েছি। এই জলে যে কত উপকার হয়েছে তা সেখানকার অধিবাসীদের কাছে জিজ্ঞাসা করলেই জানতে পারবেন। আপনারা যদি একটু অনুসন্ধান করে দেখেন তাহলে দেখতে পাবেন গ্রামবাসীরা এই জলের দ্বারা বিশেষ উপকৃত হয়েছে। এই হল সেখানকার অবস্থা। এখানে কোন কোন সদস্য মন্তব্য করে বলেছেন যে আমরা রিলিফের কাজ কিছুদিনের জন্য বন্ধ করে রেখেছিলাম। একথা সত্য, আমি স্বীকার করছি। কিন্তু তার কারণ আছে। আপনারা জানেন, শুধু বাঁকুড়াতেই ১১৪টি ক্রিমিন্যাল প্রসিকিউসান কেস করতে হয়েছিল রিলিফের টাকা তছরূপ করার জন্য।

(নয়েজ অ্যান্ড ইন্টারাপশানস)

(এ ভয়েস কে করেছিল?) আপনারা কি জানেন না কে করেছিল? আপনারা কি এ বিষয় খোঁজখবর করেন নি যে কিভাবে টাকাগুলো গেলো? আমরা চাই যাতে রিলিফের টাকা, যাদের প্রয়োজন আছে, তাদের কাছে ঠিক সময় পৌঁছে যায়। কাজেই আমাদের যে দায়িত্ব ছিল সেই দায়িত্বজ্ঞান আমরা মনে করি যাতে নষ্ট না হয় আগেকার সরকারের মত, সেইজন্য কিছু দেরী হয়েছিল। আপনারা জানেন যে ওঁরা তিন হাজার টাকাতে একটা কুয়া কেটেছিলেন। সেই কুয়ার জল যখন শুকিয়ে গেলো, তখন আর কোথাও জল মিললো না। অতি অল্প সময়ের মধ্যেই সেই কুয়ার জল শুকিয়ে গেলো। সেই টাকার কি সদ্ব্যবহার হয়েছে? সেই টাকায় কি দেশের উপকার হয়েছে? আপনারা সেটা চিন্তা করুন। বলা যায় অনেক কথা। ইন্দিরা গান্ধী বলেছেন দেশের একটি লোককেও অনাহারে মরতে দেবো না। সে কোথাকার লোক? সেটা কি শুধু দিল্লীর লোকের জন্য, বাংলাদেশের লোকের জন্য নয়? তার দায়িত্ব কি তাঁর নেই? আজকে যে আমরা চেষ্টা করে, ধার করে খাদ্য আনছি অন্ধ্র, মাদ্রাজ, হরিয়ানা, পাঞ্জাব প্রভৃতি উদ্বৃত্ত এলাকা থেকে; সেই প্রচেষ্টা কেন তাঁরা করেন নি কেন্দ্র থেকে? সুয়েজ বন্ধ হয়ে যাবার আগে কেন অস্ট্রেলিয়া থেকে গম আনেন নি? এর জবাব কি আপনারা দেবেন? আজ নিরপেক্ষভাবে দেশের লোককে বাঁচাতে হবে, সেবা করতে হবে, এই মনোভাব নিয়ে, আসুন

আমরা সকলে একত্রিত হয়ে কাজ করি, খাদ্যসমস্যা সমাধান করবার চেষ্টা করি। (মিঃ স্পীকার: আপনি আর কত সময় নেবেন! এর রিপ্লাই উনি আবার দেবেন।) আমি শেষ করছি। কিন্তু আমার উপর যে এত দাবী ও'রা করেছেন। ও'রা বলেছেন, কিছু রিলিফ হয়নি। কিছু রিলিফ হয়নি মানে কি? কই কিছু ত বললেন না, রিলিফটা কি? রিলিফটা কি ও'দের? তারপর দেখলাম যে লঙ্গরখানা খোলার ও'রা ভয়ঙ্কর বিরোধী। কিন্তু আবার বললেন, আমি শুনেছি, যদি ভুল করে থাকি ক্ষমা করবেন, যে লঙ্গরখানা আমরা খুলেছি। এটাত অত্যন্ত ইনকন্সিসটেন্ট। উনি বললেন লঙ্গরখানা আমরা খুলেছি. অত্যন্ত ইনকন্সিসটেন্ট. লঙ্গরখানা খুলতে যদি ভিখারী বানান হয় তাহলে আপনি আবার নিজে গিয়ে লঙ্গরখানা খুললেন কেন? এই প্রশংসা নেবার আপনার দরকারটা কি, লঙ্গরখানা খুলে? আপনি আমাদের অনেক পরে গিয়েছেন। আমি বলে দিচ্ছি মোটামুটি হিসাবটা। বাঁকুড়ায় আমন ক্রপ ৬০ পার্সেন্ট ফেল করেছে, আউশ ৭৫ পার্সেন্ট ফেল করেছে এটা মনে রাখবেন। ২,০৬০ স্কোয়ার মাইল অ্যাফেকটেড হয়েছে, ১৫·৪ লক্ষের মধ্যে ১২—১২॥ লক্ষ এরিয়াটা অ্যাফেকটেড হয়েছে। কিন্তু অ্যাকচুয়ালি আমাদের হিসাব খুব সায়েন্টিফিক নয় এটা আমি স্বীকার করছি তবে সাড়ে ছয় লক্ষ অ্যাফেকটেড হয়েছে। আমরা ১৫ই জুন পর্যন্ত ১৫ লক্ষ ৩ হাজার ৫০০ টাকা জি আর দিয়েছি ক্যাশ। তারপরে ক্যাশ অ্যান্ড কাইন্ড দিচ্ছি আমরা কত লোককে তার হিসাব দিচ্ছি। রিলিফ দিয়েছি আমরা এপ্রিল মাসে ১,৫০,২৮৫ আর মে মাসে ৩,৯৪,১৭১ এবং ফার্স্ট ফর্টনাইট অফ জুনে দিয়েছি ৩,৪০,১৭৬। লঙ্গরখানা খুলেছি, গভর্নমেন্ট খুলেছে ১০টি, জনসাধারণ খুলেছেন ৫২টি। তাছাড়া আমরা চিপ ক্যান্টিন এবং ড্রাই ডোলের ব্যবস্থা করেছি। এইসব ব্যবস্থাগুলি হচ্ছে বে-সরকারী দিক থেকে। সেই বে-সরকারী প্রতিষ্ঠানগুলিকে যেমন রামকৃষ্ণ মিশন, ভারত সেবাশ্রম সংঘ প্রভৃতি অনেক মিশনকে আমরা ১০ হাজার, ২৫ হাজার টাকা দিয়েছি, তাদেরকে আমরা গম দিচ্ছি। আমরা টেস্ট রিলিফ দিচ্ছি. আমাদের ৩২৭টা টেস্ট রিলিফের কাজ সেখানে হচ্ছে। আমরা দিয়েছি এগ্রিকালচারাল লোন দিয়েছি ২০ লক্ষ ৪০ হাজার টাকা, ক্যাটেল পার্চেস লোন দিয়েছি ১,৫০,০০০ টাকা। আমরা গম দিয়েছি ১,৫১৩ মেট্রিক টন এবং ৫৩৮ মেট্রিক টন অফ মাইলো দিয়েছি। এছাড়া ১০ হাজার কুইন্টাল প্যাডি সিডের জন্য ৯,৫০,০০০ আর মেয়েদের জন্য শাড়ি দিয়েছি।

(তুমুল হট্টগোল)

এছাড়া আমরা টিউবওয়েল সেখানে দিয়েছি এবং দৈনিক ট্রাকে করে ৫০ হাজার গ্যালন জল দিয়েছি। এইভাবে আমরা সেবা করবার চেষ্টা করেছি, আর বহু সেন্টার সেখানে কাজ করছে। অনেক কথা বলার ছিল কিন্তু সময়ের অভাবে বলা হল না।

(তুমুল হট্টগোল)

শ্রীমতী **পূরবী মুখোপাধ্যায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, খুবই দুঃখের এবং পরিতাপের বিষয় এই যে, রিলিফ মন্ত্রীমহাশয়ের কথা আমরা শুনবার জন্য অত্যন্ত আগ্রহ প্রকাশ করেছিলাম কিন্তু তিনি বলবার সুযোগ পেলেন না এবং আমরাও শুনবার সুযোগ পেলাম না। যেভাবে টাইম অ্যালটমেন্ট করা হয়েছে তাতে বিরোধীপক্ষকে গ্যাগ করার চেষ্টা হয়েছে এটা আপনি লিপিবদ্ধ করুন।

(তুমুল হট্টগোল)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার মুলতুবী প্রস্তাব সম্পর্কে যে সমস্ত অভিযোগ আনা হয়েছে সময় যদি আপনি অনুগ্রহ করে দেন তাহলে তার প্রত্যেকটির জবাব আমি দেব। ডঃ প্রফুল্ল চন্দ্র ঘোষ................................

(তুমুল হট্টগোল)

আমি জানি আপনারা সময় দেবেন না, কারণ এই কথাগুলি এক তরফা বলে যাওয়ার জন্য আপনারা সময় দিতে চান না। মাননীয় অধ্যক্ষ মহাশয়,.............................

[6-55—7-01 p.m.]

**ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষঃ** স্যার, আই রাইজ অন এ পয়েন্ট অফ অর্ডার, উনি বলেছেন যে গ্যাগ করা হয়েছে, গ্যাগ করা না করা সেটা স্পীকারের উপর নির্ভর করছে, সেটা স্পীকারের অধিকারের ব্যাপার। কে গ্যাগ করেছে? আমরা ত কোন গ্যাগ করি নাই। এই রিমার্ক উনি করলেন কি করে?

**Mr. Speaker:**

আমাকে মানে স্পীকারকে যদি কিছু বলে থাকেন যে গ্যাগ করেছেন তাহলে সেটা আপনাকে দয়া করে উইথড্র করতে হবে। ইউ মাস্ট উইথড্র।

**শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ** আমি নিশ্চয়ই প্রত্যাহার করবো, কিন্তু আমাকে বলতে দিতে হবে। মাননীয় স্পীকার মহাশয়, টাইম অ্যালটমেন্ট ত আপনি করেন নি, আপনি কি করে গ্যাগ করবেন? আমাদের এখানে যে ৭টা অবধি টাইম লিমিট দিয়েছিলেন তাতে আমাদের এখানে উত্তর দেবার টাইম দেওয়া হয়নি বলে আমি গ্যাগ করার কথা বলছি এবং এই অভিযোগ যদি সত্য না হয় তাহলে উত্তর দেওয়ার জন্য আপনি আমাকে সময় দিন, প্রার্থনা করছি।

(তুমুল হট্টগোল)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখন যে স্বল্প সময় আছে এর মধ্যে এই প্রস্তাবের উপর আমরা ডিভিশন কল করতে চাই বলে আমার রাইট অফ রিপ্লাই থাকা সত্ত্বেও যেহেতু ৭টা পর্যন্ত টাইম লিমিট সেহেতু আমি কোন জবাব না দিয়েই বসে পড়ছি শুধু এইটুকু প্রতিবাদ জানিয়ে যে, মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয় এবং মাননীয় ত্রাণমন্ত্রী মহাশয় বাঁকুড়ার দুর্ভিক্ষকে ছোট করে দেখানোর চেষ্টা করেছেন। আমি এর প্রতিবাদ জানাই। তাঁরা রিলিফ সম্পর্কে যেসব স্টেপস নিয়েছেন বলছেন সেগুলি পরিস্থিতি মোকাবেলার পক্ষে সম্পূর্ণ ইন-অ্যাডিকোয়েট। আর একটা কথা আমি বলে দিই এই সঙ্গে যে, খাদ্য নিয়ে, রিলিফ নিয়ে, রাজনীতি করার উদ্দেশ্য আমাদের নেই, কারণ আমরা চাই যে এই যুক্তফ্রন্ট সরকার গদিতে থাকুন এবং আমরা চাই যে, এই যুক্তফ্রন্ট সরকার যেসমস্ত প্রতিশ্রুতি দিয়েছিলেন সেই প্রতিশ্রুতি অক্ষরে অক্ষরে পালন করুন।

The motion of Shrimati Purabi Mukhopadhyay that this Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely, anti-people food policy and inadequate relief which have caused famine in the district of Bankura, was then put and a division taken with the following result:—

NOES—134.

Abdul Bari, Shri Md.
Abdul Haque, Shri
Abdul Latif, Shri Md.
Amirali Molla, Dr.
Baksi, Shri Manoranjan
Bandopadhyay, Shri Amiya Bhusan
Banerjee, Shri Subodh
Banerji, Shri Radhika Ranjan
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jyoti
Basu, Shri Mukul
Bazle Ahmad, Shri
Bera, Shri Sasabindu
Bhandari, Shri Netai
Bhandari, Shri Sudhir Chandra
Bhattacharya, Shri Jyoti Bhusan
Bhattacharya, Shri Nani
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhowmik, Shri Kanai

Biswas, Shri Ajit Kumar
Bose, Shri Brindaban Behari
Chakraborty, Shri Kshudiram
Chakraborty, Shri Sadhan Kumar
Chatterjee, Shri Hara Prasad
Chatterjee, Shri Ram
Choubey, Shri Narayan
Dakua, Shri Dinesh Chandra
Dal, Shrimati Nanda Rani
Das, Shri Debendra Nath
Das, Shri Jagadish Chandra
Das, Shri Mahatab Chand
Das, Shri Nikhil
Das, Dr. Sailendra Nath
Das, Shri Sudhir Chandra
Das Ghose, Shri Biswanath
Das Gupta, Shri Bibhuti Bhusan
Das Mahapatra, Shri Kamakshyanandan
Dhara, Shri Sushil Kumar
Elias Razi, Shri Md.
Franklin, Shri L. H.
Gayen, Shri Prasanta Kumar
Ghose, Shri Kamakshya Charan
Ghosh, Shri Krishna Pada
Ghosh, Dr. Prafulla Chandra
Golam Mahiuddin, Shri
Golam Yazdani, Dr.
Guha, Shri Kamal Kanti
Guha Neogi, Shri Anildhar
Gurung, Shri Nandalal
Haldar, Shri Hrishikesh
Halder, Shri Krishna Chandra
Hansda, Shri Jagatpati
Hazra, Shri Lalit
Hazra, Shri Monoranjan
Hicks, Shri Clifford
Jana, Shri Manindra Nath
Jaynal Abdin, Shri
Kar, Shri Dhananjoy
Konar, Shri Hare Krishna
Kundu, Shri Nishitha Nath
Mahato, Shri Amulya Ratan
Mahato, Shri Chittaranjan
Mahato, Shri Girish
Maity, Shri Baneswar
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Gobardhan
Majhi, Shri Kandru
Maji, Shri Guiram
Maji, Shri Panna Lal
Majumdar, Shri Amalesh Chandra
Majumdar, Shri Apurba Lal
Majumdar, Shri Dilip Kumar
Majumdar, Shri Harendra Nath
Majumder, Shri Jagannath
Malakar, Shri Ajoy
Mandal, Shri Kalipada

Mandal, Shri Kumud Ranjan
Mandal, Shri Rabin
Mandal, Shri Siddheswar
Mitra, Shri Chandipada
Mitra, Shri Haridas
Mitra, Shrimati Ila
Mitra, Shri Sunil Kumar
Mondal, Shri Manindra Chandra
Mondal, Shri Sasanka Sekhar
Mondal, Shri Tinkari
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri [illegible]
Mukherjee, Shri Niranjan
Mukherjee, Shri Rabin
Mukhopadhyay, Shri Ajoy Kumar
Murmu, Shri Nathaniel
Naskar, Shri Gangadhar
Naskar, Shri Sundar Kumar
Noney, Shri W. H.
Noronha, Shri Clifford
Nuhul Islam, Shri
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammed
Ojha, Shri Samarendra
Pahari, Shri Bibhuti
Pal, Shri Kanai
Panda, Shri Bhupal Chandra
Pramanick, Shri Gangadhar
Pramanick, Shri Radhikanath
Pramanik, Shri Rajani Kanta
Purkait, Shri Prabodh
Rai, Shri Deoprokash
Roy, Shri Amalendru Lal
Roy, Shri Haradhan
Roy, Shri Jagadananda
Roy, Shri Jyotish
Roy, Dr. Narayan Chandra
Roy, Shri Phakir Chandra
Roy, Shri Provash Chandra
Roy Barman, Shri Khiti Bhusan
Roy Hakim, Shri Bhabendra Nath
Roy Prodhan, Shri Amarendra Nath
Saha, Shri Kripasindhu
Saha, Shri Madan
Salimuddin, Shri Md.
Samanta, Shri Gouranga
Sanyal, Dr. Nalinaksha
Saren, Shri Bhabatosh
Sarkar, Shri Charu Mihir
Sarkar, Shri Nitaipada
Sarkar, Shri Sasthidas
Sen, Shri Jamini Ranjan
Sen, Shri Lakshmi Charan
Sen, Dr. Sadhan Kumar
Sen Gupta, Shri Niranjan
Sen Gupta, Shri Tarun Kumar
Shahedullah, Shri Syed
Shish Mahammad, Shri
Tah, Shri Dasarathi

AYES—87.

Abdul Gaffar, Shri Quazi
Abdul Latif, Shri
Abdullah, Shri S. M.
Abdus Sattar, Shri
Ahmad Hossain Mondal, Shri
Azizur Rahaman, Shri
Bagchi, Shri Amalendu Kumar
Bandyopadhyay, Shri Satya Narayan
Banerjee, Shri Mrityunjoy
Barman, Shri Prasenjit
Barman, Shri Syama Prasad
Bauri, Shri Nepal
Bhattacharjee, Shri Golokesh
Bhattacharjee, Shri Sreepada
Bishayee, Shri Paramananda
Bhuniya Shri Nitya Nanda
Bose, Shri Maharaja
Brahmachari, Shri Bholanath
Chalak, Shri Kali Kinkar
Chatterjee, Shri Arun
Chaudhuri, Shri Narayan Chandra
Choudhury, Dr. Sasiu Bhusan
Chunder, Dr. Pratap Chandra
Das, Shri Ambika Charan
Das, Shri Makhan Lal
Dhara, Shri Hansadhawaj
Dhibar, Shri Pramathanath
Dutta, Shrimati Sudharani
Fazlur Rahaman, Shri S. M.
Goswami Shri Paresh Chandra
Haldar, Shri Nalini Kanta
Hazra, Shri Santimoy
Jalan, Shri Iswardas
Khalil Sayed, Shri
Kolay, Shri Jagannath
Kundu, Shri Rajnarayan
Lakra, Shri Denis
Mahato, Shri Ramkrishna
Maiti Shrimati Abha
Mandal, Shri Bhudeb Chandra
Mandal, Shri Prabhakar
Misra, Shri Sourindra Mohan
Misra, Shri Trilokes
Mitra, Shrimati Biva
Mitra, Shri Dwijendranath
Mitra, Dr. Gopika Ranjan
Mitra, Shri Satyanarayan
Mohammad Sayeed Mia, Shri
Moitra, Shri Arun Kumar
Mondal, Shri Girindra
Mondal, Shri Sudhir Kumar
Mukhapadhyay, Shrimati Purabi
Mukherjee, Shri Brajabilash
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, Shri Saila Kumar
Mukherjee, Shri Sailendra Nath

Mukhopadhyay, Shri Pasupati
Murmu, Shri Boila
Murmu, Shri Dashukaran
Nahar, Shri Bijoy Singh
Nandy, Shri Sachindra Mohan
Nadjinarai, Shri Dhirendra
Nuran Nabi, Shri T. A.
Pal, Shri Probhakar
Paul, Shri Sushil Kumar
Pradhan, Shri Trailokyanath
Prasad, Shri Shiromani
Roy, Shri Gonesh Prosad
Roy, Dr. Indrajit
Roy, Shri Jatindra Mohan
Roy, Shri Santi Mohan
Roy, Shri Santosh Kumar
Saha, Shri Kanai (Birbhum)
Saren, Shri Mangal Chandra
Sasmal, Shri Bankim Chandra
Sattar, Shrimati Nurunnesa
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Shamsuddin Ahmed, Shri
Sharma, Shri Joynarayan
Sinha, Shri Debendra Nath
Sinha Roy, Shri Panchanan
Topna, Shri Anotom
Tudu, Shri Budhan Chandra
Upadhyay, Shri Mihir
Wangdi, Shri Tenzing
Zainal Abedin, Dr.

The Ayes being 87 and the Noes 134, the motion was lost.

**Mr. Speaker:** The House stands adjourned till 1 p.m. tomorrow

## Adjournment

The House was accordingly adjourned at 7-01 p.m. till 1 p.m. on Thursday, the 30th June, 1967, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Building, Calcutta, on Friday, the 30th June, 1967, at 1 p.m.

## Present

Mr. Speaker (Shri BEJOY KUMAR BANERJEE) in the Chair, 14 Ministers and 229 Members.

## STARRED QUESTIONS

### To which oral answers were given

[1—1-10 p.m.]

### Nabadwip Electricity Supply

***18.** (Admitted question No. *11.) **Dr. Narayan Chandra Ray:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) who owns the organisation of Nabadwip Electricity supply;

(b) what is their area of supply in Nabadwip;

(c) whether they generate their own power;

(d) whether they are receiving any power supply from Government power supply; and

(e) whether there is any proposal of the Government to reorganize the Nabadwip Electricity supply?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** (ক) ওয়েস্ট বেঙ্গল পাওয়ার সাপ্লাই কোঃ লিঃ উক্ত সংস্থায় মালিক এবং বি এন ইলিয়াস কোঃ প্রাঃ লিঃ উক্ত কোম্পানীর ম্যানেজিং এজেন্ট।

(খ) নবদ্বীপের নিম্নোক্ত চৌহদ্দিভুক্ত এলাকায় উক্ত সংস্থা বিদ্যুৎ সরবরাহ করে—

পূর্ব সীমানাঃ কৃষ্ণনগর ইলেকট্রিক লাইসেন্স ১৯৩৩এব বিদ্যুৎ সরবরাহ এলাকায় পশ্চিম সীমান্তে ২৩°২৫′ এবং উত্তরে ২৩°২৩′ দ্রাঘিমাব মধ্যে.

উত্তর সীমানাঃ কৃষ্ণনগর ইলেকট্রিক লাইসেন্স ১৯৩৩এর সরবরাহ এলাকায় পশ্চিম সীমানায় যে বিদ্যুতে ২৩°-২৫′ উত্তর দ্রাঘিমাংশ যোগ হইয়াছে সেখান হইতে ২৩°-২৫′ উত্তর দ্রাঘিমার বরাবর যে এলাকা পূর্ব ভারতীয় রেলের পূর্ব সীমান্তকে ছেদ করিয়াছে.

পশ্চিম সীমানাঃ যেখানে পূর্ব ভারতীয় রেলের পূর্ব সীমান্ত ২৩°-২৫′ উত্তর দ্রাঘিমাংশকে ছেদ করিয়াছে সেখান্ হইতে বরাবর পূর্ব ভারতীয় রেলওয়ে এলাকায় পূর্ব সীমানা ধরিয়া ২৩°-২৩′ উত্তর দ্রাঘিমাংশের সংযোগ স্থল পর্যন্ত,

দক্ষিণ সীমানাঃ যেস্থানে পূর্ব ভারতীয় রেলের পূর্ব সীমানা ২৩°-২৩′ উত্তর দ্রাঘিমাংশের সঙ্গে মিলিত হইয়াছে যেখান হইতে ২৩°-২৩′ উত্তর দ্রাঘিমাংশের বরাবর কৃষ্ণনগর ইলেকট্রিক লাইসেন্স ১৯৩৩-এর সরবরাহ এলাকার পশ্চিম সীমানার সংযোগ স্থল পর্যন্ত।

(গ) না।

(ঘ) পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ হইতে তাহারা অধিক পরিমাণে (বালক্ সাপ্লাই) বিদ্যুৎ সরবরাহ পাইতেছে।

(ঙ) না।

**ডাঃ নারায়ণচন্দ্র রায়ঃ** আমার প্রশ্ন হচ্ছে ঐ কোম্পানী ইলেকট্রিসিটি জেনারেট করে না-সমস্তটাই স্টেট ইলেকট্রিসিটি বোর্ড থেকে নেয়—এটা কি বিনা শর্তে পায়—টান যদি পড়ে তাহলে যতটুকু গোড়ায় দায়িত্ব আছে তার চেয়ে বেশী দায়িত্ব নেই ?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** নিশ্চয় আছে।

**শ্রীনারায়ণচন্দ্র রায়ঃ** এযাবতকাল ডেফিসেন্ট সাপ্লাই বিভিন্ন জায়গায় আন্ডার ভোলটেজ কিংবা আন্ডার লাইন তারা চেয়েছে অথচ সেখানে এক্সটেনসন পাচ্ছে না বা কারেনটের ভয়ঙ্কর লো ভোলটেজ এ সম্বন্ধে কোন কমপ্লেন এসেছে কিনা ?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** এসেছে কিছু কিছু।

**ডাঃ নারায়ণচন্দ্র রায়ঃ** সেই হিসাবে নবদ্বীপ একটা গ্রোইং টাউন সেখানে ইলেকট্রিক সাপ্লাই করপোরেশন সেখানকার স্থানীয় দায়িত্ব সম্পন্ন করতে না পারে তাহলে সেটাকে হয় তারা রিঅর্গানাইজ করুক কিংবা সরকার সেটাকে হাতে তুলে নিন এই রকম দাবী করতে পারি কি ?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** যদি ওখানকার সম্বন্ধে কোন বিশেষ কমপ্লেন আসে তাহলে নিশ্চয় আমরা দেখবার চেষ্টা করবো।

**শ্রীনলিনাক্ষ সান্যালঃ** মন্ত্রিমহাশয় বলবেন কি যে অন্যান্য মিউনিসিপ্যালিটি এবং অনুরূপ নবদ্বীপ মিউনিসিপ্যালিটিতে যেখানে বিদ্যুৎ সরবরাহ হয় অথচ অন্য কোম্পানী দ্বারা হয়ে থাকে সেখানে এ সম্বন্ধে কি ব্যবস্থা এবং পদ্ধতি সরকার স্থির করেছেন ?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** এ প্রশ্নের সঙ্গে ওটা আসে না।

**শ্রীশচীন্দ্রমোহন নন্দীঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে লাইসেন্সের যে এরিয়া আছে তার বাইরে তাদের সরবরাহের দায়িত্ব আছে। ইলেকট্রিসিটি লাইসেন্স অনুসারে একটা ডেফিনিট এরিয়া থাকে যে এরিয়ার কথা পড়ে শোনালেন, সেই এরিয়ার বাইরে ইলেকট্রিক সরবরাহ করতে পারবে, এ দায়িত্ব আছে বলে বললেন—তিনি এ সম্বন্ধে কি সুনিশ্চিত ?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** লাইসেন্সের কতকগুলি শর্তের মধ্যে এটাও একটা শর্ত। এক্সপানসান করবার ক্ষমতা নিশ্চয় তাদের আছে এবং সেই জন্য লাইসেন্স যখন তারা আবার রিনিউ করাবেন তখন সেটা প্রেয়ার করতে পারেন।

**শ্রীশ্রীপদ ভট্টাচার্যঃ** মন্ত্রিমহাশয় কি বলবেন উইদিন দি লাইসেন্স পিরিয়ড সরকার কি সেই লাইসেন্সিকে এক্সপানসন করতে বাধ্য করাতে পারেন ?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** যদি সেই রকম প্রয়োজন হয় তাহলে বাধ্য করাতে পারেন।

**ডাঃ নারায়ণচন্দ্র রায়ঃ** আমার প্রশ্ন হচ্ছে যেহেতু সরকারী বিদ্যুৎ নিয়ে তারা জনসাধারণকে দেয়—যদি তাদের নিজেদের বিদ্যুৎ নিয়ে নিজেরা কারবার করতো তাহলে প্রশ্ন উঠতো না—কিন্তু আমি প্রশ্ন করেছিলাম তারা কোথা থেকে কারেন্ট পায়—তারা নিজেরা জেনারেট করে না—সরকারী কারেন্ট থেকে দেয় এবং সেখানে নিশ্চয় বেশী দায়িত্ব থাকা উচিত কিনা মন্ত্রিমহাশয় বলবেন কি ?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** প্রাইভেট কোম্পানী যারা বিদ্যুৎ সরবরাহ করেন তারা দুই রকমে করেন—কেউ কিছুটা নিজেরা উৎপাদন করেন—কিছুটা স্টেট ইলেকট্রিসিটি বোর্ড থেকে নেন—কেউ সবই স্টেট ইলেকট্রিসিটি বোর্ড থেকে নেন। নবদ্বীপের যে কোম্পানীর কথা বলা হোল সেই কোম্পানী বাল্‌ক স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের কাছ থেকে নিচ্ছেন। স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের থেকে নিলে লাইসেন্সের কতকগুলি কনডিসন থাকে। তার যদি কোনটার জন্য ফোর্স করাতে হয় তাহলে পরীক্ষা করে দেখতে হবে যে ফোর্স করা যায় কিনা।

**শ্রীশচীন্দ্রমোহন নন্দীঃ** আমার প্রশ্ন হচ্ছে ইলেকট্রিসিটি কোম্পানীর কাছে বললে পর তারা বলে আমাদের ধরাবাঁধা এরিয়া আছে—এরিয়ার বাইরে যেতে হলে আমাদের মুভ করতে হয়। সরকারের সাপ্লাই কম তারা দেয় না। এটা সম্বন্ধে মন্ত্রিমহাশয় যা বললেন যে কন্ট্রাক্ট আছে, কনডিসন আছে সেই কনডিসনে তাদের এরিয়ার বাইরে সাপ্লাই করবার জন্য তারা এ্যাক্ট অনুসারে বাধ্য কিনা এটা আমাদের জানাবেন পরিষ্কার করে ?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** মাননীয় সদস্য যেকথা বললেন তাতে বোঝা যায় না যে তারা কখনও আমাদের কাছ থেকে আরও বেশী সাপ্লাই চেয়ে বঞ্চিত হয়েছে।

**শ্রীশ্রীপদ ভট্টাচার্যঃ** মাননীয় মন্ত্রিমহাশয় দয়া করে জানাবেন কি যে ইন্ডিয়ান ইলেকট্রিসিটি আক্ট অনুসারে উইদিন দি পোলস একটা পোল বাড়াতে হলে ইন বিটুইন দি পোলস তা পারে কিনা?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** নিশ্চয় তা করতে পারেন।

**শ্রীশ্রীপদ ভট্টাচার্যঃ** যদি তারা না করেন সরকার কি তাদের বাধ্য করাতে পারেন - হ্যাঁ কি না বলুন—কনডিসন্যাল লাইসেন্স, করাতে পারেন কিনা?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** আমাদের যে শর্ত কতকগুলি আছে সেই শর্ত কেউ যদি লংঘন করে তাহলে বাধ্য করাতে পারি—কিন্তু এটা বাধ্য করাতে পারি কিনা সেটা আমি বলতে পারবো না।

[1-10—1-20 p.m.]

**শ্রীসামসুদ্দিন আমেদঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে স্টেট ইলেকট্রিসিটি বোর্ড বিদ্যুৎ সরবরাহ করে প্রাইভেট কোম্পানীকে, ডাইরেক্ট সরবরাহ করে থাকেন, যে সমস্ত কনজিউমার তাদের লাইসেন্স বিভাক করে স্টেট ইলেকট্রিসিটি বোর্ডে নেবার জন্য—এ ধরনের পরিকল্পনা সরকারের আছে কিনা?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** এটা একটা পরিকল্পনার কথা বললেন এটা একটা বৃহৎ ব্যাপার। যেসব পাবলিক এরূপ প্রাইভেট কোম্পানী আছে তাদের মধ্যে কতকগুলির বিরুদ্ধে নালিশ আছে। আমরা দু একটা ক্ষেত্রে চেষ্টা করছি। এটা নেওয়া যায় কিনা আমরা দেখছি। এর একটা আর্থিক দায়িত্ব আছে। আমরা সবগুলি নিতে পারলে সুখী হতাম। কিন্তু আগেই বলেছি নেবার কতকগুলি বাধা বিঘ্ন আছে। আমাদের অনেকগুলির লাইসেন্স পিরিয়াড অনেক বেশী আছে। কিন্তু যারা আইন ভঙ্গ করছে তাদের নেবার জন্য চেষ্টার কথা বলা হচ্ছে। দুইটা কোম্পানী আছে যাদের নেবার চেষ্টা আমরা করছি, আমরা এখন নিতে পারছি না পয়সার অভাবের জন্য।

**শ্রীশচীন্দ্রমোহন নন্দীঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী, বিদ্যুৎ সরবরাহ সরকারের কাছে পায় নি, কিন্তু তাঁদের কথা হচ্ছে সাপ্লাই যে দিচ্ছে তা এত ইনএডিকোয়েট যার ফলে সেখানে দেখা যায় যে, যেখানে ভোলটেজ ২২০ বা ২৪০ হত সেখানে দেখা যাচ্ছে ১৬০ বা ১৪০ হচ্ছে। আমি আমাদের অঞ্চলের দুর্ভাগ্যক্রমে চেয়ারম্যান। আমাদের ৩।৪টা মোটর পুড়ে গেছে। কাজেই তিনি যে বললেন ইলেকট্রিক কোম্পানী যে ইলেকট্রিক সাপ্লাই এর জন্য স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের কাছে এ্যাপ্লাই করলে এডিকোয়েট পরিমাণ ইলেকট্রিক সাপ্লাই করা হবে এইরূপ আশ্বাস দিতে পারেন কি না?

**Mr. Speaker:** The question does not arise. If you want to answer, you can answer but I will not allow the question.

**শ্রীপরেশ গোস্বামীঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন অনেক কমপ্লেন এসেছে। নবদ্বীপ ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী সম্বন্ধে এসেছে কিনা বলেছেন এখন আমার কথা হচ্ছে সেখানে যারা কনজিউমার ব্যবসায়ীদের কথা বলছেন না তাদের আজকে দুর্ভোগের অন্ত নেই। যদি আপনারা অভিযোগ পেয়ে থাকেন সে অভিযোগের সমাধান হচ্ছে না কেন? আর একটা কথা হচ্ছে যে সমস্ত অভিযোগ পাওয়ার সাপ্লাই সম্বন্ধে আছে, সেগুলি ত্রুটিবিচ্যুতির জন্য না আর কোন কিছু আছে সেখানকার কর্মচারীদের জন্য। পাবলিকের যে সমস্ত অভিযোগ আছে সেগুলির কি সরাসরি ব্যবস্থা গ্রহণ করবেন না কি ব্যবস্থা অবলম্বন করবেন সে সম্বন্ধে জানাবেন কি?

**Mr. Speaker:** The supplementary does not arise from this question. I will call the next question.

## Special Jail, Lalgola

***19.** (Admitted question No. *38.)

**শ্রী মঃ আব্দুল বারিঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) মুর্শিদাবাদ জেলার উন্মাদদের জন্য লালগোলায় যে স্পেশাল জেলটি চালু হইয়াে তাহাতে পুরুষ উন্মাদদের আশ্রয় দেওয়া হইতেছে কি এবং না হইলে তাহার কার কি;

(খ) উক্ত জেল চালু হওয়ার পর হইতে অদ্যাবধি কি কি খাতে কত টাকা খরচ হইয়াছে;

(গ) উক্ত জেলে উন্মাদ বিশেষজ্ঞ কয়জন ডাক্তার এবং নার্স আছেন এবং কয়জনই বা রো আছেন;

(ঘ) উক্ত জেলে উন্মাদদের জন্য বিশেষ চিকিৎসার কি কি ব্যবস্থা আছে;

(ঙ) উক্ত স্থানে আউটডোর রোগীদের চিকিৎসা করার সুযোগ আছে কি; এবং

(চ) উক্ত উন্মাদাগারটিকে স্বাস্থ্য বিভাগের অধীনে আনার কোন প্রস্তাব আছে কিনা?

**শ্রীনিরঞ্জন সেনগুপ্তঃ** (ক) না; কারণ বর্তমানে উক্ত কারায় যথেষ্ট স্থান নাই।

(খ) উক্ত কারা বাবত অদ্যাবধি বিভিন্ন খাতে ব্যয় সম্বলিত বিবরণী এতদসহ নিম্নে সংস্থাপি হইল।

(গ) উক্ত কারায় উন্মাদ রোগ বিশেষজ্ঞ চিকিৎসক ও নার্স এবং বর্তমানে রোগীর সং নিম্নোক্তরূপঃ

চিকিৎসক—৩ জন।

নার্স—১১ জন।

উন্মাদ স্ত্রী-রোগী—১৫৩ জন।

(ঘ) (১) দৈহিক চিকিৎসা (ফিজিক্যাল ট্রিটমেন্ট) বৈদ্যুতিক চিকিৎসা (ইলেকট্রিকা কনভালসিভ থেরাপি) করা হয়।

(২) ভেষজবিদ্যা অনুযায়ী চিকিৎসা (ফার্মাকোলজিক্যাল ট্রিটমেন্ট) বিশেষ বিশেষ ঔ মাধ্যমে (যথা ট্রানকুইলিজম, অ্যান্টিডিপ্রেসেন্টস ও অ্যাবরোকটিভ জাতীয় ঔষধ ব্যবহার করা হয়

(৩) মানসিক চিকিৎসা (সাইকোলজিক্যাল ট্রিটমেন্ট) এই পন্থায় মানসিক চিকিৎসার প্রধ ভিত্তির সাইকোথেরাপী এবং গ্রুপ থেরাপি। চিকিৎসার দ্বারা যে সকল রোগীর অবস্থার উন্ন হইয়াছে তাহাদের বিভিন্ন কাজের মধ্য দিয়া ও আমোদপ্রমোদের ব্যবস্থা (অকুপেসনাল থেরা ও রিক্রিয়েশনাল থেরাপি) দ্বারা রোগের উপসমের চেষ্টা করা হয়।

(ঙ) এবং (চ) না।

Statement showing expenditure incurred under different heads since openi of the Jail up to May 1967. (Statement referred to in the answer part 'kha' of the question).

Description of the head and amount—

1. Dietary charges—Rs. 1,94,134.35.
2. Hospital charges—Rs. 1,42,450.51.
3. Clothing and bedding—Rs. 16,070.25.
4. Sanitation charges—Rs. 12,624.34.
5. Other contingent charges—Rs. 49,820.70.
6. Miscellaneous Services and Supplies—Rs. 39,493.24
7. Extraordinary charges, etc.—Rs. 11,498.13.
8. Charges for moving prisoners—Rs. 392.97.
9. Travelling Allowances—Rs. 3,749.73.
10. Establishment charges—Rs. 3,43,817.68.

**শ্রী মহম্মদ আবদুল বারি:** আউট ডোরের কোন ব্যবস্থার কথা চিন্তা করা হয়েছে কি?

**শ্রীনিরঞ্জন সেনগুপ্ত:** না, কেন না আউট ডোর স্টার্ট করতে গেলে যা দরকার তা নেই।

**ডাঃ গোপালদাস নাগ:** আপনি কি জানাবেন এই হাসপাতালে কতকগুলি শয্যার ব্যবস্থা আছে?

**শ্রীনিরঞ্জন সেনগুপ্ত:** আমরা যা হিসাব পেয়েছি তাতে ৫৩ জন এখন রোগী আছে। তার বাহিরে রোগী রাখার স্থান নেই।

**ডাঃ গোপালদাস নাগ:** আমার প্রশ্ন খুব পরিষ্কার এ্যাপ্রুভড নাম্বার অফ সিট হাসপাতালে কত? কত পেসেন্ট ১৫৩ না কত সেটা শুনেছি, কিন্তু এ্যাপ্রুভড নাম্বার অফ সিটস ২৫, ৫০ কত সেটা জানতে চাই?

**শ্রীনিরঞ্জন সেনগুপ্ত:** নোটিশ চাই।

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী:** আপনি কি অনুরোধ করে জানাবেন বহরমপুর জেলার উন্মাদ আগারে গত এক বৎসরে কত উন্মাদ রোগীর মৃত্যু হয়েছে?

**শ্রীনিরঞ্জন সেনগুপ্ত:** নোটিশ চাই।

**শ্রীমতী বিভা মিত্র:** আপনি জানালেন সেখানে ১৫৩ জন রোগী আছে এবং ১১ জন নার্স আছে এই উন্মাদগ্রস্ত লোকেদের দেখার জন্য, এই ১১ জন নার্সে হয় কিনা এবং তাদের কি ব্যবস্থা আছে যে ১১ জন নার্স ১৫৩ জনকে দেখবে। এটা কি গভর্নমেন্টের ঠিক করা আছে যে, ১ জন নার্স কত করে রোগী দেখবে?

**শ্রীনিরঞ্জন সেনগুপ্ত:** আমরা যে নার্স রেখেছি এখনও পর্যন্ত এমন কোন কমপ্লেন আসেনি যে সেটা কম হয়েছে। যদি সেটা আসে তা হলে তখন দেখবো বাড়ান যায় কিনা।

**শ্রীমতী বিভা মিত্র:** ১১ জন নার্স ১৫৩ জন রোগী দেখার পক্ষে সাফিসিয়েন্ট কিনা সেটা জানতে চাই?

**শ্রীনিরঞ্জন সেনগুপ্ত:** কমপ্লেন আসেনি যখন তখন সাফিসিয়েন্ট বলতে হবে।

**শ্রীকামাখ্যানন্দন দাস মহাপাত্র:** আপনি কি বলবেন এই ১৫৩ জন রোগীর মধ্যে কংগ্রেসী উন্মাদ কত?

**Mr. Speaker:** I disallow this question

### Messrs. India Electric Works Ltd., Behala

***20.** (Admitted question No. *58.) **Shri Rabin Mukherjee:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) whether the Government is aware of the threat of closures held out by the Government of India in respect of Messrs. India Electric Works Ltd., at Diamond Harbour Road, Behala, on the plea of continuous loss in the undertakings; and

(b) if so, whether the State Government considers the desirability of taking such measures as to request the Government of India to hand over the administration of the Firm to the State of West Bengal to save the Firm?

[1-20—1-30 p.m.]

**শ্রীসুশীলকুমার ধাড়া:** (ক) ভারত সরকার সম্প্রতি রাজ্যসরকারকে জানাইয়াছেন যে, একটি বিশেষজ্ঞ কমিটি কোম্পানীর পরিচালনা সম্পর্কে পূর্ণাঙ্গ তদন্ত করিয়া যে রিপোর্ট দিয়াছেন তাহার ভিত্তিতে ভারত সরকার উক্ত সংস্থাকে চালু না রাখার সিদ্ধান্ত করিয়াছেন।

(খ) রাজ্যসরকারের নিকট যেসব তথ্য আছে তাহার ভিত্তিতে রাজ্যসরকারও মনে করেন যে সংস্থাটি চালু রাখিতে গেলে লোকসান হইবে। যাহা হউক, বিষয়টি আরো পরীক্ষা করিয়া দেখা হইতেছে।

**শ্রীরবীন মুখার্জী:** মাননীয় স্পীকার মহাশয়, আমার পর পর কয়েকটি সাপ্লিমেন্টারী আছে। আমার প্রথম সাপ্লিমেন্টারী হচ্ছে এই যে, সরকার কি অবগত আছেন প্রথম বছর অর্থাৎ ১৯৬০ সালে এই কারখানা গ্রহণ করার পর প্রথম বছর ৮ লক্ষ টাকা লাভ হয়েছিল?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** সরকার এটা গ্রহণ করার পর প্রথম বছরে ৭ লক্ষ ৬৮ হাজার টাকা লাভ হয়েছিল।

**শ্রীরবীন মুখার্জী:** এই কথা কি সত্য, তার পরবর্তী কয়েক বছর যাবৎ সেখানকার শ্রমিকরা পরিকল্পিত প্রোডাকসান করার জন্য দাবী জানিয়েছিল এবং সেই প্রোডাকসান সেইভাবে না করার জন্য ওয়ার্কাসরা লেড অব ছিল এবং ফলে কিছু সংখ্যক লোক সরতে আরম্ভ করেছিল?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** এই কথা আমি বলতে পারছি না, নোটিশ পেলে বলতে পারবো।

**শ্রীরবীন মুখার্জী:** এই কথা কি সত্য যে এই কারখানা পরিচালনার ব্যাপারে সাহায্য করার জন্য একটা এ্যাডভাইসারি বোর্ড গঠিত হয়েছিল?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** এটা আমার জানা নেই, এনকোয়ারি কমিটির কথা আমি জানি।

**শ্রীরবীন মুখার্জী:** এই কথা কি সত্য যে সেই এ্যাডভাইসারি বোর্ড—যেটা সরকারী প্রতিনিধি, শ্রমিক প্রতিনিধি এবং অন্যান্য প্রতিনিধিদের নিয়ে গঠিত হয়েছিল, তারা একটি রেকমেন্ডেসন ৩ বছর আগে পাঠিয়েছিল এটা কি জানেন?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** এ্যাডভাইসারি বোর্ডের কথা জানি না, কাজেই এটা সম্বন্ধে বলা মুসকিল।

**শ্রীরবীন মুখার্জী:** এই কথা কি সরকার অবগত আছেন যে, এই কারখানায় ক্রমাগত লোকসানের জন্য বন্ধ করে দেবার কথা উঠেছে, এই প্রসঙ্গে সরকার কি কোন রেকমেনডেসান পেয়েছেন শ্রমিক ইউনিয়নের তরফ থেকে?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** তা পেয়েছি।

**শ্রীরবীন মুখার্জী:** এই কথা কি সরকার জানেন যে, এইরূপ একটি কারখানা যেখানে ২ হাজার শ্রমিক কাজ করে সেই কারখানা বন্ধ করে দিতে গেলে পাবলিক এক্সচেকার থেকে অর্থাৎ সরকারী তহবিল থেকে সমস্ত দায় দায়িত্ব মেটাবার পর ১২৪ কোটি টাকা সরকার ঘর থেকে অর্থাৎ গাঁটের পয়সা খরচ করতে এগ্রিমেন্ট করেছেন, সেটা দিতে হবে, এটা কি জানেন?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** সেরকম কোন রিপোর্টের কথা আমার জানা নেই।

**শ্রীরবীন মুখার্জী:** আপনি যে টেকনিক্যাল কমিটির রিপোর্টের কথা বললেন সেই রিপোর্টের কপি যদি টেবলে লে করতেন তাহলে আমার পক্ষে সুবিধা হত। যা হোক আমি এ সম্বন্ধে আরো কিছু জিজ্ঞাসা করছি। সরকার কি এটা জানেন, এই ইন্ডিয়া ইলেকট্রিক কোম্পানীর ১ কোটি টাকার উপর মিলিটারী অর্ডার পেনডিং আছে?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** মিলিটারী অর্ডারের সম্ভাবনা ছিল বলে এঁরা ওটাকে এক্সটেন্ড করেছিলেন এবং এক্সটেন্ড করতে করতে এই পর্যন্ত নিয়ে এসেছিলেন, এই কথা আমি জানি।

**শ্রীরবীন মুখার্জী:** এই কথা কি সরকার জানেন যে, আমাদের দেশে ডিফেন্স, ফিল্ড টেলিফোন, ব্যাটারি চার্জেস সেট প্রভৃতি তৈরী হয় না যার জন্য গত ২ বছর প্রচেষ্টার পরে এই ১ কোটি টাকার অর্ডার এখানে দেওয়া হয়েছে এবং সেটা অপারেশান করার পর্যায়ে রয়েছে, এটা কি জানেন?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** আমি জানি না।

**শ্রীরবীন মুখার্জী:** পশ্চিমবঙ্গ সরকারের এইগুলি জানা দরকার, কেননা আমাদের সমস্ত বন্ধুরা আছেন, এ পাশে এবং ও পাশে তাঁদের জানা দরকার যে ডিফেন্সের জন্য ফিল্ড টেলিফোন এবং অন্যান্য ব্যাটারি চার্জের্স সেট, এইগুলো আমাদের দেশে হয় না। এইগুলো ইমপোর্ট করে প্রতি বছর কোটি কোটি টাকা ফরেন এক্সচেঞ্জ আমাদের ব্যয় করতে হয়। আমার প্রশ্নটা হচ্ছে যে মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি যে এই এক কোটি টাকার অর্ডার এই অর্ডার অপারেশন-এ আসার স্তরে রয়েছে, সমস্ত স্তর পার হয়ে গেছে, এই অর্ডারটা ফুলফিল করলে অন্ততঃ ভারত সরকারের এক বছরের জন্য এক কোটি টাকা ফরেন এক্সচেঞ্জ সেভ হয়?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** বিদেশ থেকে যদি না আনতে হয় এবং যদি এখানে অর্ডারটা তৈরী হয় তাহলে এক কোটি টাকার ফরেন এক্সচেঞ্জ সেভ হবে এটা সোজা কথা।

**শ্রীরবীন মুখার্জী:** সুতরাং ডিফেন্সের পয়েন্ট অব ভিউ থেকে বলছি যে যখন এই প্রসঙ্গে বার বার বলা হচ্ছে যে আমাদের ডিফেন্সকে অন্যান্য দেশের উপর নির্ভর করতে না হয় তার জন্য ব্যবস্থাদি গ্রহণ করা হচ্ছে। সেদিকে দৃষ্টি রেখে এই যে ডিফেন্সের যা মাল আমাদের এখানে তৈরী করার প্রশ্ন রয়েছে এবং ইন্ডিপেন্ডেন্ট করে এর একটা বিধিব্যবস্থা রাখার জন্য সরকার কারখানাটিকে চালু রাখার জন্য বিবেচনা করছেন কি?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** এটা ভারত সরকারের অধীনে ছিল এবং পশ্চিমবঙ্গ সরকার এটা চালাতে পারবেন কি পারবেন না সেটা আমি আমার উত্তরে বলেছি এবং সেই নিয়ে ভাবনা চিন্তা চলছে। আমি এখন এই বিষয়ে কিছু বলতে পারছি না।

**শ্রীজ্যোতি বসু:** মাননীয় স্পীকার মহাশয়, আপনি যদি অনুমতি করেন আমি এই সম্বন্ধে কিছু বলতে পারি। কারণ এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার। যিনি প্রশ্ন করেছেন তাঁকে এবং এই হাউসকে দু-একটি কথা জানাতে চাই। কারণ সম্প্রতিকালে আমি যখন দিল্লী যাই এবং তার আগে আমাদের মুখ্যমন্ত্রী যখন দিল্লী গিয়েছিলেন তখন আমরা দুজনেই এই বিষয়টা নিয়ে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয় যিনি আছেন তাঁর সঙ্গে আলোচনা করেছিলাম। প্রথম আলোচনায় আমরা কোন সুফল পাইনি। যখন আবার আমরা দিল্লী যাই তখন আমি নিজে শ্রীমোরারজী দেশাই-এর সঙ্গে দেখা করি এই বিষয় নিয়ে যেখানে দু হাজার শ্রমিক তার মানে ১৫।২০ হাজার লোক তাদের উপর নির্ভরশীল, তারা সমস্ত বেকার হয়ে যাচ্ছে, তাদের রাস্তায় গিয়ে দাঁড়াতে হচ্ছে জুলাই মাসের দশ তারিখে। এটা একেবারে বাঞ্ছনীয় নয় আমাদের সরকার মনে করেন। সুতরাং এই কারখানা চালু থাক, শ্রমিকপক্ষ থাক। যে কমিটি হয়েছিল তাদের পক্ষ থেকে এই সব অর্ডার যা কিছু মিলিটারী ডিপার্টমেন্ট-এর কাছ থেকে পাওয়া গেছে, সেই সব আমি তাঁর কাছে বলি। অর্থমন্ত্রী আমাকে বলেন এটা অবশ্য যদিও ফাইন্যান্স-এর ব্যাপার সেইজন্য আমার কাছে এসেছেন, তবে আমার যা রিপোর্ট এখন পর্যন্ত কেবিনেটে রয়েছে তাতে আমাদের বিশেষজ্ঞরা সেখানে সেই রিপোর্টে বলেছেন যে এতে ক্ষতি হচ্ছে এবং আরও ক্ষতি হবে। এটা যাতে লাভজনক হতে পারে সেইরকম কিছু সেই রিপোর্টে পাওয়া যাচ্ছে না। তার পর শেষ পর্যন্ত আলোচনায় এটা হলো যে সংশ্লিষ্ট মন্ত্রী শ্রী ফকরুদ্দিন আলি আমেদ মহাশয়, তিনি এটা যদি আবার রিএকজামিন করে তাঁর কাছে রাখেন তাহলে উনারা ওটা বিবেচনা করে দেখতে পারেন। দুর্ভাগ্যবশতঃ যেহেতু সেই সময় এ আই সি সি'র মিটিং চলছিল, আমি ওঁদের সঙ্গে দেখা করতে পারলাম না। আমি একটা চিঠি ওঁকে লিখেছি এবং একটা মেসেজ অন্যভাবে আর একজনের মারফত পাঠিয়েছি যাতে এই কারখানা বন্ধের সিদ্ধান্ত সেটা তাঁরা উঠিয়ে নেন এবং অন্তত স্থগিত রাখেন এবং আমাদের দু-এক মাস সময় দিন যাতে আমরা সরকার পক্ষ থেকে পুনরায় কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করতে পারি যে কিভাবে এটা কি করা যায়, কোন উপায় আছে কি না যে এই কারখানা চালু রাখবার জন্য। কারণ আমাদের শিল্পের দিক থেকে শ্রমিকদের দিক থেকে, অর্থনৈতিক দিক থেকে বাংলাদেশের সমস্ত ক্ষতি হবে যদি এই কারখানা বন্ধ হয়ে যায়। এটুকু আমরা প্রচেষ্টা করেছি, মুখ্যমন্ত্রী বোধ হয় ৬ তারিখে দিল্লী যাবেন ওঁকেও বলেছি এটা নিয়ে উনিও কথাবার্তা বলবেন যে এর কোন উপায় আছে কি না কারখানা চালু রাখার জন্য। আমাদের যদি কোন ইনভেস্টমেন্ট-এর কথা হয়, টাকার যদি প্রয়োজন থাকে, আমরা নিশ্চয়ই সেটা বিবেচনা করে দেখতে পারি। সেইগুলোর জন্য সময় দরকার, ১০ তারিখে বন্ধ হলে সেটা হবে না এটুকু আমি যিনি প্রশ্ন করেছেন তাঁকে জানাতে পারি। এবং এই হাউসকেও এই বিষয়ে জানিয়ে দিলাম।

**শ্রীরবীন মুখার্জী:** আমি ইন্ডাস্ট্রিজ মিনিস্টারকে জিজ্ঞাসা করছি যে দু হাজার শ্রমিকের একটা ইউনিট খুলতে স্ট্যান্ডার্ড কত টাকা লাগে তার একটা হিসাব পশ্চিমবঙ্গ সরকারের আছে কি?

[1-30—1-40 p.m.]

**Mr. Speaker:** The supplementary question does not arise. I rule it out of order.

**শ্রীরবীন মুখার্জী:** আমার আর একটা প্রশ্ন হচ্ছে- এখানে উনি আমাদের কাছে বলেছেন যে একটা টেকনিক্যাল কমিটি এ্যাপয়েনটেড হয়েছে এবং তাঁরা একটা রিপোর্ট দিয়েছেন, সেই রিপোর্টে কত টাকা হলে চলতে পারে বলে তাঁরা বলছেন?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** আমি রিপোর্টের কথা বলিনি, একটা এনকোয়ারি কমিটি নিয়োগ করেছিলেন বলে বলেছি এবং সেই রিপোর্ট আমি এখনও দেখিনি।

**শ্রীরবীন মুখার্জী:** এটা কি সত্য যে সেই এনকোয়ারি কমিটির রিপোর্ট কাগজে বেরিয়েছে। তাতে লেখা হয়েছে যে ২॥ কোটি টাকা হলে এই কারখানাটি ভালভাবে চলতে পারে? এক কোটি ২৪ লক্ষ টাকা পাবলিক এক্সচেকার থেকে যেখানে ব্যয় করতে হয় যেটা রিপোর্টের মধ্যে আছে, এক টাকা যদি ব্যয় করে এইরূপ একটা দু হাজার শ্রমিকের ইউনিট চালু করা যায় এবং উনাকে জানবার জন্য বলছি উনি খোঁজ নিয়ে দেখতে পাবেন যে দু হাজার লোকের একটা ইউনিট চালাতে গেলে ৩ কোটি টাকার মত ক্যাপিট্যাল মোটামুটি লাগে এবং সেখানে ১ কোটি ২৬ লক্ষ টাকা দিয়ে বাংলাদেশের দু হাজার শ্রমিকের চাকরি বজায় রাখা যায়।

(নো রিপ্লাই)

**শ্রীব্যোমকেশ মজুমদার:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, এই কারখানার বর্তমান পরিস্থিতির জন্য দায়ি কে? আমরা যতদূর জানি এর জন্য দায়ি হচ্ছে বামপন্থী নেতৃত্ব যারা ঐ শ্রমিকদের এতদিন নিয়ে এসেছে?

**মিঃ স্পীকার:** দি কোশ্চেন ডাজ নট এ্যারাইজ।

**শ্রীব্যোমকেশ মজুমদার:** মন্ত্রিমহাশয় জানেন কি আমাদের খবর এই কারখানাকে বর্তমান পরিস্থিতিতে নিয়ে আসার জন্য দায়ী হচ্ছে ঐ বামপন্থী নেতৃত্ব যাঁরা ঐ শ্রমিকদের এতদিন পরিচালিত করছেন?

(নো রিপ্লাই)

**শ্রীরবীন মুখার্জী:** মন্ত্রিমহাশয় কি জানাবেন গত ৬।৭ বছরে সরকারী আন্ডার-টেকিং-এ একটা অভিযোগও ম্যানেজমেন্টের তরফ থেকে শ্রমিকদের বিরুদ্ধে আজ পর্যন্ত উত্থাপিত হয় নাই এটা সত্য? ঐ ভদ্রলোক সারা জীবন দালালী করছেন তো? তাই কিছুই তিনি জানেন না।

(নো রিপ্লাই)

**শ্রীপ্রমথনাথ ধীবর:** মন্ত্রিমহাশয় জানাবেন কি এই ৬ বছরের মধ্যে কতগুলি ওয়ার্কিং ডেজ নষ্ট হয়েছে?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** এই প্রশ্নের সংগে আপনার প্রশ্নের কোন সম্পর্ক নাই; এটা ওঠে না।

## Industrial Development Corporation

***21.** (Admitted question No. *68.)

**শ্রীমতী বিভা মিত্র:** মাননীয় শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) পশ্চিম বাংলায় শিল্প উন্নয়ন কর্পোরেশন গঠিত হইয়াছে কিনা;

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয় উক্ত কর্পোরেশনের সদস্যবৃন্দের নাম জানাইবেন কি;

(গ) সদস্যগণের শিল্প বাণিজ্যের কোন পূর্ব অভিজ্ঞতা আছে কিনা;

(ঘ) সদস্যগণ বাংলাদেশের কোন্ কোন্ শিল্পের সঙ্গে জড়িত আছেন, এবং

(ঙ) সদস্যগণ বাংলাদেশের কোন্ জেলার কোন্ মহকুমার অধিবাসী?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** (ক) হ্যাঁ।

(খ) সদস্যবৃন্দের নাম—

[illegible] ডি এল মজুমদার, আই সি এস (অবসরপ্রাপ্ত), চেয়ারম্যান;

[illegible] শ্রী[illegible] দত্ত মজুমদার, আই এ এস, ডেপুটি চেয়ারম্যান;

[illegible] শ্রী[illegible]চন্দ্র বসু, এম এস সি, ম্যানেজিং ডিরেক্টর;

(৪) শ্রীহরিলাল গুহ, ডিরেক্টর,

(৫) শ্রী[illegible]ন্তিময় সরকার, ডিরেক্টর;

[illegible] শ্রী [illegible] কুণ্ডু, আই [illegible] এস, ডিরেক্টর,

[illegible]চৈতন্য মহাপাত্র, ডিরেক্টর,

[illegible]চন্দ্র কুণ্ডু, ডিরেক্টর,

[illegible]শচন্দ্র রায়, ডিরেক্টর।

[illegible]

[illegible] ডি [illegible] এল মজুমদার [illegible] সরকারের [illegible] মন্ত্রণালয়ের সঙ্গে সংশ্লিষ্ট [illegible]।

[illegible] মজুমদার মহাশয় বর্তমানে পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদের চেয়ারম্যান। তিনি [illegible] সরকারের শিল্প [illegible] বিভাগের সচিব হিসাবে নিম্নলিখিত প্রতিষ্ঠানের [illegible] [illegible]

[illegible] ইনস্ট্রুমেন্ট লিমিটেড (ভারত সরকার সংস্থা), ডিরেক্টর;

[illegible] ইন্ডাস্ট্রিজ করপোরেশন লিমিটেড, ডিরেক্টর (ভারত সরকার সংস্থা);

[illegible] এ্যান্ড [illegible] কার্যনির্বাহক পরিষদের সদস্য,

[illegible] স্পিনিং মিলস লিমিটেড (পশ্চিমবঙ্গ সরকার সংস্থা), ডিরেক্টর;

[illegible] ফিনান্সিয়াল করপোরেশন, ডিরেক্টর (পশ্চিমবঙ্গ সরকার সংস্থা),

[illegible] প্রোজেক্ট লিঃ (পশ্চিমবঙ্গ সরকার সংস্থা), ডিরেক্টর;

[illegible] পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদের সদস্য;

[illegible] পশ্চিমবঙ্গ ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট করপোরেশনের সদস্য।

[illegible] শ্রী[illegible]চন্দ্র বসু মহাশয় কলিকাতার প্রথম শ্রেণীর সিডিউলড ব্যাঙ্কের অন্যতম অফিসার [illegible] বৎসরাধিককালের জন্য ব্যাঙ্কিং বিষয়ে অভিজ্ঞতা আছে।

শ্রীহরিলাল গুহ মহাশয় কল্যাণী স্পিনিং অ্যান্ড উইভিং মিলস-এর ডিরেক্টর। উত্তরবঙ্গে চা-[illegible] বৎসর অভিজ্ঞতা আছে। কলিকাতা কনস্ট্রাকশন অ্যান্ড জেনারেল স্টোরস প্রাঃ লিঃ এর ডিরেক্টর।

শ্রীশান্তিময় সরকার মহাশয় কৃষ্ণা সিলিকেট এন্ড গ্লাস ওয়ার্কস লিঃ-এর প্রতিষ্ঠাতা এবং চেয়ারম্যান। এশিয়াটিক বোর্ড মিলস প্রাঃ লিঃ-এর এবং ন্যাশনাল গ্লাস ইন্ডাস্ট্রিজ প্রাঃ লিঃ-এর ডিরেক্টর। তিনি হিমালয়ান পেপার এন্ড বোর্ড মিলস প্রাঃ লিঃ এবং হিমালয়ান পেপার (মেসিনারী) প্রাঃ লিঃ-এর প্রাক্তন ডিরেক্টর।

শ্রী জে এল কুণ্ডু মহাশয় বর্তমানে পশ্চিমবঙ্গ সরকারের অর্থসচিব। তিনি পশ্চিমবঙ্গ ফিনান্সিয়াল করপোরেশন-এর ডিরেক্টর ছিলেন।

**শ্রীকৃষ্ণচৈতন্য মহাপাত্র মহাশয় মার্ক এ ই সি ইণ্ডাস্ট্রিজ প্রাঃ লিঃ-এর ডিরেক্টর।**

শ্রীপৃথিবশচন্দ্র কুণ্ডু মহাশয় মেসার্স পি সি কুণ্ডু অ্যান্ড কোং (চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস)-এর প্রোপ্রাইটার এবং মেসার্স এস জি আর ইন্ডাস্ট্রিজ প্রাঃ লিঃ-এর ডিরেক্টর।

শ্রীসুরেশচন্দ্র রায়, মেসার্স এসোসিয়েটেড ইণ্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কোং প্রাঃ লিঃ-এর ডিরেক্টর এবং হিন্দুস্থান গ্যাস এন্ড ইণ্ডাস্ট্রিজ লিঃ, হিন্দুস্থান ওয়ার এন্ড মেটাল প্রডাক্টস লিঃ, ইন্ডিয়া স্টীমশিপ কোং লিঃ, শ্রীঅন্নপূর্ণা কটন মিলস লিঃ, ময়ুরাক্ষী কটন মিলস লিঃ ইত্যাদির ডিরেক্টর।

(ঙ) জেলা মহকুমা

শ্রী ডি এল মজুমদার, কলিকাতা।

শ্রীশরদিন্দু দত্ত মজুমদার, ময়মনসিংহ।

শ্রীশীতলচন্দ্র বসু, বর্ধমান—কালনা।

শ্রীহরিলাল গুহ, জলপাইগুড়ি—জলপাইগুড়ি।

শ্রীশান্তিময় সরকার, কলিকাতা।

শ্রী জে এল কুণ্ডু, ফরিদপুর।

শ্রীকৃষ্ণচৈতন্য মহাপাত্র, মেদিনীপুর—মেদিনীপুর সদর।

শ্রীপৃথিবশচন্দ্র কুণ্ডু, রাজসাহী।

শ্রীসুরেশচন্দ্র রায়, ঢাকা।

[1-40—1-50 p.m.]

**শ্রীমতী বিভা মিত্র:** মার্ক এ ই সি, এই কোম্পানীটা কাদের ছিল?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** এই কোম্পানীর মেম্বার এবং তাঁদের সহ ডিরেক্টার যাঁরা তাঁদের।

**শ্রীমতী বিভা মিত্র:** সহযোগী কারা কারা?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** সেটা আমি কি করে জানাবো?

**শ্রীমতী বিভা মিত্র:** একটা কোম্পানী যখন আপনাদের কাছে আসে তখন শিল্প দপ্তরে তাদের সব নাম থাকে এবং সেই হিসাবে আমি আপনাকে জিজ্ঞাসা করছি।

**শ্রীসুশীলকুমার ধাড়া:** এর থেকে এই প্রশ্নটা ওঠে বলে আমি মনে করি না।

**শ্রীমতী বিভা মিত্র:** এই মার্ক এ ই সি'র ঠিকানা কি?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** সে প্রশ্ন এখানে ছিল না, নোটিশ দিলে বলতে পারবো।

**শ্রীপঞ্চানন সিংহ রায়:** কৃষ্ণচৈতন্য মহাপাত্র মহাশয় যে কোম্পানীটির ডিরেকটার আছেন সে কোম্পানীর অস্তিত্ব আছে কিনা এবং তার ফ্লোটিং ক্যাপিটাল কত?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** এই প্রশ্ন উঠে না। কোম্পানী না থাকলে তার ডিরেকটার-এর প্রশ্ন উঠে না।

**শ্রীপঞ্চানন সিংহ রায়:** মহাপাত্র মহাশয় যে কোম্পানীর ডিরেকটার বলে পরিচয় দিচ্ছেন সে কোম্পানীর অস্তিত্ব আছে কিনা সে প্রশ্ন জিজ্ঞাসা করার অধিকার নিশ্চয়ই মেম্বারদের আছে।

**শ্রীসুশীলকুমার ধাড়া:** এটা সম্পূর্ণ অবান্তর প্রশ্ন।

**শ্রীপঞ্চানন সিংহ রায়:** সেই কোম্পানীর অস্তিত্ব আছে কিনা তার উত্তর দিতে পারেন না

**Mr. Speaker:** The Hon'ble Minister has got to reply in his own way. I cannot put the answer in the mouth of a Minister.

**শ্রীপঞ্চানন সিংহ রায়ঃ** তিনি উত্তর না দিতে পারেন কিন্তু আমার এই প্রশ্ন করার নিশ্চয়ই অধিকার আছে।

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** আমি বলেছি এটা অবান্তর প্রশ্ন, কেননা এর আগেই আমি বলেছি যে কোম্পানী না থাকলে তার ডিরেকটার হয় না।

**শ্রীনলিনাক্ষ সান্যালঃ** অধ্যক্ষ মহাশয়, আমি শুধু একটা সহজ প্রশ্ন করছি, তা হচ্ছে এই প্রতিষ্ঠানের যিনি ম্যানেজিং ডাইরেকটার, শীতলচন্দ্র বসু, তিনি কোন সিডিউলড ব্যাঙ্কে কি চাকরী করতেন, কত মাইনে পেতেন এবং এখন ম্যানেজিং ডিরেকটার হিসাবে তাঁর কত মাইনের ব্যবস্থা করা হয়েছে?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** ম্যানেজিং ডিরেকটার হিসাবে তাঁর বেতন এখনও স্থিরিকৃত হয়নি। এঁরা সবে মাত্র কাজ করতে আরম্ভ করেছেন। তাঁরা তাঁদের প্রপোজাল পাঠান, ইতিমধ্যে পাঠিয়েছেন বলে আমার যতদূর মনে পড়ছে, এখনও ফাইনালাইজড হয়নি। তিনি ইতিপূর্বে যে কোম্পানীতে কাজ করতেন ২০ বছর ধরে আমার যতদূর মনে হচ্ছে তিনি ইউনাইটেড ব্যাঙ্ক অব ইন্ডিয়াতে কাজ করতেন এবং সেখানে কত মাইনে পেতেন তা আমার এখন জানা নেই, নোটিশ দিলে বলতে পারবো।

**শ্রীনলিনাক্ষ সান্যালঃ** তাঁর মাইনে স্থির করবার পূর্বে তিনি যে চাকরী করতেন সেখানে যে মাইনে পেতেন সেটার অনুপাতে তাঁর মাইনে যেন স্থির করা হয় এই প্রতিশ্রুতি মাননীয় মন্ত্রিমহাশয় দেবেন কি?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** সেই প্রতিশ্রুতি পেতে পাবেন যে তখন এই সব ভেবে দেখা হবে।

**শ্রীপঞ্চানন সিংহ রায়ঃ** স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই সভাতে শুনেছি যে মাননীয় মন্ত্রিমহোদয় একটা কোম্পানীর ডিরেকটার হিসাবে একজনের নাম ঘোষণা করেছেন। আমার প্রশ্ন হচ্ছে যদি কোন মিথ্যা ভাষণ এই সভাতে দেওয়া হয় অর্থাৎ তিনি যদি এমন কোন কোম্পানীর নাম করেন যার অস্তিত্ব নেই তাহলে এই সভাকে বিপথে চালনা করা হয় কিনা। আমি তাই সে প্রশ্ন রেখেছিলাম যে কোম্পানীটির অস্তিত্ব আছে কিনা, ফ্লোটিং ক্যাপিটাল আছে কিনা সেটা জানান হোক, তা না হলে মিথ্যা নাম দিয়ে একজন পেটুয়া লোককে ঢুকাবার জন্য তিনি এই উত্তর দিচ্ছেন।

**মিঃ স্পীকারঃ** আপনি কোয়েশ্চেন করুন, কিন্তু উনি যদি না জানেন তাহলে কি করে বলবেন।

**শ্রীপঞ্চানন সিংহ রায়ঃ** আমি জানতে চাই কৃষ্ণচৈতন্য মহাপাত্রকে একটা কোম্পানীর ডিরেকটার হিসাবে উনি চিহ্নিত করেছেন, সেই কোম্পানীর অস্তিত্ব আছে কিনা এবং যদি থাকে তাহলে তার ফ্লোটিং ক্যাপিটাল কত এই প্রশ্ন আমি করছি?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** নিশ্চয়ই আছে। আমি অত্যন্ত দৃঢ়তার সঙ্গে বলছি যে নিশ্চয়ই মাননীয় সদস্য আমার কাছ থেকে ঠিকানা নিয়ে সেখানে গিয়ে দেখে আসবেন, যে কোন অফিস আওয়ারে গেলে দেখবেন কত বড় কোম্পানী, কত বড় তার অফিস গনেশ অ্যাভিনিউতে।

**শ্রীব্যোমকেশ মজুমদারঃ** স্যার, অন এ পয়েন্ট অব প্রিভিলেজ, আপনি এক্ষনি মন্ত্রিমহাশয়ের কাছ থেকে উত্তর শুনেছেন। তিনি বলেছেন যে ম্যানেজিং ডিরেকটারের এখনও মাইনে ঠিক হয়নি এবং আরো শুনেছেন যে তিনি এক জায়গায় কাজ করতেন সেখানে রেজিগনেশন দিয়েছেন এবং এখানে জয়েন করেছেন। আজকে আমি আপনার কাছে অধিকার গত এই প্রশ্ন তুলতে চাই যে আমাদের হাউসের মধ্যে যদি মন্ত্রিমহাশয়রা সত্য গোপন করেন এবং আমাদের যদি এই অধিকারটুকু না থাকে যে কি ঘটেছে তার সত্যতা জানার, তাঁর মাইনে কত ঠিক হয়েছে, তাহলে আমাদের এখানে জনসাধারণ যে জন্য পাঠিয়েছে সেই কর্তব্য আমরা পালন করতে পারবো কিনা

সেটা আপনার কাছে আমি অধিকারগত প্রশ্ন হিসাবে রাখছি। শ্রীনলিনাক্ষ স্যান্যালকে উনি বলেছেন আগে যে মাইনে পেতেন, মাইনে পাওয়ার ব্যাপারটা ঠিক হলে সেটা বিবেচনা করা হবে। কিন্তু তার আগেই তাঁর মাইনে ঠিক হয়েছে এবং তিনি কাজে জয়েন করেছেন। এই সত্য তিনি কেন গোপন করলেন?

**মিঃ স্পীকারঃ** আপনি যেটা বলছেন, সত্যটা কি, সত্যটা আগে প্রতিষ্ঠিত না হলে আমি বলতে পারি না। মেম্বাররা যাঁরা কোশ্চেন করেছেন এবং উনি যে উত্তর দিয়েছেন তা কতটা সত্য সেই সত্যটা অনুসন্ধান না করলে বোঝা যাবে না। অনুসন্ধান করার পর তখন এখানে আবার বলা যাবে যে উনি এখানে সত্য ভাষণ দেননি। এখন কোনটা সত্য কোনটা সত্য নয় তা বলা যাবে না।

**শ্রীবিকেশ গুহঃ** আমি জানতে চাই কর্পোরেশনের এই যে সভ্যদের নামগুলি দিলেন কোন সময় এঁদের নিয়ে এটা গঠিত হয়েছে?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** এটা আগেও ছিল এবং এ বছর মে মাসে এটা রিকনস্টিটিউট হয়েছে।

**শ্রীবিকেশ গুহঃ** শ্রীশান্তিভূষণ ... তিনি কি আগেও ছিলেন এই বোর্ডে?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** তিনি ... বোর্ডে ছিলেন না।

**শ্রীবিকেশ গুহঃ** ... এক ... লিমিটেডকে ... এই ... আগেও টাকা ... দেওয়া হয়েছে?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** এই ... না হলেও টাকা ... দেওয়া ...।

**শ্রীবিকেশ গুহঃ** এই কোম্পানীকে আগে কোন লোন দেওয়া ...?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** আমি নোটিশ চাই।

**শ্রীপান্নালাল মাঝিঃ** মন্ত্রিমহাশয় কি জানাবেন আগে যে শিল্প ... কর্পোরেশন ছিল কংগ্রেস গভর্নমেন্টের আমলে তাদের মেম্বারদের নাম কি এবং ... ?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** সেটা নোটিশ ছাড়া বলা সম্ভব নয়।

**শ্রীনলিনাক্ষ সান্যালঃ** এক মাসের উপর হল ম্যানেজিং ডিরেক্টর ... কি পরিমাণ টাকা ... পারিশ্রমিক হিসাবে ড্র করছেন ... এই মন্ত্রিমহাশয় ... প্রায় ... হয়ে গিয়েছে, নিশ্চয়ই একটা কিছু টাকা তিনি পেয়েছেন। ... মাইনে ... আগে এই এক মাসের কাজের জন্য তাঁকে কত পারিশ্রমিক দেবার ব্যবস্থা হয়েছে?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** এই প্রশ্নের সঙ্গে এই জিনিস আসে না, এর প্রশ্নের ... দিতে হলে নোটিশ চাই।

[1-50—2 p.m.]

**শ্রীহারাধন রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি যে এরকম কোন স্ট্যাটুটরী প্রভিশন আছে কিনা যে যারা এই কর্পোরেশন-এর সদস্য হবেন তাদেরকে কোন কোম্পানীর ডিরেক্টর হতে হবে?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** না, সেরকম কিছু নেই।

**ডাঃ গোপিকারঞ্জন মিত্রঃ** এই যে পশ্চিমবঙ্গ শিল্পোন্নয়ন কর্পোরেশন রিকনস্টিটিউট করলেন এরা কি কি কাজ করছে জানাবেন কি?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** এই ... সবে মাত্র রিকনস্টিটিউট করা হয়, তারা ঘরবাড়ী, অফিস এই সব নিয়ে গুছিয়ে বসছে।

**ডাঃ গোপিকারঞ্জন মিত্রঃ** আপনি বললেন কংগ্রেস সরকারের সময় এই ধরনের কর্পোরেশন ছিল। তাহলে নোতুন করে কনস্টিটিউট করতে হল কেন জানাবেন কি?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** রিকনস্টিটিউট করা উচিত তাই করেছি।

**ডাঃ গোপিকারঞ্জন মিত্রঃ** কর্পোরেশন থাকা যখন কণ্টিনিউইং প্রসেস তখন রিকনস্টিটিউট করা হল?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** আগেই বলেছি দরকার হয়েছিল বলেই রিকনস্টিটিউটেড হয়েছে।

**শ্রীপঞ্চানন মাঝিঃ** আগে যে কর্পোরেশন ছিল তাতে যারা মেম্বার ছিলেন তাঁরা কত করে মাইনে পেতেন?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** মেম্বার না, এটা একটা বোর্ড, এর ডিরেক্টর থাকেন এবং তাঁরা কোন মাইনে পান না।

**শ্রীপরেশচন্দ্র গোস্বামীঃ** এই যে কর্পোরেশন প্রতিষ্ঠিত হয়েছে নমিনেটেড লোকদের নিয়ে সেটা কি পূর্বের ক্যাবিনেট-এর সাজেশান হয়েছে?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** এ প্রশ্ন আসে না।

**শ্রীনিখিল দাসঃ** মন্ত্রিমহাশয় বলবেন কি যে যারা ডিরেকটারস হলেন তারা ডিরেকটারস ... ব্যাপারে যদি তার ... কেউ আগে কর্পোরেশন থেকে লোন নিয়ে থাকেন তাদের শিল্পে ... সেটা কি বোর্ড-এর ... হওয়ার পক্ষে কোন বাধা হিসাবে গণ্য হয়ে থাকে? ... ইন্ডাস্ট্রিয়ালিস্ট ... আগেই এই কর্পোরেশন থেকে লোন নিয়ে এসেছেন তাদের কি ... মেম্বার হওয়ার পক্ষে কোন বাধা আছে?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** আমি নোটিশ দিলে বলতে পারব। আমি আইনের লোক নই। এটা ... আইনের কথা।

**শ্রীনিখিল দাসঃ** শ্রীশ ... সরকার ... সিলিকেট অ্যান্ড গ্লাস ওয়ার্কস-এর চেয়ারম্যান। ... পশ্চিমবঙ্গ সরকারের ... লোন নিয়েছিলেন তা সত্ত্বেও তিনি একজন ডিরেক্টর ... কি..

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** ... বিভাগ থেকে লোন দেওয়ার ব্যবস্থা আছে। যদি ... বিভাগ থেকে লোন নেন তাহলে তিনি কোন কর্পোরেশন অব বোর্ড এর ডিরেক্টর ... না এরকম কোন কথা নেই।

**শ্রীগোপিকারঞ্জন মিত্রঃ** ... বলেছেন যে ম্যানেজিং ডিরেক্টর যিনি ... তার মাইনে ... এক মাস তিনি কাজ করছেন তাকে কোন ... দেওয়া হয়েছে কিনা বলবেন কি?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** দেওয়া হয়েছে কিনা বলতে পারব না, নোটিশ দেবেন, বলব।

**শ্রীমা। সান্যালঃ** ওয়েস্ট বেঙ্গল ফাইনান্স কর্পোরেশন অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন-এ দুটোর কাজ কি?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** ফাইনান্স কর্পোরেশন-এর প্রশ্ন এখানে আসে না। ডেভেলপমেন্ট কর্পোরেশন-এর কাজ হ'ল বিভিন্ন ইন্ডাস্ট্রিজ-এর ডেভেলপমেন্ট-এর কথা চিন্তা করবে এবং ... প্রয়োজনমত টাকা ঋণ দেবে যদি সঙ্গত মনে হয়।

**শ্রীনিরঞ্জন মুখার্জীঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি যে সমস্ত কলকারখানা ... হয়ে যাচ্ছে সেই সমস্ত কারখানা পরিচালনা করবার জন্য এই ইন্ডাস্ট্রিয়াল কর্পোরেশন কোন চিন্তা করছেন কি?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** ইন্ডাস্ট্রিয়াল করপোরেশানের সেটা একটা কাজ হতে পারে। ইন্ডাস্ট্রিয়াল করপোরেশনের তার যা মেমোরান্ডাম অব অ্যাসোসিয়েশান আছে তার মধ্যেই তার অনেক কিছু কাজ আছে, সে কিভাবে কাজ করবে নতুন বোর্ড চিন্তা করছে। তার একটা অধিবেশন হয়েছে আমি জানি পরবর্তী অধিবেশনে সে হয়ত এটা চিন্তা করতে পারে।

**শ্রীনিরঞ্জন মুখার্জী:** ইন্ডিয়া ফ্যান এবং অন্নপূর্ণা মিল ইত্যাদি কারখানা বন্ধ হয়ে যাচ্ছে সেগুলি সম্পর্কে এরা কোন কিছু বিবেচনা করছেন বলে আপনি জানেন?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** আমি এখনই কিছু বলতে পারব না।

**শ্রীপ্রদ্যোৎ মুখার্জী:** যে সব ইন্ডাস্ট্রি আছে তাদের লোন দেওয়া ছাড়া এদের নিজের ইনিসিয়েটিভে এরা কোন ইন্ডাস্ট্রি স্টার্ট করেছেন?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** ইন্ডাস্ট্রিয়াল কর্পোরেশন নিজের ইনিসিয়েটিভে নিজে কোন ইন্ডাস্ট্রি গ্রো করেনি—সে রকম ব্যবস্থা নাই, তার মেমোরেন্ডাম অব অ্যাসোসিয়েশন বা তার যে সমস্ত বিধিব্যবস্থা আছে তার মধ্যে তার করবার অধিকার আছে বলে আমি জানি না। আর তার মাত্র বয়স আপনি জানেন দুই মাস সুতরাং তার মধ্যে কোন ইন্ডাস্ট্রি গ্রো করান সম্ভবপর ছিল না।

**শ্রীপঞ্চানন সিংহ রায়:** এই করপোরেশনের ডিরেকটারদের কে নিয়োগ করেন?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** মাননীয় সদস্যর জানা উচিত যে গভর্নর এদের এ্যাপয়েন্ট করেন।

**শ্রীপঞ্চানন সিংহ রায়:** আমি জিজ্ঞাসা করছি এর পদ্ধতিটা কি, গভর্নমেন্টের সুপারিশ অনুযায়ী গভর্নর করেন তা আমি বুঝতে পেরেছি, কিন্তু আমি জিজ্ঞাসা করছি মন্ত্রী নিজে সুপারিশ করেন না গোটা ক্যাবিনেট ঠিক করেন?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** মাননীয় সদস্যর এটা জানা উচিত যে মিনিষ্টার এ্যাডভাইস করেন এবং গভর্নর প্রপার মনে করলে সেটা করেন এবং এখা'ন গভর্নর প্রপার মনে করেছেন সেজন্য তিনি এটা করেছেন।

**শ্রীহারাধন রায়:** মাননীয় মন্ত্রিমহাশয় দয়া করে বলবেন কি যে ইন্ডাস্ট্রি ডেভেলপ করবার জন্য তাদের হাতে কত ক্যাপিটাল আছে, এবং কতখানি তারা ইনভেস্টমেন্ট করবার জন্য ধার দিতে পারে?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** সেটা বোর্ড আর্থিক সঙ্গত মত ঠিক করবেন, ধার দেবার লিমিট বেধে দেওয়া আছে বলে আমি জানি না।

**শ্রীহারাধন রায়:** বিভিন্ন কারখানা যারা ধার চান তা'দর দেবার জন্য করপোরেশনের হাতে কোন নিজস্ব টাকা আছে কি?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** হ্যাঁ এ বছর বাজেটে কিছু টাকা ধরা হয়েছে।

**শ্রীপরেশচন্দ্র গোস্বামী:** পার্টিরা কোন কোন ক্ষেত্রে টাকা ধার পাবে তা একটু জানাবেন কি?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** সেটা বোর্ড ঠিক করবেন।

**শ্রীপরেশচন্দ্র গোস্বামী:** তাঁত শিল্পে আজকে শোচনীয় অবস্থা হয়েছে সেগুলি তারা বিবেচনা করবেন কি?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** অনেকগুলি করপোরেশন আছে ধার দেবার জন্য আপনি কোনটার কথা বলছেন সেটা জানলে বলতে পারি।

**Mr. Speaker:** The question hour is over.

## UNSTARRED QUESTIONS

### To which written answers were laid on the table

### Debottar Properties

**8.** (Admitted question No. 19.)

**শ্রীআবদুল হক:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪, ১৯৬৫, ১৯৬৬ এবং ১৯৬৭ সালের বর্তমান সময় পর্যন্ত কোন্ বৎসর কয়জন সেবাইতকে মোট কত টাকা অ্যানুয়িটি দেওয়া হইয়াছে;

(খ) বর্তমানে কয়টি দেবোত্তরের ব্যাপারে (১) কোর্টে বিচারাধীন থাকার জন্য বা (২) অন্যান্য কারণে সরকারের পক্ষে মালিকানা সম্পর্কে অদ্যাবধি চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হয় নাই; এবং

(গ) অন্যান্য কারণে যে সম্পত্তিগুলির মালিকানা অদ্যাবধি স্থিরিকৃত হয় নাই সেগুলির স্থির করিতে আর কতদিন লাগিবে?

**The Minister for Land and Land Revenue:**

(ক) ১৯৬৪-৬৫ সালে ৩০০ জন সেবাইতকে ১৭,৯২,৬০৩ টাকা প্রদান করা হইয়াছে; ১৯৬৫-৬৬ সালে ২০৩ জন সেবাইতকে ১৮,২৬,৭০৯ টাকা প্রদান করা হইয়াছে এবং ১৯৬৬-৬৭ সালে ৩২৪ জন সেবাইতকে ২১,৪৬,৫০৩ টাকা প্রদান করা হইয়াছে।

(খ) বর্তমানে দেবোত্তরের বিষয় কোর্টে বিচারাধীন থাকার জন্য ও অন্যান্য কারণে সরকারের পক্ষে মালিকানা সম্পর্কে অদ্যাবধি মোট ৬,৫৯৬টি কেসে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হয় নাই।

(গ) নির্দিষ্ট কোন সময় বলা সম্ভব নয়, তবে যথাসম্ভব ত্বরান্বিত করার জন্য চেষ্টা করা হইতেছে।

### Harirampurghat-Bagdahara Road, Murshidabad

**9.** (Admitted question No. 27.)

**শ্রীআবদুল হকঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) ইহা কি সত্য যে মুর্শিদাবাদ জেলার ভগবানগোলা থানার হরিরামপুরঘাট হইতে জিয়াগঞ্জ থানার বাগডহরা কলোনী পর্যন্ত একটি রাস্তা সংস্কার করার পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছিলেন;

(খ) সত্য হইলে কোন্ সময়ে ঐ পরিকল্পনা গ্রহণ করা হইয়াছিল, এবং

(গ) উক্ত পরিকল্পনার সর্বশেষ পরিস্থিতি কি?

**The Minister for Public Works (Roads):**

(ক) না।

(খ) ও (গ) প্রশ্নগুলি উঠে না।

### Berhampore and Jangipur Hospitals, Murshidabad

**10.** (Admitted question No. 32.)

**শ্রীআবদুল হকঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে মুর্শিদাবাদ জেলার (১) বহরমপুরে এবং (২) জঙ্গীপুরে দুইটি হাসপাতাল গৃহ তৈয়ারী হওয়ার পরেও অদ্যাবধি চালু হয় নাই;

(খ) সত্য হইলে তাহার কারণ কি; এবং

(গ) কতদিনের মধ্যে উক্ত হাসপাতাল দুইটি চালু হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Health:**

(ক) ও (খ) বহরমপুরে হাসপাতালের নির্মাণকার্য সম্পূর্ণ সমাপ্ত হইয়াছে। হাসপাতালটি চালু করিবার প্রাথমিক ব্যবস্থাদি সম্পূর্ণপ্রায়।

জঙ্গীপুর হাসপাতালের গৃহাদি নির্মাণ সম্পূর্ণ হইয়াছে বটে, কিন্তু প্রয়োজনীয় শক্তিসম্পন্ন বিদ্যুৎ সরবরাহ পাওয়া যায় নাই। ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড প্রয়োজনীয় বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা করিতেছে।

(গ) বহরমপুর হাসপাতালটি এক মাসের মধ্যেই চালু হইবে বলিয়া আশা করা যায়।

জঙ্গীপুর হাসপাতালটি চালু হওয়ার প্রয়োজনীয় বিদ্যুৎ সরবরাহ প্রাপ্তির উপর নির্ভর করিতেছে।

### Co-operative Societies

**11.** (Admitted question No. 31.)

**শ্রীআবদুল হকঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত পাঁচ বৎসরের কোন্ বৎসর পশ্চিমবঙ্গে জেলাওয়ারী কয়টি কো-অপারেটিভ সোসাইটি চালু অবস্থায় ছিল;

(খ) জেলাওয়ারী হিসাব অনুযায়ী উক্ত কো-অপারেটিভগুলিতে মোট কত টাকা খাটিতেছে

(গ) উক্ত টাকার মধ্যে কত টাকা শেয়ারহোল্ডারদের এবং কত টাকা সরকারের (জেলাওয়ারী), এবং

(ঘ) উক্ত কো-অপারেটিভগুলি জেলাওয়ারী হিসাবে গত পাঁচ বৎসরের কোন্ বৎসর কত লাভ বা লোকসান করিয়াছে?

**The Minister for Co-operation:**

(ক), (খ), (গ) ও (ঘ) লাইব্রেরী টেবিলে উপস্থাপিত তালিকায় বিবরণ দেওয়া হইল।

[2—2-10 p.m.]

### Calling Attention to matters of urgent public importance

**Mr. Speaker:** I have received five notices of Calling Attention on the following subjects, namely,

(1) Damages caused by the cyclone of 6th June, 1967 in Karandighi, Raiganj and Hemtabad P.S. in the district of West Dinajpur—from Shri Jatindra Mohan Roy;

(2) Deplorable conditions of educational institutions in drought hit areas of Purulia district—by Shri Sachindra Mohan Nandy;

(3) Alleged starvation case at Hariharpur village in the district of West Dinajpore—from Shri Jatindra Mohan Roy,

(4) Alleged looting of property in Kanturka area of Malda district—from Shri Boda Murmu; and

(5) Dilapidated condition of the Ikrah Basanti Bijoy High School in Burdwan district—from Shri Tinkori Mandal

I have selected the notice of Shri Sachindra Mohan Nandy on the subject of deplorable condition of educational institutions in drought hit areas of Purulia district. The Hon'ble Minister-in-charge may please make a statement to-day or give a date for the same

**Shri Jyoti Bhusan Bhattacharya:** I shall make a statement on Friday, Sir.

**Mr. Speaker:** Some honourable members wanted to mention some matters. Shrimati Purabi Mukhopadhyay may please speak.

**শ্রীমতী পূরবী মুখার্জিঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, নকশালবাড়ী সংক্রান্ত যখন মুলতবী প্রস্তাব আমরা এখানে আলোচনা করেছিলাম তখন আমাদের দিক থেকে প্রত্যক্ষভাবে কমিউনিস্ট চীনের সঙ্গে নকশালবাড়ীর ঘটনার যোগাযোগের অভিযোগ আমরা এনেছিলাম এবং সেই সময় মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আমরা একটা দাবী করেছিলাম একটা তদন্ত কমিশন গঠন করার জন্য। কিন্তু তিনি সেটা অস্বীকার করেছিলেন এবং সেই রকম চীনের সঙ্গে যোগাযোগের কথা তিনি জানেন না কিংবা অস্ত্রশস্ত্র সরবরাহের কোন খবর তিনি জানেন না এই কথা তিনি বলেছিলেন। আজ দু দিন ধরে সংবাদপত্র পিকিং রেডিও এবং অন্যান্য সংবাদ এজেন্সি মারফত যে খবর প্রকাশ হচ্ছে সে সম্পর্কে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি এবং নকশালবাড়ীর

[illegible]না সম্পর্কে পুনরায় তদন্ত কমিশনের দাবী উপস্থাপিত করছি। শ্রীসুশীল ধাড়া মহাশয় [illegible] মিশনের অন্যতম সদস্য হিসাবে যে রিপোর্ট দিয়েছেন যুক্ত রিপোর্ট তা ছাড়াও আর একটা [illegible] তিনি শ্রীঅজয়কুমার মুখার্জি বাংলা কংগ্রেসের নেতা সভাপতি হিসাবে তাঁর কাছে যেটা [illegible] করেছেন তাতে আমাদের পক্ষে এটা ধারণা করার সুযোগ পাচ্ছি যে মন্ত্রী মিশনের রিপোর্ট [illegible] পূর্ণ পিকচার তুলে ধরছে না। সেইজন্য তিনি তাঁর লিডারের কাছে অন্য পিকচার তুলে [illegible]। এটা গুরুত্বপূর্ণ বিষয় বলে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীসুবোধ চৌধুরী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, [illegible] প্রাথমিক শিক্ষকদের উপর নির্যাতন [illegible] কংগ্রেসী বেঞ্চ থেকে তাঁরা ওয়াক-আউট করেছিলেন। আমি [illegible] [illegible] ভায়োলেট করেছেন সে বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। [illegible] দেড় মাস [illegible] ঘোষণা অনুসারে ডি আই ও অনুরূপ ধারায় যারা আটক ছিলেন তারা মুক্তি [illegible] তাদের চাকুরীতে পুনর্নিয়োগ করা হবে নির্দেশ ছিল এবং সেই নির্দেশ [illegible] পাঠিয়ে [illegible] ডি আই অফিসে। ডি আই [illegible] পুনর্নিয়োগ করার জন্য। [illegible] কংগ্রেসী নেতা শ্রীনারায়ণ চৌধুরী একবালে জেলা স্কুল বোর্ডের সভাপতি ছিলেন, [illegible] তাঁরা গিয়ে সেই বোর্ডের অফিসে বেআইনীভাবে ঢোকেন এবং চেলাচামুণ্ড নিয়ে [illegible] অপমানিত করেন [illegible] আপনার নির্দেশ পালন করলো না। গত দেড় মাসে [illegible] সুপারিশ সত্ত্বেও [illegible] শিক্ষকদের চাকরী দেওয়া হয় নি এবং গভর্নমেন্টের [illegible] করা হয়েছে। আমি আপনার মারফৎ হাউসকে জানাতে চাই এবং [illegible] [illegible] আকর্ষণ করতে চাই যে তাঁরা যে আদেশ দিয়েছেন সেই আদেশ যেন পালন করা [illegible] যেন একটু নজর দেন।

**শ্রী[illegible] সানা:** মিঃ স্পীকার স্যার, [illegible] [illegible] রিপোর্ট যার নায়ক হচ্ছেন আমাদের শৈল মুখার্জি মহাশয়। মিঃ স্পীকার [illegible] আমরা শৈলবাবুর মুখে শুনেছিলাম [illegible] [illegible] কেলেঙ্কারীর ব্যাপারে তখন তিনি সমস্ত [illegible] বলেছিলেন [illegible] বিরুদ্ধে কোন অভিযোগ পাওয়া যায় তাহলে আমি পদত্যাগ করবো। [illegible] [illegible] রিপোর্ট বেরিয়েছে সেই রিপোর্ট যদি সত্য হয় তাহলে আমি আপনার মারফত [illegible] কাছে জানতে চাই যে তিনি এ বিষয়ে কোন ব্যবস্থা অবলম্বন করবেন কিনা [illegible] রিপোর্ট যদি সত্য হয় তাহলে শৈলবাবু পদত্যাগ করবেন কিনা সেটা শৈলবাবুকে [illegible] চাই।

**শ্রী[illegible]চন্দ্র চৌধুরী:** অন এ পয়েন্ট অব পার্সোনাল এক্সপ্ল্যানেশন, স্যার, এখানে [illegible] [illegible] চৌধুরী মহাশয়, একটা মিথ্যা সংবাদ পরিবেশন করেছেন। তিনি বলেছেন যে [illegible] স্কুল বোর্ডের প্রেসিডেন্ট। আমি গত তিন বছর স্কুল বোর্ডের প্রেসিডেন্ট [illegible] জানা উচিত ছিল। তিন বছর চলে আসার পর কোনকালে প্রেসিডেন্ট কি করবেন [illegible] দায়দায়িত্ব যদি [illegible] আমার ঘাড়ে চাপান তাহলে আমি আর কি করবো?

**শ্রী[illegible]চন্দ্র মজুমদার:** [illegible] আমার একটা [illegible] কৃপাসিন্ধু [illegible] [illegible] রিপোর্টের [illegible] যে রিপোর্টটা পেশ করা হয়েছে।

**মিঃ স্পীকার:** ঠিক আছে বসুন।

**[illegible] নাহার:** স্পীকার মহাশয়, যখন এই প্রশ্নটা উঠেছে তখন আমি আপনার মাধ্যমে [illegible] কাছে অনুরোধ জানাবো যে সেই রিপোর্টটা এই হাউসের সামনে পেশ করা [illegible] প্রয়োজন হয় তাহলে সে সম্বন্ধে আমরা আলোচনা করতে চাই।

**শ্রীনারায়ণ চৌবে:** স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি এই [illegible] দৃষ্টি আকর্ষণ করতে চাই। কালকে দর্পণ কাগজ বেরিয়েছে বাংলাদেশের ইন্সপেক্টার-[illegible] অব পুলিশ [illegible] সম্পাদককে টেলিফোন করে জানিয়েছেন যে [illegible] সরকারের [illegible] বিরুদ্ধে লিখতে হবে। এর আগেও আমরা বলেছি—এর আগেও কাগজে বেরিয়েছে [illegible] পুলিশ অফিসারকে কংগ্রেস ভবনে ঢুকতে দেখা গিয়েছিল। মাননীয় স্পীকার মহোদয়,

আমি আপনার মাধ্যমে হাউসের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে কংগ্রেসীরা এবং বাংলাদেশের উচ্চতম সরকারী পুলিশ কর্তৃপক্ষ যুক্তফ্রন্ট সরকারের বিরুদ্ধে যে কার্যাবলী আরম্ভ করেছেন তার দিকে যেন সরকার দৃষ্টি রাখেন এবং সেই মত যেন কাজ করেন।

**Dr. Nalinaksha Sanyal:** Sir, may I enquire if you will not permit reference to officials and others who are not members of this House, who are not in a position to protect themselves and reference to newspapers and their reports in this House without giving those affected persons to come forward and give their versions of the statement? This is not normally done. Therefore, I am rising on a point of order whether you will allow such statements to be made—unchallenged statements which may or may not be correct.

**Mr. Speaker:** They should not be allowed to mention anything in the absence of anybody. The difficulty was I gave honourable members permission to mention one of two important matters. I did not know what matter they would mention. I just heard that they would mention something about administration and all that. I fully agree with you, Dr. Sanyal, that this should not be allowed, and I shall try my best to scrutinise before any mention is allowed to be made.

**শ্রীনিখিল দাস:** স্পীকার মহাশয়, ধরুন একটা দপ্তর সম্পর্কে আমার বক্তব্য থাকতে পারে এবং সেই দপ্তরের অফিসারদের সম্পর্কে আমার বক্তব্য থাকতে পারে সে সম্পর্কে সেই দপ্তরের মিনিস্টারকে আমরা কিছু বলতে পারবো না কেন? আপনি একি রুলিং দিলেন?

**Mr. Speaker:** I have not mentioned anything about those matters mentioned today. It does not affect those matters which have already been mentioned here.

[2-10—2-20 p.m.]

**শ্রীনারায়ণ চৌবে:** স্যার, আই হ্যাভ গট ওয়ান সাবমিশন। যদি কোন একটা রিপোর্ট কাগজে বার হয় আমরা সেই ডিপার্টমেন্টের মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে পারি কি না? এবং ইট ইজ ফ্যানটাস্টিক টু সে আমরা করতে পারি না।

**Mr. Speaker:** Mr. Choubey, I will allow full facility to the members to exercise their rights. I will certainly allow them to mention here.

**শ্রীনিখিল দাস:** আমি আপনার কাছে সাবমিট করছি ধরুন এখানে মিনিস্টাররা আছেন তাঁদের কোন অফিসারদের সম্পর্কে যদি কোন অভিযোগ থাকে আমরা অ্যাসেমব্লীতে বলতে পারবো না তা হয় না। আমরা ডেফিনেটলি বলতে পারবো।

**Mr. Speaker:** Certainly you will be allowed to say so.

**শ্রীপঞ্চানন মাঝি:** স্যার, আমি আপনার মাধ্যমে আমার জেলার খাদ্য পরিস্থিতি সম্বন্ধে খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের হাওড়া জেলায় গত বৎসর খরা হয়েছে এবং গভর্নমেন্ট সেটা স্বীকার করে নিয়ে খাজনা মকুব করে দিয়েছেন। যেখানে এরূপ অবস্থা সেখানে এখন মাথা পিছু ২০০ গ্রাম করে গম দেওয়া হচ্ছে। কিন্তু লোকেদের হাতে পয়সা না থাকায় তারা তা কিনতে পাচ্ছে না। সেখানে যে রিলিফ দেওয়া হচ্ছে তাও সামান্য। সেখানে ৮ হাজার লোক বাস করে। মাত্র ৩৫।৪৫ টাকা দেওয়া হয়েছে। এবং এবার দেওয়া হয়েছে ১৬০ টাকা। ঐ রিলিফ এত কম লোকে পাচ্ছে যে যাতে করে তারা জীবন যাপন করতে পাচ্ছে না। অবিলম্বে সেখানে রেশানের পরিমাণ বাড়ান দরকার। মেদিনীপুর থেকে চাল না আসায় বাজারে চাল পাওয়া যাচ্ছে না। ইতিপূর্বে এরূপ অবস্থা আর কখনও হয় নি। এটা আরামবাগের বর্ডারে, সেখান থেকেও চাল আসছে না। সেজন্য আপনার মাধ্যমে খাদ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো তিনি যেন এম আর এতে যে গম সরবরাহ করা হচ্ছে তার পরিমাণ অবিলম্বে বাড়াবার ব্যবস্থা করেন। তা যদি না করেন তাহলে কিছুদিন পরে শুনবেন সেখানে লোক না খেতে পেয়ে মারা গেছেন।

**ডাঃ গোপিকারঞ্জন মিত্র:** স্যার, আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি সেন ালে কোম্পানীর জেনারেল ম্যানেজারের অফিসের সামনে পার্শ্ববর্তী গ্রামের ৮টি ছেলে আজ ০।১২ দিন হল চাকরীর দাবী নিয়ে হাঙগার স্ট্রাইক করে পড়ে আছে। আমি খবর নিয়ে জেনেছি তাদের অবস্থা খারাপ। আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি এ বিষয়ে আকর্ষণ করছি।

## General discussion on the budget for 1967-68

**Shri Mrityunjoy Banerjee:** Mr. Speaker, Sir, I want to discuss the budget from three important angles. One, congratulations to the Finance Minister which may sometimes be coupled with condolences also, incongruities and anomalies in the budget, and, finally, its political aspect. Sir, I congratulate the Finance Minister on presenting before us a much higher opening balance than the one he presented in the Vote on Account budget. I congratulate the Finance Minister on giving the Government employees and staff of non-Government schools increased D.A. involving an amount of Rs. 11.5 crores. I also congratulate the Finance Minister on his frank admission on page 4 of the budget that since June, 1965, the previous Government has raised the D.A. of Government employees in four stages involving Rs. 24 crores and further benefits amounting to Rs. 5 crores.

But, unfortunately, here I come to the condolence point, on a deeper scrutiny we find, on which also attention has been very forcefully focussed by Shri Saila Kumar Mukherjee yesterday, that the so-called increase in the opening balance to the extent of about Rs. 16 crores has been made at the cost of the Centre. I will refer to a very common Bengal saying: "Parer Dhane Poddari". The tendency is common to every individual to be liberal if he gets other's funds. Credit lies where he earns it himself and spends it on good cause. For a Finance Minister to earn money not for himself of course but for the benefit of the State requires incurring displeasure of one or the other section of the community.

Sir, the Union Finance Minister has described himself as a pick-pocket. We do not know whose pockets Mr. Jyoti Basu aims at picking when he shall come forward with his tax proposals. We also do not know which classes or sections of the community he will lay his axe on at that time with the backing of higgledy piggledy combination of parties which form our United Front Government. Of course, I agree with the claim of the Finance Minister for a higher percentage of the divisible taxes from the Centre to the State as also an increased quota of Central assistance.

Sir, there are three important principles which determine the distribution of resources between the Centre and the units in a federal structure of Government. These are: (i) population, (ii) collection, and (iii) need. We do admit that the last two had not been given due weight by the Centre but it is not the first time that Mr. Jyoti Basu has raised the issue on that point. There was a demand by the previous Government made from time to time on the Centre for a greater and a more equitable distribution of the Central pool on divisible taxes as well as a just allotment of Central assistance. Sir, not only in the matter of finance but also in the matter of food and other resources, blame has been laid on the Centre by different members of the United Front Government. I am inclined to reverse the picture for a moment and visualise the situation when Mr. Jyoti Basu, let us assume hypothetically that he becomes the Finance Minister of the Government of India, and one of the members of the Bangla Congress I beg to be pardoned, I name him the newly elected member, Mr. Ajoy Malakar becomes the Finance Minister of West Bengal. The treatment that time, I expect, provided of course the eventuality materialises, God forbid of course, the

treatment that time which the Centre will extend to the State can very well be imagined from the treatment which the members of the opposite party and even the members of the ruling United Front Government are getting at the moment from the party which Mr. Jyoti Basu represents. Of course this is a hypothetical case. But the attention is focussed on a very important issue which is facing the State at the present moment.

Sir, I shall now refer to a few inconsistencies in the Budget. On page 4, paragraph 4 the Finance Minister has pleaded against deficit financing, but on page 6, paragraph 7 he himself supported deficit financing and pleaded for bigger plan outlay. On page 3, there is this expression "The Government employees and non-Government teaching staff including non-teaching staff." I do not know by what stretch of language the teaching staff can mean non-teaching staff. Somebody once said that a man includes a woman for two reasons because woman is woe plus man and man must after all have come out of the woman. I do not know whether by this use of language Mr. Jyoti Basu means that the teachers now-a-days do not teach. The Centre has also been responsible for increase in price level throughout India. This is no doubt a fact and the policies of the Centre, particularly, financial and fiscal, might have been responsible in part for the rise in the price level in the country as a whole. Different members of the Central Government and different enquiry committees have admitted that. But, Sir, who is to be blamed for rice on an average selling now in West Bengal at Rs. 2.5 per kg. as compared with Rs. 1.5 on an average in February, 1967, for Dal selling at Rs. 2.25 per kg. on an average now against Rs. 1.6 or Rs. 1.5 in February, 1967 and for Gur selling at Rs. 2 per kg. now as compared with Re. 1 per kg in February, 1967 and a host of other essential commodities like that? Will not this rise in price offset the benefit which lower paid employees will get as a result of the so-called increase in dearness allowance? Sir, in the Budget there is no mention of economy in expenditure or plugging the loopholes of taxation or preventing evasion of taxes about which the Finance Minister on many occasions in the past waxed eloquent. Rather I would draw the attenaion to a very distressing situation which is developing very fast in West Bengal, namely, that the different policies and practices of the United Front Government for the last three months have brought about such state of situation in respect of industry and trade which might lead to a very appreciable decline and reduction in the yield public revenue. Reference was made by shri Saila Kumar Mukherjee, yesterday he said already about shortfall to the extent of two crores. I apprehend if upto-date figures are taken, shortfall will be of much higher amount. Sir, we are all anxious to see that the workers get higher wages, get more amenities and more benefits. But one will be full-hardy if, as Shri Mukherjee pointed out yesterday, one kills the hen that lays the golden eggs. Sir, unequal distribution with sufficient wealth is very very bad but equal distribution of poverty is also meaningless it is unfortunate. But the fact that we have got in the city of Calcutta both Chitpore and Chowringhee is also true of other important cities in our poor country. Now-a-days there is nobody, I believe, either on this side or that side, who will say, who will not say rather that Chitpore will have to be lifted to the conditions of Chowringhee. Even so long as it is not possible we may also demand that Chowringhee must give up the show of its pomp and pleasure, its luxuriances and extravagance but we all desire very earnestly that Chitpore must be raised to the level of Chowringhee. The sooner the better. Even if that is not possible at a very early date, it is also desirable that Chitpore must be pushed forward and Chowringhee must be pulled backward so that two may meet somewhere in Misson Row or Lalbazar; but, Sir, demolition of Chowringhee will meet disaster not merely to Chowringhee but Chitpore also. Sir, I come now to

political aspect of the budget. A great pecauliarity of this budget which makes it a class by itself compared to the budgets presented even by the other non-Congress Governments of the States in India is that here is a deficit of Rs. 18 crores actually of Rs. 36 crores. Here is a hint for further tax proposals but these tax proposals are not mentioned no indication is given of what their shape and character are going to be. Sir, a budget without tax proposals is most welcome but a budget which hints at future taxes but does not mention specifically the taxation measures resembles human body without the heart a play of Hamlet without the Prince of Denmark. Sir, if there could be rose without the thorn, if there could be honey without the stings of the bee or for the matter of that if there could be law and order without the police, if there could be gheraos without the violence of workers, certainly the world would have been a better place to live in and there would not have been much less difference between us on this side and our friends opposite. But, Sir, the budget will appear in its true colours when the Finance Minister comes forward with his different tax proposals. Then we of course shall get time to make a fuller discussion on the pros and cons, ethics or otherwise of the different tax measures, but for the present I cannot help calling it an instance of economic bankruptcy, financial hypocricy and political camouflage. If I may say further, I would like to comment by describing the budget presented by the Finance Minister as a fraud on the provisions of the Constitution of India regarding the annual financial statement and the consolidated fund of the State.

Thank you, Sir.

[2-30—2-40 p.m.]

**Shri Siddhartha Shankar Ray:** Mr. Speaker, Sir, I do not think that I shall be making any undocumented accusation if I were to say that it will be very difficult for any sensible person to view this budget with any degree of confidence. Of course, there is some adept window-dressing, some fine verse here and there but if you go deep into the root of the matter, we find, as point of fact, that the amount of deficit shown by the Hon'ble Finance Minister is, in fact, much less than what it really should be. Sir, I have not much time at my disposal. Therefore, I can give you one or two examples. At page 5 of his speech he has referred to some reduction of expenditure. He has given three Heads of Accounts under which there is supposed to be some reduction of expenditure. First of all, under the Head of Account: 23 it is statd by him that these are reductions of expenditure to the extent of 48,00,000. This Head, Sir, is the Police Head, and if you turn to the White Book at page 17, we find that this alleged reduction is referred to in an Explanatory Memorandum as follows: The total requirement for additional dearness allowance is such and such. Out of this, 48,00,000 is expected to be met by reduction of expenditure under other items. But what are other items, what are other particulars? The House knows nothing about them. If I say, therefore, that this is pure bankruptcy, it is something which is wholly without substance, will I be wrong? There is nothing at the present moment in the Finance Minister's speech or in this White Paper to show as to how this reduction of 48 lakhs is to be brought about. Then why has this figure been mentioned, because year in and year out the Finance Minister and his party in the last 10 or 15 years has cried hoarse in this House that the amount sanctioned for the Police must be reduced? Having now come to power and having borne the responsibility, he has discovered that what he had said before cannot be, in fact, translated into action. So in a cryptic note at page 17 he merely says that out of this, 48 lakhs is expected to be met by reduction on of expenditure under other What are other items? Where shall I find these items? How they are expected to be met? There are no details. Similarly, under the Head of

Account 26 Miscellaneous Departments Excluding Fire Services, he is suggesting an expenditure reduction of 41 lakhs. Go through this White Book. This Head of Account: 26 is not mentioned in details at all. You won't find it; it is not there at all. But this is only said in a very, very cryptic form at page 1 right at the bottom provision reduced by 4.64 lakhs, reduction of expenditure 41 lakhs. How? Why, on what account, no details are given anywhere, and this particular Head of Account: 26 is not mentioned anywhere at all in these 58 pages of the White Paper which he has presented to this House.

Thirdly, Sir, national emergency is another item in respect of which he says, he will bring about a reduction of Rs. 97 lakhs. That is at page 5 of the budget speech. National emergency, Sir, is a very vital matter. We are all interested in it. We want to know how, he says, he will bring about this reduction under this head. In this white book, again, there is hardly anything said about this. But, again, by a cryptic note at page 4, it is suggested that there would be a reduction of expenditure 97 lakhs. What is going to be reduced we want to know, particularly, as the Finance Minister happens to be a Maoist—I have said this before, I shall go on repeating this—I am saying this, everyone of the non-Maoists of this House would want to know as to in what way this item—reduction of national emergency expenditure—in what way this reduction is to be affected. These are the only three reductions that he has placed before the House. He has not found any other item in the whole budget from which he would at all reduce anything.

In so far as Government employees are concerned, their pay scales certainly require revision. Perhaps it would have been much better if Government thought of supplying Government employees with subsidised educational facilities, subsidised housing facilities that would have really alienated the distress of the Government servants, not merely a payment in cash, which will finally result only in an inflationary tendency resulting, perhaps, in another year or two a further revision of the scales and further increase in the emoluments paid to the Government servants. What is really needed, what they really need today is subsidised food, subsidised clothing, subsidised educational facilities for their children. I hope the Finance Minister will take this into account when he deals with this aspect of the matter.

Sir, this budget clearly demonstrates the thinking behind this Government. What is that thinking? What is the basis of this thinking? Indecision. Indecision at every stage. Indecision in respect of every problem. Indecision whenever anything has to be decided upon. There are four pillars on which this Government, the edifice of the United Front Government is based. What are these? The pillar of indecision, the pillar of inaction, the pillar of indiscretion and the pillar of immaturity. On these four pillars the edifice of the United Front Government is built. And in that edifice resides in his high office the Chief Minister of West Bengal, Shri Ajoy Kumar Mukherjee. And what is the position of this Government as a result of all this? Sir, I am reminded of a poem that we had learnt, practically, many of us must have learnt when we were young—

"She didn't say yes, She didn't say no
She didn't say stay, She didn't say go
She wanted to climb but was afraid to fall
So she bided her time and clung to the wall"

The United Front Government is biding its time for the benefit of the Maoists and clinging on to the wall for the security of the non-Maoists in the

ernment. But there are many who are not Maoists and there are many, act, who are positively anti-Maoists in the United Front Government and, far as they are concerned, Sir, they have started wondering how strong his wall and how secure is this desperate clinging on to it.

[0—2-50 p.m.]

Sir, the Finance Minister has blamed the previous Government at page 16 his budget speech for having failed to procure foodgrains in sufficient antities. I use his exact words. "In West Bengal we were confronted h serious difficulties, because the previous Government procured insigni- nt quantities of paddy after the harvest." I join issue with the Govern- nt on this point. Dr. P. C. Ghosh is here. I am afraid and I am sure does not know anything what happened. I may tell him what had pened. The levy orders passed by the past Government were enforced ; hundreds of jotedars, hundreds of people affected by the levy orders e to the High Court, filed hundreds of applications under article 226 the Constitution. In these applications—I did not accept any, not a single -rules were granted by the High Court and injunctions were granted raining the Government from receiving the levied rice or paddy, as the may be, on the undertaking given to the Court by each and every tioner that he will not part with, sale or deal with rice and paddy so ied, or, in other words, they will keep rice or paddy with them until cases were over. Hundreds and thousands of maunds of rice and paddy re thus ordered by the High Court in Calcutta to be kept with the licants. These were rice and paddy which were subject to the levy orders ed to them. But since the levy orders were challenged status quo was ntained. What did United Front Government do? I am sure Dr. P. C. ose never knew about it. Immediately after resumption of office he tled all the applications. This is the order which was passed in each l every case. I have just come from Assam. Do you know how many , were there? I may only refer to 561 cases which I come across but was told there were something more than two thousand cases, what was order passed. Levied rice was there, levied paddy was there. These edars gave an undertaking that they would not part with single grain that rice and paddy. But what instruction the United Front Government e to the Advocate-General for the purpose of dealing with levied rice and ddy? Mr. Justice D. Basu said: "It is stated by the learned Advocate- neral that Government have decided to withdraw all pending notices luding pending criminal proceedings." Mr. P. C. Sen instituted the minal proceedings against the jotedars. But in so far as Left Government s concerned, what was their order, I read again: "It is stated by the rned Advocate-General that Government have decided to withdraw all ding notices including pending criminal proceedings, if any, related to levy cases, that is, cases under the West Bengal Foodgrains Procurement y Order now pending before the Court. In view of the statement and r hearing the learned Advocate-General and all the parties concerned in case before me, it is evident that the rules are no longer maintainable they have become infructuous. Under the circumstances, let the rules discharged without breach to any other causes of action as the petitioners y think under the law. There will be no order as to costs." After this r every grain of paddy, every grain of rice was removed by these licants and disposed of. How could the Government procure? How ld the present Government procure the levied rice? They had kept that and that paddy in the houses, in the 'golas' of the respective applicants. undertaking was given that they would not part with that rice and that ddy but the new Government at one stroke instructed the learned Advocate- neral to withdraw everything. That undertaking was gone, rice was taken

away, paddy was taken away. Not only that. Every right was given to jotedars by this order as, without prejudice to any other causes of action that the petitioners may have against the Government, each and every petitioner can file a suit against the Government. What right has the Government to do this? Just because the levy orders were passed by Shri P. C. Sen, just because they do not like P. C. Sen that they thought: "We may do away with the levy order and allow this rice and paddy, very valuable at the time, to be taken away by these people."

Sir, I would very much like to know from the Government how many cases were filed and how many cases were withdrawn and what is the total quantity of rice and paddy that were effected by them. Dislike of Mr. P. C. Sen seems to be the only basis on which the present food policy is framed. Do away with cordoning, that is Mr. P. C. Sen's idea. Do away with levy, that is Mr. P. C. Sen's idea. Do away with everything that Mr. P. C. Sen has introduced because I do not like Mr. P. C. Sen. You remember the poem that we read as children: "I do not like Dr. Fell, the reason why I cannot tell, this I know and anybody says, I do not like Dr. Fell." I do not know why I dislike Mr. P. C. Sen, I do not know why I dislike his policy, but do away with the policy. That is what has landed the Government to-day in the present predicament. Sir, this Budget will go heavier in the coming months. Every expectation will remain unfulfilled. Just wait for the Pujahs, the time of Pujah Bonus will come. The industry has been stultified. Mr. Subodh Banerjee the other day asked Mr. Saila Kumar Mukherjee to shed a tear for the workers. We shall shed tear certainly for the workers, but no crocodile tears. We shall try to assist the workers not by destroying the very source from which they earn their livelihood. Industries, small, big or middle, must be maintained. The workers must get their due share of the profits of the industry. But that does not mean that every industry must be stopped. Bengal to-day subscribes nearly 33½ per cent. of the total foreign exchange. Do you want to destroy that? If Bengal stands destroyed to-day, India will be destroyed to-morrow. Bengal is a politically conscious State. The struggle is going on in Bengal to-day. It is not between the Congress and non-Congress. The struggle is between Communism and anti-Communism. That is the struggle in Bengal to-day. Sir, it is said that the Naxulbari Communists are not our men at all. I shall say that if Karl Marx is correct, if Mao is correct, what the Naxulbari Communists are doing is, in effect, the essence of Communism. That is what has been said in a book on Chinese Communism published and printed from Verona in Italy. The correct procedure for the Communists was to form first of all a block of four classes, natiinal bourgeoisie, pet bourgeoisie, peasants and proletariat. That is what they have done to-day. They have taken national bourgeoisie, pet bourgeoisie, peasants and the proletariat. This was defined as the bourgeois democratic stage of revolution. Later as this block gains strength and as soon as the united front gains strength not under Bangla Congress, not under Forward Bloc, not under S.S.P., but under Communist leadership, they would put forward further revolutionary demands such as confiscation and re-allocation of land. That is what they are doing in Naxulbari. In so far as Naxulbari is concerned, it is no use shouting, for you have a little time to devote to the study of Marxism. You will see that Naxulbari Comunists are following the classical Marxist line. It is no use denying that. That is Communism that we are fighting against and that is Communism which we are afraid of and that is Communism which seeks to thrive to-day on the popularity of Shri Ajoy Kumar Mukherjee. Bangla Congress has not gained anything. The Left Communists have gained everything.

**With these words, Sir, I oppose this Budget.**

[2-50—3 p.m.]

**শ্রীতরুণ সেনগুপ্তঃ** স্পীকার মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট এখানে উপস্থাপিত করেছেন সেই বাজেট আমি সমর্থন করছি। আজকে এবং গতকাল ধরে বিশেষ করে বিরোধী পক্ষের বক্তব্য যা শুনলাম তাতে আমার মনে হল গঠনমূলক কিছু বলবার ক্ষমতা হয়ত ও'দের নেই। আমার ধারণা ছিল অন্ততপক্ষে ও'দের পক্ষ থেকে গত বিশ বছর ধরে ও'রা যা বিরোধী দলগুলিকে শুনিয়েছেন অর্থাৎ গঠনমূলক কিছু বলবেন—আমি লক্ষ্য করলাম এমন কি পূর্বতন অর্থমন্ত্রী পর্যন্ত এমন কোন মন্তব্য করলেন না যাতে মনে হয় যে এই মন্ত্রিসভাকে গঠনমূলক কিছু বলবার আছে। গঠনমূলক বক্তব্য তাঁরা রাখতে পারেন না, তাহলে তাঁদের আত্ম-অনুসন্ধান করতে হবে। তাঁরা কি পথ নিলেন—তাঁরা বিশ বছর ধরে কংগ্রেসের রাজত্বে দেশের যে দুরবস্থা হয়েছে তা এই চার মাসের মন্ত্রিসভার উপর চাপালেন। শৈলবাবু বললেন হাওড়ায় ইন্ডাস্ট্রিগুলি নষ্ট হচ্ছে। কিন্তু কেন নষ্ট হচ্ছে? আমি বলব ডিউ টু ইওর প্ল্যানিং। আপনি কি বলতে পারেন যে ফোর্থ প্ল্যান-এ সারা ভারতবর্ষে কোথায় কি হবে, ইন্ডাস্ট্রির জন্য কত খরচা করা হবে, কিসের জন্য কত খরচা করা হবে? কে পারেন? না, জনসন সাহেব বলতে পারেন (নয়েজ অ্যান্ড ইন্টারাপশন ফ্রম দি অপোজিশন বেঞ্চেস) ও'রা বলছেন—জিনিসপত্রের দাম বেড়েছে, খাদ্যের অভাব বেড়েছে। আমি শৈলবাবুকে জিজ্ঞাসা করি, বিশ বছর ধরে বাংলাদেশে ধানের গড় ফলন কত বাড়ালেন? তাছাড়া তিনি কি এমন একটা সম্পদের নাম করতে পারেন যাকে আপনাদের বিশ বছর রাজত্বের কালে বাড়িয়েছেন? এমন সম্পদ বলুন—ধান বলুন, মাছ বলুন, এমন কি কাঁচকলা-তেও দেশকে স্বয়ং সম্পূর্ণ করতে পারেন নি। শুধু গাঁজার ব্যাপারে স্বয়ংসম্পূর্ণ করেছেন। এমন গাঁজা তৈরী করেছেন যে সমস্ত লোক বেগার হয়ে গেল। আমি শৈলবাবুকে বলি ঘেরাও কি আপনাদের রাজত্বে হত না। কিছুদিন আগে মহারাষ্ট্রে যে কি কান্ড ঘটে গেল। সেখানে বিড়লার অত্যাচারে জর্জরিত হয়ে শ্রমিকরা কারখানা জ্বালিয়ে ছিল। কেন জ্বালিয়ে দিল? গত জানুয়ারী এবং ফেব্রুয়ারি মাসে ছগনরাম শিল্পপতি বলেছেন—ছাঁটাই করার পারমিশন দাও। আপনারা তখন বলেছিলেন, দাঁড়াও নির্বাচনে যেতে হচ্ছে—এর পরে ব্যবস্থা করব। এদিকে আমাদের কংগ্রেসী শ্রমমন্ত্রী বিজয় সিং নাহারের বাড়ীর সামনে সিনেমা কর্মচারীরা গিয়েছিল। তিনি তাদের উপর গুন্ডা লেলিয়ে দিয়েছিলেন। কিন্তু এখন নোতুন শ্রমমন্ত্রী আসার ফলে মালিকরা বুঝতে পেরেছে ছাঁটাই করলে গোলমাল হবে। আমিও ওনাকে বলতে পারি, কোন পার্টির ব্যাপার নয়, কোন রাজনীতির ব্যাপার নয়, যদি কোন দেশে অন্তত পক্ষে সেই দেশের মালিক মনে করে থাকে যে শ্রমিকদের ঠিক মত মাহিনা না দিয়ে জোর করে কারখানা চালাবে সেদিন তারা ভুলে যান। যাই হউক এ নিয়ে আমি আর বেশী আলোচনা করতে চাই না। কেবল ওদের বলে দিতে চাই ঐ নিয়ে আর বেশী খেলা করবেন না। আপনাদের দিল্লীতেও ঘেরাও হচ্ছে সেখানে তো আমাদের গভর্নমেন্ট নয়, মহারাষ্ট্রেও ঘেরাও হচ্ছে, সমস্ত জায়গায় ঘেরাও হচ্ছে। আর্থিক অবস্থা আজকে ভারতবর্ষে ভেঙ্গে চুরমার হতে চলেছে। আমি জিজ্ঞাসা করছি জিনিষের দাম দারুন বেড়েছে এই চার মাসে? আমি জিজ্ঞাসা করতে চাই একটা জিনিষের নাম করুন ২০ বছরের মধ্যে যার দাম কমেছে? একটা জিনিষের নাম করুন? আপনারা তা পারবেন না। কিন্তু আমি জানি একটা জিনিসের দাম কমেছে সে জিনিস হচ্ছে জন্ম নিয়ন্ত্রণের যন্ত্রপাতি এবং তার ঔষধপত্রের। তা ছাড়া কোন একটা ঔষধপত্রের বা খাদ্যদ্রব্যের দাম কমে নি। আপনারা কি, ২০ বছরে একটা জিনিষের দাম কমাতে পেরেছেন? আপনারা কেবল চোরা কারবারিদের পদলেহন করেছেন আর জোতদার জমিদার আর মহাজনদের দালালী করেছেন। আর এখন এখানে এসে বলছেন এই চার মাসে কেন সব কিছু করা হল না। তার পর সিদ্ধার্থবাবুর কথা আর কি বলব—তিনি জ্যোতিবাবুকে মাও বলে গেলেন, আমি বলব আর তিনি প্রফুল্লবাবুর ম্যাও! প্রফুল্লবাবু যেদিকে যাবেন তিনিও সেদিকে যাবেন। আমি বলব তিনি প্রফুল্লবাবুর ম্যাও ধরা লোক। এই সিদ্ধার্থবাবু তিনি এখানে অনেক কিছু বুঝিয়ে গেলেন। এখানে তাঁর কাছে একটা জিনিষ তাঁর কাছে থেকে আশা করেছিলাম, যখন তিনি বিরোধী পক্ষে ছিলেন তখন তিনি বলতেন যে এই স্পীকারের মাইক নিয়ে নেওয়া হল গন্ডগোল হল তার বিরুদ্ধে তিনি বলতেন কিন্তু কাল যে এখানে স্পীকারের ডান্ডা নিয়ে নেওয়া হল আরও কত কি কান্ড হল কৈ তখন তো তিনি বললেন না যে এসব অন্যায় বললেন না তো যে পার্লামেন্টারী মকারী হচ্ছে? এটাতে প্রমাণ হয় তিনি আসলে কংগ্রেসের লোক, বড়লোকদের দালাল, মাঝে একবার ঝগড়ায়

জন্য মন্ত্রী থেকে সরিয়ে দেওয়া হয়েছিল। সুতরাং ও'র কথা লোকে শোনে না বা জবাব দেবারও কিছু দরকার নাই। আরেকটা কথা শুনছি যে ল অ্যান্ড অর্ডার নাই, দেশে নাকি একেবারে চরম অরাজকতা। ঐ বিজয়বাবু বসে আছেন ওনার কি মনে নাই ৬২ সালে কমিউনিস্ট পার্টি অফিস উনি নিজে জ্বালিয়ে ছিলেন, উনি গুণ্ডা দিয়ে আমাদের উপর হামলা করেছিলেন। এখানে দাঁড়িয়ে নেপালবাবু বলেছিলেন ইন্দোনেশিয়া করে দেব। এখন পর্যন্ত বিজয়বাবু গুণ্ডা দল পোষণ, এখনও তাঁর দলের গুণ্ডা দিয়ে আমাদের কর্মীদের উপর হামলা করছেন। এখন বুঝি ভয় পেয়েছেন? আপনি যে ঢিল ছুঁড়েছেন তা আপনাদের গায়ে লাগবে। তারপর বলছেন নক্সালবাড়ীতে ভীষণ ব্যাপার হচ্ছে। আমি জিজ্ঞাসা করতে চাই নক্সালবাড়ীর জন্য যদি যুক্তফ্রন্ট সরকারকে রিজাইন করতে হয় তাহলে আমি বলব যে আজ মিজো পাহাড়ে যা হচ্ছে নাগাল্যান্ডে যে ঘটনা ঘটছে তাতে কেন্দ্রেতে কংগ্রেস সরকারের আজ গদীতে বসে থাকবার অধিকার নাই। আস্ক ইওর সেন্ট্রাল গভর্নমেন্ট হোয়াট ইজ হ্যাপেনিং ইন মিজো হিলস, হোয়াট ইজ হ্যাপেনিং ইন নাগাল্যান্ড? আস্ক ইওর ওন গভর্নমেন্ট টু রিজাইন, দেন ইউ টেল আস্। সুতরাং এই সব কথা বলে আজকে চিঁড়ে ভিজান যাবে না। আজকে আপনারা বাজেটের বিরোধীতা করছেন কারণ এই বাজেট দিয়ে যদি টিউবওয়েল করা হয় ন্যাশনাল মেডিকেল কলেজ করা যায় যদি বাংলাদেশের কৃষি সম্পদের উন্নতিবিধান করা যায় তাহলে আমরা জানি আপনাদের অস্তিত্ব বিলীন হয়ে যাবে এই বিষয়ে আমাদের কোন সন্দেহ নাই। আমি জিজ্ঞাসা করি যে এই যে ৪ মাস হয়ে গেল এরই ভিতর পৌরসভা নির্বাচনে আপনারা কয়টা সিট পেয়েছেন। আজকে নৈহাটীতে কয়টা সিট পেয়েছেন। যতগুলি পৌরসভা নির্বাচন হচ্ছে সব জায়গা থেকে আপনারা মুছে যাচ্ছেন। সেজন্য বলছি এখনও সহযোগিতা করুন। ঐ যে আপনাদের জগন্নাথবাবু মুভ ইন করেছিলেন আবার তাঁকে ধরে এনেছেন। তাই বলছি আপনারা তো কেউ কংগ্রেসী নন দুই-একজন হয়ত থাকতে পারেন। কংগ্রেসের কি নীতি তাও আপনারা জানেন না, কংগ্রেস কি করতে চায় তাও জানেন না। কোথা থেকে কতকগুলি লোককে এখানে ধরে নিয়ে এসেছেন শুধু চিৎকার করানর জন্য তারা অন্য সব অন্য কায়দায় কংগ্রেসী সভ্য হয়েছে।

[3—3-25 p.m.]

আমি বলে দিতে চাই যে এই সব করে জোর-জবরদস্তি করে যদি কেউ মনে করে থাকেন যে ৯২ ইমপোজ করবেন বাংলাদেশে তাহলে আমি বলবো ১৯৫৭ সালে যা কেরালায় করা সম্ভব হয়েছিল ১৯৬৬-৬৭ সালে বাংলাদেশে তা করা সম্ভব হবে না। যদি তা করেন তাহলে এটা জেনে রাখবেন যে যুক্তফ্রন্ট সরকারের সমস্ত দল দরকার হলে তাদের রক্ত দিয়ে একে থামাবে—এর বিরুদ্ধে সংগ্রাম করবে, লড়াই করবে—যুক্তফ্রণ্ট সরকার জিন্দাবাদ, যুক্তফ্রণ্ট সরকার জিন্দাবাদ, যুক্তফ্রণ্ট সরকার জিন্দাবাদ।

[At this stage the House was adjourned for 20 minutes.]

[After adjournment]

[3-25—3-35 p.m.]

**Shri Iswar Das Jalan:** Mr. Speaker, Sir, in rising to take part in the general discussion of the budget I do not think that it is necessary for me to take much of the time of the House in dealing in detail with the budget proposals. Considering the criticisms which had been levied against the Congress Government at the time of presenting its budget during the last 20 years I did expect that something dramatic, something revolutionary, something giving a new outlook to the problems will be forthcoming but I regret to say that I do not find any sign of it. It is the same stereotyped budget which used to be presented by the previous Government from year to year with minor modifications here and there. The only outstanding feature, so far as this budget is concerned, does not go to the credit of the present Government. When the Congress left this Government and gave charge to the United Front Government it had left a balance of Rs. 18 crores. Mind you, it is not a small sum. It did not leave the coffers of the State without money. The budget proposal shows that at the end of the year the

eficit comes to Rs. 36 crores. The amount of Rs. 18 crores which has been eft by the Congress Government will be wiped out and there will be another eficit of Rs. 18 crores. We in this House are asked to pass this budget without knowing as to how this money is going to be raised. What are the ources by which the Government is going to balance this budget? We now that the economic condition of this country requires that there should e no deficit budget. But even making allowance for a certain degree of atitude in presenting even a deficit budget to a certain extent, I do not find s to what taxation or other to meet the deficit measures are going to be dopted by the Government. Unless and until you know as to what sources f our income will be, it is ludicrous to ask the House to pass the budget in he dark. What will be the repercussions of any taxation proposals which he Government may propose upon the economy of the State we do not know. here is no doubt whatsoever that so far as the huge deficit is concerned, it ill be a great drag, a great burden on the economy of the State which is ven now highly taxed. Every taxation proposal has its bearing upon the conomic condition of the country which is far from satisfactory at the present moment in the State of West Bengal, and I would have hoped that the present .F. Government could have set a better example by giving an inkling of he taxation proposals that they are going to make. The only thing which hey ask us to reduce is a sum of about Rs. 48 lakhs on account of Police udget and about Rs. 92 lakhs on account of National Emergency budget. We do not know the details of the budget but even then the amount of Rs. 48 lakhs is a small sum which is being reduced. That shows the mentality of the present Government. They want to reduce Police budget, they want to reduce National Emergency budget, they want to reduce these items or their own aggrandisement. They have no concern with the condition of aw and order which is prevailing in the State. They have immobilised the Police I do not think it is possible for a Minister to be in charge of a thana; I do not think it is possible for a Minister to investigate every crime. It is not possible. It is not also possible for a Minister to be at the spot wherever any crime is committed. Police is a necessity. The Police is necessary wing of the Government whose duty it is to prevent crimes being committed, law and order being violated, and those who are found guilty to be brought before the Court and tried by the Court. Therefore to take pride only in reducing some expenditure on Police is not enough. Unless and until you can preserve law and order without the aid of the Police Mere small reduction of the Police budget or the Emergency budget is a national difficulty. The problems with which we are faced in West Bengal are unemployment, food, law and order and refugee. What has been done about the refugees? merely pious wishes. No concrete step is shown in the budget. What about food problem? Prices have gone high, procurement has failed. When Government fails it always lays the blame at other doors Government not admit its failure Government wants some scapegoat in some place or other Government now says that it is the Central Government which is responsible Government says that the allotment which has been made in the Finance Commission's report is not adequate. My friends who had been in this House in the past must have seen that Congress Government had also similar complaints against the Centre for the allocation of the finances to the State of West Bengal. I have seen for the last 20 years the same thing s being repeated day in and day out. With regard to the question of food is not a question which affects the State of West Bengal only You know that there are drought conditions in many of the States. So far as the Centre is concerned, it is trying its best to provide food as much as possible to every State. It has got no interest in seeing people dying of starvation. But it is ridiculous that those people who have been crying hoarse against the policy of getting food from foreign countries, specially the U.S A. should ask that they should get food immediately from even those foreign countries. That is a thing which they ought to understand. After all, there is a limit

to things being supplied from a foreign country. There are difficulties, many kinds of difficulties and it is not entirely in our hands to get as much food as we want from foreign countries. But there are things which the Government could do. What have they done? My friend Mr. Siddhartha Shankar Ray said that when you withdrew all the cases pending in the court, you did not take precaution of getting paddy which was ordered to be reserved until the disposal of the cases. After the present Government came into power, they did not take adequate steps in order to procure food they want singly in order to be popular. No coercion, only persuasion. All the Ministers went round, but to no effect. All things were said, but to no effect. April passed, May passed. At the fag end of June the Government comes forward with Preventive Detention Act. It was the Opposition which was saying that no person should be arrested or put into jail without trial. But what are they doing? Whether it is D.I.R. or whether it is P.D. Act, it is detention without trial. On principle it is equally objectionable. When rice has disappeared, when paddy has disappeared, when the season has passed, when you have missed the bus, there is no use applying the P.D. Act. Therefore, so far as the food policy is concerned, you put the blame in season and out of season that it is the mistake of the past Government. Certainly procurement is not the mistake of the past Government. You are still active about the procurement which you have to do. During the last two months what has been the position of law and order in the State? It is not the mistake of the previous Government that no step has been taken in Naxulbari and other places. I was reading today in the papers that those who are responsible for this disturbance have rejected all the terms of the Government and they have decided to go on with their own violent programme. The papers must have been read by you all today. You will find that the life and property of the people are at stake. Now Gheraos and other illegal things are legitimate according to Government. Gheraos have been going on galore, disturbing the whole of the industrial structure. I do not for one moment say that workers should not get their dues but they and the Management should meet together. Workers should get their dues and the Management should also get their dues without which the industry cannot prosper. But my friend Mr. Subodh Banerjee says that he is Minister of Labour and he is not to look to the other side. If he is the Minister of Labour, then he must see that conditions are such that the industries are not paralysed. If the industry is paralysed, how can he prevent unemployment?

[3-35—3-45 p.m.]

How can you compel the people to employ if there is no industry? The whole policy seems to be a policy by which the Communist partners of the present Government want to have. They want to be popular, with the workers and do not care what is going to happen to the State. The industrial position of this province has been in very great difficulties due to 'Gheraos'. Even today I read the West Bengal Financial Corporation's Chairman saying that in spite of his efforts he is not getting even applications for financial aid. He has information that projects are being diverted to other places. In spite of that, if we go on with this policy, certainly we cannot solve the problem of unemployment nor can we solve the problem of labour. I am sorry the matter requires much more time but the time at my disposal is very small. So I will simply quote an article which I read the other day in the Illustrated Weekly which will be an interesting of noted Nobel-Laurence Mr. Steinback has said and I will sit down: "it is the invariable practice of the communists to work very slowly to tighten the noose so gradually that the victim believes it is a new necktie. Then when all is ready, they strike instantly and mercilessly. All opposition is slaughtered and the poor idealists who helped them in are shovelled out on the dung heap. This process never changes." This is what is exactly happening here.

**ডাঃ আবু আসাদ মহম্মদ ওবায়দুল গনিঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কাল থেকে এই বাজেট আলোচনা মনোযোগ দিয়ে শুনছিলাম। আমার ডানদিকে মাননীয়দের পক্ষ থেকে একটি মাত্র সিরিয়াস সমালোচনা হয়েছে যে জ্যোতিবাবু ডেফিসিট বাজেট প্লেস করেছেন। আর সবই লাইট সমালোচনা হয়েছে। যেমন এই দিক থেকে কিছুক্ষণ আগে মাও মাও শব্দ শুনছিলাম যাতে আমাদের ঘুম ভেঙ্গে গেল। জালান সাহেব বললেন তিনি নাকি কিছু একটা ড্রামাটিক আশা করেছিলেন। তাঁরা ২০ বৎসর যাত্রা দলে থেকে যাত্রা দেখিয়েছেন। কিন্তু আমরা এখানে ড্রামা করতে আসি নি। অত্যন্ত সিরিয়াস ও সোবার্ব, গঠনমূলক আলোচনা করবার জন্য আমরা এসেছি। সেজন্য ড্রামা এ দিক থেকে আশা করবেন না। বাজেট আকাশ থেকে পড়ে না। দেশের বাস্তব অবস্থা যেটা তাতে ২০ বৎসরের দুর্নীতির আবর্জনা সমস্ত জমা হয়ে আছে সেসব পর্যালোচনা করে এই সরকার বাজেট রচনা করেছেন। আমাদের বাজেট ও ওদের বাজেটের মধ্যে তফাৎ যেটা সেটা ওরা বলছেন ডেফিসিট বাজেট। ইচ্ছাকৃত ডেফিসিট বাজেট হয়নি। সারপ্লাস বাজেট করা সহজ। যে জিনিসটা আপনারা করেছিলেন তা হচ্ছে আপনারা কিছুই করবেন না কোন উন্নতি করবেন না এবং যারা নিম্ন অবস্থায় রয়েছে তাদের আয় বাড়াবেন না। তাহলে নিশ্চয়ই সারপ্লাস বাজেট হতো। রেভিনিখ আদায় করবেন খরচ করতে পারবেন না। সারপ্লাস নিশ্চয়ই থাকবে। যদি কিছু করতে হয় তাহলে খরচ দেখাতে হবে। তারপরে আমাদের এখানে একজন মাননীয় সদস্য বলেছেন এই যে ডেফিসিট বাজেট করেছেন তার মধ্যে ৩টি বিষয় নিয়ে করেছেন। ট্যাক্সেসান সম্বন্ধে ও'রা বলেছেন। কাদের উপর ট্যাক্সেসান করবেন ও'রা জানেন না? খুব সুন্দরভাবে এটা করেছেন। ও'রা হ্যামলেট প্লে করতে যাচ্ছেন উইদাউট দি প্রিন্স অব ডেনমার্ক এই কথা বলছেন। এখানে প্রিন্স অ্যান্ড প্রিন্সেস অব ডেনমার্ক তো মেলা রয়েছেন ওদিকে। তাঁরা জানেন না এই ট্যাক্সেসানটা কোথায় গিয়ে পড়বে এবং সেই জন্যই তাঁরা আজকে আতঙ্কিত, ভীত, সন্ত্রস্ত এবং ও'রা যাঁদের প্রতিনিধিত্ব করছেন তাঁদের উপর যেন ট্যাক্স না পড়ে। তারপর বলছেন ঐ সেন্ট্রাল লোন মরাটোরিয়াম এবং সেন্ট্রাল এডের উপর ভিত্তি করে এই ডেফিসিট বাজেট করা হয়েছে। মাননীয় শৈলবাবু জিজ্ঞাসা করছেন জ্যোতিবাবু কি এই গ্যারান্টি পেয়েছেন সেন্টারের কাছ থেকে যে এই সবে হাত দেবেন? এই গ্যারান্টি জ্যোতিবাবু কোথা থেকে পাবেন? এই গ্যারান্টি তো ও'দেরই দেওয়ার কথা। কারণ, ও'রাই তো দিল্লী দখল করে বসে আছেন। কাজেই মরাটোরিয়াম দেবেন কিনা এই গ্যারান্টি তো ও'দের দেবার কথা। বাংলাদেশ ধ্বংস যাতে হয় সেই জন্য ও'রা চেষ্টা করবেন ওখান থেকে কোন জিনিস এখানে না আসুক সেন্ট্রাল এড না আসুক এবং সেই চেষ্টাই চলেছে, সেই ষড়যন্ত্রই চলেছে এবং যাতে এই যুক্তফ্রন্ট সরকার ব্যর্থ হয় সেই চেষ্টাই চলেছে। যদি সাধারণভাবে না হয় অন্ততঃ অন্যায়ভাবে যাতে এ'কে এখান থেকে সরানো যায় সেই চেষ্টা চলছে। বাজেটে যে কয়েকটি স্পেশাল ফিচার আছে আমি তার থেকে আপনার মাধ্যমে হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। এখানে প্ল্যানিং আউট-লে সম্বন্ধে মার্চ মাসে যে ফিগার দেওয়া হয়েছিল ৬৯·৫ কোটি টাকা, এখন তার থেকে বাড়িয়ে ৬৯·৯৪ কোটি টাকা করা হয়েছে। এগ্রিকালচার খাতে ২·৫৭ কোটি টাকা বাড়িয়ে দেওয়া হচ্ছে এর থেকে। এটা অত্যন্ত প্রয়োজন। এটা কেউ অস্বীকার করবেন না। আমাদের দেশে যে ক্রনিক খাদ্য সঙ্কট—যার জন্য আপনারা সম্পূর্ণভাবে দায়ী। আজ পর্যন্ত আপনারা খাদ্যোৎপাদনের কোন চেষ্টাই করেন নি। ২০ বছরের যা ফলাফল আছে তা আজকে আমাদের ভোগ করতে হচ্ছে। সেই জন্য ২·২ কোটি টাকা ঐ ইরিগেসান খাতে দেওয়া হচ্ছে। এগ্রিকালচার, ইরিগেসান খাদ্যোৎপাদন বাড়াবার জন্য অত্যন্ত দরকার এবং এই দুটোর চেয়ে বেশী দরকারী আর কি হতে পারে। তারপরে হেল্‌থ সম্বন্ধে আমি বলছি। এর জন্য খুব বেশী নেই। বাজেটে ৮৩ লক্ষ টাকা বৃদ্ধি দেখানো হয়েছে। এর মধ্যে ৪৫ লক্ষ টাকা ন্যাশনাল মেডিকেল কলেজ-এর জন্য নেওয়া হচ্ছে। এটা কত যে প্রয়োজনীয় ব্যাপার তা বোধ হয় আপনারা জানেন না। এই ইনস্টিটিউসনে ছাত্র ভর্তির ব্যাপার নিয়ে যেসব ব্যবসা চলছে আমি সে সম্বন্ধে এখানে বলেছি। এখানে মহেন্দ্র সরকার এবং শ্রীশঙ্করদাস ব্যানার্জী অ্যান্ড কোং লিমিটেডের ব্যবসা চলেছে। ১০।১৫।২০ হাজার টাকা ঘুষ নিয়ে এখানে ছাত্র ভর্তি করা হয়। তার মানে বড়লোকের ছেলে ছাড়া কোন মধ্যবিত্তের ছেলেরা ডাক্তারী পড়তে পারবেন না এবং ফলে হচ্ছে এই সব বড় লোকের ছেলেরা ঐ সব হেলথ সেন্টারে যাবে না, সব ঐ চৌরঙ্গী আর লিন্ডসে স্ট্রীটে গ্যাঁট হয়ে বসে থাকবে। আর তাতেও যদি সুবিধা না হয় তাহলে বিলেত,

আমেরিকায় যাবে প্রাকটিস করতে। এইভাবে দুর্নীতি সৃষ্টি করেছেন। আর একটি কথা ওখানে রোগী নাকি ফ্রি বেডে আছে—ফ্রি বেড বলে কিছু নেই। ঔষধ কিনতে হয়, সব ইনভেস্টিগেশানের খরচ দিতে হয়। আমি আমার নিজস্ব অভিজ্ঞতা থেকে বলছি, কয়েক মাস আগে কলেরা সিজনের সময় আমার ঝির ছেলের কলেরা হয়েছিল, তাকে পাঠিয়েছিলাম। তার মা ২ ঘণ্টা পরে কাঁদতে কাঁদতে এসে আমাকে বলল আপনি তো হাসপাতালে পাঠিয়েছিলেন চিকিৎসার জন্য, কিন্তু ওখান থেকে প্রেসক্রিপসন দিয়েছে। সমস্ত পাড়ায় পাড়ায় ঘুরে বেড়িয়েছি। যেখানেই গেছি তারাই ৮০।৮২।৮৩ টাকা ঔষধের দাম চেয়েছে। আমি গরীব মানুষ আমি কোথা থেকে দেব, ঔষধ না দিলে আমার ছেলে মারা যাবে। ইনস্টিটিউসনে এই রকম জিনিস চলছে। তাহলে এর যদি অ্যাডমিনিস্ট্রেসান নেওয়া হয় তাহলে খুব ভাল হবে, সেই জন্য আমরা সমর্থন করছি। টি বি বেড বাড়ানো হয়েছে এবং ডাবল সিফটের কথা ডাঃ নারায়ণ রায় এবং আমরা বলেছি। আউটডোর কনজেসসানে কম সিট আছে, সেটাকে বাড়াবার জন্য ডাবল সিফটের ব্যবস্থা করে দেওয়া হোক। অন্ততঃ বড় বড় হাসপাতালে ১০০টি পে ক্লিনিক করেছেন এবং এই সরকার ডাবল সিফটে যথাযথ ব্যবস্থা করার জন্য টাকা বরাদ্দ করেছেন।

[3-45—3-55 p.m.]

আর আমি বেশী ডিটেল-এ যাবো না ব্লকওয়াইজ-এ যেখানে সাবসিডিয়ারী প্রাইমারী হেলথ সেণ্টার নেই সেটা করা হবে। এডুকেশন খাতে ১·৯৩ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে—কিসের জন্য গ্রান্ট ইন এড যা এরিয়ার্স আছে—এটা ওঁদের কার্যকলাপ, ওঁরাই এরিয়ার্স রেখে গেছেন, টাকা দেন নি আজকে তাদের পে করতে হচ্ছে, তার জন্য ১ কোটি ৯২ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে এবং শিক্ষক যাঁরা রিটায়ার করবেন তাঁদের পেনসন-এর ব্যবস্থা করা হয়েছে, আপনারা জানেন স্কুলে যাঁরা কাজ করেন, তাঁরা কি বেতন পান এবং তাঁরা যখন পেনসন নেন তাঁরা কি পান, সেটা সকলেরই জানা আছে। তার জন্য একটা নতুন স্কীম করা হয়েছে যাতে এঁরা একটু বেশী পেতে পারেন। এবং যাঁরা মারা যাবেন তাঁদের বিধবা এবং তাঁর অর্ফ্যান ছেলেমেয়েরা যাতে কিছু পায় সেই জন্য এই বরাদ্দ করা হয়েছে আর কিছু নয়। এই যে সরকারী এবং বেসরকারী শিক্ষকদের জন্য যা সামান্য কিছু বরাদ্দ করা হয়েছে, এটা আগেও করা হয়েছে, এটা নূতন কিছু নয়, ওঁদেরও গর্ববোধ করবার কিছু নেই, আমাদেরও নেই। যেটা ন্যায্য সেট করা হয়েছে। তারপর দেখুন দিল্লী থেকে কিরকম সব কিছু কম বরাদ্দ করা হয়েছে, সবদিক থেকে এই সরকারকে জব্দ করার চেষ্টা করা হয়েছে। ফাইন্যান্স কমিশনএর রিপোর্ট-এ বলা হয়েছে যে, বাংলাদেশকে ৭·৫১ ভাগ তাদের সেণ্ট্রাল পুল থেকে দিতে হবে। তা যদি দেওয়া হয় এক্সাইজ থেকে তাহলে ৪৪ কোটি টাকা পেতে পারি, সেটা আমরা পাচ্ছি না। তাছাড়া আর একটা পুল আছে যেটা থেকে স্টেট-এর পপুলেশন-এর নীড এবং কালেকশন-এর বেসিস দেওয়া হয়। সেখানে এই বাংলা প্রভিন্সকে মাত্র এক কোটি টাকা দেওয়া হয়েছে। কেউ বাঙ্গালী যদি বলে পুল থেকে বেশী পাবার অধিকার নেই, তাহলে বাংলাদেশের মানুষ কাকে বাংলা দেশ থেকে তাড়িয়ে দেবে। এটা সেন্ট্রাল আমাদের বাধ্য করেছে। তারপর যখন তখন ওঁরা ল অ্যান্ড অর্ডার-এর প্রশ্ন রাইজ করছেন। অরাজকতা তো ওঁদের আমলে কখনও হয়নি, ওঁরা ভুলে গেছেন যে ১৯৪৮-৪৯ সালে ওঁরা কিছুই করতে পারেন নি, যখন নানা রকম হত্যাকাণ্ড এখানে হয়েছে। ১৯৫০ সালে এই হাওড়া এবং তার শিল্পাঞ্চলে মুসলমানদের হাজার হাজার লোক মারা গেছে, অরাজকতা হয়েছে, বাড়ী লুট হয়েছে, সব পুড়িয়ে দেওয়া হয়েছে, সবকিছু হয়েছে, হত্যার উপর হত্যা হয়েছে তখন ওঁরা কিছু করেন নি, কুল রুমে বসে গোঁপে তা দিয়েছেন, তারপর যখন ঐ বিলাতি জুটমিলের ম্যানেজার মারা যায়, সেদিন দিল্লীর টনক নড়ল, তখন দিল্লী থেকে মিলিটারী বসিয়ে ঐ অরাজকতা থামানো হলো মাত্র, কিন্তু মন্ত্রীকে সরানো হলো না, মিনিস্ট্রি দিয়ে ঠেকালেন মাত্র। যখন দেশের হাজার হাজার মানুষ মারা গেছে, তখন এনজয় করছিলেন আপনারা। আর এই সবকে ওঁরা বলেন অরাজকতা, ওখানে সামান্য কিছু হলে দু-এক ঘণ্টার মধ্যে মন্ত্রিসভার সমস্ত সদস্য গিয়ে হাজির হন এবং জিনিসটা কন্ট্রোল করেন, শুধু পুলিশ নয়, জনগণের সাহায্যেই এটা করেন। এই সব ওঁরা করছেন, এটা ওঁদের চোখে লাগে না। ওঁরা বলেছেন ১৩টি পার্টি ১৩টি পথে চলেছে, ১৩টি ভিন্ন ভিন্ন মত—এটা ওঁদের সহ্য হয় না যে এঁদের এই মন্ত্রিসভা একমত হয়ে কাজ করে চলেছেন—আপনারা তো একটি দল ছিলেন, আপনাদের এক লক্ষ্য ছিল,

২০ বছর আপনারা রাজত্ব করেছেন, অবস্থা কি হয়েছে, আজকে দুর্ভিক্ষ আসছে, আনএমপ্লয় মেণ্ট প্রভৃতি সব কিছু আজকে জমা করে রেখেছেন, এবার দেখুন এই ১৩টি দল মিলে কি করে এ'দের ৩ মাসও টিকতে দেওয়া হবে না, এটাই লক্ষ্য ছিল, কিন্তু পারলেন না এবং পারবেন না এখনও কিন্তু লক্ষ্য আছে যে কেরলের মত যেন ২ বছরও টিকতে না দেওয়া হয়, তাঁরা যেন কা দেখাতে না পারে, এই অবস্থার মধ্যে যে বাজেট আমাদের অর্থমন্ত্রী পেশ করেছেন, তাঁকে আমি আন্তরিকভাবে অভিনন্দন জানাচ্ছি এবং সমর্থন জানাচ্ছি।

**শ্রীনিতাইপদ ঘোষ:** মাননীয় স্পীকার মহাশয়, আজকে বাজেট আলোচনা প্রসঙ্গে আমি আপনার মাধ্যমে সরকার পক্ষীয় সদস্যদের কিছু বলতে চাই। গত বিশ বছর ধরে কংগ্রেস শাসনে এই সরকার পক্ষীয় সদস্যগণ শাসন ক্ষমতায় অধিষ্ঠিত হবার জন্য আপ্রাণ চেষ্টা করেছিলেন। ১৯৫২ সালের নির্বাচনে তাঁরা হেরে ছিলেন, ১৯৫৭ সালেও হেরেছিলেন এবং ক্রমশঃ ক্রমশঃ তাঁরা নিস্তেজ হয়ে পড়েছিলেন, মেরুদণ্ডহীন হয়ে পড়েছিলেন। বোধ হয় তাঁরা চিন্তা করেছিলেন আর বোধ হয় শাসনক্ষমতায় যেতে পারবেন না। ১৯৬২ সালের নির্বাচনও হ না। এমন কি ১৯৬৭ সালেও তাঁরা বলেছিলেন সরকার গঠন করতে পারবো না। তবে বিরোধী পক্ষের কিছু কিছু সদস্য নিয়ে সরকার গঠন করতে পারবো। যা হোক শেষ পর্যন্ত তাঁরা শাসন ক্ষমতা হাতে পেলেন। কিন্তু কিভাবে সুষ্ঠু পরিকল্পনার দ্বারা দেশ শাসন করা যায় বা দেশের সর্বাঙ্গীন উন্নতি করা যায়—সেই সম্পর্কে গত ২০ বছর আদৌ তাঁরা কোন চিন্তা করেন নাই। তাদের একমাত্র চিন্তা ছিল কংগ্রেসকে কি করে খেলা করে যেন তেন প্রকারেন সরিয়ে শাসন ব্যবস্থায় আসতে পারবো কি না—যার জন্য এদের স্থির বিশ্বাস কিছু ছিল না, কোন সুষ্ঠু পরিকল্পনা ছিল না, করতে পারেন নাই! সেই কারণেই আজ কোন গঠনমূলক বক্তৃতা তাঁরা দিতে পারছেন না—শুধুমাত্র ২০ বছরের কংগ্রেসী সরকারের নিন্দাবাদ করা ছাড়া। আজ কংগ্রেস ক্ষমতায় নাই আজকে কংগ্রেসের ২০ বছরের শাসনের আলোচনা করে আত্মসন্তুষ্ট তাঁরা হ পারেন কিন্তু তাতে দেশের কোন উন্নতি হবে না। আজকে সব চেয়ে বড় প্রয়োজন দেশের উন্নতির জন্য গঠনমূলক পরিকল্পনা। সেই পরিকল্পনা তাঁরা কতটুকু নিয়েছেন? সেই পরিকল্পনা রূপায়িত করবার জন্য কোন্ কোন্ পন্থা তাঁরা গ্রহণ করবেন? তাঁরা বহুবার জোরগলায় বলেছেন—২০ বছরে কংগ্রেস যা করেছেন, আমরা ৫ বছরে তাই করবো। এক বছরের মধ্যে কংগ্রেস সরকার যা করেছিলেন, তার এক-পঞ্চমাংশ তাঁরা করিয়ে দেখিয়ে দিন হ্যাঁ, আমরা এ উন্নতি করেছি। আমি বলবো তা হবে না। আজ অতন্দ্র প্রহরীর মত দেশের মানুষ জাগ্রত হয়ে আছে, তাঁরা ন্যায়দণ্ডে তার বিচার করবেন। আজ দেশের লোক আপনাদের প্রচারে বিভ্রান্ত হয়ে নতুন জিনিস পরীক্ষা করবার জন্য তারা আপনাদের ক্ষমতার আসনে এনে দিয়েছে, বসিয়েছে। সর্বপ্রথম আমি আপনাদের আহ্বান করে নৈরাশ্যবাদী পরিকল্পনা ছেড়ে কংগ্রেসের নিন্দাবাদ পরিহার করে উন্নত প্রতিযোগিতা সৃষ্টি করতে। কংগ্রেস কি করেছে এবং আপনারা কি করেছেন বা করবেন সেকথা আপনারা সভার মধ্যে তুলে ধরেছেন। আমি বীরভূম থানার অধিবাসী হিসেবে কংগ্রেস ২০ বছরে কি করেছে তার ফিগার আপনাদের সামনে দিচ্ছি এবং কি করতে বাকী আছে তাও জানিয়ে দিচ্ছি। প্রথম স্বাস্থ্য নিয়ে সুরু করছি, আগে আমাদের ওখানে একটি মাত্র ডিস্ট্রিক্ট হাসপাতাল ছিল। এখন সেখানে তিনটি থানা হাসপাতাল হয়েছে, তিন ইউনিয়ন হাসপাতাল হয়েছে। সেখানে বহু রোগী চিকিৎসিত হচ্ছে। এখনো অনেক জায়গায় অনেক হাসপাতালের দরকার আছে। আমার বন্ধু সিংহ মহাশয় বলেছেন হাসপাতালে এখনো বাইরে থেকে ঔষধ কিনতে হয়। আমি বলি আপনারা কথা দেন যে এক বছরের মধ্যে আর [illegible] বাইরে থেকে ওষুধ কিনে খেতে হবে না।

[illegible]পর শিক্ষা সম্বন্ধে বলছি। আগে যেখানে দেড়শো ছাত্র হাই স্কুলে শিক্ষালাভ করতো এখন সেখানে আড়াই হাজার ছাত্র শিক্ষা লাভ করছে। একটার জায়গায় ছয়টা হাই স্কুল হয়েছে এখনো অনেক জুনিয়ার হাই স্কুলকে বড় স্কুলে পরিণত করতে হবে। প্রাথমিক শিক্ষা ১১ বছর পর্যন্ত কমপালসারি করতে হবে। আপনারা বলুন যে এক বছরের মধ্যে ই আ প্রাথমিক শিক্ষা কমপালসারি করবার ব্যবস্থা করবেন। আর শিল্পক্ষেত্রে এই কংগ্রেস সরকার পশ্চিমবঙ্গে একটা বিপ্লব এনে দিয়েছে বললেই চলে। লেফ্ট কমিউনিস্টদের দলবাজির জ পশ্চিমবঙ্গে শিল্প ধ্বংস হতে বসেছে। এই রকমভাবে যদি ঘেরাও আন্দোলন চলতে থা

তাহলে বাংলাদেশ থেকে শিল্প উঠে যাবে, আর বাড়বে না। শিল্প না বাড়লে বেকার সমস্যার সমাধান কি হাওয়া থেকে হবে? এটা আমার কথা নয়—এস এস পি-র ভূপাল বসু এবং আরো একজন বলেছেন যে আসানসোল এলাকায় ২০টি হত্যাকাণ্ড ইউনিয়নের দলবাজির জন্য হয়েছে। এই তো অবস্থা আপনাদের শাসনকালে ঘটেছে!

[3-55—4-5 p.m.]

**শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য:** মাননীয় স্পীকার মহাশয়, আপনি হয়ত জানেন আজকে বেলা একটা হতে অ্যাসেমব্লীতে মন্ত্রীদের সঙ্গে দেখা করে তাদের দুঃখের কথা জানাবার জন্য পানিহাটি অঞ্চলের তিনটি কারখানার শ্রমিকরা বসে আছেন। এই তিনটি কারখানার মধ্যে একটি হচ্ছে বঙ্গশ্রী কটন মিলস। সেটি ১০ই অক্টোবর ১৯৬৬ হতে শ্রমিকদের পেমেন্ট ডেট-এ কোন রকম টাকা পয়সা না দিয়ে, কারখানা বন্ধ করে রেখেছে।

**মিঃ স্পীকার:** আপনি এখন ঐসব কথা বলবেন না, কার সঙ্গে তাঁর দেখা করতে চান সেইটুকু বলুন।

**শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য:** তার মধ্যে আর একটি মডার্ন ইন্ডিয়া কনস্ট্রাকশন নামে ইঞ্জিনীয়ারিং কারখানা আছে, যার মালিক হচ্ছেন বিড়লা ব্রাদার্স-এর লোক, তাঁর ভাগনে। বঙ্গশ্রী কটন মিলস-এর মালিক হচ্ছেন কংগ্রেসের একজন প্রাক্তন এম পি, রামাধিন তাঁতিয়া। আর একটি হচ্ছে ক্যালকাটা স্পান পাইপ। সেখানকার মালিক হচ্ছেন এক মারোয়াড়ী ভদ্রলোক, সেটাও ঐ বিড়লা ব্রাদার্সের। এই অবস্থা সেখানে চলেছে। আপনি জানেন বঙ্গশ্রী কটন মিলস, যেখানে লক-আউট হয়েছে।

**মিঃ স্পীকার:** এখানে এত বলবার সময় নেই। আপনি কি চাচ্ছেন, সেইটুকু শুধু বলুন।

**শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য:** আমি আপনার মাধ্যমে এখানকার সদস্যদের জানাতে চাচ্ছি যে দীর্ঘদিন ধরে পানিহাটির এই সমস্ত কারখানাগুলিকে লক-আউট ডিক্লেয়ার করে, বন্ধ করে রাখা হয়েছে, ফলে সেখানকার চার হাজার শ্রমিক বেকার হয়ে পড়েছে। এই যে লক-আউট হল সেটাও কংগ্রেসী শাসনের ফলে।

**মিঃ স্পীকার:** আপনি এত বড় লেকচার দেবেন না। আপনি কি চাচ্ছেন, সেটা বলুন।

**শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য:** মিঃ স্পীকার, স্যার, আপনি শুনুন। অন্ততঃ তাঁদের দাবীটা আপনার শোনার প্রয়োজন আছে। তাঁরা এই লক-আউট খোলাবার জন্য চেষ্টা করেছেন। আপনি জানেন যে মডার্ন ইন্ডিয়া কনস্ট্রাকশন সম্পর্কে, আমাদের সরকার বারে বারে বলে পাঠিয়েছেন, যে সেখানে ছাঁটাই করা চলবে না। তা সত্ত্বেও তাঁরা শ্রমিক ছাঁটাই করে চলেছেন। কংগ্রেসের তরফ থেকে বলা হচ্ছে যে, লক-আউট হচ্ছে ঘেরাও ইত্যাদির ফলে, অথচ দেখা যাচ্ছে, সেখানকার মালিক ১৮০ জন শ্রমিক ও লোককে ছাঁটাই করেছেন এবং সেখানে বেআইনীভাবে লক আউট ঘোষণা করেছেন। শ্রমিক ছাঁটাই-এর বিরুদ্ধে আন্দোলন করবার পর আজকে ক্লোজার ঘোষণা করেছেন।

**মিঃ স্পীকার:** আপনি বসুন। এখন একটি নিয়মে যেতে হবেত! আমি এখুনি আপনার মন্ত্রিমহাশয়কে খবর দিচ্ছি, তিনি এর ব্যবস্থা করবেন। এখন এই সব শোনবার টাইম নেই।

**শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য:** অচ্ছা, আমি এখন বসে পড়ছি, আপনাকে ধন্যবাদ।

**শ্রীঅপূর্বলাল মজুমদার:** মাননীয় স্পীকার মহোদয়, যে বাজেট আমাদের অর্থমন্ত্রী উত্থাপন করেছেন তাকে আমি সমর্থন জানিয়ে, অপর পক্ষের তরফ থেকে যে মূল সমালোচনার কয়েকটি পয়েণ্ট উত্থাপন করেছেন তার জবাব দেবার আমি চেষ্টা করবো।

প্রথমেই প্রথম বক্তব্য তুলেছেন কালকে যিনি বাজেট উদ্বোধন করেছিলেন এবং আজকেও যিনি উদ্বোধন করেছেন, তাঁরা দুজনেই প্রধান বক্তা হিসাবে বলেছেন যে এই ডেফিসেট ফাইনান্সিং বা ডেফিসিট বাজেটের আমরা বিপক্ষে। তাঁদের আমি স্মরণ করিয়ে দিই আপনারা যদি ঐ বিগত

২০ বছরের সেন্ট্রাল বাজেট র্ল একট্ লক্ষ্য করে দেখতেন, সেখানকার সেন্ট্রাল বাজেটের দিকে তাকিয়ে, সেগ্লি যদি বিচার-বিশ্লেষণ করে বলতেন তাহলে হয়ত এই রকমভাবে সমালোচনা করতে সাহসী হতেন না। প্রথম পরিকল্পনায় ডেফিসিট ফাইনান্স-এর পরিমাণ ছিল ৪০০ কোটি টাকা। দ্বিতীয় পরিকল্পনায় তাঁদের ডেফিসিট ফাইন্যান্স-এর পরিমাণ বেড়ে মোট সংখ্যা ছিল ৮০০ কোটি টাকা, এবং তৃতীয় পরিকল্পনায় ডেফিসিট ফাইন্যান্স-এর পরিমাণ সহস্রাধিক কোটি টাকা করা হয়েছে।

[4-5—4-15 p.m.]

তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় সহস্রাধিক কোটি টাকা ডেফিসিট ফাইন্যাসিং করা হয়েছে। কাজেই আপনাদের প্ল্যানিং মিনিস্টার বার বার ফতোয়া দিচ্ছেন, প্রতিদিন সংবাদপত্র লক্ষ্য করলে দেখবেন যে ডেফিসিট ফাইনানসিং ছাড়া কোন উপায় নেই। এই কথা আপনাদের যাঁরা নেতৃস্থানীয় ব্যক্তি, অশোক মেটা থেকে আরম্ভ করে আজ যাঁরা ফাইনান্স দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী আছেন তাঁরা বার বার বলেছেন। আমরা তাঁদের সঙ্গে একমত নই। কোন কোন সময়ে ডেফিসিট ফাইন্যান্সিং-এর প্রয়োজন আছে, কিন্তু অর্থনীতির ছাত্র হিসাবে সকলেই জানেন যে কোন্ কোন্ সময়ে সেই অর্থ কিভাবে ব্যয়িত হবে তার উপর নির্ভর করছে ডেফিসিট ফাইনান্সিং করবো কি করবো না। এটা দেখা গিয়েছে যে কেন্দ্রীয় বাজেট ডেফিসিট ফাইনান্সিং-এর উপর গড়ে উঠেছে, প্রথম, দ্বিতীয়, তৃতীয় যে প্ল্যানিংগ্লি হয়েছে তাতে ডেফিসিট ফাইনান্সিং হয়েছে, সেই ডেফিসিট ফাইনান্সিং-এর জন্য ইনফ্লেশন হয়েছে, সেখানে ভারত সরকারের দায়িত্ব রয়ে গিয়েছে। সেই ইনফ্লেশন বন্ধ করার জন্য যে ক্রেডিট কন্ট্রোল করার দরকার ছিল, যে প্রডাকশন বাড়ানর দরকার ছিল, কনজিউমার্স গ্ডস বাড়ানর প্রয়োজন ছিল সেগ্লি কেন্দ্রীয় সরকার বাড়াতে পারেন নি, তাঁদের ফিসক্যাল পলিসি, মানিটারি পলিসি, সেইভাবে পরিচালিত করতে পারেন নি যাতে দ্রব্যমূল্য না বেড়ে যায়। তার ফলে আমরা দেখেছি সারা বাংলাদেশে এবং ভারতবর্ষের বিভিন্ন স্টেটে-এর কর্মচারীদের যাদের সীমাবদ্ধ আয় অতিরিক্ত ডি এ-র জন্য তাদের আজ চিৎকার। সেই চিৎকার কেন, এই জন্য তারা চিৎকার করছে জিনিসের দাম বেড়ে গিয়েছে। সেই জিনিসের দাম বাড়বার জন্য কেন্দ্রীয় সরকারের ফিসক্যাল পলিসি, মানিটারি পলিসি সম্পূর্ণভাবে দায়ী এবং সেই জন্য আমাদের এখানে পশ্চিমবঙ্গে জিনিসের দাম বেড়েছে, বাইরেও জিনিসের দাম বেড়েছে। সেই ডেফিসিট ফাইনান্সিং এবং ইনফ্লেশনের জন্য যারা স্বল্পবিত্তের মানুষ, অল্প আয়ের মানুষ, ফিক্সড স্যালারিড পার্সন তারা আজ বিপদের সম্মুখীন। তাই জিনিসের দাম যদি বেড়ে থাকে, যদি এখানকার সরকারী কর্মচারীদের, ফিক্সড স্যালারিড পার্সনদের, আজকে যদি অভাব-অভিযোগ হয়ে থাকে এবং তার জন্য তারা যদি পশ্চিমবঙ্গ সরকারের কাছ থেকে দাবী করে যে অতিরিক্ত মাগ্গীভাতা দিতে হবে, তাহলে সেই মাগ্গীভাতার দায়িত্ব গ্রহণ করাউচিত কেন্দ্রীয় সরকারের। তার কারণ তাঁরা মূল্যের ঊর্ধ্বগতি রোধ করতে পারেন নি। তাঁদেরই ফিসক্যাল পলিসি অ্যান্ড মানিটারি পলিসির জন্য জিনিসের দাম বেড়ে যাওয়ায় সরকারী কর্মচারীরা অতিরিক্ত মাগ্গীভাতা দাবী করছেন এবং যার জন্য বিভিন্ন স্টেটের তরফ থেকে মুখ্যমন্ত্রীরা দাবী করছেন এই সব অ্যাডিশনাল ডি এ যা দেওয়া হচ্ছে সেই ডি এ সেন্ট্রাল গভর্নমেন্টের বহন করা উচিত। সুতরাং এই কথা বলার পিছনে যথেষ্ট যুক্তি আছে এবং সেই যুক্তি নিয়েই তাঁরা এই কথা বলেছেন। আজকে আমাদের এখানে ডেফিসিট ফাইনান্সিং হয়েছে সেই ডেফিসিট ফাইনান্সিং প্রধানতঃ ব্যয়িত হয়েছে সরকারী কর্মচারীদের জন্য যাদের আয় অল্প। সেন্ট্রাল গভর্ণমেন্টের মানিটারি পলিসি ঠিকমত পরিচালিত না করার জন্য জিনিসপত্রের দাম বেড়ে গিয়েছে, তা রোধ করতে না পারার জন্য সরকারী কর্মচারীদের অতিরিক্ত মাগ্গীভাতা দিতে হয়েছে, তারই জন্য প্রধানতঃ ডেফিসিট ফাইনান্সিংএ যেতে হয়েছে। স্বল্প আয়ের মানুষকে কিছু কিছু সুযোগ সুবিধা দেওয়া উচিত। আপনারা যদি এখানে সমালোচনা না করে কেন্দ্রের দিকে অঙ্গুলি দেখিয়ে বলতে পারতেন যে তোমরা যেহেতু জিনিসপত্রের দাম রোধ করতে পারনি, তোমাদের ফিসক্যাল পলিসি ঠিকমত পরিচালনা করে সেটা রোধ করতে পারোনি তার জন্য মাগ্গীভাতার যে দাবী উঠেছে তা বহন করার দায়িত্ব তোমাদের, তাহলে বুঝতাম যে আপনাদের মধ্যে সততা আছে, তাহলে বুঝতাম আপনারা যে ক্রিটিসিজম লেভেল করেছেন তা খানিকটা বাস্তব অবস্থার প্রতি দৃষ্টি রেখে উত্থাপন করেছেন। কিন্তু সেদিকে

মোটেই আপনাদের লক্ষ্য নেই। কাজেই প্রধানতঃ ডেফিসিট ফাইনান্সিংএ যেতে হয়েছে, স্বল্প-বিত্ত কর্মচারীদের কিছু ডি এ বাড়িয়ে দেওয়া হয়েছে। তাছাড়া আরো কতকগুলি বিষয়, যেগুলি আপনারা নেগলেক্ট করেছেন, তার মধ্যে একটা হচ্ছে ইরিগেশন, ইরিগেশনের ব্যাপারে আমরা দেখেছি ১৯৬৬-৬৭ সালে, এই বছরের আগে যে বাজেট আপনারা উত্থাপন করেছিলেন সেই বাজেটে লক্ষ্য করে দেখেছি ইরিগেশনে মোট ব্যয় বরাদ্দ করেছিলেন ৩·০৭ ক্রোড়স। আপনারা জানেন যে বাংলা দেশে ইরিগেটেড এরিয়া কম যে ইরিগেশনের জন্য বাংলাদেশের ফুড প্রডাকশন হ্যামপার্ড হচ্ছে সব চেয়ে বেশী এটা জেনেশুনেও এই বছরে মূল বরাদ্দে যে বইটা আপনারা ছেপে দিয়েছিলেন তাতে কমিয়ে দেখালেন ২·৮১ কোটি। গত বছর যে পরিমাণ ইরিগেশনের জন্য বরাদ্দ ছিল এবছরে আপনাদের তৈরী সেই মূল বাজেটে দেখেছিলাম ২·৮১ কোটি টাকা অ্যালট করেছেন অর্থাৎ গত বছরের চেয়েও ইরিগেশন খাতে কম বরাদ্দ করেছেন। সেখানে আমরা বাধ্য হয়েছি দেশের বর্তমান অবস্থার পরিপ্রেক্ষিতে ১ কোটি টাকার উপর সেই ইরিগেশন খাতে দেবার জন্য যে প্রবলেমকে আপনারা নেগলেক্ট করেছেন। যে বাজেট আপনারা তৈরী করে দিয়েছিলেন সেই বাজেট মার্চ মাসে এসে আমরা নূতন করে ছাপাবার সুযোগ পাইনি, সেই বাজেটে আমরা দেখলাম বাংলাদেশের ইরিগেশনের প্রতি আপনাদের চরম অবহেলা, গত বছরের তুলনায় এবছরে সেই খানে আপনারা কম খরচ ধরেছেন। সেজন্য আমাদের ইউনাইটেড ফ্রণ্ট সরকার মনে করেন এই খাতে আরো বেশী টাকা বাড়ান দরকার সেজন্য ১ কোটি বেশী টাকা সেখানে ধরেছেন। তার পরে এগ্রিকালচারের ক্ষেত্রেও ঠিক একই অবস্থা। এগ্রিকালচারের দিকেও আপনাদের চোখ দেবার সুযোগ ছিল না, গত বছর আপনারা সেখানে ১৪·৪৩ কোটি টাকা ১৯৬৬-৬৭ সালের বাজেটে প্রভিশন রেখেছিলেন, সেখানে আমরা আরো ১ কোটির বেশী টাকা দিয়ে এসেছি। এগ্রিকালচার এবং ইরিগেশন সম্বন্ধে নিশ্চয়ই আপনারা আমার সঙ্গে একমত হবেন। ডেফিসিট ফাইন্যান্সিং-এর যদি কোন ব্যাড অ্যাফেক্ট থেকে থাকে তাহলে সেটাকে রোধ করতে হলে আমার প্রোডাকশন বাড়িয়ে তা রোধ করতে হবে। শুধু মুখে চিৎকার করে তাকে রোধ করা যাবে না। তাই ইরিগেশন এবং এগ্রিকালচারে বেশী টাকা দিয়েছি। ডেফিসিট ফাইনান্সিংএ যদি ব্যাড এফেক্ট হয়ে থাকে তাহলে তা দূর করবার জন্য আমরা ভূমি থেকে বেশী প্রডাকশন করবো, সেই ভূমি থেকে যে কৃষিজাত সম্পদ তৈরী হবে সেই সম্পদটা মার্কেটে কনজাম-শনের জন্য আসবে এবং কনজামশন অব গুডস হলে অন্য দিক থেকে সেটা নিউট্রিলাইজ হয়ে যাবে। ইনফ্লেশনের জন্য জনসাধারণের উপর যে কৃত্রিম দরের চাপ পড়ছে তাকে রোধ করার জন্য এগ্রিকালচার এবং ইরিগেশনের বরাদ্দ বেশী করা হয়েছে যার জন্য একদিকে আমরা ইনফ্লেশন রোধ করতে পারি, আর এক দিকে দেশের সম্পদ বাড়িয়ে দেশের খাদ্যাবস্থা উন্নত করে দেশের মানুষের কাছে খাদ্যের যোগান দিতে পারি এই পরিকল্পনাই এই বাজেটের মধ্যে নিহিত আছে। কাজেই আগের বাজেট এবং এই বাজেটের মধ্যে মূলগত দৃষ্টিভঙ্গীর পার্থক্য আছে। ২নং কথা হচ্ছে ওদিক থেকে সমালোচনা করা হয়েছে যে নূতন করে কিভাবে আমরা এই যে ১৮ কোটি টাকা অতিরিক্ত ব্যয় করছি সেটা আমাদের কাছে আসবে তার কোন ক্লিয়ার ইন্ডিকেশন নেই। কি কি ট্যাক্স নূতন করে আসতে পারে তা আমাদের কাছে বলা হয়নি কেন যে এই বিষয়ে এত ট্যাক্স বসবে আর টোটাল ইনকাম এত হবে যাতে করে আমরা ব্যালেন্সড বাজেটে পৌঁছাব। আমি শৈলবাবুকে বিশেষ করে স্মরণ করিয়ে দিতে চাই কারণ শৈলবাবু বহুবার বাজেট উত্থাপন করেছেন, তিনি যখন ১৯৬৪-৬৫ সালের বাজেট উত্থাপন করেন তখন তিনি এখানে দাঁড়িয়ে বলেছিলেন যে নূতন ট্যাক্স প্রপোজাল কিছু করা হবে না। এটা ১৯৬৪-৬৫ সালের বাজেট খুললে দেখতে পাবেন। কিন্তু ৬ মাস যেতে না যেতেই দেখলাম তিনি পশ্চিমবঙ্গের মানুষের কাছে যে আশ্বাস দিয়েছিলেন যে নূতন করে ট্যাক্স বসান হবে না তিনি সেই তাঁর বাজেট স্পীচকে নস্যাত করে দিয়ে বছরের ৬ মাস পার হয়ে যাওয়ার পর তিনি ইন এ ক্ল্যানডেস্টাইনওয়ে তিনটি ফাইনান্স বিল পাশ করে নূতন করে টাকা আদায় করে নিলেন। আমাদের ফাইনান্স মিনিস্টার দেখিয়ে দিয়েছেন যে আমরা কোন কোন বিষয়ের উপর ভিত্তি করে নূতন ট্যাক্স বসাব, সেই ক্লিয়ার ইন্ডিকেশন তিনি করে দিয়েছেন। হয়ত কত টাকা কিভাবে আদায় হবে তা বলেন নি কিন্তু পরিষ্কার বলে দিয়েছেন আমরা অ্যাডিশনাল ট্যাক্সেশন, টারমিন্যাল ট্যাক্সেস কিভাবে করবো। তিনি বলেছেন অ্যাডিশনাল ট্যাক্স আমি করবো কি কি সোর্স ট্যাপ করে এবং টারমিন্যাল ট্যাক্সেস অন প্যাসেঞ্জার্স ফেয়ার এটা তিনি বলেছেন কিন্তু এর আগের ফাইনান্স মিনিস্টার বলেছিলেন যে

নূতন ট্যাক্স করবো না কিন্তু তার ৬ মাস পরেই নূতন করে ট্যাক্স এনেছিলেন। আমরা ক্লিয়ারলি ইণ্ডিকেট করে দিচ্ছি যে এই এই বিষয়ের উপর ট্যাক্স নিয়ে আসবো। এখানে বলা হয়েছে—Additional excise duties on cloth, sugar and tobacco in the form of sales tax আমরা জানি সেলস ট্যাক্স আমাদের একমাত্র নির্ভর—নিশ্চয়ই ফেডারেল স্ট্রাকচার-এ আমাদের স্টেট-এর রিসোর্সেস আছে ট্যাক্স-এর জন্য তা মোটেই ইলাস্টিক নয়—একমাত্র সেলস-ট্যাক্স ছাড়া আর কোন ট্যাক্স নেই। যে ভিত্তির উপর আমরা ট্যাক্স করেছি তা হল ফেডারেল স্ট্রাকচার অফ ট্যাক্সেশন—যার উপর এই জিনিষ দাঁড়িয়ে আছে। জেরেমি রাইজম্যান এই ফেডারেল স্ট্রাকচার অফ ট্যাক্সেশন সম্বন্ধে কি বলেছেন দেখুন—তিনি বলেছেন এক্ষেত্রে সমস্ত ক্ষমতা কেন্দ্রীভূত—ইলাস্টিক রিসোর্সেস কেন্দ্রের হাতে দেওয়া হয়েছে, ইলাস্টিক মেজার্স তাই বলে আমাদের নেই যে ট্যাক্স আদায় করতে পারি। তাঁর তথ্যের উপরে ভিত্তি করে নাইজেরিয়া ও জ্যামাইকাতে ফেডারেল স্ট্রাকচার করা হয়েছে, কিন্তু সেখানে পার্সোনাল ইনকাম ট্যাক্স যেটা আছে সেটা ইউনিট-এর হাতে দেওয়া হয়েছে, সেখানে সেণ্টার-এর হাতে সেই ট্যাক্স নেবার ক্ষমতা নেই। মিঃ স্পীকার, স্যার, নাইজেরিয়াতে যে প্রিন্সিপল-এ ফেডারেল স্ট্রাকচার অফ ট্যাক্সেশন গড়ে উঠেছে সেটা জেরেমি রাইসম্যান-এর তথ্যের ভিত্তিতে গড়ে উঠেছে। সেখানে পার্সোনাল ইনকামট্যাক্স ইউনিট থেকে আদায় করে সেণ্টার-এর হাতে দেওয়া হয় না—শুধু ডিফেন্স পারপাসে এমারজেন্সী যখন তখন ইউনিট-এর হাত থেকে ওই ক্ষমতা কেড়ে নিতে পারে সেন্টার। আজকে দেখতে হবে ভারতবর্ষে এর বিভিন্ন স্টেট-এ ট্যাক্স-এর এই স্ট্রাকচার চলতে পারে কি না বা নোতুন এক্সপেরিমেন্ট-এর দরকার আছে কি না। আজকে জানি এডুকেশন, হেল্থ, মেডিকেল সমস্ত সোর্স-এর দায়িত্ব আমাদের, কিন্তু সে সম্পর্কে ফার্স্ট, সেকেন্ড, থার্ড, ফোর্থ ফাইনান্স কমিশন-এর কথা নিয়ে আর আলোচনা করতে চাই না। শুধু বলব আজকে যে বাজেট রাজ্যসরকারের তরফ থেকে উত্থাপন করা হয়েছে তাতে নোতুন দৃষ্টিভঙ্গীর সন্ধান পেয়েছি। বাজেটে লুপহোলস কিছু কিছু থাকতে পারে—হয়ত আছে, সে সম্পর্কে আলোচনার সময় আমার নেই। এই বাজেট যেভাবে অল্পসময়ভাবে উত্থাপন করতে হয়েছে তাতে ত্রুটি-বিচ্যুতি থাকা অপ্রত্যাশিত নয়, হয়ত আগামী যে বাজেট আমরা এখানে পেশ করব তাতে দেখিয়ে দিতে পারব যে কোথায় কোথায় কতখানি প্রগ্রেসিভ স্টেপ আগের আগের বাজেট থেকে আমরা নিতে পেরেছি। যাই হোক, দেখুন নন-প্রোডাকটিভ এক্সপেন্ডিচার আমরা সীমিত করেছি। এ সম্পর্কে দু-একটা কথা বলব। জেনারেল অ্যাডমিনিস্ট্রেশন খাতে দেখুন। পুলিশ খাতে দেখুন। পুলিশ খাতে ১৯৬২-৬৩ থেকে গত পাঁচ বছরে কত বেড়েছে—বেড়েছে মোর দ্যান ৭০ পারসেন্ট; ১৯৬২-৬৩-তে টোটাল ছিল পুলিশ বাজেট-এ টোটাল খরচা ছিল দশ কোটি, আজকে সেখানে ১৫ কোটি, ১৭ কোটি টাকা তুলেছেন—অর্থাৎ পাঁচ বছরে ১৭ কোটি টাকা ওই নন-প্রোডাকটিভ খাতে ইনভেস্ট করেছেন ওঁরা। তেমনি জেনারেল অ্যাডমিনিস্ট্রেশন খাতে আমরা টাকা বাড়াইনি—সীমিত রেখেছি। আমরা জানি ওঁরা আমাদের সঙ্গে একমত হবেন না, কিন্তু যে দৃষ্টিভঙ্গী বা প্রগ্রেসিভ আউটলুক দিয়ে আমরা এই বাজেট রেখেছি তা ওঁরা পারেন নি। একথা বলিষ্ঠ পদক্ষেপ যুক্তফ্রন্ট সরকারের তরফ থেকে আমাদের ফাইন্যান্স মিনিস্টার নিয়েছেন—বিভিন্ন খাতের দিকে এডুকেশন, হেল্থ মেডিকেল ইত্যাদির দিকে তাকালেই তা বুঝা যাবে নন-প্রোডাকটিভ ৭০ পারসেন্ট ইনক্রিজ কোথাও চিহ্ন নেই। যে সমালোচনা ওঁরা এই বাজেটে ধরেছেন তা তাঁদের নিজেদের অক্ষমতা ও অসামর্থতা নিয়েই করেছেন। এই কথা বলেই আমি বাজেটকে সমর্থন করছি।

[4-15—4-25 p.m.]

শ্রীমতী বিভা মিত্র: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যুক্তফ্রন্ট সরকার-এর অর্থমন্ত্রী এই হাউসে যে ব্যয় বরাদ্দের দাবী পেশ করেছেন তার বিরোধীতা করে আমি আমার বক্তব্য এখানে রাখতে চাই। আজকে যুক্তফ্রন্ট সরকারের যে অর্থমন্ত্রী আমি তাঁকে বলব বাংলাদেশের তিনি অনর্থ মন্ত্রী। তার কারণ তিনি বাজেট সুরু করেছেন ডেফিসিট বাজেট দিয়ে। ১৮ কোটি টাকা যে পূর্বতন সরকার, কংগ্রেসী সরকার রেখে এসেছিল সেই টাকা বাদে তিনি আরও প্রায় ১৮ কোটি ৩৫ লক্ষ টাকা তার শর্টেজ। আজকে সেই দিক দিয়ে দৃষ্টিভঙ্গী করতে গেলে দেখা যায় যে, বাংলাদেশ আজকে কি অবস্থায় পেঁছেছে। এই ডেফিসিট বাজেট নিয়ে একটু আগে

আমাদের অপূর্ববাবু খুব ভাল বক্তৃতা দিয়ে গেলেন। তিনি কোথায় থেকে এইসব ফিগার নিয়ে আসেন এই জিনিস হয়ত তাঁর জানা আছে। কারণ, স্পীকার মহাশয় আপনি কলকাতার লোক আপনি হয়ত জানেন যে তাঁরা মিটিং-এ দাঁড়িয়ে ময়দানে দাঁড়িয়ে বক্তৃতা দিয়ে যেসব ফিগার পাবলিকের সামনে প্লেস করেন সেইসব ফিগার কোথাও খুঁজে পাওয়া যায় না। অথচ তাঁরা এই সব বলে চলে যান। আমরা জানি এসব হচ্ছে তাঁদের প্রোপাগান্ডার একটা নিয়ম। এটা তাঁদের পার্টির ধারা। কাজেই অপূর্ববাবু আগে যেমন বাজেট বক্তৃতায় গালাগালি দিতেন, কোন অফিসার কি করল, কার কি খুঁত আছে কার কোথা থেকে কি এল সেসব কথা তিনি এবারে বন্ধ করেছেন। যাই হউক এবারে তাঁর অনেক উন্নতি হয়েছে। আমি যুক্তফ্রণ্ট সরকার যে বাজেট পেশ করছেন সে সম্বন্ধে বলতে পারি যে আজকে দেশে যাতে শান্তি আসতে পারে দেশেতে যাতে লোকে শান্তিতে বাস করতে পারে, যাতে নিরাপত্তা রক্ষিত হয় সেসমস্ত বিষয়ে না বলে তিনি নানান রকমের প্রশ্ন নিয়ে এসে এখানে ফেলেছেন। তাঁর বাজেটের মধ্যে যেসব জিনিস আছে তা আমরা আগে থেকে লক্ষ্য করতে পারছি। আজকে এই অ্যাসেম্বলীর গেট দিয়ে মেম্বাররা নিরাপদে বেড়ুতে পারেন না। মেম্বাররা অপমানিত হয়েছেন এবং নির্যাতিত হচ্ছেন। আজকে পুলিশ বাজেট কম করে দেখান হয়েছে। কারণ তার তো ঠেঙ্গানো পার্টি রয়েছে। আজ পুলিশের কি দরকার, পুলিশের কোন প্রয়োজন নাই। পুলিশ তো শান্ত মানুষের নিরাপত্তা রক্ষা করবে। যদি ঠেঙ্গানো পার্টি তৈরি করা থাকে তাহলে নীরিহ লোককে ঠেঙ্গিয়ে মারবে। আজকে সেই অবস্থা দেশে পেঁাচেছে। আজকে দলগত যদি কোন লড়াই হত আজকে নীতিগতভাবে যদি লড়াই হত—তা তো হচ্ছে না। স্পীকার মহাশয়, আজকে ব্যক্তিগত লড়াই হয়ে যাচ্ছে। একটু আগে আমাদের নিতাইবাবু সে কথার উল্লেখ করেছেন। বাজেট ডেফিসিট তিনি কি মনে করে করলেন, বিশেষভাবে তার কিছুই বলেন নি। কিন্তু একটা কথা বলেছেন যে, সেন্ট্রাল গভর্নমেন্ট-এর কাছে আজকে বলতে হবে, সেণ্ট্রাল গভর্নমেন্টকে দিতে হবে। এই আওয়াজই আমরা শুনছি। এখানে তাঁরা বলছেন এবং বাজেট আলোচনায়ও সরকারপক্ষ বারে বারে বলছেন যে সেণ্ট্রাল গভর্নমেন্টকে করতে হবে, দিতে হবে। কোথা থেকে টাকা আসবে তা তারা বলছেন না। আমি বলতে চাই যে, নিজেদের অক্ষমতা প্রকাশ পাচ্ছে তাই তাঁরা অন্যের উপর দোষারোপ করছেন। এই সরকারের অক্ষমতাটাই আজ বেশী করে ফুটে উঠেছে। চার মাস এই সরকার চলল অথচ আজ বাংলাদেশে আজ কিরকম খাদ্যাভাব প্রকট হয়ে উঠেছে তা স্যার আপনি দেখতে পাচ্ছেন। স্পীকার মহাশয়, আপনি কলকাতার মানুষ, আপনি জানেন যে এরা কত প্রমিস করেছিল, অথচ আজকে ৫০০ গ্রাম করে চাল দিচ্ছেন এতে কি একটা লোকের পেট ভরে? (এ ভয়েসঃ কংগ্রেস সরকার কি দিয়েছিল) এটা ঠিক যে কংগ্রেস সরকার ৩০০ গ্রাম করে চাল দিয়েছিল, কিন্তু তারা মিথ্যা কথা বলে নি। তাঁরা আপনাদের মত প্রমিস করেন নি। তাঁরা ময়দানে দাঁড়িয়ে মিটিং করে নি। আমরা জনসাধারণকে মিথ্যা কথা বলি নি যে আমরা দেব। কংগ্রেস সরকার জনসাধারণকে সত্য কথা বলেছে। আমাদের দেশে খাদ্যাভাব আছে একথা কংগ্রেস সরকার বলেছিল। আজকে এরা মানুষের পপুলেশান বাড়লেও জমির প্রডাকশন বাড়াতে দিচ্ছেন না, কলকারখানার প্রডাকশান বাড়াতে দিচ্ছেন না, ন্যাশনাল ইনকাম বাড়াতে দিচ্ছেন না, তাহলে জিনিস কোথা থেকে আসবে। ইনফ্লেশন প্রডাকশন না বাড়লে কি করে কমবে? একথা ভাববার কথা। আজকের কোন খাতে টাকা কমিয়েছেন। টাকা কমিয়েছেন ফায়ার সার্ভিসের খাতে। কারণ তাঁরা তো আগুন ধরাবেন বাংলাদেশে—সেই আগুন নেভাতে যদি ফায়ার সার্ভিসের লোক গিয়ে পেঁাছে যায় তাহলে তাদের বুকের জ্বালা ধরবে। ন্যাশন্যাল এমারজেন্সীতে টাকা কমিয়েছেন। কিন্তু চীন এবং পাকিস্তান তো রেডি আছে। তারা তো জানেন পাকিস্তান চীন থেকে যখন থরে থরে লোক আসবে তখন আমাদের অর্থমন্ত্রী এবং অনর্থ মন্ত্রী বাংলাদেশের তিনি গিয়ে হাত মিলিয়ে সেলাম করে তাদের এখানে নিয়ে আসবেন। আর একটা কথা তিনি বলেছেন পরিকল্পনায় বৈপ্লবিক পরিবর্তন প্রয়োজন। আমি সেকথা আপনার কাছে বলতে চাই কি বৈপ্লবিক পরিবর্তন কোন রেভলিউসনারী প্ল্যান অনুযায়ী সেকথা আপনাকে জানাতে চাই। সেটা কি চীনের প্ল্যান অনুযায়ী না মস্কোর প্ল্যান অনুযায়ী। কিন্তু আমাদের একথা জানা আছে যে সেসব দেশে অনেক রকম অসুবিধা আছে। তাদের ইকনমি ইন হাই ইনফ্লেশন। অতএব স্পীকার মহাশয়, ওদের এইসব বড় বড় কথা ২০ বছর ধরে শুনে এসেছি—ট্রেনে আগুন লাগিয়ে ওঁরা বলেন জনতা করলো, ছেলেদের মেরে বলে জনতা করলো, কলকারখানায় যেসমস্ত কর্মচারী ঘেরাও করে বেকার হয়ে

যাচ্ছে তাদের ও'রা ইউনিয়ন থেকে নিয়ে গিয়ে বলছেন জনতা করছে। তাই আজকে আমি একথা বলবো যে এই প্রডাকশন কমিয়ে বাংলাদেশের ছেলেদের বেকার করে এই মন্ত্রীসভা টিকে থাকবে কিনা সেকথা আমি বলতে চাই না—কিন্তু আমরা অন্তর থেকে চাই যে এই মন্ত্রীসভা টিকে থাকুক। কিসের জন্য চাই—তাঁরা অনেক বড় বড় প্রমিজ করে গেছেন বড় বড় অনেক কথা বলে গেছেন—কিন্তু স্পীকার মহাশয়, এই যে বাজেট হয়েছে বেকারদের সম্পর্কে তাঁরা অনেক বড় বড় কথা বলেছিলেন কিন্তু এই বেকারদের জন্য বেকার ভাতা একটা স্থানেও দেন নি। ও'দের বড় কথা বলা অভ্যাস। কিন্তু আমরা বড় কথা বলতে চাই না। একটু আগে আমাদের গণি সাহেব বললেন—ঘেরাও যখন হল তখন মন্ত্রীরা সেখানে গেলেন অমনি লোক চলে গেল। গণি সাহেব কি এটা জানেন না যে ঐ ঘেরাওটা অ্যারেঞ্জ করা ঘেরাও। জনসাধারণ এমনি যায় নি—আপনারা ঠেঁগাড়ে পার্টি নিয়ে এসে ঠেঁগাও ঠেঁগাও বলেন—শো করেন আবার আপনারাই সেই ঠেঁগাড়ে পার্টি তুলে নিয়ে যান। কাজেই আমি বলবো যে আমি এই বাজেটের বিরোধীতা করি। কারণ তাঁদের কোন প্ল্যান প্রোগ্রাম এবং পলেসি নেই এবং সাদা কথায় বলতে গেলে তাঁরা চীফ পপুলারিটি নিয়ে বাহবা নিয়ে আজকে এই বাজেট প্লেস করে জনসাধারণকে নানারকম ভাষায় মুগ্ধ করে তাদের বিভ্রান্ত করতে চান।

[4-25—4-35 p.m.]

**শ্রীদাশরথি তাঃ** অধ্যক্ষ মহোদয়, শেষ দিকে অন্তত কংগ্রেস সদস্যা, আমাদের মাননীয়া বিভা দিদিমনি আমাদের এই যুক্তফ্রন্ট সরকারকে আশীর্বাদই করেছেন। তিনি ভুলক্রমে হয়তো বলে ফেলেছেন, অনেক সময় মায়েদের মুখ দিয়ে বেরিয়ে যায় খারাপ গাল ছেলেকে স্নেহবশত একসময় তিরস্কার করে বলেন তুই যমের বাড়ি যা। অতএব মনে মনে আমাদের প্রতি তাঁর অসীম স্নেহ আছে। হয়তো আগামী সেশনে দেখবো যে তিনি এদিকের বেঞ্চে চলে এসেছেন। যা হোক দিদিমনি তাড়াতাড়ি বলতে গিয়ে এক জায়গায় কোথায় আগুন লাগাতে কোথায় আগুন লাগালেন। আমি একথা বলছি সেবারেও বলেছিলাম যে ও'দের বোঝবার জন্য এখন কিছুদিন সময় দেওয়া উচিত, বেফাঁস কিছু বলে ফেললে আমাদের সহ্য করা উচিত আমরা যখন বর্তমানে রুলিং পার্টি। ও'দের মাথা এখনও প্রকৃতিস্থ হয় নি। এখানে কেবল বক্তৃতায় ফুটে উঠছে আমরা মাত্র ২০ বছর শাসন চালিয়ে এতো করেছি—আর ১২০ দিন এই যুক্তফ্রন্ট সরকার চালিয়ে এখনও কিছুই করতে পারলো না, একথা তাঁরা বার বার বলছেন। ডেফিসিট বাজেট দেখে তাঁরা আঁতকে উঠছেন। আমাদের শ্রদ্ধেয় জালান সাহেব তো বলেই ফেললেন যে নূতন কিছুই দেখলাম না। একটা নূতন কিছু কর—নিদেন বৌকে ধরে মার। আগেকার মত একই প্রেসে ছাপা হচ্ছে, একই রকম বই, একই রঙের, অতএব নূতন কিছু নেই। এ আবার কোন দেশী কথা—মারাত্মক ব্যাপার। আমরা তো পরিষ্কার দেখতে পাচ্ছি যে, এমন সরল সুন্দর বাজেট দেখা যায় না, একটা বাজে কথা নেই, এবং একটা জায়গায়ও অপচয়ের কথা নেই। মহাত্মা গান্ধীর ধুয়ো ধরে আমাদের কংগ্রেস বেঞ্চের বন্ধুরা বললেন তাঁরা যা কিছু বলছেন সবই কনস্ট্রাকটিভ। যখন ও'দের হাতে গভর্নমেন্ট ছিল, যখন খাদ্য চাইতো তখন ও'রা খাদ্য দিতে পারতেন না। সেই জায়গায় তাঁরা বলেছিলেন কাঁকরে ভিটামিন আছে, শেষ পর্যন্ত তাঁরা বললেন গুলীতে-লাঠিতে ভিটামিন আছে লাগাও। আমাদের এই সরকার পুলিশকে সংযত করে রেখেছে। আমরা পুলিশের বাজেট আরও কমাতে পারতাম, কিন্তু কমাবো কি করে? সব তো বেকার হয়ে যাবে। অতএব পুলিশকে কি করা যাবে? নিশ্চয় সেই জায়গায় অরাজকতা যদি থাতে তা দমন করতে হবে। আসানসোল নকশালবাড়ি প্রভৃতি বিভিন্ন জায়গায় কিছু কিছু আছে অস্বীকার করবার উপায় নেই। কিন্তু সেটা স্থগিত থেকে যাচ্ছে। তাঁদের আমলেও বহু হয়েছে—আমাদের যুক্তফ্রন্ট সরকার সে জায়গায় সচেতন হচ্ছেন যে আমাদের সেইরকম ব্যতিক্রম যেন না হয়। যদি পুলিশের খরচ আরও কমাতে না পারা যায় তাহলে মন্ত্রিমণ্ডলীকে বলবো পুলিশকে এর পরে চাষের কাজে লাগাতে হবে। আমাদের সমস্ত জিনিসটা সীমাবদ্ধ করতে হবে। যুদ্ধকালীন জরুরী ব্যবস্থার মত কৃষি ব্যবস্থাকে গড়ে তুলতে হবে এবং সেইজন্য এই সরকার এই বাজেটে কৃষি এবং সেচের দিকে অধিকতর দৃষ্টি দিয়েছেন। আমরা দেখেছি গত ২০ বছরে কৃষির উন্নতির দিক দিয়ে চেষ্টা করা হয় নি। শুধু চাল নয়, ভাত নয়, সুসম খাদ্য নয়, আমরা বাংলাদেশ সারা ভারতবর্ষের মধ্যে বেশী মসলা

ব্যবহার করি। এমনই চর্ব্য-চষ্য-লেহ্য-পেয় যে, কেউ কোন দিন দেখে নি। কিন্তু একটা মসলা-তেও আমরা স্বয়ংসম্পূর্ণ নই, পিঁয়াজ, লঙ্কা, ধনে, সরষে কিছুতেই নয়। সরষে একমাত্র জিনিস যা আমরা তৈল রূপে ব্যবহার করি। কিন্তু সেই তৈলবীজের দিক দিয়েও আমরা চেষ্টা করি না। কাজেই আমি সরকারকে অনুরোধ করছি যে নূতন প্রডাকশনের দিক দিয়ে চেষ্টা করা হোক। আমরা শুধু কনস্ট্রাকটিভ কথা বলি। পাঁজিতে ৩২ আড়া জল লেখা থাকলেও পাঁজি নিঙড়ালে এক ফোঁটা জল বেরোয় না। বাজেটের কচকচি অনেক হয়েছে। অতএব বর্তমান অবস্থা যেমন আছে আমি সরকারপক্ষ এবং বিরোধীপক্ষের সদস্যদের বলবো যদি কৃষির দিকে আমরা মনোনিবেশ করতে পারি যুদ্ধকালীন জরুরী ব্যবস্থার মত একটা ব্যবস্থা করতে পারি তাহলে এর উন্নতি হবে, তা না হলে দেশ বাঁচবে না। এখানে কৃষিমন্ত্রী নেই, অন্যান্য মন্ত্রীরা ঘরে বসে শুনছেন কিনা জানি না। যা হোক আপনি এই গোল ঘরের সর্বময় কর্তা অতএব আপনার মারফৎ আমি শুনাচ্ছি যে আমাদের নূতন দৃষ্টিভঙ্গী নিয়ে কৃষি ব্যবস্থাকে ভাল করে গঠন করা হোক এবং আমি বিরোধী দলের বন্ধুদের বলি চোর নাম তো দেবেন আমরা একটা ধৈর্য ধরা হোক একটা বছর দেখা হোক আমরা কি করতে পারি না পারি। এবং আমাদের যেসমস্ত ত্রুটি বিচ্যুতি যেসমস্ত ত্রুটি সেগুলি দেখিয়ে দেওয়া হোক এবং এর পরে যখন সেসন হবে তখন আমরা কি অপচয় করেছি—কি অন্যায় করেছি তা চোখে আঙগুল দিয়ে দেখিয়ে দেবেন। আমি একথা বলছি তাঁরা তাঁদের রাজত্বে বহু কিছু অপচয় করেছেন—আমরা দেখেছি ডি ভি সি-র ব্যাপারে আমরা ভাল করে ভুক্তভোগী, ৫৫ কোটি টাকা বরাদ্দের জায়গায় ১৩০ কোটি হোল—কিন্তু এখনও নেভিগেবল চ্যানেলই আছে—সেখানে মাছ হয় না—নৌকা চলে না সে জায়গায় সেচের ব্যবস্থা হয় নি এবং বহু অপচয় হয়ে গেছে। সেইজন্য এখন অন্ততঃ গভর্নমেন্টের পরিবর্তন হয়েছে এই পরিবর্তনের মুখে তাকে সুযোগ দেওয়া হোক, সহযোগিতা করা হোক—এটাই তাঁদের কাছে আমার আবেদন। কৃষির দিক থেকে বিশেষ করে ঝোঁক দেবার জন্য আমি সরকারকে অনুরোধ করছি এবং যতই সমালোচনা হোক সমস্ত শক্তি দিয়ে কৃষি এবং সমস্ত খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করবার জন্য আমাদের সমধিক প্রচেষ্টা হোক এটুকুই আমি বিশেষ করে আবেদন করছি।

**শ্রীপীযূষকান্তি মুখার্জি:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যুক্তফ্রন্ট সরকার যে নীতি নিয়ে বাজেট আনয়ন করেছেন এবং যে নীতি অবলম্বন করেছেন তার ফলে কি অবস্থা হয়েছে সেটা আমি জানতে চাই। বিভিন্ন শরীক যাঁরা আছেন ভূমি সমস্যার নামে যে কমিটি তাঁরা তৈরি করেছেন যখন সে জমি বিলি করবার জন্য সরকারী কর্মচারীরা যায়, বিভিন্ন পার্টির লোক যায় এবং তার মাধ্যমে কোন দল তাঁর নিজের লোককে বসাবেন তা নিয়ে গোলমাল হচ্ছে। বিশেষ করে আমি তিনটা দলের নাম করতে পারি লেফট কমিউনিস্ট, রাইট কমিউনিস্ট এবং আর এস পি যার ফলে বহু ক্ষেত্রে ভূমিসমস্যা প্রকৃতপক্ষে হচ্ছে না এবং যারা প্রকৃত বর্গাদার তারা অনেক ক্ষেত্রে জমিতে আবাদ করতে পাচ্ছে না। এর জন্য খাদ্যের অবস্থা এ বৎসর কেন সামনের বছরে আরো কঠিন দেখা দেবার সম্ভাবনা আছে। জ্যোতিবাবু সেচ, শিক্ষা ইত্যাদি সকল খাতেই নিজেদের কৃতিত্বের কথা বলে গেছেন শুধুমাত্র খাদ্যের বেলায় যখন বলতে গেছেন নিজেরা কি করেছেন তখন তাঁরা না বলে ফের সরকারকে দায়ী করেছেন। কিন্তু গালাগালি দিয়ে তাঁরা তাঁদের নীতি কি ঠিকভাবে পরিচালনা করতে পেরেছেন? গত নির্বাচনের পরে লেভি করেন নি, অর্থাৎ বাধ্যতা-মূলকভাবে খাদ্য সংগ্রহ করেন নি যার ফলে আজকে কালবাজারী মুনাফাখোরী এবং মজুতদার-দের দয়ার উপর বাংলাদেশের জনসাধারণকে ছেড়ে দিয়েছেন। এই সরকার কেমন করে কেন্দ্রকে বলতে পারে। যাদের কর্তব্যের ত্রুটির জন্য ৪ টাকা চাল হয়েছে তারা কি করে কেন্দ্রকে গালাগাল দিতে পারে জানি না। এটা দায়িত্বহীনতা এবং অকর্মণ্যতার পরিচায়ক। কৃষিপণ্য বৃদ্ধির জন্য সেচের প্রয়োজন। সেচের জন্য কিছু টাকা বাড়িয়েছেন স্বীকার করি, কিন্তু সেচ সম্পর্কে যে বাস্তব অবস্থা তা বহুলাংশে এ সরকার অনুভব করতে পারেন নি। উত্তরবঙ্গে যেখানে ছোট ছোট ঝোরা ও কোয়াবা আছে সেগুলির জলকে নিয়ন্ত্রণ করলে ৪-৫ লক্ষ একর জমিতে উৎপাদন করা যায়। সে সম্পর্কে তারা বিশেষ দৃষ্টি দেন নি। বাংলাদেশের সমস্ত এলাকা সম্যক জ্ঞান নিয়ে সরকার পরিচালনা করা উচিত। এ বাজেটে মধ্যবিত্ত শ্রমিকশ্রেণীর মধ্যে নূতন কর্মসংস্থানের ব্যবস্থা নেই। মধ্যবিত্ত শ্রেণীকে কুটির শিল্পের মাধ্যমে অনেক কাজে নিয়োগ করা যেত। যারা সামান্য পুঁজি নিয়ে ২-৪টা যন্ত্র নিয়ে কিছু লোককে নিয়োগ করে নিজেদের জীবিকা নির্বাহের ব্যবস্থা করতে পারতেন, কিন্তু দুঃখের বিষয় এ সরকার সেদিকে বিন্দুমাত্র মনোযোগ দেন নি। এ

বিষয়ে জ্যোতিবাবু তাঁর মার্ক্সিয়াস নীতি ফলো করেছেন। তাঁর ভাষায় মিডল ক্লাস আর একটা ব্যাপারে তাঁরা কুঠির শিল্প চান না, কেন না মিন্স অফ প্রোডাকশন বা সেণ্ট্রালাইজেশন এসব বন্ধ করতে না পারলে তাদের নেক্সট রেভলিউশনের কাজ হবে না। সেজন্য তাঁদের দৃষ্টি-ভঙ্গীর দোষ দিতে পারি না। কিন্তু এর দ্বারা বাংলাদেশের জনসাধারণের দুঃখ দূর করা যাবে না। তারপর মোট দেশের যা অবস্থা তাতে সমস্ত দেশে অরাজকতা, লুণ্ঠন, হত্যাকাণ্ড, নারী ধর্ষণ ইত্যাদি দেখা দিয়েছে। পুলিশ খাতে বাজেট বলছেন কমিয়েছেন। কিন্তু পুলিশের বাজেট নিল হওয়া উচিত ছিল কারণ সেখানে রাহাজানী ইত্যাদিকে ইচ্ছা করে চলতে দেওয়া হচ্ছে। আজকে সরকার দেশ পরিচালনা করছেন না, প্রকৃতপক্ষে সরকার পরিচালনা করছেন মার্কসবাদী কমিউনিস্ট পার্টি এবং তার মাধ্যমে বিপুল নিউক্লিয়ার ফর্ম করবার যতটা আগ্রহ, দেশ গঠন করবার জন্য ততটা আগ্রহ নেই।

[4-35—4-45 p.m.]

**শ্রীবিমল পাইকঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী তাঁর বাজেট বক্তৃতায় একথা স্পষ্টভাবে বলেছেন যে, ১৯৬৭ সালের বাজেট তিনি খুঁটে খুঁটে দেখেছেন এবং তার কিছু কিছু পরিবর্তন তিনি করেছেন এবং আজকে যাঁরা সরকার পক্ষের, তাঁরা সে বাজেটকে সমর্থন করেছেন। তাই জ্যোতিবাবুর উক্তি এবং সরকারপক্ষের সমর্থন থেকে এই কথা বিশেষ করে প্রতীয়মান হতে পারে যে, কংগ্রেস সরকার যে বাজেট করেছিলেন সেটা ছিল বহুলাংশে নির্ভুল। তার মাত্র কিছু পরিবর্তন হয়েছে। তার যা পরিবর্তন হয়েছে সেটা শুধু পরিবর্তনের নামান্তর। এই বাজেট সম্পর্কে অনেক আলাপ-আলোচনা হয়েছে। আমি সে সম্পর্কে কিছু বলতে চাই না। আমি একটা কথা বলতে চাই সেটা হচ্ছে যে, তিনি তাঁর বাজেট বিবৃতির মাঝখানে বলেছেন বেনামী সম্পত্তি যত আছে সেসব তিনি খুঁজে বার করবেন, আমি বলবো তাঁর প্রস্তাব অত্যন্ত সাধু। কিন্তু বেনামী সম্পত্তি খুঁজে বার করলে সমস্ত সমস্যার সমাধান হবে না। কংগ্রেস জমিদারী উচ্ছেদ আইন করেছিল। কংগ্রেস আইন করেছিল ২৫ একরের বেশী সম্পত্তি কেউ রাখতে পারবে না। কংগ্রেস আইন করেছিল কেউ বেনামী সম্পত্তি রাখতে পারবে না, আজকে যাঁরা সরকার পক্ষের তাঁরা সেদিন যদি কংগ্রেস পক্ষকে সমর্থন করতেন তাহলে আমি মনে করি এই বেনামী সম্পত্তি রাখা সম্ভব হত না। বেনামী সম্পত্তি খুঁজে বার করলে সমস্যার সমাধান হবে না, বেনামী সম্পত্তি গভর্নমেন্ট-এ ভেস্ট করে গরীবদের যদি দেওয়া হয় তাহলেই প্রকৃত উপকার হবে। এই প্রস্তাব যদি কার্যকরী করতে হয় তাহলে বেনামী করে সম্পত্তি যাঁরা রেখেছেন সে সম্পত্তি যদি গরীবদের মধ্যে বিতরণ করবার সাধু সংকল্প থাকে তাহলে আমি সে প্রস্তাব গ্রহণ করবো। কিন্তু এই প্রস্তাব গ্রহণ করার বাধা-বিঘ্ন অনেক। বেনামী সম্পত্তি ধরতে গেলে অনেক কিছু আইন অ্যামেন্ড করতে হবে। কতকগুলি আইন অ্যামেন্ড করা পশ্চিমবঙ্গ সরকারের পক্ষে সাধ্যাতীত নয়। তবে বলবো সেদিন তাঁরা আমাদের সহানুভূতি দেখান নি, আজকে আমরা সেটা দেখাব। বাজেট বক্তৃতায় আর এক জায়গায় তিনি বলেছেন যে, বেআইনী উচ্ছেদ বন্ধ করবেন। এই প্রস্তাবকে আমি অভিনন্দন জানাই, কিন্তু সঙ্গে সঙ্গে আপনার মাধ্যমে এই কথা বলবো যে, এই প্রস্তাব কি কংগ্রেস সরকারের ছিল না? কংগ্রেস সরকার কি ভূমি সংস্কার আইনে এসব বিধানের কথা বলেন নি? যদি কোন বর্গাদার নিজে প্রকৃত উচ্ছেদ হয়ে থাকে তাহলে তার ৬০ ভাগ বর্গাদার পাবে এবং বাকি ৪০ ভাগ ফরফিট হয়ে যাবে মাত্র। সে সময় কয়েকটি কথা ছিল যে, সম্পত্তি থেকে উচ্ছেদ করতে পারবে মাত্র তিনটা কারণে, সে তিনটা কারণ হচ্ছে যদি কেউ কাল্টিভেশন করে থাকে তারপর নেগ্লিজেন্স হয়ে থাকে বা যদি প্রভিশনগুলো কন্ট্রাভেন্স করে থাকে। আমি একটা প্রস্তাব আপনার মাধ্যমে দেখাবো, যদি ভূমিরাজস্ব মন্ত্রী এটা গ্রহণ করেন তাহলে আমার মনে হয় এটা ভাল হবে। তিনি বলেছেন যে জমি থেকে বর্গাদারকে উচ্ছেদ করা হবে না। কিন্তু গ্রামের যেমন এক একটা বর্গাদার আছে তার ১০, ১৫ একর চাষ করছে অপর দিকে আর একজন বর্গাদার ১০ বিঘা জমিতে চাষ করতে পারছে না। তাই আমি এই প্রস্তাব দেব যে, ১০-১৫ একর যে বর্গাদার চাষ করছে তার জমির একটা সিলিং বেঁধে দেওয়া উচিত এবং তা বেঁধে দিয়ে ৩-৪ একর থেকে উচ্ছেদ করে যে বর্গাদার চাষ করতে পারছে না, যদি তাকে দেওয়া হয় তাহলে তার উপকার হবে। অতএব আমি এই কথা বলছি, যেকথা ভূমিরাজস্ব মন্ত্রী বলে গেছেন যে বর্গাদারদের উচ্ছেদ করা

হবে না, সেই উচ্ছেদের সংগে সংগে আরো একটু বাড়িয়ে দিচ্ছি প্রকৃত যদি গরীবদের উপকৃত করতে হয়, গরীব বর্গাদারদের উপকার যাতে হয়—যেসকল বর্গাদার বেশী সম্পত্তি চাষাবাদ করছে তাদে উচ্ছেদ করে অন্য বর্গাদারদের দিলে আমার মনে হয় ভাল প্রস্তাব হবে, সিলিং-এ সেই প্রস্তাব তিনি গ্রহণ করবেন কি না। খাদ্যনীতি সম্বন্ধে আমি আর একটি কথা বলতে চাই যেটা দেশে দেশে ঘরে ঘরে একটা আমূল পরিবর্তন দেখা দিয়েছে। তিনি কর্ডনিং তুলে দিয়েছেন, সে সম্পর্কে অনেকে অনেক কথা বলেছেন। কিন্তু তিনি জেলা কর্ডনিং তুলে দিয়ে গ্রাম কর্ডনিং রেখেছেন। একটি বর্গাদারের ২-৩-৪-৫টি মৌজায় জায়গা জমি রয়েছে। সেই মৌজা থেকে এসে অন্য মৌজার ধান নিতে গেলে প্রত্যেকটি জমির জন্য তাকে পারমিট নিতে হবে। তার ফলে সেই বর্গাদারকে ৪-৫ ক্রোস রাস্তা হেটে গিয়ে বি ডি ও-র কাছ থেকে পারমিশন নিয়ে তারপরে ধান বয়ে আনতে হবে। এই যে জেলা কর্ডনিং তুলে দিয়ে গ্রাম কর্ডনিং করলেন এতে আরো অনেক অসুবিধা হবে, যেটা আমার কনস্টিটিউয়েন্সিতে হয়েছে। ফুড সম্বন্ধে আইন যেটা রয়েছে যে রাত্রি ৮-৩০ মিঃ-এর পর কেউ ধান-চাল নিয়ে যেতে পারবে না। কিন্তু গরীব লোকেরা সারাদিন প্রাণপণে খেটে এসে পাশের বাড়ি থেকে যদি এক কেজি চাল নিয়ে আসে তাহলে তাকে পথের মাঝে ধরা হয়, তার চাল কেড়ে নেওয়া হয়, তাকে জেলের ভিতর পুরে রাখা হয়, এইরকম অনেক ঘটনা ঘটেছে আমার কনস্টিটিউয়েন্সীতে। আমার কনস্টিটিউয়েন্সীতে কয়েকজন গরীব লোক ফ্রম এনি প্লেস টু আদার প্লেস, এইরকমভাবে চাল এনেছিল বলে তাদের ধরা হয়েছিল। অতএব জেলা কর্ডনিং তুলে দিয়ে আজকে এইরকম করেছেন। এতে যে দেশের কত বড় ক্ষতি করা হয়েছে সেকথা স্পীকারের মাধ্যমে খাদ্যমন্ত্রীকে জানাচ্ছি। এই কথা বলে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশীষ মহম্মদঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সামনে এই সরকারের প্রথম যে বাজেট উপস্থাপিত হয়েছে তাকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। সেই সংগে সংগে কয়েকদিন থেকে এই হাউসের যে বাজেট আলোচনা আমি শুনলাম তার কয়েকটি বিষয় সম্বন্ধে উল্লেখ করব। এই বাজেট আলোচনার দিক থেকে আমরা দেখতে পেয়েছি যে এর আগা থেকে শেষ পর্যন্ত আমাদের ফাইন্যান্স মিনিস্টার যে দক্ষতার পরিচয় দিয়েছেন সেটা শুধু বাংলাদেশেই নয় সমগ্র ভারতবর্ষের ইতিহাসে অক্ষয় হয়ে থাকবে. যেটা আমরা কংগ্রেস আমলে কখনও দেখতে পাইনি। এর বিভিন্ন খাতে যে টাকা ব্যয়বরাদ্দ ধরা হয়েছে তা অত্যন্ত ন্যায়সঙ্গত এবং সমুচিত। কিন্তু গতকাল আমাদের মুর্শিদাবাদ জেলার লালগোলা কনস্টিটিউয়েন্সী থেকে নির্বাচিত এম এল এ জনাব মহম্মদ সাত্তার সাহেব যে কথা উল্লেখ করেছেন আমি আজকে তার প্রতিবাদ জানিয়ে বলছি যে, মুর্শিদাবাদ জেলায় খাদ্যঘাটতি দেখা দিয়েছে বা ঘাটতি এলাকা—কিন্তু তিনি নিজে বলেছেন যে সেখানে আর এস পি-র গুণ্ডা দ্বারা অত্যাচারিত হয়েছেন এবং তাঁকে অপমান করেছে, মেরেছে, খুন করেছে—এই কথা সত্য নয়। আমি এই হাউসের মধ্যে জোর করে বলতে পারি যে উনি পাচারকারীদের সহিত জড়িত ছিলেন বলে বুভুক্ষু জনসাধারণ তাঁর উপর আঘাত করেছে, আর এস পি করেনি।

[4-45—4-55 p.m.]

আমাদের এই হাউসের মধ্যে একজন সদস্য জানালেন যে, কংগ্রেসের যুগে চরম উন্নতি হয়েছে ২০ বছরে এবং এই যুক্তফ্রন্ট সরকারের আমলে কিছু হয় নি। এই প্রসংগে বলে কালকে মাননীয় সদস্য দাশরথী তা মহাশয়ের মুখে শুনলাম, তিনি বলেছেন যে মার পেট থেকে পড়তে পড়তে ছেলের যেমন মোচ দেখতে পাওয়া যায় না, তেমনি যুক্তফ্রন্ট সরকার আমলে সেইরকম কিছু উন্নতি এরই মধ্যে আশা করা যায় না। কংগ্রেস আমলে যা পাওয়া যায় নি যুক্তফ্রন্ট সরকারের আমলে উন্নতির আশা এক্ষুণি করা অবান্তর। কিন্তু কংগ্রেসী রাজত্বের সময় একটা জিনিস খুব বিশেষভাবে উন্নত হয়ে উঠেছে, সেটা হচ্ছে সাম্প্রদায়িকতা। আমি সুতী নির্বাচন কেন্দ্র থেকে নির্বাচিত হয়ে এসেছি এবং এই ১৫ বছর সেখানকার স্বনামধন্য এম এল এ লুতফল হক, তাঁর গুণ্ডা দিয়ে সেখানে যেভাবে সাম্প্রদায়িকতার বীজ জোর করে তুলে ধরেছেন এবং আজকেও সেটা সজাগ হয়ে রয়েছে এবং ইসলামের ধ্বজা নিয়ে আজকে ইদ্রিশ মুন্সী এবং আরও কয়েকজন গুণ্ডা সুতী থানার উপর যে এখনও গুণ্ডাবাজী দেখাচ্ছে, তার নজীর দেখা গেছে লুটতরাজের মাধ্যমে সুতী থানার পার্শ্ববর্তী স্টেশন এলাকা রতনপুরের পার্শ্ববর্তী এলাকায় ট্রেনকে ইদ্রিশ মুন্সীর উপস্থিতিতে দাঁড়

করিয়ে লুঠতরাজ করা হয়েছে, কোন বামপন্থী কমিউনিস্ট বা বর্তমান সরকার পক্ষের কেউ করেন নি। এই কংগ্রেস পক্ষের ইদ্রিশ মুন্সীর দ্বারাই করা হয়েছে এবং সেটাকে প্ররোচনা জুগিয়েছে বর্তমান জঙ্গীপুর পার্লিয়ামেন্ট কনস্টিটিউয়েন্সীর এম পি বর্তমান তাজামল হক সাহেব। যিনি পাকিস্তানের সঙ্গে যোগাযোগ করেন। পাকিস্তানে তাঁর আত্মীয়স্বজন আছেন, তিনিই এই কাজে লিপ্ত আছেন। এই সরকার বাহাদুরকে অনুরোধ করবো এইসমস্ত পাকিস্তানের সঙ্গে যাঁদের যোগাযোগ আছে তাঁদের বিরুদ্ধে অবিলম্বে যেন ব্যবস্থা গ্রহণ করেন। আমি মুসলমান হিসাবে এই কথা বলছি, কোন হিংসা কারোর প্রতি পোষণ করিনি যদি রাষ্ট্রের প্রতি দরদ থাকে, আপনারাও বলবেন সেই কথা জানি। আমি যখন রাষ্ট্রপতির ইলেকশন-এ ভোট দিতে এসেছিলাম—যাহোক কোন অনিবার্য কারণ বশত ভোট দেওয়া হয় নি—গতকাল এখানে ত্রাণ খাতের টাকা সম্বন্ধে বলা হয়েছে, তারপর খাদ্য ব্যয়বরাদ্দের টাকা সম্বন্ধে বলা হয়েছে সবকিছু শুনেছি। আমাদের ত্রাণ খাতে নাকি খুব বেশী পরিমাণ টাকা আমরা দিতে পারি নি, কারও কল্যাণ কার্য করতে পারবো না, কিন্তু আমি সেই কথা বলবো সি আই টি রোড-এর উপর আশুতোষ ঘোষ মহাশয় যেভাবে সরকারপক্ষের এম এল এ-দের চক্রান্ত করে ভাঙ্গবার ষড়যন্ত্র করেছিলেন আমার হাতে এক লক্ষ টাকার তোড়া দেবার জন্য প্রস্তুত হয়েছিলেন এবং আমাকে বলেছিলেন—

**শ্রীনারায়ণ চৌধুরী:** আপনি যে এলিগেশন দিচ্ছেন, তার প্রমাণ কৈ, একজন এম এল সি-র নাম বলছেন?

**মিঃ স্পীকার:** আপনি বাজেট সম্বন্ধে যা বলছেন বলুন, যদি কিছু বলেন সেটা সম্পূর্ণ দায়িত্ব নিয়ে বলবেন।

**শ্রীশীষ মহম্মদ:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রদ্ধেয় মাস্টার মহাশয় নুরুল নবি সাহেব এবং ওনারই গুরু তালেব ডাক্তার ফরাক্কায় আমাকে চক্রান্ত করে খাবার নিমন্ত্রণ করে আমায় পার্টি অফিস থেকে নিয়ে গিয়েছিল, সেই টাকা যদি আমাকে না দিয়ে কংগ্রেসী মহল থেকে যদি ঐ টাকা ত্রাণ খাতে দিতে পারতেন তাহলে দেশের যথেষ্ট কল্যাণ হতে পারেতা।

**মিঃ স্পীকার:** আপনি বাজেট সম্বন্ধে বলুন।

**শ্রীশীষ মহম্মদ:** এটা বাজেটেরই অংশ। যদি তা দিতে পারতেন তাহলে আজ উচ্চ প্রশংসিত হতেন, কিন্তু সেদিকে না গিয়ে এম এল এ ভাঙ্গবার দিকে এসেছেন, সরকারের প্রতি সহানুভূতি দেখাতে এসেছেন। কিন্তু সেই সুযোগ আর হবে না কালকে তার প্রমাণ হয়ে গেছে।

আমি আমার বক্তব্যের শেষ দিকে এই কথা বলবো আমার সরকারের কাছে সি পি লোন সম্বন্ধে যে আমরা কৃষক, গ্রামের চাষীর সন্তান আমাদের চাষ সম্বন্ধে বা গ্রামের কৃষক সম্বন্ধে মোটামুটি কিছু ধারনা আছে। গ্রামাঞ্চলে কৃষির উন্নতির জন্য প্রয়োজন যাতে কৃষকরা যথাযথ ঋণ পায় সময়মত এবং ঐ ঋণ দেবার ক্ষেত্রে তিন একর সম্পত্তি বা অনেক ক্ষেত্রে তিনশো টাকার সম্পত্তি থাকলে পর তাকে ঋণ দেওয়া হয়। আমি সরকারের কাছে অনুরোধ করবো—যার আধ একর নয়, আধ কাঠা জমি আছে তাকেও যেন ঋণ দেওয়া হয়। যা থেকে সে নিজে বীজ বা অন্যান্য কৃষিকার্যোপযোগী দ্রব্যাদি কিনে চাষের কাজ করতে পারবে।

আর একটা অনুরোধ করবো সরকারের কাছে যে, পশ্চিমবঙ্গে যেসমস্ত উদ্বাস্তু এসেছে, সেই উদ্বাস্তু খাতে যে টাকা মঞ্জুর করা হয়েছে, সেখান থেকে যেন বহু জেলে আছে গৃহহীন ও ভূমিহীন, তাদের সিকিউরিটি দেবার কোনরকম সম্বল নাই, সেই জেলেরা মাছ ধরবার জাল তৈরি করবার জন্য ঋণ বাবদ প্রয়োজনমত টাকা পায়।

কংগ্রেস রাজত্বে যে তান্ডবলীলা চলেছে, তখন যে কীর্তন শেখান হয়েছে—"বল অতুল্য, কহ প্রফুল্ল, লহ কামরাজের নাম রে"—এই গান আর নয়, সে যুগ বহু আগে চলে গেছে, এখন নতুন যুগের নতুন গান গাইতে হবে।

**শ্রীশান্তিরাম হাজরা:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে বলতে চাই যে বাজেট এখানে আমাদের অর্থমন্ত্রী পেশ করেছেন, আমি তাঁর বুদ্ধির ও জ্ঞানের তারিফ করছি। তিনি যেমন তেরটি দল নিয়ে জোড়াতালি দিয়ে রেখে দিয়েছেন, বাজেটকেও সেইরকমভাবে জোড়াতালি দিয়ে এখানে আমাদের কাছে পেশ করেছেন। এর উপরে দেখতে খুব ভাল, কিন্তু ভেতরে এর কিছুই নাই। তিনি প্রথম দেখিয়েছেন ৩৬ কোটি টাকা ঘাটতি রয়েছে, ঘাটতি থাকুক কিন্তু তা পূরণের ব্যবস্থা সঙ্গে সঙ্গে করা উচিত ছিল। অবশ্য তিনি পূরণ করবেন বলেছেন পরে। সে কথা কেন বলেছেন? এই জন্য বলেছেন যে, এখনই যদি লোকের ঘাড়ে করের বোঝা চাপিয়ে দেওয়া যায়, তাহলে যে মানুষ বিপক্ষে চলে যাবে। এখনই আস্তে আস্তে বিপক্ষে যেতে তারা আরম্ভ করেছে। এর উপর যদি তাদের উপর করভার বেড়ে যায় তাহলে যে তাদের গদিতে টিকে থাকা মুসকিল! তাই কিছু কিছু চটকদারী জিনিস দিয়ে এটা করেছিলাম, ওটা করেছিলাম—ইত্যাদি কথা বলেছেন। তিনি সব পরে দেখবেন বলেছেন। কখন? যদি তাঁরা গদিতে থাকেন, তাহলে তো তাঁরা করবেন। আর যদি না থাকেন, তাহলে তাদের মুখোষটা যে খুলে পড়লো। যদি তাঁদের ক্ষমতায় থাকা সম্ভব না হয় তাহলে মানুষকে তাঁরা আন্দোলনের পথে নিয়ে যেতে পারবেন। কাজেই এইরকম বাজেট পেশ করা কেবল পশ্চিমবঙ্গেই সম্ভব হয়েছে। তাঁরা একটু সময় নিচ্ছেন মাত্র। ভারতবর্ষের অন্যান্য রাজ্যে এইরকম বাজেট পেশ করা সম্ভব নয়। এক সময় একটা কথা প্রচলিত ছিল যে, ভাবত-বর্ষের মধ্যে বাংলাদেশই সুচিন্তা আগে করতেন, আর ভারতবর্ষের অন্যান্য স্টেটের লোকেরা তা পরের দিন করতেন। কিন্তু উনি দেখালেন একটা খারাপ চিন্তা আগে করলেন, তারপর ভারতবর্ষের অন্যান্য স্টেটের লোকেরা তা পরে করবেন, তিনি হলেন তার পথপ্রদর্শক, তিনি এমন একটা অবস্থার মধ্যে পড়েছেন যে কি করে কাদের উপর ট্যাক্স চাপান যায় তা ভেবে পাচ্ছেন না। তাই পালাই পালাই রব উঠেছে। গল্পে আছে—পালাক্রমে দেবতার সামনে নরবলি হতো। একদিন ঠাকুর মহাশয়ের সেই পালা পড়ে গেছে। মানুষ যখন ঘুমিয়ে গেছে, ঠাকুর তখন রাত্তির অন্ধকারে পালিয়ে যাচ্ছে। ওদিকে দেবতা এসে সামনে হাজির—যে পথে পালাও তুমি, সে পথ আটকেছি আমি। আমাদের অর্থমন্ত্রীও মনে করছেন দেশের লোককে ঘুম পাড়িয়ে পালিয়ে যাবেন। তা হবে না। যে পথেই পালান না কেন, সে পথ আমরা আটকে আছি। আপনার পরিত্রাণ নাই।

[4-55—5-5 p.m.]

আমার বলবার হচ্ছে এই বাজেটে কৃষি সম্পর্কে সবচেয়ে বেশী টাকা বরাদ্দ করা উচিত ছিল। কারণ ভারতবর্ষের সব জায়গায় খাদ্যের যে অবস্থা এসে দাঁড়িয়েছে, তা চিন্তার বিষয়। এই খাদ্যকে যদি স্বয়ংসম্পূর্ণ করাবার, মানুষের পেটের ক্ষুধাকে যদি মেরে দেওয়া যায়, তাহলে সবরকম আন্দোলন নষ্ট হয়ে যাবে, এবং দেশ শান্তির পথে আসবে। সেইজন্য সমস্ত কিছু বাদ দিয়ে, সব আগে, কেমন করে কোন পথে মানুষকে খাইয়ে বাঁচিয়ে রাখা যায় তার জন্য চেষ্টা করতে হবে। সেজন্য আমি বলবো এই বাজেটে ইরিগেশন-এর ব্যাপারে, চাষের ব্যাপারে, কৃষির ব্যাপারে, খাদ্যের ব্যাপারে আরও বেশী করে টাকা ধরা উচিত ছিল। (এ ভয়েসঃ—সে কথা আগে আপনাদের চিন্তা করা উচিত ছিল।) আমরা আগে থেকে চিন্তা করে ব্যবস্থা করে রেখেছি বলেই আজ বহু জায়গায় ধান ফলছে। যেখানে পূর্বে মাত্র ৫ মণ করে ফলন হত, সেখানে বর্তমানে ১৫ মণ, ২০ মণ করে হচ্ছে। চিন্তা করে করা হয়েছিল বলেই আজ এটা সম্ভব হয়েছে। আগে যেখানে জল পেতো না, এখন সেখানে জল পাওয়া যাচ্ছে। ১৯ বছর আগে বাংলাদেশে যতগুলি জায়গায় জল পাওয়া যেতো, তার চেয়ে অনেক বেশী জায়গায় এখন জল পাওয়া যাচ্ছে। অবশ্য এখনও বহু জায়গায় জলের অভাব আছে। আমাদের হাতে সরকার থাকলে, সেই অভাব যেমন করে পূরণ করে আসছিলাম দিনের পর দিন, সেইভাবে আস্তে আস্তে আরও বেশী পূরণ করতাম আমরা। দাশরথীবাবু বলেছেন ১২০ দিনের মধ্যে একটা নূতন জায়গায় কোন নূতন পরিকল্পনা করে একটা ক্যানেল বা নালা কাটার ব্যবস্থা করে দিলে জল পাওয়া যেতো, অনেকের উপকার হতো। সেই ধরনের ব্যবস্থা কোন জায়গায় নেই, আপনারা কিছু করেন নি। আগের সরকারের যত কিছু কাজকর্ম চলছিল, তা সব বন্ধ হয়ে আছে। যদি কিছু হয়ে থাকে তা আগের সরকার করে রেখেছিলেন, তারই জের বর্তমান সরকার টেনে চলেছেন, নিজের থেকে কিছু করবার ক্ষমতা এঁদের নেই। জের মারার জন্য আপনারা কিছু

করছেন না। যুক্তফ্রন্ট সরকার এই হাউসে বলেছিল, আমরা যে নিয়ন্ত্রিত দর করবো, সেই নিয়ন্ত্রিত দরের পাশে আর কোন আলাদা দর থাকবে না। যা কংগ্রেস আমলে হয়েছে—বড় লোককে আরও বড় করা, তা আমরা হতে দেবো না। কিন্তু কংগ্রেস একথা বলেনি যে আমাদের নিয়ন্ত্রিত দরের পাশে আর কোন আলাদা দর থাকবে না। আমাদের আমলে দর একটু চড়েছিল বটে, কিন্তু এমন আকাশ ছোঁয়া দর ছিল না। আমরা যদি শাসন ক্ষমতায় আসীন থাকতাম, তাহলে এমন অবস্থা হতে দিতাম না। আজ খাদ্যের অবস্থা এমন হয়েছে যে পশ্চিমবাংলার বহু স্থানে চাল নেই। আমি গ্রামের মানুষ, আমি বর্ধমান জেলার লোক, সেখানে গাঁয়ে গাঁয়ে চাল কিনতে পাওয়া যাচ্ছে না। মজুর, সে মজুরী খেটে এসে খুদ কিনে খেতে বাধ্য হচ্ছে। সেখানকার মানুষ আজ দুর্ভিক্ষের কবলে পড়েছে। সেখানে আজ চাল নেই। তাহলে চিন্তা করে দেখুন যেটা খরা অঞ্চল, সেখানকার কি অবস্থা। বহু খরা অঞ্চল রয়েছে, সেখানে সরকার কি ব্যবস্থা অবলম্বন করেছেন, তা আমরা জানতে চাই। আমাদের অঞ্চলকে খরা অঞ্চল বলে সরকার ডিক্লেয়ার করেছেন, কিন্তু এখনও আমাদের এই এলাকায় এম আর বা জি আর দেওয়ার ব্যবস্থা বর্তমান সরকারের তরফ থেকে হচ্ছে না। সেখানে সরকারের ত্রাণ কার্যেরও ব্যবস্থা নেই। সেখানকার লোকেরা আকাশ পানে চেয়ে বসে আছে, কবে তার জি আর পাবে বলে। তারা অপেক্ষা করে বসে আছে সরকারের ত্রাণ কবে আসবে বলে। সরকার যেগুলোকে খরা অঞ্চল বলে ঘোষণা করেছেন, সেদিকে আপনারা একটু বেশী নজর দিন, যাদের কিছু নেই তাদের প্রতি একটু লক্ষ্য রাখুন। তাই আমি বলতে চাই যে আপনারা ভাল বুদ্ধি নিয়ে, সুচিন্তিত মত নিয়ে যাতে দেশের সর্বাঙ্গীণ মঙ্গল ও কল্যাণ হয় সেদিকে চিন্তা করুন। আমাদের পক্ষ থেকে হয়ত কিছু পেতে পারেন, কিন্তু আপনারা সরকারপক্ষ, আপনাদেরইত সবরকম ব্যবস্থা করতে হবে, আমরাত আপনাদের ছাতার তলায় থেকে চলবো, এই অবস্থা এসেছে, আপনারা শাসন ব্যবস্থা ভাল করে চালান, যাতে কোনরকম অভিযোগ করবার সুযোগ আমাদের না থাকে। আপনারা বলেছেন আপনারা মেহনতী জনতার সরকার। সেদিন এখানে কতকগুলি শিক্ষক এলেন তাঁদের দাবী-দাওয়ার কথা জানাতে, মন্ত্রিমহাশয়ের সঙ্গে তাঁরা দেখা করবেন, তিনি তাদের একটু আশ্বাস দেবেন, টাকা-পয়সা তখনই তাদের দিতে হবে না—তিনি তাঁদের সে আশ্বাস দেওয়াত দূরের কথা, তার আগে থেকেই এমন ব্যবস্থা বা অ্যারেঞ্জমেন্ট করে রাখা হয়েছিল আপনাদের দলীয় গুণ্ডাদের প্রসেশন করে গেটে রেখে দিয়ে তাদের উপর মারধর করা হল। এই কথা বোধ হয় সরকার ভাবলেন যে যদি ঠিক এইভাবে তাঁদের উপর মারধর করলে, তাঁরা আর এখানে আসতে সাহস পাবেন না এবং তাঁদের বক্তব্যও রাখতে পারবেন না। আমি বলি—এইভাবে রাজত্ব চালান সম্ভব নয়, এতে আপনারা ধূলিস্যাৎ হয়ে যাবেন। আমার আর সময় নেই। সুতরাং আমি মাননীয় অর্থমন্ত্রীর বাজেট-এর সম্পূর্ণভাবে বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

5-5—5-15 p.m.]

**শ্রীহরপ্রসাদ চ্যাটার্জি:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অর্থমন্ত্রী যে বাজেট আমাদের সামনে পেশ করেছেন সেই বাজেটকে আমি সম্পূর্ণ সমর্থন করি, এবং আমাদের বিরোধীদলের বন্ধুরা যেসব বক্তব্য রেখেছেন তার সম্বন্ধে কয়েকটি কথা বলতে চাই। একথা আমাদের মনে রাখা দরকার যে, বিংশ শতাব্দীর এই শেষভাগে যখন সাম্রাজ্যবাদী অর্থনীতি সঙ্কটের আবর্তে হাবুডুবু খাচ্ছে তখন আমাদের কেন্দ্র আমাদের দেশের অর্থনীতিকে আমেরিকার সঙ্গে সম্পূর্ণভাবে একীকরণ করে আমাদের দেশের অর্থনীতিকে সম্পূর্ণভাবে ভেঙ্গে তছনচ করে দিয়েছে এবং এই অবস্থা শুধু একটা রাজ্যে বা দুটো রাজ্যে নয়, সমস্ত ভারতবর্ষব্যাপী এই একই অবস্থা, যে প্রদেশ খাদ্যে স্বয়ংসম্পূর্ণ সেই জায়গাতেও একই অবস্থা আর যে রাজ্যে খাদ্য ডেফিটিস সেখানেও এই একই অবস্থা। কারণ এ হতে বাধ্য। আমাদের দেশের অর্থনীতিকে ঐ সাম্রাজ্যবাদী অর্থনীতির সাথে একীকরণ করে বাঁচান সম্ভব নয় এবং জিনিসপত্রের দাম সেজন্য বাড়ছে, কেন্দ্রীয় সরকার আজ পর্যন্ত কোন নীতি গ্রহণ করতে পারেন নি। এইসব জিনিসপত্রের দাম যদি আয়ত্তের ভিতর রাখতে হয় তাহলে একটা সর্বভারতীয় নীতি গ্রহণ করা দরকার কিন্তু কেন্দ্রীয় সরকার আজ পর্যন্ত এইজাতীয় কোন নীতি গ্রহণ করতে পারেন নি এবং সবচেয়ে আরো আশ্চর্য লাগছে আগে যাঁরা মন্ত্রী ছিলেন তাঁদের কথা বলছি যে তাঁরাও এমন কথা বলেছেন যা শুনে

মনে হয়েছে যে ২০ বছর তাঁরা যে মন্ত্রীত্ব করলেন সেটা তাঁরা যেন ভুলে গেলেন। এমন কি জালান সাহেবের মত লোক বললেন নূতন কিছু দেখলাম না, একই রকমে ইত্যাদি। এটা কি ভুলে গেলেন যে সংবিধানের রীতি অনুযায়ী অ্যাকাউন্টান্ট জেনারেল এই খাদগুলি ঠিক করে দেবেন, এই খাদগুলি পরিবর্তন করা পশ্চিমবঙ্গ সরকারের পক্ষে এত সোজা নয়, সামান্য এদিক ওদিক করতে পারেন কিন্তু একে পরিবর্তন করতে পারেন না এটা তাঁর মনে রাখা দরকার সংবিধান এমনভাবে তৈরি করা যে আমরা যেটুকু সুখ সুবিধা সাধারণ মানুষকে দেবার চেষ্টা করছি তাও আইন শৃঙ্খলার সাহায্যে সেই সুখ-সুবিধাটুকু যাতে সম্পূর্ণভাবে লোকের কাছে পৌঁছে না দেওয়া যায় সেই বিধি ব্যবস্থা গ্রহণ করা আছে এই সংবিধানের দোহাই দিয়ে আজকে আমাদের যাঁরা বিরোধী দলের বন্ধু আছেন তাঁরা যদি অন্ততঃ এই কথা বলতেন যে তৃতীয় বা চতুর্থ ফাইন্যান্স কমিশনের যেসব রেকমেন্ডেশন আমাদের যে টাকা আমাদের রাজ্য থেকে আদায় হচ্ছে বা অন্যান্য রাজ্য থেকে আদায় হচ্ছে এবং কেন্দ্রীয় সরকারের হাতে গিয়ে যেগুলি জড় হচ্ছে তার যে ভাগ বাটোয়ারার বন্দোবস্ত আছে সেটা তাঁরা যে নীতি ঠিক করে ছিলেন যে ৭০ ভাগ হবে পপুলেশন বেসিসে এবং ৩০ ভাগ হবে স্পেশাল নিডস অফ দি স্টেট বুঝে। সেই হিসাবে যদি হিসাব করা যায় তাহলে দেখা যাবে যে ৫৯০ কোটি টাকার যে ডিভি-জিবিল পুলে তার ভিতরে পপুলেশন বেসিসে আমাদের রাজ্যের ৩৩ কোটি টাকা পাওয়া উচিত কিন্তু ১৭৭ কোটি টাকার ভিতর মাত্র এক কোটি টাকা ওয়েস্ট বেঙ্গল পেয়েছে যাতে প্রবলেম স্টেট বলা হয়, সেখানে বিশেষ কোন প্রবলেম তাঁদের কাছে নেই। এটা আগের অর্থমন্ত্রী শৈল বাবুও জানেন এবং তিনিও দু-একটা চিঠি লিখেছিলেন কিন্তু তিনি সেকথা আর এখানে স্বীকার করলেন না, এই সাহস তাঁর হল না। এর আগে যে নীতির কথা তাঁরা বলেছিলেন যে ৭·৫১ এই ভিত্তিতে ভাগ হবে এইসমস্ত টাকাটা তাতেও পশ্চিমবঙ্গের অন্ততঃ ৪৪ কোটি টাকা পাওয়া উচিত, সেখানে পশ্চিমবঙ্গ ৩৪ কোটি টাকা পেয়েছে, ১০ কোটি টাকা কেন্দ্রীয় সরকার দেন নি একথা তাঁরা বলেন নি যে এটা পাওয়া উচিত, আসুন আমরা একসাথে যাই কেন্দ্রীয় সরকারের কাছে যাতে অন্ততঃ এই ১০ কোটি টাকা আমরা পশ্চিমবঙ্গের জন্য নিয়ে আসতে পারি এবং পশ্চিমবঙ্গের লোকের উপকারের জন্য লাগাতে পারি। সেকথা তাঁরা বলেন নি এবং আমাদের এই রাজ্যে জুট এবং টি এক্সপোর্ট করে আমরা যে ফরেন এক্সচেঞ্জ আর্ন করি কৈ তার থেকে ত আমরা কিছু পাইনি। র জুটের জন্য যেটা প্রায় ৪০ কোটি টাকা পায় তারও আমরা কিছু পাইনি। এইগুলি পেলে আমরা বিদেশ থেকে খাদ্যশস্য আনতে পারতাম। সেকথাত তাঁরা একবারও বলেন নি। সিদ্ধার্থবাবু হাইকোর্টের কাগজপত্র বের করে এখানে দাঁড়িয়ে বললেন যে, দুই হাজার কেস এই সরকার নাকি উইথড্র করেছে। উনি সব জেনেশুনে যদি এইরকম কথা বলেন তাহলে আর কি করা যাবে। কিন্তু আমি যতদূর খবর নিয়েছি তাতে দেখা গেল যে, ডিসেম্বর মাসে আগের সরকার যখন লেভি অর্ডার তুলে দিলেন তখনকার অ্যাডভোকেট জেনারেল এই সরকারকে উপদেশ দিলেন যে ক্রিমিন্যাল কেস তুলে নিন, ও'রা যে কেস করেছেন তুলে নেবেন এবং সেইভাবে সেইসমস্ত কেস তুলে নেওয়া হয়েছে, এই সরকারের আমলে কোন কেস তুলে নেওয়া হয় নি। আর একটা কথা সিদ্ধার্থবাবু বলে গেলেন যে, পুলিশ খাতে ৪৮ লক্ষ টাকা কিভাবে কমলো তা তিনি জানেন না, সাধারণভাবে পুলিশ খাতে যে ২৭ কোটি টাকা আছে তার বিভিন্ন কনটিনজেন্সি হেডে ১০ পার্সেন্ট কমান হয়েছে তাতে ২৭ লক্ষ টাকা কমেছে এবং ডিস্ট্রিক্ট কর্ডনিং উঠিয়ে দেওয়ার জন্য তাতে যে ২০ লক্ষ টাকা ছিল এই মিলে। এইভাবে ৪৮ লক্ষ টাকা কমেছে। তারপরে তাঁরা বলেছেন যে ১৪টি দল, হ্যাঁ, ঠিকইত ১৪টি দল, আমাদের ভিতর কিছু কিছু মতপার্থক্য থাকতে পারে, কিন্তু আমরা কাজ সম্বন্ধে ঐক্যমত এবং সেই ঐক্যমত আমাদের থাকবে এবং কংগ্রেস দল মিলে আমাদের কিছু করতে পারবে না। আমরা জানি দুঃখদুর্দশা লোকের আছে, আমরা সব দূর করতে পারি নি কিন্তু তবুও ২০ বছর কংগ্রেসী রাজত্বে কোনদিন এই জিনিস হয় নি হাজার হাজার লোক অ্যাসেম্বলীতে এসে যুক্তফ্রন্ট সরকার জিন্দাবাদ বলে যাচ্ছে। কংগ্রেসী রাজত্বে এই জিনিস হয় নি এই কথা তাঁদের মনে রাখা দরকার আমরা এবারে অন্ততঃ এই সেসনে কয়েকটি নূতন জিনিস দেখলাম সেটা হচ্ছে কংগ্রেস দলের ভিতর অনৈক্য সম্পূর্ণ। আমরা দেখলাম কংগ্রেস দল সম্পূর্ণ অবিন্যস্ত এবং তাঁদের ভিতর এই অবস্থা দাঁড়িয়েছে যে চিফ হুইপকে রিজাইন করতে হয়েছে, যাতে তাঁদের দলের ভিতরে অন্ততঃ কিভাবে ঐক্য আসে সেই চেষ্টা তাঁরা এখন করছেন। মিঃ স্পীকার, স্যার, আরো একটা

জিনিস আমরা লক্ষ্য করলাম সেটা হল এই যে, কংগ্রেস দলের লোকের কাছে বলবার মত কিছু নেই, বক্তব্য নেই বলেই তাঁরা গোলমাল, ঝগড়া, ওয়াকআউট করছেন এবং মাঝে মাঝে কংগ্রেস দলের বক্তব্য শুনে আমার মনে হচ্ছে আমি কোন ব্রথেল কিপারের বক্তৃতা শুনছি না কোন গুণ্ডা সর্দারের বক্তৃতা শুনছি। কারণ যেভাবে তাঁরা অভদ্র ভাষায় বক্তৃতা করছিলেন সেটা আমি শুনেছি এবং কিছু কিছু গণতন্ত্রের পুজারীকেও দেখলাম, তাঁরা প্রাইমারী টিচার্স-দের কথা বারে বারে বলবার চেষ্টা করেছেন। আমাদের সরকার একথা বলেছেন যে প্রাইমারী টিচার বা সরকারী কর্মচারী তাঁদের আরো দিতে পারলে আমরা খুশী হতাম। কিন্তু তাঁদের বলতে শুনলাম না যে, কেন্দ্রীয় সরকারের কাছে গিয়ে টাকা নিয়ে এসে তাঁদের দাও। তাঁদের বলতে শুনলাম না চলুন কেন্দ্রীয় সরকারের কাছে যাই এদের টাকা দেবার জন্য। প্রাই-মারী টিচারদের কথা শ্রী নাহার বলেছিলেন। প্রাইমারী টিচারদের ১৯৬৬ সালের পয়লা এপ্রিল থেকে পনের টাকা ডি এ হয়েছিল, সেই ডি এ স্যালারি-এর সঙ্গে মার্জ করেছিলেন তখন তাঁদের একটা স্যালারি রিভিশন হয়—তার পরে তাঁরা ওই পনের টাকা আর পাঁচ টাকা পান এবং তার পরে তাঁদের দশ টাকা বাড়ান হল, আর এখন বেড়েছে আঠার টাকা—এই হল আটচাল্লিশ টাকা। সরকারী কর্মচারীদের সম্বন্ধে যুক্তফ্রন্ট সরকার যা করেছেন তা সকলেই জানেন—আর্থিক সামর্থ্য অনুসারেই এটা করা হয়েছে, আরও বেশি করতে পারলে আমরা খুসীই হতাম। আমরা তো কংগ্রেসী বন্ধুদের কাছ থেকে আশা করেছিলাম যে তাঁরা বলবেন আমাদের সঙ্গে একসঙ্গে তাঁরা দাবী তুলবেন কেন্দ্রীয় সরকারের কাছে যে ফাইন্যান্স কমিশন-এর রেকমেণ্ডেশন তাঁদের মানতে হবে। একথা তো তাঁরা বলেন নি। এজন্য স্যার, আবার সাধারণ নির্বাচনে জনসাধারণ কংগ্রেসকে বিচ্ছিন্ন করেছে এবং তার পরে ধাপে ধাপে বিচ্ছিন্ন করছে ওই উলুবেড়িয়া, হাওড়া কর্পোরেশনে, কামারহাটি, দমদম, নৈহাটিতে পর পর বিচ্ছিন্ন করে চলেছে। কংগ্রেসকে রাজ-নৈতিক শক্তি হিসাবে তাঁরা শেষ করে দেবে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমনোরঞ্জন হাজরাঃ** স্পীকার মহোদয়, বেঙ্গল এনামেল ফ্যাক্টরীতে আজ ছত্রিশ দিন লক আউট চলছে। তিন হাজার ওয়ার্কার ইনভলভড। শ্রীযামিনীভূষন সাহা এই হাউস-এর প্রাক্তন সদস্য এদের সঙ্গে এসেছেন। আমি সংশিলষ্ট মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব তিনি যেন এদের সঙ্গে দেখা করে কিছু বলেন।

**শ্রীসুবোধ ব্যানার্জীঃ** মনোরঞ্জনবাবু যদি দয়া করে ওদের প্রতিনিধিদের আমার চেম্বার-এ আসতে বলেন ভাল হয়।

[5-15—5-25 p.m.]

**শ্রীনারায়ণ চৌধুরীঃ** স্পীকার, স্যার, অর্থমন্ত্রী এই যে বাজেট পেশ করেছেন সেই বাজেটে যুক্তফ্রন্ট সরকারে যে চরিত্র সেই চরিত্র উদ্ঘাটিত হয়েছে। জোড়াতালি দিয়ে মন্ত্রিসভার যে অস্থিরচিত্ততা আছে সেই অস্থিরচিত্ততার একটা সুন্দর নমুনা আমরা এখানে পেয়েছি। শ্রদ্ধেয় দাশরথিবাবু বলেছেন, ১২৮ দিনে মন্ত্রীরা কি করতে পারেন? আমি বলি চার মাসে এই যুক্তফ্রন্ট সরকার অজয়বাবুর নেতৃত্বে বাংলাদেশকে চারটি জিনিস উপহার দিয়েছেন। তা হল এইঃ (১) শ্রমমন্ত্রী দিয়েছেন ঘেরাও, (২) অরাজকতা, (৩) অনশন এবং (৪) চতুর্থ মাসে বাজেট পেশ করে অর্থমন্ত্রী সমস্ত অনর্থের যিনি মূল সেই অর্থমন্ত্রী অবিমৃষ্যকারিতার পরিচয় দিয়েছেন।

অজয় মন্ত্রিসভা আজ চারটি জিনিস উপহার পশ্চিমবঙ্গ রাজ্যকে দিয়েছেন—অবরোধ, অরাজকতা, অনশন এবং অবিমৃষ্যকারিতা। এই জিনিসই আজ বাজেটের মধ্যে দিয়ে ফুটে উঠেছে। আমাদের প্রাক্তন অর্থমন্ত্রী শ্রীশৈলকুমার মুখার্জী মহাশয় বলেছেন যে, এই বাজেট সর্বনাশা বাজেট। পশ্চিমবঙ্গ রাজ্যের ভবিষ্যৎ সমূলে ধ্বংস হয়ে যাবে এই কথা তিনি উল্লেখ করেছেন। আমি বলছি এই বাজেট হচ্ছে প্রোপাগান্ডা বাজেট। এই বাজেটের মধ্যে দিয়ে কি করে চটক সৃষ্টি করে জনমনের মনে বিভ্রান্তি সৃষ্টি করতে পারা যায় সেই কথাই চিন্তা করা হয়েছে। এবং আমরা দেখতে পাচ্ছি যে, এই বাজেটে তাঁরা যেসমস্ত কথা বলেছেন তাতে আমরা এই কথাটাই বুঝতে পারছি যে, তিনি বোধহয় ১২ মাসের বাজেট করেন নি। কারণ ৩৬ কোটি টাকার যে ঘাটতি রাখার অর্থ তার মনের কোণে বোধহয় এই কথা আছে যে,

১২ মাস তাদের থাকতে হবে না। দাশরথিবাবু অসতর্কমুহূর্তে বলেছেন শ্রদ্ধেয় বিভা মি মহাশয়াকে যে, কিছুদিন পরে আপনারাই এইদিকে আসবেন। সেজন্য বোধহয় তিনি ৯ মাসে বাজেট পেশ করেছেন, গোটা বছর তাঁদের এখানে থাকতে হবে না। তাই তিনি কিসের উপ কর বসাবেন সেটা পশ্চিমবঙ্গবাসীকে বলেন নি। কালকে এখানে বাজেট আলোচনা করতে গি শ্রদ্ধেয় মনোরঞ্জনবাবু বললেন যে, আমরা সরকারী কর্মচারীদের মহার্ঘ ভাতা বাড়ালাম, ত তো বললেন না। কিন্তু তাঁদের অর্থমন্ত্রী জ্যোতিবাবু স্বীকার করেছেন যে, পর পর দুবা দুর্মূল্যভাতা বাড়ানোর জন্য ২৪ কোটি টাকা বৃদ্ধি পেয়েছিল। সুতরাং সাড়ে নয় কোটি টাকা মহার্ঘ ভাতা বাড়িয়ে এত উল্লসিত হয়ে পড়েছেন এবং তাঁরা মনে করছেন যে, তাঁরা এম কিছু করেছেন যে, তাঁরা একেবারে আনন্দে ডগমগ হয়ে উঠেছেন। কিন্তু প্রাক্তন কংগ্রেস সরকার ২৪ কোটি দিয়েছিলেন এবং তার আগেও দিয়েছেন সেকথা বাজেটে উল্লেখ থাকা সত্ত্বে মনোরঞ্জনবাবুর সেদিকে দৃষ্টি পড়ে নি। মনোরঞ্জনবাবু বলেছেন যে, পুলিসের খরচ এব ডিফেন্সের বাজে খরচ আমরা কমিয়েছি। আমি বলি পুলিশ এবং ডিফেন্সের খরচ যাঁ বাজে খরচ বলে মনে করেন তাহলে তাঁদের মনস্তত্ত্ব বোঝা যায়। কারণ আজকে পুলিশে এবং ডিফেন্সের কাজ তাঁরা দুটি এজেন্সির হাতে দিয়ে দিয়েছেন। পুলিশের কাজ তাঁর গণকমিটির হাতে দিয়ে গিয়েছেন এবং ডিফেন্সের কাজ তাঁরা চায়না এজেন্সির হাতে দিয়ে দিয়েছেন। সুতরাং এই দুটোর জন্য খরচ কমানো ঠিকই হয়েছে একথা তাঁরা তো বলবেনই তারপর আরেকটি কথা বলব যে, উনি বলেছেন ভারত সরকার যে ইনফ্লেশন বাজেট করেছেন তার ফলে দেশে দ্রব্যমূল্য বৃদ্ধি পেয়েছে। সেজন্য এ বছর যাতে কোন রাজ্য ডেফিসিট বাজে না করেন তার জন্য অনুরোধ করেছেন এবং কেন্দ্রেও সেজন্য যাতে ডেফিসিট বাজেট না হয় তার জন্য তাঁরা চেষ্টা করেছেন। যেহেতু কেন্দ্র বলেছে সেজন্য দেবাসুরের সংগ্রামের মত ডেফিসিট বাজেট করতে হবে। আমি বলতে চাই জ্যোতিবাবুকে যে, ভারতবর্ষের কোন রাজ কোনকালে এইরকম ডেফিসিট বাজেট করতে সাহস পান নি বা ভরসা পান নি। এটাই হচ্ছে জ্যোতিবাবুর বাজেটের সবচেয়ে লক্ষ্যণীয় বস্তু। এবং তাঁরা একথা প্রচার করেছেন যে, আমর সেচ এবং কৃষি উৎপাদনের নাকি অনেক টাকা বাড়িয়ে দিয়েছি। যেখানে ৩৬ কোটি টাকার ঘাটতি আমরা আশা করতে পারি যে, যদি একর দশ আমরা বাড়াতে পারতাম তাহলে ৬ কোটি কিংবা সাড়ে চার কোটি কৃষির জন্য বাড়াতে পারতাম। সেচের জন্য কোথায় এব কোটি দু কোটি টাকা বাড়িয়েছেন—সেকথা তাঁরা গালভরা বুলি দিয়ে প্রচার করবার জন চেষ্টা করছেন যে, আমরা এতো বাড়িয়েছি। কিন্তু তাঁরা বোধহয় জানেন না যে, লাভে গুড় পিঁপড়েতে খাবে। যেভাবে ইনফ্লেশন তাঁরা বাড়াবেন তাতে এই বাড়তি অঙ্কে তাঁর কোন বেশি কাজ করতে পারবেন না। বরং অনেক কম কাজই এতে হবে এ সম্পর্কে কোন সন্দেহ নেই। সেচশিক্ষা স্বাস্থ্য সম্পর্কে যেকথা তিনি বলেছেন, তিনি তো বিশেষ কিছুই করেন নি। সর্বাপেক্ষা বেদনাদায়ক যে উদ্বাস্তু নিয়ে তাঁরা রাজনীতির ছিনিমিনি খেলেছেন এতদিন ধরে সেই উদ্বাস্তু সমস্যার কথা কেবল কাজের সম্পর্কে যাকে বলে পায়ার্স উইস তা ছাড়া আর কিছুই করেন নি। একটা পয়সাও তিনি এখানে দেখান নি তাদের জন্য ত্রাণকার্য সম্পর্কে যে কথা গতকাল নিশীথবাবু এখানে বক্তৃতা দিয়ে গেছেন আমি অত্যন্ত দুঃখের সঙ্গে লক্ষ্য করছি যে নিশীথবাবু বিধানসভায় অসত্য ভাষণ করেছেন। কারণ এখানে জ্যোতিবাবুর এই বাজেট বক্তৃতার মধ্যে রয়েছে যে, এই খাতে ৫ কোটি ৩৫ লক্ষ টাকার বেশি যা ব্যয় হবে তার ৫০ শতাংশ অনুদানরূপে এবং ২৫ শতাংশ ঋণস্বরূপ দিতে ভারত সরকার প্রতিশ্রুতি দিয়েছেন। আশা করি ভারত সরকার এই ব্যাপারে প্রতিশ্রুতি রক্ষা করবেন। কাল নিশীথবাবু বললেন যে, যে উত্তর আমি পেয়েছি তাতে আমি অত্যন্ত বেদনাহত হয়েছি। এই পাঁচ কোটি টাকার উপর যে টাকা খরচ হবে তার অধিকাংশ টাকা যদি দিতে কেন্দ্রীয় সরকার স্বীকৃত হয়ে থাকেন ত্রাণকার্যের জন্য তার পরে এইভাবে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে তিনি কি করে প্রচার করেন সেটা আমাদের সব থেকে আশ্চর্য লাগে। এর পরে তাঁরা বলেছেন কৃষিজীবীদের সমস্যা কৃষি উৎপাদন তাঁরা বাড়াবেন। কৃষি উৎপাদন বাড়াবেন কেমনভাবে তার নমুনা আমরা পেয়েছি। এখন তো কৃষক হাল-লাঙ্গল ফেলে খুরে সান দিচ্ছে, তীর-ধনুকে সান দিচ্ছে, বল্লম-টাঙ্গিতে সান দিচ্ছে যে কেমনভাবে দেশের চাষবে লণ্ডভণ্ড করে দিয়ে দেশের উৎপাদনকে কমানো যায় এই ব্যবস্থা করেছেন এবং এইভাবে কৃষি উৎপাদন তাঁরা বাড়াবেন এই কথা চিন্তা করতে আরম্ভ করেছেন। সর্বশেষে আমি

আসছি—খাদ্যনীতির কথা। যে খাদ্যনীতির কথা কালকে খাদ্যমন্ত্রী মহাশয় বলে গেছেন—আমার মনে পড়ছে সেই ইংরাজ কবি ড্রাইডেনের কথা, তিনি বলেছেন—গ্রেট জিনিয়াস টু ম্যাডনেস ইজ নেভার অ্যালাইড। আমাদের ডঃ ঘোষকে দেখে মনে হয় যে, তাঁর এই পাগলামি হয়েছে। খাদ্যনীতি পাগলামি ছাড়া আর কিছুই নয়, ভারতবর্ষে মহম্মদ তোগলকের কথা আমরা শুনেছিলাম যে, তিনি দিল্লী থেকে দেবাগিরিতে রাজধানী স্থানান্তরিত করে—আবার দেবাগিরি থেকে দিল্লীতে আনার জন্য নাকি তোগলকী ব্যবস্থা করা বলা হত। উনি পাঁচবার খাদ্যনীতি পরিবর্তন করেছেন এবং পরিবর্তন করে যে কুখ্যাত প্রফুল্ল সেনকে গালাগালি করেছেন তাঁরই সমস্ত নীতিকে তিনি একে একে গ্রহণ করেছেন। সর্বশেষে সেই কর্ডন নীতি গ্রহণ করা হয়েছে এবং বলেছেন খাদ্য সংগ্রহ করার জন্য যদি প্রয়োজন হয় তাহলে আমরা রিপ্রেসিভ মেজর নেব। একটা চলতি কথা আছে এঁড়ে গরু, না টেনে দো। যখন দেশে খাদ্য নেই—খাদ্য সব উজাড় হয়ে গেল—যখন সমস্ত কর্ডন চলে গেল তখন ও'রা বললেন রিপ্রেসিভ মেজার নিয়ে খাদ্য সংগ্রহ করা হবে এই হচ্ছে আমাদের খাদ্যমন্ত্রীর নীতি। তিনি কাল এখানে বললেন, আপনাদের তো মহাশয়, কানু ছাড়া গীত নেই, কর্ডন কর। আমি বলছি—আমাদের তো কানু ছাড়া গীত নেই, কিন্তু উনি যে বাউলের গান গেয়ে বেড়াচ্ছেন, তাতে তো কেউ বললেন না—আমায় পাগল করে দে মা......। আমার ড্রাইডেনের আর একটা কথা মনে পড়ছে—তিনি বাফুন কেমিস্ট স্টেটসম্যান প্রভৃতির কথা বলেছিলেন—আমরা কাল দেখেছি খাদ্যমন্ত্রী বাফুনের ভূমিকা গ্রহণ করেছেন। কেমিস্ট এবং স্টেটসম্যান তিনি ছিলেন—তিনি পশ্চিমবঙ্গের খাদ্যমন্ত্রীরূপে হিটলার এবং বাফুনের ভূমিকা গ্রহণ করেছেন। সেজন্য আমি এই যে অবাস্তব খাদ্যনীতি এবং এই প্রোপাগান্ডামূলক বাজেট এগুলির তীব্র বিরোধিতা করছি।

[5-25—5-35 p.m.]

**শ্রীকামাখ্যাচরণ ঘোষঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বাজেটকে খাদ্য উৎপাদন ও সমাজ-কল্যাণমূলক বাজেট হিসাবে আমি দেখছি এবং আমাদের মাননীয় অর্থমন্ত্রী এই যে বাজেট উপস্থিত করেছেন আমি তাঁকে সম্পূর্ণরূপে সমর্থন করছি। আমি আমাদের বিরোধীপক্ষের সদস্যদের কাছ থেকে শুনলাম যে, এই বাজেট হচ্ছে, রেপ্রেজেন্ট ইনডিসিসনএর কোন সিদ্ধান্ত নেই। কিন্তু আমি দেখছি এই বাজেটে যে সিদ্ধান্ত নেই বলেছেন সব সিদ্ধান্তই আছে। গতবার ও'রা করেছিলেন পুলিশ বাজেটে বরাদ্দ বাড়িয়েছেন, সে সিদ্ধান্ত আমাদের নেই—কিন্তু সিদ্ধান্ত আছে কৃষি খাতে ২ কোটি ৫৭ লক্ষ টাকা বাড়ানোর, সেচ খাতে ২ কোটি ২০ লক্ষ টাকা বাড়ানোর—সমাজকল্যাণ খাতে ৮৩ লক্ষ টাকা বাড়ানোর—পুলিশ খাতে ১ কোটি ৮৬ লক্ষ টাকা কমানোর, সরকারী কর্মচারী, বেসরকারী শিক্ষক ও অশিক্ষক কর্মচারী তাদের মাগ্‌গী ভাতা বাড়ানোর জন্য ৯ কোটি ৬২ লক্ষ টাকা ধার্য করার এবং এই সিদ্ধান্ত আছে যে, ঘাটতি মেটাবার জন্য নিম্ন আয়ের যেসমস্ত মানুষ অর্থাৎ মজুর কৃষক মধ্যবিত্ত তাদের উপর কোন ট্যাক্স না বাড়ানোর। কাজেই এই সিদ্ধান্তর উপরে ও'দের সমস্ত আক্রোশ—ও'রা যেখানে ইনডিসিশন দেখছেন সেখানে ডিসিশন ঠিকই আছে যে, আমরা কৃষক মজুর মধ্যবিত্তের উপর ঘাটতি মেটাবার জন্য কোন ট্যাক্স বাড়াবো না—আমরা ট্যাক্স বাড়াবো একচেটিয়া পুঁজি-পতি বড় বড় কারখানার মালিক, জোতদার, তাদের উপর। কাজেই সেই নীতি দেখতে পাবেন। ও'রা দেখছেন সমস্ত কিছু ডিসঅর্ডার। ও'দের অর্ডার ছিল কৃষকদের জমি থেকে উচ্ছেদ করা—আমরা অর্ডার দিয়েছি কৃষকদের জমি থেকে উচ্ছেদ করা যাবে না ও'দের অর্ডার ছিল ক্ষেতমজুরদের তাড়িয়ে দাও, তাদের উপর অত্যাচার কর—আমরা অর্ডার দিয়েছি ক্ষেত মজুর-দের ন্যায্য মজুরী দিতে হবে—তাদের ভূমি থেকে সরানো যাবে না। ও'দের অর্ডার ছিল ক্ষেতমজুরদের বাসভূমি থেকে উচ্ছেদ কর—তাড়িয়ে দাও—আমাদের অর্ডার হচ্ছে ক্ষেতমজুরদের বাসভূমিতে পুনঃপ্রতিষ্ঠিত কর। ও'দের অর্ডার ছিল কলকারখানায় মজুরদের ছাঁটাই কর—তাদের চাকরি দিও না, মজুরি দিও না, লে-অফ কর, আমাদের অর্ডার হচ্ছে তাদের ছাঁটাই করা চলবে না—তাদের কাজ দিতে হবে, মজুরি দিতে হবে। ও'দের অর্ডার ছিল সরকারী কর্মচারীদের মাগ্‌গী ভাতা না বাড়িয়ে একচেটিয়া পুঁজিপতিদের সুযোগ করে দেওয়া যাতে বেশি লাভ করতে পারে, বেশি মুনাফা করতে পারে—আমাদের অর্ডার হচ্ছে একচেটিয়া পুঁজিপতিদের মুনাফা কমিয়ে দেবার এবং তারা যাতে অন্যায় না করতে পারে

তার বিধান করা। ও'দের অর্ডার ছিল মালিকদের ডাকে পুলিস যাবে এবং গিয়ে কারখানার মজুরের উপর অত্যাচার করবে—আমাদের অর্ডার হচ্ছে মালিকের ডাকে পুলিশ যাবে না এবং গিয়ে সেখানে অত্যাচার করবে না। মালিক এবং শ্রমিকের বিরোধ মালিক এবং শ্রমিক বুঝে নেবে এবং যে লেবার আইন আছে সেই আইন অনুযায়ী কাজ হবে। কাজেই ও'রা সবেতেই ডিস-অর্ডার দেখতে পাচ্ছেন। আমার এখানে আরও বক্তব্য হচ্ছে এই যে, ও'রা কৃষিখাতে কি অবস্থার সৃষ্টি করেছেন এই ২০ বছরে। আমরা দেখছি এক একটা গ্রামে যে সমাজ-ব্যবস্থা তাঁরা তৈরি করেছিলেন এই ২০ বছরে সেখানে একজন কৃষক যার দশ বিঘা জমি আছে সে হয়ত ধার চায় ১,০০০ টাকা—কিন্তু ধারের কোন ব্যবস্থা নেই। ফলে তার জমি সাফকবলা করল এবং তার জমি বিক্রি হয়ে গেল। তার ফলে দেখা গেল সে যে এক হাজার টাকা ধার নিল প্রতি ১০০ টাকার জন্য বছরের শেষে তাকে দু মণ করে ধান সুদ দিতে হবে। একজন দেড় বিঘা জমির চাষী তাকে যদি ২০ মণ সুদ দিতে হয় তাহলে অন্যান্য খরচ প্রভৃতি ধরে দেখা যাবে যে, সেই দশ বিঘা জমির মালিক শূন্য হাতে ফিরে আসবে ভূমিহীন কৃষক হয়ে। এমনইভাবে দেখা গেছে গ্রামের পর গ্রাম কৃষকরা ধার না পেয়ে তাদের সাফকবলা দিতে হয়েছে যার ফলে তারা ভূমিহীন কৃষকে পরিণত হয়েছে—সে সম্বন্ধে আমরা একটা ব্যবস্থা করব। আমরা দেখেছি নদীধারে যেসমস্ত জমি আছে সেই জমিতে দু-তিন বছর শুকো গেছে তারা কোন ধান পায় নি, ফসল পায় নি। এই সরকারের শিক্ষাখাতে, সেচখাতে যে ব্যয় সেটা খরচ করবেন। জমিতে যাতে জল পাওয়া যায় তার জন্য লিফ্‌ট ইরিগেশন, রিভার পাম্প ব্যবহার করে নদীর পার্শ্ববর্তী গ্রামের জলসেচের ব্যবস্থা করব। ইতিমধ্যে আমরা জানি যে মেদিনীপুর জেলায় সদর থানা কোতলপুর ৮নং অঞ্চলে—এবং অন্যান্য অঞ্চলে—নদীর পাশে যে গ্রাম সেগুলি দেখা। সুতরাং দেখা যাচ্ছে যেখানে জল পায় না। সেজন্য রিভার পাম্প বসান, এর ফলে জনসাধারণের মুখে হাসি ফুটে উঠেছে। আমাদের গ্রামে ঘরে ঘরে চাষের অভাব, এতে চাষ হবে। এতে আমাদের গম তৈরি করা যাবে এবং অন্যান্য রবি ফসলের যে অভাব সে অভাব পূরণ হবে। তা বাজারে আসবে এবং তাতে কৃষকরা সারা বছর কাজ পাবে। কাজেই আমাদের সরকার জনসাধারণের কল্যাণের জন্য যে কল্যাণকর কাজ নিয়েছেন আমি তাকে সমর্থন করছি। এখানে অনেক কথা বলা হয়েছে, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বক্তব্য রেখেছেন তা থেকে আমরা বুঝতে পারি। তিনি আমাদের কেন্দ্রীয় ফুড পলিসি সম্বন্ধে বলেছেন, তিনি বলেছেন

"I would like to state here that in my view the Government of India have not yet attempted to evolve a national food policy based on the accepted principle that hardship and sacrifice should be shared equally by all in this country."

এই যে বক্তব্য, এই বক্তব্য সম্বন্ধে ও'দের কিছু বলবার নেই। আমরা যে দাবি করেছি সেটা ন্যায্য দাবি। কেন্দ্রের যে খাদ্যনীতি, যে অর্থনীতি এবং যে শিল্পনীতি এই সমস্ত নীতির ফলে আজকে ভারতবর্ষের সমস্ত রাষ্ট্রে সংকট দেখা দিয়েছে। আমার পূর্ববর্তী বক্তা বলে গেছেন যে, আমাদের এক সাম্রাজ্যবাদী শাসনব্যবস্থা একচেটিয়া পুঁজিপতি সংকটের আবর্তের মধ্য দিয়ে চলছে। চিনির দাম, তেলের দাম শুধু এই রাজ্যে নয়, সারা ভারতবর্ষ জুড়েই বেড়েছে। সুতরাং দাম যা তা সারা ভারতবর্ষ জুড়েই বেড়েছে—এইভাবে নিত্য-প্রয়োজনীয় দ্রব্যের বৃদ্ধি সারা ভারতবর্ষেই হয়েছে। এই যে একচেটিয়া পুঁজি-পতি নীতি তার জন্যই আজকে এই সমস্ত হয়েছে, গ্রামের ভাষায় বলতে গেলে বলতে হয়—একটা বটগাছের তলায় যদি ছোট ছোট গাছ থাকে তাহলে সেগুলি শুকিয়ে যায়। আজকে আমরা দেখছি যে, বিড়লাকে ৩৭৪টা লাইসেন্স দেওয়া হয়েছে। লাইসেন্স যদি এইভাবে একসঙ্গে পায় তা হলে অন্যান্য ছোট সংস্থাগুলি বিনষ্ট হয়ে যাবে। তেমনিভাবে আমাদের এই বাংলাদেশ এবং ভারতবর্ষ আজ বিনষ্ট হয়ে যাচ্ছে। কাজেই সরকারের যে একচেটিয়া পুঁজিপতি নীতি—এই পুঁজিপতি নীতি যেটা কেন্দ্রীয় সরকার চালাচ্ছেন তার ফলে আজকে জাতীয় সংহতি বিঘ্নিত হতে চলেছে। আমি ওয়ার্নিং দিচ্ছি এই বলে যে, কেন্দ্রীয় সরকার তার নীতির পরিবর্তন করুন, খাদ্য নিয়ে যেন রাজনীতি না করেন এবং আমাদের এখানে বিরোধী দল যাতে এইভাবে না চলেন তার চেষ্টা করুন এতে

**জাতীয় সংহতি নষ্ট হয়ে যাবে। সেজন্য আমি আবেদন করব আজকে জাতীয় ঐক্য রক্ষা করবার জন্য আমাদের যে খাদ্যনীতি তার মধ্যে রাজনীতি আনবেন না। আমরা দেশকে গঠন করবার আহ্বান জানাচ্ছি এই বলেই আমি আমার বক্তব্য শেষ করলাম।**

[5-35—5-45 p.m.]

**শ্রীমাখনলাল দাস:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মন্ত্রিমহাশয় যে বাজেট পেশ করেছেন সেই সম্বন্ধে বলতে গিয়ে আমি দু-একটা কথা বলছি, আমাদের সামনে যে ডেফিসিট বাজেট এসেছে সেটা হবার কারণ কি? বাংলাদেশ একটা খুব সমস্যাসংকুল দেশ অথচ আজকে এখানে যে বাজেট আনা হয়েছে এই বাজেট আনবার কি দরকার তা জানি না, সারপ্লাস বাজেটের কথা নয়, ব্যালেন্সড বাজেটএর কথা নয়, আজকে ডেফিসিট বাজেট এসেছে। ৩৬ কোটি টাকা কম আনা মানে—আমার মনে হয় তিনি এটা উদ্দেশ্যমূলকভাবেই করেছেন। ইংরাজীতে একটা কথা আছে মেইল্ড ফিস্ট আন্ডার ভেলভেট গ্লোভ- এই কথাটা জ্যোতিবাবু বোধহয় প্রয়োগ করেছেন। আজকে তিনি সেন্ট্রাল গভর্নমেন্টএর দিকে দেখিয়েছেন। তিনি অংগুলিহেলন করে দেখিয়েছেন যে, এই টাকাও ওদের কাছ থেকে নিতে হবে। তাঁর বাজেট বক্তৃতায় এক জায়গায় দেখিয়েছেন যে, ঐ টাকা ওদের কাছ থেকে নিতে হবে। সেন্ট্রাল গভর্নমেন্টএর কাছ থেকে নেবার জন্য ব্যবস্থা করতে হবে, কিন্তু সে টাকা তিনি কিসে ব্যয় করবেন তা তাঁর মনে কোন চিন্তা নেই। ৩৬ কোটি টাকার ডেফিসিট বাজেট দিচ্ছেন অথচ কোন্‌দিক থেকে টাকা আসবে তার হিসাব তিনি দিচ্ছেন না। ট্যাক্স তিনি বাড়াবেন বলেছেন কিন্তু কিভাবে বাড়াবেন তা বলেন নি। ট্যাক্স বাড়াবার মানে হয় না, তিনি ধুয়া তুলবেন সেন্ট্রাল গভর্নমেন্ট টাকা দিচ্ছেন না বলে সেজন্যই আমরা টাকা দিতে পাচ্ছি না। এই অবস্থা শেষ পর্যন্ত হবে তিনি বলেছেন। তিনি বলেছেন আমি ডেপুটি প্রাইম মিনিস্টারের কাছে গিয়েছিলাম তাঁকে টাকার কথা বললে তিনি ভেবে দেখবেন এই কথা নাকি তাঁকে বলেছেন। তাঁর এই কথা শুনে মনে হচ্ছে যে, তিনি সেন্ট্রাল গভর্নমেণ্ট-এর উপর সমস্ত দোষ চাপিয়ে কর্তব্যের অবহেলা করছেন। আর একটা কথা ও'রা সব সময় বলেছেন যে, আমরা কংগ্রেস গভর্নমেন্টের চেয়েও দেশকে আরও উন্নতির দিকে নিয়ে যাচ্ছি। কিন্তু সেটা কি করে হবে? আজকে মুদ্রাস্ফীতি আছে, দ্রব্যমূল্য আরও বৃদ্ধি পাবে, কাজেই সংকট আরও ঘনিয়ে উঠবে। খাদ্য, হেল্‌থ এবং ইরিগেশনের দিকে আরও খরচ করবেন—সেও পায়াস প্ল্যাটিচ্যুড একটা কথার কথা মাত্র। তা না হলে তাঁরা কি করে চীপ পপুলারিটি পাবেন। তাঁরা এইভাবে বাংলাদেশকে সংকটের দিকে নিয়ে যাচ্ছেন, তাঁরা এইভাবে বাংলাদেশকে আঘাত করছেন। এটা তাঁর পালোয়ানী মনোভাব। আর একজন মন্ত্রী বিশ্বনাথবাবু বলেছেন বাংলাদেশের লোককে অর্ধভুক্ত রেখে আমরা দেশে আগুন জ্বালাব। সেজন্য তারা খাদ্য সংগ্রহ করেন নি। কংগ্রেস যখন চলে গিয়েছিল তাঁরা তখন যেসমস্ত খাদ্য সংগ্রহের ব্যবস্থা করে গিয়েছিলেন, লেভী অর্ডার করেছিলেন, তাঁরা যে হাজার হাজার টন খাদ্য রেখে গেছলেন তাঁরা সেই সমস্ত নিয়ে খাদ্য সংগ্রহ করেন নি। আজ তাঁরা দেশকে দুর্ভিক্ষের মধ্যে ফেলে দিয়েছেন। এর কারণ এই যে, তাঁরা দেশে রেভেলিউশন আনবেন। খাদ্যের দিকে কম, অর্থের দিকে কম, ছাত্রদের শিক্ষায় বাধা দেওয়া এর দ্বারা সমস্ত দেশকে তারা রেভোলিউশনের দিকে নিয়ে যাচ্ছেন। আজকে আমি বলছি যে, তাঁরা দেশকে দারিদ্র্যের দিকে নিয়ে যাচ্ছেন, আজকে তাঁরা বৈদেশিক আক্রমণের পথ প্রশস্ত করে দিচ্ছেন। নকশালবাড়ীতে ভূমিবন্টন নীতি গ্রহণ করেছেন। নকশালবাড়ী এমনই একটা জায়গা যা চীন, পাকিস্তান এবং ভূটানের নিকটবর্তী। চীনা রেডিও থেকে নকশালবাড়ীর ঘটনাকে উৎসাহিত করা হচ্ছে। তাঁরা মাও সে-তুং-এর নীতি গ্রহণ করেছেন। এর উদ্দেশ্য হচ্ছে, বাংলাদেশকে একটা রক্তাক্ত বিপ্লবের দিকে নিয়ে যাচ্ছেন। ভারতবর্ষ যখন চীন এবং পাকিস্তানের দ্বারে তখন আমাদের অর্থনীতি বুনিয়াদ গঠন করতে হবে, যখন দেশকে শক্তিশালী করতে হবে তখন আমাদের এই আর্থিক সংকটের মধ্যে, শিক্ষা সংকটের মধ্যে এবং ভূমি বণ্টন নীতি সমস্ত জিনিস বানচাল করে বাংলাদেশের সাধারণ মানুষকে রক্তাক্ত বিপ্লবের দিকে নিয়ে যাওয়া দেশের শান্তি-শৃংখলা বিঘ্ন করে শত্রুর পথ করে দেওয়ার চেষ্টা করা হচ্ছে। আমি বলব বাংলাদেশে জনসাধারণের শুভবুদ্ধির সময় এসেছে। আমাদের আউট-লুক পালটাতে হবে। আমি জানি না তাদের কি মতলব আছে। এইভাবে তাঁরা

নিজেদের স্বার্থসিদ্ধির জন্য দেশকে বিপদের মুখে ঠেলিয়ে দেবার এই নীতি গ্রহণ করেছেন। এইভাবে বাংলাদেশ এবং ভারতবর্ষকে আক্রমণ করছেন। আমি বলব আজকে যাঁরা বাম কম্যুনিস্ট পার্টির তাঁদের সম্বন্ধে খবরের কাগজে একটা খবর বেরিয়েছে। বলা হয়েছে কানু সান্যাল এবং আরও লোককে ৫ তারিখে গ্রেপ্তার করা হবে। তাঁরা আগে ২৩ তারিখ ফিক্সড করেছিলেন, পরে আবার পিছিয়ে নিয়েছেন। আর সেই কানু সান্যাল কি বলেছে সেটা আজকের অমৃতবাজার পত্রিকায় বেরিয়েছে। সেটা হচ্ছে এই—

"The rally was attended by all the important leaders of the extremist wing . . . Mr. Sanyal's five points, which were received with loud applause by the entire gathering, are: (i) no surrender to the Police or the Court of Law

তারা যে বলেছিল পুলিশের কাছ সারেন্ডার করবে, কিন্তু কি বলেছে সেটা একবার দেখুন। তারা বলছে--

. . . no surrender to the Police or the Court of law, (ii) police operations for arrest of wanted people to be resisted by force, (iii) all-out bid for collection of fire arms and directing private individuals for surrender of their guns for party use, (iv) raising of contributions and paddy levy from jotedars, stockists and big merchants leaving our small and medium jotedars, and (v) ceaseless raid on police camps and petrol parties to prevent 'represession' on the people".

এই কথা তারা বলছে। তারপরে তারা আরও কি করতে চায় দেখুন

"It was he said, not on ordinary agitation. It was a full-fledged liberation movement" (noise).

এই কথা তারা বলছে। আজকে ভারতবর্ষকে কমিউনিস্ট পার্টি রক্তাক্ত বিপ্লবের দিকে নিয়ে যাচ্ছে। সেইজন্য আমি এই বাজেটের প্রতিবাদ করছি।

**শ্রীঅজিতকুমার বিশ্বাসঃ** মাননীয় স্পীকার মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের অর্থমন্ত্রী শ্রীজ্যোতি বসু যে বাজেট আমাদের সামনে উপস্থিত করেছেন আমি সেই বাজেটকে সম্পূর্ণভাবে সমর্থন করছি। এমন একটি পরিস্থিতির মধ্যে এই বাজেট পেশ করতে হচ্ছে যেখানে নকশালবাড়ীর ঘটনা রয়েছে, ঘেরাও রয়েছে, সাম্প্রদায়িক দাঙ্গা-হাঙ্গামা রয়েছে, খাদ্যাভাব রয়েছে, মূল্যবৃদ্ধি ইত্যাদি আরও কত কি রয়েছে। এই বাজেটকে আমরা বলতে পারব না যে, এটা একটা সারপ্লাস বাজেট বা ক্যাপিটালিস্ট বাজেটও বলতে পারব না। কিন্তু এটাকে আমরা একটা ডেমোক্রেটিক বাজেট আখ্যা দিতে পারি। এই বাজেটের নূতনত্ব দিক হচ্ছে জনকল্যাণকর কাজের জন্য ব্যয় বৃদ্ধি এবং প্রশাসনিক খাতে টাকার ব্যয় হ্রাস। রাজ্যসরকারের বরাদ্দের মধ্যে এই দুটো প্রশ্নই যে আজকে খুব গুরুত্বপূর্ণ আকার ধারণ করেছে তা আমরা কেউ অস্বীকার করব না এবং এটা যদি না হত তাহলে এই বাজেটের যে গুরুত্ব সেই গুরুত্ব থাকত না। এ ছাড়া এই বাজেটের মধ্যে উন্নয়ন করবার যে প্রশ্নগুলি রয়েছে সেটা হচ্ছে খাদ্যোৎপাদন, স্বাস্থ্য, শিক্ষা, বিদ্যুৎশক্তি, গৃহনির্মাণ ইত্যাদি বাবদ আগেকার চেয়ে ৯ কোটি ৫৮ লক্ষ টাকা অতিরিক্ত বরাদ্দ ধরা হয়েছে এবং পুলিস ও ডিফেন্সের ব্যাপারে ১ কোটি ৮৬ লক্ষ টাকা হ্রাস করা হচ্ছে। এতে এটাই প্রমাণিত হয় যে, পুলিশী ব্যবস্থার জন্য সাধারণ মানুষের অর্থ যে বেশি ব্যয় করা হত সেটাকে কমিয়ে দেশে যেসমস্ত জিনিসের অত্যন্ত প্রয়োজন যেমন খাদ্য বা অন্ন প্রভৃতি দিকে আমরা যে জোর দিয়েছি এটাই হচ্ছে আজকে খুব কল্যাণীয় বিষয়। এ ছাড়া আজকে যেটা সব থেকে বড় প্রশ্ন এসেছে সেটা হচ্ছে ডেফিসিট বাজেট। এখন এই ডেফিসিট বাজেট বা ডেফিসিট ফাইনান্স সম্পর্কে অনেকে অনেক উক্তি করেছেন। কিন্তু আমি এখানে একটি প্রশ্ন রাখতে চাই। সেটা হচ্ছে এই যে, দেশের উন্নয়নমূলক কাজ যদি কিছু করতে হয় তাহলে সেখানে সারপ্লাস বাজেটে হয় না, ডেফিসিট বাজেটেই হয় এটা প্রত্যেকের জানা উচিত।

[5-45—5-55 p.m.]

সেদিক থেকে আমাদের সরকারপক্ষ থেকে মাননীয় অর্থমন্ত্রী যেভাবে বাজেট রচনা করে আপনাদের সামনে উপস্থিত করেছেন তাতে এই ডেফিসিট বাজেট কথাটা যে

স্থানলাভ করেছে তাতে এই লক্ষ্য, এই ইসারা দেখায় যে, আমরা দেশের উন্নতিমূলক কাজ করবার জন্য অগ্রণী হয়েছি এবং এ ছাড়া আজকে আমরা দেখেছি এই টাকার প্রশ্নে অনেকে অনেক কথা বলেছেন। কিন্তু আমরা জানি যে, আমরা পশ্চিমবঙ্গ থেকে ২২ কোটি টাকা এবং কংগ্রেস সরকার যে ঋণ করে গিয়েছিলেন সেই ঋণ বাবদ যে আমাদের সুদ দিতে হয় তাতে ১৩ কোটি টাকা, এই মূল ৩৫ কোটি টাকা কেন্দ্রকে যদি না দিতে হত তাহলে আমাদের বাজেট সারপ্লাস বাজেট হত। সেই প্রশ্নে আমি আজকে বলতে চাই যে, যাঁরা আজকে মড়াকান্না কেঁদে এই কথা বলছেন যে, ডেফিসিট বাজেট ধরা হয়েছে, তাতে দেশের মানুষকে আরও ট্যাক্সেশন করা হবে, আমি সেখানে বলব যে তাঁদের যদি সুবুদ্ধি থাকত তাঁরা যদি ষড়যন্ত্রমূলক কোন কাজ না করতে চান তাহলে তাঁরা কেন্দ্রের জন্য যে বরাদ্দ হয়েছে সেটা আজকে ঠিক সুপারিশ করে বলতেন যে, এটা দেবার দরকার নেই। তাহলে আমাদের কোন ট্যাক্সেশন বা অন্য কোন প্রশ্ন তোলার দরকার হত না এবং সারপ্লাস বাজেট আমরা করতে পারতাম। কিন্তু সেটার উপর তাঁরা কোন গুরুত্ব দেন নি, না দিয়ে অন্য প্রশ্ন তুলেছেন। সেই প্রশ্ন হচ্ছে কি—এই সরকারকে টিকিয়ে রাখার প্রশ্ন—তাঁরা বলছেন এই সরকার আর টিকবে না, গেল গেল সব গেল। আজকে কেন্দ্র সেখান থেকে চাপ দিচ্ছে আর একদিকে এখানকার বিরোধীদল, এই দুই শক্তির সাঁড়াশী আক্রমণ, এই আক্রমণ থেকে এই সরকারকে বাঁচতে গেলে এই সরকার যেভাবে নীতি নির্ধারণ করেছেন, এটা উপযুক্ত এবং যথাযথ করেছেন এবং নীতির মাধ্যমে এই সরকার টিকে থাকতে পারবে। কাজেই আজকে আমরা জানি আজকে এই সরকারকে যদি দেশের কোন কিছু কাজ করতে হয় তাহলে বিরোধীপক্ষ থেকে যে আক্রমণ আসুক না কেন, এবং যেভাবেই আমাদের বিরুদ্ধে ষড়যন্ত্র করুন না কেন—আমরা জানি এই ষড়যন্ত্রের পেছনে আমাদের দেশের ধনিক পার্টি বা শোষক আছে। তাঁদের স্বার্থকে কার্যকর করবার জন্য আজকে আমাদের উপর নানারকমভাবে আক্রমণ করছে এবং নানারকম-ভাবে আমাদের শক্তিকে দুর্বল করবার চেষ্টা করছে। পুলিস খাতে যে বাজেট এটা আমরা কমাবার জন্য চেষ্টা করেছি এবং ডিফেন্সএর জন্য কম করেছি সে সম্পর্কে ও'রা বলছেন যে আমরা গণকমিটি বা চীনাদের হাতে আমরা ডিফেন্সএর শক্তি তুলে দিয়েছি। কিন্তু আমি প্রশ্ন করি যখন চীনাদের বিরুদ্ধে লড়তে গিয়ে দেশের স্বাধীনতা বিসর্জন দিয়ে নেফা থেকে পিছু হটতে হয়েছিল তখন কি জাতীয় শক্তি ও মর্যাদাকে এ'রা ক্ষুন্ন করেন নি। তাই আমি বলব যে বাজেট অর্থমন্ত্রী মহাশয় পেশ করেছেন সেটা উপযুক্ত বাজেট, আমাদের দেশের অর্থনীতিকে নির্মল করবার জন্য এবং দেশের মানুষের অর্থনৈতিক উন্নতিকে সুদৃঢ় করবার জন্য করা হয়েছে। এই বলে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Syed Kazim Ali Meerza:** Mr. Speaker, Sir, the budget as presented is not only a deficit budget but what I feel is that the budget is heading towards bankruptcy. The Hon'ble Finance Minister seems to be too much dependent and relies too much on the resources, not on the resources of the State but on the Centre. So it is more or less a dependent budget. There is no independent view. Even if this deficit is to be made up, it depends on negotiations or sanctions from the Centre. The position becomes rather uncertain. If the Centre grants you permission then you can proceed with your budgetary expenses: if not, what would be the position? It would be chaos. I, therefore, would suggest that instead of being too much dependent on the Centre, they should depend on the resources of the State. The United Front Ministry have always shown independent principles; they have blamed Congress for too much reliance and dependence on the Centre, but why are you following that policy?

[5-55—6-5 p.m.]

Why are you not showing your independence, your courage to run the State, to build the State as a welfare State? There you lag behind in policy. The sources to be taxed are dependent on the Centre. Well, if you had any proper scheme, could you not go to the people and raise loans as it was done in the past? So far as increase of prices is concerned, it is said, it is entirely the responsibility of the Centre. What about the food commodities and other commodities? They are entirely within

the control of the State. How are you going to bring down the prices in respect of these things? It is going up by leaps and bounds. The food position is awful and terrible. I do not know where it will land us. There are starvation deaths. And for this you blame the former Government and their mismanagement. But even then we have seen how things were done in those days. Dr. Ghani, I wish the honourable member did not refer to those days, those communal riots. We detest them. They were bad. But he referred to them. There was influx of refugees. There was food problem. Even then, the Congress Government handled the situation and handled it well. The Congress Government did not allow a single soul to die of starvation. The position is not the same today. Sir, Dr. Ghani has referred to communal riots. Everybody condemns communal riots. Those riots were controlled by the Government in those strenuous circumstances. They were repercussions of what had happened on the other side of the border. But today, may I ask Dr. Ghani, what had happened in his own constituency, Entally? Mr. Shish Mahammad has said, nothing has happened. But the position of Murshidabad district is precarious. I can go on pointing out happenings that are taking place there. The first communal riot that was started, was started in my constituency. We from Congress went there and quelled it, brought peace and amity amongst the people. But not being satisfied with that the supporters of the opposite side compelled some of the Muslims to file cases against the police. Why? To create communal feeling and a feeling of distrust between the minority community and the police. What is going on in the districts? You see Naxulbari. Where is the law and order? It has come to an end in the districts. In Murshidabad, not being satisfied with Raninagar and what they did in Chowk Islampur, in the Jiagunge thana, houses of the minority community were gutted, women and other people were thrown into fire. They were burnt alive. Are they repercussions of the incidents on the other side of the border? They are not. These are the happenings that are going on since the United Front Government came to power. Not being satisfied with that, they brutally attacked an honourable member of this side belonging to the minority community, in the broad day light, nearabout the Judge's Court, in the district headquarters, and he was about to be murdered with knife, rods and other things. This had happened in the broad day light nearabout the Judge's Court. Do you call it peace and amity? What is going on? These are facts. I will appeal to the Hon'ble Minister that law and order may please be brought into being. We want peace, we are lovers of peace. We want peace, amity and discipline. . . . (Noise and Interruptions). . . I appeal to the Treasury Bench, to the Hon'ble Minister to please come forward and bring peace and amity. Your Police have come functionless. We do not praise the Police but for maintaining law and order Police action is necessary when it requires. If Police become inactive, if they are made inactive, then what is going to happen in the country? There will be chaos. We have enemies at our border . . . (noise and interruptions) . . .

(At this stage the red light was lit)

**Mr. Speaker:** Your time is up.

**Shri Syed Kazim Ali Meerza:** Sir, I want two minutes' time. As my time is over, I would like to make just one suggestion. From Lalbag we made a representation to the then Chief Minister, Shri P. C. Sen, that establishment of colleges is necessary there, and we had offered Nawab Bahadur's Institution within the Murshidabad municipality where the school stands. It was a gift of my ancestors. Lands are there, buildings are there to accommodate a college and the people of the subdivision had requested the then Chief Minister, Shri P. C. Sen, that a college should be started there. As you know, there is rush for admission. People coming from moffasil areas find it very difficult to seek admission. As many colleges

as are necessary should be established there. The then Chief Minister had given an assurance to the deputationists, to the young students, that a college would be started there from the next session—that means from the July session. I would, therefore, request the Hon'ble Education Minister to please let us know whether the assurance given by the outgoing Chief Minister, Shri P. C. Sen, is being carried on or is being given effect to. If not, I would request him to take up this matter and start a college there at the Nawab Bahadur's Institution, Lalbag, Murshidabad.

Thank you.

**শ্রীকালীপদ ভৌমিক:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ দুইদিন যাবত বাজেট আলোচনা আরম্ভ হয়েছে, সরকারপক্ষীয় মাননীয় সদস্যবৃন্দ এই বাজেটকে জনকল্যাণমূলক, [illegible], প্রতিটি স্তরের লোকের জীবনে স্পন্দনের সুর আনা বাজেট ইত্যাদি নানাবিধ ভাষায় নানা বিশেষণে বিশেষিত করেছেন। কয়েক মাস পূর্বে এখানে খাদ্যনীতি নিয়ে সমালোচনা হয়েছে, আমার বেশ মনে আছে সরকারপক্ষের মাননীয় সদস্যবৃন্দ সেই খাদ্যনীতিকে বৈজ্ঞানিক নীতি, বৈপ্লবিক নীতি নানা বিশেষণে বিশেষিত করে এখানে বড় বড় গলায় বক্তৃতা দিয়েছেন। আজ কয়েক মাস পরে সরকারপক্ষের মাননীয় সদস্যবৃন্দের মুখ থেকে শোনা যাচ্ছে যে, এই নীতি ভুল নীতি হয়েছে। সুতরাং আজকে যেসমস্ত বিশেষণে বিশেষিত বাজেটের কথা শোনা যাচ্ছে এই শুনে আমার একটা গল্প মনে পড়ে গেল। ছোটবেলায় দেখেছি বুড়োরা হুঁকোয় তামাক খেত। হুঁকোতে খোল, নলছে আর কলকে থাকত। বুড়োরা তামাক খেতে খেতে ছোট-দের বলত এই বাবা, শোন, এর মধ্যে আছে কি জানিস? এই যে খোলটা দেখছিল এই খোলটা হচ্ছে ব্রহ্মার কমণ্ডুল, এই যে নলচে দেখছিস এই নলচে হচ্ছে শ্রীকৃষ্ণের বাশরী আর মাথায় এই যে কলকে দেখছিস এটা হচ্ছে মহাদেবের কলকে, সুতরাং এটা যদি খাস তাহলে ব্রহ্মা, বিষ্ণু, শিবকে একসঙ্গে পাবি। তেমনি আমাদের এই যে বাজেট যেটাকে সরকারপক্ষের সদস্যরা বলেছেন যে, এটা একটা যুগান্তকারী বাজেট, এই বাজেটের ফলাফল কি হবে—খাদ্যনীতির ফলাফল বাংলার জনগণ দেখেছে, এই বাজেটের ফলাফল এবারে জনগণ বুঝতে পারবে। বাংলার এই বুভুক্ষু জনগণ যখন ক্ষেপে উঠবে তখনই বুঝতে পারবেন যুগান্তকারী বাজেট কত। আজকে বৈপ্লবিক খাদ্যনীতির কি ফল হয়েছে সেটা দেখতে পাচ্ছেন, মানুষ আজ খেতে না পেয়ে শুকিয়ে মারা যাচ্ছে। আমি বনগ্রাম সীমান্তের লোক, এই বনগ্রাম সীমান্ত ঘাটতি অঞ্চল। আমি জানি উদ্বৃত্ত অঞ্চল থেকে সেখানে খাদ্য পৌঁছানোর সৌভাগ্য হচ্ছে না, যারা খাদ্য নিয়ে যাচ্ছে তাদের মারধোর করে লুঠ করা হচ্ছে। আজ সেই ঘাটতি অঞ্চলের লোকের খাদ্যের অভাবে মুমূর্ষু অবস্থা। সুতরাং মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে বিশেষ করে বাস্তুহারা অধ্যুষিত অঞ্চলের, পশ্চিমবঙ্গের পূর্ব সীমান্ত অঞ্চলের জনগণের দুঃখের কথা, বাংলার জনগণের অন্নকষ্টের কাহিনী খাদ্যমন্ত্রীর কাছে জ্ঞাপন করছি এবং অবিলম্বে সেখানে যাতে অন্তত সাড়ে সতের শত গ্রাম করে খাদ্য দেওয়া যায় তার ব্যবস্থা করাব জন্য আমি আবেদন জানাচ্ছি।

পরিশেষে মাননীয় স্পীকার মহাশয় যে নিরপেক্ষভাবে এই সভার কার্য পরিচালনা করছেন তার জন্য আমি তাঁকে ধন্যবাদ দিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Siddhartha Shankar Ray:** Sir, I rise on a point of personal explanation. I am told, when I was absent from the House, Shri Hara Prasad Chatterjee or somebody from that side said that the levy cases were withdrawn under the instruction of the Congress Government and not of the new Government. Sir, levy cases were withdrawn from the 7th March, 1967. If they said that, that was false statement. I have got papers with me to substantiate this. The very member said that some goonda came with my card the other day, but that was found to be incorrect. I expect justice from you.

**Mr. Speaker:** I do not know, I sent him to Police.

**Shri Siddhartha Shankar Ray:** The report was sent to you by the Secretary. The report says that the man has no card.

**Mr. Speaker:** The man has no card, I do not know.

[6-5—6-15 p.m.]

**শ্রীসর্বেশ্বর দশ:** মাননীয় স্পীকার মহোদয়, আজকে এই বাজেট আলোচনায় আমি অনেক কিছু শুনলাম, আমি নূতন সদস্য, প্রথম থেকে এসে যেসব আলোচনা আমরা শুনেছি তাতে আমাদের ধারণা যেন সমস্ত উল্টে যাচ্ছে। যাদের কথা আজকে প্রত্যেকে চিন্তা করছেন এবং তাদের দোহাই দিয়ে অনেকেই অনেক কথা বলছেন। আমিও তাদের প্রকৃত তথ্য আপনার মাধ্যমে কিছু জানিয়ে দিতে চাই। গ্রামে যেসব চাষী, যারা হাতে নাতে চাষ করে, তাদের কথা কি চিন্তা করছেন—সে সম্বন্ধে অনেকেই অনেক রকম বলেছেন। আজকে যেসব চাষী লাঙ্গল ধরে চাষ করে তারা যখন তাদের খোরাকীর ধান মালিকের বাড়ি থেকে নিয়ে যাচ্ছে, তখন তাদের সেই সব ধান রাস্তায় নিয়ে যাওয়ার সময় লুঠ হচ্ছে। যেসব লোক নিয়ে গণ-কমিটি তৈরি হয়েছে এবং সেই গণকমিটির মাধ্যমেই সেইসব ধান লুঠ করে নিচ্ছে। তারপরে আপনারা এই যে ফলন বাড়াবার কথা বলছেন, সেই ফলন কি করে বাড়বে সেটা কি চিন্তা করেছেন? আপনারা কি চিন্তা করেছেন ফলন বাড়াতে গেলে কি কি প্রয়োজন? যে চাষ করবে, তার রীতিমত খোরাকী দিতে হবে তবেই ফলন বাড়বে। কিন্তু সেখানে দেখা যাচ্ছে সেই চাষীর ঘরে তিন মাসের বেশি খোরাকী থাকে না, ফলে তারা বাকি নয় মাস আধা পেটে কোনরকমে বেঁচে থাকে। তারা যখন চাষের সময় খোরাকীর জন্য যার জমি চাষ করে তার ঘর থেকে ধান নিয়ে যায় তখন তাদের সেই ধান গণকমিটি পুলিশসকে ধরিয়ে দেয়। আমি জানি বীরভূম জেলার বোলপুরে ছ'জন চাষী যখন তাদের খোরাকীর ধান নিয়ে যাচ্ছিল তখন সেই ধান নিয়ে যাওয়ার সঙ্গে সঙ্গে গণকমিটি পুলিসকে তা ধরিয়ে দেয়, তারা এখন হাজতে আছে। তাদের যদি এক্ষণি ছেড়ে না দেওয়া হয় তাহলে তারা যাদের জমি নিয়েছে সেই জমিতে চাষ হবে না, পড়ে থাকবে। আজ পর্যন্ত তারা জামিন পায় নি। এদিকে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আর একটা কথা এই যে গ্রামবাসী, যারা মুনিষ খাটে তারা তিন টাকা থেকে চার টাকা বর্ষার সময় মাত্র দু মাস মাইনে পায়। কিন্তু বাকি কয়েক মাস যখন তাদেরকে নামমাত্র মজুরীতে মজুর খাটতে হয় তখন বর্তমান বাজার দু টাকা কেজি চাল তা কোথা থেকে তারা পাবে? তাদের খাওয়ার কথা কি সরকার চিন্তা করেছেন? এই সরকার শহরের কথা চিন্তা করেছেন কিন্তু যারা সত্যিকারের শহরকে বাঁচিয়ে রেখেছে তাদের কথা কি সরকার চিন্তা করেন? তাদের কথা কোনদিনই সরকার চিন্তা করেন না। যদি চিন্তা করতেন তাহলে আজকে বীরভূম জেলায় ১০০ টাকা কুইন্টাল ধান বিক্রি হত না। চাষীরা দাম পাক এটা ভাল কথা কিন্তু যারা কিনে খায় তাদের অবস্থা কি হবে? যারা শহরকে বাঁচিয়ে রেখেছে তাদের অবস্থা কি হবে সে কথা চিন্তা করা উচিত ছিল। তারপরে এই যে গণকমিটি তৈরি হয়েছে, যেসব সদস্যদের নিয়ে তারা লুঠপাট আরম্ভ করেছে তাতে সেই লুঠপাটের ফল গোটা থানায় ছড়িয়ে পড়েছে। আজকে চাষী তার খোরাকীর ধান যখন হাস্কিং মেসিনে ভাঙ্গাতে নিয়ে যাচ্ছে তখন সেই ধান পুলিসকে গণকমিটি ধরিয়ে দিচ্ছে এবং তাদের ধরে নিয়ে গিয়ে হাজতে পুরছে। তারপরে ভূমিমন্ত্রী যে আইন করেছেন, গণকমিটি কিম্বা কৃষক কমিটি জে এল আর ও-র সঙ্গে যে কমিটি করে দিয়েছে, সেই কমিটি থেকে হয়ত কিছু খাস ল্যান্ড বিলি হবে, হয়ত যেখানে দশ কাঠা খাসল্যান্ড আছে, সেই দশ কাঠা জমির জন্য দুইশত পিটিশন পড়েছে। ভূমিমন্ত্রী যে ব্যবস্থা করেছেন তাতে যে কমিটি গঠন করা হয়েছে—কৃষক সমিতি, জে এল আর ও-র সঙ্গে যে যে কমিটি করা হয়েছে তাদের থেকে যে খাস ল্যান্ড বিলি হবে তাতে একটা লোক তার হয়ত দশ কাঠা জমি খাস আছে সেখানে দেখা যাবে এক হাজার অ্যাপ্লিকেশন রয়েছে। সেখানে কাকে জে এল আর ও-র বন্দোবস্ত দেবেন? যেসব জমি আজ পর্যন্ত তারা চাষ করে আসছে সেই জমির কি হবে? কি করে ভূমি তারা পাবে? সরকার তো বলেছেন ভূমিহীন কৃষককে ভূমি দেওয়া হবে। এই ভূমি দেবার কথাটা একটা নিছক ভাঁওতা। যেসব জমি খাস ছিল আগেই তার বন্দোবস্ত হয়ে আছে। সরকার থেকে নির্দেশ দেওয়া হয়েছে যাদের বন্দোবস্ত দেওয়া হয়েছে তাদের দেওয়া হবে। যারা কৃষক লাঙ্গল দিয়ে নিজের হাতে চাষ করে তাদের একেবারে নিশ্চিহ্ন করে ফেলা হয়েছে। এই আমার বক্তব্য।

**শ্রীনিত্যানন্দ ভূঁইয়াঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, বিগত মার্চ মাসে অন্তর্বর্তীকালীন ব্যয়বরাদ্দের দাবী উত্থাপন করতে গিয়ে অর্থমন্ত্রী মহোদয় বলেছিলেন আমি কোন হ্যাবলামির মধ্য দিয়ে বাজেট পেশ করতে চাই না; তাই সময় নিচ্ছি। কিন্তু চার মাস পরে যে বাজেট এল তাতে দেখলাম ৩৬ কোটি ৪৬ লক্ষ টাকার ঘাটতি এবং সেটা সম্পূর্ণভাবে যাতে কেন্দ্রীয় সরকারের ঘাড়ে চাপান যায় এবং কংগ্রেসের বিগত সরকারের ঘাড়ে চাপান যায় তার বন্দোবস্ত শুরু হয়েছে। আজকে যেভাবে কেন্দ্রীয় সরকারকে দোষারোপ করে যাচ্ছেন এবং বিগত কুড়ি বছরের কংগ্রেসী শাসনের উপর দোষারোপ করে যাচ্ছেন তাতে মনে হয় সরকারপক্ষের ঘাড়ে দুটো ভূত চেপেছে—একটা ভূত হল কেন্দ্রীয় সরকার আর একটা হল প্রাক্তন কংগ্রেসী সরকারের শাসন। আজকে পশ্চিম বাংলার মানুষকে বলা হচ্ছে কেন্দ্র দিচ্ছে না আমরা কি করতে পারি? বর্তমান মন্ত্রিসভা কি নিজেদের দায়িত্ব ঠিকমত পালন করছেন? যাঁরা বার বার বলেছেন আমাদের রাজত্বে সমস্যার সমাধান হবে তা কেন এখন হচ্ছে না। নিজেদের কর্তব্য অবহেলা করে সমস্ত দোষ কেন্দ্রীয় সরকারের ঘাড়ে রেখে নিজেদের বাঁচাবার চেষ্টা করছেন। এতে পশ্চিম বাংলার জাগ্রত জনমত কোনদিন ক্ষমা করতে পারবে না। আজকে যে টাকা বিভিন্ন খাতে বাড়ানোর ব্যবস্থা হয়েছে তা আমি সমর্থন করি, আরও বাড়ানো উচিত ছিল—বিশেষ করে কৃষির ক্ষেত্রে বাড়ানো উচিত ছিল। আজ কৃষক পরিবার যে অবহেলার মধ্যে আছে তাদের সত্যিকারের ভাল করতে গেলে কৃষিব্যবস্থা আরও জোরদার করতে হবে। আজকে বীজধানের দর কোথায় উঠেছে? আজও ইলেকট্রিসিটির অভাবে ডীপ টিউবওয়েল হচ্ছে না। আজও অনেক নদীনালা মজে রয়েছে। কংগ্রেসের আমলে এক কুইন্টাল বীজধানের দর ছিল ৪৯ টাকা, আজকে ১০২ টাকায় দাঁড়িয়েছে।

[6-2[illegible] p.m.]

মেদিনীপুরে ১২৮১-র জন্য দাম করা হয়েছে ১২২ টাকা প্রতি কুইন্টাল। আমি জানতে চাই, কৃষির উন্নতির জন্য কৃষকদের ঘাড়ে এমনি করে বীজধানের দাম যদি চাপিয়ে দেওয়া যায় তাহলে কৃষির ব্যবস্থার উন্নতি করা যাবে কিনা এটা আমার জিজ্ঞাসার বিষয়বস্তু। আমার মনে হয় আজকে সরকারকে এই বিষয়ে চিন্তা করতে হবে। গ্রাম বাংলার কৃষক যেখানে মরে যাচ্ছে তাদের জন্য যাতে বীজধানের দাম সাবসিডাইজড রেটে যাতে দেওয়া যায় কম মূল্যে দেওয়া যায় তার জন্য চেষ্টা করতে হবে। আরেকটি কথা আমি বলতে চাই যে, আজকে বাজেটে একটি জায়গায় দেখলাম যে ২৭টি ব্লকে হেল্‌থ সেন্টার এখনও প্রতিষ্ঠিত হয় নি। এমনি একটি ব্লক হচ্ছে হাওড়া জেলার শ্যামপুর ব্লক, সেখানে কোন হেল্‌থ সেন্টার নাই। কিন্তু ২৭টি ব্লকের জন্য ব্যয়বরাদ্দ ধরা হয়েছে মাত্র দশ লক্ষ টাকা। ২৭টি হেল্‌থ সেন্টার ২৭টি হেল্‌থ সেন্টারের জন্য দশ লক্ষ টাকা খরচ হতে পারে এটা কোন হিসাব থেকে আসে আমার জানা নাই। প্রতিটি প্রাইমারী হেল্‌থ সেন্টারের জন্য যে খরচ হয়েছে তার হিসাব যদি আমরা দেখি তাহলে দেখি এক একটি হেল্‌থ সেন্টারের জন্য মিনিমাম সাত লক্ষ টাকা ব্যয় হয়। এটা আমাদের জানা আছে। এই হেল্‌থ সেন্টারগুলি যদি প্রতিষ্ঠা করতে হয় তাহলে ২৭টি হেল্‌থ সেন্টারের জন্য দশ লক্ষ টাকা ব্যয়বরাদ্দ না করে আরও বেশি ব্যয়বরাদ্দ বাড়ানো উচিত ছিল। অথচ এখানে এঁরা বলেছেন যে, আমরা সব দিকে টাকা বাড়িয়েছি। আমি বলব আপনাদের গ্রাম বাংলার ছবি আপনাদের মনে উঠে নি। এই সমস্ত ব্লকের হেল্‌থ সেন্টার ডেভালপ করবার জন্য আপনাদের আরও বেশি টাকা ধরা উচিত ছিল এবং এতে যদি আরও বাজেট ডেফিসিট হত তাহলেও [illegible] আপত্তি ছিল না। বাজেট ডেফিসিট হলেও আমাদের আপত্তি নাই যদি সেটা কল্যাণমূলক কাজে নিয়োজিত হয়। আমরা দেখলাম পুলিসের খাতে ব্যয়বরাদ্দ কমিয়ে দেওয়া হয়েছে এটা ঠিক হয়েছে কিনা আমি জিজ্ঞাসা করতে চাই। যদি পুলিসের খাতে ব্যয়বরাদ্দ কমানোর মধ্য দিয়ে অরাজকতাকে বাড়িয়ে তোলার নকশালবাড়ীর ঘটনাকে বাড়িয়ে তোলার ইঙ্গিত থেকে থাকে আমার বলার কিছু নাই। যদি আইন এবং অরাজকতা বন্ধ করতে হয় তাহলে আমার মনে হয় পুলিস খাতে আরও ব্যয়বরাদ্দ বাড়িয়ে রাখা দরকার। কারণ একটিমাত্র ঘটনার জন্য আমি বলছি আজকে দেখছি পশ্চিম বাঙলায় বামপন্থী কমিউনিস্ট পার্টির কতকগুলি মানুষকে উগ্রপন্থী বলে তাড়িয়ে দিয়েছেন। আমার জিজ্ঞাসা হচ্ছে এদের পিতৃত্বের দাবি কারা করে। সেকি জ্যোতিবাবুর দল না হরেকৃষ্ণবাবুর দল? এরা কাদের ইঙ্গিতে আজকে বিভিন্ন অফিসে হানা দিচ্ছে, রাস্তায় হানা দিচ্ছে, নকশালবাড়ীর প্রান্তে প্রান্তে

হানা দিচ্ছে। আজকে কলকাতার বুকের উপর এইসব উগ্রপন্থীরা সুশীতল রায়চৌধুরীর নেতৃত্বে তাঁরা চলছেন। আমি জিজ্ঞাসা করি এদের কে কন্ট্রোল করবে, পুলিস কন্ট্রোল করবে না তাদের পার্টি কন্ট্রোল করবে। যদি কমিউনিস্ট পার্টি এদের কন্ট্রোল করতে চায় তাহলে আমার মনে হয় ইমিডিয়েটলি এদের কন্ট্রোল করার দরকার আছে। কারণ যারা আজকে বিভিন্ন দিকে অরাজকতা সৃষ্টি করবার চেষ্টা করছে তাদের দিক থেকে যারা অরিজিন্যাল পার্টি অর্থাৎ কমিউনিস্ট পার্টি যারা তাদের পিতৃব্য দাবি করেন আমার মনে হয় আজকে তাদের এই জারজ সন্তানদের সামলানো দরকার। তারা তাদের সামলান তা না হলে বিভিন্ন গ্রামে গ্রামে পশ্চিম বাংলার বুকে তারা ছড়িয়ে পড়বে এবং অরাজকতা সৃষ্টি করবে। সেজন্য আমার মনে হয় পুলিস খাতে ব্যয়বরাদ্দ ঠিক রেখে এই অরাজকতা দমন করবার জন্য এই নকশালবাড়ীর ঘটনাকে দমন করবার জন্য আজকে প্রত্যেকটি দিকে দিকে যে অরাজকতা চলছে তাকে দমন করবার জন্য পুলিস খাতে ব্যয়বরাদ্দ বাড়ানো দরকার ছিল এবং যারা পুলিস নেব না বলেছিলেন তাঁদের আজকে পুলিস নিয়ে চলতে হচ্ছে এটা মনে রেখে আমার মনে হয় বাজেটকে আরও সংশোধন করার প্রয়োজন আছে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশৈলেন্দ্রনাথ মুখার্জি:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কাল থেকে যে বাজেট আলোচনা শুনছি, তাতে তিনটা ব্যাপারে আমাদের সরকারপক্ষ জোর দিচ্ছেন। প্রথম হচ্ছে যে, কুড়ি বৎসর কংগ্রেস শাসনে যে অবস্থার সৃষ্টি হয়েছে তার জন্য আজ এই দুরবস্থা এবং তা থেকে বেরিয়ে আসতে গেলে আমাদের খুবই সংকটময় অবস্থার মধ্যে যেতে হবে। একথা ঠিক যে যে কোন দেশে প্ল্যানিং করে যদি অগ্রগতি করতে হয় তাহলে দুঃখকষ্ট আসে। রাশিয়ায় এসেছে, চীনেও এসেছে, সেখানে দ্রব্যমূল্য খুব বৃদ্ধি হয়েছিল, কিন্তু সেখানে সুবিধা ছিল এই যে, সেখানে একটা দল শাসন করেছে একনায়কতন্ত্র। কিন্তু আমাদের এখানে গণতান্ত্রিক শাসন। খাদ্যাভাবের কারণ অনেক আছে। অনাবৃষ্টি হয়েছে, জনসংখ্যা বৃদ্ধি হয়েছে, এসব কারণ তো আছেই। কিন্তু এইসব অসন্তোষের দরুণ বিক্ষুব্ধ মানুষকে আমাদের বিরোধী দল অনবরত উত্তেজিত করেছেন এবং তাঁরা আমাদের সঙ্গে গঠনমূলক সহযোগিতা কখনও করেন নি। সুতরাং আজ যে দুরবস্থা হয়েছে তার এটাও একটা কারণ। এই যে ৩৬ কোটি টাকার ডেফিসিট বাজেট আমাদের অর্থমন্ত্রী এখানে উপস্থাপিত করেছেন সেটা আমাদের সত্য সত্যই খুবই হতাশাব্যঞ্জক বলে মনে হচ্ছে, কেন না তাতে আমাদের এই আর্থিক অবস্থায় ট্যাক্স আরও বাড়বে, আরও কষ্ট বাড়বে এবং এই খাদ্যাভাবের দিনে যেখানে আড়াই টাকা তিন টাকা সের দরে চাল কিনতে হচ্ছে সেখানে আমাদের খুব বিপদে পড়তে হবে এ বিষয়ে কোন সন্দেহ নেই। সেদিক থেকে বাজেটকে সমর্থন করতে পারি না। আর একটা বিষয়ে তাঁরা অনবরত জোর দিচ্ছেন, কেন্দ্রের প্রতি তাঁরা মিথ্যা দোষারোপ করছেন, এটা খুবই সোজা। তা ছাড়া সত্য কথা যদি কেউ বলেন, তাঁকে আবার শাসানো হয়। ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষ সত্য কথা বলেছিলেন বলে কমিউনিস্ট পার্টির কর্তা সুন্দরায়া তাঁকে শাসিয়েছিলেন যে, মন্ত্রিত্ব থেকে তাড়িয়ে দেওয়া হবে। ডঃ ঘোষ অবশ্য সেটা গ্রাহ্য করেন নি। গতকাল এই সভায় নিশীথবাবু সত্য কথা বলেছেন, "কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গে অ-কংগ্রেসী সরকার আছে বলে বিরূপতা দেখাচ্ছেন বলে আমার মনে হয় না। এই যে বিমাতৃসুলভ আচরণের কথা অনবরত বলা হচ্ছে যে কেন্দ্র পক্ষপাতিত্ব করছেন এটা ঠিক নয়।" আজকে খাদ্য আসবে কোথা থেকে? সুয়েজ খাল বন্ধ বলে ঘুরে আসতে হচ্ছে সেজন্য আজ এই অবস্থা। খাদ্যাভাব বিহার, উত্তরপ্রদেশ ইত্যাদি নানা জায়গায় হয়েছে, সেদিক থেকে সমানভাবে বণ্টন করলে আমাদের খাদ্যাভাব থাকবে এবং কেন্দ্র গত বৎসর খাদ্য যা দিয়েছেন পরিস্থিতি বদলে গেছে বলে এ বৎসর তা দিতে পারবেন কিনা সন্দেহ আছে। আর একটা কথা হচ্ছে খাদ্য প্রকিওরমেণ্ট করা হয় নি। প্রকিওরমেণ্ট করা হবে কোথা থেকে? এঁরা লেভী তুলে নিয়েছিলেন, কর্ডন তুলে নিয়েছিলেন। সেদিক থেকে অসুবিধা হয়েছে এবং খাদ্য প্রকিওরমেণ্ট করা হয় নি। অবশ্য বর্তমানে আইনের ভয় দেখানো হচ্ছে। পূর্বে এই সভায় খাদ্যনীতি নিয়ে যখন আলোচনা হচ্ছিল তখন আমরা বলেছিলাম লেভী কর্ডন না করলে হবে না এবং আমরা বলেছিলাম কংগ্রেসের খাদ্যনীতি ভাল ছিল এবং তার জন্য লোকে দুর্ভিক্ষে মরে নি। কিন্তু আজ খবর আসছে পুরুলিয়ায় বাঁকুড়ায় মানুষ মরছে, দুর্ভিক্ষের এই যে অবস্থা এটা

দুঃখজনক ব্যাপার। আর একটা কথা এঁরা বলছেন এটা নাকি বৈপ্লবিক বাজেট! ৩৬ কোটি টাকা ঘাটতি বাজেট করে যদি আমাদের সত্যই জনকল্যাণমূলক কাজ করতে হয় তাহলে আমাদের ঘাটতিপূরণের জন্য উৎপাদন বাড়াতে হবে, দেশের আয় বৃদ্ধি করতে হবে। আসল কথা হচ্ছে এই যে আপনারা যে উৎপাদন বাড়াবেন, আজকে সেজন্য পরিস্থিতি তো সৃষ্টি করতে হবে। আজকে দেশে এরূপ অরাজকতা যদি চলে তাহলে চাষ-বাস হবে কি করে? কৃষকদের মনে আজ অশান্ত রয়েছে, চারিদিকে লুঠপাট হচ্ছে, তারা বীজধান পাচ্ছে না, বীজধান পর্যন্ত লুঠ হচ্ছে। তারপর ঘেরাও যদি আপনারা করেন তাহলে উৎপাদন বাড়বে কি করে? উৎপাদন না বাড়লে দেশ সমৃদ্ধ হতে পারে না এবং দেশ সমৃদ্ধ না হলে দেশের উন্নতি হতে পারে না। কিন্তু আপনারা এমন একটা আবহাওয়ার সৃষ্টি করেছেন সেখানে উৎপাদন পদে পদে ব্যাহত হবে, কি ইন্ডাস্ট্রির ক্ষেত্রে কি চাষের ক্ষেত্রে সর্বক্ষেত্রেই যদি অরাজকতা থাকে, যদি অস্বাভাবিক অবস্থা থাকে তাহলে সেখানে তা করা কিছুতেই সম্ভব নয়। সুতরাং যে কোন দেশই সমৃদ্ধি সৃষ্টি করেছে প্রথমে সেখানে একটা স্বাভাবিক অবস্থা সৃষ্টি করেছে তা না হলে ডিক্টেটরশিপ মারফৎ কমিউনিস্ট রাজত্ব সৃষ্টি করে তারা জোর করে কাজ করেছেন। এখানে জোর করবেন কারা? এখানে কোন 'ল অ্যান্ড অর্ডার' নেই, এখানে পুলিস খাতে বাজেটে টাকা রাখার অর্থ হয় না। বহু বক্তা বলেছেন যে, 'ল অ্যান্ড অর্ডার' যখন নেই, তখন পুলিস খাতে টাকা রাখার দরকার কি? এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

## Adjournment

The House was then adjourned at 6-26 p.m. till 1 p.m. on Monday, the 3rd July, 1967, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Monday, the 3rd July, 1967, at 1 p.m.

### Present

Mr. Speaker (Shri Bejoy Kumar Banerjee) in the Chair, 13 Ministers and 222 Members.

### STARRED QUESTIONS

### (to which oral answers were given)

[1—1-10 p.m.]

### Acquisition of bheries

***22.** (Admitted question No. *18.)

**শ্রীআবদ্দুল হক:** মৎস্যবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ভেড়ী পুকুর দখল সংক্রান্ত আইন পাস হওয়ার পর হইতে বর্তমান সময় পর্যন্ত জেলাওয়ারী কয় একর মৎস্য চাষোপযোগী জলাভূমি সরকার দখল করিয়াছেন?

**Shri Kashi Kanta Maitra:**

পশ্চিমবঙ্গ মীনক্ষেত্র (অধিগ্রহণ ও গ্রহণ) আইন, ১৯৬৫, পাস হওয়ার পর হইতে এ পর্যন্ত উক্ত আইনবলে কেবলমাত্র ২৪-পরগনা জেলায় ১,৫৪১,৩২৪ একর মৎস্যচাষোপযোগী জলাভূমি সরকার অধিগ্রহণ (রিকুইজিশন) করিয়াছেন।

**ডাঃ গোপিকারঞ্জন মিত্র:** মাননীয় মন্ত্রিমহাশয় যে ফিগার বলিলেন ১ হাজার ৫ শত ৪১ একর এই জমি নিয়েছেন। এতে কি মাছের চাষ আরম্ভ করেছেন?

শ্রীকাশীকান্ত মৈত্র: এই আইনবলে আমরা জলাভূমি ডেরোলিক্ট ফিসারীজ ব্যাপারটা আমরা ওয়েস্ট বেঙ্গল ডেভেলপমেন্ট ফিসারিজ কর্পোরেশন সংস্থার উপর এই অঞ্চলে মাছ চাষ করবার সম্বন্ধে দায়িত্ব দেবার প্রস্তাব গ্রহণ করা হয়। কিন্তু এই আইন চালু হবার পরে এবং সরকার সিদ্ধান্ত গ্রহণ করার পর নোটিশ দেন এ আইন চালু হবার জন্য। নোটিফিকেশন সেই হিসাবে দেওয়া হয়। কিন্তু কিছুসংখ্যক ভেড়ীর মালিক এর বিরুদ্ধে ওয়েস্ট বেঙ্গল ফিসারিজ ডেভেলপমেন্ট অ্যাক্টএর বিরুদ্ধে মহামান্য হাইকোর্টএ মামলা দায়ের করেন। এইরূপ ১৬টি মামলা তাঁরা করেন এবং বিভিন্ন ক্ষেত্রে মহামান্য হাইকোর্ট ইনজাংশন জারী করেছেন তার ফলে পশ্চিমবঙ্গ সরকারের এই ফিসারিজ ডেভেলপমেন্ট কর্পোরেশন তাঁরা মৎস্যচাষ সুরু করতে পারেন নি। কিন্তু যেগুলি জায়গায় সরকার দখল নেন এবং যেসমস্ত আইন সরকারের বিরুদ্ধে রুজু করা হয় তখন আমাদের কৌসুলী এই তথ্য দেন যে, পশ্চিমবঙ্গ সরকারের মৎস্যদপ্তর অঞ্চল দখল নিয়েছেন এবং যেসমস্ত ইনজাংশন ছিল সেগুলি শিথিল করবার জন্য বলা হয়। এবং যুক্তফ্রন্ট সরকার চালু হবার পরে আমাদের বিভাগীয় যিনি কাউন্সিল আছেন তাঁকে বিশেষভাবে আমরা অনুরোধ করেছি যাতে মামলাগুলির নিষ্পত্তি হয় এবং আমার কাছে সংবাদ এসেছে যে, দুটি মামলা সম্বন্ধে আমাদের বক্তব্য শোনবার পর হাইকোর্ট ইনজাংশন অর্ডার যা জারী করেছিলেন বাতিল করেন, আমাদের কাউন্সিলের কথা শোনার পর, ইন্টারিম ইনজাংশন অর্ডার রিল্যাক্স করার জন্য বলেছেন এবং আমরা তার সার্টিফায়েড কপির জন্য দরখাস্ত করেছি। এটা পেলে আমি হাউসের সামনে রাখব।

**ডাঃ গোপিকারঞ্জন মিত্র:** যখন দুইটা কেসএর দখল করেছেন এবং যেসমস্ত কেস হাইকোর্টএ হয় নি সেইসবগুলিতে মাছ চাষ গ্রহণ করছেন কি?

**শ্রীকাশীকান্ত মৈত্র:** মাননীয় সদস্য জানেন যে, যেসমস্ত জলা জমি নিয়ে মামলা হচ্ছে তাদের ডিমার্কেশন এখনও পর্যন্ত সঠিক জানা যায় নি এবং তাঁরা মামলা করেছেন। সমস্ত বিষয়টাই বিচারাধীন। এই কারণে সরকার সেখানে যেতে পারেন নি এবং সেখানে মাছের চাষও শুরু করতে পারেন নি। যে মুহূর্তেই আমরা মহামান্য আদালতের কাছ থেকে সুস্পষ্ট ইঙ্গিত পাব সঙ্গে সঙ্গেই আমরা চাষ করব এবং সেইসব অঞ্চলে মাছ ধরে আমরা বাজারে বিক্রি করতে পারব।

**ডাঃ গোপিকারঞ্জন মিত্র:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে, যদি তিনি দেরী করেন তা হলে ২৪-পরগনা জেলায় যে ধরনের জিনিস চলেছে তাতে তার বিভাগের মধ্যে হরেকৃষ্ণবাবুর বিভাগের নানাপ্রকার বিবাদ হতে পারে?

**শ্রীকাশীকান্ত মৈত্র:** আমার বিভাগের সঙ্গে হরেকৃষ্ণবাবুর বিভাগের সংঘর্ষের কোন প্রশ্ন নেই, আপনারা যতই কাইট ফ্লাইং করুন। বরং সমস্ত বিষয়ে আমরা একসঙ্গে চলেছি।

**ডাঃ গোপিকারঞ্জন মিত্র:** যদি ভেড়ীতে মাছের চাষ না করেন তা হলে সেসমস্ত জায়গায় লোক চাষের জমি করেছেন এটা কি আপনি জানেন?

**শ্রীকাশীকান্ত মৈত্র:** আমি আগেই বলেছি, ২৪-পরগনার বিভিন্ন জায়গায় কৃত্রিমভাবে ঘের দিয়ে চাষের জমিতে মেছোভেড়ী করবার বিভিন্ন প্রচেষ্টা চলেছে। সে সম্বন্ধে যারা রাজনৈতিক মহলের খবর জানেন তাঁরা জানেন যে এই অভিযোগ দীর্ঘদিনের। আমি গতকাল হাবড়ার অঞ্চলে গেছি এবং অনেক জায়গা আছে যেখানে মাছের চাষের জমি ছিল না কিন্তু বাঁধ ভেঙ্গে যাওয়ার সুযোগে সেখানে নোনা জল ঢুকে যায় এবং সেই সব অঞ্চলে আর্টিফিসিয়ালি এইভাবে করা হয়েছে। এতে হাজার হাজার বিঘা চাষের যোগ্য জমিতে মাছের চাষ হচ্ছে না। এই সম্বন্ধে সরকার অবহিত আছেন এবং যুক্তফ্রন্ট সরকার এর সমাধান করবার জন্য সব সময় সচেষ্ট।

**শ্রীমহম্মদ ইসরাইল:** এই যে মামলার কথা বললেন, এগুলি কি সবই ২৪-পরগনা জেলায়?

**শ্রীকাশীকান্ত মৈত্র:** এই যে প্রশ্ন উঠেছে এর উত্তরে আমি বলছি যে, ওয়েস্ট বেঙ্গল ফিসারিজ রিকুইজিশন অ্যান্ড অ্যাকুইজিশন অ্যাক্ট অফ ১৯৬৫ এর বলে যেসমস্ত নোটিফিকেশন করে দখল নিয়েছিলাম সেগুলি হচ্ছে ২৪-পরগনা জেলার সাউথ সল্ট লেক এরিয়া।

**শ্রীমহম্মদ ইসরাইল:** অন্য জেলায় এই আইন প্রযুক্ত হবার ইচ্ছা আছে কি?

**শ্রীকাশীকান্ত মৈত্র:** সেটা এখন প্রচেষ্টা হচ্ছে।

**শ্রীমহম্মদ আবদুল লতিফ:** মুর্শিদাবাদ জেলায় কোন পরিকল্পনা নেওয়া হয়েছে কি?

**শ্রীকাশীকান্ত মৈত্র:** মুর্শিদাবাদ জেলার বিখ্যাত যে ভাণ্ডারদহ বিল আছে ৪০ মাইল দীর্ঘ সেই বিল পশ্চিমবঙ্গ সরকার ফিসারিজ ডাইরেক্টরেট অ্যাডভাইসার ডঃ সাহাকে আমরা দেখবার জন্য পাঠিয়েছিলাম। তিনি নিজে সে অঞ্চলে তদন্ত করে এসেছেন এবং তিনি একটা পরিকল্পনা আমাদের সামনে রেখেছেন। সেই পরিকল্পনার সম্বন্ধে আমাদের ইরিগেশন মন্ত্রী শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায়ের সঙ্গে আমি আগামী সপ্তাহে আলোচনা করব এবং ইরিগেশন সম্বন্ধে যেটুকু আছে সেটুকু আলোচনা হয়ে গেলে ভাণ্ডারদহ বিলের পরিকল্পনার কাজ আমরা এ বৎসর আরম্ভ করতে পারব এবং ডাঃ সাহা যে রিপোর্ট রেখেছেন তাতে তিনি বলেছেন যদি এই পরিকল্পনা আমরা গ্রহণ করতে পারি তাহলে মুর্শিদাবাদ জেলার মাছের সমাধান কিছুটা হবে বলে আমি মনে করি।

**Shrimati Shakila Khatun:** Will the Hon'ble Minister-in-charge of the Fisheries Department be pleased to state how many fisheries have been acquired by the Government of West Bengal in Canning P.S.?

**Shri Kashi Kanta Maitra:** So far as this particular question is concerned I may only tell the honourable member concerned that at present I am not in a position to state exactly which are the fisheries or the derelict fisheries have been acquired in Canning P.S. That has been taken possession of by the State Government pursuant to the act in question. I cannot straightway give a clear answer, but if she puts this question in a specific form I can answer to that subsequently.

**Shri Mihir Upadhyay:**

ভেড়ী পুকুর দখলের যে আইন, সে আইন যে উদ্দেশ্যে পাস করা হয়েছে তাতে কত পরিমাণ মাছ বাড়ানো হয়েছে? মাননীয় মন্ত্রিমহাশয় বলিলেন যে, আইন পাস হওয়া সত্ত্বেও হাইকোর্ট-এর ইনজাংশনের জন্য মাছের চাষের ব্যবস্থা করা যাচ্ছে না। তিনি তার জন্য কি কোন বিকল্প ব্যবস্থা করবার চিন্তা করছেন?

**শ্রীকাশীকান্ত মৈত্র:** আমি এই কথাই আপনাদের জানাতে পারি যে, বিচারাধীন মামলা যখন রয়েছে তখন সেক্ষেত্রে বিকল্প ব্যবস্থায় এই আইনের আওতায় করা যায় না, নূতন আইন সেজন্য করতে হয়। আপনি বলেছেন যে, আমাদের যিনি কাউন্সেল তিনি এ বিষয়ে তৎপর রয়েছেন এবং সেই মামলা ইন্টারিম অর্ডার অফ ইনজাংশন হ্যাজ বিন রিল্যাক্সড।

[1-10—1-20 p.m.]

**শ্রীবিনয়কুমার চট্টোপাধ্যায়:** মাননীয় মন্ত্রিমহাশয় নিশ্চয়ই জানেন যে, আমদা বিল নিয়ে যে গণ্ডগোল চলেছে—সেখানে মৎস্যচাষ করবেন বলেছিলেন। সেই উদ্দেশ্য এখন সরকারের আছে কিনা এবং যদি থেকে থাকে তাহলে সেই বিলের মাছ ধরা নিয়ে চাষীদের মধ্যে যে গণ্ডগোল হচ্ছে সে সম্বন্ধে কি ব্যবস্থা করতে চান সেটা বলবেন কি?

**শ্রীকাশীকান্ত মৈত্র:** মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় সদস্য যে প্রশ্নটা করলেন—তিনি নিজেও জানেন যে, আমদা বিল নদীয়া জেলায়, ২৪-পরগনা জেলায় নয়। সুতরাং এই প্রশ্ন থেকে সেই প্রশ্ন আসে না। তবে তাঁদের অবগতির জন্য বলছি আমদা বিল রিক্লেম করে সেখানে মাছের চাষ করবার জন্য আমরা নিয়েছি এবং আমাদের ভারপ্রাপ্ত অফিসারদের গত দশদিন আগে নির্দেশ দিয়েছি এবং তাঁরা সেইমত কাজ করছেন।

**শ্রীবিনয়কুমার চট্টোপাধ্যায়:** অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি এই কথা বলতে চাচ্ছি যে সেখানে একটা বিরাট গণ্ডগোল চলছে এবং চাষীদের মধ্যে মারামারি আরম্ভ হয়ে গেছে। কাজেই এটা সম্বন্ধে মন্ত্রিমহাশয় জানেন কিনা এবং তাঁর কিছু করার আছে কিনা এটা বলবেন কি?

**Mr. Speaker:** The Supplementary does not arise out of this question.

**শ্রীনারায়ণচন্দ্র চৌধুরী:** মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন, কালনা এবং হুগলি জেলার সীমান্তে যে ডিহি বিল আছে সেটা নেবার কথা কি তিনি চিন্তা করছেন?

**শ্রীকাশীকান্ত মৈত্র:** এ প্রশ্ন থেকে সে প্রশ্ন আসে না।

**ডাঃ গোপিকারঞ্জন মিত্র:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন, তিনি এই মৎস্যবিভাগের ভার পাওয়ার পর থেকে বাজারে মাছের দাম অত্যন্ত বেশি হয়ে গেছে?

**শ্রীকাশীকান্ত মৈত্র:** বাজারে মাছের কি দাম সেটা আপনারা জানেন। তবে আমার নিজের ধারনা কংগ্রেস আমলে যে পরিমাণ মাছের দাম বেড়েছিল যুক্তফ্রন্ট সরকারের আমলে সেই পরিমাণে মাছের দাম বাড়ে নি, বরং কমেছে।

**শ্রীজয়নাল আবেদীন:** মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন, পশ্চিম দিনাজপুরে যে পুরাতন বড় বড় বহু ডিহি আছে এগুলিতে মৎস্যচাষের কোন পরিকল্পনা আছে কি?

**শ্রীকাশীকান্ত মৈত্র:** এ প্রশ্নটা ও প্রশ্ন থেকে আসে না। তবুও আমি বলছি পশ্চিম দিনাজপুর সম্বন্ধে সে পরিকল্পনা আমাদের আছে।

**শ্রীনারায়ণচন্দ্র চৌধুরী:** কংগ্রেস আমলের থেকে এখন দর কম আছে, কি পরিসংখ্যানের উপর ভিত্তি করে তিনি এই কথা বললেন সেটা বলবেন কি?

**শ্রীকাশীকান্ত মৈত্র:** এই কোশ্চেন থেকে ওটা আসে না বলে আমি তার উত্তর দেওয়ার প্রয়োজন মনে করি না।

**শ্রীআবদুল লতিফ:** আমার কোয়েশ্চেনের উত্তরে আপনি বলেছেন, ভান্ডারদহ বিলের স্কীম নেওয়া হচ্ছে। কিন্তু এ সম্বন্ধে তিনি কি চিন্তা করেছেন যে, মাছের চাষ করতে গিয়ে পাট-চাষের ক্ষতি হচ্ছে?

**শ্রীকাশীকান্ত মৈত্র:** আমি ভাবছি এ সম্বন্ধে ভাবব কিনা।

**শ্রীমতী বিভা মিত্র:** মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি, সরকারের অধীনে এখন কতগুলি ভেড়ী আছে এবং সেই ভেড়ীগুলি থেকে এখন কত মণ করে মাছ উঠছে?

**শ্রীকাশীকান্ত মৈত্র:** মাননীয়া ভগিনী শ্রীমতী বিভা মিত্র যা বললেন, তিনি বোধ হয় এর আগের প্রশ্নের উত্তরটা শোনেন নি, শুনলে আর এই প্রশ্ন করতেন না। এটা আগের প্রশ্ন। এই প্রশ্নের উত্তর দিতে গেলে অনেক সময় নষ্ট হয়ে যাবে।

**Stay-in-strike by the primary school teachers in April, 1966**

***23.** (Admitted question No. *46.)

**শ্রীমহম্মদ আবদুল বারি:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে গত ১৯৬৬ সালের এপ্রিল মাসে প্রাথমিক শিক্ষকগণ অবস্থান ধর্মঘট করার জন্য পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় শিক্ষকদের (১) সাসপেনশন, (২) বরখাস্ত বা (৩) মাহিনা কর্তন করা হইয়াছিল,

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ঐ অবস্থান ধর্মঘটের জন্য কোন কোন জেলায় কয়জন শিক্ষকের বিরুদ্ধে কি কি প্রকার শাস্তি-মূলক ব্যবস্থা লওয়া হইয়াছিল; এবং

(গ) বর্তমান সরকার তাঁহাদের সম্বন্ধে কি কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

**Reinstatement of discharged Government employees**

***24.** (Admitted question No. *107.) **Shri Narayan Chandra Chaudhuri:** (a) Will the Minister-in-charge of the Finance Department be pleased to state if it is a fact that a number of the Government employees who are discharged by the former Ministry have been reinstated by the present Government?

(b) If the answer to (a) be in the affirmative will the Minister be pleased to state—

(i) the names of those employees;

(ii) the reasons for their discharge; and

(iii) with effect from which dates they were reinstated?

**Shri Jyoti Basu:** (a) Yes.

(b)(i) On the basis of the information available up to 29th June, 1967 the particulars have been furnished in the statement placed in the Library table of the House.

(ii) They were considered unsuitable by the then Government.

(iii) Information received upto 29th June 1967, have been noted in the statement.

**Shri Narayan Chandra Chaudhuri:** What led the Government to take decision—political consideration or humanitarian consideration.

**Shri Jyoti Basu:**

প্রাক্তন সরকার যেটা বলেছিলেন যে আনস্যুটেবল, আমরা সমস্ত কাগজপত্র এনে যা বুঝেছি সেটা হল যে, রাজনৈতিক কারণের দরুনই বলুন বা ট্রেড ইউনিয়ন আন্দোলন করেছে বলে, নেতৃত্ব দিয়েছে বলে এই সমস্ত লোকের চাকরি গেছে. আমরা মনে করি এটা অন্যায় এবং তাদের চাকরি ফিরে পাবার অধিকার আছে, সেইজন্য তাদের চাকরিতে আবার পুনর্বহাল করা হয়েছে।

**শ্রীনারায়ণচন্দ্র চৌধুরীঃ** আপনার এই মনে করার ইয়ার্ডস্টিক কি?

**শ্রীজ্যোতি বসুঃ** আমাদের ইয়ার্ডস্টিক হচ্ছে আমাদের যুক্তফ্রন্ট সরকারের নীতি।

**শ্রী এস এম ফজলুর রহমানঃ** যদি কোন সরকারী কর্মচারীর ডিপার্টমেন্টাল এনকোয়ারি বা অন্যভাবে বরখাস্ত হয়ে থাকে তার প্রতিকারের পন্থা অন্য কিছু আছে কি?

**শ্রীজ্যোতি বসুঃ** আইনের বিষয় আপনার একটু আমার থেকে ভাল জানার কথা, সেটা আপনি জানেন, তবে আমি বলতে চাই যে, এখানে আইন আছে কি নেই তা দিয়ে বিবেচনা করবার প্রশ্ন ছিল না। আমরা মনে করেছি যে, অন্যায়ভাবে তাদের চাকরি থেকে বরখাস্ত করা হয়েছে সেইজন্য চাকরি তাদের ফিরিয়ে দেওয়া হয়েছে।

**শ্রীনারায়ণচন্দ্র চৌধুরীঃ** আপনি বলেছেন যে, এটা যুক্তফ্রন্ট সবকারের নীতি, এটা যুক্ত-ফ্রন্ট সরকারের নীতি না দুর্নীতি?

(নো রিপ্লাই।)

**ডাঃ রথীন্দ্র ঘোষচৌধুরীঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জবাব দেবেন যে, যাদের কাজে পুনর্বহাল করা হয়েছে, তাদের নতুন করে চাকরি দিলেন, না সার্ভিস কন্টিনিউইটি বজায় রেখে দিলেন?

**শ্রীজ্যোতি বসুঃ** সেটা মিলিয়ে করা হয়েছে, তাদের আমরা রিইনস্টেটমেন্ট বা ঐ রকম একটা শব্দ এইভাবে ব্যবহার করি নি, আমরা এটা বলেছি যাতে এটা মনে হয় এবং আইনের গোলমাল না হয় এই বিষয়ে বিশেষজ্ঞদের সংগে আলোচনা করেছি যে, তারা চাকরি ফিরিয়ে পেয়েছে কিন্তু তাদের পেনসন, তাদের অন্য সব যেমন প্রমোশন বেনিফিটস ইত্যাদি বহুরকম যে জিনিস আছে সেইগুলো যাতে সমস্ত বজায় থাকে।

**শ্রীমহঃ ইসরাইলঃ**

Does this include primary teachers?

**শ্রীজ্যোতি বসুঃ** আমি আগে যেটা বলেছি প্রাইমারি শিক্ষকদের ব্যাপারে, আমরা এইভাবে জিনিসটা করতে পারি না কারণ আইনের অসুবিধা আছে।

**শ্রীএস এম ফজলুর রহমানঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, যেসব বরখাস্ত কর্মচারীকে পুনর্বহাল করা হয়েছে তাদের যে তারিখ থেকে বরখাস্ত করা হয়েছিল সেই তারিখ থেকে চাকরি আইনসংগত প্রাপ্য তাদের দেওয়ায় যুক্তফ্রন্ট সরকারের কোন আপত্তি আছে কি?

**শ্রীজ্যোতি বসুঃ** আমি আগেই বলেছি তাদের কি কি বেনিফিটস দেওয়া হবে। খালি যেটা দেওয়া হচ্ছে না—ধরুন যদি তাদের চাকরি থাকত তাহলে যে মাইনে তাঁরা পেতেন, সেই পেছনের দিক থেকে শুরু করে সেটা আমরা দিই নি তাদের।

**শ্রীনারায়ণচন্দ্র চৌধুরীঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, যুক্তফ্রন্ট সরকারের নীতি অনুসারে তাঁদের চাকরি দেওয়া হয়েছে, তিনি এই হাউসকে কি অ্যাসিয়োর করতে রাজী আছেন যে কোন সরকারী কর্মচারীর কোন কারণে চাকরি যাবে না?

**শ্রীজ্যোতি বসুঃ** এটার কি উত্তর দিতে হবে মাননীয় স্পীকার মহাশয়?

**শ্রীনারায়ণচন্দ্র চৌধুরীঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, তাদের সাসপেনশন অ্যালাউ-য়্যান্স কি দেওয়া হয়েছিল?

**শ্রীজ্যোতি বসুঃ** প্রাক্তন সরকার দেন নি, আমরাও সেটা বিবেচনা করি নি।

## Proposal for a B.T. College at Cooch Behar

*25. (Admitted question No. *126.) **Shri Prasenjit Barman:** (a) Will the Minister-in-charge of the Education Department be pleased to state if it is a fact that there is a proposal for the establishment of a B.T. College at Cooch Behar?

(b) If the answer to (a) be in the affirmative, will the Minister be pleased to state—

(i) whether the preliminaries for the establishment of this institution have been completed, and

(ii) when the institution will be established?

[1-20—1-30 p.m.]

**Shri Jyoti Bhusan Bhattacharya:** (a) Yes. A proposal has been received from the Commissioners of the Cooch Behar Municipality for the establishment of a B.T. College at Cooch Behar.

(b) (i) Yes.

(ii) The proposal is under examination.

**শ্রী এস এম ফজলুর রহমান:** মাননীয় মন্ত্রিমহাশয় কি অবগত আছেন, বি টি কলেজে অ্যাডমিশন পাওয়ার যাঁদের যোগ্যতা আছে তাঁরা সকলেই বি টি-তে অ্যাডমিশন পায় না?

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য:** হ্যাঁ, আমি অবগত আছি।

**শ্রী এস এম ফজলুর রহমান:** এই সম্বন্ধে ব্যবস্থা অবলম্বনের জন্য কোন পরিকল্পনা শিক্ষাবিভাগের আছে কিনা?

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য:** শিক্ষাবিভাগ সেটা বিবেচনা করছেন যাতে যত শীঘ্র সম্ভব বিভিন্ন জায়গায় আরও নূতন বি টি কলেজ খোলা যায় এবং নূতন আসনের সুবন্দোবস্ত করা যায়।

**শ্রী এস এম ফজলুর রহমান:** সরকারী পরিচালনাধীনে কয়টি বি টি কলেজ আছে?

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য:** এ প্রশ্ন এ থেকে আসে না, নোটিস দিলে বলতে পারি।

**শ্রীমিহির উপাধ্যায়:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, কোচবিহারে প্রস্তাবিত কলেজটি কেন খোলা হল না যদিও মন্ত্রিমহাশয় স্বীকার করছেন যে, বি টি কলেজ অনেক করার প্রয়োজন আছে?

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য:** কোচবিহারে প্রস্তাবিত কলেজটি খোলা সম্বন্ধে বিবেচনা করা হচ্ছে, যত শীঘ্র সম্ভব করাই আমাদের নীতি।

**শ্রীমিহির উপাধ্যায়:** এই প্রসঙ্গে আমার প্রশ্ন হচ্ছে যে, এই বিবেচনাটা এই সেসন চালু হবার পূর্বেই করবেন, না এই সেসন চলে গেলে করবেন? তা যদি করেন তাহলে আমার এই প্রশ্নই হচ্ছে যে, এই বিবেচনা করতে করতে আরও দু-চারটি সেসন চলে যাবে কি না?

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য:** এই প্রশ্নের কি জবাব দেব?

**শ্রীকমলকান্তি গুহ:** মাননীয় মন্ত্রিমহাশয় কি অবগত আছেন যে, এই বি টি কলেজের দরখাস্ত অনেক শেষে দেওয়া হয়েছিল?

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য:** এটারও জবাব দেওয়া আমার প্রয়োজন নেই।

**ডাঃ রঞ্জিত ঘোষচৌধুরী:** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, আরও বি টি কলেজের পরিকল্পনা নানা জায়গায় আছে, কোথায় কোথায় আছে তা বলতে পারেন কি?

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য:** এইগুলি যত শীঘ্র সম্ভব আপনাদের জানানো হবে।

### Remunerations received by the Ministers

***26.** (Admitted question No. *136.) **Dr. Pratap Chandra Chunder:** Will the Minister-in-charge of the Finance Department be pleased to state the details of remunerations received by individual Ministers of Government during Mach, April and May, 1967, under the following heads:—

(a) Salary,
(b) House Rent,
(c) Car Allowance,
(d) Sumptuary Allowance,
(e) Any other allowance, if any,
(f) Travelling Allowance billed and/or drawn by each of them for three months for March, April and May, 1967?

**Shri Jyoti Basu:** Two statements showing the details are placed on the Library Table.

**ডঃ প্রতাপচন্দ্র চন্দ্র:** লাইব্রেরী টেবিলে যেটা দেওয়া আছে তাতে ট্রাভলিং অ্যালাউয়্যান্স সম্বন্ধে নতুন কোন নীতি কি এই সরকার গ্রহণ করেছেন?

**শ্রীজ্যোতি বসু:** আমি যতদূর জানি কোন নীতি গ্রহণ করা হয় নি।

**ডঃ প্রতাপচন্দ্র চন্দ্র:** মন্ত্রীরা যখন রাজনৈতিক সভায় যোগদান করেন তখন তাঁরা কি টি এ ড্র করেন?

**শ্রীজ্যোতি বসু:** রাজনৈতিক সভায় যোগদান করার জন্য যদি যান তাহলে নিশ্চয়ই তাঁরা টি এ ড্র করতে পারেন না।

**শ্রীনারায়ণচন্দ্র চৌধুরী:** মন্ত্রিমহাশয়রা এই কয়েক মাসের আয়ুষ্কালে কত টাকা ড্র করেছেন বলতে পারবেন কি?

**শ্রীজ্যোতি বসু:** সেটা লাইব্রেরী টেবিলে দেওয়া আছে যোগ করে নেবেন।

**ডাঃ রঞ্জিত ঘোষচৌধুরী:** ১৯৬২ সালে মন্ত্রিসভা গঠিত হবার পর প্রথম তিন মাসে আজকে যে যে খাতে প্রশ্ন উঠেছে সেই সমস্ত খাতে যোগ করে তদানীন্তন মন্ত্রিমহাশয়রা যে টাকা খরচ করেছিলেন এবারের মন্ত্রিমহাশয়রা তার চেয়ে বেশি করেছেন, না কম করেছেন সেটা বলতে পারবেন কি?

**শ্রীজ্যোতি বসু:** সেটা নোটিস দিলে বলতে পারব। তবে এইটুকু বলতে পারি, তাঁরা নিশ্চয়ই প্রায় দ্বিগুণ নিয়েছিলেন আমাদের চেয়ে।

**ডাঃ রঞ্জিত ঘোষ চৌধুরী:** উনি যখন একটা হিসাব করে ফেলেছেন যে, ও'দের চেয়ে দ্বিগুণ নিয়েছেন তখন যোগ করে বলতে পারছেন না কেন?

**শ্রীজ্যোতি বসু:** নোটিস দিলে যোগ করে বলে দেব।

**শ্রীকমলকান্তি গুহ:** ১৯৬২ সালে গ্রীষ্মকালে তখনকার মন্ত্রীরা কতখানি ঘুরে কত ভাতা নিয়েছিলেন এবং এবারে গ্রীষ্মকালে যুক্তফ্রন্টের মন্ত্রীরা কতখানি ঘুরে কত ভাতা নিয়েছেন?

**শ্রীজ্যোতি বসু:** আমি তো বলেছি যে, নোটিস দিলে বলতে পারব।

**ডাঃ গোপিকারঞ্জন মিত্র:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে, একই জায়গায় একই উদ্দেশ্য নিয়ে ১৪ দলের ১৪ জন মন্ত্রী ট্রাভেল করেছেন?

**শ্রীজ্যোতি বসু:** ঠিক ১৪ জায়গায় গিয়েছেন কিনা জানি না কিন্তু দু-চার জায়গায় হতে পারে। কারণ বিভিন্ন বিভাগ আছে অতএব সেখানে বিভিন্ন মন্ত্রীকে একই জায়গায় যেতে হতে পারে।

**ডাঃ রঞ্জিত ঘোষ চৌধুরী:** মাননীয় মন্ত্রিমহাশয় নিশ্চয়ই জানেন যে, যখন মন্ত্রিমহাশয়রা কোন অফিসিয়াল টুরে যান তখন আমরা টুর প্রোগ্রামের কপি পেয়ে থাকি। এই রকম কি মন্ত্রিমহাশয়রা করতে পারেন যে অফিসিয়াল টুর প্রোগ্রাম দিয়ে যা লিখেছিলেন সেট সংক্রান্ত কোন কাজ না করে সোজাসুজি গাড়ি থেকে নেমে পার্টি মিটিংএ যেতে পারেন?

**মিঃ স্পীকার:** দিস কোশ্চেন ডাজ নট অ্যারাইজ ফ্রম দিস কোশ্চেন।

### "Gherao" in North Bengal University

***27.** (Admitted question No. *146.) **Shri Mrityunjoy Banerjee:** (a) Will the Minister-in-charge of the Education Department be pleased to state if he is aware that on 1st June, 1967, some five officers including Registrar of the North-Bengal University were "Gheraoed" in their office from 3 p.m. till 12 noon, the next day and that they were not allowed to come out during this period?

(b) If the answer to (a) be in the affirmative, will he be pleased to state (i) whether Police assistance was sought for their rescue and at what time; and

(ii) when that assistance was available?

**Shri Jyoti Bhusan Bhattacharya:** (a) The Finance Officer of the North Bengal University was "Gheraoed" in his office from 3-30 p.m. on 1st June 1967 till 10-30 p.m. on 2nd June 1967 and during this period he was allowed to go to his quarters to take his meals. It is not known if any other officer of the North Bengal University was also "Gheraoed".

(b) (i) No; The 'Gherao' was peaceful and police was not called upon to intervene.

(ii) The question does not arise.

**Shri S. M. Fazlur Rahaman:**

ঘেরাও হয়েছিল সেটা আপনি স্বীকার করলেন, আমার প্রশ্ন হচ্ছে সেই ঘেরাওটা আইনসম্মত, না বেআইনী।

**Shri Jyoti Bhusan Bhattacharya:**

সেটা হাইকোর্টের ব্যাপার, আদালতের জবাব দেবার কথা।

**শ্রী এস এম ফজলুর রহমান:** ঘেরাও হতে পারে এই অভিযোগ তিনি করেছিলেন কিনা?

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য:** আমার কাছে কোন অভিযোগ আসে নি।

**শ্রী এস এম ফজলুর রহমান:** যিনি ঘেরাও হয়েছিলেন বা যখন ঘেরাও হয়েছিল তখন আপনার কাছে সেই অভিযোগটা কোন্ সূত্র থেকে এসেছিল?

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য:** আমার কাছে এই সংবাদ দুটি সূত্রে এসেছিল। একটা হচ্ছে পুলিস রিপোর্ট, আর একটা খবর হচ্ছে ওখানকার যুক্তফ্রন্টের যাঁরা কর্মী তাঁরা টেলিগ্রাম করেছিলেন।

**শ্রী এস এম ফজলুর রহমান:** পুলিস যে খবর পেয়েছিল সেটা পুলিসী সূত্রে একথা বলা হয়েছিল কিনা যে, ঘেরাওটা পুলিস ধর্তব্যের মোকর্দমা?

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য:** এসব কথা পুলিস রিপোর্টে নেই।

**শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্ত:** মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি, এই ঘেরাও যখন চলছিল তখন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলার মহাশয় আপনার এবং আপনার বিভাগের দৃষ্টি আকর্ষণ করেছিলেন?

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য:** এ সম্পর্কে নোটিস দিলে বলতে পারব।

## Government grant to the Indian Institute of Management, Calcutta

***28.** (Admitted question No. *158.) **Shri Gangadhar Pramanick:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) how much capital grant has been accorded to the Indian Institute of Management, Calcutta, till now by the Government of West Bengal;

(b) how much recurring grant has been given to the Institute by the Government of West Bengal during the last five years; and

(c) whether the Government of West Bengal have any say in the appointment of Chairman and the Board of Governors of the Institute?

**Shri Jyoti Bhusan Bhattacharya:** (a) A sum of Rs. 8,86,687.00 was sanctioned for acquisition of land for a permanent campus of the Institute at Behala. Besides this amount Rs. 3.00 lakhs was sanctioned for the development of the new site at Behala.

(b) Recurring grants making a total of Rs. 9,90,232.00 during the period from 1962-63 to 1966-1967 was sanctioned to the Institute.

(c) The Board of Governors of the Indian Institute of Management is composed as follows:

1. Chairman—to be appointed by the Central Government in consultation with the State Government.

2, 3 and 4. Three nominees of the Central Government representing its Ministries of Finance, Scientific Research and Cultural Affairs and Commerce and Industry.

5 and 6. Two nominees of the State Government representing its concerned departments.

7. A representative of the All Indian Council for Technical Education.

8 to 13. Six persons to be nominated by the Central Government in consultation with the State Government to represent Commerce, Industry, Labour and other interests.

14. A representative of the All India Management Association.

15. A representative of the National Productivity Council of India.

16 to 21. Not more than 6 members co-opted by the Governing Body as a whole.

22. Director of the Institute (Ex-officio Member-Secretary).

**Dr. Nalinaksha Sanyal:** Will the Hon'ble Minister-in-charge be pleased to state if the persons appointed have any limited period for their functioning? Is there any time limit by which they can retire or they can be replaced.

**Shri Jyoti Bhusan Bhattacharya:**

[illegible] প্রশ্ন নেই, [illegible]।

[1-30—1-40 p.m.]

**Dr. Nalinaksha Sanyal:** Will the Hon'ble Minister be pleased to state if he is aware that the ex-Chief Minister of Government of West Bengal, Mr. P. C. Sen, who had been the Chairman of this institute has either tendered resignation or has withdrawn from the Board?

**Shri Jyoti Bhusan Bhattacharya:** Mr. Sen has resigned from the Chairmanship.

**Dr. Nalinaksha Sanyal:** Will the Hon'ble Minister be pleased to state if any opinion has been taken by the Central Government for appointment of subsequent Chairman?

**Shri Jyoti Bhusan Bhattacharya:** The Central Government has asked our views. Everything is being considered.

**Dr. Nalinaksha Sanyal:** Will the Hon'ble Minister be pleased to state if the present Chief Minister or his nominee has been pleased to accept the Central Government's invitation to Chairman?

**Shri Jyoti Bhusan Bhattacharya:** I have said that this matter is under consideration.

**Shri S. M. Fazlur Rahman:** Was Mr. P. C. Sen appointed as Mr. P. C. Sen or ex-officio Chief Minister?

**Shri Jyoti Bhusan Bhattacharya:** He was appointed by name not as ex-officio Chief Minister.

**Shri Saila Kumar Mukherjee:** Will the Hon'ble Minister kindly state whether the Centrally sponsored and State sponsored scheme is a joint scheme?

**Shri Jyoti Bhusan Bhattacharya:** It is a Centrally sponsored scheme.

**Shri Saila Kumar Mukherjee:** If it was a Centrally sponsored scheme, will the Hon'ble Minister kindly state what is the contribution so far made by the Central Government apart from the State Government contribution?

**Shri Jyoti Bhusan Bhattacharya:**

(এ ভয়েসঃ বলুন নোটিস চাই)

না, আমার নোটিস চাই না। এগুলি আমার এখানে আছে। একটু ধৈর্য ধরুন।

এখানে একমাত্র হচ্ছে সেন্ট্রাল গভর্নমেন্ট এবং স্টেট গভর্নমেন্ট। তার কনস্টিটিউশন কি এখানে দিচ্ছি। রেকারিং গ্র্যান্ট এই অ্যাকাউন্টে ওয়েস্ট বেংগল গভর্নমেন্ট ১৯৬২ থেকে ১৯৬৭ সাল পর্যন্ত ৯,৯০,২৩৩ টাকা দিয়েছিলেন, আর ক্যাপিটাল গ্র্যান্টএর জন্য দিয়েছিলেন ৮,৮৬,৬৮৭ টাকা—জমি কিনতে এবং ৩ লক্ষ টাকা দেওয়া হয়েছে ঐ জমি উন্নতি বিধানের জন্য। আর সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে যে টাকা দেওয়া হয়েছে গত পাঁচ বছরে ঐ সেন্ট্রাল গভর্নমেন্ট গ্র্যান্ট দিয়েছেন ৫০,৯৭,০০০ টাকা।

**Shri Gangadhar Naskar:**

এই প্রতিষ্ঠানের অধ্যাপকমন্ডলীর সংখ্যা কত এবং তার মধ্যে বাঙ্গালী কতজন?

**Shri Jyoti Bhusan Bhattacharya:**

গত ৩-১০-৬৫ তারিখ পর্যন্ত যা ছিল সেটা আপনাদের জানাচ্ছি—এতে দেখা যাচ্ছে—ফ্যাকাল্টি, ডিন, টিচিং স্টাফ ইনক্লুডিং দি রিসার্চ ফেলোজ সবশুদ্ধ ২২ জন। তার মধ্যে বাঙগালী ৯ জন এবং অবাঙ্গালী ১৩ জন স্টাফ। রিসার্চ স্টাফ বাঙগালী ৩ জন আর অবাঙ্গালী ৫ জন মোট ৮ জন। আদার্স স্টেনো টাইপিস্টস, ক্লার্কস এদের সংখ্যা সবশুদ্ধ ৩৫ জন—বাঙ্গালী ২৬ জন এবং অবাঙগালী ৯ জন। লাইব্রেরী স্টাফ মোট ১৯ জনের মধ্যে বাঙ্গালী ১৪ জন ও অবাঙ্গালী ৫ জন। অ্যাডমিনিস্ট্রেশন ইনক্লুডিং অ্যাকাউন্টস সবশুদ্ধ ১২২ জন। তার মধ্যে বাঙ্গালী হচ্ছে ৫২ জন এবং অবাঙ্গালীর সংখ্যা হচ্ছে ৭০ জন। অর্থাৎ মোট ২০৬ জনের মধ্যে বাঙ্গালী হচ্ছে ১০৪ জন।

**Shri S. M. Fazlur Rahaman:**

ননীয় মন্ত্রিমহাশয় বলতে পারেন কি, যারা স্টাফ ওখানে অ্যাপয়েন্টেড হয়েছে, তারা বাঙ্গালী বাঙ্গালী হিসেবে হয়েছে, না যোগ্যতা অনুসারে অ্যাপয়েন্টেড হয়েছে?

**Shri Jyoti Bhusan Bhattacharya:**

লমালে ঠিক বুঝতে পারলাম না—আবার বলুন।

**Shri S. M. Fazlur Rahaman:**

রা ওখানে অ্যাপয়েন্টেড হয়েছে, তারা কি যোগ্যতার মাপকাঠিতে হয়েছে, না, বাঙ্গালী-বাঙ্গালী হিসেবে হয়েছে?

**Shri Jyoti Bhusan Bhattacharya:**

রকম হয়েছে তাই বললাম। এর বেশি যদি আরও ইনস্টিটিউট সম্বন্ধে কিছু জানবার কে তো আপনি নোটিস দেবেন, বলে দেব।

**Dr. Nalinaksha Sanyal:** Will the Hon'ble Minister be pleased to state he is thinking of advising the Central Government about fixing the rm of office of the members of the Board of Governors since the Minister is already stated that there is no term—once he becomes a criminal, he is ways a criminal?

**Shri Jyoti Bhusan Bhattacharya:** I did not say that there is no term. said that this question would require notice.

**শ্রীগঙ্গাধর প্রামানিকঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি যে, বর্তমান ডিরেক্টর কবে য়োজিত হইয়াছেন এবং তাঁর নাম কি?

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্যঃ** আমি নোটিস চাই।

**শ্রীগঙ্গাধর প্রামানিকঃ** মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, এই ডিরেক্টরের দ খালি হইলে অধ্যাপকমণ্ডলীর মধ্য হইতে ডিরেক্টর নির্বাচনে কি অসুবিধা হইল?

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্যঃ** আমি নোটিস চাই।

## Stadium in Calcutta

***29.** (Admitted question No. *21.)

**শ্রীআবদুল হকঃ** শিক্ষাবিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতায় স্টেডিয়াম নির্মাণের জন্য জমি চূড়ান্তভাবে স্থিরীকৃত হইয়াছে কিনা, এবং

(খ) উক্ত স্টেডিয়াম নির্মাণের সর্বশেষ পরিস্থিতি কি?

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্যঃ** (ক) হ্যাঁ। (খ) বিষয়টা সরকারের বিবেচনাধীনে আছে।

**ডাঃ রঞ্জিত ঘোষচৌধুরীঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, আমার প্রশ্নটা হচ্ছে সর্বশেষ পরিস্থিতি ক?

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্যঃ** সরকারের বিবেচনাধীন আছে।

**শ্রীজগন্নাথ কোলেঃ** এই জায়গাটা কোন্ জায়গা?

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্যঃ** এলেনবরা কোর্স।

**শ্রীজগন্নাথ কোলেঃ** আপনারা বিবেচনা করছেন বললেন, সে বিবেচনা কবে চূড়ান্তভাবে শেষ হবে বলতে পারেন?

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্যঃ** যত শীঘ্র সম্ভব করা হবে।

**শ্রীজগন্নাথ কোলেঃ** আসছে বছর এর কাজ আরম্ভ করা দেখতে পাব?

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্যঃ** খুব বিশ্বাস আপনারা দেখতে পাবেন।

**ডাঃ জয়নাল আবেদীনঃ** কবে এই বিবেচনা আপনারা প্রথম আরম্ভ করেছেন?

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্যঃ** এটা আমার পক্ষে এক্ষুণি জানানো সম্ভব নয়।

**শ্রীজগন্নাথ কোলেঃ** এটা কি এলেনবরা কোর্সে চূড়ান্ত ঠিক করা হয়েছে?

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্যঃ** হ্যাঁ, এলেনবরা কোর্সে ঠিক করা হয়েছে।

**ডাঃ জয়নাল আবেদীনঃ** আপনি ঠিক বছর বলতে পারছেন না সেজন্য আমি জিজ্ঞাসা করছি যে, এই স্টেডিয়াম নির্মাণের ব্যাপারটি যুক্তফ্রন্ট সরকারের আগে যে সরকার ছিলেন তাঁরা বিবেচনা করছিলেন না, আপনারা প্রথম বিবেচনা শুরু করলেন?

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্যঃ** আমার যতদূর জানা আছে বিবেচনা বহুদিন থেকে করা হচ্ছে। আমরা আশা করছি, এই বছরের মধ্যে এর একটা চূড়ান্ত নিষ্পত্তি করা হবে।

**ডাঃ গোপিকারঞ্জন মিত্রঃ** আপনারা কি জমির দখল পেয়ে গেছেন?

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্যঃ** জমির দখল পাওয়া গেছে।

**ডাঃ গোপিকারঞ্জন মিত্রঃ** কতদিন আগে এই জমির দখল পাওয়া গেছে?

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্যঃ** আমি নোটিস চাই।

**ডাঃ জয়নাল আবেদীনঃ** স্টেডিয়াম নির্মাণ করতে কত টাকা ব্যয় হবে মোটামুটি বলতে পারেন?

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্যঃ** আমি নোটিস চাই।

**শ্রীমতী সাকিলা খাতুনঃ** এই স্টেডিয়ামে কত লোকসংখ্যা অ্যাকোমডেট করতে পারেন সেটা মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি?

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্যঃ** আমি নোটিস চাই।

### Vivekananda-Ramkrishna Powerloom Co-operative Society Ltd.

***30.** (Admitted question No. *22.)

**শ্রীআবদুল হকঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্পবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদের জিয়াগঞ্জে অবস্থিত বিবেকানন্দ-রামকৃষ্ণ পাওয়ারলুম কো-অপারেটিভ সোসাইটি লিমিটেডের নিকট হইতে সরকারের প্রাপ্য ঋণের এবং তাহার সুদের টাকার পরিমাণ বর্তমানে কত;

(খ) চুক্তিমত ঐ টাকা পরিশোধ হইতেছে কি না; এবং

(গ) উক্ত সোসাইটির কার্যনির্বাহক সমিতির সভ্যদের (১) নাম, (২) শিক্ষাগত যোগ্যতা এবং (৩) পরিচয় কি?

**Shri Kashi Kanta Maitra:**

(ক) সমিতির প্রকৃত নাম জিয়াগঞ্জ রামকৃষ্ণ বিবেকানন্দ পাওয়ারলুম কো-অপারেটিভ সোসাইটি। কিস্তি অনুযায়ী পাওনা টাকা নিম্নে উল্লেখ করা হইল।

| আসল | সুদ |
|---|---|
| টাঃ ৮,৯৪৪·৭৫ পঃ | টাঃ ২,৫৯৫·২২ পঃ। |

(খ) না।

(গ) সভ্যদের শিক্ষাগত যোগ্যতা জানা নাই।

(১) শ্রীবীরেন্দ্রকুমার সাহা—চেয়ারম্যান

(২) শ্রীস্মৃতিকুমার মজুমদার—ডিরেক্টর

(৩) শ্রীআব্দুল হামিদ খান—ডিরেক্টর ও সেক্রেটারী

(৪) শ্রীদুর্গাপদ সিংহ—ডিরেক্টর

(৫) শ্রীপাঁচুগোপাল সরকার—ডিরেক্টার

(৬) শ্রীসত্যব্রত ভট্টাচার্য—ডিরেক্টর

(৭) শ্রীঅসিতকুমার ঘোষ—ডিরেক্টর

## UNSTARRED QUESTIONS

### (to which written answers were laid on the table)

### Reclamation of Telkar, Bilbasia and Singar Beel, Murshidabad

**12.** (Admitted question No. 53.)

**শ্রীমহঃ আবদুল বারিঃ** সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার (১) তেলকার, (২) বিলবাসিয়া এবং (৩) সিংগার বিলের সংস্কারের যে পরিকল্পনা ছিল তাহার কোন্‌টির সর্বশেষ পরিস্থিতি কিরূপ;—

(খ) কোন্‌টির এলাকা কত একর,

(গ) সংস্কার করিলে কোন্‌টিতে কত একর জমি পাওয়া যাইবে, এবং

(ঘ) ঐগুলি সংস্কার করিতে দেরী হওয়ার কারণ কি?

**The Minister for Irrigation and Waterways:**

(ক) বিলবাসিয়া ও তেলকার বিল এলাকার জলনিকাশী সমস্যা কাঁদি ও তৎসন্নিহিত অঞ্চলের জলনিষ্কাশন ও বন্যা নিরোধ সমস্যার সহিত জড়িত। মডেল পরীক্ষা সমাধানের পর কাঁদি ও সন্নিহিত এলাকার জলনিষ্কাশন ও বন্যানিরোধ প্রকল্প চূড়ান্তভাবে প্রস্তুত করা হইবে। মডেল পরীক্ষার কাজ শেষ হয় নাই।

সিংগার বিল সংস্কারের প্রকল্প প্রস্তুত করিবার জন্য প্রয়োজনীয় জরীপ ও তথ্যাদি বিশদভাবে সংগ্রহ করা প্রয়োজন। এই কার্য এখনও গ্রহণ করা হয় নাই। যথাসম্ভব শীঘ্র গ্রহণ করিবার চেষ্টা করা হইবে।

(খ) তেলকার বিলের এলাকা ১০,৯১২ একর, বিলবাসিয়ার এলাকা ২৮,১৬০ একর এবং সিংগার বিলের এলাকা ১,৯৫২ একর।

(গ) তেলকার, বিলবাসিয়া এবং সিংগার বিলের সংস্কার করিলে যথাক্রমে ১০,৯১২, ২৮,১৬০ এবং ১,৯৫২ একর এলাকা বর্ষা পরবর্তীকালে উপকৃত হইবে।

(ঘ) কাঁদি সন্নিহিত এলাকার জলনিষ্কাশন ও বন্যানিয়ন্ত্রণ সমস্যা অত্যন্ত জটিল। সুষ্ঠু প্রকল্প প্রস্তুত করিবার জন্য বিশদ নিরীক্ষা ও তথ্যাদি সংগ্রহ করা এবং মডেল পরীক্ষা একান্ত প্রয়োজন এবং তাহার জন্য কিছু সময় লাগিবে। তাহার পর সম্ভাব্য ব্যয়ের পরিমাণ দেখিয়া আর্থিক সঙ্গতি অনুসারে কার্যকরী ব্যবস্থা লওয়া হইবে।

**Expenditure on Assembly and Council Sessions**

**13.** (Admitted question No. 121.

**শ্রীমহঃ আবদুল বারি:** স্বরাষ্ট্র (সংবিধান ও নির্বাচন) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪, ১৯৬৫ এবং ১৯৬৬ সালে—

(১) বিধানসভা এবং

(২) বিধান পরিষদের বৈঠকের জন্য কোন্ বৎসর কোন্ সভার জন্য কত ব্যয় হইয়াছে : এবং

(খ) কি কি খাতে কত টাকা ব্যয় হইয়াছে?

**The Minister for Home (Constitution and Election):**

(ক)

(১) **বিধানসভা**

| **সাল** | **খাত** | **খরচের পরিমাণ** |
|---|---|---|
| | | টাকা |
| | Allowances, Honoraria, etc.<br>Travelling Allowances (Voted) | |
| ১৯৬৪ | | ৫,৯৮,৭৩৯·০০ |
| ১৯৬৫ | ঐ | ৭,৬৪,৩৯৩·০০ |
| ১৯৬৬ | ঐ | ৬,৮২,৮৬৯·০০ |

(২) **বিধান পরিষদ**

| **সাল** | **খাত** | **খরচের পরিমাণ** |
|---|---|---|
| | | টাকা |
| | Allowances, Honoraria, etc.<br>Travelling Allowances (Voted) | |
| ১৯৬৪ | | ১,৬৪,৫২৬·০০ |
| ১৯৬৫ | ঐ | ২,০৬,৯৭৭·০০ |
| ১৯৬৬ | ঐ | ২,১২,৬৬৩·০০ |

(খ) স্বতন্ত্রভাবে বিভিন্ন দফার (আইটেম) খরচ দেখানো সম্ভব নয়, কারণ একই ব্যয়খাতের অধীনে এইসব খরচ দেখানো হয় এবং এই ব্যয়গুলি পরস্পর পরস্পরের সহিত সম্পৃক্ত।

**Egra-Digha Metalled Road Construction Scheme, Midnapore**

**14.** (Admitted question No. 131.)

**শ্রীআবদুল হক:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার এগরা হইতে দীঘা পর্যন্ত যে পাকা রাস্তা তৈরি করার পরিকল্পনা ছিল তাহা কতদূর অগ্রসর হইয়াছে ;

(খ) কতদিনের মধ্যে উহা শেষ হইবে বলিয়া আশা করা যায় ; এবং

(গ) উক্ত রাস্তার জন্য কত টাকার এস্টিমেট করা হইয়াছে এবং ইতিমধ্যে কত টাকা খরচ হইয়াছে?

**The Minister for Public Works (Roads):**

(ক) এগরা হইতে সোজাসুজি দীঘাগামী কোন রাস্তা উন্নয়নের পরিকল্পনা সরকারের নাই, তবে এগরা হইতে কাঁথি-দীঘা রাস্তার উপর অবস্থিত রামনগর পর্যন্ত একটি রাস্ত তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় গ্রহণ করা হইয়াছে এবং উহার কাজ শেষ হইলে এগরা হইতে দীঘা যাবার পথ সুগম হইবে। এগরা-রামনগর অংশের উপর কাজ চলিতেছে। মাটির কাজ সমাপ্তপ্রায় এবং প্রথম তিন মাইলের পাথরের কাজ (স্টোন কনসলিডেশন) শেষ হইয়াছে তাহা ছাড়া, ছোট ছোট সাঁকো ও সেতুর কাজও কিছু অগ্রসর হইয়াছে।

(খ) অর্থ সঙ্কুলান সাপেক্ষে চতুর্থ পরিকল্পনার মধ্যেই।

(গ) ৪০,৪৩,৬০০ টাকার এস্টিমেট করা হইয়াছে এবং ৩১এ মার্চ, ১৯৬৭ পর্যন্ত ১৬,৮৫,৪৭৭ টাকা খরচ হইয়াছে।

## Escape of prisoners from jails

**15.** (Admitted question No. 45.)

**শ্রীমহঃ আবদুল বারি:** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪ সাল হইতে বর্তমান সময় পর্যন্ত কোন্ জেল হইতে কতজন ব্যক্তি পলায়ন করিয়াছেন ;

(খ) উক্ত ব্যক্তিগণের কয়জনকে পুনরায় ধরা হইয়াছে ;

(গ) কতজনকে অদ্যাবধি ধরা যায় নাই ; এবং

(ঘ) উক্ত কোন ঘটনার জন্য কতজন জেলের কর্মচারীর বিরুদ্ধে কি কি ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে (নাম ও পদমর্যাদা সহ)?

**The Minister for Home (Jails)**

(ক), (খ), (গ) ও (ঘ) প্রার্থিত তথ্য সম্বলিত একটি বিবরণী বিধানসভার পাঠাগার কক্ষে টেবিলে স্থাপিত হইল।

## Rural Health Centres and Hospitals in Nadia District

**16.** (Admitted question No. 104.) **Dr. Nalinaksha Sanyal:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) the names of various Rural Health Centres and Hospitals in the Nadia District maintained out of Public Funds and the number of beds for indoor patients provided at each of the same;

(b) the number of indoor and outdoor patients attended at each Centre separately during the last five years;

(c) the number of doctors and attendants sanctioned as also the sums allowed for purchase of medicines every year at each place; and

(d) what steps have been taken or contemplated to ensure improved medical attendance and treatment at Rural Health Centres?

**The Minister for Health:** (a) Statement 'A' is placed on the Library Table.

(b) The particulars are being collected from the local offices and will be furnished as early as possible.

(c) As regards doctors and staff Statement 'B' is placed on the Library Table.

Sums allowed for medicines are as follows:—

Hospitals—Amount sanctioned for Medicines, Drugs, etc.—

Indoor beds—50 Paise per occupied bed per diem.

Special medicine including X-ray films, etc.—Rs. 100 per bed per annum.

Outdoor—25 Paise per patient per diem.

Health Centres.—Amount sanctioned for medicines, drugs, etc.—

Indoor—25 Paise per occupied bed per diem.

Outdoor—12 Paise per patient per diem.

Over and above this an extra allotment of Rs. 14 lakhs was sanctioned last year (i.e. 1966-67) and Rs. 10 lakhs during the year 1965-66 for purchase of medicines for supply to the patients through Health Centres and A. G. Hospitals in the State.

(d) (i) Specialists attached to District Hospitals are paying visits to the Primary Health Centres.

(ii) Electricity is being provided to the Health Centres in the rural areas where electricity is available at the vicinity.

(iii) Additional funds are being allotted for the purchase of medicines for supply to the patients of Health Centres.

(iv) It is proposed to increase the diet and rate to medicines.

[1-40—1-50 p.m.]

## Adjournment motion

**Mr. Speaker:** I have received a notice of adjournment motion from Shri Dasarathi Tah on the subject of disruption of a meeting organised by certain political parties at Calcutta University Institute by supporters of another political party on the 2nd of July, 1967.

I have withdrawn consent but I want to read the notice.

কলিকাতা শহরে গণতন্ত্রবিরোধী কার্যকলাপ বন্ধের আলোচনার জন্য এই সভার কাজ মূলতুবী রাখা হউক। আলোচনার বিষয়ের বিবৃতি নিম্নরূপঃ—ইনস্টিটিউট হলে পার্লামেন্টে প্রজা-সোস্যালিস্ট পার্টি সংযুক্ত সোস্যালিস্ট পার্টি, জনসঙ্ঘ, স্বতন্ত্র দল ও ফরোয়ার্ড ব্লকে পাঁচটি জাতীয়তাবাদী দলের প্রতিনিধিদের এবং আচার্য কৃপালনী, শ্রীপ্রকাশবীর শাস্ত্রী প্রমুখ কয়েক-জন নির্দলীয় নেতার আহ্বানে পিকিংবিরোধী ঐক্য দিবস পালনের আয়োজিত সভায় একদল উগ্রপন্থী চীনা সমর্থক সশস্ত্র ব্যক্তি সভা আক্রমণ করে এবং লাঠি, সোডার বোতল, ইট-পাটকেল নিক্ষেপ করে সভায় যোগদানকারীদের রক্তাক্ত করে এবং ঐ অঞ্চলে বোমা বিস্ফোরণ করে সন্ত্রাসের সৃষ্টি করে। এই আক্রমণকারী দল, 'মাও সে-তুং জিন্দাবাদ, চীনের পথ আমাদের পথ, নকশালবাড়ির পথ আমাদের পথ, লাল চীন লহ সেলাম—আমরা করব ভিয়েৎনাম' প্রভৃতি ধ্বনি দিতে থাকে। এইভাবে যে দল জাতীয়তাবিরোধী আবহাওয়া সৃষ্টি করে—পশ্চিম বাংলার নিরাপত্তা সমস্ত দেশের সার্বভৌমত্ব ও স্বাধীনতা বিপন্ন করে তুলছে এবং দেশের গণতন্ত্রকে হত্যা করতে উদ্যত হয়েছে।

## Calling attention to matters of urgent public importance

**Mr. Speaker:** The Hon'ble Minister-in-charge of Food and Supplies Department will please make a statement on the subject of drought in West Bengal called attention by Shri Mohammed Abdul Bari on the 27th June, 1967.

**Dr. Prafulla Chandra Ghose:**

পূর্বতন পশ্চিম বাংলা সরকার ১৯৬৬ ডিসেম্বর মাসে ধান সংগ্রহের জন্য একটি লেভী অর্ডার জারী করে। কিন্তু ১৯৬৭ জানুয়ারী ও ফেব্রুয়ারী মাসে চাউল সংগ্রহের পরিমাণ হয় মাত্র ৪২ হাজার টন। গত ১লা মার্চ তারিখে খাদ্যদপ্তরের হাতে ছিল ৩৫·৪ হাজার মেট্রিক টন চাউল ও ২৬ হাজার মেট্রিক টন গম। ২রা মার্চ যুক্তফ্রন্ট সরকারের কয়েকজন মন্ত্রী শপথ গ্রহণ করেন। তখন পূর্বতন সরকারের নির্দেশমত বিধিবদ্ধ রেশন এলাকায় প্রতি প্রাপ্ত-বয়স্ককে সপ্তাহে ১ কিলো গম ও ·৭৫ কিলো চাউল দেওয়া হত। মডিফায়েড রেশন বলে বিশেষ কিছু ছিল না। নূতন সরকারও বিধিবদ্ধ রেশন এলাকায় পূর্বোক্ত পরিমাণ চাউল ও গম সরবরাহ করতে থাকে। ১৯শে জুন হতে গম ১·২৫ কিলো ও চাউল ·৫ কিলো করা হয়েছে। মোট পরিমাণ পূর্বের মতন ১·৭৫ কিলো। বর্তমান সরকার লেভী প্রথা উঠিয়ে দেয়, আন্তঃ-জিলা ও জিলার অভ্যন্তরে কর্ডন উঠিয়ে দেয়। কৃষকদিগকেও ন্যায্য মূল্য দেওয়ার উদ্দেশ্যে ধানের সরবরাহ মূল্য মণ প্রতি ৫ টাকা বাড়ানো হয়। ১লা জুলাই তারিখে খাদ্য দপ্তরের হাতে আছে ৩৩ হাজার মেট্রিক টন চাউল ও ২৭ হাজার মেট্রিক টন গম। ১লা মার্চ তারিখে হাতে ছিল মোট ৬১ হাজার টনের কিছু বেশি, আর ১লা জুলাই ৬০ হাজার টন। ১লা মার্চ হতে ৩০শে জুন পর্যন্ত সংগৃহীত হয়েছে ৫১ হাজার টন চাউল।

পশ্চিম বাংলা সরকার কেন্দ্রীয় সরকারের নিকট হইতে ১৯৬৬ সালে পেয়েছিল ১৫·৯ লক্ষ টন চাউল ও গম। এবার বর্তমান সরকার চেয়েছে ১৫ লক্ষ টন। গত আমন ফসল পূর্বেকার বৎসরের চেয়ে কম হয়েছে, খাওয়ার লোকসংখ্যাও কিছু বেড়েছে। তথাপি ভারত-বর্ষের অনেক প্রদেশের দুরবস্থার কথা ভেবে নিম্নতম প্রয়োজন হিসাবে ১৫ লক্ষ টন চেয়েছে। ইহা সম্পূর্ণ যুক্তিযুক্ত। কেন্দ্রীয় সরকার পূর্বতন পশ্চিম বাংলা সরকারকে ১লা জানুয়ারী হতে মাসে ৭৫ হাজার মেট্রিক টন গম ও ১৫ হাজার টন চাউল দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছিল জুন মাস পর্যন্ত। কিন্তু মে মাস পর্যন্ত ৪৩ হাজার টন কম দিয়েছে। ইহাতে খুবই অসুবিধা হয়েছে। গত ১৪ই জুন কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী জগজীবন রামজী পশ্চিম বাংলায় আসেন। খরাপীড়িত পুরুলিয়া ও বাঁকুড়ায় যান। তখন তিনি ৪৩ হাজার টন গম যা কম দিয়েছিলেন তা পূরণ করবার জন্য জুলাই, আগস্ট ও সেপ্টেম্বর এই তিনমাসে ৭৫ হাজার টনের উপরেও মাসিক ১৫ হাজার টন গম দেওয়া হবে বলেন। এ ছাড়া জুন মাসে ৫ হাজার টন মাইলো ও পুরুলিয়া বাঁকুড়ার জন্য ২ হাজার টন গম দেওয়ার প্রতিশ্রুতি দেন। এই গম দান হিসাবে। জুন মাসে গম ও মাইলো ঠিক পরিমাণে এসেছে। কিন্তু চাউল কম পেয়েছি সাড়ে দশ হাজার টন। অতএব অসুবিধা সুস্পষ্ট। একেই কেন্দ্রীয় সরকারের প্রতিশ্রুত পরিমাণ পর্যাপ্ত নয়, তাও যদি যথাসময়ে না আসে, তবে বিশেষ করে এই চাষের সময় খুব অসুবিধা হতে বাধ্য। এ সময়ে কৃষকদের বেশি খোরাকী দরকার। জুন মাসে রেশন এলাকা বাদে বিভিন্ন জিলায় দেওয়া হয়েছে মোট ২৬,৭৬০ টন গম ও মাইলো। জুলাই মাসে বরাদ্দ করা হয়েছে গম, মাইলো প্রভৃতি ৪৩ হাজার টন। তার মধ্যে পুরুলিয়া ৬ হাজার, বাঁকুড়া ও মালদহ ৫ হাজার করে।

আমরা বিভিন্ন প্রদেশ হতে চাউল, গম ইত্যাদি পাওয়ার জন্য কেন্দ্রীয় সরকারের সম্মতি নিয়ে চেষ্টা করছি। আশা করি পশ্চিম বাংলার এই দুঃসময়ে কেউ কেউ এগিয়ে আসবে।

চাউলের দাম অযৌক্তিকভাবে বেড়ে গিয়েছে। বিভিন্ন স্তরের দেশদ্রোহী লোক এর জন্য দায়ী। সরকার তাদের সম্বন্ধে যথাযোগ্য ব্যবস্থা অবলম্বনে কৃতসংকল্প।

**শ্রীবিজয় সিং নাহার:** স্পীকার, স্যার, আমি অনুরোধ করব উনি যেটা পড়লেন সেটা আমাদের হাউসে সার্কুলেট করা হোক।

**মিঃ স্পীকার:** হ্যাঁ, করা হবে।

**শ্রীমহম্মদ ইসমাইল:** স্যার, আমি একটা কথা জিজ্ঞাসা করছি, আমাদের খাদ্যমন্ত্রী পল্লী-গ্রামে এম আর চালু করবার কোন পরিকল্পনা নিয়েছেন কিনা, যদি নিয়ে থাকেন তাহলে কবে নাগাদ সেটা চালু করবেন?

**মিঃ স্পীকার:** এর উপর কোন ডিসকাশন হবে না।

The Minister-in-charge of Food and Suplies Department will please make a statement on the subject of acute scarcity and high price of rice in the non-rationed area of Darjeeling district called attention by Shri Arun Kumar Moitra on the 29th June, 1967.

**Dr. Prafulla Chandra Ghose:** Due to general food shortage market prices are ruling very high this year over the State. In view of reduced Central supplies of foodgrains this year, compared to last year, it has not been possible for the Government to distribute foodgrains in sufficient quantities anywhere in the Modified Rationing areas of this State. However, having regard to the special difficulties of the people living in the hill subdivisions of Darjeeling district, foodgrains have been distributed through Modified Rationing to all classes of population in the hill subdivisions of that district from the beginning of this year. During the short period from the 1st May to the 17th June, 1967, this year the following quantities of foodgrains were distributed in the different subdivisions of Darjeeling district under Modified Rationing:

| Name of subdivision | Rice | Wheat |
|---|---|---|
| Darjeeling Sadar .. .. | 4,880 | 16,426 |
| Kurseong .. .. .. | 1,478 | 4,996 |
| Kalimpong .. .. .. | 1,665 | 9,102 |
| Siliguri .. .. .. | 12 | 3,413 |
| | 8,035 | 33,937 |

During the week ending 17th June, 1967 a total population of 620,590 was served under Modified Rationing in the district. Besides, a sum of Rs. 17,600 was allotted to the district for distribution of Gratuitous Relief during the period from 1st April, 1967 to 23rd June, 1967.

[1-50—2-00 p.m.]

## Calling attention to matters of urgent public importance

**Mr. Speaker:** I have received seven notices of Calling Attention on the following subjects, namely:—

(1) Attack on Shri Bimal Kanti Ghose, M.P.—from Shri Gopal Das Nag;

(2) Disturbances in the Calcutta University Campus on 19th June, 1967—from Shri Arun Kumar Moitra;

(3) Alleged request of the I.G. of Police to the Editor of Basumati to write against police policy of the Government—from Shri Narayan Choubey and four others;

(4) Alleged assault on a trade union worker belonging to Forward Block near Raniganj station—from Shri Apurba Lal Majumdar;

(5) Alleged assault upon primary teachers of South Shibpore, district Midnapore by some local influential persons—from Shri Deben Das;

(6) Unsocial activities of some youths of Jadavpur—from Shri Girindra Nath Mondal; and

(7) Alleged instigation by the workers of Congress party against selling of rice at Government fixed price in Reyapara Bazar, Midnapore—from Shri Bhupal Chandra Panda.

I have selected the notice of Dr. Gopal Das Nag on the subject of attack on Shri Bimal Kanti Ghose, M.P. The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject to-day, if possible, or any day.

**Shri Khagendra Nath Das Gupta:**

সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের একটা বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি।

rice not available in market nobody can bring rice or paddy from villagers for fear of looting—Left parties encouraged looting. Immediate interben-tion solicited—Bejoy Krishna Ghosh, Secretary Kandi Bar Association'.

**Shrimati Geeta Mukhopadhyay:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আসানসোল থেকে কোলিয়ারি মজদুর ইউনিয়নের সভাপতি শ্রীকল্যাণ রায়ের কাছ থেকে আজ সকালে আমি একটি জরুরী ট্রাঙ্ককল পেয়েছি। আসানসোল এ বজমল নাগরমলের মালিকানাধীন বড় ধেমো কোলিয়ারির শ্রমিকেরা আজ যুক্তফ্রন্ট সরকারের সমর্থনে এবং কেন্দ্রীয় সরকারের খাদ্যবরাদ্দ বৃদ্ধির দাবিতে মিছিলে বেরিয়েছিলেন। সেই সময় উক্ত কোম্পানির ম্যানেজমেন্টের কুখ্যাত দালাল রামবিলাস ওঝা ও এম সি পাণ্ডের নেতৃত্বে গুণ্ডাদল সেই মিছিলের উপর ঝাঁপিয়ে পড়ে এবং শ্রমিকপক্ষের ৯ জন লোক মালিক-পক্ষের লোকেদের গুলীচালনায় আহত হয়েছেন। উক্ত রামবিলাস ওঝা এবং এম সি পাণ্ডের নামে আগেও ১০৭ ও ১১৭ ধারার মোকদ্দমা চলছিল। বেশ কিছুদিন ধরে আসানসোল কোলিয়ারি এলাকায় মালিকের গুণ্ডারা শ্রমিকদের বিরুদ্ধে যে সশস্ত্র সন্ত্রাসের সৃষ্টি করেছে নিরস্ত্র শ্রমিকদের উপর গুলী চালিয়ে ৯ জনকে আহত করা তার চরম প্রকাশ। মালিক-পক্ষের এই নৃশংস অত্যাচার প্রতিরোধে যথোচিত ব্যবস্থা নেবার জন্য আমি সংশ্লিষ্ট মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীবিজয়সিং নাহার:** আজকে খবরের কাগজে দেখলাম যে, নকশালবাড়ি অঞ্চলে ফাঁসিদেওয়ায় অনেকগুলি সশস্ত্র লোক আবার একজনের বাড়ি আক্রমণ করে। সেখানে গুলী চলায় ২টা লোক মারা গেছে এবং অনেকে আহত হয়েছে। আমরা আরও দেখলাম, ভগবানপুর পুলিস স্টেশন আক্রমণ করেছে সেখানে কি অবস্থা চলছে এবং কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে আমরা আশা করি সেটা আমাদের জানানো হবে। এর সংগে কাল যে ঘটনা ক্যালকাটা ইউনিভার্সিটি ইন্সটিটিউটে ঘটেছে তাতে পুলিস সেখানে নিষ্ক্রিয় ছিল। ১ ঘণ্টা ধরে আমরা দেখলাম, সেখানে খুল খণ্ডযুদ্ধ চলল। মুখ্যমন্ত্রীর কাছে টেলিফোন না করলে এবং অন্য আর মন্ত্রী না বললে পুলিস আসে না। এই সম্বন্ধে মুখ্যমন্ত্রী, পুলিসমন্ত্রী এবং অন্য মন্ত্রীরা আমাদের কাছে কি বলবেন যাতে কলকাতা শহরের বুকে আর এরূপ অবস্থা না হয় তার ব্যবস্থা করবেন।

**শ্রীননী ভট্টাচার্য:** অন এ পয়েন্ট অফ অর্ডার, ব্যাপার হচ্ছে এই যে, আপনি অ্যালাউ করেছেন তাতে একটা বিষয়ের উপর তিনি দৃষ্টি আকর্ষণ করতে পারেন এর বেশি পারেন না। এ বিষয়ে আপনার রুলিং চাই।

**মিঃ স্পীকার:** একটার বেশি হবে না, আই স্যাল লুক ইন্টু দিস......

**Shri Hara Prasad Chatterjee:**

স্যার, ৪নং শোভারাম বসাক স্ট্রীট, মহেশ্বরী বিদ্যালয়, ১২০ জন শিক্ষক আজ ১০৫ দিন ধর্মঘট করে আছে। আপনি শুনে আশ্চর্য হবেন যে, এম-এ, বি-টি পাশ করা শিক্ষকরা সেখানে ৬০ টাকা মাহিনা এবং ৩০ টাকা ডি-এ পান। সরকারের নিয়ম অনুসারে তাঁদের যে মাহিনা দেওয়া উচিত, তা তাঁরা দেন না, কেন না তাঁরা সরকারের সাহায্য নেন না। ১৯৬৪ সালে যে ব্যালেন্স সীট সে স্কুলের বার হয়েছিল তাতে ২।৩টা জিনিস লক্ষ্য করবার বিষয়, নেট

8.7 per cent. cumulative preference shares of Rs. 100 each in Hukumchand Jute Mills Limited. The above shares are standing in the name of Shri I. L. Binani, the ex-Secretary of the school, instead of the same being

registered in the name of the present Trustees of the school. Dividends receivable for the year on the above shares, have not been accounted for. Income for investments: Dividends on 225 ordinary shares of Rs. 10 each in Martin Burn Ltd., have not been accounted for since the year ended 31st March, 1957.

আমার বক্তব্য হচ্ছে মাস্টারদের মাহিনা তাঁরা দিচ্ছেন না এবং স্কুলের টাকা দিয়ে ইনভেস্টমেন্ট যা করা হয়েছে তা স্কুলের খাতায় দেখানো হচ্ছে না। এই যে অবস্থা চলছে তাতে সরকারের কাছে রিপ্রেজেন্টেশন দেবার পর সরকার সেকেন্ডারি বোর্ড অফ এডুকেশনের প্রেসিডেন্টের কাছে খবর পাঠিয়েছেন যে, এখানে অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করা হোক, কিন্তু আজ পর্যন্ত সেকেন্ডারি বোর্ড'এর চেয়ারম্যান অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগের কিছু করেন নি, সেজন্য সরকারকে এ বিষয়ে দৃষ্টি দিতে বলছি। এই অডিট রিপোর্ট'এর মধ্যে আরও অনেক জিনিস আছে।

**শ্রীশচীন্দ্রমোহন নন্দী:** স্যার, আমার কেন্দ্রে ৩০এ জুন, ১৯৬৭ তারিখে দুইটি খাদ্য এবং ত্রাণ কমিটি গঠিত হয়েছে। আমাদের সরকারপক্ষ বলে থাকেন যে, কংগ্রেস সমস্ত খাদ্য এবং ত্রাণ কমিটিতে যোগদান করেন নাই। কিন্তু তাঁদের পক্ষে যাঁরা যোগদান করেছেন তাঁদের অবস্থা কি সে সম্বন্ধে বলতে চাই' সেখানে যে কমিটি গঠিত হয়েছে তাতে সে অঞ্চলের সম্পাদক বাংলা কংগ্রেসের ইন্দুভূষণ মৃধা, তিনি একজন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক। তিনি বামপন্থী কম্যুনিস্ট প্রতিনিধি শচীন দাসকে ৪।৩ ভোটে পরাজিত করে আহ্বায়ক হয়েছিলেন এবং এই অপরাধের জন্য শ্রীমৃধাকেই উত্তমমধ্যম দেওয়া হয়। তাঁর বাড়ি ঘেরাও করে শ্রীশচীন দাসের দলবলেরা তাঁর কাছ থেকে পদত্যাগপত্র জোর করে আদায় করেন এবং সেই পদত্যাগপত্র আঞ্চলিক অফিসে জমা দেন। আর একটা ব্যাপার সেখানে বাংলা কংগ্রেসের প্রতিনিধি শচীন সরকার আহ্বায়ক হয়েছেন বাম কম্যুনিস্ট প্রতিনিধিকে হারিয়ে, তাঁর বাড়ি ঘেরাও করে তাঁর কাছ থেকে পদত্যাগপত্র দাবি করেছেন। এই যদি অবস্থা হয় তাহলে কি হবে? খাদ্যমন্ত্রী মহাশয় ও ত্রাণমন্ত্রী মহাশয় নিশ্চয় বুঝতে পারছেন প্রকৃত অবস্থা কি?

**শ্রীসুশীলকুমার পাল:** স্যার, কাশীপুর এলাকায় ন্যাশনাল কার্বন কোম্পানিতে আজ একমাস ধরে ধর্মঘট চলেছে। শ্রমিকরা এই ব্যাপারে উপমুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে যাতায়াত করছেন, কাঁর সঙ্গে যোগাযোগ করছেন। কিন্তু দুঃখের কথা আজ শুনলাম যে, কোম্পানী লক-আউট আজ সকালে ডিক্লেয়ার্ড করেছেন। আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে নিবেদন করব যে, তিনি যেন কোম্পানীর মালিকদের সঙ্গে যোগাযোগ করে একটা মীমাংসার পথ গ্রহণ করেন, কারণ তা না হলে অবস্থা আরও খারাপ হবে। আমি এই আবেদনটা তাঁর কাছে রাখছি।

## Motion of Recission

[2—2-10 p.m.]

**Shri Khagendra Nath Das Gupta:**

মাননীয় স্পীকার মহাশয়, গত ২৭এ জুন দারুণ হট্টগোলের মধ্যে তিনটি বিল পাশ করিয়ে নেওয়া হয়। এই বিল তিনটির উপর কোন আলোচনা করা সম্ভব হয় নি। পরের দিন আমি আপনার এ বিষয়ে পুনর্বিবেচনার জন্য দৃষ্টি আকর্ষণ করি। এর মধ্যে ক্যালকাটা ন্যাশন্যাল মেডিক্যাল কলেজ অ্যান্ড হসপিটাল বিলটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিল, আপনি নিজেও সেটা জানেন। আপনি যে সেদিন পুনর্বিবেচনার আশ্বাস দিয়েছিলেন তারই উপর ভিত্তি করে আমি আমার মোশান এই হাউসের সামনে আনছি।

Sir, I beg to move that the motions of consideration and passing in connection with the Calcutta National Medical College and Hospital Bill, 1967, which were duly adopted on the 27th June, 1967, be rescinded.

**Mr. Speaker:** I think there is no objection to the adoption of the motion.

**শ্রীজ্যোতি বসু:** স্পীকার মহাশয়, একটি কথা আমি বলতে চাই হয়ত খগেনবাবুও জানেন যে, এইরকম একটা মোশান কয়েক বছর আগে ঠিক অনুরূপ ঘটনা নিয়ে এই হাউসের সামনে আনি এবং স্বর্গতঃ ডাঃ বিধানচন্দ্র রায় তাঁর বক্তৃতায় এই কথা বলেছিলেন মোশানটা গ্রহণ করে যে, এটা যেন মনে না করা হয় কোন প্রিসিডেন্ট লে ডাউন করা হচ্ছে। সেইজন্য আমিও এটা খগেনবাবুকে মনে করিয়ে দিলাম। কারণ আমার মনে হয় সেদিন যা হয়ে গেছে সেটা যদি না হত তাহলে ভাল হত। আমরা সবাই আলোচনা চেয়েছিলাম। তবে ও'রা যখন বলেছেন যে এটাকে বিশেষ করে আলোচনা করতে চান—এই কক্ষে ও'রাও ছিলেন, আমরাও ছিলাম সেই জন্য গ্রহণ করেছি। তবে এটাকে যেন প্রিসিডেন্ট লে ডাউন হিসাবে মনে না করা হয়, এই হচ্ছে আমার বক্তব্য।

**মিঃ স্পীকার:**

The motion is, therefore, adopted, I fix Saturday, the 8th July, 1967, for discussion. I have fixed Saturday after consultation because that is the only day available on which I can give you some time.

**শ্রীশ্রীপদ ভট্টাচার্য:** ইউ হ্যাভ কনসালটেড, ঠিক কথা। কিন্তু আমরা তো কনসালটেড হইনি। আমরা তো মফঃস্বলের লোক, কাজেই শনিবার হাউস হলে অসুবিধা হবে।

**শ্রীকমলকান্তি গুহ:** মিঃ স্পীকার, স্যার, জগন্নাথবাবু, খগেনবাবু, প্রতাপবাবু ও'রা মত দিয়েছিলেন যে শনিবার হবে। আর ও'রা এখন কনসালটেড হইনি বললে তো হবে না।

**মিঃ স্পীকার:**

I have fixed Saturday.

## General discussion on the budget for 1967-68

**Shri Krishna Kumar Shukla:**

মিঃ স্পীকার, স্যর, পশ্চিমবাংলার জন্য নূতন যে বাজেট পশ্চিমবাংলার অর্থমন্ত্রী উপস্থাপিত করেছেন তার উপর আলোচনায় অংশগ্রহণ করার আগে আপনার মাধ্যমে আমি এখানে একটি মূল প্রশ্ন রাখতে চাই অর্থমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর কাছে, পশ্চিমবাংলার বিধানসভা মারফত। গোটা বাংলাদেশের মানুষের কাছে আজকে পরিষ্কারভাবে বলুন যে এই বাজেট কার। এই বাজেট প্রমোদ দাশগুপ্তের পার্টি প্রতিনিধি জ্যোতি বসুর কিনা, এই বাজেট ব্যক্তিগতভাবে জ্যোতি বসুর কিনা এবং এটা গোটা যুক্তফ্রন্ট সরকারের কিনা, সেটা পরিষ্কার করে বলুন। আমি অতীত অভিজ্ঞতার উপর ভিত্তি করে আজকে এই প্রশ্ন আপনার মাধ্যমে বাংলাদেশের বিধানসভায় রাখতে চাই। স্যার, আপনার নিশ্চয়ই মনে আছে গতবারের বিধানসভায় অত্যন্ত ঘটা করে গোটা যুক্তফ্রন্ট সরকার সেদিন স্পর্ধাভরে ঘোষণা করেছিলেন যে এই খাদ্যনীতি ও'দের নিজস্ব খাদ্যনীতি। সেই খাদ্যনীতিকে একজন মন্ত্রীবিশেষের খাদ্যনীতি বলে অভিহিত করতে ও'দের একটু সময় লাগবে। আমি আজকে মনে করিয়ে দিতে চাই যে, গোটা বাংলাদেশের মানুষের দায়িত্ব পালন করার মত সদিচ্ছা নিয়ে ও'রা সরকার গঠন করেন নি। এই ১৪টি পার্টি মিলে অংশগ্রহণ করেছেন এবং ও'রা সেদিন দুঃসাহসের সংগে বলেছিলেন যে আমরা নূতন বৈজ্ঞানিক খাদ্যনীতি পশ্চিমবাংলার সামনে দিলাম। ও'দের বড় অংশীদার বাম কমিউনিস্ট নেতা, ৬ই আষাঢ়, ১৩৭৪ আনন্দবাজার পত্রিকার স্টেটমেণ্ট অনুযায়ী বলেছেন যে, পশ্চিমবঙ্গ সরকার এতদিন ভুল খাদ্যনীতি অনুসরণ করে এসেছে। রাজ্যসরকারের ভ্রান্ত খাদ্যনীতির সমালোচনা করে পলিট ব্যুরোতে সম্প্রতি কলকাতার বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়েছে। পশ্চিমবাংলার উপ-মুখ্যমন্ত্রী পলিট ব্যুরোর সদস্য এবং বৈঠকে তিনি উপস্থিত ছিলেন। পশ্চিমবাংলার উপ-মুখ্যমন্ত্রী যে বৈঠকে উপস্থিত ছিলেন সেই বৈঠকে পশ্চিমবাংলার যুক্তফ্রন্ট সরকারের খাদ্যনীতি ভ্রান্ত খাদ্যনীতি ঘোষিত হয়েছে, জ্যোতি বসু সেখানে প্রতিবাদ করেন নি। আজকে অত্যন্ত সহজ ভাবে এই প্রশ্ন করতে চাই যে এই অবস্থার পরিপ্রেক্ষিতে ডঃ ঘোষ কি এই কথা বলবেন, যে বাজেট পশ্চিমবাংলার বিধানসভায় উপস্থিত করা হয়েছে সেই বাজেটের সংগে আমি একমত নই? এই বাজেট জ্যোতিবাবুর বাজেট, যদি জ্যোতিবাবুর নিজস্ব বাজেট হয় তাহলে আমি মনে করি যে বাংলাদেশের বিধানসভায় এই বাজেট সম্বন্ধে কোন বিতর্ক না

করলেও আমরা পারি। এইজন্য, যে সরকার দায়িত্ব[illegible] পরিচয় দিয়েছে এই চার মাসে. যাঁরা একজন আর একজনের উপর দোষ দেয়, যাঁরা সমস্যার প্রতি চোখ বন্ধ করে দোষস্খালনের চেষ্টা করছেন—এ'দের সততা সম্বন্ধে আমরা কতটুকু আস্থা রাখতে পারি এবং সেই সততাব যে ছবি জ্যোতিবাবু তুলে ধরেছেন পশ্চিমবাংলায় আজকে ৩৬ কোটি ৪১ লক্ষ টাকার যে ঘাটতি বাজেট উপস্থিত করতে গিয়ে ইনিয়ে বিনিয়ে অনেক কথা বলেছেন—যখন ভোট অন অ্যাকাউন্ট গ্রহণ করা হয়েছিল তখন তিনি বলেছিলেন সময় পাইনি তাই কংগ্রেস সরকারের অর্থমন্ত্রী যে বাজেট তৈরি করেছেন সেই বাজেটকে ভিত্তি করে আমরা ভোট অন অ্যাকাউন্ট আপনাদের কাছে চাচ্ছি। এবং সময় এলে আমরা আমাদের দৃষ্টিভঙ্গী দিয়ে বাজেট প্রস্তুত করে এই বিধানসভা এবং বাংলাদেশের মানুষের অবগতির জন্য রাখবো। এবারকার বাজেট বিবৃতিতে তিনি যা উপস্থিত করেছেন, অতি বিপ্লবী নেতা অত্যন্ত নির্লজ্জের মত স্বীকার করেছেন যে, ইতিমধ্যে আমরা খুঁটিয়ে দেখেছি এবং কিছু কিছু পরিবর্তন করেছি, মৌলিক পরিবর্তন করা সম্ভব হয় নি। কেন এখানে কি সংবিধান বাধা দিয়েছিল—অলিতে-গলিতে-রাস্তায় সব জায়গায় বলে বেড়াচ্ছেন যে সীমিত আমাদের ক্ষমতা, আমাদের সংবিধানের কাঠামোর মধ্যে কাজ করতে হয়, যদি এই কথা সম্বন্ধে সজাগ ছিলেন তবে সেদিন পশ্চিমবাংলার মানুষকে কেন আশা জুগিয়েছিলেন যে, নূতন দৃষ্টিভঙ্গী দিয়ে তিনি একটা বাজেট উপস্থিত করবেন। এই যে ৩৬ কোটি টাকার ঘাটতি বাজেট পশ্চিমবাংলার মানুষের কাছে রেখেছেন এ'দের নিজেদের ভাষায় যখন ও'রা এপক্ষে ছিলেন তখন তিনি অত্যন্ত বেদনার সঙ্গে, অত্যন্ত দুঃখের সঙ্গে এই শীততাপ-নিয়ন্ত্রিত কক্ষে পশ্চিমবাংলার দরিদ্র মানুষের দুঃখকষ্টের কথা তিনি তুলে ধরতেন, যেই ওপারে গেলেন সেই দুঃখকষ্ট তো দূরের কথা, দরিদ্র মানুষের কথা তিনি একেবারে ভুলে গেলেন। কাজেই বাজেট বিবৃতিতে শুধু একটিমাত্র আশ্বাস দিয়েছেন যে করের বোঝা যখন চাপাবেন তখন দরিদ্র লোকের উপর নজর রাখবেন। এ'রা নিজেরা অত্যন্ত ভয়াবহ পশ্চিমবাংলার মানুষ নিজেরা তা দেখেছে। সেইজন্য অত্যন্ত শঙ্কিতভাবে জিজ্ঞাসা করি যে, পশ্চিমবাংলার মানুষের প্রতি কিভাবে নজর রাখতে চাইছেন সেটা দয়া করে বলুন। বলে দিন পশ্চিমবাংলার মানুষের উপর এই ৩৬ কোটি ৩৭ কোটি টাকা তোলার জন্য তাঁরা কি কি কর বরাদ্দ করবেন ঠিক করেছেন। এই যে টাকাটা তোলা হবে বাংলাদেশের মানুষের কাছ থেকে সেই তোলবার পদ্ধতি যদি না বলা হয় তাহলে সকলে সাসপেন্সের মধ্যে থাকবে এবং এই সাসপেন্সে রেখে নাভিশ্বাস তুলবেন না দেশের জনসাধারণের। কারণ অসাধু ব্যবসায়ীরা এ'দের এই বাজেট বিবৃতিকে পাথেয় করে প্রত্যেক জিনিসের মূল্য বাড়িয়ে সমস্ত দিক দিয়ে সাধারণ মানুষের পকেট কেটে নিজেদের পুঁজি বাড়াবে।

[2-10—2-20 p.m.]

কোন সাহস নেই একথা বলার। ৩৭ কোটি টাকার ঘাটতি বাজেট জনগণের স্বার্থে ও'রা তৈরি করেছেন, কয়েকটি খাতে দিয়ে বলেছেন যে এই এই খাতে আমরা দেবো কিন্তু সেই টাকা কোথা থেকে তুলবেন তা বলতে পারেন নি। ওর দুটি মাত্র কারণ হতে পারে, একটা হতে পারে ঐ উপ-মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রী মোটেই একথা বিশ্বাস করেন না যে আসনে আজকে বসে আছি গোটা বছর ঐ আসনে থাকবো কিনা, কেন না খামাকা কয়েকটা আইটেমের উপর কর ধার্য করে জনপ্রিয়তা হারাই কেন। কিন্তু জনপ্রিয়তা না হারানর যে চেষ্টা ডঃ প্রফুল্ল ঘোষ চার মাস বাংলার বুকের উপর দিয়ে করে গিয়েছেন তা থেকে এখনও কি হাড়ে হাড়ে শিক্ষা হয় নাই, এখনও কি বুঝতে পারছেন না যে জনপ্রিয়তার লোভে পড়ে গোটা বাংলাদেশের বুকে আজকে হাহাকার ডেকে এনেছেন? যেটা অত্যন্ত উদ্বৃত্ত এলাকা ছিল সেই এলাকায় আজকে চালের দাম দেড় টাকা থেকে দু-টাকা কিলোতে উঠে গিয়েছে, ঘাটতি এলাকার কথা বাদ দিন। তিনি বলেছিলেন যে নূতন বৈজ্ঞানিক খাদ্যনীতির দ্বারা পশ্চিমবাংলার সমস্ত সমস্যার সমাধান করবেন। আমরা সেদিন বলেছিলাম যে আমাদের উপর রাগ করে মাটিতে ভাত খাবেন না, অসুখ করবে, মারা পড়বেন। কিন্তু সেদিন আমাদের উপর রাগ করে মাটিতে ভাত খেলেন তাঁরা। শুধু তাই নয়, আমরা সেদিন যা কিছু করেছিলাম খাদ্যনীতিকে সফল করে গোটা বাংলাদেশের বুভুক্ষা দূর করার জন্য সেই খাদ্যনীতির প্রত্যেকটি ধারাকে নস্যাৎ করে দিয়ে প্রমাণ করার চেষ্টা করলেন যে অতিবিপ্লবী এ'রা। এ'রা বাংলাদেশ থেকে সমস্ত দুঃখকষ্ট দূর করবেন। আজকে ডঃ ঘোষ রাস্তায় বেরিয়ে দেখুন, আজকে তিনি জনসাধারণের কাছে যান, যে জনসাধারণ সেদিন

অজয় মুখার্জি জিন্দাবাদ, যুক্তফ্রন্ট সরকার জিন্দাবাদ বলে সমস্ত কলকাতার রাস্তাঘাট, সমস্ত অলিগলিকে মুখরিত করেছিল সেই জনসাধারণ আজকে এ'দের চেহারা দেখে স্তম্ভিত হয়ে গিয়েছে। এ'রা যাঁরা আজকে সরকারের দায়িত্ব নিয়ে বসেছেন এ'রা কত নীচে নামতে পেরেছেন দেখুন। যুক্তফ্রন্ট সরকারের নদীয়ার সরকার পক্ষের এম এল এ-রা ঐ খাদ্যমন্ত্রীর কাছে নাকি ডেপুটেশন নিয়ে গিয়েছিলেন এবং সেই ডেপুটেশন-এর মাধ্যমে নদীয়ার যুক্তফ্রন্টের এম এল এ-রা দাবী করেছিলেন যে বে'চে থাকার জন্য এক কেজি গম আর ৫০০ গ্রাম চাল দেওয়ার ব্যবস্থা করুন। জনদরদী খাদ্যমন্ত্রী অপারগ হয়েছিলেন নদীয়ার যুক্তফ্রন্টের এম এল এ-দের এই দাবী মানতে। খবরের কাগজের নিউজ তাঁরা নাকি নিবেদন করেছিলেন নদীয়ার মানুষ পাটের শাক খেয়ে বে'চে আছে, দয়া করে কীটানুনাশক বিষ ছড়াবেন না, মানুষ মারা যাবে। ও'রা বলেছিলেন এ সম্বন্ধে চিন্তা করে দেখবেন।

(তুমুল হট্টগোল)

প্রফুল্লবাবুর ঐ বৈজ্ঞানিক খাদ্যনীতির বিরুদ্ধে আমরা প্রতিবাদ প্রতিধ্বনি করি নাই, প্রতিবাদ সুরু করেছে বামপন্থী কমিউনিস্টরা। তাঁরা সোজাসুজি বলেছেন ব্যাপক আন্দোলন গড়ে তুলতে হবে এবং সঙ্গে সঙ্গে এ আই আর, নিউজ বলেছেন তাঁরা এই আন্দোলনের আর একটি লক্ষ্য হল যুক্তফ্রন্ট সরকারকে নির্ভুল খাদ্যনীতি অবলম্বনে বাধ্য করা। এই বাধ্য করার দিকে, স্যার, আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। দিনকয়েক আগে গণশক্তি কাগজ চরম সুবিধাবাদ বলে এডিটোরিয়াল লিখে তফশিলী মন্ত্রী নিয়োগের ব্যাপারে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী অজয় মুখার্জীর উপর কটাক্ষ করে বলেছেন যে, এ'দের নাকি যুক্তফ্রন্টে ঠিক হয়েছিল ভোটের জোরে কোন সিদ্ধান্ত গ্রহণ করা হবে না, সর্ববাদী সম্মতিক্রমে সমস্ত সিদ্ধান্ত গৃহীত হবে। কিন্তু চারুমিহির সরকারকে পশ্চিমবঙ্গের তফসিলী মন্ত্রী নিয়োগ করার সময় যুক্তফ্রন্টে নাকি ভোটাভুটি হয়েছে এবং এই ভোটের জোরে চারুমিহির সরকারকে তফসিলী মন্ত্রী করার অর্থ নাকি চরম সুবিধাবাদ এবং সেই সঙ্গে সঙ্গে তাঁরা মনে করিয়ে দিয়েছেন যে যত নষ্টের গোড়া ঐ কাশীকান্ত মৈত্র, এস এস পি-র মন্ত্রী। বামপন্থীরা নাকি দাবী করেছিলেন কাশীকান্ত মৈত্র মহাশয় ওখান থেকে যান এবং তাঁর জায়গায় আর একজন তফসিলী মন্ত্রী নাকি ও'দের দল থেকে নেওয়া হোক। আমরা চাচ্ছি কাশীকান্তবাবু ওখানে থাকুন, চাইছি এই জন্য যে, কাশীকান্তবাবু যখন এদিকে ছিলেন তখন তিনি একদিন পশ্চিমবাংলার বিধানসভায় দাঁড়িয়ে জড়তাহীন কণ্ঠে দৃপ্ত ভাষায় বলেছিলেন কংগ্রেস সরকারের ভুল খাদ্যনীতির জন্য পশ্চিমবঙ্গের মানুষ না খেয়ে মরছে, বাংলায় নাকি ৪ লক্ষ টন অন্ন উদ্বৃত্ত আছে। উনি যদি আজকে ওখানে আটকে থাকেন তবুও ডাঃ ঘোষ কংগ্রেসের আমলের চাইতে ৪ লক্ষ টন খাদ্য বেশী পাবেন এবং তাতে জনসাধারণের দুঃখকষ্ট দূর হবে। স্যার, একটু আগে এখানে কাশীবাবু অত্যন্ত ঔদ্ধত্য সহকারে বলে গেলেন যাঁদের চিৎকার করার তাঁরা চিৎকার করুক, আমাদের যুক্তফ্রন্ট সরকার অত্যন্ত শক্ত আছে। যুক্তফ্রন্ট দুর্বল হয়েছে একথা বলিনি, আমরা চাইনা যুক্তফ্রন্ট সরকার দুর্বল হোক, কিন্তু কাশীকান্তবাবু যে দলের মন্ত্রী সেই দলের .. . ....... ....

(তুমুল হট্টগোল)

আনন্দবাজার, ২রা জুলাই, ১৯৬৭, একটি নিউজ কাশীকান্তবাবুর অবগতির জন্য তুলে ধরছি, লজ্জাসরম যদি থাকে তাহলে বাংলার বিধানসভায় দাঁড়িয়ে পশ্চিমবঙ্গের মানুষের কাছে তিনি যেন তাঁর কৈফিয়ত এই বাজেট বক্তৃতার মাধ্যমে দিয়ে দেন। তিনি এস এস পি দার্জিলিং কমিটির সভাপতি শ্রীতারককুমার কারকী অভিযোগ করেন যে, নকশালবাড়ির জনসাধারণের জীবন এবং সম্পত্তি রক্ষায় যুক্তফ্রন্ট সরকার ব্যর্থ হয়েছেন, এই সরকারের তাই শাসনকার্য চালানর কোন অধিকার নেই। একথা আমরা বলছি না, এস এস পি বলছেন, যে এস এস পি-র প্রতিনিধি হয়ে কাশীকান্তবাবু উদ্বৃত্ত ৪ লক্ষ টন চাল নিয়ে ওখানে বসে আছেন এবং তা সত্ত্বেও বাজেট বক্তৃতায় পশ্চিমবঙ্গের অর্থমন্ত্রীকে পশ্চিমবঙ্গের মানুষের কাছে বলতে হচ্ছে, এই বাজেট বক্তৃতার দ্বাদশ পৃষ্ঠায় তাঁকে বলতে হচ্ছে দেশে ঘনায়মান খাদ্যসঙ্কট সম্পর্কে তাঁরা সম্পূর্ণ অবহিত ছিলেন না। সঙ্গে সঙ্গে তিনি আরো বলেছেন পশ্চিমবঙ্গে আমরা সাংঘাতিক অসুবিধার

সংগ্রহ করেছিলেন। পূর্ববর্তী সরকার নগণ্য পরিমাণ ধান আপনাদের গোলায় রেখে গিয়েছেন আজকে এই আক্ষেপ করে পশ্চিমবঙ্গের মানুষের কাছে আপনারা নিষ্কৃতি পাবেন কি? ভুলে গেলেন আপনাদের সেই রোল? এক হাতে মশাল আর এক হাতে পতাকা নিয়ে গোলায় আগুন দিয়েছিলেন, লেভির প্রতিরোধ করেছিলেন, গোটা বাংলাদেশে আন্দোলন সৃষ্টি করার চেষ্টা করেছিলেন সরকারকে বানচাল করে দেবার জন্য, আজকে তাঁরাই আবার বলছেন পূর্ববর্তী সরকার ধান নাকি কম আদায় করেছেন। এই ত বর্তমান সরকারের বড় জোতদারের ছেলে হরে-কৃষ্ণ কোনার এই বিধানসভায় বসে আছেন মন্ত্রী হয়ে, এই ৪ মাসের অভিজ্ঞতা পশ্চিমবঙ্গের মানুষের কাছে রেখে বলুন যে তিনি এবং তাঁর সরকার এই খাদ্য সংগ্রহ করার ব্যাপারে কতটা সাফল্যলাভ করেছেন। সাফল্য লাভ করতে তাঁরা পারেন নি। কেউ ত বাধা দেয়নি, কেউ ত আপনাদের আটকায় নি, আজকে ও'রা নিজেরাই বলছেন যে জোতদারদের তোয়াজ করেছেন ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষ। সুন্দরাইয়া সাংবাদিকদের কাছে বলেছেন যে, ডাঃ ঘোষ নাকি অত্যন্ত উগ্রভাবে বাধা দিয়েছিলেন যাতে আইনগত ব্যবস্থা গ্রহণ না করা হয়। স্যার, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গের জনসাধারণের পক্ষ থেকে এই প্রশ্ন করতে চাই যে, ডাঃ ঘোষ পরিষ্কারভাবে হয় স্বীকার করুন না হয় অস্বীকার করুন তিনি কি চাপ দিয়েছিলেন জোতদার, আড়তদারদের কাছ থেকে ধান আদায় করা না হয়? এই কাজ যদি তিনি করে থাকেন তাহলে কোন্ স্পর্ধায় তিনি তা করেছেন? গোটা বাংলাদেশের মানুষ যখন না খেয়ে মরছে, বিধিবদ্ধ র‍্যাশন এলাকার মানুষ যখন আজ সন্ত্রাসের মুখে এসে দাঁড়িয়েছে ঠিক সেই সময় তিনি কোন্ যুক্তিতে, কোন আইনে কালোবাজারী আড়তদার এবং জোতদারদের কাছ থেকে ধান সংগ্রহ করার ব্যাপারে বাধা দিয়েছিলেন? সংগে সংগে তাঁর দৃষ্টি এই দিকে আকর্ষণ করতে চাই যে সুন্দরাইয়া বলে গিয়েছেন সব সময় সকলকে সরান সম্ভব নয়। অবশ্য এই সরানর কথা বললে ও'রা আতংকিত হবেন। আমার বক্তব্য, স্যার, এ'রা বেশী টাকা চাচ্ছে দেশের সমস্যা দূর করার জন্য বেশী টাকা চাইলে আমাদের টাকা দিতে আপত্তি নেই, কিন্তু টাকা দিয়ে আমরা প্রতিদানে পাচ্ছি কি, এই ১২০ দিনের রাজত্বে পশ্চিমবাংলার বুকে যে সন্ত্রাস গেল এই সন্ত্রাসকে আরো জোরদার করার জন্য আমরা টাকা দেবো? স্যার, যুক্তফ্রন্ট সরকারের এম এল এ হরেন মজুমদার মহাশয় ওখানে বসে আছেন, ও'রই নেতৃত্বে শিক্ষক শিক্ষিকারা পশ্চিমবঙ্গে বিধানসভায় এসেছিলেন এই যুক্ত-ফ্রন্ট সরকারের অত্যন্ত হৃদয়বান মন্ত্রীর কাছে আবেদন জানাতে।

[2-20—2-30 p.m.]

এই ১২০ দিনের রাজত্বে পশ্চিমবাংলার বুকের উপর দিয়ে যে সন্ত্রাস চলে গেল, সেই সন্ত্রাসকে আরো জোরদার করবার জন্য কি আমরা ও'দের টাকা দেব? ঐ যে যুক্তফ্রন্ট সরকারের একজন বড় সমর্থক বসে আছেন শ্রীহরেন্দ্রকুমার মজুমদার? যার নেতৃত্বে প্রাথমিক শিক্ষক-শিক্ষিকারা মিছিল করে বিধানসভার গেটে এসেছিলেন—এই সরকারের অত্যন্ত হৃদয়বান মন্ত্রী-দের কাছে, তাদের আবেদন জানাতে, দলত্যাগীদের বিরুদ্ধে বিক্ষোভ জানাবার নাম করে তাদের সরকারী সমর্থকদের কিছু লোক সেই শিক্ষক-শিক্ষিকাদের অপমানিত করেছে, লাঞ্ছিত করেছে।

আজ স্বাস্থ্যখাতে মন্ত্রিমহাশয় টাকা চেয়েছেন। আমাদের শ্রমিক অধ্যুষিত এলাকার একটা হাসপাতাল ডাঃ বি এন বোস হাসপাতাল আছে, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী কি একবার দয়া করে সেখানে পায়ের ধুলো দেবেন? তাঁদের রাজত্বে গত চার মাসে সেই হাসপাতালের উন্নতির জন্য কোন চেষ্টা বা কোন ব্যবস্থা করেছেন কিনা? সেই শ্রমিক অঞ্চলে একটা অরাজকতা চলেছে-একটা এনার্কি চলেছে, এর কৈফিয়ত আপনাকে দিতে হবে। ঘেরাও করে সাধারণ শ্রমিকদের আপনারা ৩-৪ মাস রাস্তায় বসিয়ে রেখেছেন। তাদের উপযুক্ত পাওনা তারা এখনো পায় নি। এর ফলে শিল্পে-বাণিজ্যে একটা অরাজকতা নেমে এসেছে—সেসব ধ্বংস হয়ে যাচ্ছে। এরপরেও এ'রা আবার আমাদের কাছে টাকা চাচ্ছেন! এই সরকারের হাতে আর টাকা তুলে দেওয়া যায় না। এই জন্য যে তারা এই টাকা নিয়ে পার্টি অর্গা-নাইজ করে পশ্চিমবাংলার জনজীবনকে বিষাক্ত করে তুলবে, ধ্বংস করে দেবে। আজকে গোটা বাংলাদেশে তাদের উপর ধিক্কার বর্ষিত হচ্ছে। এরা দম্ভ করে বলেছিলেন অনেক কিছু করবেন, কিন্তু এই ৪ মাসে কিছুই করতে পারলেন না। তাঁদের এই চার মাসের রাজত্বের ইতি-হাস সম্পূর্ণ ব্যর্থতার ইতিহাস। আমি এই বাজেটের অনুদানকে সর্বতোভাবে বিরোধিতা করে প্রত্যাখ্যান করছি।

**Dr. Prafulla Chandra Ghose:**

লেভী মামলা প্রত্যাহার করা সম্বন্ধে অ্যাসেম্বলীতে কেউ কেউ বলেছেন, এমন কি বাইরেও সভাসমিতি করে অনেকে এ সম্বন্ধে নানারকম প্রশ্ন তুলেছেন। সেইজন্য আসলে কি ব্যাপার হয়েছে সে সম্বন্ধে লিগ্যাল রিমেমব্রান্সার যে নোট দিয়েছেন, আমিও জানি তা পড়ে আপনাদের শুনিয়ে দিচ্ছি।

The proposal to withdraw the levy cases first came from the then Chief Minister, Shri P. C. Sen, presumably on the 1st of December, 1966. He rang me up and told me that old levy order is no longer in force, and a new levy order having been introduced with effect from December, 1966, the cases filed in respect of the old levy order may be withdrawn. The Advocate-General was representing the State in most of these cases in Civil Rules then pending in the High Court, and I suggested that I should consult the Advocate-General. Shri Sen told me that the Advocate-General was with him and had himself made the suggestion. I then told Shri Sen that I would ask the Food Department to take necessary steps in this connection and informed Shri B. C. Ganguly, Food Commissioner, over the phone. Shri Ganguly started the file and his first order is, dated 2nd December, 1966, and there is reference to it that the suggestion had come from the Advocate-General to the Chief Minister. The file was sent to our office and it was examined by the Joint Legal Remembrancer as also by myself and we put forth our suggestions there. In our note, dated 28th December 1966, we pointed out that the Advocate-General may mention in court about the withdrawal of the notices requesting the court to discharge the rule as infructuous and we requested for the advice of the Advocate-General before any action is taken. By my note, dated 6th January 1967, the file was sent to the Advocate-General and on 6th March, 1967, it was received back with his note, dated 6th March, 1967. He opined that in view of the State Government's decision or desire to withdraw the levy cases let the notices be withdrawn. The note sheets at page 10 disclose that even before this the State lawyers were taking action accordingly.

This is further proved by our file No. so and so. This file was started on a letter by our Advocate Shri Harashit Charkrabarty to the Advocate-General. It would show that before 23rd December, 1966, cases were being withdrawn where the total acreage of the land was below the ceiling of the new levy order. By his note dated 5th January 1967, the Advocate-General advised that similar cases should be similarly dealt with unless there be any special reasons for contesting. The Food and Supplies Department was accordingly requested to make out a list of the levy cases where the acreage was below the ceiling. At page 3 of the note sheets, dated 16th January 1967 it has been mentioned clearly that with a view to withdraw from all the Civil Rules obtained against Levy Order, the Food Department file referred to above had been sent to obtain the views of the Advocate-General and that if the action suggested and approved therein by the Legal Remembrancer materialises, then, the question of preparing such a list would not arise. In my note dated 25th January, 1967, I made it clear that the Advocate-General was out of Calcutta and the file was not received back. On 30th January, 1967, the then Additional G.P. noted that there were a number of such cases before Mr. Justice D. Basu on that date and that the Court wanted to know whether the cases of levy below the ceiling would be opposed. I wanted the views of the Food Department and in its note dated 4th February 1967, it has been clearly mentioned that it had already been decided that the Government did not intend to proceed with Civil Rules which arose out of the previous Levy Order and wanted to exempt all the petitioners in such rules from payment of levy and also to withdraw all the criminal cases pending against them for not discharging

the levy obligations. It was stated further that the opinion of the Advocate General was being sought for as to what procedure is to be adopted in al these Civil Rules for giving effect to the said decision, so that Governmen may not be saddled with costs in these Rules. I discussed the matter on 6th February 1967 with the Additional G.P. who informed me that he had talks with the Advocate-General about this matter and that this matte may be disposed of on the terms as settled by the Advocate-General. Shr Dutta in his note dated 17th February, 1967, made it clear that the Learned Judge was being intimated of the Government decision and orders were being passed accordingly. At page 4 a notice was also issued by the Food and Supplies Department on 20th January 1967 intimating the Government decision that the Civil Rules obtained by the procedures having land less than minimum leviable limits should not be contested. The facts, therefore, remain that it is since the last week of December that the cases were being disposed of in accordance with the decision of the then Government. এর পরে আমি অ্যাডভোকেট জেনারেল শ্রীশঙ্করদাস ব্যানার্জী মহাশয়কে টেলিফোন করেছিলাম। আমার সময় পর্যন্ত কিছু কেস ছিল—আমি মনে করলাম যে লজিক্যাল করোলারী—আগের গভর্নমেন্ট যদি উইথড্র করে থাকে তাহলে
It is a continuing process
আমাদের তা করা উচিত। তা সত্ত্বেও আমি অ্যাডভোকেট জেনারেলকে জিজ্ঞাসা করেছিলাম। আমি ৬ তারিখে অফিসে আসি তারপর ৭ তারিখ কি ৮ তারিখে আমি অ্যাডভোকেট জেনারেলকে ডেকে পাঠাই। তিনি বললেন ইউ সুড উইথড্র দিজ কেসেস। তারপর অন হিজ অ্যাডভাইস বাকি যে কেসগুলি ছিল তা উইথড্র করতে বলি। পরশুদিন তাঁকে আমি টেলিফোন করেছিলাম, তিনি বললেন আমি অসুস্থ আমার জ্বর এবং আমাশা হয়েছে তা না হলে পরে
I am a member of the Assembly. I would have gone and stated, under my advice Shri P. C. Sen did it.
আর বাকি কেস ছিল শ্রীপ্রফুল্ল ঘোষ তা আমার অ্যাডভাইসে তিনি করেছেন। এই হচ্ছে ঘটনা তাই আপনাদের জানালাম।

**শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই সম্বন্ধে একটা কথা বলতে চাই যে স্টেটমেন্ট উনি করলেন অনুগ্রহ করে তার একটা কপি আমাদের দেবেন। তার কারণ তিনি এখানে যা বললেন তা কিছুটা ওনার কথা কিছুটা প্রাক্তন চীফ মিনিস্টারের কথা আর কিছুটা যারা লেভীয়েবল্ নয় তাদের উপরে নোটিশ দেওয়া হয়েছিল তাদের উপর উইথড্র করার কথা বললেন। আমাদের কাছে কিছুটা কনফিউজিং লাগছে। আমি মেরিট অফ দি কেসের মধ্যে যাচ্ছি না।
We want only a copy.

**মিস্টার স্পীকার:** থ্যাঙ্ক ইউ।

[2-30—2-40 p.m.]

**Shri Jagadish Chandra Das:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যুক্তফ্রন্ট সরকারের বাজেট সমর্থন করে আমি কিছু বলতে চাই। আমাদের বিরোধীপক্ষের বন্ধুরা এই বাজেটকে বিভিন্ন কোণ থেকে সমালোচনা করেছেন এবং তারা দীর্ঘ ২০ বছর ধরে যে ধরনের বাজেট করে আসছিলেন এই বাজেটের ভিতরে তারই প্রতিফলন দেখতে পেয়েছেন এটা খুবই স্বাভাবিক। আজকে আমাদের এই কথা ভুললে চলবে না যে এই বাজেট তৈরির ক্ষেত্রে এদের গত ২০ বছরের কার্যকলাপ হল বাংলাদেশে বা ভারতবর্ষে পুঁজিবাদ গড়ে তোলবার কার্যকলাপ। পুঁজিপতি কালোবাজারিদের, জমিদারদের স্বার্থ রক্ষা করবার জন্য যে অর্থনীতি তারা চালু করেছিল, সেই অর্থনীতিকে রক্ষা করার জন্য ওরা রাষ্ট্রযন্ত্রকে সেই ভাবেই তৈরি করেছিল।

সেটাকে একদিনের ভিতর চুরমার করে দেওয়া যায় না সংবিধানের আওতার মধ্যে থেকে। সেইজন্য আজকের এই বাজেটে আমূল পরিবর্তন ঘটানো সম্ভব হয় নি। দীর্ঘ ২০ বছর ধরে বার বার ও'দের বাজেটগুলি সমালোচনা করেছেন—এর আগে যারা বিরোধী পক্ষে ছিলেন

আজকে যারা সরকারে আছেন তাঁরা এবং তাঁরা একটা দৃষ্টিকোণ থেকে করেছিলেন যে এই ধরনের পুঁজিবাদী বাজেট দেশে সামগ্রিক সর্বনাশ ডেকে আনবে এবং সেইজন্য ও'দের বাজেট প্রতিবাদ করা হয়েছিল। এবং আজকে যুক্তফ্রন্ট সরকার গঠিত হবার পর যে বাজেট পেশ করা হয়েছে স্বভাবতঃই সেই বাজেটে আমূল পরিবর্তন চার মাসের মধ্যে সম্ভব হয় নি। কিন্তু তার ভিতর পরিবর্তনের একটা দৃঢ় পদক্ষেপ নেওয়া হয়েছে। এই বাজেটের মধ্যে জনকল্যাণমূলক খাতে আরও বেশী টাকা খরচ করার প্রচেষ্টা হয়েছে—কিন্তু সেই প্রচেষ্টা কংগ্রেসের বন্ধুরা দেখতে পান নি। দেখতে পান নি তার কারণ হচ্ছে এই ও'রা চান পুলিশ খাতে খরচ বাড়াতে—ও'রা চান প্রতিরক্ষার নাম করে ও'দের মণ্ডল কংগ্রেসের নেতাদের পুষে রাখতে এবং সেইজন্য যেসমস্ত খাতে টাকা কমানো হয়েছে সেটার জন্য ও'রা বেশী ব্যস্ত হয়ে পড়েছেন। তাঁরা বাজেটের মধ্যে কোন কিছু প্রগতিশীলতা দেখতে পান নি। স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি ও'দের জানাতে চাই যে কৃষি খাতে ২ কোটি ৫৭ লক্ষ টাকা বাড়ানো হয়েছে—সেচ খাতে ২ কোটি ২০ লক্ষ টাকা, স্বাস্থ্য খাতে ৮৩ লক্ষ টাকা, শিক্ষা খাতে এক কোটি ৯৩ লক্ষ টাকা, বিদ্যুৎশক্তির জন্য ২ কোটি ১৫ লক্ষ টাকা, গৃহ নির্মাণ বাবদ ১ কোটি টাকা এবং সরকারী কর্মচারী শিক্ষক এবং অশিক্ষক কর্মচারির জন্য ৯ কোটি ৬২ লক্ষ টাকা খরচ বাড়ানো হয়েছে এই বাজেটে। কাজেই যে দৃষ্টিকোণ থেকে এই বাজেট তৈরী হয়েছে যুক্তফ্রন্ট সরকারের প্রাথমিক বাজেট হিসাবে সেই বাজেট অত্যন্ত যুক্তিসংগত এবং প্রগতিশীল বাজেট। এই বাজেটে স্বাভাবিকভাবে ঘাটতি হয়েছে এবং সেই ঘাটতির ব্যাপারে ও'রা বলছেন ৩৬ কোটি টাকা ঘাটতি। আসলে সেটা হচ্ছে এই হাউসকে বিভ্রান্ত করার একটা প্রচেষ্টা মাত্র। এই হাউসকে বিভ্রান্ত করার জন্য যেখানে ১৮·৩৫ লক্ষ টাকা ঘাটতি সেটাকে ও'রা দেখাচ্ছেন ৩৬ কোটি টাকা ঘাটতি হিসাবে। কার্যতঃ এই ঘাটতি মেটাবার জন্য যে ব্যবস্থা এর মধ্যে আছে সেটা ও'রা দেখতে পান নি—ও'রা দেখেছেন শুধু ঘাটতি এবং সেই ঘাটতি মেটাবার জন্য যে কর ধার্যের প্রস্তাব করা হয়েছে সে সম্পর্কে ও'রা আতঙ্কগ্রস্ত হয়েছেন এবং সেটা স্বাভাবিক কারণেই হয়েছে। এই ঘাটতি মেটাবার জন্য তিনটি ব্যবস্থার কথা বলা হয়েছে—একটা হচ্ছে আন্তঃ-শুল্ক বণ্টনের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার যে অবিচার বাংলার প্রতি প্রতি বছর করে এসেছেন তার বিরুদ্ধে বলিষ্ঠ পদক্ষেপ যুক্তফ্রন্ট সরকার গ্রহণ করেছেন। শৈলবাবু তাঁর বক্তৃতায় সেটাকে এড়িয়ে গেছেন—সেটাকে দেখেন নি। দীর্ঘ ২০ বছর ধরে এই অবিচার হয়েছে বাংলার প্রতি তাতে কংগ্রেসী বাজেট বা কংগ্রেস মিনিস্ট্রি সে সম্পর্কে কোন কথাই বলেন নি। তারা বাংলাদেশের স্বার্থ সম্পর্কে শুধু বড় বড় কথাই বলে গেছেন—কিন্তু কেন্দ্র যে বঞ্চিত করেছে বাংলা দেশকে বছরের পর বছর সে সম্পর্কে ও'রা কোন দিন উচ্চবাচ্য করেন নি এবং দিল্লীর দরবারেও তুলে ধরতে পারেন নি—এইজন্য যে দিল্লীর কাছ থেকে তারা গুডবয় সার্টিফিকেট চেয়েছেন। যেখানে ফোর্থ ফাইন্যান্স কমিশন রেকমেন্ড করেছেন ৭·৫১ পারসেন্ট বাংলাদেশের প্রাপ্য হিসাবে সেখানে অশোক মেটা সাহেব বাংলাদেশকে দিয়েছেন ৩৪ কোটি টাকা যেখানে ঐ হিসাবে পাওয়া উচিত ছিল ৪৪ কোটি টাকা। এই যে ১০ কোটি টাকা থেকে বাংলাদেশকে বঞ্চিত করেছেন এ সম্পর্কে একটা প্রতিবাদও ও'রা করেন নি, ও'দের বাজেট বক্তৃতায়। কেন্দ্রীয় সরকারের এ বঞ্চনার বিরুদ্ধে একটা কথাও ও'রা বলেন নি—তাঁরা শুধু বলেছেন যে বাজেটে ঘাটতি আছে—কিন্তু এই ঘাটতি মেটাবার দিকে বাংলাদেশকে সুপ্রতিষ্ঠিত করার দিক থেকে যে দৃঢ় পদক্ষেপ যুক্তফ্রন্ট সরকার গ্রহণ করেছেন সে সম্বন্ধে ও'রা এড়িয়ে গেছেন এবং এড়িয়ে যাওয়াও স্বাভাবিক—কেন না কেন্দ্রে যে কংগ্রেস সরকার রয়েছেন তাঁরা যা চান ও'রাও তাই চান। ও'রা বাংলাদেশের সাধারণ মানুষের উন্নতি চান না, মঙ্গল চান না, ও'রা চান কেবল পুঁজিপতি এবং কালোবাজারীদের স্বার্থ রক্ষা করতে এবং সেইজন্য এই বাজেট দেখে ও'রা আতঙ্কগ্রস্ত হয়েছেন। দ্বিতীয় যে কথা বলা হয়েছে সেটা হচ্ছে ঋণ পরিশোধের প্রশ্ন। ঋণ পরিশোধের ক্ষেত্রে ২২ কোটি টাকা আসল এবং ১৩ কোটি টাকা সুদ হিসাবে এ বছর দিতে হবে। এই বাজেটে তার প্রভিশন রাখা হয়েছে—কিন্তু সেদিন শৈলবাবুর বক্তৃতায় এই হাউসকে বিভ্রান্ত করার জন্য তিনি বলেছেন যে এই টাকা কেন্দ্র যে বন্ধ করতে রাজী হবে এমন কোন নিশ্চয়তা নেই এবং সেদিক থেকে এই পদক্ষেপ নাকি অর্থমন্ত্রীর ভুল পদক্ষেপ হয়েছে—একথা বলার চেষ্টা করেছেন। আমার মনে হয় হাউসকে বিভ্রান্ত করার জন্য এটা করা হয়েছে এবং এই বাজেটের বই খুললে দেখতে পাওয়া যাবে যে পাঁচ পাতায় পরিষ্কার দেখা যাবে

যে ২২ কোটি আর ১৩ কোটি এই ৩৫ কোটি টাকার ব্যবস্থা রাখা হয়েছে এই বাজেটের মধ্যে এবং ব্যবস্থা রেখেই বলা হয়েছে কেন্দ্রীয় সরকারের কাছে যে এই বছর এই টাকাটা তোমরা আমাদের কাছ থেকে নেওয়া বন্ধ রাখ এবং তার প্রচেষ্টা চলছে এবং খুব সঠিকভাবে আমাদের অর্থমন্ত্রী এই পদক্ষেপ নিয়েছেন। যদি এটা বন্ধ রাখা যায় তাহলে পরে বাজেট ঘাটতির প্রশ্ন মোট উঠতে পারে না। তার পরে যে প্রশ্নটা আছে সেটা হচ্ছে কর ধার্যের ক্ষেত্রে সেখানে বলা হয়েছে করধার্যের ক্ষেত্রে যে গরীব মানুষের উপর একটু নজর রাখতে হবে যাতে তাদের ঘাড়ে করটা না বাড়ে। সেইজন্য ও'দের জ্বালা ধরেছে। দীর্ঘ ২০ বছরের রাজত্বের মধ্যে লক্ষ লক্ষ কোটি কোটি টাকা যে সমস্ত জমিদার, মিলমালিক ও কালোবাজারীরা আদায় করেছে তাদের উপর যাতে করভারটা বাড়ে সেদিকে লক্ষ্য রাখতে হবে। এটাই হচ্ছে ও'দের জ্বালার কারণ। এবং সেইজনাই এই বাজেটকে ও'রা সমর্থন করতে পারছেন না। কিন্তু কেন্দ্রীয় সরকারের জঘন্যতম যে বঞ্চনার প্রশ্ন সেই প্রশ্নটা ও'রা আজকে এই হাউসের সামনে তুলে ধরেন নি এবং ধরতে পারেনও না—সেটা হচ্ছে বাংলাদেশের খাদ্যঘাটতি সম্পর্কে। একটু আগে মাননীয় সদস্য শুক্লা মহাশয় বড় বড় কথা বলে গেছেন—উনি জনৈক মাননীয় মন্ত্রিমহাশয় সম্পর্কে বলে গেছেন জোতদারের পুত্র বলে। কিন্তু যিনি কিস্তিওয়ালার পুত্র—শ্রমিক কর্মচারীদের ব্লাড-সাকার যাঁরা তাঁরা এই বাজেট সম্পর্কে ভাল বলবেন কি করে? তিনি চটকল এলাকায় কাজ করেন। বাংলা দেশ থেকে কেন্দ্রীয় সরকার যেখানে চটের ব্যবসার মাধ্যমে ২০০ কোটি টাকা বিদেশী মুদ্রা রোজগার করেন তার কতটুকু বাংলাদেশকে তাঁরা দেন। বাংলাদেশের যে জমিতে পাট হয় সেই জমির অর্ধেক জমিতে যদি পাট চাষ বন্ধ করে ধান চাষ করানো হয় তাহলে বাংলাদেশের খাদ্য সংকট এতো তীব্র হতে পারে না এবং এই সমস্যার সমাধান করা সম্ভব। সেই ২০০ কোটি টাকার ভিতর একটা পয়সাও কেন্দ্রীয় সরকার পশ্চিমবাংলার হাতে দেন না। তার বিনিময়ে তারা পশ্চিমবঙ্গের যে ন্যায্য গম এবং চালের ন্যায্য অংশ সেটা পর্যন্ত দিতে রাজি হচ্ছেন না। এইভাবে তারা খাদ্যসংকট সৃষ্টি করে বাংলাদেশকে না খাইয়ে মারার চেষ্টা করছেন এবং তার সঙ্গে সহযোগিতা করছেন ওপাশের যে সমস্ত বন্ধুরা বসে আছেন তাঁরা এবং তাঁদের জোতদার কালোবাজারীরা। করধার্যের ক্ষেত্রে আমি অর্থমন্ত্রীকে অনুরোধ করবো যে যাঁরা মোটরগাড়িতে চড়েন তাঁদের উপর যেন ট্যাক্স বাড়ান, যাঁরা এয়ারকুলার ব্যবহার করেন, যাঁরা ২৫০ টাকার উপরে ফ্ল্যাটে বাস করেন তাঁদের উপর যেন ট্যাক্স বাড়ে সেদিকে যেন দৃষ্টি দেন। তাহলে পর আমাদের ঘাটতি পূরণ করা কিছুটা সম্ভব। এরপরে ও'দের খুব জ্বালা হয়েছে পুলিশ খাতে ৪৮ লক্ষ টাকা কমানো হয়েছে বলে। ডাঃ গোপিকারঞ্জন মিত্র মহাশয় বলেছেন যে পুলিশ কাজই করছে না—টাকা না কমিয়েই বা কি হবে, কিন্তু মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন যে ২০ বছর ধরে এই যন্ত্রটাকে কোটি কোটি টাকা খরচ করে তাঁরা খুব ধারালো করেছিলেন একটা উদ্দেশ্য নিয়ে সেটা হচ্ছে সাধারণ মানুষকে নিষ্পেষিত-নিপীড়িত করার উদ্দেশ্যে। কিন্তু আমাদের যুক্তফ্রন্ট সরকার সেটাকে বন্ধ করেছেন, পুলিশী অত্যাচার বন্ধ করেছেন এবং বন্ধ করেছেন বলেই ও'দের আজকে আশংকা হয়েছে যে এই অস্ত্রটা যদি অকেজো হয়ে যায় তাহলে ভবিষ্যতে ও'রা কি দিয়ে বা রাষ্ট্রপতি কি দিয়ে জনসাধারণকে সায়েস্তা করবেন। সেইজন্য ও'দের আতঙ্ক হয়েছে যে এই অস্ত্রটাকে যুক্তফ্রন্ট সরকার ধারালো করেন নি।

[2-40—2-50 p.m.]

যুক্তফ্রন্ট ৪৮ লক্ষ টাকা মাত্র কমিয়েছেন। তার কারণ হচ্ছে এই যে, পুলিশের সংখ্যা কমানতে সংবিধানগত বাধা আছে এবং পুলিশ আইনে বাধার ফলে এই পুলিশ কর্মচারীদের অন্য কাজে ব্যবহার করার সুযোগ নেই বলে এটা এখনও কমান যায় নি। যদি কমান সম্ভব হয় তবে আমি অনুরোধ করবো আমাদের অর্থমন্ত্রী মহাশয় তিনি পুলিশের একটা অংশকে গ্রামের চাষের কাজে লাগান, চাষীদের সাহায্য করবার জন্য পাঠিয়ে দিন এবং সেই টাকা কৃষি খাতে খরচ করার দিকে যদি আপনাদের ব্যবহার করার সুযোগ থাকে তাহলে তা করুন এবং তাহলেই পুলিশ খাতে টাকা কিছুটা কমান সম্ভব হবে। পুলিশ একটা জায়গায় নিষ্ক্রিয় নিশ্চয় নয়, সেটা হচ্ছে দুষ্কৃতকারী-দের ধরার ব্যাপারে। আমাদের ওপাশে বসে যে ভদ্রলোক চেঁচামেচি করেন তাঁরই ভলেন্টিয়াররা হালিশহর স্টেশনে, শান্তিপুরে ট্রেন থেকে কাপড়ের গাঁট নামিয়েছিল—তারা ধরা পড়েছে এবং এরা সব কংগ্রেসের ভলেন্টিয়ার। সক্রিয় সদস্য এবং তাদের নাম আমার জানা আছে ফার্স্ট ক্লাস

কম্পার্টমেন্ট ডানলোপিলোর গদী ছিঁড়ে নিয়ে গেছে। কাজেই ও'রা যে আতঙ্কিত হবেন তা আমরা জানি।

(নয়েজ)

এরা ওয়াগন ভাঙ্গে আমি এর পর এল আই সি সম্পর্কে একটা কথা বলতে চাই যে, যুক্তফ্রন্ট সরকার কিভাবে ইলেকট্রোনিক কম্পিউটার মেশিন চালু করার বাধা দিচ্ছেন। আমার সময় সংক্ষেপ বলে আমি এটা সংক্ষেপে মেনশন করে যাচ্ছি যে সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে এল আই সি-কে দিয়ে কম্পিউটার মেশিন চালু করবার চেষ্টা করছেন। এটুকুন বলে আমি এ বাজেটকে পুরাপুরি সমর্থন করছি।

**Shrimati Purabi Mukhopadhyay:**
অধ্যক্ষ মহাশয়, যুক্তফ্রন্ট সরকারের অর্থমন্ত্রী যে বাজেট বরাদ্দ আমাদের সামনে উপস্থাপিত করেছেন সে বাজেট বরাদ্দের সঙ্গে আমি একমত হতে পাচ্ছি না। ১৯৪৭ সালে যখন প্রথম সরকারের ভার কংগ্রেস গ্রহণ করেছিল তখন শূন্য তহবিল নিয়ে সুরু করতে হয়েছিল। তারপর ১৯৬৭ সালের মার্চ মাসে যখন আমরা ছেড়ে দিয়ে গেলাম, তখন এই সরকারের হাতে আমরা...

(নয়েজ)

আমি আপনার প্রোটেকশান অফ দি হাউস চাচ্ছি।

**মিঃ স্পীকারঃ** প্লিজ মেইনটেইন অর্ডার।
All of you will get a chance to speak.

**শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ** ১৯৬৭ সালের মার্চ মাসে যখন আমরা ছেড়ে দিয়ে গেছি তখন প্রারম্ভিক তহবিল হিসাবে এ'রা আমাদের কাছ থেকে পেয়েছেন ১৮ কোটি ৬ লক্ষ টাকা। এরা কথায় কথায় বলেন কংগ্রেস দেশকে দেউলিয়া করে গেছেন। কিন্তু অর্থমন্ত্রী তাঁর বাজেট বক্তৃতায় বলতে বাধ্য হয়েছেন যে, প্রারম্ভিক তহবিল আমরা ১৮ কোটি ৬ লক্ষ টাকা দিয়ে গিয়েছি। এর দ্বারা প্রমাণিত হয় পশ্চিমবাংলাকে যদি কেউ দেউলিয়া করে থাকেন তাহলে সেটা কংগ্রেস সরকার নয়, যে নীতি নিয়ে তাঁরা আজকে দেশ পরিচালনা করছেন তাতে ও'রা দেশকে দেউলিয়া করে যাচ্ছেন। শুধু যে প্রারম্ভিক তহবিল ১৮ কোটি ৬ লক্ষ টাকা দিয়ে গেছি তা নয়, সে সঙ্গে আমরা সম্পদ সৃষ্টি করে দিয়ে গেছি। আজকে দুর্গাপুর শিল্পনগরী, কল্যাণী স্পিনিং মিল, বিভিন্ন স্টেট আন্ডারটেকিং, ইত্যাদি বিভিন্ন শিল্পসংস্থা রাস্তাঘাট, হাঁসপাতাল-এর মাধ্যমে আমরা যে সম্পদ সৃষ্টি করে দিয়ে গেছি এবং যে সম্পদ সৃষ্টির উৎসমুখকে খুলে দিয়ে গেছি তার পাদপীঠে দাঁড়িয়ে ও'রা বলছেন দেশকে আমরা দেউলিয়া করে গেছি। যে সম্পদ সৃষ্টি করার পোটেনসিয়াল করে দিয়ে গেছি যদি সেটা স্থিতাবস্থা রাখতে পারেন তাহলে দেশকে সমস্ত দিক থেকে এগিয়ে নিয়ে যেতে পারবেন। যে শিল্পনীতি যে শ্রমিক নীতি......

(শ্রীনারায়ণ চোবে কি বলিতে উঠিলেন)

আমি আপনার বক্তৃতার সময় কোন বাধা দিই নি। আমি বলছি ১৮ কোটি ৬ লক্ষ টাকা প্রারম্ভিক তহবিল আমরা দিয়ে গেছি, শুধু তাই নয় সে সঙ্গে আমরা ওয়েলথ্ সৃষ্টি করেছি এবং আরো বৃহত্তর সম্পদ সৃষ্টির উৎসমুখকে খুলে দিয়ে গেছি। আপনারা যদি না কিছু সৃষ্টি করতে পারেন শুধু যদি স্থিতাবস্থা বজায় রাখতে পারতেন তাহলে বাংলাদেশে ৪ মাসের মধ্যে সর্ব-ক্ষেত্রে এত অবনতি দেখা যেত না। আমি জোরের সঙ্গে বলতে চাই যে, আজকে যে বাজেট উত্থাপন করা হয়েছে তার প্রতিটা কথাতে দেখা যাচ্ছে রাজ্যসরকার তাঁর নিজের দোষস্থালন-এর জন্য দুইটি রাস্তা নিয়েছেন—একটা হচ্ছে পূর্বতন কংগ্রেসী সরকারের উপর দোষারোপ আর একটা হচ্ছে কেন্দ্রীয় সরকারের উপর দোষারোপ করা। তিনি তার বাজেট বক্তৃতায় যে বিবৃতি রেখেছেন তাতে প্রারম্ভিক তহবিলে ১৮ কোটি টাকার স্বীকৃতি এনে দিয়েছেন যেটা তাঁরা আমা-দের হাত থেকে পেয়েছেন। অতএব পূর্বতন কংগ্রেসী সরকার শূন্য তহবিল তাঁদের দেন নি। কেন্দ্রীয় সরকার সম্পর্কে যা বলা হয়েছে তাতে এটুকুন বলতে চাই অর্থমন্ত্রী তাঁর প্রতি পাতায় পাতায় কেন্দ্রের অবিচারের কথা বলেছেন এবং আমার পূর্ববর্তী বক্তা এখানে যা বললেন তাতে পশ্চিমবঙ্গের পূর্বতন সরকার কেন্দ্রের বিরুদ্ধে কোনদিন কথা উচ্চারণ করেন নি। এই

হাউসকে স্মরণ করিয়ে দেবো যে তৃতীয় ফাইন্যান্স কমিশন সম্পর্কে ডাঃ রায় যে দাবী উত্থাপ করেছিলেন সেই দাবী উত্থাপন করে তিনি একে একটা প্যারাগ্রাফ বলে অভিহিত করেছিলেন আমি এটা সম্পর্কে স্মরণ করিয়ে দিচ্ছি যে, চতুর্থ ফাইন্যান্স কমিশন-এর কাছে আমরা বলেছি লাম যে জনসংখ্যার ভিত্তিতে কেন্দ্রীয় সরকারের সাহায্যের শতকরা ৭০ ভাগ বণ্টিত হোক এ স্পেশ্যাল প্রোবলেম-এর জন্য শতকরা ৩০ ভাগ দেওয়া হোক। নূতন অর্থমন্ত্রীমহাশয় এক্ষে কোন নূতন ফরমূলা নিয়ে কেন্দ্রের কাছে অ্যাপ্রোচ করেন নি, আমাদের ফর্মুলা যা আমরা দাব সহকারে উপস্থিত করেছিলাম এক একটা কমিশনের কাছে যে, জনসংখ্যার ভিত্তিতে ৭০ ভা দেওয়া হোক এবং ৩০ ভাগ দেওয়া হোক স্পেশাল প্রোবলেম-এর জন্য। সেইভাবেই তি বলেছেন এই ভিত্তিতে কেন্দ্রীয় সরকার, প্ল্যানিং কমিশন এবং চতুর্থ ফাইন্যান্স কমিশন রাজ হয়েছিলেন। তাঁরা ক্যালকুলেশান করতে গিয়ে একটু এধার ওধার সেটা নির্ভর করবে আমাদে জনসংখ্যার রিসেন্ট ফিগার কি তার উপর। সে ফিগারের উপর শতকরা ৭০ ভাগ আমাদের কেন্দ্রী সরকার দিতে বাধ্য। এ দাবী তুলে নূতন সরকার কিছু নূতন করছেন বাহবা কেনার জন্য ত নয়। আমার পূর্ববর্তী যিনি বললেন আমি তাঁকে বলছি যে বিধানসভার কক্ষে ইতিপূর্বে বাজেট বক্তৃতা হাউস-এ হয়ে গেছে বিভিন্ন অর্থমন্ত্রীর তা যদি পড়তেন তাহলে দেখতে পেতে যে কেন্দ্রীয় সরকারের কাছে আমরা কি ভিত্তিতে অভিযোগ করেছিলাম। কেন্দ্রীয় সরকারে কাছে এও বলা হয়েছিল যে আমরা আরো সেন্ট্রাল অ্যাসিসটেন্স নিশ্চয়ই পাবো। সেন্ট্রাল অ্যাসিস্ট্যান্স যাতে বেশী হিসাবে দেয় তাও আমরা দেখেছি, সেই সঙ্গে সঙ্গে আরো একটা কথ বলা হয়েছে যে, পূর্বের ঋণ আমরা শোধ করবো না। আজকে অকংগ্রেসী সরকার শুধু পশ্চিম বাংলায় নয়, ভারতের বিভিন্ন জায়গায় হয়েছে। পশ্চিমবঙ্গ সরকার বলছেন ঋণ আমরা দেবে না কেন্দ্রের পাওনা টাকা আমরা দেবো না। ঠিক তেমনি করে বিভিন্ন অকংগ্রেসী সরকার যদি বলে টাকা দেবো না তাহলে কি হবে?

[2-50—3-00 p.m.]

মোরাটোরিয়াম করে দিচ্ছে এ যদি বলেন—কেন্দ্রের যেটা পাবার সোর্স, যেটা বিভিন্ন রাজ্য সরকারগুলির মধ্য দিয়ে তাঁরা সংগ্রহ করেন, কালেকশান যেগুলি হয় থ্রু ডিফারেন্ট স্টেট গভর্ন মেন্টস, সেই সমস্তগুলি তাঁরা যদি আদায় করতে বলে দেন কেন্দ্রকে আমরা দেবো না এই কথ যদি বলেন এবং কেন্দ্রের যেসব স্পেশাল কমিটমেন্টস আছে, শুধু সেন্ট্রালি স্পনসোর্ড স্কীম হিসাবেই নয়, শুধু সেন্ট্রালি এডেড স্কীম হিসাবেই নয়, প্রতিরক্ষা হিসাবে এবং বিভিন্ন কল্যাণ মূলক কর্মপন্থা হিসাবে কেন্দ্র সরাসরিভাবে যেসমস্ত কাজ করে থাকেন সেই দিক থেকে এবং সমস্ত অর্থনৈতিক দিক থেকে কেন্দ্রের যে দায়িত্ব আছে তা যদি পালন করতে হয় তাহলে তাকে ডেফিসিট ফাইন্যান্সিং করতে হবে। আর নয় প্রতিরক্ষার টাকা কেটে, শিক্ষা খাতের টাকা কেটে স্বাস্থ্য খাতের টাকা কেটে এবং বিভিন্ন সোসাল সার্ভিস আইটেমস খাতে কেন্দ্রীয় সরকার য ব্যয় করে থাকেন এইগুলি কেটে সমস্ত সরকারগুলিকে তাদের এই দাবী পূরণ করবার জন এগিয়ে আসতে হবে। তা কখনও সম্ভব নয়। কারণ, কল্যাণ রাষ্ট্রে কল্যাণমূলক কাজ বন্ধ করে সেই টাকা সংকোচ করতে যাওয়া—নিশ্চয়ই সকলের উচিত বাধা দেওয়া। তাহলে বাকি রইল ডেফিসিট ফাইন্যান্সিং, অর্থাৎ ঘাটতি বাজেট নিয়ে চালানো। আমরা জানি সারা পৃথিবীর সকলের কাছেই এই কথা স্বীকৃত যে ডেফিসিট ফাইন্যান্সিং আরো সর্বনাশকে ডেকে নিয়ে আসে। ইতিপূর্বে আমাদের তাই হয়েছে। আমাদের পশ্চিমবঙ্গেও হয়েছে, ভারত সরকারেরও হয়েছে এবং সর্বত্রই হয়েছে। না হবার উপায় ছিল না। যতগুলি কমিটমেন্টস ছিল, যতগুলি কাজে অগ্রাধিকার দেওয়া প্রয়োজন ছিল, সেই তহবিল আমাদের হাতে ছিল না তাই করতে হয়েছে। কিন্তু আজকে ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে সুরু করে কমিউনিস্ট নীতি পর্যন্ত কোন জায়গার কোন বিশেষজ্ঞ ডেফিসিট ফাইন্যান্সিং সমর্থন করি, এই কথা কি কখনও বলেছেন? দ্রব্যমূল্য বৃদ্ধির জন্য কেন্দ্রীয় সরকারের উপর দোষ দিচ্ছেন। কিন্তু এবারেও যদি আমাদের ডেফিসিট ফাইন্যান্সিং করতে হয়, ঘাটতি বাজেট তৈরী করতে হয় তাহলে মোদ্দা কথা দাঁড়াচ্ছে এই যে, আমাদের পশ্চিমবঙ্গ সরকারি কি চাইছেন? তাঁরা কি চাইছেন কেন্দ্র ডেফিসিট ফাইন্যান্সিং ঘাটতি বাজেট চালান? তাঁরা কি চান আবার ডেফিসিট ফাইন্যান্সিং হোক? নিশ্চয়ই কেউ চাইবে না। অন্তত তাঁরা যদিও চান, ভারতবর্ষের কোন মানুষ কখনও তা চাইবে না। তা যদি ন

চাইতে হয়, তাহলে কেন্দ্রের যে ন্যায্য পাওনা টাকা সেগুলি যদি প্রত্যেকটি রাজ্য বন্ধ করে দেয়— তাহলে কেন্দ্রের হাত-পা বন্ধ করে দিয়ে ফেডারেল স্ট্রাকচারকে বন্ধ করে দিয়ে এমন একটা সিস্টেম ডেভেলপ করতে হয় যতগুলি রাজ্য সরকার আছে তাদের বাদ দিয়ে—কেন্দ্র সেগুলি করতে পারবেন, বিভিন্ন রাজ্যে যা আমরা সবাই সেগুলির প্রতিবাদ করব। তা রাজ্য সরকার করতে পারবেন না। আর নয় সমস্ত কাজকর্ম বন্ধ করে দিয়ে আবার সেই ঘাটতি বাজেট, আবার সেই ইনফ্লেশান ইত্যাদি সমস্ত রকম যা কিছু পাপ আছে তাকে ডেকে নিয়ে আসতে হবে। তাই আমি বলতে চাই, এই বাজেটে অর্থমন্ত্রী মহাশয় তাঁর নিজের দায়িত্ব এড়িয়ে কেন্দ্রীয় সরকারের ঘাড়ে চাপানোর একটা অপকৌশল ছাড়া এর পিছনে আর কিছু নেই। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে অ্যাসিস্ট্যান্স চাইলাম, অথচ ন্যায্য পাওনা দিলাম না—অর্থটা সোজা বাংলায় গিয়ে দাঁড়ালো এই, কেন্দ্রকে যেটা দিতেন সেটা আর দিলেন না। এই দুটোকে মিলিয়ে কেন্দ্রীয় সাহায্য অনেক বেশী এসে গেল এবং আমাদের এখানে বার বার বলা হচ্ছে পুলিশ খাতে টাকা কমিয়েছি। গতবার পুলিশ বাজেটে কি ছিল সেটা আমরা দেখেছি। আমরা ১৯৬৬-৬৭ সালে যে পুলিশ বাজেট করেছিলাম তাতে ছিল প্রথমে ১৫ কোটি ৭ লক্ষ ৫৯ হাজার টাকা, রিভাইজড বাজেটে গিয়ে দাঁড়ালো ১৫ কোটি ১ লক্ষ ৩৪ হাজার টাকা। এবার পুলিশ খাতে কি দেওয়া হয়েছে? এবার পুলিশ খাতে ১৮ কোটি ৪১ লক্ষ ৬৮ হাজার টাকা হয়েছে। অতএব এই হিসাবে কি কমলো কোন দিক থেকে সেটা আমি অন্তত বুঝতে পারলাম না। আশা করি এই ফিগার যদি জাগলারি হয় তাহলে সেটা মাননীয় মন্ত্রীমহাশয় নিশ্চয়ই এই হাউসে বলবেন, আর আমি যদি ভুল করি তাহলে নিশ্চয়ই আমায় বুঝিয়ে দেবেন। এই ১৫ কোটি ১ লক্ষ ৩৪ হাজার টাকার বাজেট আমাদের আমলের। সেটাকে ১৮ কোটি টাকা করে পুলিশ বাজেটে ৪৮ লক্ষ টাকা কমিয়েছেন বলছেন। তাঁরা বলছেন একটা আইটেমে কমিয়েছি। টোটাল পুলিশ বাজেটে কত কমিয়েছেন? বরং ৩ কোটি টাকা বেড়েছে এবং সেই ৩ কোটি টাকা পুলিশ খাতে বাড়িয়ে আজকে কি সর্বনাশ করছেন—মাননীয় ত্রাণমন্ত্রীকে আমি অভিনন্দন জানাচ্ছি যে গতকাল যে সভা হয়েছিল, সেখানে তিনি যেভাবে সৎসাহসের পরিচয় দিয়েছিলেন, এই যুক্তফ্রন্ট সরকারের মন্ত্রী হয়েও এই ল অ্যান্ড অর্ডারের বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছিলেন, আমি তাঁকে সেইজন্য অভিনন্দন জানাচ্ছি। আমি অভিনন্দন জানাচ্ছি ঐ সভাতে যুক্তফ্রন্ট-এর শরিকরা যাঁরা উপস্থিত ছিলেন এবং যাঁরা ল অ্যান্ড অর্ডার ভাঙ্গবার জন্য সঙ্ঘবদ্ধ ভাবে আক্রমণ করেছিল বামপন্থী কমিউনিস্ট পার্টি উগ্রপন্থীদের নাম দিয়ে যাদের চালানো হচ্ছে তাঁদের রেজিস্ট করবার জন্য আজকে এই শাসন ব্যবস্থা চালানোর জন্য এই বাজেট বরাদ্দ তাঁরা চেয়েছেন। খবরের কাগজগুলো আজকে ভয়ে লিখতে পারছে না। যুক্তফ্রন্ট সরকার গঠিত হবার পর আজকে তিন মাস পরে প্রথম দেখলাম যে, স্টেটসম্যান বোলডলি একটা কথা বলেছে—কংগ্রেসের সময় শুনতাম যে সংবাদপত্রের কণ্ঠ রোধ করা হয়েছে, আজকে কোন শক্তি দিয়ে সমস্ত কাগজের কণ্ঠ রোধ করা হলো যে বাংলাদেশের সমস্ত ল অ্যান্ড অর্ডার ভেঙ্গে পড়লো বাংলাদেশের শিক্ষক বা প্রাথমিক শিক্ষক যাঁরা এই হাউসের সামনে লাঞ্ছিত হলো, এখানে বিধানসভার সদস্যদের দিনের পর দিন অপমানিত করা হলো—এখানে প্রতিদিন সন্ত্রাসের রাজত্ব চালিয়ে, সেই সরকার আজকে ব্যয় বরাদ্দ পেশ করেছেন, আমি তার বিরোধীতা করি।

**Shri Ram Chatterjee:**

মাননীয় স্পীকার, স্যার, এই বাজেট সমর্থন করতে গিয়ে আমি বলবো যে বিগত কংগ্রেস সরকারের আমলে ঘাটতি বাজেট উপস্থিত করা হয় নি, কিন্তু বর্তমান যুক্তফ্রন্ট সরকার ঘাটতি বাজেট উপস্থিত করেছেন। ও'রা খুব রেগে গেছেন এতে। ও'দের বাজেটের টাকা উদ্বৃত্ত থেকে যেত তার কারণ ও'রা কাজ করতে পারতেন না, তাই চাইতেন না। ও'দের সময় সব খাতেই টাকা বেঁচে গেছে। এইবারকার বাজেটে সমস্ত খাতেই টাকা বাড়ানো হয়েছে শুধু পুলিশ খাতে ছাড়া। আজকে ও'রা বাজেট আলোচনায় বাধা দেবার চেষ্টা করছেন। বাজেট আলোচনা করতে গিয়ে ও'রা শুধু মাও, মাও চিনে, চিনে করে চেঁচাচ্ছেন—নকশালবাড়ি বলে চেঁচাচ্ছিলেন—নকশালবাড়ি সম্বন্ধে দেওয়ালে যা লেখা ছিল সেটা একটু শোনাচ্ছি। "নকশালবাড়ির ফাঁকা আকাশ, খড়িবাড়ির ফাঁকা বাতাস, রক্ত ঝরছে ঝরুক, গুলী চলছে আরও চলুক, তবু আমরা জমি ছাড়বো না।" ঠিকই তো, নকশালবাড়ি কংগ্রেস সরকারের সৃষ্টি, ১৯ বছর ধরে এই তরাই অঞ্চলকে যারা নিষ্পেষণ করেছে মানুষকে জমি দেয় নি, মানুষের ক্ষতি করেছে কে? মানুষের প্রতি

নিষ্পেষন চালিয়েছে এই কংগ্রেস সরকার, নকশালবাড়ি তাদেরই সৃষ্টি। আজকে মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টি কেন, কারও ক্ষমতা ছিল না দরিদ্র মানুষকে এনে গুলীর সামনে দাঁড় করায়, যদি না তারা অবহেলিত হতো, তারা বঞ্চিত না হতো। এই অবস্থায় একটা শ্রেণীর একটা দিক তরাই অঞ্চলের মানুষকে ১৯ বছর ধরে চেপে রেখেছিল, কণ্ঠ রোধ করে রেখেছিল। তারা সামান্য সাঁওতাল সম্প্রদায়, তারা ভাবলো যখন যুক্তফ্রন্ট সরকার হয়েছে, হয়তো কিছু জমি তারা পাবে, এই আশায় তারা এসেছিল, কলকাতায় যেমন পুলিশ তাড়া করলে সকলে ছুটে পালায়, তেমনি তারাও আন্দোলন করতে এসে তাই করতে চেয়েছিল, তারা হয়তো একটা তীর চালিয়েছিল, একটা পুলিশ মরেছিল, একটা জোতদার মরেছিল, কিন্তু অসহায় কৃষাণী বাচ্চা কোলে নিয়ে যখন সাত সাতটা রমণীর রক্ত নকশালবাড়ির পাথরকে লাল করে দিয়েছিল, তখন তো কেউ আর ভেঙ্গে পড়েন নি, আজকে এখানে ঐ পুলিশের কথা উঠেছে, জোতদারদের কথা উঠেছে কিন্তু ঐ সাঁওতাল কৃষাণীর ব্যথার কথা তো কারও মুখে শুনতে পাচ্ছি না। সেইজন্য বলছি যে, নকশালবাড়ির সমস্যা সমাধানের একটা উপায়ই আছে সেটা হচ্ছে তাদের জমি দিয়ে খাদ্য দিয়ে তাদের শান্ত করা যায়। যেমন একটা টিউব পচে গেছে এক জায়গায় লিক হয়েছে, প্যাঁচ লাগিয়ে দিলেন, তারপর দেখবেন কি? আর একটা জায়গায় লিক হয়েছে।

[3—3-25 p.m.]

সেখানে গোটা ভারতবর্ষের ছবি হচ্ছে এই কংগ্রেস সরকার গত ১৯ বছর ধরে ভারতবর্ষের মানুষকে এমন অবস্থায় নিয়ে গিয়েছে যে সেই অবস্থা থেকে ফিরিয়ে এনে ভাল অবস্থায় তাদের খাওয়া পরার যদি ব্যবস্থা না করে তাহলে চারিদিকে এই অবস্থা হতে বাধ্য। মানুষকে খাওয়া পরা দিলে কেউ তাদের গুলীর সম্মুখে নিয়ে আসতে পারবে না। তাই আজ আমাদের যুক্তফ্রন্ট সরকার চাষী মজুরের কথা বলেও তাঁরা প্রথম ব্যর্থ হয়েছিল নকশালবাড়িতে চাষী নিধনের মধ্য দিয়ে।

(At this stage the House was adjourned for 20 minutes)

**(After adjournment)**

[3-25—3-35 p.m.]

**Shri Satyabrata Bhattacharyya:**

মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাচ এক্সপেকটেড বাজেট যুক্তফ্রন্ট সরকারের পক্ষ থেকে আজ এই ফ্লোরে উপস্থাপিত করা হয়েছে। যুক্তফ্রন্ট সরকার যেদিন থেকে এখানে এসেছে সেদিন থেকেই বাইরে সমস্ত বাংলায় দুর্যোগ বয়ে গেছে, ঝঞ্ঝাবার্তা চলেছে, শ্রেণীর লড়াই আরম্ভ করিয়ে দেওয়া হয়েছে। আমি নকসালবাড়ীর কথা তুলতে চাই না কারণ আমার সম্মুখে যাঁরা আছেন তাঁরা আপত্তি করছেন। আমি বলবো যে আমাদের হিন্দু ধর্ম মতে তাঁরা কলেবর পরিত্যাগ করেছেন, অমরত্ব এখনও জীবিত আছে। খাদ্য সম্বন্ধে আমাদের মাননীয় খাদ্যমন্ত্রী ডঃ ঘোষ এখানে বলে গেলেন যে প্রফুল্লবাবু নাকি এই নীতি নিয়েছিলেন, তিনি এই নীতি পরিত্যাগ করে কর্ডনিং উঠিয়ে দিয়েছেন এবং এই ফ্লোরে খাদ্যনীতি বলবার সময় হেসে হেসে অঙ্গ ভঙ্গিমা করে বলে গেলেন যে যেটুকু চাল দেওয়া হয় সেই চালে যতখানি ক্যালোরি আছে সেই পরিমাণ যদি কাঁচা কলা খাওয়া যায় তাহলে তা মনুষ্যের পাকস্থলিতে আটে না, গরুর পাকস্থলি হতে হয়। কিন্তু যুক্তফ্রন্ট সরকারের পক্ষ থেকে তিনি যে নীতি গ্রহণ করেছেন তাতে আমরা আজকে বাইরে কি দেখছি, শ্রেণী সংগ্রাম তো আরম্ভ হয়ে গিয়েছে প্রত্যেক জায়গাতে, বাংলার যেখানে উদ্বৃত্ত ধান হয়েছে সেখানেও ২ টাকার উপর চালের দর, অন্যান্য জায়গাতে ২ টাকা থেকে ৩ টাকা পর্যন্ত এবং স্ট্যাটুটারি র‍্যাশানিং এরিয়াতে যদি কেউ চাল কিনতে যান তাহলে দেখবেন ৪ টাকা ৫ টাকা চালের কেজি। তিনি পূর্বতন খাদ্যমন্ত্রীর খাদ্যনীতি সম্বন্ধে ক্রিটিসাইজ করে গিয়েছেন। তাঁর খাদ্যনীতি সম্বন্ধে আমি এটুকু বলতে পারি তিনি কি ব্যবস্থা করেছিলেন,

"The only means of preventing such inequities is for Government to procure the maximum possible quantity of rice and paddy internally and to distribute the same together with such Central supplies as can be obtained at reasonable prices under the control of the Government through statutory rationing in areas of high purchasing power and through modified rationing in other urban and rural areas."

যাই হোক গতবারে যে খরা না ছিল তা নয়, আমাদের যা খাদ্যের দরকার তা থেকে অনেক কম হয়েছিল। তিনি এই নীতি গ্রহণ করেছিলেন যে বাংলাদেশে যে উৎপন্ন খাদ্যদ্রব্য সেটাকে আমরা সুবণ্টনের মাধ্যমে প্রত্যেককে দেবো এবং সেই নীতি গ্রহণ করার ফলে আমরা দেখেছি যে মডিফায়েড র‍্যাশানিং এরিয়াতে ১২ মাস মডিফায়েড র‍্যাশান দিয়ে গিয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি জানেন পি এল ৪৮০তে তখন আমাদের গম আসতো না, সেন্ট্রাল গভর্নমেন্ট এখন যেমন দিতে পারছেন না তখনও তেমনি দিতে পারেননি। আমাদের এই গভর্নমেন্ট যখন হল, তার খাদ্যমন্ত্রী যখন বহরমপুরে গিয়েছিলেন তখন তিনি সেখানে স্বীকার করে এসেছেন যে সেন্ট্রাল গভর্নমেন্ট কোনরকম পক্ষপাতিত্ব করছে না অকংগ্রেসী সরকারের সঙ্গে। বহরমপুরে তিনি সেদিন বলে এসেছিলেন আমাদের যা প্রাপ্য তার থেকে ৫ হাজার টন চাল বেশী দেওয়া হয়েছে, সমস্ত ভারতবর্ষে আজকে খরা, সব জায়গাতে গম দেওয়া হচ্ছে, সে পরিপ্রেক্ষিতে যতটুকু পারছে সরকার দিচ্ছে, সেন্ট্রাল গভর্নমেন্ট কোন পক্ষপাতিত্ব করছে না। এটা তিনি সার্কিট হাউসে সকল দলের এম এল এ-দের কাছে বলে এসেছিলেন, তারপরে সেই খাদ্যনীতির জন্য তাঁরই ক্যাবিনেটের লোক তাঁর পদত্যাগ দাবী করেছেন এবং তাঁর নীতির ফলে আজকে ডাঙ্গে, কমিউনিস্ট পার্টির নেতা, তাঁর উপর ডাণ্ডা চালাচ্ছেন। এখনও তাঁর চৈতন্য হয়নি, যেহেতু পূর্ববর্তী সরকার এই কর্ডনিং করেছিলেন সেই হেতু তিনি সেই কর্ডনিং তুলে দিয়ে বাংলাদেশের ৪ কোটি লোককে হাহাকারের মধ্যে, দুর্ভিক্ষের মধ্যে টেনে নিয়ে গিয়েছেন। তিনি তাঁর জেদের জন্য, অহমিকার জন্য বাংলাদেশের ৪ কোটি লোককে হাহাকারের মধ্যে ঠেলে দিয়েছেন। একদিকে খোলা বাজার রেখেছেন, অন্যদিকে ২১, ২২, ২৩ টাকা ধানের দাম বেঁধে দিয়েছেন। যেহেতু কংগ্রেস সরকার ১৫, ১৬, ১৭ টাকা করেছিলেন সেইজন্য চাষীদের দাম বেশী দেবার জন্য ২১, ২২, ২৩ টাকা করলেন। ফলে উদ্বৃত্ত অঞ্চলে আজকে ৩৫, ৩৬ টাকা মণ ধানের দর। খাদ্য যদি প্রকিয়োরমেন্ট করতে চান তাহলে এ আশা করতে পারেন না যে যেখানে ৩৫ টাকা ধানের দাম সেখানে জোতদার, মজুতদাররা তাঁকে ২১ টাকায় ধান দেবে। ধান চাল চলে গেল মুনাফাখোরীদের হাতে, কালোবাজারে সমস্ত দেশ ছেয়ে ফেললো, তাদের প্রথমে সহায়তা করলেন এই যুক্তফ্রন্ট সরকার। লেভি আদায়ের জন্য যে দু' হাজার কেস ছিল সেটা আইনতঃ হোক, বেআইনতঃ হোক সেটা হাইকোর্টে গিয়ে নিয়ে আসতে হবে কিন্তু এই যুক্তফ্রন্ট সরকার সেই দু' হাজার কেস উঠিয়ে নিলেন। আজ যদি দু' হাজার কেসের ধান থাকতো তাহলে মফঃস্বলে মডিফায়েড র‍্যাশান কিছুটা চালু করতে পারতেন এবং তা চালু করলে কালোবাজার থেকে ধান চালের দাম কমতে বাধ্য হতো। আজকে মডিফায়েড র‍্যাশান দিতে পারছেন না ফলে খুশীমত দরে ২ টাকা, ৩ টাকা, ৪ টাকা দরে চাল বিক্রি হচ্ছে যুক্তফ্রন্ট সরকারের এই নীতির ফলে। তার পরে জ্যোতিবাবু এই কথা বলে গিয়েছেন যে পূর্ববর্তী সরকার লেভি আদায় করেননি। কিন্তু তিনি যুক্তফ্রন্ট সরকার গঠিত হবার দেড় মাস পরে বহরমপুরে গিয়ে একথা বলেছেন যে প্রফুল্লবাবু ৫৫ হাজার টন খাদ্যদ্রব্য সংগ্রহ করেছেন, আমরা দেড় মাসে ৩৩ হাজার টনেও যেতে পারিনি। তিনি নিজে একথা স্বীকার করেছেন। তখন সেন্ট্রাল গভর্নমেন্টের দোষ দেননি। কিন্তু আপনি দেখেছেন যে মার্ক্সিস্ট কমিউনিস্ট পার্টির চাপে পড়ে আজকে তিনি তাঁর কথা উলটাচ্ছেন যে সেন্ট্রাল সরকার দিতে পারছেন না। আমার প্রশ্ন হচ্ছে যেটা তিনি বলেছিলেন বাংলাদেশ যে খাদ্যদ্রব্য উৎপন্ন হয়েছে সেটা তিনি সংগ্রহ করে সমভাবে বণ্টন করবেন তা তিনি কেন করেননি এই কৈফিয়ত আজকে বাংলাদেশের ৪ কোটি লোকের কাছে দিন এবং বাংলার ৪ কোটি লোক সেই কৈফিয়ত তাঁর কাছ থেকে আজ হোক, কাল হোক, ভবিষ্যতে যে নেবে এ বিষয়ে কোন সন্দেহ নেই। সুতরাং তাঁর নীতির মধ্যে যে ভুল আছে সে বিষয়ে কোন সন্দেহ নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২৬শে জুন তারিখে এ্যাসেম্বলী যেদিন আরম্ভ হল বাইরে সেদিন আপনি কি শুনলেন? যে রাইট নিয়ে সরকার পক্ষের মন্ত্রীরা এখানে আসেন, যে রাইট নিয়ে সরকার পক্ষের মেম্বাররা এখানে আসেন সেই রাইটে আমরা প্রত্যেক মেম্বাররা এখানে আসি।

কিন্তু আমাদের যাতায়াতের নিরাপত্তা নাই। আজ বাংলাদেশের ধনসম্পত্তি এবং জীবনের কোন নিরাপত্তা নাই। আজকে অ্যাসেম্বলী মেম্বারদের পর্যন্ত জীবনের নিরাপত্তা নাই। আমি নিজে শুনে এসেছি গেটের ধারে বাংলার অপর নাম ভিয়েৎনাম লাল সেলাম, লাল সেলাম, আরো তারা বলছে মাও-সে তুং লাল সেলাম, লাল সেলাম। এই পরিপ্রেক্ষিতে তাঁরা এত কোটি টাকার ঘাটতি বাজেট আমাদের সামনে উপস্থিত করেছেন। কিন্তু এই ডেফিসিট বাজেটের ৩৬ কোটি

আসবে কোথেকে? গতবার থেকে যুক্তফ্রন্ট সরকার হবার আগে থেকে সেন্ট্রাল গভর্নমেন্ট বলছেন আমরা অতিরিক্ত কোন কিছু দিতে পারবো না, আমরা রিজার্ভ ব্যাঙ্কে ওভারড্রাফট করতে পারবো না। কেবল এই যুক্তফ্রন্ট সরকার সম্বন্ধে বলেন নাই তাঁরা এক বছর আগে থেকে ইকনমিক কন্ডিসান থেকে বলে আসছেন তোমরা সেই কাট ইওর কোট একর্ডিং টু ইওর ক্লথ কর। তাঁরা জানেন যে বাইরের যে গণসংগ্রাম শ্রেণী সংগ্রাম তাঁরা আরম্ভ করেছেন, অ্যাসেম্বলীর ভেতর থেকে বাজেট গিয়ে ঐ সমস্ত ইকনমিক স্ট্রাকচার ভাঙ্গবার চেষ্টা হয় নাই? ঐ ৩৬ কোটি টাকা তাঁরা কোথা থেকে আদায় করবেন এবং কি করেই এই বাজেট ব্যালেন্সড বাজেট হবে? সেই সম্পর্কে তিনি কিছু বলেন নাই।

স্পীকার মহাশয়, আপনি যে আমাকে অতিরিক্ত সময় দিয়েছেন, তার জন্য আপনাকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**Dr. Nalinaksha Sanyal:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ তিনদিন ধরে আমাদের যুক্তফ্রন্ট সরকারের বাজেটের উপর নানাদিক থেকে নানা ভাষায় নানা রসসৃষ্টিকারী বক্তৃতা শুনলাম। কিন্তু বোধোদয় হল না। প্রথমে দীর্ঘ এক ঘণ্টা ব্যাপী বক্তৃতা করলেন ওজস্বিনী ভাষায় আমার বন্ধু প্রাক্তন অর্থমন্ত্রী শ্রী মুখোপাধ্যায় মহাশয়। তিনি অনেক আওয়াজ তুললেন। কিন্তু তার মধ্যে কোন যুক্তি খুঁজে পেলাম না। তারপর কংগ্রেসের পক্ষ থেকে আরো কয়েকজন বিগ্ গান্‌স বক্তৃতা দেবার চেষ্টা করলেন। দেখলাম সিদ্ধার্থশঙ্কর রায় মহাশয় একদিকে মক্কেলের ফাইলের টান আর অন্যদিকে পুরান মামলার কথা। অনুপ্রাসের ছড়াছড়ির মধ্যে দেখতে পেলাম কতকগুলি কথার ফুলঝুরি আমাদের বাজেট একটা অপদার্থ বাজেট। চারটি তিনি তার নাম দিলেন। সেখানে যা বুঝলাম তার আসল অভিযোগ হাইকোর্টের কতকগুলি মামলা প্রত্যাহার করে নিয়ে লেভি আইনে যা সম্ভব গত সরকার করেছিলেন, তা আমরা নাকি নষ্ট করেছি। আজকে তার জবাবে ডঃ প্রফুল্ল ঘোষ দেখিয়ে দিলেন এই দোষে কে দায়ী? এর আগে আমার তরুণ বন্ধু শুক্লা খুব গরম করে বললেন। তাঁর বক্তৃতার মধ্যেও ঐ একই সুর। আপনারা আমাদের এখানে ঘাটতি বাজেট করেছেন এবং এই ঘাটতি বাজেট যা নারায়ণ চৌধুরীও বলেছেন সর্বনাশা বাজেট, বাংলাদেশকে আমরা এর দ্বারা সর্বনাশের পথে তুলে দিলাম। একটা নতুন কথা বলবার তিনি চেষ্টা করেছেন। শুক্লা বললেন এটা কি জ্যোতিবাবুর বাজেট, না, যুক্তফ্রন্ট সরকারের সমস্ত শরিকের সম্মিলিত তাদের মনোনীত বাজেট? আমার দেখে খুব আনন্দ হচ্ছে এখনই ঘরে এসে উপস্থিত হয়েছেন আমাদের সিদ্ধার্থশঙ্কর রায় যাঁর কথা এক্ষুনি বলছিলাম যে অনেক অনুপ্রাসের ছড়াছড়ি তাঁর বক্তৃতায়। তিনি বাজেটের চার দফা নাম দিয়ে সাইজিং আপ করে বললেন। ঐ মক্কেলের ফাইলের টান থাকাতে তিনি একটু গঠনমূলক সুচিন্তিত কিছু বলবার সুযোগ পাননি তাঁর বক্তৃতায়।

[3-35—3-45 p.m.]

আরেকটি কথা আমি আপনাদের বলতে চাই যে এই বাজেট সম্পূর্ণ আয় ব্যয়ের আনুমানিক বাজেটের যেসব রীতিনীতি সরকারের পর্যায়ে গ্রহণ করা হয় তা মেনে করা হয়েছে। এই বাজেট সুসংগত বাজেট। এই বাজেট বিধিসম্মত বাজেট, শুধু বিধিসম্মত নয় বাস্তবানুগ বাজেট। এবং আমি একটা জিনিস মনে করিয়ে দিতে চাই যে প্রাইভেট ফিনান্স এবং পাবলিক ফিনান্স-এর মধ্যে একটা বিপরীত ধর্ম রয়েছে। প্রাইভেট ফিনান্স-এর সাধারণ কথা হচ্ছে

To cut the coat according to the cloth you have got.

আপনার পকেটে যে টাকা আছে আপনার খরচের হিসাবটা সেই টাকার সীমানার মধ্যে সীমাবদ্ধ করতে হবে। কিন্তু পাবলিক ফিনান্স ঠিক উলটো, পাবলিক ফিনান্সের নিয়ম হচ্ছে যে আপনি যে রাষ্ট্র পরিচালনার ভার নিয়েছেন যদি ওয়েলফেয়ার স্টেট করে থাকেন এবং ওয়েলফেয়ার স্টেটের জন্য একটা কর্ম নীতি যদি আপনারা মনে করে থাকেন যে জনসমাজের সেবার জন্য তাদের জীবনের মান উন্নত করবার জন্য কিছু কিছু ব্যবস্থা করব তার জন্য যে অর্থ সঙ্গতি লাগবে তাতে নানান জিনিসের সরবরাহের প্রয়োজন হবে তা আনবার জন্য কি দরকার তার জন্য টাকা কোথা থেকে আসবে তা স্থির করতে হয় তার প্রথমে ব্যয়ের আনুমানিক হিসাব ঠিক করতে হবে। তারপরে সেই ব্যয়ের সঙ্কুলান হবে কোন আয়ের সূত্র থেকে সেটা আসবে তারপরে সেই সিদ্ধান্ত

করা। কাজেই প্রাইভেট ফিনান্সের যারা দোহাই দিয়ে ডেফিসিট বাজেট হওয়ার দরুন আতঙ্কগ্রস্ত হচ্ছেন তাদের আমি বলে দিতে চাই এটাই হল বাজেট তৈরীর পাবলিক ফিনান্সের মূল নীতি। এ যদি জ্যোতিবাবু না করতেন তাহলে আমি বলতাম তিনি সেই মূল নীতি থেকে দূরে চলে যাচ্ছেন। বস্তুত আমি দেখছি এই বাজেট বিচার করতে গেলে আমার দেখতে হবে আমরা যুক্তফ্রন্ট সরকারের পক্ষ থেকে জনসাধারণের মান উন্নত করবার জন্য যে প্রতিজ্ঞা নিয়েছি তার ব্যবস্থা এতে আছে কিনা। যদি সেই ১৮ দফা কর্মসূচীর মধ্যে যে ৪।৫ দফা আমরা বলেছি যে আমরা কৃষি এবং শিল্পের উন্নতি করে আমরা যুব সমাজের হাতে নতুন কর্ম সংস্থানের ব্যবস্থা করে দেব এবং দেশের উৎপাদনের দিকে বেশী মন দেব শুধু নিয়ন্ত্রণের নয়। এইদিক থেকে বাজেটের বিচার করার প্রয়োজন আছে। সেদিক থেকে যদি দেখা যায় তাহলে আমরা বাজেটের কোন দিকে অসঙ্গতি থাকে অসম্পূর্ণ থাকে তাহলে নিশ্চয়ই আমি সেই সমালোচনা মেনে নেব। কিন্তু যেহেতু আমাদের বাজেট ডেফিসিট দেখান হয়েছে এবং ডেফিসিট বাজেট হলেই যে ডেফিসিট ফাইনান্সিং হবে অবিলম্বে অনিবার্যভাবে এটা আমি মানতে রাজী নই। ডেফিসিট ফিনান্সিং বাজেট আমাদের প্রাদেশিক সরকারের আয় ব্যয়ের তুলনায় হিসাবমূলক ব্যবস্থা। কিন্তু ডেফিসিট ফিনান্সিং নোট ছাপিয়ে বেশী মুদ্রা দেশের মধ্যে ছড়িয়ে দেওয়া বা মুদ্রাস্ফীতি করবার যে অধিকার তা একমাত্র কেন্দ্রীয় সরকারের আছে। এবং সেটা এখন কংগ্রেসীদের হাতে। সুতরাং ডেফিসিট ফাইন্যান্স করা বা না করা, মূল্যমান ঠিক রাখবার চেষ্টা সেটা তাদেরই হাতে। এবং আমাদের এখানে যদি বেশী খরচ করবাব দরুন যদি ডেফিসিট ফাইন্যান্স-এর ভয় থাকে তাহলে সেটি কেন্দ্রীয় সরকারকে তার সংশোধন করতে হবে। এবং আপনারা সেদিকে যদি তাদের দৃষ্টি আকর্ষণ করেন তাহলে আমরা বাধিত হব। আমরা দেখি একটা জিনিস যে আমাদের এখানে উন্নয়নমূলক বহু কাজ করবার বাকী রয়েছে এর আগের সরকারের ডেভেলপমেন্ট প্ল্যানিং-এর জন্য চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যে কার্যকরী করেছিলেন তা নিয়ে দিল্লীর সঙ্গে তাদের অনেক মতভেদ রয়েছে। আজ যদি ডেফিসিট বাজেট হবে বলে আশঙ্কায় আমাদের ডেভেলপমেন্ট প্ল্যানিংগুলি সঙ্কুচিত করে দিই তাহলে বাংলাদেশের জনসমাজ কি আমাদের ক্ষমা করবে? সুতরাং ডেভেলপমেন্ট বন্ধ করে ডেফিসিট রোধ করবার পরিকল্পনা নিশ্চয়ই বাস্তব নয়।

সুতরাং যেটা ন্যূনতম ডেভেলপমেন্টের প্রয়োজন সেদিকে লক্ষ্য করেই জ্যোতিবাবু তাঁর বাজেটে ডেফিসিট রাখবার নীতি গ্রহণ করেছেন। অনেকে বলেছেন ডেফিসিট কিভাবে যে পূরণ হবে তিনি তার ইঙ্গিত দেন নি। তাঁর নিজের হিসাব মত কিছু ইঙ্গিত দিয়েছেন সেটা আপনারা গ্রহণ করুন বা না করুন সেটা স্বতন্ত্র কথা। তিনি তিনটি রাস্তা দেখিয়েছেন—এক হচ্ছে ট্যাক্স করতে হবে, দ্বিতীয় মরাটোরিয়াম, কেন্দ্রীয় সরকারের যা প্রাপ্য টাকা আমাদের এখানকার বর্তমান দুরাবস্থার কথা তাঁদের কাছে নিবেদন করে সেই প্রাপ্য টাকাটার জন্য বর্তমানে যাতে তাঁরা না চাপ দেন তার জন্য অনুরোধ করবেন। তৃতীয়ত বলেছেন আমাদের যা ন্যায্য পাওনা সেই অনুযায়ী সেন্ট্রাল অ্যাসিসটেন্স আমাদের আরও বাড়ানো দরকার। কাজেই তিনি তাঁর তিনটি উপায় যে বলেছেন আমি তৃতীয়টিকে আগে ধরি। আপনারা সকলেই জানেন ইতিপূর্বে কংগ্রেস পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে বাংলার দাবী উপেক্ষা করার দরুন নানাভাবে তাঁদের কাছে চাপ দেওয়ার চেষ্টা হয়েছে আবেদন-নিবেদন ব্যর্থ হওয়া সত্ত্বেও তাঁরা ছাড়েন নি। জ্যোতিবাবু তাঁর বাজেট বক্তৃতার মধ্যে দেখিয়ে দিয়েছেন পরিষ্কার করে যে কি নীতিতে ফাইন্যান্স কমিশন আমাদের কেন্দ্রীয় টাকার অংশ দেবার নীতি স্থির করেছিলেন—আর আমরা তার থেকে কি পাচ্ছি। ৭০ পারসেন্ট যে টাকা কেন্দ্রীয় গভর্নমেন্ট পপুলেসনের আনুপাতিক হিসাবে ভাগ করবার কথা বলেছেন, বর্তমানে আমাদের পপুলেসন কিছু বেড়ে যাওয়া সত্ত্বেও যদিও কিছুটা আমরা পেয়েছি—কিন্তু আজকে আমাদের পুরাপুরি প্রাপ্য আমরা পাইনি। তাছাড়া সবচেয়ে দুঃখের কথা হচ্ছে এই যে ১৭৭ কোটি টাকা তার উপর বাড়তি যে থাকলো, যেটা বিশেষ যোগ্যতার কারণে ভিন্ন ভিন্ন জায়গায় বন্টন করার কথা, তার থেকে আমরা বাংলাদেশ পেলাম মাত্র ১ কোটি টাকা—এর চেয়ে হাস্যকর কিছু হতে পারে? অথচ যদি আমরা দেখাই যে আমাদের আয়-ব্যয় মিল হয়ে গেছে, আমাদের খুব বেশী অভাব নেই তাহলে কি সেন্ট্রাল গভর্নমেন্টের উপর উপযুক্ত চাপ দেওয়ার সুযোগ আমরা পাবো? কাজেই আমাদের ৩৬ কোটি টাকার মধ্যে ১৮·২০ কোটি

যেটা রেভিনিউ এ্যাকাউন্ট আর ১৮·৩০ কোটি সেটা হোল আমাদের ক্যাপিটেল এ্যাকাউন্ট—এই দুই মিলে ৩৬ কোটি টাকা ঘাটতি দেখানো হচ্ছে এটা পূরণ করবার জন্য নানারকম উপায় রয়েছে। তিনটি উপায় তো আপনারা পেয়েছেন—তার মধ্যে আমরা শেষ পর্যন্ত নিশ্চয় লড়বো কেন্দ্রীয় সরকারের সঙ্গে তাদের কাছ থেকে আরও বেশী আদায় করবার জন্য—যথাযথ চেষ্টা আমাদের করতেই হবে। তারপর দ্বিতীয় কথা হচ্ছে আপনারা ফিগারের মধ্যে দেখবেন যে ২৪ কোটি টাকা আমাদের ঋণের জন্য সুদ দিতে হয় সেন্ট্রাল গভর্নমেন্টকে। এই ২৪ কোটি টাকার যদি সম্পূর্ণ আমরা মরাটোরিয়াম না পাই যদি ১৫।১৬ কোটি টাকা পাই তাহলে আমাদের ৩৬ কোটির মধ্যে অনেক টাকা কমে গেল—তাতেও যদি না কুলায় তাহলে জ্যোরিবাবু ভেবেছেন তিনি ট্যাক্স করবেন। আপনারা কি বলতে চান যে কোন অর্থমন্ত্রী কিভাবে কোন পথে যাবেন তিনি ট্যাক্সের সিদ্ধান্ত আগেভাগে দেশের লোকের কাছে উপস্থিত করে দেবেন—এটা কি কখনও হয়? আমাদের ভেবে দেখতে হবে কোন রাস্তায় গেলে গরীবের ঘাড়ে চাপ না পড়ে। অনেক পথ আছে—আমি মনে করি যে আরবান প্রপার্টি ট্যাক্স একটা মস্তবড় সোর্স। আমরা মনে করছি যে প্রয়োজন হলে নিশ্চয় আমাদের যুক্তফ্রন্ট সরকার নীতির দিক থেকে এই আরবান প্রপার্টি ট্যাক্স করতে পিছপাও হবেন না। কংগ্রেস সরকার মাঝে মাঝে আরব্যান প্রপার্টি ট্যাক্স করবেন বলে হুমকী দেখিয়েছেন—কিন্তু তার পরে জোতদাররা গ্রামের দিকে তাদের কাজে যেমন বাধা দিয়েছেন —তেমনি যেসব ধনীরা কংগ্রেস চালাতো তাঁদের ভয়ে তারা আরব্যান প্রপার্টির উপর হাত দিতে সাহস পায় নি। কিন্তু আমি মুক্ত কণ্ঠে বলছি যে যদি আইনগত কোন অসুবিধা না আসে—যেটা বর্তমানে খোঁজ-খবর নেওয়া হচ্ছে—তাহলে আরব্যান প্রপার্টির উপর ট্যাক্স করে আমরা দেখেছি কলকাতা শহরে এবং আসেপাশের অঞ্চল থেকে ৫ কোটি টাকা তোলা কণ্টকর হবে না। তার পরে যেসব ট্যাক্সের ব্যাপার আছে—আমি আপনার কাছে ইঙ্গিত দিতে চাই না—কেন না আমিও সে বিষয়ে জানি না—সেটা অর্থমন্ত্রীর নিজস্ব ব্যাপার—তবে যদি আমাকে বলেন অর্থনীতির ছাত্র হিসাবে আপনি বলুন যে কোনখান থেকে টাকা আসতে পারে তাহলে আমি ইঙ্গিত দিতে পারি। সেই হিসাবে আমি দেখছি যে বেটিং ট্যাক্সটা এখনও স্টেডি আছে—কয়েক বছর ধরে একই রকম আছে। কেন সেটা আমরা বাড়াতে পারি না?

[3-45—3-55 p.m.]

এন্টারটেনমেন্ট ট্যাক্সের নানা ব্যাপার আছে যেখানে এন্টারটেনমেন্ট থেকে আমরা আরও আয় করতে পারি। এককালে আমরা ভেবেছিলাম সেলস ট্যাক্স থেকে কম টাকা পাবো কিন্তু এখন আমাদের প্রধান উৎস হচ্ছে সেলস ট্যাক্স। যেমন এনট্রি ট্যাক্স, বাইরের থেকে যারা পণ্যদ্রব্য নিয়ে এসে বাংলাদেশে বিক্রি করে বাঙ্গালী ক্রেতাদের কাছ থেকে টাকা অর্জন করছে তার উপর এনট্রি ট্যাক্স যদি বাড়ানো যায় তাহলে একটা রাস্তা হতে পারে। অবশ্য আইনগত কিছু অসুবিধা হবে হয়তো আমি জানি। যেমন জুট সম্বন্ধে আমরা এনট্রি ট্যাক্সের ব্যবস্থা করতে পেরেছি বা চেষ্টা হচ্ছে তেমনি অন্যান্য জিনিস সম্বন্ধে কেন্দ্রীয় সরকারের অনুমতি সাপেক্ষে হতে পারে। আমি আরও তিনটি রাস্তার কথা বলবো। আমাদের পূর্বতন সরকারের অবদান হিসাবে আমাদের বন্ধু শ্রীমতী পূরবী মুখার্জি বলে গেলেন যে আমরা বহু শিল্প পেয়েছি যা গড়ে তুলেছে পূর্বতন সরকার—তার মধ্যে একটা শিল্প দেখুন দুর্গাপুর। সেদিন খুব ডামাডোল পিটিয়ে বলা হয়েছে—খবরের কাগজে দেখানো হয়েছে যে দুর্গাপুর এতো দিন পর লাভ দেখাতে আরম্ভ করেছে। অবশ্য সেটা সত্য কিনা যাচাই করার কথা—তবে দুর্গাপুরে আমরা ৫৫ কোটি টাকা বিনিয়োগ করেছি ক্যাপিটেল সেয়ার এবং এ্যাডভান্স লোন হিসাবে—এই ৫৫ কোটি টাকার যদি অন্তত ১০ পারসেন্ট তারা রিটার্ন দেখাতে পারেন ভাল ম্যানেজমেন্ট, ভাল ব্যবস্থা করে তাহলে সেখান থেকে ৫ কোটি টাকা আসতে পারে। তাছাড়া স্টেট ট্রান্সপোর্ট এবং অন্যান্য যেসব সরকারী ব্যবসায়ী প্রতিষ্ঠান রয়েছে যেগুলিতে আমরা লাভ করবো বলে গ্রহণ করেছিলাম লোকসানের জন্য নয় সেগুলি যদি ভাল করে ম্যানেজ করা সম্ভব হয় তাহলে নিশ্চয় তার থেকে দু-এক কোটি টাকা আসবে। তার উপর আরও প্রশ্ন রয়েছে রিট্রেঞ্চমেন্ট নয়, ইকনমি বলবো—র‍্যাশানালাইজেসন অ্যান্ড ইকনমির অনেক সুযোগ রয়েছে। আমরা যদি সত্যই আমাদের যুক্তফ্রন্ট সরকারের বিঘোষিত সমাজতান্ত্রিক সমাজ প্রতিষ্ঠা চাই তাহলে আমরা অনেক জিনিস যা ইংরাজ আমল থেকে চলে আসছে, প্যারাফারনেলিয়া অব অফিস, যেগুলির এখন কোন মূল্য নেই যেমন সেরিফের

অফিস, আপার হাউস—এটা একটা অযথা আমাদের খরচের রাস্তা, এটা গোটাকতক পার্টির লোককে ওখানে স্থান দিয়ে—এককালে যেটা ছিল যে একটা সেকেন্ড চেম্বার হলে পর হেস্টি লেজিসলেসনের উপর চেক হবে—সেটা শেষ হয়ে গেছে—এখন দাঁড়িয়েছে শুধু কতকগুলি দলীয় লোককে জায়গা দেবার স্থান। এগুলি বাদ দিলে আমি বলবো আমরা অনেক জিনিস এখনও যা রেখেছি যেগুলি বাদ দিলে, কয়েক লক্ষ তো বটেই, কয়েক কোটি টাকা ব্যয় সঙ্কোচ করা যায়। তার মধ্যে আমি এমন কিছু বলবো না যেটার দ্বারা হয়তো বেকারত্ব বেড়ে যাবে। একটা বিষয়ের প্রতি আমি কিন্তু দৃষ্টি আকর্ষণ করতে চাই—যেটা আমাদের বিপক্ষ দলের কংগ্রেসী সদস্যদের অনেকেই বলেছেন সে সম্বন্ধে তাঁদের সঙ্গে আমার একটু সহানুভূতি আছে। সেটা হচ্ছে এই যে ..

বাংলাদেশের আর্থিক শক্তি বাড়াবার জন্য বাংলাদেশে শান্তি শৃঙ্খলা বজায় রাখা দরকার। এটা আরো মানি যে, শিল্পের যদি প্রসার না করতে পারি তাহলে আর্থিক উন্নতি কিছুই হবে না। কৃষি এবং শিল্পের মধ্যে উভয় পক্ষে একটা অনিশ্চয়তা দেখা দিয়েছে, নানা কারণে এতদিন ধরে যে শ্রমিক শ্রেণীকে পদদলিত করে রাখা হয়েছিল আজকে তারা জাগ্রত হয়েছে। আজ তাদের ন্যায্য দাবী মানতেই হবে, তেমনি ভূমিহীন কৃষক তাদের উপরও নানা অত্যাচার হয়ে এসেছে তাদের বেলায়ও ন্যায়সঙ্গত দাবীর প্রতি দৃষ্টি দিতে হবে। কিন্তু সেই অধিকার দেবার সময় বা অত্যাচারিত শ্রমিক শ্রেণীর ন্যায়সঙ্গত দাবী মেটাবার জন্য যদি এরূপ রাস্তা গ্রহণ করা হয় যেটা শিল্পের মূলে কুঠারাঘাত করবে ও যেটা কৃষিতে উৎপন্নের সমস্ত রাস্তা বন্ধ করে দেবে তাহলে আমাদের সেদিকে যাওয়া উচিত নয়। আমি যুক্তফ্রন্টের বাজেট সমর্থন করে মন্ত্রী-মন্ডলীর কাছে আবেদন জানাবো যেন এমন রাস্তা নেওয়া হয় যাতে শিল্পে শান্তি থাকে এবং গ্রামের ভিতরে কৃষির কাজ এমন সুযোগ এনে দিতে হবে যার জন্য উন্নতি করতে পারা যায়। এ বিষয় সমস্ত শুভবুদ্ধিসম্পন্ন দেশপ্রেমিক মানুষকে এ কাজ করবার জন্য আহ্বান জানাই।

**Dr. Gopal Das Nag:**

মাননীয় অর্থমন্ত্রী মহাশয় ২৬শে জুন যে বাজেট পেশ করেছেন নানা কারণে সেটি একটি অভিনব বাজেট। জানিনা এই বাজেট সমগ্র ফ্রন্টের যৌথ চিন্তাপ্রসূত অথবা কোন বিশেষ গোষ্ঠীর চিন্তার প্রতিচ্ছবি। বুঝি না এই বাজেট পলিটিকেলি ইনস্পায়ার্ড অথবা বর্তমানের প্রেসিং প্রবলেমগুলির ভিত্তিতে প্রস্তুত? ডাঃ সান্যাল যে জিনিষটা আলোচনা করলেন তাকে মোটামুটি আমি তিনটি দৃষ্টি-কোণ থেকে বিচার করতে চাই। প্রথম পশ্চিম বাংলার বর্তমান অর্থনৈতিক সংকট ও অশুভ লক্ষণগুলি দূর করবার বিষয়ে এই বাজেটে কি বলা হয়েছে এবং আর্থিক ভারসাম্য রক্ষা করে তাকে উন্নতিশীল করার জন্য কি করা হবে। পশ্চিমবাংলার অর্থনীতিতে বর্তমানে অনিশ্চয়তা দেখা দিয়েছে তাকে দূর করার জন্য ও তার স্টেবিলিটি আনা এবং ক্রমশঃ একে উন্নতিশীল করার কি পরিকল্পনা তা এই বাজেট-এর মধ্যে রাখা হয়েছে। দ্বিতীয়তঃ গণতন্ত্রকে পূর্ণ মর্যাদা দিয়ে গণতান্ত্রিক অধিকারগুলিকে সংরক্ষিত রেখে সমাজ বিন্যাসের জন্য কি ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে এবং তৃতীয়তঃ সাধারণ মানুষের জীবনে আজ যে অশান্তি ও বিড়ম্বনা দেখা দিয়েছে তা থেকে মুক্তি দেবার জন্য অর্থাৎ সাধারণ মানুষকে মোটামুটি রিলিফ দেওয়ার জন্য কি করা হবে? প্রথমেই যদি আমরা অর্থনৈতিক সংকট এবং তার অশুভ লক্ষণগুলি বর্তমান অর্থনৈতিক পরিস্থিতির পরিপ্রেক্ষিতে বিচার করি, তাহলে দেখা যাবে যে পশ্চিম বাংলার অর্থনীতিতে আজ সবচেয়ে সংক্রামক রোগ যা দেখা দিয়েছে সেটা হচ্ছে দৈনন্দিন দ্রুত দ্রব্যমূল্য বৃদ্ধি। মার্চ মাসে বাজেট ভাষণে অর্থমন্ত্রী মহাশয় বলেছিলেন দ্রব্যমূল্যের কথা। কিন্তু দ্রব্য মূল্য অবস্থার আজও পরিবর্তন হয়নি, ডাঃ সান্যাল বললেন যে এটা বাস্তবধর্মী বাজেট। তাঁর প্রতি আমার অত্যন্ত শ্রদ্ধা আছে, আমি তাঁকে বলতে চাই, আজকে পশ্চিম বাংলায় অর্থনীতিতে সব চেয়ে মারাত্মক যে অবস্থা দেখা দিয়েছে তা হচ্ছে দৈনন্দিন মূল্য বৃদ্ধি। মূল্য বৃদ্ধি প্রতিরোধকল্পে সরকার কি চিন্তা করছেন তা এই বাজেট-এ নেই। কিছু সরকারী কর্মচারী ও শিক্ষকদের কিছু কিছু বর্ধিত মহার্ঘভাতার কথা আছে। এই ভাতা বৃদ্ধির ব্যাপারে আমাদের বিরোধ নেই, কিন্তু একটা মৌলিক প্রশ্ন এর সঙ্গে সংশ্লিষ্ট আছে সেটা আলোচনা করা দরকার। সরকারী কর্মচারী, কিছু শিক্ষক এবং অশিক্ষক কর্মচারীদের মহার্ঘ ভাতা বৃদ্ধির জন্য সরকারের কিছু রেকারিং এক্সপেন্ডিচার বাড়াতে হয়েছে এবং সেটাও একটা কারণ যার জন্য বাজেট ঘাটতি হয়েছে, কিন্তু কত লোকের কি সুবিধা এর জন্য হল?

[3-55—4-05 p.m.]

মুষ্টিমেয় কয়েক লক্ষ লোকের হাতে সরকার ঋণ তুলে দিলেন; কিন্তু আজও সরবরাহের কোন উন্নতি হয়নি, ভোগ্য পণ্য সরবরাহ বাড়ান অথবা উৎপাদন বৃদ্ধির কোন একটা আন্তরিক প্রয়াস দেখা গেল না। যেটুকু ভোগ্যপণ্য পশ্চিম বাংলার বাজারে পাওয়া যাচ্ছে সেটাও সরকারী নিয়ন্ত্রণে আনা হল না। এমন কি মূল্যের সীমাবদ্ধতার মধ্যে তা রাখা গেল না। অথচ মুষ্টিমেয় কিছু লোকের হাতে টাকা তুলে দেওয়া হল। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি বিশেষজ্ঞ ডাঃ সান্ন্যালের কাছে প্রশ্ন রাখতে চাই যে এটা কি সুস্থ এবং বিজ্ঞান-সম্মত পদ্ধতি। বর্তমান কৃষি অর্থনীতি পরিস্থিতিতে কৃষি উৎপাদনের জন্য অধিক অর্থ বরাদ্দ করা হয়েছে। এর জন্য আমি প্রশংসা করি। কৃষি উন্নয়নের জন্য অতিরিক্ত বরাদ্দ বিগত বাজেটেও আমরা দেখেছি। এই বাজেটেও বাড়ান হয়েছে সেটা আরও বেশী বাড়ালে ভাল হত। পূর্বে আয় এবং সংগতির থেকে আগে লক্ষ্য রেখে ব্যয়-বরাদ্দ ধার্য করা হয়েছে কিন্তু এবার আয় এবং সংগতির দিকে লক্ষ্য রেখে করা হয়নি। তৃতীয়তঃ আমরা শুনছি যে, যেটা বেশী সাংঘাতিক সেটা হচ্ছে ৫ টাকা সাবসিডি দিয়ে বাজার থেকে চাল সংগ্রহ করছেন। তা থেকে দেশের ৭০ থেকে ৭৫ লক্ষ লোক তারা মোটামুটি একটা স্থিতিশীল মূল্যে ন্যূনতম সরবরাহ পাবেন। যদিও সেটা যথেষ্ট পরিমাণ নয়। কিন্তু একটা প্রশ্ন থেকে যাচ্ছে যে এই ৭০ থেকে ৭৫ লক্ষ লোকের জন্য সরকার ৫ কোটি টাকা ব্যয় করছেন। দেশের জনসংখ্যা প্রায় ৪ কোটি; যার বিরাট অংশ গ্রামের দরিদ্র মানুষ যাদের ক্রয়ক্ষমতা অপেক্ষাকৃত অনেক কম। সেই প্রায় ৩ কোটি গ্রামের মানুষ তারা এর দ্বারা উপকৃত নিশ্চয়ই হবে না বরং অসুবিধায় পড়বে। তাদের সুবিধা না হয়েও যদি তাদের ক্ষতি না হত তা হলেও আপত্তি ছিল না। এই সাবসিডি দ্বারা গ্রামের মানুষকে বিপদে ফেলে সরকার যেভাবে সংগ্রহ করলেন, যেভাবে মূল্য বেঁধে দিলেন তাতে ৫ টাকার জায়গায় দেখা গেল খোলা বাজারে ধানের দাম মণ প্রতি ১০ টাকা বেড়ে গেছে। গ্রামের মানুষের ক্রয়ক্ষমতা সীমাবদ্ধ। এখানে সহরের মানুষকে বাড়তি ভাতা দেবার ব্যবস্থা আছে। সুতরাং এই যে ৫ টাকা ব্যয় যেটা ধানের জন্য করছেন এটা সাধারণ মানুষের কল্যাণের জন্য নয়। এটা বিজ্ঞানসম্মত অর্থনৈতিক চিন্তাপ্রসূত নয়। অধিকাংশ মানুষ আজ না খেয়ে দিন কাটাচ্ছে। আমি আগেই বলেছি যে এই বাজেট পলিটিক্যালি ইনস্পায়ার্ড। সরকারী কর্মচারী এবং শিক্ষকদের বেতন বৃদ্ধি করা হল কিন্তু নেট লাভ কি হল? তাদের কি আজকে ক্রয় ক্ষমতা বেড়েছে? ইতিমধ্যে বাজারে দ্রব্যমূল্য অনেক বৃদ্ধি হয়ে গেছে। এই সরকারী কর্মচারীদের শিক্ষক এবং অশিক্ষক কর্মচারীদের নিয়ে ১৯৬৬ সালের আন্দোলন সারা বাংলা-দেশে হয়েছিল এবং তখন যারা আন্দোলন করেছিলেন তারা আজকে গদীতে বসেছেন। কিন্তু বিজ্ঞানসম্মত পদ্ধতিতে ও বাস্তব পতিপ্রেক্ষিতে তাদের সুবিধা দেওয়া হল না কেন? কিছু অতিরিক্ত টাকা বরাদ্দ করা হল। এ থেকে মোটামুটি এই কথাই বলতে পারি যে তারা আন্দোলন করেছিল বলেই তাদের ঘুষ দেবার ব্যবস্থা হল। তাতে তারা উপকৃত হোক না হোক কিছুই যায় আসে না। আর একটা কথা হচ্ছে অর্থমন্ত্রী মহাশয়, যেটা এখানে রেখেছেন যেটার কথা ডাঃ সান্ন্যাল উল্লেখ করছেন তিনি বলেছেন যে, সাইনস অফ রিসেসান ইন দি ইনডাসট্রী অত্যন্ত উদ্বেগের সঙ্গে এবং ভয় পেয়ে এই কথা বলতে হচ্ছে। পশ্চিমবাংলার হাজার হাজার মানুষ আজ বেকার হয়ে যাচ্ছে। নূতন চাকুরী পাওয়া দূরে থাকুক আজ লোক বেকার হয়ে যাচ্ছে। ডাঃ সান্ন্যাল বললেন যে বাজেট-এর উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করা হয়েছে। কিন্তু যারা আজকে চাকুরী করছে তাদেরই আজকে চাকুরী বজায় থাকছে না। অতিরিক্ত মানুষের চাকুরীর সংস্থান হবে তা না হয়ে আমরা দুর্ভাগ্যের সঙ্গে দেখতে পাচ্ছি প্রতিদিন বহু মানুষ চাকরী হারাচ্ছে। মানুষের রুজি রোজগারের অন্যান্য পথ নানা কারণে ক্রমশঃ বন্ধ হয়ে আসছে। এই বাজেটে সেই সম্বন্ধে ইঙ্গিত আছে কিন্তু তাকে প্রতিরোধ করার বা অবস্থা পরিবর্তন করার কোন সংকল্প নেই। ইনডাসট্রীজ-এ রিসেসান দেখা যাচ্ছে বলা হয়েছে কিন্তু সেখানে প্রোগ্রেস আনার কোন চেষ্টার ইঙ্গিত এই বাজেটে নেই।

আমি সমস্ত বাংলার কথা না বলে শুধু হুগলী জেলার কথাই বলব। ওখানকার দুটি চটকল আজ কয়েক মাস হল বন্ধ হয়ে গেছে। কম পক্ষে ৫ হাজার শ্রমিক আজকে বিব্রত এবং আমি দেখেছি ঐ বামপন্থী কমিউনিষ্ট পার্টির নেতৃত্বে তাঁদের লালঝাণ্ডা কাঁধে করে তিন দিন

বিধানসভায় ঘন্টার পর ঘন্টা দাঁড়িয়ে থাকতে এবং আমি শুনেছি মন্ত্রিমহাশয় বলেছেন আমরা নিরুপায়, এ বিষয়ে আমাদের কিছু করবার নেই। সুতরাং রিসেসান ইন ইনডাসট্রিজ অব্যহত গতিতে চলেছে, এগুলিকে নাকচ করবার কোন ব্যবস্থা করা হয়নি। প্রগ্রেসান সম্বন্ধে মেজার করা তো দূরের কথা, বাজেটে তাঁর কোন প্রতিশ্রুতি নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ডঃ নলীনাক্ষ সান্যাল মহাশয় যা বলেছেন তার প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে ভবিষ্যতে বেকার সংখ্যা বৃদ্ধি করা ছাড়া এই বাজেটে শ্রমজীবী মানুষের কল্যাণের কথা ঘোষিত হয়নি। বাস্তববাদী বাজেট আমি তাকেই বলতে পারতাম যদি সরকারের অল আউট এফার্ট সৎ প্রয়াস থাকতো। দ্রব্যমূল্য কাট করার কথা দূরে থাকুক অন্ততঃ কমপক্ষে যুক্তফ্রন্ট সরকার যে ১৮ দফা কর্মসূচীর কথা বলেছিলেন—একটা নির্দিষ্ট সীমার মধ্যে মূল্য বেঁধে রাখবার চেষ্টাও করতেন বা সেই রকম একটা প্রাইস ষ্ট্যাবিলিটি করবার প্রচেষ্টা থাকতো তাহলেও বুঝতাম। আমরা সকলেই সরকারী কর্মচারীদের কথা ভাবছি, পশ্চিমবাংলার উন্নয়ন প্রকল্পগুলির পরিপ্রেক্ষিতে। কিন্তু এর বাহিরেও যে আর এক দল আধা সরকারী কর্মচারী আছে যারা সম্পূর্ণ সরকারী অনুদানের উপর নির্ভরশীল সেই পশ্চিমবাংলার লোকাল বডিজ এর এমপ্লয়িজ যারা, তাদের দিকে যদি আজকে তাকিয়ে দেখি তাহলে দেখবো এই ৮৭টি পৌরসভা এবং পশ্চিমবাংলার দুটো করপোরেশন, ক্যালকাটা করপোরেশন সমেত, এই পৌর কর্মচারীরা নিদারুন অর্থসংকটের মধ্যে পড়েছে। মর্যাদা এবং মানের দিক দিয়ে ওরাও সকল সরকারী কর্মচারীদের মতই মর্যাদা পাবার উপযুক্ত। কিন্তু দুর্ভাগ্য আমাদের। প্রাদেশিক সরকারের বেঞ্চে যখন বসি তখন কেন্দ্রের কাছ থেকে অংশ দাবী করি এবং সেই দাবী আমরা সমবেতভাবে সমর্থন করি। কিন্তু যখন উপযুক্ত পরিমাণ অর্থ সাহায্যের দাবী আসে করপোরেশন বা পৌরসভার নিকট হইতে তখন মন্ত্রিমহাশয়রা বলেন আমরা নিরুপায়। অর্থাভাবে দিনের পর দিন ক্রমশঃ পৌরশাসন ব্যবস্থা ভেংগে পড়ছে। আর কোনমতেই এগুলি চালানো সম্ভব হচ্ছে না। বাস্তব দৃষ্টিভংগী নিয়ে যদি আমরা দেখি তাহলে দেখা যায় যে, বাস্তবে এই অবস্থার জন্য দায়ী সরকারের দৃষ্টিভঙ্গি। এই দ্রব্যমূল্য বৃদ্ধির বাজারে এবং নানা রকম অশান্ত পরিস্থিতির মধ্যে পৌরসভায় আর্থিক অনটন স্বাভাবিক। আমরা বলব এ বিষয়ে আমাদের কিছু করবার নেই, নোয়িং ইট ফুললি ওয়েল দ্যাট দিজ আর নাথিং বাট লোকাল বডিজ। এ অবস্থা আর চলা উচিত নয়। আজকে পরিস্কারভাবে বোঝা যাচ্ছে যে আমরা সমাজতান্ত্রিক সমাজবিন্যাস যদিও চাই তথাপি যতক্ষণ পর্যন্ত পূর্ণ সমাজতান্ত্রিক ভিত্তিতে সমাজ বিন্যাস করা না যাবে ততদিন পর্যন্ত প্রাইভেট সেকটর ইনডাসট্রিজগুলিকে বাঁচিয়ে রাখতে হবে তাদের প্রগ্রেসানের ব্যবস্থা করতে হবে। অবশ্য নট এ্যাট কস্ট অব দি লেবার। এ যদি আমরা না করতে পারি তাহলে দেশের অর্থনীতিতে বিপর্যয় আসবে, যেকথা ডঃ সান্যাল বলেছেন সে সম্বন্ধে আমি তাঁর সংগে একমত। আর একটি কথা বলব, এই বাজেটে অতিরিক্ত বরাদ্দ করা হয়েছে ল্যান্ড রিফর্মস এবং কৃষি উন্নয়নের জন্য। এই কথা আমরা সবাই জানি যে পশ্চিমবাংলায় যা জমি আছে তাতে মাথা পিছু জমির হার ধরতে গেলে পশ্চিমবাংলার মানুষের কৃষির উপর নির্ভর হওয়া চলবে না। এবং পশ্চিমবাংলার যে কৃষি কেন্দ্রিক অর্থনীতি সে অর্থনীতিতে উন্নতি করা সম্ভব হবে না, এটা যে-কোন বিশেষজ্ঞই স্বীকার করবেন। এখানকার ৭০ থেকে ৭৫ ভাগ মানুষই কৃষির উপর নির্ভরশীল। আমরা যদি কৃষি থেকে চাপ সরিয়ে না নিয়ে আসি এবং কিছু বিকল্প ব্যবস্থার মধ্যে অতিরিক্ত মানুষ নিয়োগ করতে না পারি, তাহলে অবস্থার পরিবর্তন হবে না। সুতরাং গ্রামীন শিল্পোন্নতির কথা চিন্তা করতে হবে এবং সঙ্গে সঙ্গে ইকনমিক হোল্ডিং ডিস্ট্রিবিউসানের কথাও চিন্তা করতে হবে। এই ইকনমিক হোল্ডিং ডিসষ্ট্রিবিউসন গ্রামে সংগে সংগে করা সম্ভব নয়। যে সমস্ত ছোট ছোট হোল্ডিং ল্যান্ডলেস লেবারদের মধ্যে দেবেন সেই সমস্ত হোল্ডিং নিয়ে স্পনসোর্ড কো-অপারেটিভ তৈরী করা দরকার এবং প্রথম পর্যায় এই কো-অপারেটিভ সরকারী নিয়ন্ত্রণাধীনে রাখা এবং তারপর আস্তে আস্তে যখন স্বাবলম্বী হবে তখন সরকার ধীরে ধীরে সরে আসতে পারেন। এই বাজেট সম্বন্ধে মূল কথা—এই বাজেটে মানুষের জীবনে কোন রিলিফের ব্যবস্থা নেই, কিন্তু ট্যাকসেসানের ভীতি আছে। দ্রব্যমূল্য বৃদ্ধি রোধ করবার কোন প্রচেষ্টা নেই, অথচ মহার্ঘভাতা বৃদ্ধির একটা ভয়াবহ চেষ্টা রয়েছে। এটা একটা ক্রনিক ব্যাধিরূপে সর্বস্তরের কর্মচারীদের মধ্যে ব্যাপ্ত হয়ে পড়বে। ভবিষ্যতে অর্থনৈতিক স্থিতিশীলতার কোন রকম প্রতিশ্রুতি না থাকায় আমি অত্যন্ত দুঃখের সংগে এই বাজেটকে সমর্থন করতে পারছি না।

[4-5—4-15 p.m.]

**Shri Sadhan Kumar Sen:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রস্তাবিত বাজেট সমর্থন করছি। এই বাজেট সম্পর্কে বিরোধী-দলের সমালোচনার যে প্রধান বিষয়বস্তু ছিল সেটা হচ্ছে যে এটা একটা ঘাটতি বাজেট। সেটাই সবাই মিলে সমালোচনা করেছেন। এই বাজেট সম্বন্ধে এই সমালোচনা শুনতে শুনতে মনে হলো এ যেন ভূতের মুখে রাম নাম। দীর্ঘ ২০ বছর ধরে বিভিন্ন রাজ্যে এবং কেন্দ্রে বহু কংগ্রেসী অর্থমন্ত্রী এসেছেন। এই সব অর্থমন্ত্রীরা এতদিন একের পর এক ঘাটতি বাজেট করে গেছেন। আজকে যখন তাঁরা নির্বাচনে বিভিন্ন রাজ্যে পরাজিত হয়েছেন, তখন হঠাৎ তাঁরা বুঝতে পেরেছেন যে ঘাটতি বাজেট করা খুবই অন্যায়। আমি মনে করি যে পরাজিত হলে এইভাবে যদি এ'দের জ্ঞান ও বুদ্ধির বিকাশ ঘটে তাহলে নিশ্চয়ই জনসাধারণ আগামী দিনে আরও বেশী করে এদের হারাবেন যাতে করে ও'দের আরও বুদ্ধি ও জ্ঞান আরও কিছু বৃদ্ধি পায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২০ বছর ধরে একের পর এক যে ঘাটতি বাজেট কংগ্রেস সরকার কেন্দ্রে এবং বিভিন্ন রাজ্যে করে এসেছেন তার ফলে আজকে সারা ভারতবর্ষে মুদ্রাস্ফীতি এবং দ্রব্যমূল্য বৃদ্ধি ঘটেছে। ঘাটতি বাজেট উন্নয়নশীল দেশে অনেক সময়ে করা হয় কিন্তু তখন লক্ষ্য রাখতে হয় যাতে অতিরিক্ত মুদ্রা সুষমভাবে সকলের মধ্যে বণ্টিত হয়। কিন্তু কংগ্রেস যেহেতু এই দেশে অবিমিশ্র ধনতন্ত্র গড়ে তুলেছে তাই তার অনিবার্য পরিণতি হিসাবে সেই ঘাটতি বাজেট-এর জন্য যে অতিরিক্ত নোট ছাপানো হয়েছে তার সবটাই মজুতদার এবং একচেটিয়া পুঁজিপতিদের হাতে গিয়ে জমেছে। আজকে সেই হাজার হাজার কোটি টাকা কালো টাকায় পরিণত হয়েছে এবং তার ফলে সারা দেশে একটা অর্থনৈতিক সঙ্কটের সৃষ্টি হয়েছে। শ্রীমোরারজী দেশাই মহাশয় বলেছেন মুদ্রাস্ফীতি বন্ধ করার জন্য এবং দ্রব্যমূল্য বৃদ্ধি কমাবার জন্য ঘাটতি বাজেট এবার করা হবে না। সত্যিই তার যদি এই অর্থনৈতিক উদ্দেশ্য থাকতো তাহলে নিশ্চয়ই তিনি এবার আবার ১১৬ কোটি টাকা পরোক্ষ কর (একসাইজ ডিউটি) গরীব মানুষের নিত্য প্রয়োজনীয় জিনিসের উপর নূতন করে বসাতেন না। এই বিপুল পরিমাণ একসাইজ ডিউটি ভারতবর্ষের বাজেটের ইতিহাসে অভূতপূর্ব। এর পূর্বে কেন্দ্রীয় অর্থমন্ত্রী ছিলেন শ্রীশচীন চৌধুরী মহাশয়। তিনিও গত বছর ৫৩ কোটি টাকার বেশী একসাইজ ডিউটি বসাতে সাহস পাননি আর এবারে মোরারজী দেশাই মহাশয় একেবারে তার দ্বিগুণ ১১৬ কোটি টাকা বসিয়েছেন। সুতরাং যে দ্রব্যমূল্য বৃদ্ধি রোধের কথা ওরা বলছেন, সেরকম কোন আন্তরিক উদ্দেশ্য ও'দের নেই। এইবারের নির্বাচনে বিভিন্ন রাজ্যে অকংগ্রেসী সরকার গঠিত হয়েছে। সেই সব অকংগ্রেসী সরকার জন-সাধারণের কাছে যেসব প্রতিশ্রুতি দিয়েছেন সেটা যাতে অর্থাভাবে পালিত না হয়, সেই জন্যই তাঁদের হাত চেপে ধরার জন্য এই নূতন ফিকির মোরারজী দেশাই বার করেছেন। কাজেই এই যে ঘাটতি বাজেট না করার নূতন সিদ্ধান্ত, এটা মোটেই অর্থনৈতিক সিদ্ধান্ত নয়, এটা সম্পূর্ণ রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত সিদ্ধান্ত বলে আমরা মনে করি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বস্তুতঃ মূল্যবৃদ্ধি করাই যে তাঁদের নীতি একথা তাঁরা সোজাসুজি স্বীকার করেছেন। শ্রীশচীন চৌধুরী, যিনি ছিলেন কেন্দ্রীয় কংগ্রেস সরকারের প্রাক্তন অর্থমন্ত্রী, এবারের নির্বাচনে শোচনীয়ভাবে পরাজিত হয়েছেন, ১৯৬৬ সালের ১৭ই জুন একটি সভায় বলেছিলেন

Rise in prices has been in part the result of the deliberate policy of our Government.

আশা করি বিরোধী দলের কংগ্রেস বন্ধুরা তাঁদের অর্থমন্ত্রীর এই বক্তব্য পড়বেন। সারা ভারতে দ্রব্যমূল্য বৃদ্ধি কেন হয়েছে? হয়েছে কংগ্রেস সরকারের ঘাটতি বাজেটের ফলে, হয়েছে নিত্য প্রয়োজনীয় দ্রব্যের উপর পরোক্ষ কর বসাবার ফলে, হয়েছে খাদ্য মজুতদারদের প্রশ্রয় দেবার ফলে এবং সব চেয়ে বেশী করে হয়েছে মার্কিনী প্রভুদের দালালি করে মুদ্রামূল্য হ্রাস করার ফলে। এরই ফলে সারা ভারতবর্ষে আজ দ্রব্যমূল্য এত বৃদ্ধি পেয়েছে। পশ্চিমবঙ্গের প্রাক্তন অর্থমন্ত্রীকে এখানে দেখতে পাচ্ছি না। কিন্তু আমি তাজ্জব হয়ে গিয়েছি যখন উনি বলেছেন যে বাংলাদেশে দ্রব্যমূল্য বৃদ্ধি হয়েছে এই যুক্তফ্রন্ট সরকারের নীতির ফলে। তিনি কি মনে করেন যে বাংলাদেশ শূন্যে অবস্থান করছে? তিনি এতদিন অর্থমন্ত্রী হয়ে অর্থনীতির এই সাধারণ কথাটা জানেন

না যে বাংলাদেশে নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য সম্পূর্ণরূপে ভারতবর্ষের যে সাধারণ মূল্যমান তার সঙ্গে সংযুক্ত? ভারতবর্ষের সাধারণ মূল্যমান যেভাবে বাড়ে বা কমে, বাংলাদেশের মূল্যমানও সেইভাবে বাড়তে বা কমতে বাধ্য। এটা অর্থনীতির ক, খ, গ, যাঁরা জানেন তাঁরাই স্বীকার করবেন। একথা সকলেই জানেন যে সারা ভারতবর্ষে দ্রব্যমূল্য বৃদ্ধি হচ্ছে কিন্তু সারা ভারতবর্ষে যুক্তফ্রন্ট সরকার নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত এক বছরে কি হয়েছে দেখুন, সারা ভারতবর্ষের মূল্যমান বেড়েছে শতকরা ২৭ ভাগ, খাদ্যদ্রব্যের মূল্যমান বেড়েছে শতকরা ৩৮ ভাগ। ১৯৬৬ সালের ৯ই এপ্রিল থেকে এবছরের ৯ই এপ্রিল পর্যন্ত পাইকারী মূল্য বেড়েছে ২৮·৪, খাদ্যদ্রব্যের মূল্যসূচী বেড়েছে ৪৩·৯ এবং খাদ্য দানার মূল্যসূচী বেড়েছে ৩৭·২, ডালের দাম বেড়েছে ৮০·৭, সূতিবস্ত্রের মূল্যসূচী বেড়েছে ৬·৫। কারা এই দাম বাড়িয়েছে? এই দাম কি কংগ্রেস সরকার বাড়ায়নি? এর জন্য কে দায়ী? শুধু এই জুন মাসের খবর শুনুন। এই জুন মাসে সারা ভারতবর্ষে নিশ্চয়ই যুক্তফ্রন্ট শাসনে অধিষ্ঠিত নেই। এই জুন মাসের ১৭ই জুন যে সপ্তাহ শেষ হয়েছে, সেই সপ্তাহে সারা ভারতবর্ষে খাদ্য দানার দাম বেড়েছে ৯ পয়েন্ট, ডালের দাম বেড়েছে ৮৫ পয়েন্ট এবং চিনি ও গমের দাম বেড়েছে ২০ পয়েন্ট। এই বিধানসভার প্রাক্তন অর্থমন্ত্রী তো বটেই, কংগ্রেসের যাঁরা এম এল এ, আছেন আমি তাঁদের এ বিষয়ে কিছু পড়াশুনা করার পরামর্শ দিচ্ছি। এই সমস্ত ব্যাপারে সামান্যতম জ্ঞান থাকলে সাধারণভাবে বোঝা উচিত যে বাংলাদেশের মূল্যমান হ্রাস করা কিছুতেই সম্ভব নয়, কেন্দ্রে যতদিন এই ধরনের নীতি কংগ্রেস সরকার চালু রাখবে। ও'রা আর একটা ধুঁয়া তুলেছেন যে যুক্তফ্রন্টের শ্রমনীতির ফলে বাংলাদেশের শিল্পে ভয়ংকর মন্দা দেখা দিয়েছে। ভাবখানা এই যে বাংলাদেশে মন্দা হয়েছে আর সারা ভারতবর্ষে বিরাট শিল্প সমৃদ্ধি ঘটছে। এটাও জ্ঞানের অভাবের পরিচয় ছাড়া আর কিছু নয়। এটা সবাই জানেন যে সারা ভারতবর্ষ আজ কৃষি এবং শিল্পের ক্ষেত্রে সংকটের আবর্তে পড়েছে, পড়েছে তার কারণ হচ্ছে পরিকল্পনা করেন যে কেন্দ্রীয় সরকার, তাঁরা সম্পূর্ণভাবে বৈদেশিক সাহায্যের উপর নির্ভরশীল। বিদেশী প্রভুরা সাহায্য দিচ্ছে না বলে আজ চতুর্থ পরিকল্পনার দ্বিতীয় বছরেরও তারা পরিকল্পনা রচনা করতে পারেননি। একটার পর একটা পরিকল্পনার লক্ষ্য তাঁরা ছাঁটাই করে চলেছেন। তারই ফলে সারা ভারতবর্ষে আজ লক্ষ লক্ষ শ্রমিক ছাঁটাই, লক আউট এবং লে-অফের কবলে পড়ছে। এটাও আপনি জানেন যে বাংলাদেশের ইঞ্জিনীয়ারিং শিল্পে যে সংকট এসেছে তার প্রধান কারণ রেলওয়ে অর্ডার কেটে দেওয়া। চটকলে সংকট এসেছে, কেন? তাও এসেছে মুদ্রামূল্য হ্রাস করার ফলে। প্রসঙ্গতঃ উল্লেখ করা যায় যখন কংগ্রেস সরকার ছিল তখনই চটকলে এক লক্ষ শ্রমিককে ছাঁটাই করা হয়েছিল এবং খোদ কংগ্রেসী ট্রেড ইউনিয়নের নেতা শ্রীকালী মুখার্জীও সেদিন এর প্রতিবাদ করে ধর্মঘটে নামতে বাধ্য হয়েছিলেন। আজকে ভারতবর্ষে যেটুকু সুযোগ আছে শিল্পকে বাড়াবার, তাও কেন্দ্রীয় সরকার গ্রহণ করছেন না। ইন্ডিয়ান ইঞ্জিনীয়ারিং অ্যাসোসিয়েশনের প্রাক্তন সভাপতি, শ্রী এস কে দত্ত, এই সংকট সম্পর্কে কি বলেছেন শুনুন, তিনি বলেছেন

a good deal of this trouble is because the private and public sector projects import machinery equipments and stores against tied loans and aids despite the fact that indigenous equivalents acceptable quality are available and prompt deliveries can be made.

[4-15—4-25 p.m.]

দেশে যে জিনিস উৎপাদন করা যায় তাও আজ ও'রা মার্কিন দেশ থেকে কিনে আনছেন এবং তার ফলে সমগ্র দেশে শিল্প প্রসারের সম্ভাবনা সঙ্কুচিত করছেন। আজকে বাংলাদেশে যে সংকটের সৃষ্টি হয়েছে তার জন্য পশ্চিমবঙ্গের বর্তমান অর্থমন্ত্রী দায়ী নন, তার জন্য দায়ী হচ্ছেন কেন্দ্রীয় সরকার। আজ যে ঘেরাও বাংলাদেশে হচ্ছে সেই ঘেরাওটা সঙ্কটের কারণ নয়, আসলে সেই ঘেরাওটা হচ্ছে এই সঙ্কটেরই ফল। কংগ্রেস সরকারের নীতির ব্যর্থতার ফলেই আজ শ্রমিকদের এই ঘেরাও করতে হচ্ছে। এই ঘেরাও হওয়ার দরকার আছে। আজকে বুঝতে হবে যে এই ঘাটতি বাজেট এমনি হয়নি। কংগ্রেস সরকার সমস্ত ভারতবর্ষে জিনিসপত্রের দাম বৃদ্ধি করে পরিকল্পনা রূপায়নের খরচ বাড়িয়েছে বলেই এই ঘাটতি বাজেট করতে হয়েছে। এই ঘাটতি বাজেটের অপর কারণ হল কেন্দ্রীয় সরকারের আরো যে ১০ কোটি টাকা পশ্চিম বাংলাকে সাহায্য দেওয়া উচিত ছিল তা দেয়নি বলে। এইসব কারণেই আজকে বাধ্য হয়ে আমাদের অর্থমন্ত্রী এই ঘাটতি বাজেট উপস্থিত করেছেন। এই ঘাটতিকে পূরণ করা এমন কিছু শক্ত নয়। এ সম্পর্কে

বিভিন্ন প্রস্তাব সরকারী দলের বিভিন্ন বক্তা তুলে ধরেছেন, আমি আর তার মধ্যে যেতে চাই না, আমরা জানি এই বাজেটের দ্বারা বাংলাদেশে রাতারাতি বিপুল সমৃদ্ধি আনা যাবে না, এই বাজেটের দ্বারা বাংলাদেশে সমাজতন্ত্র প্রতিষ্ঠিত করা যাবে না। ২০ বছরের কংগ্রেসী শাসনের ফলে যে অবস্থায় বাংলাকে এনে ফেলা হয়েছে, এ বাজেট হচ্ছে সেই অবস্থার সঙ্গে সংগ্রাম করার বাজেট। এই বাজেট হচ্ছে আমাদের বেঁচে থাকার জন্য লড়াইএর উপাদান। কাজেই এই বাজেটকে আমরা সমর্থন করেছি এবং আশা করি এই সভা এই বাজেট গ্রহণ করবেন। কংগ্রেস জানে এই বাজেট কার্যকরী করা হলে জনপ্রিয় যুক্তফ্রন্ট সরকারের জনপ্রিয়তা আরো বৃদ্ধি পাবে। আজকে কংগ্রেসীরা সেই ভয়েই কোথা থেকে এক ধর্মবীরকে বাংলাদেশে আমদানী করেছেন। যে ধর্মবীর ধার্মিকও নন, বীরও নন, যে ধর্মবীর হচ্ছেন...........

Please do not mention any name.

**শ্রীকমলকান্তি গুহ:** মিঃ স্পীকার, স্যার, উনি বলেছেন ধর্মবীর, উনি রাজ্যপাল ধর্মবীর বলেন নি।

**শ্রীসাধনকুমার সেন:** এই ধর্মবীরকে আমদানী করা হয়েছে যুক্তফ্রন্ট সরকারের বিরুদ্ধে চক্রান্ত করার জন্য। এই ধর্মবীর আই সি এস, আই এ এস, অফিসারদের সঙ্গে চক্রান্ত করছেন গোপনে...

**মিঃ স্পীকার:** আপনি রাজ্যপাল সম্বন্ধে কোন কথা বলবেন না।

**শ্রীসাধনকুমার সেন:** আমি শুধু এইটুকু বলতে চাই ও'রা "ভিয়েতনাম লাল সেলাম" এই শ্লোগান শুনে আঁতকে উঠেছেন। কিন্তু ও'রা কি আরেকটি শ্লোগান শোনেন নি? কলকাতার রাজপথে যে শ্লোগান আজ উঠেছে সেই শ্লোগান হচ্ছে "রাষ্ট্রপতির শাসন চালু হলে, বাংলাদেশে আগুন জ্বলবে।" এই কথা আমি আবার ও'দের স্মরণ করিয়ে দিতে চাই সারা বাংলাদেশে আগুন জ্বলবে যদি বাংলাদেশের গণতান্ত্রিক সরকারকে সরিয়ে দেবার প্রচেষ্টা হয়। আর সেই আগুন জ্বালাবার জন্য যাঁরা দায়ী হবেন তাঁরা সেই আগুনেই পুড়ে ছাই হয়ে যাবেন। কংগ্রেসের উদ্দেশ্যে এই সতর্কবাণী উচ্চারণ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Abul Barkat Atwal Ghani Khan Chaudhury:** Mr. Speaker, Sir, in critisising the present budget I desire to make some observations on certain items which I consider very important in our notional life. They are unemployed, food and agriculture. The present budget has not created conditions for higher level of productivity and incentive which is vital for the healthy growth of expanding economy. In encouraging class strife the present Government has created an environment of uncertainty. The investors have become shy. If the investment is wtihdrawn, this will create unemployment problem on an unprecendented scale. Mr. Speaker, Sir, unemployment is a serious problem and no Government can ignore this unless they are thinking of social and political upheaval of a very violent type. Investors must be sure of a fair deal. So the workers, but this cannot be done in the present weather. This can only be achieved in a democratic environment where democratic sense of value is understood and respected. Lawlessness all ovr the State further aggravated problems For vitality of the country's economy rule of law must prevail. In an anarchical condition of society there cannot be progress. In an under-developed country like ours all round progress is the answer to unemployment, to stagnation, to miseries. Sir, chilly wind must be blowing into the heart of ardent supporters of present Government when they are realising how they have been made fool with the unemployment problem of theirs.

Sir, then I come to food problem. The food problem has never been taken by the Food Minister as a problem of serious magnitude. He is toying with many ideas. Sometimes his mind travels on a fairy land and he formulates policies which has nothing to do with the reality. He is a prisoner of his indecision, he is a prisoner of Gana Committee, he is a

prisoner of so-called political stunt. Sir, in the living memory of my people in the district, law and order has completely failed. All over the district the problem of law and order has so miserably failed that nobody knows what is going to happen tomorrow to him.

[4-25—4-35 p.m.]

Sir, agriculture is another problem where this Government has miserably failed to tackle the whole issue. Only agrarian reform cannot increase food production. This demands reorientation of policies and calls for the fulfilment of the target of self-sufficiency. In order to acquire self-sufficiency I think irrigation should receive topmost priority. It seems to me that this is the stumbling block in achieving the desired result. All these years no attempt has been made to make agriculture a profitable concern. This problem has been approached from an emotional angle of view. Distributing land to the tillers of the soil is a high sounding political slogans, but it is hollow unless steps are taken to make agriculture a highly profitable concern to a peasant. This may demand a different type of agrarian reform with a view to increase production and to achieve self-sufficiency within the shortest period of time with the proper remuneration and incentive to agriculturists. The present Government has miserably failed to gear up the entire resources of the country for the fulfilment of this task. The present Government has miserably failed in giving food to its people. They used to talk big. They were after cheap political slogans, but Sir, we know what is happening today.

**Shri Amarendra Nath Roy Pradhan:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সাড়ে তিন মাস পরে কাঁচা বাজেট রদ করে যে পাকা বাজেট পেশ করেছেন মাননীয় অর্থমন্ত্রী তাকে আমি পূর্ণ সমর্থন জানাই। এই বাজেট প্রগতিশীল বাজেট। এই বাজেটের রূপ রেখা যদি আমরা বিচার করি তাহলে দেখতে পাব কংগ্রেস সরকারের আমলে যে বাজেট রচিত হত তা হচ্ছে মিলমালিক, শিল্পপতি, আড়তদারদের মুখ চাওয়া বাজেট। আজকে এই বাজেট আমরা দেখছি কৃষক, শ্রমিক এবং সাধারণ মানুষের মুখ চাওয়া বাজেট। আজকে সেইজনাই ত্রাহি ত্রাহি রব উঠেছে কংগ্রেসের পক্ষ থেকে। শৈলবাবু থেকে শুক্লা সাহেব পর্যন্ত বলে গেলেন যে সব শেষ হয়ে গেল; গেল গেল; সব গেল। মাননীয় সভাপাল মহাশয়, আমাদের শ্রমমন্ত্রী শ্রীসুবোধ ব্যানার্জী মহাশয় খুব রসিক মানুষ। উনি যে কি কুক্ষণে না সুক্ষণে ঐ 'ঘেরাও' শব্দটি ব্যবহার করেছেন, কোথা থেকে যে উনি ঐ ঘেরাও শব্দটি পেলেন—যার ফলে কংগ্রেসীরা শুধু শয়নে স্বপনে দেখছেন—'ঘেরাও', 'ঘেরাও'। যদি কোন মানসিক ডাক্তার দিয়ে ও'দের পরীক্ষা করানো হয় তাহলে দেখা যাবে যে ও'রা ঘেরাতঙ্ক রোগে ভুগছেন। এই হচ্ছে ও'দের অবস্থা। শৈলবাবু সেদিন হিসাব দিলেন যে ৪ মাসে ৪৪৪টি ক্ষেত্রে ঘেরাও হয়েছে। ৪৪৪টিকেই বড় করে দেখলেন, তিনি কেন দেখলেন না ঐসব মিল মালিক, মজুতদার ঐসব শিল্পপতিরা কত জায়গায় কত কারখানাতে লে-অফ, লক-আউট ঘোষণা করেছেন। তাঁরা কেন বিচার করলেন না যে কত ক্ষেত্রে শ্রমিকদের ন্যায্য পাওনা শিল্পপতিরা দেননি, কত ক্ষেত্রে নিম্নতম মজুরির হার চালু করেন নি। সেদিক থেকে তাঁরা কোন বিচার করলেন না। শুধু বললেন ঘেরাও করার ফলে শিল্প শেষ হয়ে গেল। শুক্লা সাহেব বললেন যে শিল্প ধ্বংস হয়ে গেল, আমি বলি কোথায় ধ্বংস হয়ে গেল, আর যদি তা হয়েও থাকে তার জন্য দায়ী আপনারা। আজকে আপনারা খোলা মন নিয়ে তাকাবার চেষ্টা যদি করেন গোটা ভারতবর্ষের বুকের উপরে মহারাষ্ট্র, মাদ্রাজ, পাঞ্জাব শিল্পে এগিয়ে যাচ্ছে, আর আমাদের পশ্চিম বাংলা পিছিয়ে যাচ্ছে ধীরে ধীরে শেষ হয়ে যাচ্ছে। ১৯৪৮ সালে যেখানে গোটা ভারতবর্ষে মোট শিল্প উৎপাদনের ২৭ ভাগ উৎপাদিত হত এই পশ্চিম বাংলায়; আজ সেখানে কমতে কমতে দাঁড়িয়েছে মাত্র ১৭ ভাগে। এর মূল কারণ কি ঘেরাও? আজকে ডঃ আর কে হাজারিকার রিপোর্ট পড়ে দেখুন, তিনি কি বলেছেন যে রিপোর্ট নিয়ে দিল্লীতে ঝড় বয়ে গেল, সেই রিপোর্ট থেকে কিছু অংশ আপনাদের সামনে আমি রাখতে চাই।

It is a matter of great regret and anxiety that the entire business and industry has been concentrated in the hands of a few. Inactiveness of the

Capital Goods Committee should be mentioned in this connection. This particular Committee has been formed with the hope that it will expedite the supply of necessary goods but it comes to no effect. There is a group of industrialists who are sitting idle with their licenses without industry. At least in 50 per cent. cases the Birlas have failed to start their indusrty though licenses are there. There are more other instances of such cases. For this plans are in papers alone and not in reality. None to review the work progress in comparison to licenses. Inactiveness of the Government is mainly responsible for the deterioration of industrialisation.

ডাঃ হাজারীর রিপোর্টের মধ্যে পরিষ্কার বলেছেন কংগ্রেস সরকারের আমলে ইনঅ্যাকটিভিটিই শিল্পে অবনতির মূল কারণ। পশ্চিম বাংলায় আমরা জানি শিল্পের ক্ষেত্রে ঘেরাও রোগ নয়। আসল রোগ আমরা ধরেছি এবং সেই রোগের চিকিৎসা আমরা চালাতে চাই। দেখবেন শিল্পের উন্নতি নিশ্চয় হবে পশ্চিমবঙ্গের বুকের উপর। স্যার, সেদিন সিদ্ধার্থশঙ্কর রায় মহাশয় বলেছেন দেশে আইন ও শৃঙ্খলা নেই, সব শেষ হয়ে গেল। তিনি নকসালবাড়ী খড়িবাড়ীর প্রসঙ্গ তুলেছেন এবং এখানে মাও মাও করে চীৎকার সুরু করেছিলেন। আমরা জানি দিন আগত ঐ যেদিন ঐ সিদ্ধার্থশঙ্কর রায় মহাশয়কে মাও মাও বলে চীৎকার করতে করতে শেষে ম্যাও ম্যাও করে ছুটে পালাতে হবে এখান থেকে। আমি বলে রাখি যুক্তফ্রন্ট সরকার ঐ নকসালবাড়ী এবং খড়িবাড়ীর ঘটনা সম্পর্কে পূর্ণ সচেতন এবং সজাগ। একটা জিনিস আমাদের ভুললে চলবে না যে সেই এলাকার সাধারণ কৃষক বঞ্চিত এবং শোষিত কৃষক, যাদের এতদিন ধরে ঠকিয়ে এসেছে ঐ জোতদার এবং জমিদাররা। তাদের মনে আজকে বিক্ষোভ দেখা দিয়েছে। কিন্তু আপনি জানেন এই বিধানসভায় যেদিন কংগ্রেসীরা প্রথম বিরোধী দল হিসাবে এসে বসলো সেদিন কৃষকের ভূমির ক্ষুধার সুযোগ নিয়ে তারাও একটা বেসরকারী প্রস্তাব নিয়ে এলেন অবিলম্বে ভূমি বণ্টন করা হউক। যারা ২০ বছরে এক ছটাক জমি বিলি ব্যবস্থা করতে পারে নি—হঠাৎ কৃষকদের প্রতি তাদের দরদ উথলে উঠলো। এটা কি তাদের মনের কথা না মুখের কথা? তারা এইভাবে দেশের মধ্যে অরাজকতার সৃষ্টি করেছিলেন এবং কংগ্রেসের সাথে তাল মিলিয়ে আর একদল মানুষ ঐ নকসালবাড়ী-খড়িবাড়ী এলাকায় যাদের উগ্রপন্থী বলা হচ্ছে, তারাও অরাজকতা সৃষ্টি করার চেষ্টা করছেন - সেদিক থেকে আমাদের সরকার পূর্ণ সজাগ আছেন। উগ্রপন্থীরা, যারা এইসব জিনিস করছেন তাদের মুখোস দেশের মানুষের সামনে তুলে ধরার জন্য সরকার সময় নিচ্ছেন এবং সেইজন্য তারা পুলিশি ব্যবস্থা গ্রহণ করছেন না। কিন্তু আজকে যদি দেশে অরাজকতা এবং বিশৃঙ্খলা সৃষ্টি হয়ে থাকে তাহলে তার জন্য দায়ী এই কংগ্রেস। আজকে ২০ বছরের মধ্যে দেশের মানুষকে তারা এমন একটা জায়গায় নিয়ে এসেছেন যে সেই সমস্ত অভুক্ত মানুষ যদি আজকে উচ্ছৃঙ্খল হয় তাহলে তাদের কোন দোষ নেই। যাদের কেলেঙ্কারীর জন্য, যাদের কর্মফলের জন্য আজ এরা অভুক্ত তাদের কি কোন দোষ নেই? স্যার, এই প্রসঙ্গে আমি বলছি আজকে যদি কোন উচ্ছৃঙ্খলতা সৃষ্টি হয়ে থাকে তাহলে তার পিছনে উস্কানী রয়েছে ঐ কংগ্রেসের। (গোলমাল) আমি দুটো উদাহরণ এখানে তুলে ধরছি—এটা আমার কথা নয়, স্টেটসম্যান পত্রিকায় মাননীয় বিরোধী দলের নেতা শ্রীখগেন দাসগুপ্ত এক বিবৃতিতে বলছেন

Mr. Das Gupta added that he would visit the area tomorrow with some Congress MLAs and MLCs from Jalpaiguri and Siliguri. Mr. Das Gupta said he did not understand why tea garden labourers should be allotted land in Naxalbari and Kharibari areas while a large number of refugees are still homeless.

উনি যে মহাভারতের সঞ্জয় কবে হলেন তা বুঝতে পারলাম না! নকসালবাড়ী-খড়িবাড়ীতে যাবার আগে উনি বলে বসলেন ঐ এলাকায় চাবাগানের জমি কেন উদ্বাস্তুদের মধ্যে বিলি করা হচ্ছে না। উনি একটা ভাঁওতা সংবাদ দিয়ে সাধারণ মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করেছিলেন—আর সেই সঙ্গে উদ্বাস্তুদের দরদে তিনি ফেটে পড়লেন। কংগ্রেস সরকার ১৯৪৭ সালের পর থেকে উদ্বাস্তু সমস্যার সমাধান করতে পারেন নি। উদ্বাস্তুদের পশ্চিম বাংলার বাইরে পাঠিয়ে দিয়েছেন—তাদের মৃত্যুর মুখে ঠেলে দিয়েছেন। সেই কংগ্রেসের দরদ উথলে উঠছে—খগেনবাবু উদ্বাস্তুদের জন্য কেঁদে ফেললেন—তাঁরা বলছেন উদ্বাস্তুদের পুনর্বাসনের ব্যবস্থা করা হোক। ওঁদের রাজত্বে কতজন লোককে পুনর্বাসন দিয়েছেন ঐ এলাকায়? আর একজন ব্যক্তি—যিনি দিল্লীর তখৎতাউসে বসে আছেন—শ্রীমতী ইন্দিরা গান্ধী হঠাৎ ২৬এ জুন তারিখে লোকসভায় বিবৃতি দিয়ে বসলেন

The Centre would not hesitate if needed and if the situation so developed to invoke the powers under the Constitution to tackle West Bengal's problems.

এমন কি অবস্থা হোল যে এটা করতে হবে? জানি সংবিধানের ক্ষমতা দেওয়া আছে যে কোন সময়ে রাষ্ট্রপতি শাসন কায়েম করতে পারেন—কিন্তু রাষ্ট্রপতি শাসন কায়েম করতে হবে সেই সংবাদ সেই সময় পরিবেশন করার কি প্রয়োজন ছিল? আসলে যুক্তফ্রন্ট সরকার থাকাতে কংগ্রেসের ত্রাহি ত্রাহি রব সুরু হয়েছে, যার জন্য রাষ্ট্রপতি শাসন দরকার। আমি জিজ্ঞাসা করি ভারতবর্ষের প্রধানমন্ত্রীকে যে ১৯৬০ সালে যেদিন আসামে বাঙ্গালী নিধন যজ্ঞ আরম্ভ হয়েছিল; বাঙ্গালীর মা বোনেদের উপর পৈশাচিক পাশবিক অত্যাচার চলেছিল যেদিন তাদের ঘরবাড়ী জ্বালিয়ে দেওয়া হচ্ছিল সেদিন তো ইন্দিরা গান্ধী বা তার বাবা পণ্ডিত জওহরলাল নেহরুকে কিছু করতে দেখিনি। সেদিন তো আমরা ইন্দিরা গান্ধীকে দেখিনি ঐ আসামের বাঙ্গালীদের জন্য আসামে রাষ্ট্রপতি শাসন কায়েম করার কথা বলতে। সেদিন তিনি চুপ করেও ছিলেন না; বরং সেদিন তিনি চালিহার পক্ষে ওকালতি করেছিলেন। অবশ্য কোচবিহারের মানুষ তাঁকে সেদিন রেহাই দেয়নি। কোচবিহারের মানুষ ইন্দিরা গান্ধীকে সাদা শাড়ী পরিয়ে দেখিয়ে দিয়েছিল আসামের বিধবা বোনদের জন্য চোখের জল গড়ায় কিনা? এই তো অবস্থা। আজকে পরিষ্কারভাবে কি পশ্চিমবঙ্গে কি কেন্দ্রে সমস্ত কংগ্রেস মহল একজোট হয়ে লেগেছে যুক্তফ্রন্ট সরকারের পতন ঘটাবার জন্য। কিন্তু আমি একটিমাত্র হুঁসিয়ারী করে দিই কংগ্রেস সদস্যদের। আপনিও জানেন স্যার যে এখানকার বহু কংগ্রেস সদস্যকে আসতে হয়েছে নাকের জল চোখের জল নিয়ে এবং স্যার, এটাও আপনি নিশ্চয় জানেন যে এখানে মাথা ন্যাড়া করে চুল দাড়ি কামিয়ে কংগ্রেস সদস্যদের আসতে হয়েছে। আপনাদের দিন আগত ঐ, যদি এইভাবে আপনারা ষড়যন্ত্র করেন যদি এইভাবে কেন্দ্রের সঙ্গে শলাপরামর্শ করেন তাহলে আপনাদের সেই চক্রান্তের জবাব জনগণ দেবে। পশ্চিম বাংলার সজাগ জনগণ আপনাদের দিকে দেখছে—আপনাদের কার্যকলাপ তারা পরীক্ষা নিরীক্ষা করছে, এবং যদি দরকার হয় তাহলে তারা আপনাদের মাথা কামিয়ে দেবে। আপনাদের মাথায় ঘোল ঢেলে দেবে, আর গাধার পিঠে চড়িয়ে ঐ ভবানীপুর-চৌরঙ্গী, চৌরঙ্গী-ভবানীপুর করাবে সেদিনের জন্য আপনারা প্রস্তুত হউন—হুঁসিয়ার হউন।

[4-35—4-45 p.m.]

**Shri Probhakar Pal:**

অধ্যক্ষ মহাশয়, বাজেটের সাধারণ আলোচনায় অংশগ্রহণ করতে উঠে আপনার কাছে কয়েকটি কথা রাখতে চাই। গত মার্চ মাসে নূতন বিধানসভার প্রথম অধিবেশনের প্রারম্ভে আমাদের অর্থমন্ত্রী মাননীয় জ্যোতি বসু মহাশয়, যখন আমাদের কাছে ভোট অন এ্যাকাউন্টস দাবী মঞ্জুরের জন্য উপস্থাপিত করেছিলেন তখন তিনি বলেছিলেন একথা যে সময় স্বল্পতার জন্য প্রাক্তন কংগ্রেস সরকার যে বাজেট রচনা করে গেছেন তা পরীক্ষা করে উঠতে তিনি পারেন নি। তখন আমরা ভেবেছিলাম জ্যোতিবাবু জুন মাসে যে বাজেট উপস্থাপিত করবেন সেই বাজেটের মধ্যে বাংলাদেশের অনেক সমস্যা সমাধানের ইঙ্গিত থাকবে বেকার সমস্যা সমাধানের খাদ্য সমস্যা সমাধানের ইঙ্গিত থাকবে—মেহনতী মানুষের কথা থাকবে সর্বহারা মানুষের কথা থাকবে। সর্বোপরি যারা গরীব মানুষ তাদের উপর কর হ্রাসের প্রস্তাব থাকবে। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, জ্যোতিবাবুর বাজেট পড়ে আমি একেবারে হতাশ হয়েছি—এতো দেখছি কংগ্রেসী আমলে কংগ্রেস সরকার যে বাজেট রচনা করে গিয়েছিলেন জ্যোতিবাবু কিছুটা অদল-বদল করে আমাদের সামনে উপস্থিত করলেন, নূতন কিছুই উপস্থাপিত করতে পারেন নি, মৌলিক, বৈপ্লবিক কোন পরিবর্তন তিনি করতে পারেন নি। তাহলে এই জিনিস প্রমাণ হয়ে যাচ্ছে কংগ্রেস সরকার গত ১৯।২০ বছর যে আর্থিক নীতি গ্রহণ করেছিলেন যে অর্থনৈতিক নীতি নিয়ে চলেছিলেন সেটা অভ্রান্ত এবং বিরোধী দলের নেতা হিসাবে মাননীয় জ্যোতিবাবু গত ১৯।২০ বছর যে সমস্ত বাজেটের উপর সমালোচনা করেছেন তা সবটাই ভ্রান্ত। তার পুরাপুরি যে সবটা আমাদের কাছে উপস্থিত করেছেন তা নয় কিছু পরিবর্তন করেছেন, তাতে পশ্চিম বাংলার মেহনতী মানুষের উপর ৩৬ কোটি টাকা কর বসাবার একটা প্রস্তাব করেছেন। আপনি জানেন পশ্চিম বাংলার মানুষের উপর ইতিমধ্যে কর চাপান হয়ে গেছে তবে একটা কথা তিনি বলেছেন কর যখন আনবেন তখন গরীব মানুষের কথা বিশেষভাবে ভাববেন। আমি জানি না সাধারণ দরিদ্র মানুষকে তাঁরা কিভাবে

করের হাত থেকে এড়াতে পারবেন। কারণ দেখা গেছে কর যাদের উপর চাপানো হোক না কেন তার ভার গিয়ে পড়বে সাধারণ মানুষের উপর। সেদিক থেকে আমি মনে করি পশ্চিম বাংলার সাধারণ মানুষের উপর করভার আর চাপান চলবে না। আর একটা কথা যেটা তিনি অত্যন্ত আনন্দের সঙ্গে ঘোষণা করেছেন সেটা হচ্ছে পুলিশ খাতে ৪৮ লক্ষ টাকা হ্রাস করা হল। এবিষয়ে শ্রীমতী পূরবী দেবী বললেন যে এর দ্বারা এ হাউসকে অসত্য ভাষণ দিয়েছেন। এখানে প্রাক্তন কংগ্রেসী সরকার ১৫ কোটি টাকা বরাদ্দ করেছিলেন। সেখানে এই সরকার ১৮ কোটি টাকা বরাদ্দ করেছেন তা থেকে ৪৮ লক্ষ টাকা কমিয়ে দিয়ে জ্যোতিবাবু এ হাউসকে বিভ্রান্ত করেছেন। আমি ধরলাম ৪৮ লক্ষ টাকা হ্রাস করেছেন কিন্তু আমি বলছি পুলিশ খাতে সমস্ত ব্যয় হ্রাস করুন। কারণ এই সরকার পুলিশকে নিষ্ক্রিয় করে রেখেছেন। কারণ আপনি জানেন শুধু নকশালবাড়ী, আসানসোল, বা কলকাতা নয়, বাংলাদেশের সব জায়গায় গুণ্ডার দল বর্তমানে যাদের বলা হয় গণকমিটি তারা একটা সন্ত্রাসের রাজত্ব সৃষ্টি করেছে। খুন ডাকাতি রাহাজানি ইত্যাদি সমস্ত ব্যাপারে মানুষ একটা নিরাপত্তার অভাব বোধ করছে।

**শ্রীবৃন্দাবন চট্টোপাধ্যায়ঃ** অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, ট্রেজারী বেঞ্চে কোন মিনিস্টার নেই।

**মিঃ স্পীকারঃ** আমি বলছি তাদের আনাব, কোনদিন আনাবার কথা আগে শুনিনি, আমি খবর দিয়েছি, আপনি বলতে থাকুন।

[4-45—4-55 p.m.]

**শ্রীপ্রভাকর পালঃ** সমস্ত রাজ্যব্যাপী যখন সন্ত্রাসের রাজত্ব চলছে তখন মানুষের মনে হয়েছে পুলিশ আছে কিনা সে বিষয় সন্দেহ আছে। এ ক্ষেত্রে আমার একটা সাজেসান হচ্ছে পুলিশ খাতে যে ১৮ কোটি টাকার মত বরাদ্দ করা হয়েছে সেটা সবটাই তিনি রোধ করুন, তাহলে পশ্চিম বাংলার দরিদ্র মানুষ করের হাত থেকে রেহাই পাবে। আমি যেটা বলছিলাম শুধু আসানসোল, নকশালবাড়ী, কলকাতা নয়, পশ্চিম বাংলার প্রায় প্রতিটা গ্রামে গণ-কমিটির লোকেদের অত্যাচারে জীবন অতিষ্ঠ হয়ে গেছে। তবে একটা কথা পুলিশ যে নিষ্ক্রিয় হয়েছে তা নয়, নকশালবাড়ীতে দেখেছি সেখানে গুণ্ডাদের কিছু করতে পারেনি। খুন ডাকাতি রাহাজানি ইত্যাদি সেখানে সন্ত্রাসের রাজত্ব সুরু করেছে যারা তাদের বিরুদ্ধে কিছু না করলেন ৬টা নারী এবং ২টা শিশুকে হত্যা করতে পেরেছে। আমি কাগজে দেখলাম আত্মরক্ষার প্রয়োজনে গুলি করতে হয়েছিল। শিশু দুটির হাতে রাইফেল বা এমন কি মারাত্মক অস্ত্র ছিল যার জন্য পুলিশকে গুলি চালাতে হল। মুখ্যমন্ত্রীর কাছ থেকে জানতে চাই যে ২টা শিশু ও ৬টা নারী যে হত্যা করা হয়েছে তার জবাব কে দেবে? এ ছাড়া আসানসোলে ২০ জনকে হত্যা করা হয়েছে রাজনৈতিক কারণে। এটা আমার কথা নয় যুক্তফ্রন্টের একজন স্পীকার অত্যন্ত দায়িত্বশীল নেতার অভিযোগ যা থেকে আমি শুনেছি পুলিশ সেখানে কিছু করতে পারিনি। আর একটা জিনিস এই অ্যাসেম্বলী হাউস-এর সামনে শিক্ষকদের যে একটা শান্তিপূর্ণ মিছিল এসেছিল, তাঁদের উপর পুলিশের সহায়তায় গণ-কমিটি যেভাবে অত্যাচার ও লাঞ্ছনা করেছে তাতে আমি মনে করি এতে বাংলাদেশের শুধু অপমান করা হয়নি জাতীয় অসম্মানও বটে। কয়েকদিন আগে মুখ্যমন্ত্রী বলেছিলেন যে যুক্তফ্রন্ট সরকার শিক্ষক সমাজকে আর রাস্তায় বসতে দেবেন না। আমি জানতাম না এভাবে শিক্ষক আন্দোলনের পথ বন্ধ করে দেওয়া হবে। মুখ্যমন্ত্রী একজন গান্ধীবাদী মানুষ। তখন আমার ধারণা হয়েছিল তিনি শিক্ষকদের জন্য কিছু করবেন--কিছু সামান্য ডি এ তাঁরা বৃদ্ধি করেছেন। আজকে পশ্চিম বাংলায় নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম অত্যন্ত বেড়ে গেছে। প্রাথমিক শিক্ষকরা অত্যন্ত কম বেতন পান তাদের দাবী হচ্ছে সামান্য বেতন বৃদ্ধি। আমাদের অর্থমন্ত্রী তাদের ডি এ-এর ব্যাপারে যেটা ঘোষণা করলেন সেটুকুনও তারা চান কিন্তু এ শিক্ষক সমাজ গণতান্ত্রিক পদ্ধতিতে যেভাবে তারা এসেছিলেন এবং যেভাবে তাঁরা নির্মম ব্যবহার পেয়ে গেছেন আমার মনে হয় শিক্ষকগণ তা কোনদিন ভুলবেন না। আমার ধারণা হয়েছিল যে নূতন সরকার বিশেষ করে যারা শিক্ষক এবং শিক্ষক আন্দোলনে যুক্ত হয়ে যুক্তফ্রন্টের নেতারা যে মদত দিয়েছিলেন আমি ভেবেছিলাম তাদের সম্পর্কে তারা বিবেচনা করবেন। কিন্তু এই আচরণ যেটা তারা পেয়েছে সেটা আমরা ধারণা করতে পারিনি। সে শিক্ষক মিছিলে শিশু কোলে অনেক শিক্ষিকা ছিলেন। সেজন্য আমি বলতে চাই পুলিশ খাতে ১৮ কোটি টাকা বাদ দিন, বাদ দিয়ে গণকমিটির দ্বারা পুলিশের কাজ করান এবং পশ্চিম বাংলার লোকের উপর যে ৩৬ কোটি টাকা ট্যাক্স বসাবার

কথা চিন্তা করছেন সেখানে ১৮ কোটি টাকা প্রাক্তন কংগ্রেস সরকার রেখে গেছেন সে ১৮ কোটি টাকা যদি পান এবং এ ১৮ কোটি টাকা হলে পশ্চিম বাংলার দরিদ্র মানুষের উপর আর ট্যাক্স চাপাতে হবে না এবং এর ফলে মানুষ বাঁচবে এবং আপনাদেরও মর্যাদা থাকবে।

**Shri Sudhir Chandra Das:**

মাননীয় স্পীকার মহাশয়, আমি ভূতপূর্ব অর্থমন্ত্রীর বক্তৃতার বিষয়গুলি শুনেছি। আমার এই কম সময়ের মধ্যে তাঁর সব বক্তৃতার উত্তরটা দেওয়া সম্ভব নয়। শৈলবাবু যে বক্তৃতা করেছেন এবং তিনি যেভাবে লেভি ও কর্ডনিং-এর ওকালতি করেছেন এবং কৃষি পরিকল্পনার ব্যর্থতার কথা জানালেও তিনি স্বীকার করতে রাজী হন নি, যত দোষ এই যুক্ত ফ্রন্ট সরকারের এবং এই খাদ্য সংকট সৃষ্টি হয়েছে লেভি এবং কর্ডনিং তুলে দেবার জন্য এটাই তিনি বলবার চেষ্টা করেছেন। কিন্তু ভারতের খাদ্যোৎপাদন ক্রমেই কমে যাচ্ছে। দীর্ঘমেয়াদী খাদ্যোৎপাদন বৃদ্ধির বার্ষিক হার ২॥ শতাংশ থেকে ৩ শতাংশ হয়েছে বলে সরকারীভাবে যে দাবী করা হয় তা কৃষিপণ্য মূল্য কমিশন নাকচ করে দিয়েছেন। কমিশন সমীক্ষা চালিয়ে দেখেছেন ১৯৪৯।৫০ সালের পরবর্তী যেকোন বছরকে হিসাবের ভিত্তি ধরলে এটাই স্পষ্ট হয়ে উঠবে যে খাদ্যোৎপাদনের বার্ষিক বৃদ্ধি ক্রমেই কমেছে। সুতরাং কৃষি পরিকল্পনা একেবারে কিভাবে ব্যর্থ হয়েছে তার একটি রিপোর্ট খুব সুন্দর করে তাঁরা প্রকাশ করেছেন এবং পার্লামেন্ট তা স্বীকার করতে বাধ্য হয়েছেন এবং খাদ্য সরবরাহ কেন্দ্রীয় সরকার যে কমিয়ে দিয়েছেন এটা জানা সত্ত্বেও খাদ্যসংকটে লেভি ও কর্ডনিং-এর কথা তুলেছেন। মিঃ স্পীকার, স্যার, আপনি শুনলে অবাক হবেন যে এই কর্ডনিং এবং লেভির আগুনে পুড়ে ছাই হয়ে গেছেন, তবুও সেই কর্ডনিং-এর সাফাই গাইবার জন্য ভূতপূর্ব অর্থমন্ত্রী উঠেছিলেন। স্যার, আমি আপনার কাছে ২০শে অক্টোবর তারিখে ভূতপূর্ব মুখ্যমন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেন যা বলেছিলেন তা আমি তুলে ধরছি। প্রেস কনফারেন্সে শ্রী সেন বলেন, অভিজ্ঞতা থেকে দেখা গেছে কঠোর কর্ডনিং ব্যবস্থা চালু রাখা সম্ভব নয়, চোরাপথে উদ্বৃত্ত জেলা থেকে ঘাটতি জেলায় চাল পাচার হয়ে যায়। সুতরাং ঐ অবস্থায় খোলা বাজার করে দেওয়াই শ্রেয়। আর এদিকে ওকালতি করলেন কর্ডনিং রাখতে হবে। সুতরাং কর্ডনিং রাখার জন্য তাঁদের নিজেদের অকর্মণ্যতার সুযোগ নিয়ে চোরাকারবারীরা যে খাদ্যসংকট সৃষ্টি করেছিলেন এটা স্বীকার করতে হয়েছে। সুতরাং এটা বুঝতে কারো কষ্ট হয় নি যে এই কর্ডনিং তুলে নেওয়ার জন্য খাদ্য সংকট হয় নি, লেভি তুলে নেওয়ার জন্য খাদ্য সংকট হয় নি, খাদ্যসংকট হয়েছে আপনাদেরই কৃতকর্মের জন্য এবং সেই সংকট এখনও রয়েছে। মাননীয়া পূরবী মুখার্জী বললেন সম্পদের উৎস সৃষ্টি করেছেন। আমরা দেখছি সম্পদের উৎস সৃষ্টির সঙ্গে সঙ্গে চুরির উৎসও ভাল করে রেখেছিলেন সেটা আপনারা জানেন। এবারে সেই চুরির উৎস ধরা পড়েছে। ভগবানপুর থানার বড়ান অঞ্চলের কংগ্রেস অঞ্চল প্রধান বংশীবাবু সহ ৮ জন গ্রেপ্তার হয়েছেন। ভূতপূর্ব ত্রাণমন্ত্রী স্টেট রিলিফের টাকা নিয়ে যে কান্ড কারখানা করে গেছেন—১০ দিন আগে সেখানে কয়েকজন গ্রেপ্তার হয়েছেন। কাজেই এই বাজেটে শুধু টাকা মঞ্জুর করলেই হবে না, এই চুরির পথ এবং দুর্নীতির পথ বন্ধ করতে না পারলে বাজেটে যে সমস্ত পরিকল্পনা রয়েছে তা কখনও সার্থক হয়ে উঠতে পারবে না। সেই জন্য আজকে যদি খুঁটিয়ে দেখেন যে কোথায় চুরি হয়েছে—ডাকরা কেন্দ্রে যে স্টেট রিলিফের কাজ হয়েছিল ত্রাণমন্ত্রী সেখানে গেলে দেখতে পাবেন যে শ্রীমতী আভা মাইতি [illegible] স্টেট রিলিফের কাজে সেখানে প্রচুর চুরি হয়েছে।

[4-55—5-05 p.m.]

রিলিফ কমিটির অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারী তিনি আমার সামনে এনকোয়ারী করে এসেছেন, কিন্তু ভূতপূর্ব সরকার সেটা চাপা দিয়ে রেখেছেন, সেটা আজকে এখানে প্রকাশ করা হোক এই দাবি [illegible] এবং তাতে ভূতপূর্ব ত্রাণমন্ত্রী রেহাই পাবেন না বলে মনে করি। আমি আপনাদের কাছে এবং ত্রাণমন্ত্রীকে বলতে চাই যে একটু চেষ্টা করলে শ্রীমতি আভা মাইতি তিনি ধরা পড়বেন এবং গ্রেপ্তার হবেন। যেখানে মালমসলা প্রস্তুত আছে, সেই রিপোর্টকে চাপা দিয়ে রাখা হয়েছে, শ্রীঅশোকান্ত রায় তিনি নিজে তদন্ত করতে গিয়েছিলেন, এই কথা মনে রাখবেন এবং খুঁজে দেখুন, আমি মাননীয় ত্রাণমন্ত্রীকে বলি যে তিনি যদি শক্তভাবে এগোন তাহলে হাতে-কলমে সকলে ধরা পড়বেন। এমন কি ভূতপূর্ব ত্রাণমন্ত্রীও বাদ যাবেন না। আমি আর একটি কথা সতর্কতার

জন্য যুক্তফ্রন্ট সরকারের কাছে রাখতে চাই যে একটা বিপদ দেখতে পাচ্ছি—ঈশান কোণে একটা কালো মেঘ দেখা যাচ্ছে, সেটা হচ্ছে কোথাও কোথাও গুন্ডামি, এবং সেই গুন্ডামি সম্বন্ধে আমি বলছি, কালকের সেই সভায় আমি উপস্থিত ছিলাম, সেটা জমি বিলির সভা নয়, সেটা নিশ্চয়ই একটা গণতান্ত্রিক অধিকারকে প্রতিষ্ঠা করবার জন্য সেখানে পিকিং বিরোধী দিবস অনুষ্ঠিত হচ্ছিল, এবং ভারতের ঐক্য দিবস প্রতিপালিত হচ্ছিল, সেখানে গুন্ডামি করার কোন কারণ ছিল না, সুতরাং সেখানে "মাও" ধ্বনি আসবে কেন এবং যে "মাও" ধ্বনি উচ্চারিত হয়েছে বাংলার বিভিন্ন স্থানে সেটা কিসের ধ্বনি, সেটা কি চীন পন্থীদের ধ্বনি, সেটা কি রাজনৈতিক প্ররোচনায় উদ্বুদ্ধ হয়ে উঠছে না? এবং সেটা তদন্ত করে দেখা দরকার—সেই ঈষাণ কোণে যে কালো মেঘ দেখা দিয়েছে তাকে যদি প্রশমিত করতে না পারেন কঠোর হস্তে, তাহলে স্বরাষ্ট্রমন্ত্রী জানবেন কৃষিক্ষেত্রেই বলুন বা শিল্পক্ষেত্রেই বলুন কোন কিছুতেই শান্তি সুপ্রতিষ্ঠিত করে কখনই এই বাজেটকে সফল করা যাবে না, আমি চাই সেই স্বরাষ্ট্র দপ্তরকে—যে পার্টির লোকই জড়িত থাকুক না কেন, যেকোন গুন্ডা দলই জড়িত থাকুক না কেন, তারা যেদলেরই লোক হোক না কেন—আজকে কংগ্রেস পক্ষ উল্লসিত হচ্ছেন--কংগ্রেস পার্টির গুন্ডামি আমি দেখেছি—আমার নির্বাচনী সভাকে তারা ভেঙ্গেছে গুন্ডামি করে এবং সেটা প্রকাশ্যভাবে করেছে আমি জানি। সুতরাং আমি নিরপেক্ষভাবে রাষ্ট্রকে চালাবার কথা বলতে চাই। আর একটি কথা বলতে চাই সেটা হচ্ছে কিছু কিছু সরকারী কর্মচারী এই খাদ্যনীতিকে বানচাল করবার জন্য যুক্তফ্রন্ট সরকারের প্রতি জনসাধারণের বিক্ষোভ যাতে বেড়ে যায় সেই চেষ্টা করছে। আমি হুঁসিয়ার করে দেবো মন্ত্রিসভাকে যে, যারা বিভীষণ হয়ে এই খাদ্যনীতিকে বানচাল করবার চেষ্টা করছে তাদের সম্পর্কে যেন সতর্ক থাকেন। এই কথা বলে আমি এই বাজেটকে সম্পূর্ণ সমর্থন জানাচ্ছি।

**Shri Trilokesh Misra:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বাজেট আলোচনা করতে গিয়ে প্রথমে আমি যে কথা উল্লেখ করতে চাই যে বাজেটে যেটা উল্লিখিত আছে সেটা হচ্ছে কৃষিজীবীর সমস্যা। ভেস্টেড ল্যান্ড নিয়ে কৃষকদের হাতে তুলে দেওয়া হবে এই কথা বলা হয়েছে। আমরা স্বীকার করছি যে কৃষকদের, ভূমিহীনদের ভূমি পাওয়া দরকার কিন্তু সেক্ষেত্রে কি ফল আসছে সেটাও লক্ষ্য করতে হবে। আমাদের আর্থিক দিক দিয়ে অনুন্নত দেশ, এখানে আমাদের উৎপাদন বাড়াতে হবে, কৃষির উৎপাদন কৃষি প্রধান দেশে বাড়াতে হবে কিন্তু ভারতীয় কৃষির সব চেয়ে বড় দোষ যেটা সেটা হচ্ছে সাবডিভিশন, ফ্র্যাগমেন্টেশন। আমি মনে করি কৃষকদের হাতে জমি যদি দিয়ে দেওয়া যায় বর্তমানে বাংলাদেশে হিন্দু ল' যেটা রয়েছে যার ফলে আজকে টুকরো টুকরো জায়গা এবং ভূমি রয়েছে যার ফলে উত্তরাধিকাররা এসে সেই জায়গা আরো টুকরো টুকরো করে ফেলবে, বিশেষ করে যেভাবে বাংলাদেশের জয়েন্ট ফ্যামিলিগুলি নষ্ট হয়ে গিয়েছে ঠিক সেইভাবে সেডিমেন্টেশন ফ্র্যাগমেন্টেশন ভূমির উপর এসে সমস্ত জায়গাকে টুকরো টুকরো করে ফেলবে ফলে আমরা উন্নত পদ্ধতিতে চাষ করতে পারবো না। কৃষি উৎপাদন বাড়াতে গেলে নিশ্চয়ই কৃষকের ভূমি পাওয়া দরকার, তাদের অংশ তাদের দিতে হবে। ভেস্টেড ল্যান্ড তাদের হাতে সম্পূর্ণ তুলে দিয়ে ইন্ডিভিজুয়াল ক্যাপাসিটিতে চাষ না করিয়ে যদি সমস্ত ভূমিকে নিয়ে কো-অপারেটিভ বেসিসে চাষ করাতে পারি তাহলে কৃষির উৎপাদন বাড়ান যাবে। এই অনুন্নত অর্থনৈতিক অবস্থায় আমাদের প্রধান কর্তব্য হচ্ছে, যে কোন সরকারের প্রধান কর্তব্য হচ্ছে জাতীয় সম্পদ বাড়িয়ে তোল এবং মানুষের দৈনন্দিন জীবনে একটা সুখ শান্তির ব্যবস্থা করা। কিন্তু সব চেয়ে বড় কথা হচ্ছে জাতীয় সম্পদ বাড়াতে গিয়ে মাথাপিছু আয় যেটাকে পার ক্যাপিটা ইনকাম বলি তা কখনও বাড়তে পারে না যদি জনসংখ্যার হার উত্তর উত্তর বাড়তে থাকে, দ্রব্যমূল্য উত্তর উত্তর বাড়তে থাকে। তাই আমি বলি অর্থনৈতিক অনুন্নত দেশের বাজেটে জনসংখ্যার কথা বিশেষ করে উল্লেখ থাকার প্রয়োজন ছিল। এই জনসংখ্যা বৃদ্ধি যেটা হেডেক টু দি পিপল অব দি হোল ওয়াল্ড সেট জনসংখ্যা বৃদ্ধি ইকনমিক্সএর দিক থেকে, অর্থনৈতিক সমস্যার দিক থেকে একটা আতঙ্কজনক অবস্থায় এসে দাঁড়িয়েছে। তাই আজ মাথা কিছু আয় বাড়াতে গেলে যতই জাতীয় সম্পদ বাড়া যাক না কেন জনসংখ্যার বৃদ্ধির দিকে সর্বাগ্রে লক্ষ্য দিতে হবে, এই বৃদ্ধিকে রোধ করতে হবে তারপর কৃষি সম্পদ বাড়িয়ে তোলার ক্ষেত্রে বহু রকমের পরিকল্পনার কথা উল্লেখ করা হয়েছে কিন্তু একটা কথা উল্লেখ করা হয়নি যেটা হচ্ছে সুন্দরবনের কথা। সুন্দরবন এমন একটা অঞ্চল

যার মধ্যে বিরাট সম্ভাব্যতা রয়েছে, যাকে নাকি বাংলাদেশের শস্যভাণ্ডার বলা হয়। সেই শস্য-ভাণ্ডারকে যদি আমরা সমৃদ্ধ করে তুলতে পারি, সেখানকার বাঁধ, সেখানকার কৃষি ব্যবস্থা, সেখানকার সেচ ব্যবস্থাকে যদি উন্নত করে তুলতে পারি তাহলে আমি মনে করি বাংলাদেশের খাদ্যনীতিকে অনেকখানি উন্নত করতে পারা যায়। তাই এই বাজেটের মধ্যে সুন্দরবনের উন্নয়ন পরিকল্পনা, সেখানকার বাঁধ, সেচ ব্যবস্থা ও কৃষি ব্যবস্থার বিশেষ কিছু উল্লেখ নেই বলে সেই দিকে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। তারপরে শিক্ষকদের, অশিক্ষকদের এবং কর্মচারীদের বেতন বৃদ্ধি হয়েছে, ভাতা বৃদ্ধি করা হয়েছে খুব আনন্দের কথা কিন্তু কৃষিকে আজকে প্রাইয়োরিটি দেওয়া হয়েছে বটে তাহলেও এডুকেশনকে নিশ্চয়ই টপ প্রাইয়োরিটি দেওয়া উচিত। যে কোন উন্নত দেশে যখন পরিকল্পনা নেওয়া হয়, যখন কমিশন হয় তখন সেই কমিশন স্বীকৃতি দিয়ে থাকেন যে এডুকেশনকে টপ প্রাইয়োরিটি দিতে হবে। কেন না মানুষ যদি সংশোধিত না হয়, মানুষের চরিত্র যদি সংশোধিত না হয় তাহলে কোন কমিটি, কোন কমিশন, কোন পরিকল্পনা, কোন সিদ্ধান্ত কাজে আসে না। তাই আমি বলছি শুধু শিক্ষকদের বেতন বৃদ্ধি নয়, শিক্ষা যে স্তরে এসে দাঁড়িয়েছে, শিক্ষা যে স্তরে মানুষকে নিয়ে যাচ্ছে তাতে শিক্ষার আমূল পরিবর্তন দরকার, শিক্ষার আদর্শ পরিবর্তন করা দরকার। তাই আজ পরিকল্পনার ক্ষেত্রে শিক্ষাকে অগ্রাধিকার দেওয়া অবশ্যই কর্তব্য, এই দিকে আমি অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণকরছি। তারপর একটা কথা বলা হয়েছে যে পুলিশের খাতে ব্যয় কমান হবে। আমার কথা হচ্ছে ব্যয় কমানর উদ্দেশ্য কি? পুলিশের লোকদের সংস্কার, না পুলিশের প্রয়োজনীয়তা নেই, কোনটা উপলব্ধি করছেন? পুলিশের মধ্যে যদি সংস্কার করতে চান, পুলিশ এক্সেস যদি দূর করতে চান, পুলিশের মধ্যে যদি দুর্নীতি দূর করতে চান তাহলে ব্যয় সংকোচ করলে তা হবে না, সেখানে অন্য রকমের পরিকল্পনা নিতে হবে, সেই রকমের পরিবেশ সৃষ্টি করতে হবে, সংস্কার আনতে হবে। যদি মনে করেন পুলিশের প্রয়োজনীয়তা নেই তাহলে সেটা ভুল হবে। আমরা সবাই চাই যে দেশে পুলিশ থাকবে না, কোর্ট কাচারী থাকবে না, অন্যায় অবিচার দেশে হবে না, সব মানুষ সৎ হবে কিন্তু সেটা কল্পনা মাত্র, বাস্তবে সেটা কখনও হয় না। সুতরাং পুলিশের প্রয়োজন আছে। কেন না আজ আমরা যে অবস্থায় বাস করছি, বহু সদস্য বহুভাবে সেকথা বলেছেন, অরিজিনাল স্টেট যখন সৃষ্টি হয় তখন মানুষ কিভাবে অসহায় অবস্থার মধ্যে বাস করতো, তখন যেন মনে হত যে মাইট ইজ রাইট, তখন সোসাইটি ছিল পুয়োর এবং ন্যাস্টি, সেই অবস্থায় মানুষ নিজের শান্তি, নিরাপত্তা খুঁজে পেতো না, আজো ঠিক সেই অবস্থায় যেন ফিরে এসেছে, ইতিহাসের যেন পুনরাবৃত্তি হয়েছে। সেই জন্য আমি মনে করি পুলিশের মধ্যে সংস্কার আনা দরকার, সেখানে ব্যয় সংকোচ করবার কোন প্রয়োজন নেই। আমাদের নলীনাক্ষ সান্যাল মহাশয় বললেন যে পাবলিক ফাইনান্স করতে গেলে সেখানে ঘাটতি সাধারণতঃ হয়ে থাকে। ঘাটতি হয় কিন্তু প্রিন্সিপল সেটা হওয়া উচিত নয়। আমাদের অর্থমন্ত্রী নিজেই বলেছেন হোয়াইল উই এপ্রিসিয়েট দ্যাট ডেফিসিট ফাইন্যান্সিং সুড বি অ্যাভয়ডেড। অতএব ডেফিসিট ফাইনান্স প্রত্যেক দেশে প্রত্যেক মানুষ এ্যাভয়েড করতে চায়, ডেফিসিট ফাইনান্স কেউ চায় না। আর একটা কথা হচ্ছে এই যে ন্যাশনাল এমার্জেন্সী খাতে টাকা কমান হয়েছে। মিঃ স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে জানাতে চাই বর্তমানে আন্তর্জাতিক যে অবস্থা তাতে পাকিস্তানের সঙ্গে আমাদের যে সৌহার্দ্য, প্রীতি সম্পূর্ণ ফিরে এসেছে তা নয়, বর্তমানে ভারতীয় রাষ্ট্রদূতের প্রতি চীনের যে ব্যবহার, তাদের যে কার্যকলাপ চলেছে সেই দিকে তাকালে আমাদের দেশ থেকে ইমার্জেন্সী চলে গিয়েছে একথা কখনও আমি বলতে পারি না এবং সেদিক থেকে ব্যয় হ্রাস করা কখনও উচিত হয় নি। নকশালবাড়ী নিয়ে বহু আলোচনা হয়েছে, আমি শুধু এইটুকু বলতে চাই যে নকশালবাড়ীকে ভিত্তি করে আজ যদি কোন বিদেশী শত্রু আমাদের দেশে আসার সুযোগ পায় তাহলে আমাদের যে কষ্টার্জিত স্বাধীনতা সেই স্বাধীনতা সংঘবদ্ধভাবে বাঁচাবার জন্য সেই বিদেশী শত্রুকে রুখবার চেষ্টা করবো। যদি কেউ মনে করেন যে আমাদের দেশের স্বাধীনতা হরণ করুক কোন বিদেশী শত্রু আমাদের দেশে এসে তাহলে বাংলাদেশের মানুষ নিশ্চয়ই তাকে ক্ষমা করবে না। আজ আমরা যে ঘাটতি বাজেট পেয়েছি সেই ঘাটতি বাজেট পূরণ করা ব্যাপারে ইঙ্গিত দেওয়া হয়েছে সেন্ট্রাল গভর্নমেন্টের যে লোন রয়েছে সেটাকে বন্ধ করা হবে। আর একটা কথা হচ্ছে ট্যাক্সেশনটা অনিশ্চয়তার মধ্যে রয়েছে। তারপরে শুনছি সেন্ট্রাল অ্যাসিস্ট্যান্স-এর অ্যালোকেশন অনিশ্চয়তার মধ্যে রয়েছে। তাই আজ আমি মনে করছি অর্থমন্ত্রী মহাশয়

বহু চিন্তা করে যে বাজেট আনলেন তার মধ্যে বাংলাদেশের সমস্ত কিছু অনিশ্চয়তার মধ্যে রয়েছে এটা দেখে বাংলাদেশের মানুষ সুখী হতে পারবে কি না বুঝতে পারছি না, সেইজন্য এর বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[5-05—5-15 p.m.]

**Shri Nathaniel Murmu:**

মিঃ স্পীকার, স্যার, আমাদের অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন সেই বাজেট সমর্থন করতে গিয়ে অল্প কয়েকটি কথা বলতে চাই। এই বাজেট এবং এর আগে বিভিন্ন বছরে অ্যাসেমব্লিতে যে বাজেট দেখেছি এই দুটির মধ্যে যে তফাত সেই তফাতটা হচ্ছে দৃষ্টিভংগীর তফাত। আমরা গত ৫ বছর এই বিধানসভায় ছিলাম, সেই ৫ বছরে আমরা দেখেছি বাজেটে সাধারণ মানুষের যে আশা-আকাঙ্ক্ষাকে বাস্তবে রূপ দেওয়ার কোন প্রচেষ্টা ছিল না। এই বাজেটে আমরা আশান্বিত হচ্ছি যে খেটে খাওয়া মানুষ যারা খেতে খামারে কাজ করে, যারা অফিস আদালতে কাজ করে সেই সাধারণ মানুষের কাছে এই বাজেট প্রতিশ্রুতি বহন করে এনেছে যে এই সরকার তাদের সর্বাংগীন মংগল করার জন্য চেষ্টা করে চলেছেন এই প্রতিশ্রুতি অন্ততঃ তাদের সামনে আছে। আমি এ সম্পর্কে কয়েকটি কথা আমাদের মন্ত্রিমণ্ডলীর সামনে সাজেশন হিসাবে রাখতে চাই। কারণ ও পক্ষের বন্ধুরা যে কথা বলেছেন সেই কথাগুলি আমরা দুদিন ধরে শুনেছি এবং বক্তব্যের উত্তর দেওয়া সাধারণ সদস্য হিসাবে আমার নিশ্চয়ই উচিত নয়, মন্ত্রি-মহাশয়রা তার উত্তর দেবেন, কিন্তু আমরা যে বাজেট অ্যালোকেশন দেখেছি এই এ্যালোকেশন কিভাবে বাস্তবে খরচ করবো এবং সংগে সংগে যে ঘাটতি রয়েছে সেই ঘাটতি বাজেট পূরণ করার জন্য কোন দিক থেকে কোন সংগতি আমরা খুঁজে পাবো সেদিকে আমি মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি। এই ল্যান্ড রেভিনিউ বা জমির খাজনা এটা যাতে বিলোপ করা হয় এই দাবী বাংলাদেশের চাষীর দীর্ঘদিনের এবং আমরা লক্ষ্য করেছি পাঞ্জাব, উত্তর প্রদেশ, বিহার প্রভৃতি কোন কোন স্টেট গভর্নমেন্ট ভূমিরাজস্ব বিলোপ করেছেন, যুক্ত ফ্রন্ট সরকারের কাছ থেকে বাজেটের সেই রকম কোন প্রতিশ্রুতি পাইনি যদিও বাজেট বিবৃতিতে আছে দুই বা তিন একর যাদের জমি তাদের খাজনা মকুব করা সম্পর্কে বিবেচনা করছেন। আমি যুক্তফ্রন্ট সরকারের রাজস্ব মন্ত্রী এখানে আছেন তাঁর কাছে এটা আমি দাবী হিসাবে রাখছি যে ভূমি রাজস্ব সম্পূর্ণ তুলে দিতে হবে। ফ্লাউড কমিশনের রিপোর্ট থেকে আরম্ভ করে গত বাজেট অধিবেশন পর্যন্ত আমরা যে দাবীতে লড়াই করেছি, আমি মনে করি এখন সেই দাবীটির সংগে সংগতি রেখেই এই ভূমি রাজস্ব সম্পূর্ণ তুলে দিয়ে এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স হিসাবে সেটা বাংলাদেশের চাষীর কাছে রাখা হোক।

সেখানে দুটো পলিসি হতে পারে। এক হচ্ছে যদি কোন আন-ইকোনমিক হোল্ডিং হয়, তার ভূমিরাজস্ব বাদ দিয়ে তার উপরে যেটা থাকবে তার উপর এই এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স থাকতে পারে। অথবা আর একটা ফর্মে থাকতে পারে সারা বছরের খোরাকী যে চাষীর হবে, সেটা বাদ দিয়ে ওর উপরে যে ধান বা ফসল উদ্বৃত্ত হবে তার উপর এই এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স চাপিয়ে দেওয়া যেতে পারে। এই কথা বলছি এই কারণে যে কংগ্রেসের গত বিশ বছরের রাজত্বে আর কিছু না হোক, অন্ততঃ চাষ-বাসটা কমার্শিয়ালাইজড হয়ে গেছে। সেখানে একটা বাণিজ্যিক সম্পর্ক গড়ে উঠেছে দেখা দিয়েছে। যাদের বেশী জমি আছে, তারা ফসলটা ধরে রাখে পরে বেশী দামে সেই ফসল বিক্রী করে বহু টাকা লাভ করে, তারা ফাটকাবাজি করে এই কথা বিবেচনা করে যদি এই এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স নূতন করে বসান হয় তাহলে ভূমিরাজস্ব থেকে আয় হয়, তার চেয়ে টাকা আয় আমাদের হতে পারে। ফলে ভূমিরাজস্ব দপ্তরে যে ছাঁটাই-এর প্রশ্ন আসবে, সেই প্রশ্ন আর আসবে না। আমরা সেখান থেকে আরো ভাল রেভেনিউ আনতে পারবো।

তারপর যে উৎপাদন ও কৃষি খাতে ব্যয় বরাদ্দ বাড়ান হয়েছে, তা আর বাড়াতে হবে না, শুধু জমি ভাগবাটোয়ারা করে দিলেই উৎপাদন বাড়বে। ভূমিরাজস্বের একটা সাইকোলজি রয়েছে যে বেনামী জমি—ভেস্টেড জমি লুকিয়ে আছে, তাকে টেনে বের করে আনুষংগিক কৃষির যে খরচ সংগে সংগে সেটা যদি না গড়ে তোলা যায়, তাহলে চিরদিন ঘাটতিই থাকবে। আমি ভূমি ও ভূমিরাজস্ব মন্ত্রীকে বলছি তিনি অল্প কয়দিন আগে বলেছেন ৩।৪

লক্ষ একর জমি উদ্বৃত্ত করা হয়েছে। ল্যান্ড রিফর্মস অ্যাক্ট চালু হলে আমরা যে খসড়া হিসেব পেয়েছিলাম তাতে ২০ লক্ষ একর জমি উদ্বৃত্ত হবার কথা ছিল। সে জায়গায় মাত্র ৩।৪ লক্ষ একর জমি উদ্বৃত্ত রয়েছে। এতে করে বোঝা যায় কত জমি বেনামী হয়ে গেছে। সেই জমি টেনে বের করার জন্য এস্টেটস অ্যাকুইজিশন অ্যাক্ট-এর অ্যামেন্ডমেন্ট করা দরকার। আমরা আশা করেছিলাম সেই রকম একটা এই অধিবেশনে আসবে। আমি সংযুক্ত কৃষক সভা থেকে সেই বক্তব্য রাখছি, আমরা অবশ্য দেরী দেখে হতাশ হচ্ছি না। আমি আশা করবো এই অটাম সেসন-এর মধ্যে একটি কম্প্রিহেনসিভ স্কীম নিয়ে এসে ভূমি সংক্রান্ত যত রকম গোলযোগ আছে তা সব দূর করতে পারবেন। এই অনুরোধ তাঁর কাছে রাখবো।

এই ঘাটতি বাজেট সম্পর্কে অনেকে অনেক কথা বলেছেন। আমি বলবো এটা অনিবার্য হিসাবে দেখা দিয়েছে। তার অন্যতম মূল কারণ হচ্ছে সকলে আপনারা জানেন কেন্দ্রীয় সরকার দায়ী, তাদের ডিভ্যালুয়েশন নীতি এর জন্য দায়ী। গত বছর কেন্দ্রীয় সরকারের বাণিজ্যমন্ত্রী ঘোষণা করেছিলেন এর ফলে রপ্তানি বাড়বে। কিন্তু গত শুক্রবার দীনেশ সিং বলেছেন রপ্তানি বাণিজ্য গত বছর ১ কোটি ৮৫ লক্ষ টাকা কম হয়েছে। বিদেশ থেকে আরও খাদ্য অনেক বেশী দামে আমাদের আনতে হচ্ছে। এই নিয়ে ফাটকা হচ্ছে। কিন্তু কেন্দ্রীয় সরকার যদি এর ফলে যে অবস্থা হয়েছে মুদ্রামান কমে যে অবস্থা হয়েছে তা যদি দূর করতে না পারা যায়, তাহলে যতটা দরদ দিয়ে আমরা চেষ্টা করি না কেন—সাধারণ মানুষকে আমরা ঘাটতি বাজেট দিতে বাধ্য। এই কথা বলে আমি এই বাজেটকে সমর্থন করছি।

[5-15—5-25 p.m.]

**Shri T. A. Nuran Nabi:** Sir, we are on the cross road of our national life which will be recorded.

(Noise).

**Mr. Speaker:** No written speech, please. You cannot read the whole of the written speech. If you have got to speak anything, speak in some other way, not from the written speech.

**Shri Pramatha Nath Dhibar:**

অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, এর আগের সেশনে আমরা পড়েছি, আপনি কি—এটা নতুন নিয়ম করেছেন?

RULING ON WRITTEN SPEECH

**Mr. Speaker:** My ruling is, written speech—you cannot read it wholly from start to finish. You can just, to fresh your memory, or to help you, refer to it. But you cannot be allowed to read the written speech from start to finish.

**Shri T. A. Nuran Nabi:** Sir, we are on the cross road.. ...

**Mr. Speaker:** You cannot read the written speech from start to finish.

(Noise and interruption)

**Shri T. A. Nuran Nabi:** We are on the cross road of our national life...

(Noise and interruption)

**Shri Amarendra Nath Roy Pradhan:**

স্যার, এই হাউসকে উনি অপমান করেছেন, টাকা ঘুষ নিয়ে ঐ পক্ষে বসেছেন, ওকে আমরা কিছুতেই বলতে দেব না।

**Mr. Speaker:** I am competent to manage the affairs of the House. Please take your seats. Let me understand the position. Please rise one by one. All of you please take your seats.

(ভীষণ গোলমাল)

**Shrimati Ila Mitra:**

মাননীয় স্পীকার মহাশয়, উনি যুক্ত ফ্রন্টের পক্ষ থেকে নির্বাচনে জয়লাভ করেছেন তার পরে উনি বিশ্বাসঘাতকতা করে কংগ্রেসে যোগ দিয়েছেন। সুতরাং যুক্ত ফ্রন্ট সরকারের বিরুদ্ধে কিছু বলার কোন অধিকার ঐ ভদ্রলোক রাখেন না। উনি ১ লক্ষ টাকা ঘুষ নিয়ে কংগ্রেসে যোগদান করে আজকে সরকারের বিরুদ্ধে কি করে বলতে দাঁড়িয়েছেন?

(ভীষণ গোলমাল)

**মিঃ স্পীকারঃ** আপনারা রুলিং চাচ্ছেন তো। আই স্যাল হ্যাভ টু প্রসিড একর্ডিং টু রুলস।

**শ্রীনিখিল দাসঃ** স্পীকার, স্যার, আপনি রুলিং পরে দেবেন—ও'রা আগে যেটা বলতে চাচ্ছেন শুনুন তার পরে রুলিং দেবেন। ও'রা ওয়ান বাই ওয়ান বলুন।

**শ্রীমতী ইলা মিত্রঃ** স্যার, উনি যুক্ত ফ্রন্টের পক্ষ থেকে জয়লাভ করে সরকারের পার্টির বিরুদ্ধে গিয়ে উনি ওখানে কংগ্রেস বেঞ্চ থেকে বলবেন আর আমরা চুপ করে তা শুনবো এটা হতে পারে না।

(গোলমাল)

**শ্রীপ্রশান্ত গায়েনঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয় জানেন গত ২৬শে তারিখে বাংলা দেশের অন্তত ১৫ হাজার মানুষ আমাদের দল থেকে যারা দলত্যাগ করে চলে গেছে তাদের বিরুদ্ধে তাদের প্রতিবাদ জানিয়ে গেছে। আমি এই কথা রাখতে চাই যে যখন ঐ সমস্ত সদস্যারা তাদের কনস্টিটিউয়েন্সির লোকদের সঙ্গে বিশ্বাসঘাতকতা করেছেন তখন তারা কি করে এখানে বক্তৃতা দেবেন। আমি জানি, যে উল্টো তরফ থেকে কথা আসবে যে এই হাউসে দল পালটানোর নজীর আছে—কিন্তু এর আগে এ রকম ঘটনা কোনদিন ঘটে নি। এর আগে কখনও বাংলাদেশের মানুষ এইভাবে এসে আপনার গেটের সামনে এসে প্রতিবাদ জানায় নি। বাংলাদেশের ইতিহাসে এটাই প্রথম লিখিত হোল। এখানে দেখা গেল যে যে কয়েকজন সদস্য বিশ্বাসঘাতকতা করে দল ত্যাগ করে চলে গেছেন তাদের বিরুদ্ধে বাংলাদেশের মানুষ গর্জন করে উঠেছিল যে বিশ্বাসঘাতকতার মুখোস খুলে ফেলে দিতে হবে।

(তুমুল হট্টগোল)

**মিঃ স্পীকারঃ** আই স্যাল হ্যাভ টু প্রসিড একর্ডিং টু রুলস।

[5-25—5-35 p.m.]

**শ্রীপ্রশান্তকুমার গায়েনঃ** স্যার, একটা জিনিস আমি আপনার কাছে রাখতে চাই, সেটা হচ্ছে এখানে কয়েকজন সদস্য ল অ্যান্ড অর্ডারের প্রশ্ন তুলেছিলেন, আজকে বাংলাদেশের ১৫ হাজার মানুষ এসে অ্যাসেমব্লীর সামনে যে বিক্ষোভ দেখিয়ে গেছেন—আজকে যদি আমরা এই হাউসে বসে থেকে সেই সমস্ত বিশ্বাসঘাতক সদস্যদের বক্তৃতা দেবার সুযোগ দিই তাহলে বাংলাদেশের মানুষ ল অ্যান্ড অর্ডার যদি নিজেদের হাতে নিয়ে নেয় তাহলে কি আর বলবার কিছু থাকবে?

**Mr. Speaker:** What do you want me to do?

**শ্রীনারায়ণ চৌধুরীঃ** স্যার, আমি একটা কথা বলতে চাই যে যুক্ত ফ্রন্টের যিনি মুখ্যমন্ত্রী তিনি দলত্যাগ করেছেন, খাদ্যমন্ত্রী দলত্যাগ করেছেন, সুশীল ধাড়া দলত্যাগ করেছেন—লজ্জায় মাথা হেঁট হয়ে যায়। ও'রাই আবার এখানে দাঁড়িয়ে কথা বলছেন? লেট দেম রিজাইন ফাস্ট।

(ভীষণ গোলমাল)

**মিঃ স্পীকারঃ** আপনারা সকলে বসুন—আমি এক এক জন করে শুনবো—যার যা কিছু পয়েন্ট অব অর্ডার আছে। এখানে বক্তৃতা দেবার কোন স্কোপ নেই, একমাত্র বাজেটের উপর বক্তৃতা ছাড়া।

(ভীষণ গোলমাল)

**শ্রীরঞ্জিত ঘোষ চৌধুরী:** স্যার, আপনি ও'দের বলতে দিয়েছেন আমাদেরও বলতে দিতে হবে।

**Mr. Speaker.** As far as I understand, when an honourable member was reading from a written speech, I said: You should not read from a written speech from start to finish and that is not to be allowed. You may refer to it or refresh your memory by referring to it. I do not know if I can allow him to speak from the written speech. So far as I know, so far as my limited knowledge goes, I have no power under the rules to stop him from speaking. So I have allowed him to speak. With regard to other matters, they are beyond the scope of the present discussion. So I have asked him to speak. But I will not allow him to read any written speech.

(Noise and interruptions)

Honourable members, it is my duty to tell all of you to maintain order as members of this House. With regard to the other points raised by you, it is not within the scope of the present discussion. I am prepared to hear you if you speak one by one. As provided in the rules, I have allowed him to speak. If you have got any other point of order, please let me know and I shall reply.

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান:** স্যার, এই হাউসের প্রত্যেক সদস্যের একটা মর্যাদা আছে। আপনি জানেন গত শুক্রবার এখানকার একজন সদস্য একটা অভিযোগ নিয়ে এসেছিলেন যে তাঁকে এক লক্ষ টাকা ঘুষ দেওয়ার চেষ্টা করেছিলেন। এই যে বিরাট অভিযোগ পাওয়া গেছে এর দ্বারা এই হাউসকে কলঙ্কিত করা হয়েছে।

(তুমুল হট্টগোল)

**শ্রীনারায়ণ চৌবে:** অন এ পয়েন্ট অফ অর্ডার, স্যার, এখানে মাননীয় সদস্যদের বলার অধিকার নিশ্চয়ই আছে; কিন্তু যারা মাননীয় নয় তাঁদের বলার অধিকার নেই।

(নয়েজ)

**মিঃ স্পীকার:** ইট ইজ নট এ পয়েন্ট অফ অর্ডার।

**শ্রীনারায়ণ চৌবে:** আপনি জানেন হাটে বাজারে গরু, মহিষ, মোরগ পাওয়া যায় কেনা হয় তারা মাননীয় হতে পারে না।

(নয়েজ)

**মিঃ স্পীকার:** দ্যাট ইজ নট এ পয়েন্ট অফ অর্ডার।

**শ্রী টি এ নুরুব নবী:** স্যার, উই আর অন দি

(নয়েজ অ্যান্ড ইন্টারাপশন)

**শ্রীঅমলেন্দুলাল রায়:** অন এ পয়েন্ট অফ অর্ডার, স্যার, এখানে কোন কোন মাননীয় সদস্য মুখ্যমন্ত্রী সম্বন্ধে কতকগুলি মন্তব্য করেছেন যেগুলোর প্রতিবাদ করা আমাদের কর্তব্য বলে আমরা মনে করি। আমাদের মুখ্যমন্ত্রী যদিও কংগ্রেস ত্যাগ করেছিলেন কিন্তু বিধানসভার ভেতরে ঐ পাশের ব্যক্তি লাখ টাকা নিয়ে যা করেছেন তা করেন নি। এবং তার জন্য এর কোন প্রমাণ নেই। সুতরাং আমি একথা বলতে চাই বাংলা দেশের মানুষ মুখ্যমন্ত্রীর পেছনে কিভাবে দাঁড়িয়েছেন তা তাঁরা জানেন না। আজ যে নির্বাচনে তিনি দাঁড়িয়ে, তিনি একথা বলুন এবং তাতে বিচার হয়ে যাক, সেই বিচার যতক্ষণ না হচ্ছে ততক্ষণ এইরকম একজন লোক লাখ লাখ টাকা নিয়ে......

(নয়েজ)

তাঁরা এইরকমভাবে পার্লামেন্টারী ডেমোক্রেসীকে দেশ থেকে নিশ্চিহ্ন করতে চাইছেন। পার্লামেন্টারী ডেমোক্রেসী এইভাবে চলতে পারে না।

**মিঃ স্পীকারঃ** আপনার এতে কোন পয়েন্ট অফ অর্ডার নেই।

**শ্রীপ্রশান্ত গায়েনঃ** স্যার, আমাদের মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে অভিযোগ করা হয়েছে। এ সম্বন্ধে আমরা মনে করি এটা নিশ্চয় হাউসের প্রত্যেক সদস্যদের জানা আছে শ্রীঅজয় মুখার্জিকে কংগ্রেস থেকে বের করে দেওয়া হয়েছিল। তারপর আর নির্বাচনের কোন স্কোপ ছিল না। এটা আইনের প্রশ্ন, সেজন্য বলতে চাই আজকে তাঁর প্রতি যে কটাক্ষপাত করা হচ্ছে সেটা অত্যান্ত অসম্মানজনক। এটা জানা সত্ত্বেও তাঁরা এটা চেপে গেছেন—অর্থাৎ ইলেকশন করার কোন স্কোপ ছিল না। তারপর তিনি ইলেকশন ফেস করেই এখানে এসেছেন

(নয়েজ)

আমার পয়েন্ট অফ অর্ডার হচ্ছে, চীফ মিনিস্টার-এর সঙ্গে তুলনা করা চলে না, কারণ আজ তিনি যেভাবে এসেছেন তাতে একটা পকেটে এসেছেন।

**মিঃ স্পীকারঃ**
The case of Shri Ajoy Kumar Mukherjee is not identical with the present case.

**শ্রীরঞ্জিত ঘোষ চৌধুরীঃ** আপনি যে পয়েন্ট অফ অর্ডার অ্যালাও করেছেন তাতে এখানে যে বক্তৃতা হল সেটা অর্ডারে আছে কিনা সেটাই আমার পয়েন্ট অফ অর্ডার।

**মিঃ স্পীকারঃ** দ্যাট ইজ নট এ পয়েন্ট অফ অর্ডার।

[5-35—5-45 p.m.]

**Shri T. A. Nuran Nabi:** Sir, the United Front Government is running their administration for more than 100 days and with this period they have let loose a complete reign of terror.

(Noise and interruptions)

**Mr. Speaker:** I would request you all to maintain the dignity of this House. If you do not act according to my request, how can I carry on today's business? If you do not act according to what I say then I have no other alternative but to cut the time allowed to all members who have not taken part in the budget discussion. If you all agree, I can do that.

**Dr. Nalinaksha Sanyal:** Sir, you have earlier stated your inability to control any member from getting up on his legs and you have stated you have no power to stop him. May I, Sir, invite your attention to rule 352 on page 169 of our Rules of Procedure and Conduct of Business where it is stated—"The Speaker shall preserve order and shall have all powers necessary for the purpose of enforcing his decisions." That means in order to maintain order in the House, he may not allow any particular person to speak. He has got right to do it. It is obvious, Sir, you have the power. Whether you exercise it or not is a different matter, but certainly you have the power to stop any member from speaking if there is the least disorder.

**Shri T. A. Nuran Nabi:** Mr. Speaker, Sir, most of the people of the State are peace-loving. There are have-gots and have-nots.

(Noise and interruptions)

Sir, lawlessness is rampant. Sir, I draw the attention of the honourable members to the Hindusthan Standard of the 13th June, 1967.

(Noise and interruptions)

**Mr. Speaker:** I would request you all to maintain dignity of the House. Please do not interrupt. I have allowed him to speak. Please let him finish.

**Shri T. A. Nuran Nabi:** Goonda Raj is so widespread in the State that the Chief Minister had to remark—"we will not allow any more anarchy" as released on the 22nd June, 1967, in the Calcutta dailies.

(Noise and interruptions)

I think the honourable members will agree that there was anarchy and there is anarchy in the State. Slicing out of sums on items No. 23 and 78(a) by 1 crore 45 lakhs of rupees is an evidence of an evil design. Famine and starvation deaths are there in Bankura, Purulia, Malda and other districts of West Bengal. The activities of the anti-national people have been hailed. Honourable members of this House have been assaulted at the gate of the Bidhan Sabha itself. Mothers and sisters were molested and the police were the silent spectators.

(Noise and interruptions)

**Shri Khagendra Nath Das Gupta:**

স্যার, আমাদের সদস্যদের বলতে দিতে হবে। তিনি বলতে চান। তাঁকে বারে বারে বাধা দেওয়া হয়েছে। আমরা ও'র বক্তৃতা শুনতে চাই।

**মিঃ স্পীকার:** ও'র টাইম আগেই হয়ে গেছে। ৬ মিনিট টাইম ও'কে দেওয়া হয়েছিল। এবার তিনকড়িবাবু বলুন।

**ডাঃ গোপিকারঞ্জন মিত্র:** তিনকড়িবাবু এক্ষুণি বক্তৃতা আরম্ভ করবেন। তিনি কংগ্রেসে ছিলেন এখন যুক্ত ফ্রন্টে গেছেন বলে আমরা বিশ্বাস করি, তাঁর বক্তৃতা করার অধিকার নেই। এই যে তিনকড়িবাবু বক্তৃতা করতে উঠেছেন তিনি স্যার, অন্য ফ্রণ্টে নির্বাচিত হয়ে যুক্তফ্রণ্ট গঠন করেছেন। কাজেই তাঁর বক্তৃতা করার অধিকার নেই।

**শ্রীতিনকড়ি মন্ডল:** মাননীয় স্পীকার মহাশয়, আমাদের মাননীয় অর্থমন্ত্রী কর্তৃক উপস্থাপিত বাজেটকে আমি সর্বান্তকরণে সমর্থন করি। স্যার আমি মনে করি ২০ বছর পরে এই প্রথম বাজেট দেশের সর্বসাধারণের মনোযোগ আকর্ষণ করেছে এবং এই বাজেট দেশের কল্যাণে নিয়োজিত হবে।

(তুমুল গোলমাল)

স্যার, ও'রা যে গন্ডগোল করে আমাদের এই সভার অমূল্য সময় নষ্ট করছেন, এই রকম করবার কোন অধিকার নেই এবং এটা ও'দের স্বভাবে পরিণত হয়ে যাচ্ছে। এটা ও'দের একটা পলিসি ছাড়া আর কিছু নয়। যদি ও'দের কোন কিছু বলার যুক্তি থাকতো তাহলে এই রকমভাবে আমাকে বাধা দিতেন না।

(গোলমাল)

আপনারা এত চীৎকার করবেন না, আমরা আগামী নির্বাচনে দিল্লীর আসনও দখল করে নেব। সেদিন আর বেশি দেরী নেই। আপনারা বলছেন মানুষ আজকে অত্যাচারিত লাঞ্ছিত হচ্ছে, আপনারাই হচ্ছেন তার দৃষ্টান্ত। আপনারা এই সভায় আজকে যে বিশৃঙ্খলা সৃষ্টি করছেন আমাদের ছেলেমেয়েরা তা শুনলে লজ্জায় মাথা হেঁট করবে। কিন্তু স্যার, আমাদের বিরোধী বন্ধুরা আজকে আমাকে বার বার বাধা দিয়ে যে অমূল্য সময় নষ্ট করছেন এটা কাপুরুষতা ছাড়া আর কিছু নয়।

(প্রচন্ড হট্টগোল)

কাজেই স্যার, এই বাজেটে যে অতিরিক্ত টাকা খরচ করেছেন তা দেশের দুস্থ সরকারী কর্মচারীদের, শিক্ষক এবং অশিক্ষক সমস্ত লোকেরাই উপকারে লাগবে। সেই জন্য আমি মনে করি আজকে এইভাবে গন্ডগোল করা উচিত নয়। (**ভয়েস:** আমাদের একজন মাননীয় সদস্য দলত্যাগ করে এসেছেন বলে তাঁকে বলতে দেওয়া হয়নি, বিশ্বাসঘাতক বলেছেন। কিন্তু স্যার, আমি বলছি যিনি বলতে উঠেছেন কংগ্রেসের নমিনেশন পাওয়ার জন্য তাঁর পায়ের দুজোড়া জুতো খুইয়ে ফেলেছেন) আমার বিরুদ্ধে যে অভিযোগ করলেন আমি চ্যালেঞ্জ করছি যদি কোন প্রমাণ থাকে তাহলে কাগজে দাখিল করুন।

(তুমুল হট্টগোল)

এট কথা বলে আমি বাজেটকে সম্পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করলাম।

[5-45—5-55 p.m.]

**Shri Paramananda Bishayee:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিধানসভায় জ্যোতিবাবু যে বাজেট উপস্থিত করেছেন, আমি তাকে সমর্থন করতে পারছি না। যখন মার্চ মাসে এই বাজেট দাখিল করা হয়েছিল তখন তাকে বলা হয়েছিল কাঁচা বাজেট এবং এই জুন মাসে এখানে যে বাজেট পেশ করা হয়েছে আমি মনে করি তা আরও কাঁচা। কারণ এর মধ্যে ৩৬ কোটি টাকার ডেফিসিট বাজেট করা হয়েছে। আমি এই বাজেটকে মনে করি শুধু একটা একাউন্টিং বাজেট। এটার ভেতরে কোন ফিসক্যাল পলিসি অফ দি গভর্নমেন্ট নেই যাতে আমাদের দেশে রাজস্ব বা অন্য কোন খাতে উন্নতি হতে পারে বা উৎপাদন খাতে উন্নতি হতে পারে। আমি দেখতে পাচ্ছি তাঁর বাজেট বিবৃতির মধ্যে ১২ আনা ভাগ আছে ভারত সরকারের সম্বন্ধে আলোচনা। আমাদের এই অর্থমন্ত্রীর নির্দেশমত যেন ভারত সরকারকে বাজেট তৈরী করতে হবে। এই বাজেটের তিন পাতায় দেখা যাচ্ছে যে পেনসন-ভোগীদের কোন ব্যবস্থা করতে পারেননি সেই জন্য দুঃখিত, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানগুলির জন্য কর্মচারীদের জন্য অর্থ মঞ্জুর করতে পারেননি সেই জন্য দুঃখিত। কিন্তু এর মধ্যে তিনি উল্লেখ করেছেন যে ভারত সরকারের ঘাটতি দায়ের নীতির অনুসন্ধান করে মূল্য স্তবের ক্রম-বর্ধমান ফলই এই দেশের সমস্ত জিনিষের মূল্য স্তর বৃদ্ধি করেছে, যদি তাই সত্য হয় যদি তাঁর লিখিত ভাষণ সত্য হয় তাহলে রাজ্যসরকার কি করে সেই ঘাটতি বাজেট সমর্থন করেন যাতে এই দেশের মূল্য নিম্নগামী হতে পারে? এর ফলে হবে কি, এখানে যদি ডেফিসিট বাজেট হয় তাহলে ভারত সরকারকে ডেফিসিট বাজেট মঞ্জুর করতে হবে, এই রকম অন্যান্য রাজ্যও যদি ডেফিসিট বাজেট দেয় তাহলে ভারত সরকারেরও তিন কোটি কি ৫ কোটি টাকা ডেফিসিট বাজেট হয়ে যাবে। তারপর ইনি বলছেন এর জন্য মূল্য বৃদ্ধি পেয়ে গেছে—তাহলে কখনও এই মূল্য নিম্নগামী করা যাবে না, সেই জন্য, এখানে এ'রা যে বাজেট এনেছেন তার আমি বিরুদ্ধাচরণ করছি। এর কারণ হচ্ছে, এ'রা যদি ঘাটতি বাজেট কম করতে পারতেন তাহলে মূল্য সমতাকে কিছু কমানো যেত, ইনফ্লেসন কিছু কম হতো। এই যে ডেফিসিট বাজেটকে পূরণ করবার জন্য উনি যে তিনটি কথা বলেছেন যে কেন্দ্রীয় সরকার যদি টার্মিন্যাল ট্যাক্স যাত্রীদের মালের উপর যদি ধার্য করেন এবং এনট্রি ট্যাক্স করেন তাহলে সেই আয় হতো, এবং আমাদের সেই ডেফিসিট বাজেট পূরণ হতে পারতো এবং এর মধ্যে উনি আরও বলেছেন যে নিম্নস্তরের লোকের উপর করের বোঝা যাতে বৃদ্ধি না হয়—আমি জিজ্ঞাসা করি এই যে টার্মিন্যাল ট্যাক্স, এনট্রি ইত্যাদি ধার্য করা হবে রেলযাত্রীদের মালের উপর যে ট্যাক্স ইত্যাদি যা ধার্য করা হবে এটা যাতে নিম্ন আয়ের যাত্রীদের বাদ দিয়ে উচ্চ স্তরের, উচ্চ আর্থিকসম্পন্ন যারা লোক তাদের উপর করা হয় এমন কোন ইঙ্গিত আছে কি বা ভারত সরকার এই রকম কিছু করতে পারেন কি? আমি মনে করি তা পারেন না। সেই করের বোঝা নিম্নস্তরের উপরও পড়বে। এবার আমি খাদ্য সম্বন্ধে দু-একটি কথা বলতে চাই। যখন এই খাদ্যনীতি ঘোষণা করা হয় এই যুক্তফ্রন্ট সরকার গঠিত হওয়ার পর—এই সুপ্রীম কোর্ট-এর রায় এবং গণদেবতার প্রতি নিবেদন জানানো হয়েছিল, তাঁদের কৃপায় যুক্তফ্রন্ট সরকার গঠিত হবার পর ১·২৫ পয়সা থেকে ১·৩০ পয়সা যা ছিল তার থেকে নেমে ১·১০ পয়সা/১৫ পয়সা চালের দাম হয়ে গিয়েছিল তখন বলা হয়েছিল যে কোটি কোটি মণ চাল বাংলাদেশের মধ্যে আছে, সেই আশায় যে খাদ্যনীতি

অবলম্বন করা হলো, সেই খাদ্য নীতির ফলে এই অসহায় অবস্থায় আজকে দেশের মানুষকে পড়তে হয়েছে, সেখানে গণসরকার রয়েছে, পুলিশ রয়েছে, এত বড় বড় যুক্তফ্রন্ট সরকারের সদস্যরা রয়েছেন, কিন্তু এই যে মূল্য বৃদ্ধি, এটা রোধ করবার ক্ষমতা আমাদের এই বর্তমান সরকারের নেই। এই দেশেই কংগ্রেসের সময় ১·১৫ পয়সা চালের দাম ছিল—কিন্তু কোন ব্যবস্থা করা গেল না যার ফলে মূল্যবৃদ্ধি রোধ হয়।

সেটা কি সেণ্ট্রাল গভর্ণমেণ্টের দোষ? এটা যদি আমাদের না ব্যবস্থা করা হয় তাহলে সেণ্ট্রাল গভর্ণমেণ্ট এসে আমাদের এই রাজ্যে খাদ্যমূল্য কমিয়ে দেবেন? আমরা যে সেণ্ট্রাল গভর্ণমেণ্টের কাছে সমস্ত জিনিসটা দাবী করে আমাদের দায়িত্ব এড়াবার চেষ্টা করছি এই দায়িত্ব এড়ান সম্ভব নয়, নিশ্চয়ই আমাদের ঘাড়ে দায়িত্ব আছে এবং উৎপাদনের ক্ষেত্রে, কৃষি উৎপাদনের ক্ষেত্রে যে পরিমাণ জমি, প্রায় দেড় লক্ষ একর জমি আপনাদের হাতে এলেও সেই জমি যদি ল্যান্ড হাংগ্রি পেজেন্টসদের দেন তবুও প্রডাকশন বাড়বে না। কারণ ঐ জমি চাষ করার জন্য অন্ততঃ যদি ৩০ টাকা করে সাবসিডি তাদের কৃষিকর্ম করার জন্য না দেন তাহলে সেই জমি পড়ে থাকবে। তার কোন ফাইনান্স-এর ব্যাপার এই বাজেটের মধ্যে নেই। আমি সেই জন্য দরিদ্রতম ব্যক্তিদের এবং কৃষকদের সাহায্য করার কোন লক্ষণ এই বাজেটের মধ্যে দেখছি না তাই এর বিরোধিতা করছি।

**Shri Girish Mahato:**
মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় উপমুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রী যে বাজেট ভাষণ দিয়েছে তার জন্য আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি। তিনি এই কম সময়ের মধ্যে যদিও পুরাণো ধারাটা রেখেছেন কিন্তু তাঁর আসল দৃষ্টিভঙ্গী রয়েছে জনসাধারণকে রক্ষা করবার দিকে। আজ আমাদের কংগ্রেসী ভায়েরা যেটা করতে পারেননি সেটা আমাদের অর্থমন্ত্রী করছেন। তার কারণ হচ্ছে কংগ্রেসীরা পুঁজিপতিদের উপর বেশী লক্ষ্য রেখেছিলেন আর আমাদের অর্থমন্ত্রীর মূল লক্ষ্য হচ্ছে কৃষকদের উপর, কৃষির এবং স্বল্পবিত্ত আয়ের যে সব মানুষ তাদের উপর। সেজন্য মাননীয় অধ্যক্ষ মহাশয় যেজন্য কংগ্রেসী ভায়েরা ঘাবড়ে যাচ্ছেন তার কারণ হচ্ছে এঁদের বাজত্বে চোরাকারবারী, মজুতদারী চলবে না। এই অর্থমন্ত্রীর বাজেট দেখে তাঁরা ঘাটতি ঘাটতি চীৎকার করছেন কংগ্রেসী ভায়েরা মনে করছেন যে এটা আমাদের পৈত্রিক সম্পত্তি, চিরকাল আমরা গদী আঁকড়ে রাখবো এবং এই গদী রাখবার জন্য ভোটারদের লক্ষ লক্ষ টাকা দিয়ে ভোট কিনলেন বটে কিন্তু জিততে পারলেন না, গদী রাখতে পারলেন না। সেই জন্য পরে যাঁরা জিতেছেন, আমাদের পক্ষের যাঁরা সরকার পক্ষ গঠন করেছেন তাঁদের তাঁরা লক্ষ লক্ষ টাকা দিয়ে ভেংগে আনতে চেষ্টা করলেন কিন্তু তাও কিছু করে উঠতে পারলেন না। এখানে কয়েকজন মানুষ আছে তাঁদের মূল্য হয়ত এক লক্ষ টাকা হতে পারে কিন্তু আর যাঁরা আছেন তাঁদের মূল্য অমূল্য। সেই জন্য তাঁদের তাঁরা ভাংগতে পারলেন না, না পেরে বিধানসভায় চীৎকার আরম্ভ করলেন এবং তাতেও কিছু করতে না পেরে তখন বিধানসভা থেকে বেরিয়ে গেলেন। এখন বলছেন ঘাটতি বাজেট ঘাটতি বাজেট। এই ঘাটতি বাজেট কেন? এই যে ঘাটতি বাজেট রয়েছে এই ঘাটতি বাজেট পূরণের জন্য বড় বড় পুঁজিপতি যারা আপনাদের বন্ধু তাদের কাছে কর আদায় করার ইংগিত এই বাজেটে রয়েছে। সেই করের বোঝা তাদের মাথায় চাপিয়ে গ্রামের কৃষক সমাজ যারা এতদিন বঞ্চিত রয়েছে তাদের সুযোগ দিয়ে তাদের উন্নতি করতে হবে এই বাজেটে সেই ইংগিত রয়েছে। তাই আমি অর্থমন্ত্রীকে আমার অভিনন্দন জানাচ্ছি এবং সংগে সংগে এই অনুরোধ করছি যে চিরকাল মন্ত্রীমণ্ডলীর দৃষ্টি থাকে, বিশেষ করে অর্থমন্ত্রীর দৃষ্টি থাকে সহরের উপর সেই সহরের উপর দৃষ্টি দেওয়ার সংগে সংগে গ্রামের দিকেও দৃষ্টি দিতে হবে। কৃষকের অর্থনীতি গ্রামীন অর্থনীতি যাতে মজবুত হয় সেই দিকে দৃষ্টি রেখে এই বাজেটকে কার্যকরী করতে হবে। আমি অর্থমন্ত্রীকে আরো অনুরোধ করবো যে কেন্দ্রীয় সরকার যেমন একটা কমিশন তৈরী করেছিলেন তেমনি আমাদের রাজ্যেও একটা কমিশন করা দরকার। কোন জেলায় কি অবস্থা হয়েছে তা সেই কমিশন নির্ধারণ করে দেবেন। এই পশ্চিমবংগে এমন কতকগুলি জেলা আছে যে জেলাগুলি চিরকাল উন্নতির কোন সুযোগ পায়নি। আমি অর্থমন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো সেই জেলাগুলির দিকে

তিনি যেন দৃষ্টি দেন। সেই জেলাগুলির দিকে দৃষ্টি না থাকার জন্য বছরের পর বছর সেখানে দুর্ভিক্ষ লেগেই আছে। আমাদের পুরুলিয়া জেলাও সেই সব জেলার মধ্যে রয়েছে। সেই জন্য আমি এই অর্থমন্ত্রীর এই বাজেটকে অভিনন্দন জানিয়ে আবার অনুরোধ করবো সেই ঘাটতি জেলাগুলি যাতে উন্নতি লাভ করতে পারে সেদিকে তিনি যেন দৃষ্টি দেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কংগ্রেসী ভাইদের মাথা গরম হবে কারণ তাঁরা ত আর গদী ফিরে পাবেন না। এই কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-55—6-05 p.m.]

**Shri Joynarayan Sharma:**

মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই যে ঘাটতি বাজেট আমাদের সামনে পেশ করা হয়েছে এই বাজেটের কপিটা আমি দেখেছি আর আমাদের অর্থমন্ত্রী মহাশয় যে বিবৃতি দিয়েছেন তাও আমি দেখেছি। উনি যে ঘাটতি বাজেট পেশ করেছেন সেটা পূরণ করার জন্য উনি ভাবেননি যে এই টাকাটা আসবে কোথা থেকে। এর মধ্যে কোন জায়গায় আমি দেখিনি কোন করের ইঙ্গিত। স্যার, এটাই হল ও'দের মূল গোপন জিনিস। এটা গোপন রাখলেন কেন? উনি কোন জিনিসের উপর ট্যাক্স নির্ধারিত করে আমাদের দেখিয়ে দিন যে এই যে ঘাটতি বাজেট হাউসে পেশ করেছি এটা আমি এইভাবে আদায় করবো। তা না করার জন্য আজ মানুষের মনে সন্দেহ হচ্ছে। হতে পারে উনি অন্য জায়গা থেকে টাকাটা আনবেন, উনি নিজের পকেট থেকে ত আর দেবেন না, দেবেন ত বাংলাদেশের মানুষের উপর কর বসিয়ে, কিন্তু কিভাবে তিনি সেই করটা তুলবেন সেটার কোন ইঙ্গিত করলেন না। সেই জন্য এই ঘাটতি বাজেট পেশ করার জন্য আমাদের মনে খুব সন্দেহ হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন যে যুক্তফ্রন্ট সরকার যখন গঠিত হয় তখন তাঁরা খুব বড় বড় কথা জনতার সামনে বলেছিলেন যে আমরা যদি গদী পাই তাহলে বাংলাদেশের জনগণের সুখ-স্বাচ্ছন্দ্য করে দেবো, বাংলাদেশের জনগণের মধ্যে কোন দুর্দিন আসতে দেবো না। ইলেকশনের সময় তাঁরা বলেছিলেন এই যে দেড় কেজি, ২ কেজি খাদ্য যা দেওয়া হচ্ছে এটা একজন মানুষের পক্ষে কিছুই নয়, আমরা ৩ কেজি করে খাদ্য দেবো। এ'রা বলেছিলেন যে আমরা বাংলাদেশের জনতার সামনে কোন অশান্তির ভাব আসতে দেবো না, সেই জায়গায় আমরা দেখছি মানুষের সুখ আর নেই, প্রত্যেক জায়গায় মানুষ আজ বিপদের মধ্যে আছে। রাস্তায় দেখুন, সহরে দেখুন, কলকারখানার মধ্যে দেখুন সব জায়গায় অশান্তি সৃষ্টি হয়ে রয়েছে। এর কারণ কি?

তার একটা কারণ যখন ঐ নকসালবাড়ী হাত তুলে দেখাচ্ছেন, তখন আমি জানতে চাই শুধু এক নকশালবাড়ীই নয়, সারা বাংলাদেশেই আজকে এই অবস্থা হয়ে আছে। ঐ যে বাম কমুনিষ্ট পার্টি আপনাদের সঙ্গে একত্রে বসে আছে এরা হচ্ছে মূল কারণ। আপনারা একটু ভেবে দেখবেন, আমি অন্যায় কথা বলিনি। তাঁরা কিভাবে কাজ আরম্ভ করেছেন সেটা একটু বিবেচনা করে দেখুন। বাম কমুনিষ্ট যাঁরা আছেন তাঁরা একরকম হাত দিয়েছেন পি-এস-পি'র উপর, তারপর ফরওয়ার্ড ব্লকের উপরে। তারপর এক এক করে আঘাত করে সবাইকে শেষ করে দেবে, এটা আপনারা দেখতে পারেন। আমাদের দলটা এখনো খুব সবল আছে বলে সহজে কিছু করতে পারছে না। তবে তারা আমাদের অনেক কর্মীকে রাত্রির অন্ধকারের মধ্যে মেরে ফেলেছে।

তারপর এই সংযুক্ত সরকার যেসব কাজ করবে বলে বলেছিল তার তো কিছুই দেখতে পাচ্ছি না। মানুষের সুখ-স্বাচ্ছন্দ্য করে দেবার ব্যবস্থা করবেন, পেটভরে খেতে দেবেন ইত্যাদি বড় বড় কথা ডাঃ প্রফুল্ল ঘোষ বলেছিলেন দু-কেজি নয় ২৪০০ গ্রাম খাদ্য দেবেন। এখন আমরা দেখছি সেই দু-কেজি থেকে কমে গেছে। আমাদের রাণীগঞ্জ কোলফিল্ড এলাকায় আসানসোল মহকুমায় যা খরা অঞ্চল বলে ঘোষণা করা হয়েছে, সেখানে প্রাক্তন কংগ্রেস সরকার ১৫০০ গ্রাম চাল গম অনেক জায়গায় সেখানে দিয়েছে। কিন্তু এই সংযুক্ত সরকার হবার পর থেকে সেসব কোথায় উধাও হয়ে গেল? তার কারণ কী? তার কারণ হচ্ছে আমাদের কংগ্রেস সরকার কর্ডনিং করে যে চাল বাংলাদেশে বাঁচিয়ে রেখেছিলেন, এই সরকার হবার পর তাঁরা বললেন কর্ডনিং আমরা তুলে দিলাম। তার ফলে বাংলাদেশের যা চাল চলে গেল বিহারে। এখন বাংলাদেশের লোক খাবে কী? কর্ডনিং না থাকায় সব চাল হু হু করে বাইরে চলে গেল।

চোরাবাজারী মজুতদার যাদের পি-ডি-এ্যাক্ট-এ ধরে রাখা হয়েছিল, তাদের এই সরকার জেল থেকে ছেড়ে দিলেন। একদিকে কর্ডনিং ভেঙ্গে দিলেন, আর অন্য দিকে মজুতদার মুনাফাখোর-দের ছেড়ে দিলেন। ফল যা হবার তাই হলো। তারপর তাঁরা ভাবছেন বাংলাদেশের লোককে চাল খাওয়াতে পারবেন! তা কি করে সম্ভব হবে? এইভাবে ডাঃ প্রফুল্ল ঘোষ ফুড পলিসি রেখেছেন! এর দ্বারা বাংলাদেশ বাঁচতে পারবে না। আমি তাঁকে বলবো তিনি যদি দয়া করে আসানসোল, রাণীগঞ্জ কোলফিল্ড এলাকায় গ্রামাঞ্চলে ঘুরে দেখেন, যেটা খরা অঞ্চল বলে ডিক্লেয়ার করা হয়েছে, তাহলে বুঝতে পারবেন কি ভয়ানক দুর্দশা সেখানে হয়েছে। আমি কাল পর্যন্ত খবর জানি সেখানে কোন রেশনের ব্যবস্থা করা হয় নাই।

এঁরা অনেকে বড় বড় কথা বলেন। ধোঁকাবাজ বেইমান মির্জাফর আপনাদের মধ্যেও রয়েছে যারা সব সময় বেইমানী করেছে। আমি বলবো ঐ বাম কমুনিষ্ট পার্টিকে বাদ দিয়ে যদি আপনারা কাজ করতে চান, করতে পারবেন। অন্যথায় আপনাদের কোন কাজ করা চলতে পারবে না।

এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-05-- 6-15 p.m.]

**Dr. Mohammad Karim Baksh:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, অর্থমন্ত্রিমহাশয় যে বাজেট উপস্থাপিত করেছেন আমি তা পূর্ণ সমর্থন করি। আমি এই প্রসঙ্গে বলতে চাই যে এবারকার বাজেটে দৃষ্টিভঙ্গীর পরিবর্তনের প্রয়াসের পরিষ্কার আভাষ পাওয়া গিয়েছে। কারণ ৯ কোটি ৬২ লক্ষ মহার্ঘ ভাতা প্রভৃতিতে ধরা হয়েছে। যাঁরা গরীব সরকারী কর্মচারী, স্কুলের শিক্ষক ও অশিক্ষক কর্মচারী তারা সকলেই সুবিধা পাবেন। আরো আমাদের অর্থমন্ত্রী বলেছেন একটি বেতন কমিশন বসবে। এই বেতন কমিশন বসবার সময় মাননীয় অধ্যক্ষ মহাশয়—আপনার মারফত সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। যাঁরা সর্বনিম্ন মাহিনা পান তাঁদের বেতন ও অন্যান্য সুবিধা বেশি করে ভাবা উচিত। কেন না আজকে উচ্চ দ্রব্যমূল্যের বাজারে যেসমস্ত অভাব অভিযোগে অল্প বেতনভোগী সরকারী কর্মচারিগণ যেভাবে দিন কাটাচ্ছেন তাহাদের অবস্থা আজকে অত্যন্ত শোচনীয়। সেইদিকে যেন বিশেষ দৃষ্টি দেওয়া হয়। এবারকার বাজেটে দেখছি যে, কৃষি খাতে ২ কোটি ৫৭ লক্ষ টাকা ব্যয়বরাদ্দ বৃদ্ধি ধরা হইয়াছে—সেটি অত্যন্ত প্রশংসার কথা, কেন না এই কৃষি বাবদে অন্যান্য করণীয় কাজও করতে হবে। কৃষকদের—যাঁরা মাঠে কাজ করেন তাঁদের অবস্থার দিকে লক্ষ্য রেখে প্রত্যেককে প্রত্যক্ষ ঋণ দিয়ে সাহায্য করা যায় তাহার ব্যবস্থা করতে হবে, কারণ আজ তাঁরা অত্যন্ত অপ্রচুর ঋণ পায়। আমি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব যাতে কৃষকরা ভালভাবে চাষ তোলবার জন্য ঋণ পায় এবং যাতে তারা চাষের কাজ সুচারুরূপে করতে পারে সেদিকে মন্ত্রিমহাশয় দৃষ্টি দেবেন।

এবারে আমি শিক্ষার কথা বলতে চাই। এই খাতে যে ব্যয় বরাদ্দ বৃদ্ধি ধরা হয়েছে, সেটা সত্যিই প্রশংসার যোগ্য। কারণ আমরা দেখছি প্রাথমিক স্কুলগুলি প্রায় ভগ্ন অবস্থায় থাকে। সেখানে মেরামত করার কোন ব্যবস্থা নাই। স্কুল বোর্ডগুলিকে বললে তারা বলেন, "তাদের অর্থ পর্যাপ্ত নয়।" শিক্ষামন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মারফত যেন প্রাথমিক স্কুলগুলির নির্মাণকার্য ও সংস্কারকার্য সুচারুরূপে হয় সেদিকে তিনি দৃষ্টি দেন। তারপরে আমরা দেখছি সেচ খাতে অর্থ বেশি করে ধরা হয়েছে। যেখানে ইরিগেশন ডীপ টিউবওয়েল হয় নি, যেখানে নদীনালা আছে সেখানকার জল যদি তোলবার ব্যবস্থা করে ক্ষেত-খামারে পৌঁছে দেবার ব্যবস্থা করা হয় তাহলে সত্যকার উপকার হবে। উন্নয়ন খাতে এবার পূর্বের চেয়ে বেশি টাকা ধরা হয়েছে প্রায় ১০ কোটি টাকার উপর।

তাই আমি বলব দ্রব্যমূল্য বৃদ্ধির সময় অত্যন্ত প্রয়োজনীয় বাজেট এবার করা হয়েছে। দ্রব্যমূল্য বৃদ্ধি এবং এসব কারণে যদি ঘাটতি বাজেট হয়ে থাকে তাহলেও এটা সমর্থনযোগ্য। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমেই এই কথা বলতে চাই, যে, উপযুক্ত কাজে যদি কিছু বেশী ব্যয় করা হয় তাহলেও সেটা করা উচিত। এবং সর্বশেষে আমি বলতে চাই যে, এই বাজেট ঘাটতি বাজেট হওয়া সত্ত্বেও আমি সম্পূর্ণরূপে সমর্থন করছি।

**Shri Bankim Chandra Sasmal:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এই হাউসের মেম্বারদের একটা অধিকার আছে যে বাজেট যখন আলোচনা হবে তখন আমাদের অর্থমন্ত্রী এখানে থাকবেন। আমি জানি না এই বিধান-সভার কি রীতিনীতি আছে, আশা করি অধ্যক্ষ মহাশয় এ সম্পর্কে আমাকে জানাবেন। এখানে যে বাজেট তৈরী করা হয়েছে সেটা ঘাটতি বাজেট। ঋণং কৃত্বা ঘৃতং পিবেত। আমাদের দেশের লোকদের ত্যাগের পথ কৃচ্ছ্রসাধনের পথে পরিচালনের দিকে আমাদের অর্থমন্ত্রী সজাগ দৃষ্টি দেন নি অফুরন্তভাবে খরচ করে যাচ্ছেন গৌরী সেনের টাকার মত। যা হোক আমি তাঁকে ধন্যবাদ দেবো তিনি শিক্ষক অশিক্ষক কর্মচারীদের জন্য এবং সরকারী কর্মচারীদের মাগ্গী-ভাতা কিছু বৃদ্ধি করেছেন বলে। কিন্তু বিভিন্ন খাতে ব্যয় সংকোচ করে যদি সেটা করতে পারতেন তাহলে আমার মনে হয় অর্থনৈতিক বুনিয়াদ দৃঢ় করা যেতে পারতো। আমি দু-একটি জিনিস বাজেট বই থেকে দেখাচ্ছি যেমন সিভিল বাজেট এস্টিমেট পার্ট টু ৪৪৩, ৪৪৪ পৃষ্ঠায় রয়েছে কৃষিখাতে ইরিগেশন খাতে অফিসারদের বেতন বাবদ ধরা হয়েছে এক কোটি ২৩ লক্ষ টাকা—ভাতা বাবদ এক কোটি ৩৯ লক্ষ টাকা। সুপারিনটেনডেন্টের অফিসের খরচ বাবদ এক কোটি ৩১ লক্ষ টাকা এবং ভাতা অনারারিয়াম বাবদ ৪ কোটি ৩৫ লক্ষ টাকা। আবার এক্সপেরিমেন্টাল ফার্মে অফিসারদের বাবদ ৮ হাজার টাকা ভাতা অনারারিয়াম বাবদ দুই লক্ষ ৮ হাজার টাকা। এগুলি মাননীয় সদস্যরা দেখুন এবং অধ্যক্ষ মহাশয় আপনাকে জানাতে চাই যে, এইসব জায়গায় ব্যয়সংকোচ করা যেতে পারতো। আমাদের অবস্থার মধ্যে সীমাবদ্ধ থাকলেই ভাল হোত। আবার দেখুন ন্যাশনাল এক্সটেন্সন সার্ভিসে শুধু ব্লক হেড কোয়ার্টারে যে কয়জন অফিসার আছে তাদের পিছনে খরচ হচ্ছে ২ কোটি ১ লক্ষ ৩০ হাজার টাকা। অথচ এর দ্বারা ব্লকে কি উন্নতি হচ্ছে কি কাজ হচ্ছে তা মাননীয় সদস্যগণ সবাই বুঝতে পারছেন। কাজেই বাজেটের অর্থনীতির পুনর্বিন্যাস করে আমরা অনেক উদ্বৃত্ত করতে পারতাম বা সামঞ্জস্যপূর্ণ বাজেট করতে পারতাম। তার আর্থিক বৎসরের গত ছয় মাসের মধ্যে আমাদের যে কি খরচ হয়ে গেছে তার হিসাব আমরা এখনও পর্যন্ত পাই নি। এইসমস্ত রীতিনীতি সম্বন্ধে আমি সম্যক অবহিত নই, কিন্তু আমাদের বাজেটের টাকা ঠিক ঠিক খরচ হচ্ছে কিনা সেটা দেখার জন্য পরিষদীয় কোন প্রতিষ্ঠান থাকা দরকার। কারণ দেখা গেছে অনেক জায়গায়—বিশেষ করে কৃষির উন্নতি বাবদ কৃষি বিভাগের খাতে যে খরচ হয়েছে পাবলিক অ্যাকাউন্টস কমিটির রিপোর্টে দেখেছি সেসব অনেক বরাদ্দ সারেন্ডার্ড হয়েছে খরচ হয় নি। আজকে যে অতিরিক্ত ২৯ কোটি টাকা কৃষি খাতে, ইরিগেশন খাতে, শিক্ষা খাতে ধরা হয়েছে খুব ভাল কথা এবং এই টাকা সম্পূর্ণ সৎ ব্যয় হোক দেশের উন্নতি হোক, এটা আমরা চাই—কিন্তু এই টাকাগুলি কি সত্যিই খরচ হবে? সেই ভরসা আমাদের অর্থমন্ত্রী কি দিতে পারবেন? আজকে এইরকম যদি ব্যবস্থা করেন—সংগে সংগে টাকা বরাদ্দ করে যদি তাড়াতাড়ি কাজ করিয়ে নিতে পারেন তাহলে ভাল হয়। আর তা না হলে টাকা সারেন্ডার করলে যারা সারেন্ডার করবে যার দোষে সারেন্ডার্ড হবে তার জন্য যদি উপযুক্ত ব্যবস্থা করা যায় তাহলে পর ভাল কাজ হতে পারে। এখানে বাজেট ঘাটতির জন্য সেন্ট্রাল গভর্নমেন্টকে দায়ী করা হয়েছে। সেখানে আমরা নিশ্চয় টাকা চাইবো—কিন্তু সেই চাওয়াটা কি রকম হবে—সেন্ট্রাল গভর্নমেন্ট আমাদেরই একটা অংশ—পিতাপুত্র সম্পর্ক বাবার কাছে টাকা পয়সা আছে আমরা ছেলেরা অপব্যয়ী হয়েছি অসংযমী হয়েছি অনেক টাকা খরচ করি লোভ সামলাতে পারি না আমরা সবাই মিলে যদি বাবার কাছে ধরি যে তোমার টাকা আছে তুমি দাও তাহলে পাওয়া যেতে পারে—আর তা না হলে গালে চড় মেরে আদায় করা যেতে পারবে না। আমাদের কংগ্রেস সদস্যদের উপর উপদেশ বর্ষণ করা হয়েছে যে, কংগ্রেসী সদস্যরা বলুক বেশী করে টাকা দিতে। আমি বলবো সেন্ট্রাল পুল থেকে বাংলাদেশের অর্থ বরাদ্দ যদি কম হয়ে থাকে তাহলে তাদের জানানো হোক। এই বিধান-সভায় সকলে সমবেত সিদ্ধান্ত নিয়ে সরকারী রেজলিউশন করে বলা হোক যে আমাদের প্রতি অবিচার করা হচ্ছে। কিন্তু সেক্ষেত্রে অসামঞ্জস্যপূর্ণ ঘাটতি বাজেট দেখিয়ে তা করার প্রয়োজন নেই। কারণ বিশেষ করে যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থা যেখানে রয়েছে সেখানে প্রদেশের উপর সম্পূর্ণ দায়িত্ব রয়েছে—তাদের অর্থনীতি তাদের সীমার মধ্যে চালনা করার। যদি আমরা কোন পরি-কল্পনা দাখিল করতে পারতাম আমাদের অর্থমন্ত্রী যদি বিশেষ একটা কারখানা প্রতিষ্ঠা করার জন্য বা এমন কিছু একটা জিনিস করতে পারতেন যাতে বেকার সমস্যা দূর হত যাতে মানুষের

অর্থনৈতিক উন্নয়ন হত যদি এমন কিছু একটা ব্যবস্থা করে সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে সবাই মিলে সমবেত হয়ে চাই আমরা তাহলে একটা ব্যবস্থা হতে পারত। এবং এপক্ষ ও ওপক্ষ সবাই সমবেত চেষ্টা করার মধ্যে কোন বাধা থাকবে না। একজন বিশিষ্ট অর্থনীতিবিদ বলেছেন যে, প্রাদেশিক সরকারকে যদি হরদম সাব-ভেনসন দিতে থাকি তাহলে তারা কোনদিন ট্যাক্স করে নিজেরা রোজগার করার দিকে মন দেয় না। তিনি বলেছেন

The more money you give to the Local Government, the longer you will prevent them from resorting to direct taxation and only in that case will the people realise where money comes from and where it goes. The subsidy system has weakened the idea of self-help among the people and has retarded the growth of self-Government.

আমাদের যদি সত্যিকারের আজকে স্বায়ত্বশাসন ও প্রাদেশিক কর্তৃত্ব বজায় রাখতে হয় তাহলে ঠিক পথে আমাদের বাজেটটাকে আমাদের লিমিটের মধ্যে রাখতে হবে। পরিশেষে আমি বলছি যে আমাদের জনসাধারণ চাচ্ছে দুর্নীতিমুক্ত একটা ক্লিন অ্যাডমিনিস্ট্রেশন—কিন্তু সেটা যদি না হয় তাহলে যতই অর্থ বরাদ্দ করি না কেন তাহলে সেই অর্থ সত্যিকারের মানুষের হাতে পড়বে না। সেই সঙ্গে সঙ্গে দরিদ্র জনসাধারণের উপর করের বোঝা যাতে না চড়ে, আমাদের মাননীয় সান্যাল মহাশয় যা বলেছেন যে যারা গাড়ি ব্যবহার করে বা শহরে যাদের বাড়িঘর রয়েছে সেই বাড়ি বা গাড়ীর উপর করের মোটা অংশ যদি ট্যাক্স করে নেওয়া যায় তাহলে সেটা গরীবের উপর পড়বে না। বড় লোকের উপর ট্যাক্স করে যদি আপনারা একটা কিছু নূতনত্ব করেন যদি নূতন একটা আদর্শ বা চিন্তাধারা দেখাতে পারেন তাহলে ভালই হবে। কিন্তু আমি বলবো সেইরকম কোন নূতন দৃষ্টিভঙ্গী আপনাদের নেই—একটা অর্থ বরাদ্দ করে দিতে হয় তাই করে দেওয়া হয়েছে—এই জন্য দুঃখের সঙ্গে এই বাজেট বরাদ্দের আমি আপত্তি জানাচ্ছি।

[6-15—6-25 p.m.]

**Shri Leslie Henry Franklin:** Mr. Speaker, Sir, I am afraid there is very little room to discuss on the Budget. There is only one point on which I would like to say something. The Finance Minister has said in his speech on the Budget that he would do something to alleviate the hardships of the holders of small pensions. I have just finished 37 years in the Central Government. So I have been associated with the Government servants and I know the hardships to which the lower division clerks and Class IV Government servants are put in their day to day lives. I know very well that by the 15th of the month the salaries of lower paid servants are absolutely worn out and then they have to carry on for the rest of the month by going to moneylenders, and throughout thier lives they carry on like that. I want to give an instance. I retired on the 24th November and today is the 3rd July, 1967, and I have to receive pension for about 8 months. Fortunately enough I may be one of the lucky ones for I have a little extra means. So I have been able to manage to carry on. But Sir, just think of small clerks, sepoys and peons—when they get meagre pension of 60 or 70 rupees—how they would be able to manage if they have to wait for six or seven months to get their pension. I can well imagine what they must be doing. They must be going to the moneylenders and long before they actually receive their pension they must have mortgaged their entire pension and become absoluely dependent on these people. I would, therefore, state that apart from alleviating hardships i.e. to get the pension of the lower division clerks and other ill-paid Government servants, I feel that something should be done to say that pensions are ready on the very day that they retire and I believe orders have already been passed in this effect. I also feel, Sir, that action should be taken against higher officials in the Accountant-General's office drawing fat salaries who took little care to see that the orders are implemented. In

conslusion, I would like to say that regarding the budget I think this is the first time in the last 20 years that it is a poor man's budget—if not for anything else for the fact alone I give my full support to the budget.

**Shri Brindaban Chattopadhyay:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট হাউসের সামনে রেখেছেন আমি তার বিরোধীতা করি এবং বিরোধীতা করে আমি এ সম্বন্ধে দু-একটা কথা বলতে চাই। যখন কংগ্রেস সরকার হল তখন থেকেই আমরা প্রতি বৎসর বাজেট হাউসে পেশ করতাম। সেই বাজেট গ্রামের দরিদ্রতম মানুষ আদিবাসী ও তফসিল, এবং সাধারণ মানুষের কল্যাণের জন্য বাজেট দেওয়া হত। কিন্তু আজকে অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট রেখেছেন তা গ্রামের দরিদ্রতম ব্যক্তির বাজেট নয়, এতে গ্রামের দরিদ্রতম ব্যক্তির কল্যাণ হবে না বলে আমি মনে করি। প্রতি বৎসর আমাদের কংগ্রেস সরকার যখন বাজেট উত্থাপন করতেন তখন আমাদের বর্তমানে যারা সরকারে বসে আছেন তাঁরা বলতেন দুর্ভিক্ষের পদধ্বনি শোনা যাচ্ছে। এমন কি বাজেটের সময়ও বলতেন। গত ১৫ বৎসর আমরা শুনে এসেছি তাঁরা দুর্ভিক্ষের পদধ্বনী শুনতেন। কিন্তু তাঁদের বাজেট পেশ করবার সময় দেখতে পাচ্ছি যে বাংলাদেশে প্রকৃত দুর্ভিক্ষ হয়েছে, কংগ্রেস সরকারের সময় কেবল শোনা যেত দুর্ভিক্ষের পদধ্বনি, কিন্তু তখন একটাও লোক না খেয়ে মারা যায় নি। অপর পক্ষে এই কয়েক মাসের মধ্যে সেখানে দুর্ভিক্ষে লোক মারা গেছে। সেজন্য আমি মনে করি এই বাজেটের দ্বারা দেশের সাধারণ লোকের কল্যাণ হবে না। এই বাজেট একমাত্র যুক্তফ্রন্ট সমর্থকদেরই কল্যাণ হবে, তার জন্য তারা এই বাজেট পেশ করেছেন। স্যার, আপনি জানেন যে, জেলা পরিষদ, আঞ্চলিক পরিষদ, অঞ্চল প্রধান এবং গ্রামসভা সরকার রেখে দিয়েছেন। গ্রামে গ্রামে যে রিলিফ কমিটি আছে এবং অঞ্চলে যে রিলিফ কমিটি আছে তাদের কোন ক্ষমতা না দিয়ে যুক্তফ্রন্ট কর্মীদের দ্বারা রিলিফ কমিটি তৈরী করা হয়েছে। সেইজন্য আমি বলছি এই বাজেট যুক্তফ্রন্ট সমর্থকদের বাজেট, এটা জনসাধারণের বাজেট নয়। প্রতিনিধিস্থানীয় লোকেদের কাছ থেকে ক্ষমতা কেড়ে নেওয়া হয়েছে। আমাদের দেশের ঘেরাও-এর ফলে বেকার সমস্যা বেড়েছে, বহু ফ্যাক্টরী, কলকারখানা বৃদ্ধি হওয়া দূরের কথা, আজ বন্ধ হয়ে গেছে এবং তার ফলে বহু শ্রমিক অনাহারে দিন কাটাচ্ছে। সরকারের হাতে এসে অকল্যাণের ফলে বহু কলকারখানার মালিক যারা পশ্চিমবাংলায় কলকারখানা তৈরি করবার জন্য প্রস্তুত হচ্ছিল কিন্তু পশ্চিমবঙ্গ সরকারের নীতির ফলে তা হচ্ছে না।

[6-25—6-35 p.m.]

আজ সেখানে দেখা যাচ্ছে যে, কলকারখানা হলে যেখানে হয়ত মালিকরা কিছু লাভবান হতেন কিন্তু আমাদের বাংলাদেশের যুবকদের সেখানে যে কর্মসংস্থান হত আমি বলতে চাই এই সরকারের নীতির ফলে আজ তা হচ্ছে না—আজ সেখানে বেকার সমস্যা বেড়ে যাচ্ছে। এই বাজেটের দ্বারা আদিবাসী এবং অনুন্নত সম্প্রদায়ের কোন উন্নতি হয় নি। ক, খ, গ শ্রেণীর যে চাল পাওয়া যেত সেক্ষেত্রে আজকে ক্ষেতমজুর এক ছটাকও চাল পাচ্ছে না। এই সরকারের খাদ্যনীতিতে এদের প্রথমে পপুলারিটি হয়েছিল কিন্তু আমরা দেখতে পেলুম যে পরে যুক্তফ্রন্ট সরকার যে চালের দাম কমিয়েছিলেন আজ তারা তা রাখতে পারেন নি। আজকে চালের দাম আকাশ-ছোঁয়া হয়ে গেছে। সেজন্য এই বাজেটের দ্বারা তারা চীপ পপুল্যারিটি গেন করতে পারেন কিন্তু যে বাজেট আজকে রেখেছেন তা দেশের কল্যাণ হওয়া দূরে থাকুক, দেশের লোকের আরও কষ্ট হবে। এজন্য এই বাজেটের বিরোধীতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Krishna Chandra Halder:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের উপ-মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী যে বাজেট উত্থাপন করেছেন সে বাজেটকে আমি সমর্থন করছি। আমি সমর্থন করছি এই কারণে যে সারা ভারতবর্ষে ধনতান্ত্রিক সমাজ ব্যবস্থার সঙ্কট এবং ধনতান্ত্রিক সঙ্কটের পটভূমিকায় বাংলাদেশের জনসাধারণের দ্বারা নির্বাচিত এবং জনসাধারণের কল্যাণের জন্য এই পটভূমিকায় যে ধরনের বাজেট উত্থাপন করা সম্ভব তা করেছেন। সেইজন্য জনসাধারণের সব সময়ে সমর্থন এই বাজেটের প্রতি থাকবে একমাত্র যারা কায়েমী স্বার্থের সমর্থক এবং তাদের দ্বারা আজ্ঞাবহ তাদের ছাড়া।

বিরোধীপক্ষের বহু বক্তা বলেছেন যে, ঘাটতি বাজেটের ফলে বাংলাদেশের অর্থনীতি ধ্বংসের পথে যাবে, নানা সঙ্কটের মধ্যে পড়বে। কিন্তু আমি তাঁদের বলতে চাই যে, গত ২০ বছরের কংগ্রেস রাজত্বের ফলে বাংলাদেশের সমস্ত স্তরের মানুষের জীবন এবং অর্থনীতি ও সমাজ ব্যবস্থা আজকে ধ্বংসের পথে চলেছে। অন্যদিকে এই পটভূমিকায় সমস্ত স্তরের কথা বিবেচনা করেই বাংলাদেশের অর্থনীতি ও বাঙালী জাতিকে পুনর্গঠনের জন্য এই পরিস্থিতির মধ্যে এই বাজেট উপস্থাপিত করতে হয়েছে এবং আমাদের যুক্তফ্রন্ট সরকার যেসমস্ত নীতি বাংলাদেশের মানুষের সামনে ঘোষণা করেছেন এই বাজেটের মধ্যেই তা নিহিত আছে। খরা অঞ্চলে তাঁরা সমস্ত খাজনা মকুব করে দিচ্ছেন। ক্যানেল কর যেটা ১২ টাকা ছিল সেটা ১০ টাকা করেছেন। আগের চেয়ে টাকা কমিয়ে দিয়েছেন। দেশের উৎপাদক যে কৃষক সেই কৃষকের ধানের ন্যায্য দাম দিয়েছেন যার ফলে সরকারকে ৪ কোটি টাকার উপর লোকসান খেতে হবে। কিন্তু অন্য দিকে তবুও সরকার রেশনের মূল্য বৃদ্ধি করেন নি। গ্রামাঞ্চলে এক বিঘা অবধি বাস্তুভিটা যাতে নিষ্কর পেতে পারেন, আগে যা কার্যকরী করা হয় নি, আমাদের সরকার সেটা অবিলম্বে কার্যকরী করবার কথা ঘোষণা করেছেন। সঙ্গে সঙ্গে আরো ঘোষণা করেছেন, গ্রামাঞ্চলে যে সমস্ত মানুষের বাস্তুভিটা রেকর্ডেড হয়নি সেই সমস্ত মানুষের বাস্তুভিটা যাতে রেকর্ডেড করা হয় তার জন্য নির্দেশ জারী করা হয়েছে, আদেশ পাঠিয়ে দেওয়া হয়েছে। আমি এই প্রসঙ্গে মন্ত্রিমহোদয়ের কাছে একটু আবেদন করছি। সেটা হচ্ছে এই, কলকাতা এবং হাওড়া ছাড়াও অন্যান্য শহরাঞ্চলে যেসমস্ত ঠিকা প্রজারা যে বাস্তুভিটায় বসবাস করছে সেগুলি সংশোধন করে তাদের বাস্তুগুলি যাতে রক্ষা হয়, তাদের যাতে উচ্ছেদের হাত থেকে বাঁচানো যায় সেটা একটু দেখবেন। অন্য দিকে শহরাঞ্চলের ট্রেড ইউনিয়ন রাইট মেনে নেওয়া হয়েছে। পূর্বতন সরকার যেসমস্ত সরকারী কর্মচারী সমিতির ট্রেড ইউনিয়ন স্বীকৃতি প্রত্যাহার করে নিয়েছিলেন, আমাদের সরকার তাদের সেই অধিকারগুলি স্বীকার করে নিয়েছেন এবং ছাঁটাই সরকারী কর্মচারী এবং স্টেট বাসের ছাঁটাই কর্মচারীদের কাজে আবার পুনর্বহাল করেছেন। পশ্চিমবাংলা সরকার বাংলাদেশের মধ্যে যে সবচেয়ে বড় এমপ্লয়ার নিয়োগ কর্তা, তাঁরা তাঁদের সেই দায়িত্ব পালন করেছেন এবং শিক্ষক, অশিক্ষক ও সরকারী কর্মচারীদের দুর্মূল্যভাতা বাড়িয়ে দিয়েছেন এবং এর জন্য ৯ কোটি টাকার উপর তাঁরা খরচ করেছেন। এর ফলে শহর এবং গ্রামের প্রতিটি স্তরের মানুষকে সরকার এই বাজেটের মাধ্যমে সামঞ্জস্যবিধান করে নূতনভাবে—২০ বছর কংগ্রেস রাজত্বের মাধ্যমে যেভাবে দেশকে ধ্বংসের পথে নিয়ে গিয়েছিল তাকে আবার নূতন ভাবে পুনর্গঠনের জন্য, পুনরায় আবার নূতন করে গড়ে তোলার জন্য যে ধরনের অর্থনৈতিক বাজেট উপস্থাপিত করা দরকার তা বর্তমান সরকার করেছেন। ১৮ কোটি ৩৫ লক্ষ টাকা যে ঘাটতি হয়েছে, বাংলাদেশ এবং বাঙালীজাতিকে পুনর্গঠন করার জন্য এটার প্রয়োজন আছে। ওপক্ষ থেকে অনেকে বলেছেন যে কি করে এই টাকাটা আদায় হবে। যারা বড় লোক, যারা একচেটিয়া পুঁজিপতি এবং যেসমস্ত বৃহৎ ব্যবসায়ী রয়েছে নিশ্চয়ই তাদের কাছ থেকে আদায় করা হবে। সুতরাং এদিক থেকে বিচার করে দেখলে দেখা যাবে যে আজকে বাংলাদেশের মানুষকে, বাঙালী জাতিকে গড়ে তোলার জন্য এই পরিস্থিতিতে মানুষের স্বার্থে এর চেয়ে ভাল জনকল্যাণমূলক বাজেট আর হতে পারে না। আমাদের বিরোধীপক্ষের বিভিন্ন বক্তা বলেছেন যে আমাদের আমলে দ্রব্যমূল্যের দাম বহু বেড়ে গেছে। এটা ঠিকই কথা, এটা তাঁরা স্বীকার করেছেন। নির্বাচনের পরে দ্রব্যমূল্য ঊর্ধগতি কমে গিয়েছিল, নিচের দিকে নেমে গিয়েছিল। কিন্তু আপনারা সবাই জানেন যে, এবার বাঁকুড়া, পুরুলিয়া এমন কি বর্ধমান জেলার মত উম্বৃত্ত জেলাতেও খরা হয়েছে অনাবৃষ্টির ফলে এবং এর ফলে ঘাটতি হয়েছে এবং সেইজন্য খাদ্যনীতি গ্রহণ করবার আগে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী শ্রীঅজয়কুমার মুখার্জী মহাশয় এবং উপ-মুখ্যমন্ত্রী মাননীয় জ্যোতি বসু মহাশয় এবং খাদ্যমন্ত্রী মাননীয় ডঃ প্রফুল্ল ঘোষ মহাশয় তাঁরা দিল্লী গিয়েছিলেন যে এই পরিস্থিতিতে কেন্দ্রীয় সরকার আমাদের কি দিতে পারেন।

[6-35—6-45 p.m.]

কিন্তু যখন তাঁরা দেখলেন যে ১৫ লক্ষ টন চাল এবং গম সরবরাহ করা হবে না কেন্দ্র থেকে, তখন থেকে এখানকার যারা কংগ্রেসের সমর্থক, বৃহৎ ব্যবসায়ী এবং পুঁজিপতি তারা কৃত্রিম

অভাব সৃষ্টি করতে লাগলো, জিনিসপত্রের দাম বাড়ানোর জন্য চক্রান্ত শুরু করেছিল এবং আপনারা জানেন এখানকার যে ব্যবসায়ীরা বিহার, ইউ পি প্রভৃতি বাংলাদেশের বাইরে থেকে ডাল সরষে প্রভৃতি বিভিন্ন জিনিস আমদানী করতো, তা বন্ধ করে দিলে, তারা অর্ডার বাতিল করে দিল, এইভাবে তারা চক্রান্ত শুরু করেছে এবং কৃত্রিম অভাব সৃষ্টি করেছে। কংগ্রেসের সমর্থক যেসমস্ত বৃহৎ ব্যবসায়ী এবং পুঁজিপতি আছে তাদের হাত থেকে বাঁচবার জন্য কার্যকরী ব্যবস্থা অবলম্বন করছেন আমাদের যুক্তফ্রন্ট সরকার। এই উপলক্ষ্যে একটা কথা বলতে চাই, আমাদের সরকার তথা অর্থমন্ত্রিমহাশয় বলেছেন যে জনসাধারণের উপর কর প্রয়োগ করলেন —অর্থমন্ত্রিমণ্ডলীর কাছে আবেদন করবো যে যেসমস্ত বিদেশী কোম্পানী রয়েছে যেমন ট্রাম কোম্পানী প্রভৃতি, অন্ততপক্ষে আইনের যাতে কোন বাধা না থাকে—কিভাবে বাধা অপসারিত করে, তাদের যে মুনাফা বিদেশে রপ্তানী করে নিয়ে যায় কোটি কোটি টাকা সেই টাকাগুলো যাতে প্রেরণ বন্ধ করা যায় এবং আমাদের দেশকে পুনর্গঠনের কাজে সে টাকাটা লাগানো যায় তার একটা ব্যবস্থা করার জন্য অনুরোধ জানাচ্ছি, আমাদের মন্ত্রিসভার কাছে। আমি আর একটা কথা বলি, অপর পক্ষ আজ ক্ষমতাচ্যুত হয়ে সর্বকিছুই ধ্বংস হয়ে যেতে দেখছেন, সমস্ত কিছুই হতাশাগ্রস্ত দেখছেন, কিন্তু এটারও একটা ব্রাইট সাইড আছে। সেটা তারা দেখতে পাচ্ছেন না। সেইজন্যই শুক্লা মহাশয় আমাদের সম্বন্ধে বহু কথা বলেছেন, জনসাধারণ নাকি আমাদের ধিক্কার জানাচ্ছে। কিন্তু তাঁদের আমি বলি এই যে বাংলাদেশে সম্প্রতি ১৮টি মিউনিসিপ্যাল নির্বাচন হয়ে গেল তাতে কি এটাই পরিচয় হয়? কোথায় তাঁরা গেছেন—আসানসোলে একটা আসনেও অফিসিয়েল কংগ্রেস নির্বাচিত হতে পারেন নি, রাণীগঞ্জে কি হয়েছে, বর্ধমান শহরে এমন কি চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান-এর নির্বাচনেও তাঁরা প্রসিড করতে পারেন নি। আজকে এই অবস্থায় প্রমাণ হয়ে গেছে যে, তাঁরা কোথায় গিয়ে পেঁাছে গেছেন। তাই তাঁরা মড়াকান্না শুরু করেছেন যে বিধানসভার সদস্যদের নাকি প্রোটেকশন নেই। বাংলাদেশের মানুষ ও'দের অনেক সময় দিয়েছেন বাংলাদেশকে গড়ে তোলার জন্য, কিন্তু পারেন নি এবং এই বাজেটের মাধ্যমে নূতন পথে বাঙ্গালী জাতিকে গড়ে তোলা যাবে, জনকল্যাণমূলক এই বাজেটকে আমি পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Satyanarayan Banerjee:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সামনে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন তার সম্বন্ধে অনেক আলোচনা হয়েছে। সরকারী কর্মচারীদের যে ৯ কোটি ৬২ লক্ষ টাকা মহার্ঘ ভাতা বাড়ানো হয়েছে সেটা নিয়ে খুব বড় করে বলা হয়েছে। কিন্তু মাননীয় অর্থমন্ত্রী শ্রীজ্যোতি বসু মহাশয় স্বীকার করেছেন যে ১৯৬৫ সাল থেকে ১৯৬৭ সালের ভেতর ২ বছরে কংগ্রেসী সরকার ১৪ কোটি ৩২ লক্ষ টাকা ঐ বাবতে দিয়েছে, এই নিয়ে মোট ২৪ কোটি টাকা এখন মহার্ঘ্য ভাতা চলছে।

কাজেই আগে কংগ্রেস সরকার যে একেবারে এদের সম্বন্ধে চোখ বুজে ছিলেন সেটা অন্ততঃ তিনি বলতে পারেন নাই। এই যে ৯ কোটি ৬২ লক্ষ টাকা ডি এ বেড়েছে সেটাও কিন্তু আমরা দেখছি বাজেটে লাম্প প্রভিসন, সেটাও যে ক্যালকুলেটেড তাও কিছু বলা যায় না। এই লাম্প প্রভিসান ৯ কোটি ৬২ লক্ষ টাকা থাকবে, না সেটা কমে যাবে, না বাড়বে সেটা বলা যায় না।

মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বলেছেন যে যাঁরা সরকারী কর্মচারী নন, স্বায়ত্তশাসন প্রতিষ্ঠানে আছেন তাঁদের সম্বন্ধে কিছু করা যায় কিনা সেটা তাঁরা বিবেচনা করে দেখছেন। এই প্রসঙ্গে আমি একটা কথা বিশেষ করে বলব যে অঞ্চল সেক্রেটারী বলে যাঁদের অ্যাপয়েন্ট করা হয়েছে তাঁরা সরকারের দ্বারা বহাল হয়েছেন অথচ তাঁরা সরকারী কর্মচারীদের মত কোন ভাতা বা কোন কিছু পান না। সময় মত মাঝে মাঝে বলা হয় বটে যে তাঁদের কিছু কিছু দেওয়া হোক, তাঁদের কিছু কিছু ডিয়ারনেস অ্যালাওয়েন্স অঞ্চল থেকে দেওয়া হোক এই অনুরোধ অঞ্চলকে করা হয়। কিন্তু তাঁদের মস্ত বড় ডিফিকাল্টি হচ্ছে এই যে কোন অঞ্চল যদি দেয়ও তাহলেও যেহেতু এ'দের সার্ভিস হচ্ছে ট্রান্সফারেবল সার্ভিস সেইহেতু একটা অঞ্চল তাঁকে ১০ টাকা ডি এ দিল তারপর তাঁকে সেই অঞ্চল থেকে অন্য একটা অঞ্চলে ট্রান্সফার করে দেওয়া হল, তখন সেখানে সেই অঞ্চল বলল যে ডি এ দেওয়া হবে না। কাজেই সেই অঞ্চল সেক্রেটারীদের ব্যাপারটা বিবেচনা করার

জন্য আমি অর্থমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তারপর, বর্তমানে ন্যূনতম বেতনভোগী যারা সেই চৌকিদার, দফাদার, তাদের সম্বন্ধে তিনি চিন্তা করেছেন কি না আমি জানি না, তাদের সম্বন্ধে চিন্তা করার জন্য আমি তাঁকে অনুরোধ করব।

এর আগে আমরা দেখেছি পঞ্চায়েতে ৩ লক্ষ টাকা কমিয়েছেন, কিসের জন্য কমিয়েছেন, কিভাবে কমিয়েছেন সেটা যে বাজেট পুস্তিকা বিতরণ করা হয়েছে তার ভেতর উল্লেখ নেই। কারণ, যে যে ক্ষেত্রে কমান হয়েছে সেই আইটেমগুলি আমাদের কাছে আসে নি, যেখানে বাড়ান হয়েছে তার কাগজ আমাদের কাছে এসেছে। কাজেই কিজন্য তিনি ৩ লক্ষ টাকা কমিয়েছেন সেটা যদি আমাদের কাছে উপস্থাপিত করেন, জবাব দেওয়ার সময় যদি বলেন তাহলে আমরা খুশী হব।

তারপর তিনি বলেছেন এবারে খরার জন্য লোন কালেকসনের ব্যাপারে অনেক জায়গায় যাতে জোর করা না হয় তার জন্য তাঁরা চেষ্টা করবেন। কাজেই সেজন্য কালেকসান তিনি ২ কোটি টাকা কম ধরেছেন। এই প্রসঙ্গে আমি বলতে চাই অনেক কো-অপারেটিভ আছে যাদের মাধ্যমে অনেক টাকা লোন দেওয়া হয়েছে, তাদেরও ঠিক একই অবস্থা, তাদের লোন আদায় হচ্ছে না। কো-অপারেটিভের লোন আদায় না হলে তারা সেন্ট্রাল ব্যাঙ্কের লোন শোধ করতে পারছে না। অথচ সেন্ট্রাল ব্যাঙ্ক বলছে আমাদের পুরো লোন শোধ না হলে আমরা তোমাদের নেক্সট ইয়ারে টাকা দেব না। ফলে সেইসব কো-অপারেটিভের মেম্বাররা এ বছরে চাষের সময় এগ্রিকালচারাল লোন পাচ্ছে না। এ সম্বন্ধে কিছু করা যায় কি না আশা করি অর্থমন্ত্রী মহাশয় বিবেচনা করে দেখবেন।

তারপর, ফুড পলিসি সম্বন্ধে এই কথা বলতে চাই যে আজকে বীরভূম সব চেয়ে বেশী ফুড সাপ্লাই করেছে এ বছর, অথচ এই ফুড পলিসির জন্য বীরভূমে একচেটিয়া দুর্ভিক্ষের অবস্থা এসে গেছে। আমাদের খাদ্য মন্ত্রী মহাশয় বলেছিলেন যেখান থেকে যা খাদ্য সংগ্রহ করা হবে তার ২৫ পারসেন্ট সেখানে রাখা হবে এবং যেখানে খরা অঞ্চল সেখানে সেন্ট পারসেন্ট রাখা হবে। কিন্তু তা রাখা হয় নি, বীরভূমের ক্ষেত্রে তা রাখা হয় নি একথা আমি জোর করে বলতে পারি।

তারপর ভেস্টেড ল্যান্ড বন্দোবস্ত করার যে কথা হচ্ছে তাতে দেখা যাচ্ছে গণ কমিটি আখ্যা নিয়ে যারা ঘুরে বেড়াচ্ছে তারা সাধারণ কৃষকদের জমি করিয়ে দেব বলে তাদের কাছ থেকে একটা ফিজ আদায় করছে। সেই ফিজ আদায়ের সম্বন্ধে তাঁরা অবহিত আছেন কি না আমরা জানি না, সেটা সরকারের ফিজ নয়, তাদের ফিজ।

তারপর রেন্ট রেমিসান সম্বন্ধে তিনি বলেছেন ৩।৪ একর যাদের জমি তাদের রেন্ট রেমিসান করা যায় কি না চিন্তা করে দেখবেন। আমি বলছি যে যেটাকা রেন্ট আদায় হয় তার জন্য যা খরচ হয় তা প্রায় সমান সমান, ১ কোটি টাকা মাত্র মার্জিন থাকে। কাজেই এই রেন্ট আদায় করার চেয়ে সমস্ত রেন্ট রেমিট করে দিয়ে যদি ধানের একটা অংশ তাঁরা নেন তাহলে তাঁদের ফুড প্রকিওরমেন্ট হয় এবং সাধারণ লোকে জানবে যে প্রোডিউস না হলে আমার ঘর থেকে টাকাটা লাগবে না।

তারপর আর একটা কথা হচ্ছে এই যে থার্ড ফাইভ ইয়ার প্ল্যানে যেগুলি সিডিউল্ড হয়ে আছে সেগুলি যাতে এই বছরে আগে দেওয়া হয় সেই কথা আমি বলব।

আর সব শেষে আমি বলব অশিক্ষকদের ডি এ গ্রান্ট যা আগে দিয়েছেন সেটা এক-একটা জেলায় এক এক রকমে দেওয়া হয়েছে, অশিক্ষক কর্মচারীদের সম্পর্কে। এই সম্পর্কে আমি বিশেষ করে শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। অন্যান্য জায়গায় ১৫ টাকা দেওয়া হয়েছে ১-৪-৬৬ তারিখে কিন্তু বীরভূম জেলায় সেটা দেওয়া হয় নি একেবারে, কাজেই এদিক দিয়েও আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করতে চাই। এই কথা বলেই যদিও আরো বলবার ছিল কিন্তু স্পীকার মহাশয়ের নির্দেশে, আমি আমার বক্তব্য শেষ করছি এবং এই বাজেটের আমি বিরোধিতা করছি।

[6-45—6-55 p.m.]

**Shri Deben Das:**

মাননীয় স্পীকার মহোদয়, আমাদের মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট এখানে পেশ করেছেন আমি সেই বাজেটকে সমর্থন করছি। এই বাজেট সম্বন্ধে বলতে গিয়ে বিরোধী পক্ষ যাঁরা এতদিন শাসন ব্যবস্থা পরিচালনা করিছিলেন তাঁরা যেসব বক্তব্য বলেছেন তা আমি মন দিয়ে শুনেছি, কিন্তু তাঁরা যে কথা বলেছেন, তাদের অবগতির জন্য পরিকল্পনা কমিশনের সদস্য ডাঃ গ্যাডগিলের একটা বক্তব্য তুলে দিচ্ছি। সেই বক্তব্য শুনলে বুঝতে পারবেন ও'দের যে বক্তব্য সেটা সঠিক নয়, সেটা প্রমাণিত হবে। কারণ, তিনি পরিকল্পনা কমিশনের সদস্য এবং সারা ভারতবর্ষে তিনি একজন শ্রেষ্ঠ অর্থনীতিবিদ বলে পরিচিত। সরকার কর্তৃক অবলম্বিত নীতি এবং পরিকল্পনা একচেটিয়া পুঁজির বিকাশে সহায়ক হয়েছে। ব্যক্তিগত প্রতিটি সংরক্ষণ কোন কোন শিল্পকে আভ্যন্তরীণ বাজারে নিশ্চয়তা দান। পাঁচ বছরের জন্য সর্ব কর মুক্ত প্রভৃতি কাজ করদাতা ভোগকারী ছোট মাঝারী শিল্পের স্বার্থ বিসর্জন দিয়ে একচেটিয়া পুঁজি ও কারবারে বিকাশে সহায়ক হয়েছে। কাজেই সমাজ জীবন পুনর্গঠন করার জন্য যে পরিকল্পনাগুলি নেওয়া হয়েছে এই পরিকল্পনাগুলির প্রত্যক্ষ ফলাফল আজকে কি দেখছি, না, ভারতবর্ষে আজ মিশ্র অর্থনীতির নামে পুঁজিবাদী অর্থনীতি বিকাশে সমস্ত সহায়ক ব্যবস্থা করার ফলে সমগ্র জাতীয় জীবনে আজকে বিপর্যয়ের সৃষ্টি হয়েছে। সমাজের নিম্ন স্তরে বিশেষ করে যারা উৎপাদন করে, শ্রম শক্তি দিয়ে যারা প্রতিদিন সৃষ্টি করছে সেই সমাজের মানুষের অবস্থা দিনের পর দিন খারাপ হয়েছে এবং কিছু কিছু যারা বিত্তবান মানুষ তাদের আরো অনেক বেশী বিত্ত মজুত হয়েছে। এর ফলে আজ সমাজ জীবনে যে সংকট সেই সংকট দেখা দিয়েছে। আমি আয় বৃদ্ধির কতকগুলি পথ মাননীয় অর্থমন্ত্রী বা মন্ত্রিসভার কাছে রাখছি, তাঁরা এই বিষয়ে বিবেচনা করে দেখবেন। আয় বৃদ্ধির কতকগুলি পথ কিছু কিছু সদস্য বলেছেন কিন্তু আমি বলছি এই কোর্ট ফি আইন, এই কোর্ট ফি আইনটার ত্রুটি হচ্ছে এই হাইকোর্টে যেসব কেস হয় তাতে অরিজিনাল সাইডে যাঁরা কেস করেন, অরিজিনাল সাইডে যাঁদের বসবাস তাঁরা হচ্ছেন বাংলাদেশের শুধু নয় ভারতবর্ষের সব চেয়ে বিত্তবান অংশ। এ'রা কোন কেস করলো, ৫০ টাকা কোর্ট ফিসএ তাঁদের কাজকর্ম হয়ে যায় অথচ অ্যাপিলেট সাইডে তাঁদের যে কোর্ট ফিস দিতে হয় এই কোর্ট ফিস যদি আদায় হয় তাহলে বছরে এক কোটি থেকে দেড় কোটি টাকার মত সরকারের আয় বাড়তে পারে। কাজেই এই অরিজিন্যাল সাইডকে কেন এই সুবিধা দেওয়া হবে? যেহেতু তাঁরা কোটি কোটি টাকার মালিক সেহেতু তাঁতা সুযোগ পাবে আর সাধারণ গ্রামাঞ্চলের মানুষ যখন হাইকোর্টে অ্যাপিলেট সাইডে আসবে তখন তাঁদের পুরো ফিস দিতে হবে এই নীতির পরিবর্তন হওয়া দরকার। কাজেই এই দিক দিয়ে একটা আয় বাড়তে পারে। তারপরে ক্ষতিপূরণের যে টাকা দেওয়া হচ্ছে জমিদারদের সেখানে আমার সাজেশন হচ্ছে ৫ হাজার টাকা পর্যন্ত যাঁরা পাবেন তাঁদের টাকাটা এককালীন পরিশোধ করে দেওয়া হোক, ৫ হাজারের উপর যাঁরা পাবেন ১৫ হাজার টাকা পর্যন্ত তাঁদের কিস্তিবন্দী হিসাবে দেওয়া হোক এবং ১৫ হাজার টাকার উপরে যাঁরা পাবেন তাঁদের টাকাটা এ বছরের জন্য স্থগিত রাখা হোক। এই টাকাটা যদি তাঁদের না দেওয়া হয় তাহলে এই টাকা দিয়ে বাংলাদেশের অর্থনীতিকে মজবুত করতে অনেকখানি সুবিধা হবে। তারপর বার্ষিক যাঁদের ১০ হাজার টাকা আয় তাঁদের উপর একটা লেভি ধার্য করুন যাতে অতিরিক্ত আয় হতে পারে। আমাদের মাথা ভারি যে শাসন ব্যবস্থা চলেছে সেখানে অজস্র অফিসারের পদ বিগত কয়েক বছরে সৃষ্টি করা হয়েছে, অফিসারের পর অফিসার হয়েছে, এত অফিসারের কোন প্রয়োজন নেই এবং বিভিন্ন বিভাগে আইডল্ অফিসার বসে আছে। সুতরাং এই যে মাথা ভারি শাসন ব্যবস্থা রয়েছে তা সম্পূর্ণভাবে শাসন সংস্কারের মাধ্যমে অনেক টাকা সাশ্রয় করা যেতে পারে বলে আমি মনে করি।

তাছাড়া বিগত সরকারের আমলে জমিদারী দখল আইন পাশ হলেও এখনো কলকাতা সহরের বুকে সেই জমিদারী পুরা বজায় রেখে দিয়ে গেছেন তাঁরা। নিশ্চয়ই আগামী দিনে জমিদারী দখল আইনের সংস্কার হবে, ভূমিসংস্কার আইনের সংশোধন হবে। কারণ এখনো সেখানে ঠাকাবাজী চলছে, এটা উচ্ছেদ করতে হবে। সেদিক থেকে তাহলে আরো বেশী টাকা আদায় হতে পারে, আয় হতে পারে এবং ঘাটতি বাজেট পূরণের এই একটা উপায় বা পথ হতে পারে।

তারপর সবচেয়ে বড় সংকট খাদ্য সংকট। তার প্রধান কারণও এখানে নিহিত রয়েছে। কংগ্রেস সরকার যে জমিদারী দখল আইন করলেন, ভূমি সংস্কার আইন করলেন, তাতে প্রকৃত কৃষক যারা জমি চাষ করে নিজ হাতে, তাদের জমি থেকে বঞ্চিত করা হল এবং বড় বড় জোতদাররা বেআইনী জমি হস্তান্তর করে দিল। তার ফলে কৃষিতে বিপর্যয় সৃষ্টি হয়েছে। এর আমূল পরিবর্তন না হলে বাংলাদেশের খাদ্য সংকট দূর হবে না, খাদ্য সমস্যারও সুষ্ঠু সমাধান কোন-কালে হবে না। এর জন্য প্রয়োজন প্রকৃত চাষীর হাতে কৃষকের হাতে জমি দেওয়া। তাদের হাতে জমি দিতে হবে, মহাজনের ঋণের বোঝা থেকে মুক্তি দিতে হবে। আজ কৃষক ঋণভারে জর্জরিত হয়ে পড়েছে; ক্রমবর্ধমান ঋণের বোঝা তার উপর চেপেছে। যে গরীব কৃষক ফসল উৎপন্ন করে, সে নিজে তা ভোগ করতে পারে না। তাকে সব মহাজনের ঘরে তুলে দিয়ে আসতে হয়। কাজেই গ্রামের প্রায় সকল মানুষকেই খাদ্য কিনে খেতে হয়। তা না হলে সহরের মানুষ আরো বেশী খাদ্য পেত। সুতরাং আজকে প্রয়োজন ভূমি সংস্কারের, সঙ্গে সঙ্গে কৃষকদের ঋণভার লাঘব করবার জন্য সুসংবদ্ধ আইন প্রণয়ন, এই সব সুদখোর মহাজনদের উপর ট্যাক্স বসিয়ে বাড়তি আয় সরকার করতে পারেন। তাতেও ঘাটতির বাজেট অনেকখানি পূরণ হতে পারবে।

সমাজ-জীবনে আর একটি জিনিষ চতুর্দিকে দেখা দিয়েছে। গ্রামের ক্ষেত-মজুরদের মধ্যে ব্যাপক বিক্ষোভ সুরু হয়েছে। যখন খাদ্য ও অন্যান্য প্রয়োজ্যীয় জিনিষপত্রের দাম বেড়েছে, তখন তাদের মজুরীর হার বাড়ে নাই। ১৯৫৯ সালে একটি আইন করে এই ক্ষেতমজুরদের মজুরীর হার বেঁধে দেওয়া হয়েছিল। কিন্তু আজকে যেভাবে দ্রব্য-সামগ্রীর দাম বেড়েছে, সেই অনুপাতে তাদের মজুরীর হারও বাড়ান প্রয়োজন।

এই কথা কয়টি বলে আমি এই বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Guiram Maji:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট এখানে পেশ করেছেন, আমি তার প্রতি আমার সমর্থন জানাচ্ছি। তিনি ঘাটতি বাজেট পেশ করেছেন সত্য। কিন্তু কোন সরকার বা কোন দেশের লোক সাধারণতঃ এই ঘাটতি বাজেট সমর্থন করেন না। তবে যে পরিস্থিতির মধ্যে পড়ে এই ঘাটতি বাজেট পেশ করা হয়েছে, তা বিবেচনা করা দরকার। ২০ বছর স্বাধীনতার পরে পশ্চিম বাংলার মানুষ যে আজ কোন স্তরে এসে পেঁৗছেছে, তা এই প্রসঙ্গে একটু দেখা দরকার। স্বাধীন দেশের মানুষ আজ ২০ বছর স্বাধীন হবার পরও জল খেতে পারে না—এই কথা যদি বার বার তিন বার বলি তাহলে বুঝতে পারবেন—কত অসহায় আমরা, আমাদের অর্থনৈতিক বনিয়াদ কত আলগা! এই হচ্ছে স্বাধীনতার ইতিহাস। তার উপরে আছে বিদেশী ঋণের বোঝা। আমরা তার সুদও শোধ করতে পারছি না। এই রকম অবস্থায় কি করে আমাদের অর্থমন্ত্রী সেই রকম বাজেট পেশ করবেন যাতে করে আলাদীনের প্রদীপের মত মুহূর্তের মধ্যে আমাদের জীবনযাত্রার মান উন্নীত করে দেবেন? এই রকম পরিস্থিতি। আমাদের যে ক্ষমতা তা অতি সীমাবদ্ধ, আমরা বহুল পরিমাণে কেন্দ্রীয় সরকারের উপর নির্ভরশীল। কতকগুলি সংবিধান-গত বাধানিষেধ আছে যার জন্য আমরা ইচ্ছানুসারে আমাদের আয় বাড়াতে পারি না। তারপরে যে সমস্ত কর ও শুল্কে বাবদ টাকা আদায় হয়, তার সুষ্ঠু বণ্টনের ব্যাপারে আমাদের প্রতি কেন্দ্রীয় সরকারের একটু আন্তরিকতার অভাব আছে।

[6-55—7-05 p.m.]

একটা উদাহরণ দিলে তা অতি সুস্পষ্ট হয়ে উঠবে। যেমন কর এবং শুল্ক বাবদ যে আদায় হয় যা থেকে কেন্দ্রের রাজস্ব পূর্ণ হয়, কেন্দ্র তার জন্য প্রাণপণ চেষ্টা করেন আর অন্য যা থেকে আমাদের সরকারের তহবিলে আসে তার প্রতি কেন্দ্রের মোটেই আন্তরিকতা প্রকাশ পায় না। একটা উদাহরণ দিলেই অতি সুস্পষ্ট হয়ে উঠবে। যেমন ১৯৬০-৬১ সালে কর এবং শুল্ক বাবদ কেন্দ্রের আদায় ছিল ৪১৬ কোটি টাকা। আর এ বছর তা বেড়ে হয়েছে ১১শো ১৬ কোটি টাকা। কত বৃদ্ধি পেয়েছে। আমাদের রাজ্যের জন্য যা এসেছে ১৯৬০-৬১ সালে ৩৩·৬০ কোটি টাকা। আর এ বছর সামান্য বৃদ্ধি পেয়ে হয়েছে ৫০·৫৬ কোটি টাকা। এই থেকে বোঝা যায় যে রাজ্য সরকারগুলির আর্থিক দুর্দশা সম্পর্কে কেন্দ্র কতটা উদাসীন। মাননীয় অর্থমন্ত্রী

মহাশয় যে বাজেট পেশ করেছেন তাতে তিনি সেচ এবং এবং কৃষি খাতে বেশী টাকা ব্যয়বরাদ্দ রেখেছেন। আমি এখানে বিশেষ করে বাঁকুড়ার খরা অঞ্চলের জন্য তাঁর দৃষ্টি আকর্ষণ করতে চাই। এ ছাড়াও আমাদের খাদ্যমন্ত্রী মহাশয় তিনি এই হাউসে বলেছেন যে আগামী বছরেও আমাদের গম পাওয়া যাবে না। সুতরাং এই যদি অবস্থা হয় তাহলে আমি বলতে চাই যে উত্তর বাঁকুড়াতে বৃষ্টিপাতের পরিমাণ কমে যাচ্ছে এবং অনিবার্য কারণে বৃষ্টিপাতের হার সেখানে কমে যাচ্ছে। সেখানে সেচের ব্যবস্থা করতে হলে একমাত্র অল্টারনেটিভ উপায় হল একমাত্র দামোদর থেকে পাম্প বসিয়ে জল আনা। এবং সেই পাম্প থেকে ওখানে জল আনতে হলে সেই পাম্পকে ইলেকট্রিফিকেশন করা দরকার। কাজেই এই দিকে আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের বিশেষ দৃষ্টি আকর্ষণ করতে চাই। আজকে দামোদরের ধারে ধারে ইলেকট্রিক বসিয়ে ঐ পাম্পগুলি যদি ইলেকট্রিফিকেসান করা হয় তাহলে উত্তর বাঁকুড়াতে সেচের ব্যবস্থা করতে পারা যায়। কারণ আগামী বছর যখন মোটেই গম পাওয়া যাবে না সেজন্য এ বছর যাতে আমাদের সেচের কাজ ভাল ভাবে হয় সেদিকে আমাদের লক্ষ্য রাখতে হবে। ঐ খরা অঞ্চলের চাষীদের যাতে কিছু ঋণ দেওয়া যায় সেদিকেও লক্ষ্য রাখতে হবে। যে ঋণ তারা পায় তা মোটেই পর্যাপ্ত নয় এবং বিনা সর্তে যাতে ঋণ পেতে পারে তার ব্যবস্থা করা দরকার। সেজন্য আমি অনুরোধ করবো যে দৃষ্টি ভঙ্গীর পরিবর্তন করা দরকার। যাই হোক অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তার মধ্যে সত্যিকারের একটা নতুন দৃষ্টিভঙ্গী পাওয়া যায়, সেজন্য আমি তাঁর বাজেটকে পূর্ণ সমর্থন করে আমার বক্তৃতা শেষ করছি।

**Shri Monoranjan Bakshi:**

মাননীয় স্পীকার মহাশয়, দীর্ঘ ২০ বছর কংগ্রেস রাজত্ব বাংলাদেশে বুকের উপর যে বসেছিল তার অবসান হয়েছে। যুক্তফ্রন্টের মন্ত্রিসভার অর্থমন্ত্রী আজকে যে বাজেট পেশ করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন করছি। আজকে অত্যন্ত আশার কথা বাংলাদেশের জনসাধারণও এই বাজেট সমর্থন করেছেন। আজকে এই বাজেট বাংলাদেশের জনসাধারণের আশা আকাঙ্খার পূর্ণ প্রতীক। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি যদি এই বাজেট লক্ষ্য করেন তাহলে দেখবেন এর প্রধান বৈশিষ্ট্য হচ্ছে যে জনকল্যাণের জন্য ব্যয় বরাদ্দ বৃদ্ধি করা হয়েছে। যেমন সেচ, কৃষি উৎপাদন, বিদ্যুৎশক্তি. শিক্ষা, স্বাস্থ্য, মৎস্য চাষ. ত্রাণ বিভাগ এই সমস্ত বিভাগে ব্যয় বৃদ্ধি করা হয়েছে। অপর দিকে দেখা যাচ্ছে প্রশাসন খাতে পুলিশ বিভাগে ব্যয় হ্রাস করা হয়েছে। কাজেই এই বাজেটকে বাংলাদেশের আপামর জনসাধারণ পরিপূর্ণ সমর্থন করছেন। আজকে যারা মাঠের মানুষ—কৃষক, মজুর, শ্রমিক, মজদুর, সাধারণ লোক সকলেই এই বাজেটকে সমর্থন করছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয় বাজেটের মধ্যে আমরা দেখতে পাচ্ছি রাজ্য সরকারী কর্মচারীদের এবং বেসরকারী স্কুল কলেজের শিক্ষক, অশিক্ষক সকলেরই আজকে মাগ্গিভাতা বৃদ্ধি করা হয়েছে এবং এই বাবদ ১১ কোটি ১৫ লক্ষ টাকা ব্যয় করা হচ্ছে। এ ছাড়াও আমরা দেখতে পাচ্ছি, যাঁরা পেনসেনভোগী তাঁদের প্রতিও সরকার লক্ষ্য রেখেছেন।

তাছাড়া যাঁরা স্বায়ত্তশাসন বিভাগের কর্মচারী তাঁদেরও কিছু দেবেন বলে তিনি প্রতিজ্ঞা করেছেন। আমরা দেখতে পাচ্ছি এই বাজেটের মধ্যে আমাদের অর্থমন্ত্রী চেষ্টা করেছেন কিভাবে আমাদের বাংলাদেশে পূর্বে যে কংগ্রেস সরকার ছিল তাঁরা বরাবর যে খাদ্যে ঘাটতি দেখিয়ে এসেছেন কিভাবে খাদ্যে ঘাটতি না আসতে পারে, বা ২ বছরের মধ্যে কিভাবে আমরা খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হতে পারি বা খাদ্য উৎপাদন বৃদ্ধি করতে পারি সেজন্য তিনি বেশী করে কৃষি বিভাগের বরাদ্দ মঞ্জুর করেছেন. সেচের জন্য বেশী বরাদ্দ মঞ্জুর করেছেন। আমরা দেখতে পাচ্ছি বাংলাদেশের পল্লী অঞ্চলে যে ডিপ টিউবওয়েল করা হয়েছে এনার্জির অভাবের জন্য সেগুলি সব পড়ে আছে। আজকে আমাদের অর্থমন্ত্রী বলেছেন তাঁর বাজেটে যে এই ডিপ টিউবওয়েল বসানো বাদ দিয়ে গ্রামাঞ্চলে যে পুষ্করিণী আছে সেগুলি উদ্ধার করবেন এবং তার মধ্য দিয়ে মৎস্য চাষ হবে. সেচের জল পাওয়া যাবে ইত্যাদি। কাজে কাজেই এদিক দিয়ে এই বাজেটকে আমি সত্যিকারে সমর্থন করতে প্রস্তুত এবং জনসাধারণও এটা সমর্থন করছেন। আমরা আরো দেখতে পাচ্ছি এই বাজেটের মধ্য দিয়ে আমাদের অর্থমন্ত্রী পরিষ্কার বলে দিয়েছেন যে আমাদের এই যে ১৮ কোটি টাকা ঘাটতি এটা মেক আপ করার জন্য যেন কেন্দ্রীয় সরকার আমাদের ন্যায্য প্রাপ্য দিয়ে দেন। আমরা দেখতে পাচ্ছি যে কেন্দ্রীয় সরকার বারবার কংগ্রেস সরকারের সঙ্গে সহযোগিতা করেছে, আমাদের যুক্তফ্রন্ট সরকারকেও তাঁরা কিন্তু দিচ্ছেন না। আমরা দেখতে

পাচ্ছি যে প্রায় ১৭৭ কোটি টাকা যে দেয়া হবে বিভিন্ন রাজ্যকে ভারতবর্ষের তার মধ্যে পশ্চিমবঙ্গকে দেওয়া হবে মাত্র এক কোটি টাকা। কাজেই এই বাজেটের মধ্য দিয়া আমরা দেখতে পাচ্ছি যে কেন্দ্রীয় সরকার আমাদের প্রতি অবিচার করছেন। সুতরাং আজকে আমাদের ন্যায্য টাকা আদায় করতে হলে আমাদের পশ্চিম বাংলার আপামর জনসাধারণকে আন্দোলন করে তা আদায় করতে হবে এবং আমাদের যে ঘাটতি আছে তা মেক আপ করতে হবে। আপনি আরো বলেছেন যে বাংলাদেশের যে বিভিন্ন অঞ্চল খরা বলে ডিক্লেয়ার্ড হয়েছে সেসমস্ত এলাকায় খাজনা মকুব করা হয়েছে। আমি জানি বর্ধমান জেলায় আসানসোল মহকুমাতে চাষ ভাল হয়নি। দীর্ঘদিন ধরে প্যাকেজ স্কীম করা হয়েছে কিন্তু প্যাকেজ স্কীমে কোন কাজ হয়নি। কাজে কাজেই আজকে আমরা তার ফলভোগ করছি। আজকে আসানসোল মহকুমা এবং বর্ধমান সদরের বহু জায়গাকে ড্রট বলে ডিক্লেয়ার করা হয়েছে এবং আসানসোল মহকুমায় অন্ডাল প্রভৃতি থানায় খাদ্যাভাব দেখা দিয়েছে আসানসোল মহকুমাতেও। আজকে সরকার যেন এদিকে সজাগ দৃষ্টি দেন এবং সাহায্য প্রদান করেন সেজন্য আমি মন্ত্রীদের দৃষ্টি আকর্ষণ করছি। বর্ধমান জেলায় একটা নাম ছিল শস্যভাণ্ডার বলে, আজ আর তা নেই। দীর্ঘদিনে কুশাসনের ফলে আজকে কৃষি ব্যাহত হয়েছে, সেচের কাজ বিশেষ কিছুই হয়নি। আজকে যুক্তফ্রন্ট সরকারকে নূতন দৃষ্টি নিয়ে সেই এলাকাতে কাজ করতে হবে এবং সেচের উন্নয়নের কথা ভাবতে হবে—তা করলে আমার মনে হয় আমরা আরো উন্নতিলাভ করবো। আমি পুনরায় এই বাজেটকে সমর্থন করে আমার বক্তৃতা শেষ করছি।

[7-05--7-11 p.m.]

**Shri Radhika Nath Pramanick:**

অনারেবল মিঃ স্পীকার স্যার, দীর্ঘ ২০ বছর পরে পশ্চিম বাংলার প্রথম অকংগ্রেসী সরকারের উপমুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রীর এই বাজেটকে আমি অভিনন্দন জানাচ্ছি এবং সমর্থন করছি। অর্থনীতির সূক্ষ্ম যুক্তি তর্ক দিয়ে এই বাজেটকে বিচার বিশ্লেষণ করবার মত পাণ্ডিত্য আমার নেই, সাধারণ বুদ্ধিতে এটুকু বুঝি দীর্ঘ ২০, বছর ধরে এই কংগ্রেস তাদের বিদ্যাবুদ্ধি দিয়ে অনেক কিছু রূপে, রঙ্গে, রসে বহু বাজেট বাঙ্গালীর সামনে পেশ করেছেন। অনেক আশা, অনেক ভরসা, অনেক জল্পনা পরিকল্পনায় ধোঁকাবাজী আমরা দেখেছি কিন্তু তার বিনিময়ে দীর্ঘ ২০ বছরে আমরা যা পেয়েছি তা আমরা ভুলিনি, বাংলাদেশের লক্ষ লক্ষ কোটি কোটি মানুষ তা ভোলেনি। বাংলাদেশের যুক্তফ্রন্ট সরকারের এই প্রথম বাজেট যেটা রচিত হয়েছে, সাধারণ মানুষের প্রতি দরদ এবং ভালবাসা দিয়ে যে বাজেট পরিবেশন করা হল আমরা জানি বাংলাদেশের লক্ষ লক্ষ কোটি কোটি মানুষ এই বাজেটকে সমর্থন করবে। আমরা জানিনা এই যে বাজেট রচিত হয়েছে তাতে রাস্তা হবে কি হবে না, স্কুল হাসপাতাল হবে কি হবে না—যদি না হয় তাহলে জানবো সেই কংগ্রেসীদের চক্রান্তের জন্য হবে না, যদি বাংলাদেশের মানুষ খেতে না পায় তাহলে জানবো আপনাদের চক্রান্তের জন্য খেতে পাচ্ছে না। তাই আজ বাংলাদেশের কোটি কোটি মানুষের সামনে রাস্তা হবে কি হবে না, রিভলিউশনারী বাজেট তার নো রিভলিউসনারী বাজেট, রাস্তা তার নো রাস্তা বাংলাদেশের মানুষ কংগ্রেসকে আর ফিরিয়ে আনবে না এই গদীতে। এ সম্বন্ধে আপনারা যতই গালাগালি করুন বিধানসভার ভেতরে আর বাইরে, লেফট সি পি আই, মার্কসপন্থী কমিউনিস্টদের সম্বন্ধে যতই মাও মাও করে চীৎকার করুন তাতে কিছুই হবে না। আমরা জানি আপনারা গান্ধীজীর অহিংসবাদ, গান্ধীজীর সত্য এবং ন্যায়ের ধারক এবং বাহক কিন্তু আপনাদের আর একটা পরিচয় আছে সেটা আমরা জানি—বড়বাজারের কালোবাজারী, মুনাফাখোর যারা তাদের সঙ্গে আপনাদের যোগসাজস আছে, আপনাদের পরিচয় আমরা জানি, মার্কিন সাম্রাজ্যবাদের সাথে আর গান্ধীজীর অহিংসবাদের এই যে শুভ পরিণয় এটা আমরা জানি। আপনাদের জনসন সাহেবের মাথায় গান্ধী টুপি পরালে যা হয় আপনাদের দিকে তাকালে মনে হয় "বক কহে কচ্ছপে, বাহবা কি ফূর্তি, অতিথাসা আমাদের বকচ্ছপ মূর্তি" আপনাদের দিকে তাকালে একথা মনে পড়ে যে জনসন সাহেবের মাথায় গান্ধী টুপি। আমরা জানি যে গ্রামাঞ্চলে যখন ভূত ধরে তখন অনেক লোক দেখতে যায় সত্যিকারের যদি ভূত ধরে থাকে তাহলে ওঝা দেখলে ঠিক জানতে পারে। আপনাদের জনসন সাহেবের ভূত ধরেছে মার্কিন সাম্রাজ্যবাদের ভূত। সত্যিকারের মাওপন্থী দেখলে আপনারা জানতে পারেন এবং তখন মাও মাও করে চীৎকার করেন।

[illegible] নাথ: অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, এটা কি বাজেটের উপর বক্তৃতা হচ্ছে?

মিঃ স্পীকার: আর একটুখানি পরে সমাপ্তি হবে, একটু বসুন।

শ্রীরাধিকানাথ প্রামানিক: আমি বাজেটের উপরই বলছি। অর্থনীতির ছাত্র আমি নই, আমি অঙ্কের ছাত্র আমার দুর্বলতা, আমার অক্ষমতা আমি পূর্বেই প্রকাশ করেছি যে সূক্ষ্ম অর্থনীতির বিচার বিশ্লেষণ করবার পান্ডিত্য আমার নেই কিন্তু সাধারণ বাঙ্গালী হিসাবে এটুকু বুঝেছি যে আমাদের যুক্তফ্রন্ট সরকার রাস্তা দেবে কি দেবে না, হাসপাতাল দেবে কি দেবে না তা নিয়ে আমরা চিন্তা করি না কিন্তু কংগ্রেসকে আর আমরা ফিরতে দেব না। আমরা আপনাদের অনেক কিছু দেখেছি কিন্তু আমরা এটুকু বুঝেছি যে বাংলাদেশের জনসাধারণ আমাদের যুক্তফ্রন্ট সরকারের বাজেটকে অভিনন্দন জানাবে এবং সমর্থন জানাবে এবং এটা আমি বলে দিতে চাই

This Government of the people, by the people and for the people will never perish from West Bengal.

এটা আপনারা নিশ্চয়ই বুঝতে পারবেন। আপনারা যতই সমালোচনা করুন তবুও অশ্রুজলে রচিত এই বাজেটকে, জনসাধারণের প্রতি দরদ দিয়ে লেখা এই বাজেটকে বাংলাদেশের মানুষ অভিনন্দন জানাবে। শেষ করবার আগে আমি এটুকু বলতে চাই যে এমন দিন আসছে যেদিন সারা বাংলাদেশের, সারা ভারতবর্ষের, সারা পৃথিবীর মানুষ এটুকু বুঝতে পারবে—আমরা পড়েছিলাম সেই

Cannons to the left of them, cannons to the right of them, cannons in front of them, volleyed and thundered. Theirs not to make reply, theirs not to reason why, theirs but to do or die.

Into the world of victory, into the world of glory and into the world of prosperity rode the 40 million people of Bengal, 450 million people of India and 3,290 million people of the world.

## Adjournment

The House was then adjourned at 7-11 p.m. till 1 p.m. on Tuesday, the 4th July, 1967, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Tuesday, the 4th July, 1967, at 1 p.m.

## Present

Mr. Speaker (Shri BIJOY KUMAR BANERJEE) in the Chair, 17 Ministers and 232 Members.

## Held over questions of 27th June, 1967

## STARRED QUESTIONS

## (to which oral answers were given)

[1—1-10 p.m.]

### Conflicts between the police and the public

***1.** (Admitted question No. *41.)

**শ্রীমহঃ আব্দুল বারিঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৬ সালের জানুয়ারি মাস হইতে ১৯৬৭ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত কোন্ জেলার কোন্ স্থানে কয়বার পুলিশের সহিত জনসাধারণের সংঘর্ষ হইয়াছে;

(খ) উহাতে কোন্ স্থানে কয়জন (১) সরকারী কর্মচারী এবং (২) সাধারণ ব্যক্তি আহত ও নিহত হইয়াছেন;

(গ) ঐ সংঘর্ষের ফলে কোন্ স্থানে কয়টি (১) সরকারী এবং (২) বেসরকারী সম্পত্তি নষ্ট হইয়াছে; এবং

(ঘ) সাধারণত কি কি কারণে উক্ত সংঘর্ষগুলি হইয়াছিল?

**Shri Ajoy Kumar Mukhopadhyay:**

(ক), (খ), (গ), (ঘ) এ সম্পর্কে একটি বিবরণী লাইব্রেরী টেবিলে রক্ষিত হইল।

### Attack on Congress workers

***2.** (Admitted question No. *63.) **Shri Bijoy Singh Nahar:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether the Government is aware of the attack on Congress workers and others during the month of March, April and May, 1967, within the Behala P.S.;

(b) if so, what steps, if any, Government has taken to stop further recurrence of such attack;

(c) the reason for the police inaction in not taking any steps to bring the culprits to book;

(d) whether it is a fact that even lady workers of the Congress were not spared; and

(e) how many incidents of violence have happened in Behala P.S. during the period mentioned in (a) above?

**Shri Ajoy Kumar Mukhopadhyay:**

(এ) কয়েকটি আক্রমণের ঘটনা ঘটিয়াছিল কিন্তু কংগ্রেস কর্মী বলিয়াই ঐরূপ কোন আক্রমণ করা হয় নাই। কয়েকটি ক্ষেত্রের আক্রমণ শ্রমিক ইউনিয়নের প্রতিদ্বন্দ্বিতার ফল বলিয়া জানা গিয়াছে।

(বি) ঘটনার অব্যবহিত পরেই পুলিশ প্রহরার ব্যবস্থা করা হইয়াছিল। ভ্রাম্যমাণ পুলিশেরও ব্যবস্থা করা হয়। পুলিশের বেতার গাড়ি ও উপদ্রুত এলাকায় নিয়মিত টহল দিয়া বেড়াইতেছে। তাহা ছাড়া এই সমস্ত ঘটনায় সংশ্লিষ্ট আসামীগণকে গ্রেপ্তার করিবার জন্য পুলিশ ঘন ঘন হানা দিতেছে।

(সি) এই প্রশ্ন ওঠে না।

(ডি) সরকারের নিকট এইরূপ ঘটনার কোন সংবাদ নাই।

(ই) ছয়টি।

**ডঃ প্রতাপচন্দ্র চন্দ্র:** পুলিশ ঘন ঘন হানা দিচ্ছে এই কথা মুখ্যমন্ত্রী মহাশয় বললেন। কিন্তু হানা দিয়ে কতজনকে গ্রেপ্তার করেছে সেটা জানাতে পারবেন কি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** এরা সব লুকিয়ে পড়েছে, আর একজনকেও ধরা যায় নি।

**শ্রীবিজয়সিং নাহার:** ৬টি ইনসিডেন্টের কথা বলেছেন। তাদের নাম দিতে পারবেন কি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** (১) গত ২২শে মার্চ তারিখে সুরেন পাল নামক এক ব্যক্তিকে মারধোর করা হয়েছে এইরূপ খবর পেয়ে বেহালা থানার ও সি সি আই এবং অতিরিক্ত পুলিশ সুপারিন্টেন্ডেন্ট ঘটনা স্থলে হাজির হন এবং দেখতে পান রক্তাক্ত ক্ষত সহ সুরেন পাল সরশুনাস্থিত সেবা সমিতির বারান্দায় পড়ে আছেন। (২) গত ২২শে এপ্রিল বেলা প্রায় ৭॥টার সময় জনৈক কীর্তিভূষণ সিংহ পুলিশের নিকট এইরূপ অভিযোগ জানান যে যখন তিনি নিজে ইন্ডিয়ান ইলেকট্রিক ওয়ার্কস-এর কয়েকজন কর্মী সহ ওয়ার্কসপ থেকে বাহিরে যাচ্ছিলেন তখন কমল নামে এক ব্যক্তি তাঁকে ধরে ঘুসি, চড়, কিল ইত্যাদি দ্বারা মারপিট করে। এই সম্পর্কে বেহালা থানায় ভারতীয় দণ্ডবিধির একটি ধারা অনুসারে মামলা রুজু করা হয়েছে এবং এই ঘটনার কারণ ইউ এন টি ইউ সি এবং আই এন টি ইউ সি-র মধ্যে ঝগড়া বলে মনে হয়। (৩) গত ৩রা মে তারিখে রামবিলাস সিং এবং আরো কয়েকজন কর্মচারী উক্ত ওয়ার্কসের কিছু কর্মচারী কর্তৃক নিগৃহীত হন। পূর্বতন ট্রেড ইউনিয়নের ব্যাপার বলিয়া মনে হয়। (৪) গত ১১ই মে তারিখে রাত্রি প্রায় ১২॥টার সময় অরুণকুমার সিংহ নামক এক ব্যক্তি আর এক ব্যক্তির সহিত বেহালা থানায় আসেন এবং পূর্বোক্ত ব্যক্তির মাথায় ব্যান্ডেজ দেখিয়ে এইরূপ অভিযোগ করেন যে এক অপরিচিত যুবক পূর্বতন রাত্রি প্রায় ১৭॥টার সময় আহত ব্যক্তিকে বাড়ী থেকে তাকে বাসুদেব মৈত্রের বাড়ীতে নিয়ে যায়। উক্ত বাসুদেব মৈত্র এবং করালী বলে আর এক ব্যক্তি তাকে মারধোর করে। (৫) গত ২২শে মে তারিখে প্রফুল্লকুমার দত্ত নামক এক ব্যক্তি নিমাইচন্দ্র গুছাইত সমেত থানায় আসে। এবং রক্তাক্ত ডান ভুরু দেখাইয়া এইরূপ অভিযোগ করে যে বিকাল প্রায় ৫॥টার সময় তিনি যখন একটি ট্যাক্সিতে করে কলিকাতা অভিমুখে যাচ্ছিলেন তখন ইন্ডিয়া ফ্যানের কয়েকজন কর্মচারী তার ট্যাক্সি থামিয়ে তাকে টেনে নামায় এবং মারধোর করে। এই সম্পর্কে কেস হয়েছে। (৬) গত ২৯শে তারিখে শান্তিকুমার সরকেল নামক এক ব্যক্তি বেহালা থানায় এইরূপ অভিযোগ করেন যে তিনি যখন বাড়ী ফিরছিলেন তখন এক দল লোক তাঁকে আক্রমণ করে এবং এ বিষয়ে একটি মামলা রুজু করা হয়েছে। ইন্ডিয়া ইলেকট্রিক ওয়ার্কসের সামনে ঘটনার অব্যবহিত পরে একদল পুলিশ মোতায়েন করা হয়, বীরেন রায় রোডেও এক দল পুলিশ মোতায়েন করা হয় এবং এই সমস্ত পুলিশ উপদ্রুত অঞ্চলে টহল দিচ্ছে। বেতার যোগাযোগকারী পুলিশ গাড়ী সহ এই সমস্ত এলাকায় নিয়মিত টহল দিয়ে বেড়াচ্ছে। গ্রেপ্তার করবার জন্য প্রায়ই হানা দেওয়া হচ্ছে। এই কথা মোটেই সত্য নয় যে এই ঘটনার পুনরাবৃত্তি রোধ করবার জন্য পুলিশ কোন কিছু করে নাই।

**শ্রীবিজয় সিং নাহার:** আপনি ছটি ঘটনার কথা উল্লেখ করেছেন কিন্তু আরও ৫টি ঘটনা ওখানে ঘটেছে, আপনাকে বোধ হয় ঠিক মত জানানো হয় নি, এই রকম আরও ঘটনা ঘটেছে কি না ইনকোয়ারী করে দেখবেন কি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** আমাকে ছ'টি ঘটনা দেওয়া হয়েছে।

**শ্রীরবীন মুখার্জি:** আপনি যে স্টেটমেন্ট দিলেন তার উপর জানতে চাইছি যে সুরেন পাল নামক একজন কংগ্রেস ওয়ার্কার—যেহেতু এখানে লেখা আছে সেই জন্য বলছি যে এই রকম কি তথ্য আপনার কাছে আছে যে ঐ ব্যক্তি অন্ততঃ কয়েকশত রিফিউজি পরিবারের জমি জোর করে দখল করেছেন এবং মুসলমানদের উৎপীড়ন করে ঐ অঞ্চল থেকে বার করে দিয়েছে?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** না, আমার কাছে নেই, নোটিশ দিলে বলতে পারবো।

**শ্রীরবীন মুখার্জি:** সুরেন পাল নামক ব্যক্তি, যিনি কংগ্রেস ওয়ার্কার বলে লেখা আছে, এই কথা কি সত্য যে ব্ল্যাকমার্কেটিং করার জন্য তার একটা রেশন কার্ড ছিল সেটা কেড়ে নেওয়া হয় সরকার থেকে?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** আমার জানা নেই উনি কংগ্রেসকর্মী কিনা।

**শ্রীরবীন মুখার্জি:** একথা কি সত্য যে অরুণকুমার বলে যে ব্যক্তির কথা বলা হলো এবং থানায় নিয়ে যাওয়া হলো—সরকার কি অনুসন্ধান করে দেখেছেন যে এই ব্যক্তি অ্যান্টি সোশ্যাল এলিমেন্ট বলে পরিচিত এবং তার সঙ্গে যে কেসটা সেটা নারী ঘটিত ব্যাপার?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** আমার জানা নেই। আমার কাছে যাঁরা আহত হয়েছেন, যাঁরা অভিযোগ করেছেন, তাঁদের শুধু নাম আছে।

**শ্রীরবীন মুখার্জি:** এই কথা কি সত্য যে ইন্ডিয়া ইলেকট্রিক কোম্পানীতে যে কয়েকটা ঘটনা ঘটেছে এবং যারা নালিশ করেছে তাদের হাতে ড্যাগার, লাঠি এবং গুণ্ডামি করার জন্য অন্যান্য অস্ত্র ছিল এবং পাবলিক তাদের যখন ধরলো তখন তাদের হাত থেকে ঐগুলো কেড়ে নেওয়া হয়েছিল?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** নোটিশ দিলে বলতে পারবো।

**শ্রীরবীন মুখার্জি:** এই কংগ্রেসী বলে যার নামে দুঃখজনক ঘটনা ঘটেছে বলা হয়েছে, যেকোন একজন মন্ত্রী কিংবা অন্য কেউ হন, তিনি অনুসন্ধান করবেন কি সরকার থেকে যে কি ধরনের নারীঘটিত কেলেঙ্কারীর ভেতর জড়িত রয়েছে?

(নো রিপ্লাই)

**ডাঃ গোপিকারঞ্জন মিত্র:** সাপ্লিমেন্টারি কোশ্চেন, স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় তাঁর উত্তরে বলেছেন যে কংগ্রেস কর্মীরা বলে কারো উপর মারধর করা হয়নি। কিন্তু তিনি যে উত্তর দিলেন তার থেকে কি এটা প্রমাণিত হচ্ছে যে ইউনিয়ন রাইভ্যালরির জন্য ইউনিয়নের লোক বলেই মারধর করা হয়েছে?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** আমি ত বললাম যে একটা ক্ষেত্রে আছে যে এ আই টি ইউ সি এবং আই এন টি ইউ সি-র মধ্যে হয়েছে।

**ডাঃ গোপিকারঞ্জন মিত্র:** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় কি জানেন, আমার আগে যিনি সাপ্লিমেন্টারি করেছেন মাননীয় সদস্য শ্রীরবীন মুখার্জি তিনিও এর সঙ্গে জড়িত আছেন?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** মোটেই নয়।

**শ্রীমতী বিভা মিত্র:** এই জমি দখল করার সময় যখন বিভিন্ন দলের মারামারি হয় তখন পুলিশ কিছু লোককে অ্যারেস্ট করেছিল কিনা এবং অ্যারেস্ট যদি করে থাকে তাহলে তাদের ছাড়ানর জন্য কোন ইনফ্লুয়েন্সিয়াল এম এল এ সেখানে গিয়ে তদবির করেছেন কি না?

... **মুখোপাধ্যায়ঃ** আমি কোন জমি দখলের কথা বলিনি, যারা আহত হয়েছে পুলিশের কাছে রিপোর্ট করেছে এইগুলিই বলেছি।

**শ্রীমতী বিভা মিত্রঃ** পুলিশ কোন লোককে অ্যারেস্ট করেছিল কি না?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** এখনও কাউকে অ্যারেস্ট করতে পারেনি।

**শ্রীখগেন্দ্রনাথ দাশগুপ্তঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলবেন কি, আমি যে ১১-১২টি স্ট্যাবিং কেসের নামের লিস্ট পাঠিয়েছিলাম সেটা তিনি পেয়েছিলেন কি না?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** আমি মাত্র এই কয়েকটিই পেয়েছি।

### Supply of kerosene and sugar in Contai subdivision

***3.** (Admitted question No. *70.)

**শ্রীমতী আভা মাইতিঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে কাঁথি মহকুমায় (মেদিনীপুর জেলা) চিনি ও কেরোসিন তৈলের সরবরাহের অভাব হইয়াছে;

(খ) উক্ত মহকুমায় গত মে মাসে কত পরিমাণ চিনি ও কেরোসিন সরবরাহ করা হইয়াছে;

(গ) ঐ মহকুমায় বরাদ্দকৃত চিনি কোন্ কোন্ থানায় কত পরিমাণ বণ্টিত হইয়াছে; এবং

(ঘ) আগামী সপ্তাহসমূহে উক্ত দ্রব্যদ্বয়ের সরবরাহের পরিমাণ বৃদ্ধির সম্ভাবনা আছে কিনা?

**Dr. Prafulla Chandra Ghosh:**

(ক) কেরোসিন—ইহা সত্য যে উক্ত মহকুমায় প্রয়োজনের তুলনায় সরবরাহ অপ্রচুর হওয়ায় কেরোসিন তেলের সাময়িক অভাব হইয়াছে।

চিনি—সরবরাহের পরিমাণ পর্যাপ্ত না হইলেও উক্ত মহকুমায় চিনির অভাব নাই।

(খ) উক্ত মহকুমায় মে মাসে ১৩২৭ কুইন্টাল চিনি এবং ১৯৭·৫ কিলোমিটার কেরোসিন তৈল সরবরাহ করা হইয়াছে।

(গ) এতদ্‌সহ একটি বিবরণী উপস্থাপিত করা হইল।

(ঘ) পশ্চিমবঙ্গে চিনির বরাদ্দ বহুল পরিমাণে হ্রাস পাওয়ায় এই মহকুমায় চিনির বরাদ্দ বৃদ্ধি করা সম্ভব নহে। কেরোসিন তেল সরবরাহের পরিমাণ বৃদ্ধি করিবার ব্যবস্থা করা হইয়াছে।

| থানার নাম | চিনির পরিমাণ | কেঃ তৈল পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| কাঁথি (পৌর এলাকা সহ) | ৫০৬ কুঃ | ৮৬৫০০ লিঃ | ইহা ছাড়া জেলার |
| রামনগর | ১৫৫ কঃ | ২২,০০০ লিঃ | অভ্যন্তরে কেঃ তৈল |
| এগরা | ২০৮ কুঃ | ১১,০০০ লিঃ | চলাচলের বিধিনিষেধ |
| পটাশপুর | ১৪৭ কুঃ | ১৮,৬০০ লিঃ | না থাকায় এগরা |
| ভগবানপুর | ১৯৬ কুঃ | ২৭,০০০ লিঃ | ভগবানপুর এবং |
| খেজুরী | ১১৫ কঃ | ৯২০০ লিঃ | খেজুরী এলাকার |
| | -------- | -------- | কোন কোন ডিলার |
| | ১৩২৭ | ১৭৪৩০০০ | তমলুক মহকুমার |
| | | | তেরপেখ্যা হইতে, |
| | | | কেঃ তৈল আনিতেছে। |

**শ্রীমতী আভা মাইতি:** মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি, জেলা কর্তৃপক্ষ কিম্বা সার্বাডিভিশনাল কর্তৃপক্ষ কত পরিমাণ চেয়েছিলেন চিনি এবং কেরোসিন তাদের অভাব মেটাবার জন্য?

**ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষ:** সে সংখ্যা ত আমি এই প্রশ্ন থেকে বলতে পারবো না।

**শ্রীমতী আভা মাইতি:** কত কত দিয়েছেন সেটা জানতে চেয়েছিলাম, আপনি তার উত্তর দিয়েছেন কিন্তু কত পরিমাণ জেলা দাবী করেছিল বিভিন্ন মহকুমার জন্য সে বিষয় কোন তথ্য আছে কি না, যদি থাকে তাহলে বুঝতে পারতাম যে কত চেয়েছিল এবং কত কম আপনারা দিতে পেরেছেন এবং বাকীটা কত দিনে দিতে পারবেন তার একটা আন্দাজ পাওয়া যেতো।

**ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষ:** এ প্রশ্ন আগে করলে বলতে পারতাম কিন্তু এখন ত এই সংখ্যাটা আমি বলতে পারবো না।

**শ্রীসুধীরচন্দ্র দাশ:** মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি যে কেরোসিন তেল সরবরাহ করবার জন্য কংগ্রেস দলের একজন পান্ডা শিশির অধিকারীকে আই ও সি-র এজেন্ট করা হয়েছিল এবং তার নামে প্রচুর অ্যালটমেন্ট দেওয়া হয়েছিল, কিন্তু তিনি টাকা নেই বলে সেই অ্যালটমেন্ট তোলেন নি বলে কাঁথি মহকুমায় তেল সরবরাহ কম হয়েছে একথা জানেন কি না এবং কংগ্রেসী চক্রান্তে এই তেল তোলেন নি একথা সত্য কি না?

**ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষ:** অনুসন্ধান অবশ্যই করবো।

**শ্রীবিভূতি পাহাড়ী:** মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি কাঁথি মহকুমায় কেরোসিন তেলের যে সমস্ত এজেন্ট আছে তারা বেশীর ভাগ কংগ্রেস দলের লোক কি না এবং তারা চোরাকারবার করে কি না?

**মিঃ স্পীকার:** দিস কোশ্চেন ডাজ নট অ্যারাইজ।

**শ্রীপঞ্চানন সিংহ রায়:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি কাঁথি মহকুমায় বিভিন্ন থানায় চিনির বরাদ্দ করা হয়েছে বলেছেন কিন্তু আমরা দেখছি যে কেবল সহর এলাকা ছাড়া অন্যান্য জায়গায় চিনি দেওয়া হচ্ছে না। আপনার কাছে কি খবর আছে যে গ্রামেও চিনি দেওয়া হচ্ছে? যদি সে খবর না থাকে তাহলে গ্রামে চিনি দেওয়ার পরিকল্পনা আছে কি না?

**ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষ:** সহরে এবং মফঃস্বলে দু' জায়গাতেই চিনি দেওয়া হয়, তবে সহরের বরাদ্দ মফঃস্বলের চেয়ে মাথা পিছু বেশী।

**শ্রীপঞ্চানন সিংহ রায়:** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে মফঃস্বলে চিনি দেওয়া হয়, আমি গড়বেতার কথা নিশ্চিত বলতে পারি যে গড়বেতার আরবান এলাকা ছাড়া গোটা এলাকায় কোথায়ও চিনি দেওয়া হচ্ছে না। যদি তাঁর কাছে খবর এসে থাকে যে মফঃস্বলে চিনি দেওয়া হচ্ছে তাহলে সেটা ভুল খবর।

**ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষ:** মাননীয় সদস্য মহাশয় যে খবর দিলেন সেই বিষয় আমি অনুসন্ধান করবো।

**শ্রীকামাখ্যাচরণ ঘোষ:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি কাঁথি মহকুমার পটাশপুর থানার কেরোসিন তেলের যে ডিলার আছে সে যথা সময়ে তেল না নিয়ে গিয়ে এই রকম সঙ্কটের সৃষ্টি করেছে যার ফলে এই তেল পাওয়া যাচ্ছে না?

**মিঃ স্পীকার:** আমি এই কোশ্চেন অ্যালাও করবো কি করে? এর থেকে এই সাপ্লিমেন্টারি হয় না।

**শ্রীমতী আভা মাইতি:** মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয়, একথা বলবেন কি কাঁথি মহকুমায় যে সব ডিলার চিনি এবং কেরোসিন তেল সাপ্লাই করেন তাঁরা যদি তাঁদের সাপ্লাই না তুলে থাকেন তাহলে সেগুলিকে ক্যানসেল করে পি এস পি বাংলা কংগ্রেসের কর্মীদের এজেন্ট হিসাবে নিয়োগ করবেন কি না?

**ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষঃ** কাউকে এজেন্ট করার সময় পি এস পি বা কংগ্রেস বা বাংলা কংগ্রেস এসব বিবেচনা করবো না।

**শ্রীবিভূতি পাহাড়ীঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, যে কংগ্রেস দলের একজন বড় নেতা এবং তিনি কেরোসিন তেলের এজেন্ট, এগরা থানায় পানিগারুল কৃপাসিন্ধু সাহার ছেলে অবনী সাহা সম্প্রতি কেরোসিন তেলের চোরা কারবার করার জন্য ধরা পড়েছেন এবং তার জন্য তার বিরুদ্ধে কেস দায়ের করা হয়েছে?

**ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষঃ** হতে পারে কিন্তু আমার জানা নেই।

[1-20—1-30 p.m.]

**Shri Bibhuti Pahari:**

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে কাঁথী মহকুমায় এগরা থানার কংগ্রেসী অঞ্চল প্রধান সতীশ দে—যিনি ইন্ডিয়ান অয়েল কোম্পানীর এজেন্ট, তিনি প্রচুর কেরোসিন তেল ব্ল্যাকমার্কেট করেছেন? এ বিষয়ে কি আপনি খোঁজ নেবেন?

**Dr. Prafulla Chandra Ghosh:**

হ্যাঁ, নেব।

**Shri Puranjoy Pramanick:**

মন্ত্রিমহাশয় বললেন পল্লী অঞ্চলে চিনি কম দেওয়া হয়, সহরে বেশী দেওয়া হয়, তাহলে কি তিনি বলতে চান পল্লী অঞ্চলের লোক মানুষ নয়?

**Dr. Prafulla Chandra Ghosh:**

পল্লী অঞ্চলে চিনি কম দেওয়া হয়; কারণ তারা চিনি কম খায়। আপনারা থাকতেও কম দিয়েছেন, আমরা সেই জিনিষই চালু রেখেছি।

**Dr. Gopika Ranjan Mitra:**

মাননীয় খাদ্যমন্ত্রী এই যে লিস্ট দিয়েছেন কাঁথী পৌর এলাকায় কি পরিমাণ চিনি ও কেরোসিন দিয়েছেন এবং খেজুরী থানায় যে পরিমাণ কেরোসিন দিয়েছেন ও চিনি দিয়েছেন, তাতে দেখা যাচ্ছে মফঃস্বল এলাকার জন্য কেরোসিন ও চিনি কম দিয়েছেন। তাহলে কি এটাই বলতে চান তিনি যে, সহরাঞ্চলে লোক কেরোসিনও বেশী ব্যবহার করে?

**Dr. Prafulla Chandra Ghosh:**

সহরাঞ্চলের লোকেরা অধিক রাত্রি পর্যন্ত পড়াশুনা করে বলেই বেশী কেরোসিন লাগে।

**Shri Mihir Upadhyay:**

মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি যে পড়াশুনায় কেরোসিন ব্যবহারই একমাত্র জিনিষ?

**Dr. Prafulla Chandra Ghosh:**

এ ব্যাপারে আপনাদের যেমন জানা আমারও তেমনি জানা।

**Shri Bibhuti Pahari:**

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন কেন্দ্র থেকে বাংলাদেশের জন্য চিনির কোটা বর্তমান বছরে কত?

**Dr. Prafulla Chandra Ghosh:**

আগে দিয়েছিলেন ২৮ হাজার টন চিনি, তারপর কমিয়ে দিলেন ২১ হাজার টন; তারপর আবার কমিয়ে ১৭ হাজার টন করেছেন।

**Shri Tinkari Mondal:**

মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি পল্লী অঞ্চলে কেরোসিন ও চিনির কোটা বাড়াবার বিষয় সরকার বিবেচনা করছেন কি না?

**Dr. Prafulla Chandra Ghosh:**

বর্তমানে বাড়াবার কোন পরিকল্পনা নাই।

**Shri Makhan Lal Das:**

মন্ত্রিমহাশয় বলবেন কি চিনি ও কেরোসিনের বণ্টনের সুযোগ নিয়ে সুধীরবাবু তার দলকে পুষ্ট করে তুলছেন?

(নো রিপ্লাই)

**Shri Bhupal Chandra Panda:**

সেন্ট্রাল গভর্নমেন্ট বাংলাদেশের জন্য চিনির বরাদ্দ কমানোর সঙ্গে সঙ্গে কি দামও বাড়িয়েছেন, না, কমিয়েছেন?

**Dr. Prafulla Chandra Ghosh:**

এর দামও কেন্দ্রীয় সরকার নির্ধারিত করেন। সেই অনুযায়ী দাম স্থির করা হয়েছে। দাম তাঁরা বাড়িয়েছেন এবং সঙ্গে সঙ্গে পরিমাণও কমিয়েছেন। ২৮ হাজার টন আগে দিত, তারপর তা থেকে কমিয়ে করলেন ২১ হাজার টন। তারপর আবার কমিয়ে ১৭ হাজার টন করেছেন: কাজেই সেই অনুপাতে সকল জায়গায় চিনির পরিমাণ কমান হয়েছে।

**শ্রীমতী আভা মাইতি:** কেন্দ্রীয় সরকার যে চিনি কিম্বা কেরোসিনের যে বরাদ্দ কমিয়েছে কমানোর সময় পশ্চিমবঙ্গ সরকারকে কি কারণ দেখিয়েছেন?

**ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষ:** উৎপাদন কম হয়েছে বলে কমিয়েছেন, তার জন্য তারা কোন কারণ দেখাননি।

**শ্রীবিভূতি পাহাড়ী:** মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি যে বিদেশে ভারতের চিনি অনেক কম দামে পাঠান হয় এটা কি জানেন?

**ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষ:** হ্যাঁ, আগে পাঠান হত, এখন থেকে নিয়ম হয়েছে আর পাঠান হবে না।

**শ্রীসুধীরচন্দ্র দাশ:** অন এ পয়েন্ট অফ পারসোনাল এক্সপ্লানেশন, স্যার বিরোধী দলের সদস্য একটু আগে আমার সাথে মাখনবাবুর নাম জড়িয়ে বললেন তার কি কারণ তা আমি বুঝতে পারলাম না, এবং তার কি অভিযোগ তাও আমি বুঝতে পারলাম না। আমি বলতে পারি যে আপনারাই তো ডিলার করে রেখেছেন, আমরা তো ফুড কমিটির মেম্বার মাত্র হয়েছি এবং শুধু অ্যাডভাইস দিয়েছি।

**শ্রীলক্ষ্মীচরণ সেন:** মাননীয় মন্ত্রিমহাশয় দয়া করে বলবেন কি যে বিদেশে চিনি পাঠান কবে থেকে বন্ধ হয়েছে এবং কি দামে পাঠান হত?

**ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষ:** পূর্বে পাঠান হত এখন চিনির পরিমাণ খুব কম হয়েছে বলে আর পাঠান হচ্ছে না আর দাম আমি জানি না। এটা কেন্দ্রীয় সরকার বলতে পারেন।

### Procurement of paddy in Midnapore district

***4.** (Admitted question No. *71.)

**শ্রীমতী আভা মাইতি:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নূতন খাদ্যনীতি অনুসারে মেদিনীপুর জেলায় ধান্যসংগ্রহ পরিমাণের লক্ষ্য কত;

(খ) উক্ত জেলার বিভিন্ন মহকুমায় ধান্যসংগ্রহ পরিমাণের লক্ষ্য কত;

(গ) বিগত ১লা মার্চ হইতে ৩১এ মে (১৯৬৭) পর্যন্ত বিভিন্ন মহকুমায় কত পরিমাণ ধান্য ও চাউল সংগ্রহ করা হইয়াছে; এবং

(ঘ) ১৯৬৬ সালের ১লা মার্চ হইতে ৩১এ মে পর্যন্ত উক্ত মহকুমাসমূহ হইতে কত পরিমাণ ধান্য ও চাউল সংগ্রহ করা হইয়াছিল?

**Dr. Prafulla Chandra Ghosh:**

(ক) চাউলের হিসাবে ৫০,০০০ মেট্রিক টন। (নূতন খাদ্যনীতি প্রবর্তনের সময় হইতে অর্থাৎ ৫।৪।৬৭ হইতে, আগামী আমন ফসল ওঠা দর্যন্ত।)

(খ) মহকুমাওয়ারী কোন লক্ষ্য স্থিরীকৃত হয় নাই।

(গ) চাউলের হিসাবে সমগ্র জেলায় উক্ত সময়ে সংগ্রহের পরিমাণ ৮,৯২৪ মেঃ টন। মহকুমাওয়ারী হিসাব সংগ্রহ করিতে আরো কিছু সময় প্রয়োজন।

(ঘ) মোট ৩২,৮৪৫·১ মেঃ টন চাল এবং ৯,১০৮·৮ মেট্রিক টন ধান।
(চাউলের হিসাবে মোট ৩৮,৯১৭·৬ মেঃ টন)

[1-30—1-40 p.m.]

**শ্রীমতী আভা মাইতিঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে ৮ হাজার ৯ শত টনের মত যে সংখ্যা বললেন, ধান সংগ্রহের এটা আরো বেশী হতে পারতো যদি এর জন্য যে ফুড রিলিফ কমিটি আছে তারা নিজ নিজ দলের সদস্যরা ধান যাতে না দেওয়া হয় তার জন্য তারা চেষ্টা করেছেন কি না?

**ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষঃ** এটা আপনার মত হতে পারে, এ সম্পর্কে ভিন্ন রকম মতও আছে।

**শ্রীমতী আভা মাইতিঃ** এটা অনুসন্ধান করে দেখে জানাবেন যে ধান নেবার পর তাকে তাঁরা ছাড়াবার চেষ্টা করেছেন কি না?

**ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষঃ** আপনি যদি জানেন তো প্রশ্ন করছেন কেন?

**শ্রীমতী আভা মাইতিঃ** আপনি অনুগ্রহ করে বিষয়টা মহকুমা শাসকের কাছ থেকে খোঁজ নেবেন?

**ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষঃ** অনিশ্চিত ভাবে কোন বিষয় খোঁজ নেওয়া শক্ত। আপনি যখন জানাচ্ছেন বিশেষভাবে খোঁজ নেব।

**শ্রীকামাখ্যাচরণ ঘোষঃ** ভগবানপুর থানার ১নং অঞ্চলে যেখানে প্রচুর ধান সংগ্রহ হবার সম্ভাবনা ছিল সেখানে মাননীয়া আভা মাইতি সমস্ত জোতদারদের সভা করে বাধা দিয়েছেন এটা জানেন?

**ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষঃ** কামাখ্যাবাবু ডাঃ ঘোষ সম্বন্ধে যা বললেন সেটা সম্পর্কে আমার জানা নেই।

**শ্রীমতী আভা মাইতিঃ** কোথায় মিটিং ডাকা হয়েছিল সেটা উপস্থিত করবেন কি?

(নো রিপ্লাই)

**শ্রীবিভূতি পাহাড়ীঃ** মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয় একথা জানেন কি যে কাঁথি মহকুমায় রামনগর থানার কংগ্রেস এম এল এ শ্রীত্রৈলক্য প্রধান মহাশয় সভা করে প্যামপ্লেট বিতরণ করে জোতদারদের সরকারের কাছে ধান বিক্রী না করার জন্য জানিয়েছিলেন কি না?

**ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষঃ** এ বিষয়ে আমার কিছু জানা নেই।

**শ্রীপঞ্চানন সিনহা রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি যে টারগেট ছিল ৫০ হাজার মেট্রিক টন আদায় হয়েছে। এই যে আদায় হয়েছে এর যতটা খুব নিম্ন মধ্যবিত্ত ছোট ছোট চাষীদের কাছ থেকে আদায় হয়েছে, আর কতটা জোতদারদের কাছ থেকে আদায় হয়েছে বলবেন কি?

**ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষঃ** বিস্তারিত হিসাব আমার কাছে নেই।

**শ্রীসুধীরচন্দ্র দাশঃ** মাননীয় মন্ত্রিমহাশয় খোঁজ নেবেন কি যে মাননীয় সদস্য আভা মাইতির এলাকায় যখন ধান সংগ্রহ অরাম্ভ হয় তখন সেখানে সব চেয়েও কম ধান সংগ্রহ হয়েছে এবং কংগ্রেস দলের লোকেরা সেখানে প্রতি পদে পদে বাধা দিয়েছে এটা মহকুমা শাসকের কাছ থেকে কি এর রিপোর্ট এসেছে?

**মিঃ স্পীকারঃ** এটা কোশ্চেন-এ লেখা নেই, এটা সাপ্লিমেন্টারী হবে কি করে।

**ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষঃ** হ্যাঁ, আমি খোঁজ নেব।

**শ্রীনারায়ণচন্দ্র চৌধুরীঃ** ৯ হাজার মেট্রিক টন প্রোকিওরমেন্ট হয়েছে তা মেদিনীপুরের লকের কনজিউম-এর জন্য রাখা হয়েছে কি না?

**ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষঃ** ৪ ভাগের ১ ভাগ মেদিনীপুরের জন্য রাখা হবে।

**শ্রীপঞ্চানন সিনহা রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে যেটা আদায় হয়েছে তার মেনেন্স্ট-এ ৪ ভাগের ১ ভাগ রাখা হবে। তিনি বলেছেন যে তার চেয়েও বেশী রাখা হয়েছে। অথচ সেখানে রেশান-এর কোন ব্যবস্থা নেই, ধান, চাল কোথাও পাওয়া যাচ্ছে না। বিশেষ করে যুক্ত ফ্রন্ট কর্মীদের লুঠের মালে ঠিকমত বণ্টন করা হচ্ছে না, এ সংবাদ রাখেন কি?

**Dr. Nalinaksha Sanyal:** On a point of order, Sir, I have found friends on either side are putting supplementary questions which are of the nature of either giving information or requesting for action. May I submit that under the existing rules of business such questions cannot be treated as supplementary questions and you will kindly exercise your discretion in the matter.

**Mr. Speaker**: Dr. Sanyal, I am aware of the rules. But there are new comers here in this Assembly and if rules are strictly followed then I am sorry I shall have to reject almost 70 per cent. of the questions as also of the speeches. But I do not want to do that.

**Shrimati Abha Maiti:**
মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে মেদিনীপুর জেলার কোন মহকুমা বা কোন ব্লকের যে কম ধান সংগ্রহ হয়েছে তার জন্য জেলা মহকুমার অফিসার বা ফুড অ্যান্ড রিলিফ কমিটির কাছ থেকে এর জন্য তাদের অযোগ্যতার প্রমাণিত হতে পারে?

**ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষঃ** এরকম কোন প্রমাণ আমার কাছে আসেনি।

### Supply of sugar in Bhagwanpur police-station

***5.** (Admitted question No. *73.)

**শ্রীমতী আভা মাইতিঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৭ সালের ১৫ই মার্চ হইতে ৩১এ মে পর্যন্ত ভগবানপুর থানায় (মেদিনীপুর জেলা) কত পরিমাণ চিনি সরকার হইতে সরবরাহ করা হইয়াছে;

(খ) ভগবানপুর থানার জন্য বরাদ্দকৃত চিনি উক্ত থানার বিভিন্ন অঞ্চলে কত পরিমাণ বরাদ্দ করা হইয়াছে;

(গ) উক্ত থানায় চিনিপ্রাপক কার্ডের সংখ্যা কত; এবং

(ঘ) উক্ত থানায় চিনি বণ্টনের জন্য কতজন ডিলার আছেন?

**ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষঃ**

(ক) ৭০২ কুইন্টাল চিনি সরকার হইতে সরবরাহ করা হইয়াছে।

(খ) বিভিন্ন অঞ্চলে কত পরিমাণ চিনি সরবরাহ করা হইয়াছে তাহা এতদ্‌সংলগ্ন তালিকায় দ্রষ্টব্য।

(গ) সংশোধিত রেশন কার্ড মারফত চিনি সরবরাহ করা হয়। ঐরূপ কার্ডের সংখ্যা ৪২,৫২২টি।

(ঘ) এইরূপ ডিলারের সংখ্যা ৪১।

Anchal number. Quantity

Statement showing Anchalwise distribution of sugar in Bhagwanpur police-station during the the period from 15-3-67 to 31-5-67.

[Figures in Quintal.]

| Anchal number. | Quantity. |
|---|---|
| 1 | 37 |
| 2 | 39 |
| 3 | 49 |
| 4 | 38 |
| 5 | 46 |
| 6 | 45 |
| 7 | 44 |
| 8 | 51 |
| 9 | 41 |
| 10 | 46 |
| 11 | 38 |
| 12 | 39 |
| 13 | 24 |
| 14 | 64 |
| 15 | 36 |
| 16 | 33 |
| 17 | 32 |
| Total | 702 |

**শ্রীমতী আভা মাইতিঃ** এই যে চিনি ভগবানপুরে সাপ্লাই করা হয়েছে ভবিষ্যতে এ পরিমাণ বাড়াবার ইচ্ছা আছে কি না?

**ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষঃ** এখন বাড়ানর কোন সম্ভাবনা নেই।

[1-40—1-50 p.m.]

**Communication from Union Home Minister regarding Gheraos**

***31.** (Admitted question No. *66.) **Shrimati Biva Mitra:** (a) Will the Chief Minister be pleased to state whether he has received recently any communication from the Union Home Minister expressing concern over Gheraos?

(b) If the answer to (a) is in the affirmative, will the Chief Minister be pleased to state what action; if any, has been taken on that communications?

**Shri Ajoy Kumar Mukhopadhyay:** (a) Yes.

(b) A reply was sent.

**শ্রীমতী বিভা মিত্রঃ** রিপ্লাই সম্বন্ধে কোন স্টেটমেণ্ট আমাদের দিতে পারেন কি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** না। স্টেটমেণ্ট কনফিডেনসিয়্যাল, কেস সাব জুডিস আছে হাইকোর্টে। অতএব এ নিয়ে আর আলোচনা করা চলে না।

**Arrest of hoarders and profiteers in Midnapore**

***32.** (Admitted question No. *76.)

**শ্রীমতী আভা মাইতিঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৫ই মার্চ হইতে ৩১এ মে, ১৯৬৭, পর্যন্ত মেদিনীপুর জেলায় কতজন মজুতদার ও মুনাফাখোরকে গ্রেপ্তার করা হইয়াছে;

(খ) মহকুমা ও থানা ভিত্তিক তাহাদের সংখ্যা কত; এবং

(গ) সাধারণতঃ কি কি নিত্যপ্রয়োজনীয় দ্রব্যে তাহারা মজুতদারী ও মুনাফাখোরী করিয়াছিলেন?

**Shri Ajoy Kumar Mukhopadhyay:**

(ক) ১৫ জন জোতদার এবং ২ জন মুনাফাখোর।

(খ) সদর (উত্তর) মহকুমার কোতোয়ালী থানা ৮ জন, সদর (দক্ষিণ) মহকুমার সাবং থানা ১ জন, এবং নারায়ণগড় থানা ১ জন, ঝাড়গ্রাম মহকুমার বীনপুর থানা ৪ জন, তমলুক মহকুমার নন্দীগ্রাম থানা ২ জন, কণ্টাই মহকুমার এগরা থানা ১ জন।

(গ) ধান, চাল এবং চিনির মজুতদারী এবং আটার মুনাফাখোরী।

**শ্রীমতী আভা মাইতিঃ** এদের কি মামলা বিচারাধীন আছে?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** ১৫ জন জোতদার মোট ১৪টি কেসে অভিযুক্ত আছেন। ১৩ জনের বিরুদ্ধে ১৩টি বিচারাধীন আছে, আর একটি কেসের এখনও তদন্ত চলেছে। এ কেসটিতে দু জন জোতদার জড়িত আছেন।

**Chief Ministers Order to the police on Naksalbari Affairs**

***33.** (Admitted question No. *81.) **Dr. Nalinaksha Sanyal:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) if it is a fact that the Chief Minister recently gave a distinct and categorical order that the police should keep off the disturbed areas of Naksalbari, etc. and that there should be no police action;

(b) if so, the circumstances in which such an order was given;

(c) what arrangements were made to provide adequate protection to peaceful citizens and to their rightful property prior to the issue of such an order; and

(d) what were the reports obtained from the Administration of the Darjeeling district, the Superintendent of Police and the Commissioner of Jalpaiguri Division on the situation in the disturbed areas?

**Shri Ajoy Kumar Mukhopadhyay:** (a) No.

(b) Does not arise.

(c) As no such order was issued, the question does not arise.

(d) Many reports were received from time to time from the Deputy Commissioner, the Superintendent of Police and the Divisional Commissioner, about the different aspects of the problem and the situation.

**Dr. Nalinaksha Sanyal:** Has the attention of the Chief Minister been drawn to a report published in the 'Statesman' on Monday, the 12th June on front page with the headlines "C. M. orders the Police to keep off disturbed Naxulbari areas"? It was further reported that in a telephonic communication from Calcutta, Darjeeling District Administration and also the Chief Minister Mr. Ajoy Kumar Mukhopadhyay gave a distinct and categorical answer that the Police should keep off disturbed areas as far as practicable and that there should not be police action. Has the attention of the Chief Minister been drawn to the same or was any contradiction, if at all, made to the unauthorised report?

**Shri Ajoy Kumar Mukhopadhyay:**

না। আমার এই রকম কোন দৃষ্টি-আকর্ষণ করা হয়নি।

**ডাঃ গোপীকারঞ্জন মিত্রঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন, নগেন রায় চৌধুরীর মৃতদেহ সম্বন্ধে আপনাকে এখানে যখন খবর দেওয়া হয়েছিল সেই মৃতদেহ উদ্ধার করবার জন্য, তখনও পর্যন্ত আপনার অর্ডার না পাওয়ার জন্য পুলিশের কাছে ২/৩ দিন মৃতদেহ পড়েছিল?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** না, এই কথা সত্য নয়।

**Dr. Nalinaksha Sanyal:** Is there any machinery of Government which enables the Chief Minister to come to know about important matters appearing in important newspapers in Calcutta, such important matters of considerable public interest?

**Shri Ajoy Kumar Mukhopadhyay:**

কখন কখন আমার দৃষ্টি আকর্ষণ করা হয়েছে।

**Dr. Nalinaksha Sanyal:** Is it a fact that in a subsequent report this was actually brought to the notice of some members of the House.

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** আমার স্মরণে নেই।

**শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলবেন কি, ১ এর উত্তরে যেখানে বলছেন তিনি এইরকম কোন আদেশ দেননি—আদেশ না দেবার কারণ কি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** পুলিশ তার কাজ করবে, আদেশ না দেওয়ার কোন কারণ থাকতে পারে না।

**শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ** মাননীয় মুখ্যমন্ত্রিমহাশয় বলবেন কি, পুলিশকে ডিসক্রিসান কাজ করবার সম্পূর্ণ অধিকার, অর্থারিটি মন্ত্রীসভা এবং সরকার দিয়েছিলেন?

**Shri Ajoy Kumar Mukhopadhyay:**
হ্যাঁ।

**শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়:** এই কথা কি সত্য যে, উল্লিখিত তারিখে সিভিল এ্যাডমিনিস্ট্রেসান প্রত্যেকটি জায়গা থেকে সরকারের কাছে বার বার করে এই পরিস্থিতিতে কি কি করা কর্তব্য তার নির্দেশ চেয়ে পাঠিয়েও তাঁরা নির্দেশ পান নি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** না। এই কথা সত্য নয়।

**শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়:** এই কথা কি সত্য যে, মন্ত্রী মিশন যাচ্ছেন বলে সেই মন্ত্রী মিশনের উপর নির্ভর করে সমস্ত পুলিশ এ্যাকসান এবং সিভিল এ্যাডমিনিস্ট্রেসানের এ্যাকসান বন্ধ করে রাখা হয়েছিল?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** না। এই কথা সত্য নয়।

**শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়:** এই কথা কি সত্য, নকশালবাড়ীর মত ঘটনায় যে ধরনের কড়া মনোভাব নিয়ে এ্যাকসান নেবার প্রয়োজন ছিল তা তিনি নিতে পারেন নি, তার কারণ, মন্ত্রিসভার কতিপয় সদস্যের আপত্তি ছিল?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** এই কথা সত্য নয়।

**ডাঃ রাধাকৃষ্ণ সিন্‌হা:** মাননীয় মুখ্যমন্ত্রিমহাশয় কি জানাবেন যে ষ্টেটসম্যান পত্রিকা একটা অত্যন্ত 'এ' গ্রেড-এর পত্রিকা। তারা যখন আপনার এগেন্‌ষ্টে লিখেছে তখন আপনার সেটা কনট্রাডিকশন করা উচিত, আপনি সেটা করবেন কি না?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** অনেক কাগেজে অনেক কিছু বেরোয়, আমরা সব সময় প্রতিবাদ করি না, তাতে আরও গুরুত্ব দেওয়া হয়।

**শ্রী এস, এম, ফজলুর রহমান:** ডিস্‌টার্ব এরিয়াতে পুলিশ কতবার গেছে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলবেন কি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** পুলিশ অনবরত সেখানে টহল দিচ্ছে।

**শ্রী এস, এম, ফজলুর রহমান:** মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি যে ঘটনা আরম্ভ হওয়ার পরে মন্ত্রী মিশন যে গিয়েছিল তখন থেকে পুলিশ সেটার কোন তদন্ত কিছু করছে কি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** হ্যাঁ, কতগুলো কেসে তারা ওয়ারেন্ট জারী করেছে।

**শ্রী এস, এম, ফজলুর রহমান:** কতগুলো কেস এবং তার সংখ্যা কত?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** সংখ্যা নোটিশ দিলে বলতে পারবো।

**শ্রী এস, এম, ফজলুর রহমান:** কোন ধারায় মকর্দমা চলছে?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** নোটিশ দিলে বলতে পারবো।

**Dr. Nalinaksha Sanyal:** Will the Hon'ble Minister be pleased to state today's position as to whether categorical instructions have been given to the police to take immediate action—if there is any disturbance of peace in that area?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** হ্যাঁ।

**শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়:** মাননীয় মুখ্যমন্ত্রী জানাবেন কি যে তাদের আত্মসমর্পণের জন্য ৪ঠা জুলাই পর্যন্ত ডেডলাইন তৈরী হয়েছিল?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** আত্মসমর্পণ করতে বলা হয়েছে, ৪ঠা জুলাই পর্যন্ত তারা আত্মসমর্পণ করবে, ডেডলাইন বলে কিছু নেই।

**শ্রীমতী পুরবী মুখোপাধ্যায়ঃ** মন্ত্রিমহাশয় এই হাউসে বলেছেন যে পুলিশ এবং সিভিল এ্যাডমিনিষ্ট্রেশন-এর যা যা এ্যাকশন নেবার কথা ছিল তা যথাযথ নেওয়া হয়েছে তাহলে আত্ম-সমর্পণের কথা আসছে কিসে?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** তাতে আত্মসমর্পণের কথা আছে বলে মনে করি।

**শ্রীমতী পুরবী মুখোপাধ্যায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যদি যথাযথভাবে এ্যাকশন নেওয়া হয়ে থাকে তাহলে আত্মসমর্পণের কথা বলায় এটা কি প্রমাণ হয় না যে যা এ্যাকশন নেওয়ার প্রয়োজন ছিল সেটার মধ্যে ছিল ৪ঠা জুলাই তারিখে আত্মসমর্পণ না করলে তবে এ্যাকশন নেওয়া হবে, তার জন্য করা হয়েছে?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** এই কথা সত্য নয়।

**শ্রীখগেন্দ্রনাথ দাশগুপ্তঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে নকশালবাড়ীতে যে ঘটনা একটার পর একটা ঘটে যাচ্ছে এইগুলো ঘটা সত্ত্বেও পুলিশ সেখানে নিষ্ক্রীয় হয়ে বসে রয়েছে?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** এই কথা সত্য নয়।

**শ্রীখগেন্দ্রনাথ দাশগুপ্তঃ** এই যে নিষ্ক্রিয় রয়েছেন মুখ্যমন্ত্রী এর জন্য ষ্টেপ নেবেন কি না।

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** নিষ্ক্রিয়তার কথা সত্য নয়। সুতরাং তার বিরুদ্ধে ব্যবস্থা নেবো কি করে?

**শ্রীসন্তোষকুমার রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে যারা সারেণ্ডার করবে তাদের বেল দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে খবরে উল্লিখিত হয়েছে, সে সম্বন্ধে তিনি কোন নির্দেশ দিয়েছেন কি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** বেল দেওয়ার অধিকার হাকিমের, আমার নয়।

**ডাঃ রঞ্জিৎ ঘোষ চৌধুরীঃ** মাননীয় মুখ্যমন্ত্রী কি জানাবেন যে এ্যাসিস্ট্যান্ট কমিশনার যে রিপোর্ট পাঠিয়েছিলেন মুখ্যমন্ত্রীর কাছে তাতে কি বলেছিলেন যে দিস ইজ মোর পলিটিক্যাল।

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** এ্যাসিসস্ট্যাণ্ট কমিশনার কবে কি পাঠিয়েছিলেন, কেউ কিছু আমাকে পাঠান নি।

[1-50—2 p.m.]

### Scarcity of food in Carbeta

***34.** (Admitted question No. *83.)

**শ্রীপঞ্চানন সিংহ রায়ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে গড়বেতা থানায় গত দুই বৎসর ব্যাপক শস্যহানি হওয়ার ফলে অন্নাভাব দেখা দিয়াছে; এবং

(খ) অবগত থাকিলে, এই অবস্থায় প্রতিকারের জন্য কি ব্যবস্থা সরকার গ্রহণ করিয়াছেন?

**Dr. Prafulla Chandra Ghosh:**

(ক) গত দুই বৎসরে মেদিনীপুর জেলার গড়বেতা থানায় ব্যাপক শস্যহানি ঘটে নাই। তবে কতিপয় অঞ্চলে আংশিক শস্যহানি ঘটিয়াছে। সেই সব অঞ্চলে দুর্দশা দূরীকরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে।

(খ) ১।১।৬৭ হইতে ২৩।৬।৬৭ পর্যন্ত গড়বেতা থানা অঞ্চলে ৯৯৭·৫ কুইঃ আটা, ১৪·২৫ কুইঃ ময়দা ও ৬০ কুইন্ট্যাল সুজি মডিফায়েড রেশনের মাধ্যমে সরবরাহ করা হইয়াছে। খয়রাতি সাহায্য ও ত্রাণ কার্যের জন্য ঐ অঞ্চলে চলতি আর্থিক বৎসরে ২৭৮২০ টাকা ও ২১০০০ টাকা ব্যয় করা হইয়াছে। ইহা ছাড়া সমগ্র গড়বেতা থানায় (আংশিক ক্ষতিগ্রস্থ এলাকাগুলি সহ) সেচ বাবদ প্রায় ৯২৩০০ টাকা ব্যয় করা হইয়াছে।

**শ্রীপঞ্চানন সিংহ রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে গড়বেতা থানার সর্বত্র গত দু'বৎসর যাবৎ ব্যাপক শস্যহানি হয়নি। হওয়ার ফলে খাজনা মকুবের যে সিদ্ধান্ত সরকার নিয়েছেন সেই সিদ্ধান্ত অনুযায়ী গড়বেতা থানায় প্রায় ৭৫ ভাগ মৌজায় খাজনা মকুব হয়েছে এবং সেখানে শতকরা ৬০ ভাগের বেশী শস্যহানি হয়েছে, এর দ্বারা কি প্রমাণিত হয়না যে সেখানে শস্যহানি ঘটেছে?

**ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষঃ** সেটা গত দু'বছরের নয়, এক বছরের প্রমাণিত হতে পারে। তাও সর্বত্র নয়, আমি বলেছি আংশিকভাবে ঘটেছে।

**শ্রীপঞ্চানন সিংহ রায়ঃ** শতকরা ৭৫ ভাগ মৌজাকে যখন খরা বলে ঘোষণা করেছেন তখন আংশিক বলতে পারেন কি করে?

**ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষঃ** আপনি বলেছেন গত দু'বছরে। এক বছরে ৭৫ ভাগ হতে পারে কিন্তু দু'বৎসরের প্রশ্নের উত্তর ঠিকই আছে, আপনিই ভুল করছেন।

**শ্রীপঞ্চানন সিংহ রায়ঃ** তর্কের খাতিরে ধরে নিলাম তাই যদি হয় তাহলে এখনও সেখানে খরার ফলে যে দুর্দশা চলছে সেটা স্বীকার করে নেওয়া হচ্ছে কারণ সেজন্য খাজনা মকুব করা হয়েছে। সেই খরার জন্য সেখানে খয়রাতি সাহায্য বা রিলিফের কথা যেটা উল্লেখ করেছেন, আমি গতকালকার খবর বলছি যে গড়বেতা থানায় তিনটি বড় ব্লকে মাত্র দুটি টেস্ট রিলিফের কাজ চলছে একথা সত্য কিনা এবং এর থেকে কি এটাই প্রমাণিত হয় না যে যে রিলিফ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে সেটা অপর্যাপ্ত?

**ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষঃ** রিলিফ ব্যবস্থা সম্বন্ধে যে কথা বলছেন সেটা আপনি যদি রিলিফ মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করেন প্রশ্নের মাধ্যমে যে কি কি রিলিফ দেওয়া হয়েছে তাহলে তা জানতে পারবেন।

**শ্রীপঞ্চানন সিংহ রায়ঃ** আপনি উল্লেখ করেছিলেন বলে রিলিফের কথা বললাম। আমি আর একটি প্রশ্ন জিজ্ঞাসা করছি গড়বেতা থানার মফঃস্বল অঞ্চলে কোথায়ও আজ পর্যন্ত গত ৪ মাসের মধ্যে র‍্যাশান দেওয়া হয়নি একথা সত্য কিনা?

**ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষঃ** র‍্যাশান হিসাবে মডিফায়েড র‍্যাশান অনেক দিন যাবত সর্বত্রই বন্ধ আছে। গড়বেতাতেও বন্ধ আছে। যখন অভাব হবে রিলিফ মিনিস্টার রিলিফের প্রয়োজন যতটা হবে তার যথাযথ ব্যবস্থা করবেন।

**শ্রীপঞ্চানন সিংহ রায়ঃ** আপনি কি খবর রাখেন যে গত ২৫/৬/৬৭ তারিখে সন্ধ্যারাণী দাস নামে একটি মহিলা অন্নাভাবে আত্মহত্যা করেছে?

**মিঃ স্পীকারঃ** গড়বেতা থানা সম্বন্ধে যে প্রশ্ন দিয়েছেন তাতে আছে সেখানে ব্যাপক শস্যহানি এবং অন্নাভাব দেখা দিয়েছে এবং এই অবস্থার প্রতিকারের জন্য কি ব্যবস্থা করেছেন তাতে উনি ক্লিয়ারলি ক্ল্যারিফাই করে বলে দিয়েছেন। সুতরাং এই থেকে এই সাপ্লিমেণ্টারি আসে না।

**শ্রীপঞ্চানন সিংহ রায়ঃ** অন্নাভাবে অনাহারের ফলে একটি মহিলা আত্মহত্যা করেছে এ খবর মন্ত্রিমহাশয় রাখেন কিনা?

**ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষঃ** আমার এ খবর জানা নেই।

**শ্রীপঞ্চানন সিংহ রায়ঃ** আপনি অনুসন্ধান করে যদি জানতে পারেন যে এটা সত্য তাহলে এই এলাকাকে দুর্ভিক্ষ এলাকা বলে ঘোষণা করতে রাজী আছেন কিনা?

**ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষঃ** আমি অনুসন্ধান করবো এবং যা ব্যবস্থা করা প্রয়োজন তা করবো।

## Supply of Wheat from Centre and other States

***35.** (Admitted question No. *86.)

**শ্রীসুধীরচন্দ্র দাশঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) কেন্দ্রীয় সরকার এ বছর কত গম পশ্চিমবঙ্গ সরকারকে দেবেন;

(খ) কেন্দ্রীয় সরকার এ বছর এ পর্যন্ত কত গম পশ্চিমবঙ্গ সরকারকে দিয়াছেন;

(গ) গত বছর কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গ সরকারকে কত গম দিয়াছিলেন;

(ঘ) অন্য রাজ্য হইতে গম ক্রয় করিবার কোন ব্যবস্থা পশ্চিমবঙ্গ সরকার করিয়াছেন কি না; এবং

(ঙ) (ঘ) প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে কোন্ কোন্ রাজ্য হইতে কত গম পাওয়ার সম্ভাবনা আছে

**Dr. Prafulla Chandra Ghosh:**

(ক) এই বৎসর কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গ সরকারকে মাসিক ৭৫০০০ মেঃ টন হিসাবে মোট ৯০০০০০ মেঃ টন গম দিবার প্রতিশ্রুতি দিয়াছেন।

(খ) ২১।৬।৬৭ পর্যন্ত কেন্দ্রীয় সরকার ৩,৮৮,২৪০ মেঃ টন গম দিয়াছেন।

(গ) গত বৎসর কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গ সরকারকে ১৪,২৭,২৪২ মেঃ টন গম দিয়াছিলেন।

(ঘ) ও (ঙ) কেন্দ্রীয় সরকারের অনুমতি ছাড়া পশ্চিমবঙ্গ সরকার অন্য কোন রাজ্য হইতে গম ক্রয় করিতে পারেন না। সম্প্রতি পাঞ্জাব হইতে ১০,০০০ মেঃ টন গম কেন্দ্রীয় সরকারের অনুমতি লইয়া সংগ্রহ করিবার ব্যবস্থা করা হইয়াছে।

**শ্রীসুধীরচন্দ্র দাশঃ** তাহলে জুলাই ও আগষ্ট মাসে যে পোজিশন আপনি বলছেন গমের তাতে গমের কোটা বৃদ্ধি করার কোন সম্ভাবনা আছে কিনা গ্রামে?

**ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষঃ** মফঃস্বলে গম পাঠান হয়েছে কিছু। এখানে ৭৫ হাজার টন এবং তার উপর ১৫ হাজার টন অর্থাৎ ৯০ হাজার টন হবে, স্ট্যাটুটারি র‍্যাশনিং এরিয়ায় যা দরকার তা বাদে সমস্তটাই মফঃস্বলে পাঠান হবে।

**শ্রীরবীন্দ্রনাথ মুখোপাধ্যায়ঃ** পশ্চিমবঙ্গ সরকারকে গত বছর কেন্দ্র কি পরিমাণ গম দিয়েছিলেন?

**ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষঃ** সেটাত বলে দিয়েছি।

**শ্রীরবীন্দ্রনাথ মুখোপাধ্যায়ঃ** মাসিক কি পরিমাণ গত বছর কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গ সরকারকে দিয়েছেন?

**ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষঃ** মোট বলেছি ১৪·২ লক্ষ টন দিয়েছিলেন। মাসিক, কোন মাসে কত দিয়েছেন তার হিসাব আমি এখন দিতে পারবো না।

**শ্রীরবীন্দ্রনাথ মুখোপাধ্যায়ঃ** অন্য বছরের তুলনামূলক হিসাবে এ বছরে কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গকে কত পরিমাণ গম দিয়েছে?

**ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষঃ** তাও তো বলেছি। সাড়ে ৪ লক্ষ টনের মধ্যে ৪৩ হাজার টন গম আর ৪ লক্ষ ৭ হাজার টন চাল জুন মাস পর্যন্ত পশ্চিমবঙ্গ সরকারকে কেন্দ্রীয় সরকার দিয়েছেন।

**শ্রীরবীন্দ্রনাথ মুখোপাধ্যায়ঃ** গত বছরে খরা ছিল, এ বছরে সেই খরার ফলে যেহেতু খাদ্যের অবস্থা সংকটজনক সেই হিসাবে কেন্দ্রের কাছে পশ্চিমবঙ্গ সরকার অতিরিক্ত গম দাবি করে-ছিলেন কিনা?

**ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষঃ** গত বছর ১৫·৯ লক্ষ টন কেন্দ্রীয় সরকার আমাদের চাল এবং গম দিয়েছিলেন। এবারে আমরা ১৫ লক্ষ টন চেয়েছি গম এবং চাল মিলিয়ে, কারণ, ভারতবর্ষের অন্যান্য প্রদেশে দুরবস্থা রয়েছে এবং ১৫ লক্ষ টন পেলেই আমরা দিতে পারতাম। কিন্তু সেই ১৫ লক্ষ টন পাওয়ার সম্ভাবনা দেখছি না। সেজন্য আমাদের অসুবিধা খুব বেশী।

## STARRED QUESTIONS
### (to which answers were laid on the table)

### Recent police firing

***37.** (Admitted question No. *108.) **Shri Narayan Chandra Chaudhuri:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) the number of occasions the police had to open fire on rioters since the assumption of the present Ministry;

(b) the names of the places of such occurrences;

(c) total number of deaths resulted in from firing on each occasions; and

(d) the number of times the military had to be called in for maintenance of peace

**The Minister for Home (Police):**

(a)

১৩টি ক্ষেত্রে।

(b) and (c)

স্থান—নিহত

কলিকাতা—৯

ভদ্রেশ্বর থানা—০

ধাপা মাঠপুকুর থানা—০

শ্যামবাজার টি ও পি শান্তিপুর—১

জোকাহার—০

বৈদ্যনাথঘাট—০

প্রসাদজোতি—১০

রানাঘাট জি আর পি—১

রানাঘাট রেলস্টেশন প্ল্যাটফরম—২

(d)

দুইবার।

### Fake traders in sugar

***38.** (Admitted question No. *113.)

**শ্রীমহঃ আবদুল বারিঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গে কিছুসংখ্যক ভুয়া এবং বেনামদারী চিনির সরবরাহকারী প্রতিষ্ঠান সম্প্রতি ধরা পড়িয়াছে;

(খ) সত্য হইলে, উহার জেলাওয়ারী সংখ্যা কত; এবং

(গ) ঐগুলি কোন্ কোন্ ব্যক্তি বা প্রতিষ্ঠানের বেনামদারী প্রতিষ্ঠান?

**The Minister for Food and Supplies:**

(ক) না। পশ্চিমবঙ্গে কোন ভুয়া বা বেনামদারী চিনির সরবরাহকারী প্রতিষ্ঠান সম্প্রতি ধরা পড়ে নাই।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) প্রশ্ন উঠে না।

### Alleged harassment of the respectable citizens of Raiganj

***40.** (Admitted question No. *138.) **Shri Saila Kumar Mukherjee:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether the Government is aware of the fact that respectable citizens of Raigunj and adjoining areas in West Dinajpur district are being openly harassed, their houses raided and even the lady members of their families being insulted by groups of political parties on the pretext of detecting stock of rice; and

(b) if so, what actions Government have taken to prevent such incidents?

**The Minister for Home (Police):**

(a)

না।

(b)

এ প্রশ্ন উঠে না।

### Free movement of rice from Bankura district

***41.** (Admitted question No. *150.) **Shri Mrityunjoy Banerjee:** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) whether the movement of rice from Bankura district was restricted recently by the Government; and

(b) if not, the reasons for allowing free movement of rice from Bankura district by the Government?

**The Minister for Food and Supplies:** (a) No.

(b) There is no restriction on movement of rice from one district to another within the State except on the movement into the statutory rationed area and into the 5 mile border area inside the State all along the border of the State. The object of free movement of rice from one district to another is to maintain easy flow of rice within the State that the deficit areas can get adequate supply from surplus areas.

### Gana Committees

***42.** (Admitted question No. *153.) **Shri S. M. Fazlur Rahman:** Will the Chief Minister be pleased to state—

(a) what are the "Gana" Committees and their functions;

(b) how these Committees are formed;

(c) whether these Committees have any official status; and

(d) whether these Committees are armed with any legal authority and, if so, under what provisions of the law?

**The Chief Minister:** (a) Government are not aware of any such Committees.

(b) to (d) Does not arise.

**Ration card-holders in Siliguri statutory rationing area**

*44. (Admitted question No. *163.) **Shri Arun Kumar Moitra:** Will the Minister-in-charge of the Food Department be pleased to state—

(a) the number of valid ration cards as on the 18th June, 1967 in Siliguri Statutory Rationing Area;

(b) the number of applications for new Ration Cards pending disposal on that date at Siliguri A. R. Office; and

(c) the number of recipients of additional quantity of grains for heavy manual labour in this area?

**The Minister for Food:** (a) 1,25,215.

(b) 192.

(c) 328.

**Price of paddy and rice in the Raigunj subdivision**

*45. (Admitted question No. *168.) **Shri Syama Prosad Barman:** Will the Minister-in-charge of the Food Department be pleased to state—

(a) the price of paddy and rice prevailing at present in the Raigunj subdivision of West Dinajpur district;

(b) whether there is acute scarcity of food in this subdivision; and

(c) what measures have been taken to bring down the soaring price of paddy and rice?

**The Minister for Food:** (a) A statement is laid on the table.

(b) Reports of scarcity in this subdivision have been received by Government.

(c) The following measures have been taken to bring down the prices of rice and paddy—

(1) Distribution of foodgrains through Modified Rationing, Gratuitous Relief and Test Relief has been going on.

(2) The State Government has fixed the maximum retail prices of rice and paddy in the State.

(3) Stern measures are being taken against the hoarders and profiteers.

Statement referred to in reply to clause (a) of starred question No. 45.

**Average Minimum and Maximum Retail Prices of Rice and Average Minimum Wholesale Prices of Paddy in different Thanas of Raiganj Subdivision as on 21-6-67**

| Thana. | Average retail price of rice in rupees per kilogram. | | Average minimum wholesale price of paddy in rupees per quintal |
|---|---|---|---|
| | Minimum. | Maximum. | |
| Raiganj .. .. .. | 2·00 | 2·10 | 128·60 |
| Kaliaganj .. .. .. | 1·80 | 1·90 | 123·24 |
| Hemtabad .. .. .. | 1·70 | 1·75 | 123·24 |
| Banshihari .. .. .. | 1·75 | 1·87 | 110·50 |
| Kushmandi .. .. .. | 1·60 | 1·75 | 80·50 |
| Itahar .. .. .. | 1·50 | 1·75 | No Transaction.* |

*No transaction since 22-3-67 when the price was Rs. 62·50 per quintal.

**Cases of the looting of paddy and rice in Burdwan district**

***47.** (Admitted question No, *220.)

**শ্রীপ্রমথনাথ ধীবর:** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, গত মার্চ মাস হইতে আজ পর্যন্ত বর্ধমান জেলায় কয়টি ধান্য ও চাউল লুটের বিষয় সরকার অবগত আছেন?

(ক) এই লুট সম্পর্কে সরকার কয়টি কেস আদালতে পেশ করিয়াছেন?

(খ) কয়টি কেসে সাজা হইয়াছে?

**The Minister for Home (Police):**

৩০টি।

(ক) ও (খ) ২২টি কেসে পুলিশী তদন্ত চলিতেছে।

**Circular to District Magistrates regarding Gheraos**

***49.** (Admitted question No. *67.) **Shrimati Biva Mitra:** (a) Will the Chief Minister be pleased to state if it is a fact that a circular was issued to the District Magistrates on March 27th, 1967, conveying instructions on "gheraos" of Industrial establishments by their workers?

(b) If the answer to (a) be in the affirmative, will he be pleased to state (i) what were those instructions; (ii) by which Department that circular was issued, (iii) whether that directive is still being pursued; and (iv) whether any new directive on the gherao has been issued?

**The Chief Minister:** (a) Yes.

(i) A copy of the Circular dated 27th March, 1967 is appended.

(ii) The Circular was issued by the Home (Political) Department.

(iii) The circular has been kept in abeyance.

(iv) No new directive on "Gheraos" has been issued.

# Government of West Bengal

## HOME DEPARTMENT

### Political

MEMORANDUM

No. 513-P.S.

From SHRI A. K. DUTTA, I.A.S., *Joint Secretary to the Government of West Bengal,*

To: (1) The District Officer,.........................................,

(2) The Commissioner of Police, Calcutta.

Calcutta, the 27th March 1967.

SUBJECT: *Action to be taken in cases of stay-in strike and "Gherao" of commercial and industrial establishments by their workers.*

Reference: This Government Memo. No. 138-P.S., dated the 7th February, 1956.

In supersession of the instructions contained in the abovementioned Memo. the undersigned is directed to state that it has now been decided that in cases of gherao of industrial establishments by their workers resulting in the confinement of the managerial and other staff the matter should be immediately referred to the Labour Minister and his directions obtained before deciding upon Police intervention for the rescue of the confined personnel.

---

No. 513/1-P.S.

Copy forwarded for information to the—

(1) Inspector-General of Police, West Bengal, with reference to his unofficial No. 598(3)/I.G., dated the 16th March 1967.

(2) Deputy Inspector-General of Police, Intelligence Branch, West Bengal.

(3) Commissioner,.........................................Division.

(4) Superintendent of Police,.............................West Bengal.

Calcutta:
The 27th March 1967.

A. K. DUTT,
Joint Secretary to the Government of West Bengal.

---

No. 513/2-P.S.

Copy forwarded, for information and necessary action, to the Secretary, Labour Department of this Government (with 10 spare copies).

Calcutta:
The 27th March 1967.

A. K. DUTT,
Joint Secretary to the Government of West Bengal.

### Police firing at Naksalbari

***50.** (Admitted question No. *79.)

**শ্রীমতী আভা মাইতিঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দার্জিলিঙ্ জেলার নকশালবাড়ীতে পুলিশের গুলিবর্ষণের ফলে কতজন নিহত হইয়াছেন;

(খ) নিহতদের মধ্যে (১) পুরুষ, (২) মহিলা ও (৩) শিশুর সংখ্যা কত?

**The Minister for Home (Police):**

(ক) ১০ জন।

(খ) (১) ১ পুরুষ।

(২) ৭ মহিলা।

(৩) ২ শিশু।

### Attack on the agricultural refugee colony at Dalla in Malda district

***52.** (Admitted question No. *96.) **Dr. Pratap Chandra Chunder** Will the Minister-in-charge of the Home (Police) Department be please to state—

(a) if it is a fact that on 17th April, 1967, noon, in village Dalla police-station Habibpur, in Malda district, a large mob arme with weapons surrounded and attacked the agricultural refuge colony there, looted, set fire to and completely gutted 136 house including all available foodgrains, brutally murdered fiv refugees and injured thirty others;

(b) if it is a fact that the B.D.O. of the area knew about the troubl and danger there a couple days ago and local police were als informed when the trouble was scented;

(c) if the answers to (a) and (b) are in the affirmative—

(i) what action the local authorities did take to prevent suc attack,

(ii) amount of relief given to the sufferers,

(iii) whether the ringleaders of this dastardly attack were arrested or they are still at large, and

(iv) the action, the police has so far taken against the offenders?

**The Minister for Home (Police):**

(a)

ঘটনাটি অনেকাংশে সত্য, তবে মৃত রিফিউজীর সংখ্যা ৪ জন এবং আহতের সংখ্যা ১১ জন।

(b)

না।

(c) (i)

এই প্রশ্ন উঠে না।

(ii)

সরকার শস্যবীজের জন্য ৩০,০০০ টাকা এবং বাড়ী তৈরির জন্য ২০,০০০ টাকা মঞ্জুর করা ছাড়াও ১৫০টি ত্রিপল, ২০০টি ক্ষুদ্র পোষাক পরিচ্ছদ, ৩৫ কেজি বিস্কুট, ৫০ কেজি গুঁড়া দুধ, ১২টি লণ্ঠন এবং নগদ ৯,৩০০ টাকা খয়রাতি সাহায্য বাবদ দাঙ্গায় ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণকে বিতরণ করিয়াছেন।

(iii)

এ পর্যন্ত মোট ২৬ জনকে গ্রেপ্তার করা হইয়াছে এবং কয়েকজন এখনও পলাতক আছে।

(iv)

৮ জন গ্রেপ্তারী পরোয়ানা, প্রোক্লামেশন এবং র‍্যাটাচমেন্টের আদেশ বাহির করা হইয়াছে।

### Alleged torture on a policeman in Behala police-station

***53.** (Admitted question No. *109.) **Shri Narayan Chandra Chaudhuri:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether the Government is aware of the fact that a policeman of Behala police-station in March last was garlanded with shoes, tortured and assaulted for hours together and humiliated by parading him over miles; and

(b) if so, whether any enquiry has been made about the happening and any action has been taken against the culprits?

**The Minister for Home (Police):**

(ক) হ্যাঁ।

(খ) আরক্ষিকটির অভিযোগের ভিত্তিতে ২২এ এপ্রিল ১৯৬৭ ও ১১ই মে ১৯৬৭ তারিখে বিচার বিভাগীয় তদন্ত অনুষ্ঠিত হইয়াছে। অভিযোগটি বর্তমানে বিচারাধীন।

### Supply of food by the Central Government

***54.** (Admitted question No. *123.)

**শ্রীমহঃ আবদুল বারি:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) ইহা কি সত্য যে, কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গ সরকারকে তাঁহাদের প্রতিশ্রুতি মত খাদ্য সরবরাহ করিতেছেন না; এবং

(খ) গত মার্চ (১৯৬৭) মাস হইতে বর্তমান সময় অবধি মাসওয়ারী কত খাদ্য পশ্চিমবঙ্গে পাঠাইয়াছেন এবং কত খাদ্য পাঠাইবার কথা ছিল?

**The Minister for Food and Supplies:**

(ক) কেন্দ্রীয় সরকার এই বৎসর ২৩-৬-৬৭ তারিখ পর্যন্ত যে খাদ্যশস্য সরবরাহ করিয়াছেন তাহার পরিমাণ তাঁহাদের প্রতিশ্রুত পরিমাণ অপেক্ষা কম।

(খ) এই সম্পর্কে একটি বিবরণী প্রদত্ত হইল। বর্তমান পরিস্থিতি এইরূপঃ—

১লা মার্চ ১৯৬৭ হইতে ২৩এ জুন ১৯৬৭ পর্যন্ত যাহা কেন্দ্রীয় সরকারের দেয় ছিল

চাল ৬৫,৬৭৭ মেঃ টন; গম ৩,১০,০০০ মেঃ টন; মাইলো ১০,০০০ মেঃ টন।

১লা মার্চ ১৯৬৭ হইতে ২৩এ জুন ১৯৬৭ পর্যন্ত যাহা পশ্চিমবঙ্গ সরকার পাইয়াছে

চাল ৫৫,২৯৮·৫ মেঃ টন; গম ২,৬৪,৬৫৮ মেঃ টন; মাইলো ৩,১১০ মেঃ টন।

Reference : *Starred Assembly Question No. 183*

**Statement showing** the quantity of food-grains allotted and delivered by Government of India in 1967 up to 23rd June 1967 March.

| | Rice. | | Wheat. | | Milo. | |
|---|---|---|---|---|---|---|
| | Allotment | Quantity received | Allotment | Quantity received | Allotment | Quantity received |
| 1. March .. .. | 20,000 | 22,839·0 | 75,000 | 83,246 | .. | .. |
| 2. April .. .. | 25,400 | 16,905·5 | 75,000 | 60,807 | .. | .. |
| 3. May .. .. | .. | 12,826·0 | 75,000 | 59,062 | .. | .. |
| 4. June (up to 23rd June) | 20,277 | 2,728·0 | 75,000 | 61,543 | 10,000 | 3,110 |
| | | | 10,000 | (Ex-Punjab) | | (up to 23rd June) |
| | 65,677 | 55,298·5 | 310,000 | 264,658 | 10,000 | 3,110 |

## Attack on Congress workers in Ramchandrapur and Joka villages

***55.** (Admitted question No. *139.) **Shri Saila Kumar Mukherjee:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) if it is a fact that since announcement of the results of the General Elections houses of Congress workers and supporters are being continuously raided by mobs in Ramchandrapur village and Joka village in 24-Parganas district and assaults, arson and looting are going on unabated;

(b) if so, what actions have so far been taken by the Government to prevent such activities and protect the life and properties of the citizens; and

(c) whether the criminals have been arrested so far?

**The Minister for Home (Police):**

(a)

রামচন্দ্রপুর গ্রামে জনৈক কংগ্রেসীর বাড়ী আক্রান্ত হওয়ার একটি মাত্র ঘটনা গত ২৬-২-৬৭ তারিখে ঘটিয়াছে বলিয়া সরকার অবগত আছেন।

(b) and (c)

ঐ ঘটনা সম্পর্কে পুলিশ ২ ব্যক্তিকে গ্রেপ্তার করে এবং ১৩ জন পরে আদালতে আত্মসমর্পণ করে। তদন্তের পর পুলিশ ১৫ জনের বিরুদ্ধে চার্জসীট দাখিল করিয়াছে। মামলাটি বর্তমানে আদালতের বিচারাধীন। ২৬এ ফেব্রুয়ারি ১৯৬৭ তারিখ হইতে ১৯এ মার্চ ১৯৬৭ তারিখ পর্যন্ত ঐ আক্রান্ত ব্যক্তি এবং তাহার সহযোগীদের নিরাপত্তার জন্য পুলিশ প্রহরার ব্যবস্থাও করা হইয়াছিল।

## Quota of rice procurement

***57.** (Admitted question No. *237.)

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান সরকারের আমলে কোন্ জেলায় ধান সংগ্রহের কত কোটা ধার্য হয়েছিল:

(খ) কোন্ জেলায় আজ পর্যন্ত কত সংগৃহীত হয়েছে; এবং

(গ) যেসমস্ত জেলায় কোটা অনুযায়ী ধান সংগ্রহ হয়নি সেই সমস্ত জেলায় অসফলতার কারণ কি?

**The Minister for Food:**

(ক) নূতন খাদ্যনীতি চালু হইবার সময় অর্থাৎ ৫ই এপ্রিল ১৯৬৭ তারিখ হইতে আগামী আমন ফসল উঠিবার পূর্ব পর্যন্ত মাত্র চারটি জেলায় ধান্য সংগ্রহের নিম্নলিখিত লক্ষ্য স্থিরীকৃত হইয়াছে—

| | (চালের হিসাবে) মেট্রিক টন |
|---|---|
| বর্ধমান | ৫০,০০০ |
| বীরভূম | ৭০,০০০ |
| মেদিনীপুর | ৫০,০০০ |
| কোচবিহার | ২০,০০০ |
| | ১,৯০,০০০ |

(খ) ১লা জানুয়ারি ১৯৬৭ হইতে ২৭এ জুন ১৯৬৭ পর্যন্ত ধান ও চাল সংগ্রহের একটি জেলাওয়ারী বিবরণী এতৎসহ উপস্থাপিত করা হইল।

(গ) বিভিন্ন স্তরের দেশদ্রোহী লোকদের কার্যাবলীর জন্য সংগ্রহ আশানুরূপ হয়নি।

**Starred Assembly Question No. 237**

Reference : (Kha)—Quantity of rice and paddy procured in 1967 up to 27th June 1967

(As per reports received from 1st January 1967 to 27th June 1967)

(Figures in Metric Tonnes)

| | Districts. | Rice. | Paddy | In trems of rice. |
|---|---|---|---|---|
| 1. | Burdwan .. .. .. .. | 13,387 | 5,540 | 17,080 |
| 2. | Birbhum .. .. .. .. | 31,186 | 3,406 | 33,4[illegible]7 |
| 3. | Bankura .. .. .. .. | 648 | 664 | 1,091 |
| 4. | Purulia .. .. .. .. | 80 | 140 | 173 |
| 5. | Midnapore .. .. .. .. | 12,008 | 9,457 | 18,312 |
| 6. | Hooghly .. .. .. .. | 490 | 298 | 689 |
| 7. | Howrah .. .. .. .. | 4 | 46 | 35 |
| 8. | 24-Parganas .. .. .. .. | 253 | 966 | 897 |
| 9. | Nadia .. .. .. .. | 10 | 30 | 30 |
| 10. | Murshidabad .. .. .. .. | 170 | 1,343 | 1,065 |
| 11. | Malda .. .. .. .. .. | 7 | 142 | 102 |
| 12. | West Dinajpur .. .. .. .. | 9,173 | 3,732 | 11,661 |
| 13. | Cooch Behar .. .. .. .. | 692 | 3,302 | 2,893 |
| 14. | Jalpaiguri .. .. .. .. | 2,861 | 2,769 | 4,707 |
| 15. | Darjeeling .. .. .. .. | 422 | 262 | 597 |
| | Total .. | 71,891 | 32,097 | 92,789 |

**Enquiry about the test relief works in Egra and Bhagwanpur police-stations**

***58.** (Admitted question No. *92.)

**শ্রীসুধীরচন্দ্র দাসঃ** ত্রাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) কাঁথি মহকুমায় গত বছরের টেস্ট রিলিফ কার্যের দুর্নীতি সম্পর্কে এগ্রা-ভগবানপুর থানায় তদন্ত হইয়াছে কিনা; এবং

(খ) তদন্ত হইয়া থাকিলে, কোন্ কোন্ স্কীমের তদন্ত হইয়াছে এবং তাহার ফলাফল কি?

**The Minister for Relief:**

(ক) হ্যাঁ।

(খ) একটি তালিকা লাইব্রেরী টেবিলে রাখা হইল।

Statement referred to in reply to item (kha) of the starred question No. 58 of Shri Sudhir Chandra Das, M.L.A.

The scheme named below were enquired into:—
Egra P.S.

1. Jagannathpur Road Scheme.
2. Chattri Harijan Road Scheme.
3. Benachakri-Teiami Village Road Scheme.
4. Chattri Krishi Khope Bundh Scheme.
5. Panchrol Bagmari Krishi Bundh Scheme.
6. Khalina Bataspur Agricultural Bundh Scheme.
7. Chattri Patti Bundh Scheme.
8. Kiya-Asda Hasimpur Village Road Scheme.
9. Bartana Village Road Scheme.
10. Kalna Sarrang Agricultural Bundh Scheme.
11. Benachakri Village Road Scheme.
12. Chattri Veri Bundh Scheme.
13. Levelling of Egra Krira Sangha Scheme.
14. Raising of Egra High School Play Ground Scheme.
15. Levelling of Kasba-Egra Junior Basic School Play Ground Scheme.
16. Chattri Gandhi Krishi Bund Scheme.
17. Repair of Kasba-Egra Veri Bundh Scheme.
18. Repair of Kasba-Egra Anchal Veri Bundh Scheme.
19. Estimate of Repair of Bataspur-Bartana Village Road Scheme.
20. Construction of Play Ground of Tentulia Sarrang N. N. Jr. High School.
21. Bara Nihari Krishi Khope Bundh Scheme.
22. Panchrol High School Ground Scheme.
23. Kasbagola Primary School Ground Scheme.
24. Repair of Kasabagola Gram Veri Bundh Scheme.
25. Raising and Levelling of Chirulia Primary School ground Scheme.
26. Raising and Levelling of M.M. Bidyapith Ground 'A' Scheme.
27. Raising and Levelling of Pragatisangha Scheme.

28. Raising and levelling of Manikadighi Primary school ground Scheme.
29. Raising and Levelling of Simuliabar Primary School Scheme.
30. Barda Junior Basic School Ground Levelling Scheme.
31. Repair of Egra to Bartana Kandha Road Scheme.
32. Raida Primary School Brick Making Scheme.
33. Kalsapata Primary School Making Scheme.
34. Hansuria Primary School Making Scheme.
35. Bilchaulda Primary School Making Scheme.
36. Chirulia Primary School Brick Making Scheme.
37. Chatla Primary School Scheme.
38. Purusottampur Telami Veri Bundh Scheme.
39. Sahara to Nahalia Agricultural Bundh Scheme.
40. Sunia Gopinath Veri Bundh Scheme.
41. Raising of Gopinath Veri Bundh Scheme.
42. Panchrol West Special Primary School Scheme.
43. Chandrabella Primary School Ground Levelling Scheme.
44. Bagmari Agricultural Bundh Scheme.
45. Guhabi Club Brick Making Scheme.
46. Sunia Jagadishpur Village Road Scheme.
47. Telami School Ground Levelling Scheme.
48. Khadikul Primary School Ground Levelling Scheme.
49. Tahalia Primary School Levelling Scheme.
50. Satkania Primary School Levelling Scheme.
51. Sunia to Sinduria Village Road Scheme.
52. Hatbarh to Sinduria Village Road Scheme.
53. Amdhai Kadaria Primary School Tank Re-excavation Scheme.
54. Jertahan Village Road Scheme Section 'B'.
55. Dressing and Levelling of L. R. Road, Kudi including Diversion Road.
56. Panchrol Kasbagaol Z. B. Road Scheme.
57. Bhatsava Bindha village road scheme.
58. Solpatta village road scheme.
59. Rukshminipur village road scheme.
60. Basudebpur to Jhareswari road scheme.
61. Baraghati veri bundh scheme
62. Jhareswar to Bhavanichak via Basudebpur bundh Sanskar.
63. Ground levelling of Bathuari Adarsha Vidyapith.
64. Madhabpur Village Road Scheme.
65. Ground levelling of Balighai high school scheme.
66. Brick making scheme of Chhoto Rasulpur school.
67. Basudebpur-Naskarpur-Chirulia boundary embankment scheme.
68. Baranidhi boundary scheme.
69. Baranalgeria-Chhotto Nalgeria bundh scheme.
70. Silampur Krishi bundh Scheme

71. Daudpur Krishi Bundh Scheme.
72. Dakshin Paniparul Krishi Behari Bundh Scheme.
73. Reconstruction of Manjusree Road.
74. Tajpur-Bamunia Road Scheme.
75. Basudebpur Krishi Bundh Scheme.
76. Maheshpur Chhotta Rasulpur Bheri Bundh.
77. Bathuri Pesta bundh Scheme.
78. Repairing of Bathuari Village Road.
79. Rukshinipur-Saharda-Sultanpur Bheri Bundh.
80. Arenda High School levelling Scheme.
81. Shyampur Bheri Kaluroy Primary School Ground levelling Scheme.
82. Mallickpur Janakalyan Club and Haligbai Boarding Scheme.
83. Bebekananda Sankhasree Ground Levelling Scheme.
84. Daudpur-Urdhapur Silampur Village Road Scheme.
85. Tajpur-khagda Road Scheme.
86. Ganeswarpur High School Levelling Scheme.
87. Levelling of Athandi High School Ground Scheme.
88. Nayapara Krishiveri Bundh Scheme.
89. Ground levelling of Shyamharibar Adarsha Vidyapith Scheme.
90. Brick Making Scheme of Chotta Nalgeria Primary School.
91. Daudpur Junior High School Brick Making Scheme.
92. Bandhab Sanimilani Brick Making Scheme.

Bhagwanpur P.S.

1. Raising and levelling the site for Bajkul Milani Mahavidyalaya at Tathaibari Section "A".
2. Tathaibari Section "B".
3. Tathaibari Section "C".
4. Tathaibari Section "D".
5. Tathaibari Section "E".
6. Mahammadpur Silakhali Khal.
7. Bibhisanpur High School, Part I.
8. Bibhisanpur High School, Part II.
9. Abhoyagiri Khal.
10. Panja Khal, Part I.
11. Kajlagarh High School.
12. Brajamohan Khal.
13. Panja Khal, Part II.
14. Gurgram High School, Part I.
15. Gurgram High School, Part II.
16. Kirtan Kahli Khal.

17. Gour Maity Khal.
18. Bhimeswari Uchha Sikhayatan.
19. Purba Radahpur and Monoharpur Khal Bundh.
24. Rani Patna Tank Re-excavation Scheme.
25. Sil Clearance of Radhupur Khal.
26. Ghobagda Salt Water Resistance Scheme.
27. Banitala Palaboni Nasi-Khal.
28. Jukhia Bheri Bundh T. R. Scheme.
29. Repairs of Sujamutha Bundh T. R. Scheme.
30. Excavation of Tank at Mugberia Gangadhar College.

Following is the result of enquiry into the execution of the scheme mentioned above:—

*F.I.R. lodged with the O/C Egra P.S. for investigation.*

1. Jorthan village road section 'B'.
2. Barada Junior Basic school play ground development work.
3. Bilehaulda Primary school brick making scheme.
4. Amdahi Primary school tank scheme.
5. Barada Junior Basic School gorund levelling scheme.
6. Bhatsalia-Bindha village road bheri bundh.
7. Bagmari Agricultural bundh scheme.
8. Benachakri krishi khope bundh.
9. Bataspur to Bartana village road.
10. Tentulia Sarrang N. N. Junior High School.
11. Levelling of Kasba Egra Junior Basic School ground.
12. Kasbagola Primary School ground levelling scheme.
13. Panchrol High School ground levelling.
14. Panchrol West Primary School scheme.
15. Gahabi club brick making scheme.
16. Rayda Primary School brick making scheme.
17. Khadikul Primary school T. R. scheme.
18. Sunia to Shibpur village road scheme.
19. Chatla Primary school brick making scheme.
20. Chirulia Primary school brick making scheme.
21. Raising and levelling of Chirulia Primary School ground.
22. Kasba-Egra anchal veri bundh section 'A'.
23. Kasba-Egra Juniorr Basic School ground levelling T. R. scheme.

24. Kasba-Egra anchal bheri bundh scheme section 'B'.

25. Egra to Bartana kachha road dressing and levelling scheme.

26. Royda school ground levelling scheme.

27. Baranihari krishi bundh scheme.

28. Sunia to Gopinathpur veri bundh scheme.

*Lodging of F.I.R. with the police is under process.*

29. Kasbagola Panchrol T. R. bundh scheme.

*Bhagwanpur P.S.*

A thorough on the spot enquiry was made and measurments were taken in respect of 'Raising and levelling the site for the Bajkul Milani Mahavidyalaya at Tethaibari sections 'A', 'D', 'C', 'D' and 'E' by the Assistant Director, Panchayat Department. The Hon'ble Minister-in-charge of Relief and Social Welfare also made a spot enquiry into the scheme. Further enquiry as directed by the District Magistrate, Midnapore, is under process.

Compilation and scrutiny of all the enquiry reports have not yet been completed. Some more cases are likely to be instituted after compilation and scrutiny of the enquiry reports.

### Procurement of paddy

***61.** (Admitted question No. *226.)

**শ্রীপ্রমথনাথ ধীবর:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত মার্চ মাস হইতে লেভী তুলিয়া দেওয়ার পর কত ব্যক্তির নিকট হইতে উদ্বৃত্ত ধানের হিসাব সরকার পাইয়াছেন;

(খ) এই প্রদত্ত হিসাব অনুযায়ী কি পরিমাণ উদ্বৃত্ত ধান্য আদায় হইয়াছে; এবং

(গ) গত মার্চ মাস হইতে ডাইরেকটিভ দিয়া কত ধান্য আদায় হইয়াছে?

**The Minister for Food and Supplies:**

(ক) ২-৫-৬৭ পর্যন্ত ১৩,১৩৫ জন উৎপাদকের নিকট হইতে উদ্বৃত্ত ধানের হিসাব পাওয়া গিয়াছে।

(খ) ১,০৮,৪৮১ কুইন্টাল ১৯ কেজি ধান্য এ পর্যন্ত আদায় হইয়াছে।

(গ) এ পর্যন্ত ডাইরেকটিভের মাধ্যমে মোট ২,১২,১৪৩ কুইন্টাল ৩৫ কেজি ধান্যের হিসাবে আদায় হইয়াছে।

## UNSTARRED QUESTIONS

### (to which written answers were laid on the table)

### Prices of rice in different districts

**17.** (Admitted question No. 94.) **Dr. Pratap Chandra Chunder:** Will the Minister-in-charge of Food and Supplies Department be pleased to lay on table a statement showing comparative prices of rice during the first week of June in the year 1966 and 1967 in the districts of Purulia, Bankura, Malda, West Dinajpur, Birbhum, Murshidabad, Midnapore, Burdwan, Hooghly, Howrah, Nadia and 24-Parganas?

*Statement referred to in reply to unstarred question No.* 17

Average minimum and maximum retail prices of rice in rupees per kilogram in certain districts of West Bengal during the 1st week of June 1966 and 1967.

| Districts. | 1st week of June 1966 | | 1st week of June 1967 | |
|---|---|---|---|---|
| | Minimum | Maximum | Minimum | Maximum |
| Purulia .. .. .. .. | 1·01 | 1·09 | 1·68 | 1·75 |
| Bankura .. .. .. .. | 0·75 | 0·80 | 1·50 | 1·55 |
| Malda .. .. .. .. | 1·12 | 1·16 | 1·71 | 1·77 |
| West Dinajpur .. .. .. | 1·00 | 1·09 | 1·44 | 1·60 |
| Birbhum .. .. .. .. | 0·89 | 0·89 | 1·45 | 1·51 |
| Murshidabad .. .. .. | 1·17 | 1·35 | 1·69 | 1·74 |
| Midnapore .. .. .. .. | 0·93 | 1·06 | 1·34 | 1·45 |
| Burdwan .. .. .. .. | 0·90 | 1·07 | 1·71 | 1·77 |
| Hooghly .. .. .. .. | 1·46 | 1·59 | 1·74 | 1·82 |
| Howrah .. .. .. .. | 1·81 | 1·87 | 1·74 | 1·83 |
| Nadia .. .. .. .. | 1·52 | 1·61 | 1·84 | 1·88 |
| 24-Parganas .. .. .. .. | 1·69 | 1·82 | 1·83 | 1·96 |

## Prices of Potato, Mustard Oil, Dal, etc.

**18.** (Admitted question No. 95.) **Dr. Pratap Chandra Chunder:** Will the Minister-in-charge of Food and Supplies Department be pleased to lay on the table a statement showing comparative prices of potato, mustard oil, Mug Dal, Masur Dal, Gram Dal, and Arhar Dal during the first week of June in the years 1966 and 1967?

**The Minister for Food and Supplies:** A statement is enclosed.

*Statement referred to in reply to unstarred question No.* 18

Statement showing minimum retail prices of potato, mustard oil, moong, masur, gram and arhar dal in Calcutta in rupees per kilogram.

| Commodities | During the First week of June | |
|---|---|---|
| | 1966 (4-6-66) | 1967 (3-6-67) |
| (1) Potato .. .. .. .. .. .. | 0·78 | 0·98 |
| (2) Mustard oil .. .. .. .. .. | 4·15 | 4·98 |
| (3) Moong dal (Ordinary) .. .. .. .. | 1·30 | 1·83 |
| (4) Masur dal .. .. .. .. .. | 1·18 | 1·68 |

**Lands vested in Government in Jamalpore P.S.**

**19.** (Admitted question No. 213.)

**শ্রীপুরঞ্জয় প্রামাণিকঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জমিদারী দখল আইন চালু হবার পর অদ্যাবধি বর্ধমান জেলার জামালপুর থানার কত বিঘা জমি সরকারে অর্পিত হইয়াছে; এবং

(খ) ঐ ভেস্টেড জমি এ পর্যন্ত কত বন্দোবস্ত বা বিলি করা হইয়াছে?

**The Minister for Land and Land Revenue:**

(ক) ৩৯২·২৯ একর অর্থাৎ ১,১৮৬·৬৮ বিঘা সরকারে বর্তানো জমির দখল অদ্যাবধি লওয়া হইয়াছে।

(খ) ৩১-৫-৬৭ তারিখ পর্যন্ত ২০১·১৭ একর জমি বিলি বন্দোবস্ত করা হইয়াছে।

**T.A., D.A. and Car allowances drawn by the Ministers**

**20.** (Admitted question No. 171.) **Shri Jatindra Mohan Ray:** Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) the names of the Ministers—

(i) drawing Motor Car allowances, and

(ii) Using Government Cars, in lieu of Motor Car allowances;

(b) the amount of money spent on account of Motor Car allowances for Ministers each month since the assumption of offices by the new Ministry; and

(c) the amount of money spent for T. A. and D. A. for each Minister during their tour during the said months?

**The Minister for Finance:** (a)(i) No Ministers are drawing Motor Car allowance.

(ii) Government Cars are used by all the Ministers in lieu of Motor Car allowance.

(b) Does not arise.

(c) A statement showing the particulars is laid on the Library Table.

**Shrimati Purabi Mukhopadhyay:**

যে গম কেন্দ্রীয় সরকারের কাছ থেকে মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয় পেয়েছেন, তিনি অনুগ্রহ করে জানাবেন কি টেস্ট রিলিফের যে কাজ দেওয়া হয়, এই গম শুধু মডিফায়েড রেশনিং না দিয়ে ঐ সমস্ত এলাকায় গম শ্রমিকদের মজুরী হিসেবে তিনি দিতে পারবেন কিনা?

**Dr. Prafulla Chandra Ghosh:**

তা সব জায়গায় দিতে পারবো কিনা—এখন বলতে পারবো না। তবে মজুরী হিসেবে গম দিতে পারলে ভাল হয়—একথা আমিও স্বীকার করি।

**Mr. Speaker:** (1) All starred questions fixed for today of which answers have not been received will be held over till the next rotational date.

(2) All starred questions fixed for today of which answers have been received and not orally answered, those questions will be laid on the Table because that is the rule.

**Dr. Prafulla Chandra Ghosh:**

একদিনে এতগুলি প্রশ্নের জবাব দিতে গেলে কারো উপর সুবিচার করা যায় না। এজন্য আমার উপরও অবিচার করা হচ্ছে, হাউসের মেম্বারদের উপরও অবিচার করা হচ্ছে। কাজেই অনুরোধ করবো আগামী তারিখে যে লিস্ট দেবেন তাতে ৫।৬টি প্রশ্ন থাকলে ঠিক ঠিক উত্তর দিতে পারবো।

**Mr. Speaker:**
মন্ত্রিমহাশয়কে বলবো এটা আমার ক্ষমতার বাইরে। কোশ্চেন আওয়ার এক ঘণ্টা। এর মধ্যে সব প্রশ্নের উত্তর দেওয়াও মুস্কিল। তবে আমি দেখবো যতটুকু সম্ভব আপনার সুবিধা যাতে হতে পারে।

[2—2-10 p.m.]

### Fifth Report of the Business Advisory Committee

**Mr. Speaker:** I beg to present the Fifth Report of the Business Advisory Committee which at its meeting held on 3rd July, 1967, in my Chamber considered the revised allocation of dates for voting on demands for grants for the financial year 1967-68.

A copy of the revised allocation of time, as recommended by the Committee, is laid on the Table.

**Shri Kamal Kanti Guha:** Sir, I move that the Fifth Report of the Business Advisory Committee as reported be agreed to by the House.

**Mr. Speaker:** The motion is adopted.

### Calling Attention to matter of urgent public importance

**Mr. Speaker:** The Minister-in-charge of the Education Department will please make a statement on the subject of non-payment of salary to school teachers in the district of Midnapore, called attention by Shri Deben Das on the 28th June, 1967.

**Shri Jyoti Bhusan Bhattacharya:** Salaries of primary school teachers in Egra and Keshpur circles were despatched through money orders on dates noted below:—

**Dates on which the salary bills were sent to the post office**

| | For March, 1967 | For April, 1967 | For May, 1967 |
|---|---|---|---|
| Egra South .. | On dates between 16.3.67 and 3.4.67. | On 8.5.67 and 9.5.67. | On dates between 9.6.67 and 13.6.67. |
| Egra North .. | Between 15.3.67 and 6.4.67. | Between 28.4.67 and 6.5.67. | Between 1.6.67 and 12.6.67. |
| Keshpur .. | Between 18.3.67 and 30.3.67. | Between 28.4.67 and 2.5.67 | Between 23.5.67 and 6.6.67. |

It appears there was some delay in sending the salaries in April and May. The local office has been instructed to avoid such delay in future.

**Mr. Speaker:** I have received five notices of Calling Attention on the following subjects, namely:—

(1) Transportation of paddy in Bihar from Birbhum and Burdwan districts—from Shri Bazle Ahmed;

(2) Alleged assault on Shri Biren Dawn of Sasthitala Street, Rishra, P.S. Serampore—from Dr. Gopal Das Nag;

(3) Serious breach of industrial peace at Birlapur Jute Manufacturing Co.—from Shri Khiti Bhusan Roy Barman;

(4) Clash between the extremist group and local people with arms of village Banglagach in Fansidewa on 2th July 1967—Shri Apurba Lal Majumdar and Shri Kalipada Mandal; and

(5) Lock-out of South Sheepur primary school and alleged assault upon primary teachers of that school in the district of Midnapore—from Shrimati Ila Mitra and Shri Deben Das.

I have selected the notice of Shrimati Ila Mitra and Shri Deben Das on the subject of lock-out of South Sheepur primary school and alleged assault upon primary teachers of that school in the district of Midnapore. The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject to-day, if possible or give a date for the same.

**Shri Jyoti Bhusan Bhattacharya:** The reply will be given next Tuesday.

## Motion

**Mr. Speaker:** The honourable member who went to my chamber to take permission to move some motion may do so now.

**Shri Khagendra Nath Das Gupta:**

মাননীয় স্পীকার মহাশয়, আমি নকসালবাড়ী এরিয়া থেকে একটা টেলিগ্রাম পেয়েছি, আমি টেলিগ্রামটা পড়ে দিচ্ছি—

CPI(M) looted everything 1-7-1967. Police inactive. No law and order help at Fansidewa.

মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় আশা করি একটা বিবৃতি দেবেন—কেননা ৪ঠা জুলাই আত্মসমর্পণের শেষ দিন—আমি এ সম্পর্কে জানাচ্ছি নকসালবাড়ী সম্পর্কে।

[2-10—2-20 p.m.]

**Dr. Nalinaksha Sanyal:**

অধ্যক্ষ মহাশয়, এইমাত্র টেলিফোনে একটা খবর পেলাম যে আমাদের ডক এলাকায় যে খাদ্য জাহাজ খালাস হচ্ছিল—কাল থেকে খালাস বন্ধ হয়ে গেছে শ্রমিক বিরোধের জন্য—তার ফলে কলকাতার রেশন বন্ধ হবার উপক্রম হয়েছে এবং বিভিন্ন জায়গায় যে গম পাঠানোর প্রোগ্রাম ছিল সে প্রোগ্রাম ব্যাহত হতে চলেছে—এ বিষয়ে মন্ত্রিমহাশয়ের অবিলম্বে দৃষ্টি আকর্ষণ করতে চাই যাতে এইরকম বিরোধের ফলে যে দারুন খাদ্যাবস্থায় আমরা রয়েছি সেটা যাতে না বাড়ে তার দিকে সুস্পষ্ট দৃষ্টি যেন তিনি দেন।

**শ্রীসুবোধ ব্যানার্জি:** আমার একটা কথা, ডাঃ সান্যাল যে বিষয়ে বললেন, সেটা আমাদের শ্রমিক দপ্তর গ্রহণ করেছে। আমি ইউনিয়নের কর্তৃপক্ষদের ডেকেছি এবং শ্রমিক বিরোধী মীমাংসা করে দেবার চেষ্টা করছি।

আর একটা কথা, আমি একটা স্টেটমেন্ট করতে চাই আপনার পারমিসন নিয়ে—আমাদের এই হাউসের সদস্য শ্রীক্ষিতিভূষণ রায় বর্মণ মহাশয় একটা নোটিশ দিয়েছিলেন বিড়লা জুট ম্যানুফ্যাকচারিং কোম্পানীতে যে আন ফেয়ার প্রাকটিশ হয়েছিল এক শ্রমিক আর এক শ্রমিককে আহত করেছিল তার একটা স্টেটমেন্ট দিতে চাই।

It appears that certain allegations relating to violation of Factories Act and other unfair labour practice against the management have been raised by Bengal Chatkal Mazdoor Union before the Government and the matter has been taken up by the Deputy Chief Inspector of Factories, West Bengal, with the management. It would thus appear that the matter is under investigation by the Deputy Chief Inspector of Factories, West Bengal. With regard to stabbing of a workman we have received some information from the managements. It is as follows:—

On 2nd June, 1967, a workman named Sd. Inshan, a weaver of the mills, while going home after his duty was over towards Raipur after 10 p.m. was alleged to have been confronted by a group of workers who stopped him and demanded contribution. But as he did not agree to give contribution there was some altercation and tussle and as a result of that Razak who was in the group received injury from the weaver's knife which Inshan was carrying. Thereafter, Inshan was taken by these workers to the local

thana and he was put under arrest and kept in Hazat. Inshan's brother who is also a weaver of the mill reported the matter to the management next morning. The Police has instituted a criminal case against Inshan who was subsequently released on bail and has joined his duties. Razak took few days sick leave and thereafter joined his duties. It is reported that Inshan has also instituted a counter-case against Razak. Razak has not made any formal complaint against Inshan. The management contended that they have nothing to do in his matter and it is a quarrel between the workman and workmen and the incident occurred outside Birlapur Colony. This is the statement of the management. On the contrary the representative of the Union has made a separate submission. The Union says that scheduled time of the second shift of the day is from 11 a.m. to 2 p.m. and from 5 p.m. to 10 p.m. But through intimidation, pressure and threat the Company is compelling a large section of the workers to continue work up to 10-30 p.m. even beyond that time. Moreover, many of those workers who do not join duty earlier or refuses to work for extra period beyond the scheduled time are threatened or laid off by the management on the plea of not producing equal quantity of cloth as others do. Already on 2nd June 1967 night a worker who refused to work beyond 10 p.m. was seriously stabbed by another worker (Dalal). Some goondas being backed by the management are trying to beat some workers including their leaders who were refusing to work beyond 10 p.m. That is the statement of the Union.

**শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ** স্যার, আমাদের বাঁকুড়া জেলায় যে সমস্ত হাই স্কুল, হায়ার সেকেন্ডারী স্কুল, মালটি পারপাস স্কুল আছে তাদের কর্মকর্তারা ইউনাইটেড ফ্রন্ট-এর সরিক নন, সেজন্য শিক্ষকদের বেতন দেওয়া কিম্বা সরকার থেকে টাকা দেওয়া বন্ধ হয়ে গেছে। আমার নিজের নির্বাচনী এলাকায় সিমলা স্কুল সম্বন্ধে ডি আই-এর কোন রিপোর্ট না থাকা সত্ত্বেও ইউনাইটেড ফ্রন্ট-এর সরিকরা গিয়ে টাকা বন্ধ করে দিয়েছে। শিক্ষকরা স্ট্রাইকের নোটিশ দিয়েছে এবং তাঁরা চারিদিকে ছোটাছুটি করছে। এই দুর্ভিক্ষের সময় বাঁকুড়ার লোকেরা না খেতে পেয়ে মারা যাচ্ছে ঠিক এ সময় শিক্ষকদের বেতন বন্ধ করে দেওয়া হয়েছে কারণ যে স্কুল-এর প্রেসিডেন্ট ও সেক্রেটারী কংগ্রেসের লোক। সরকারের দৃষ্টি এ বিষয় আকর্ষণ করছি।

**শ্রীজয়নারায়ণ শর্মা:** স্যার, আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে একটা রিপোর্ট পেশ করছি। রানীগঞ্জে বল্লমপুর পেপার মিলে ইলেকসান-এর পর বাম কমিউনিস্ট পার্টির লোকেরা যারা আমাদের কংগ্রেস-এর ট্রেড ইউনিয়ন-এর ওয়ার্কার ছিল তাদের ঘরের মধ্যে নিয়ে গিয়ে হান্টার দিয়ে মেরেছে। একজনের নাম ছোটেলাল চামার এবং আর একজনের নাম হচ্ছে শোরবাড়ী মিয়া। ও'দের মেরে ঘায়েল করে দেয় কিন্তু থানায় ডাইরি নেয় নি। ১৮ই মার্চ চীফ মিনিস্টার-এর কাছে চিঠি দেওয়া হয়েছে কিন্তু তিনি কোন একসান নেন নি। সেইজন্য আপনার মাধ্যমে এ্যাপিল করছি এ কেস-এর তদন্ত করে তাদের শাস্তি দেওয়া হোক। তারপর সেখানে সাম ডাঃ শীতল গোস্বামীর ছেলে হরেকৃষ্ণ গোস্বামীকে হান্টার দিয়ে মারা হয়েছে। এরকম অবস্থায় সেখানে মানুষের থাকা বিপদ হয়ে পড়েছে। সেজন্য আমি বিষয়টা চীফ মিনিস্টারকে তদন্ত করবার জন্য এ্যাপিল করছি।

**শ্রীপান্নালাল মাঝিঃ** মাননীয় স্পীকার, স্যার, আপনার মাধ্যমে আমার কনস্টিটুয়েন্সীর একটা ইউনিয়ন-এর যে ঘটনা ঘটেছে মন্ত্রিসভার দৃষ্টি সেদিকে আকর্ষণ করছি। গত রবিবার রাত্রে আমাদের একজন সমর্থককে ২ জন কংগ্রেসী গুন্ডা ছুরি মেরেছে এবং সেখানে একটা ত্রাসের অবস্থা সৃষ্টি করতে আরম্ভ করেছে যাতে করে এ অঞ্চলে ভাগচাষী উচ্ছেদে ব্যাপক একটা ষড়যন্ত্র চলছে অর্থাৎ এ ব্যাপারে যাতে কেউ প্রতিবাদ না করতে পারে বা কোনরূপ কেস না করতে পারে সেজন্য একটা ব্যাপক ত্রাস সৃষ্টি করা হচ্ছে। গত এপ্রিল মাসের ১৬ তারিখে আমাদের একজন সদস্যকে লাঠি পেটা করে তার হাত ভেঙ্গে দেওয়া হয়েছিল, সেজন্য কেস করা হয়েছিল কিন্তু আসামীকে গ্রেপ্তার করা হয়নি। থানা অফিসার তাকে গ্রেপ্তার করেন নি। তিনি কোর্টে সারেন্ডার করেছেন। এ ব্যাপার যদি চলতে থাকে তাহলে সমস্ত লোক বিপদে পড়বে। অবিলম্বে যাতে ব্যবস্থা অবলম্বন করা হয় তার জন্য অনুরোধ করছি।

[2-20—2-30 p.m.]

**শ্রীপরেশচন্দ্র গোস্বামী:** স্যার, বর্ধমান জেলা খাদ্যে উদ্বৃত্ত অঞ্চল। কিন্তু বর্ধমান জেলার কালনা মহকুমার পূর্বস্থলী বা কালনা থানায় যে অবস্থা হয়েছে তাতে সেখানকার যে চিত্র এসেছে তাতে সেখানকার মানুষ অনাহারের মধ্য দিয়ে দুর্ভিক্ষের পদধ্বনী শুনতে পাচ্ছে। এই সংবাদ পেয়ে গত দুই দিন আমি সেখানে ঘুরে এসে যা দেখলাম তাতে সেখানকার মানুষ অনেকে ৫।৬ দিন না খেয়ে থাকছে এবং পাটের পাতা পর্যন্ত দুর্মূল্য হয়ে গেছে। আজ পাটের পাতাও সেখানে পাওয়া যাচ্ছে না। পোকা লেগেছে বলে তাতে ফলিডল দিয়ে রাখা হচ্ছে। সেখানকার লোকে দাবী করছে যে কোরে হোক তাদের বাঁচাবার জন্য। সেখানকার মানুষের রেশনের বরাদ্দ নেই ও তাদের ক্রয়ক্ষমতা এরূপ অবস্থায় নেমে গেছে যে সেখানে যদি অবিলম্বে লঙ্গরখানা খোলার ব্যবস্থা না করা হয় তাহলে সেখানকার মানুষ বাঁকুড়া এবং পুরুলিয়ার মত মরতে বাধ্য হবে। তারপর সেখানকার লোকের ক্রয়ক্ষমতা নেই বলে তারা ছেলেমেয়েদের স্কুলের বেতন দিতে পাচ্ছে না। সেইজন্য আমি শিক্ষামন্ত্রীকে আবেদন করছি যেমন জমির খাজনা মকুব করা হয়েছে তেমনি দুর্ভিক্ষ এলাকার মত এদের বেতন মকুব করা হোক।

**শ্রীমতী নুরুন্নেসা সাত্তার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বর্ধমান জেলার মদনকোট থানার অন্তর্গত লাকুরিয়া অঞ্চল পঞ্চায়েতের অধীন ঝিনেড়া গ্রামের শ্রীগোপালচন্দ্র মহান্তের প্রথম পুত্র বাণেশ্বর মহান্ত গত ইং ২৩-৬-৬৭ তারিখ রাত্রে গলায় দড়ি দিয়ে আত্মহত্যা করিয়াছে।

ঘটনার বিবরণে প্রকাশ যে এই পরিবার সংসার নির্বাহের জন্য এই অঞ্চলে অর্থ দিয়াও চাউল ক্রয় করিতে পারে নাই এবং চাউলের অগ্নিমূল্য হেতু সাধারণের ক্রয়ক্ষমতা একবারেই নেই।

খরাহেতু খাদ্যও উৎপাদন হয়নি।

ঘটনার দিন মৃত বাণেশ্বর মহান্ত তাঁহার মাকে এক মুঠো ভাত দিবার জন্য বারবার অনুরোধ করিলেও তাঁহার মা ভাত দিতে পারেন নাই কারণ উক্ত পরিবারে প্রায় ৩।৪ দিন যাবত হাঁড়ি চড়ে নাই।

**শ্রী এম এ লতিফ:** গত ১লা জুলাই দৈনিক বসুমতীতে আমাদের পশ্চিম বাংলার রাজ্য বিদ্যুৎ পর্ষদের কর্তৃপক্ষের সম্বন্ধে কতকগুলি অভিযোগ পেশ করা হয়েছে এবং সে খবরের মধ্যে বলা হয়েছে যে ট্রান্সমিটার লাইন কনসালটেন্ট হিসাবে করা হয়েছে। যদিও এই কাজে তাদের পূর্ব অভিজ্ঞতা নেই এবং এই কথা বলা হয়েছে যে আমাদের বাঙ্গালী ইঞ্জিনীয়ারদের বাদ দেওয়া হয়েছে এর জন্য ২৬ লক্ষ টাকা দিতে হবে। আমি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের এবিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি যাতে তিনি তদন্ত করে আমাদের জানান।

**শ্রীরবীন মুখার্জী:** স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে সমস্ত হাউসের বিশেষ করে সংশ্লিষ্ট মন্ত্রিমহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এখনও পর্যন্ত যেসব সংবাদ এসেছে তাতে জানা যাচ্ছে যে পশ্চিম বাংলার লক্ষাধিক ইঞ্জিনীয়ারিং শ্রমিক আজ সাধারণ ধর্মঘট পালন করেছে। ছাঁটাই লে-অফ এবং ক্লোজারও রয়েছে। এই মালিকরা কনসার্টেড ওয়েতে পশ্চিম বাংলার যুক্তফ্রন্ট সরকারকে নানাভাবে ব্যতিব্যস্ত করার জন্য চেষ্টা করছে। সেই কারণে এই ছাঁটাই লে-অফ, এবং ক্লোজারের বিরুদ্ধে প্রতিবাদ জানানোর জন্য লক্ষাধিক শ্রমিক এখনও পর্যন্ত হরতাল এবং সাধারণ ধর্মঘট পালন করছে বলে খবর পাওয়া গেছে। আমি শুধু এটুকু জানাতে চাচ্ছি যে এইরূপ গুরুতর ঘটনা সম্পর্কে পশ্চিমবঙ্গ সরকার যদি অবহিত না হন তাহলে এই একদিনের হরতাল সেটা সাধারণ ধর্মঘট হিসাবে কয়েকদিন যাবত ধর্মঘটে রূপান্তরিত হতে পারে। এই গুরুতর সঙ্কট মালিকরা সৃষ্টি করছে। সেই জন্য এর বিরুদ্ধে যথাবিহিত ব্যবস্থা অবলম্বন করবার জন্য আমি পশ্চিমবঙ্গ সরকারকে অনুরোধ করছি।

## Presentation of the Eleventh Report of Estimates Committee

**Dr. Nalinaksha Sanyal:** Mr. Speaker, Sir, with your permission I beg to present before the Assembly the Eleventh Report of the Estimates Committee on action taken by the Government on the recommendations contained in the Sixth Report of the Estimates Committee on the Salt Lake Reclamation City Extension Project.

## General Discussion of the Budget

**Dr. Pratap Chandra Chunder:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, অর্থমন্ত্রী মহাশয় যখন এই বছর প্রথম বাজেট উত্থাপন করেছিলেন তখন আমরা সমালোচনা করেছিলাম যে এই বাজেটে কোন পরিবর্তন নেই, সেজন্য যে উষ্মা প্রকাশ করেছিলেন এখন দেখছি তিনি রুষ্ট হয়ে এমন একটি বিরাট ঘাটতি বাজেট উপস্থিত করলেন তাতে মনে হচ্ছে যে তিনি শুধু বাংলাদেশে লাল ঝান্ডা ওড়াতেই চান নি, বাংলাদেশে লালবাতিও জ্বালাতে চান। তাঁর এই বাজেট বক্তৃতার উপসংহার দিয়ে আমি আরম্ভ করছি। কেন না, সেইখানেই তিনি সংহার মূর্তি নিয়ে কেন্দ্রীয় সরকারকে এক হাত নিয়ে নিয়েছেন। তাঁর তিনটি গুরুতর অভিযোগ কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে। এক হচ্ছে খাদ্য, দ্বিতীয় হচ্ছে বৈষম্য, আর তৃতীয় হচ্ছে বেকার সমস্যা। খাদ্য সম্পর্কে তিনি কেন্দ্রীয় সরকারকে বলছেন যে শুধু তাই নয়, যে পরিমাণ খাদ্যশস্য আমাদের দেবেন বলে তাঁরা প্রতিশ্রুতি দিয়েছিলেন সেটা পর্যন্ত সরবরাহ করতে ব্যর্থ হয়েছেন। বাস্তবিক এটা যদি মন্ত্রিসভা প্রমাণ করতে পারেন যে কেন্দ্রীয় সরকারের তহবিলে খাদ্য থাকা সত্ত্বেও তাঁরা দিচ্ছেন না কিম্বা কংগ্রেসী এবং অকংগ্রেসী রাজ্যের মধ্যে পার্থক্য করছেন তাহলে আমরা নিশ্চয়ই তাঁর সঙ্গে সকলে এক মত হয়ে কেন্দ্রীয় সরকারের কাছে দাবী করব। কিন্তু তা না করে নিজেদের যে ত্রুটি হচ্ছে সেটা অর্থমন্ত্রী উল্লেখ করেন নি। এতে রাজনৈতিক সততার কোন পরিচয় পাওয়া যায় না। আমরা দেখছি কি—একদিকে আমাদের মাননীয় খাদ্যমন্ত্রী শঙ্করাচার্যের শ্লোক আওড়াচ্ছেন, আর অন্যদিকে অর্থমন্ত্রী মাও সে তুঙের লৌহ মুদ্গর ঘোরাচ্ছেন। আর তারি মাঝখানে পড়ে খাদ্যনীতি বেচারা একেবারে অখাদ্য হয়ে গেছে। এই খাদ্যনীতি যখন আমরা আলোচনা করি তখন এই সরকার পক্ষ থেকে আমাদের কাছে যেসমস্ত অর্ডারগুলি এসেছে তাতে দেখা যাবে গত দু মাসের মধ্যে অর্থাৎ এপ্রিল মাস থেকে অন্ততঃ কম পক্ষে ১৮টি অর্ডার তাঁরা ঘোষণা করেছেন। সমস্ত লিস্ট আমার কাছে রয়েছে। আপনাদের ধৈর্যচ্যুতির জন্য আমি আর সেগুলি এখানে উল্লেখ করতে চাই না। এর থেকেই বোঝা যায় যে খাদ্য সম্বন্ধে তাঁরা সম্পূর্ণ অবাস্তব চিত্র—মন্ত্রিসভা প্রতিশ্রুতি দিয়েছিলেন যে ২ লক্ষ টন খাদ্য তাঁরা সংগ্রহ করবেন। সেজন্য তাঁরা নিজেরা বিভিন্ন জেলার গ্রামেও গিয়েছিলেন এবং সংবাদপত্রে তাঁদের ছবি পর্যন্ত বেরিয়েছিল। কিন্তু তাঁরা কি ২ লক্ষ টনের মতো খাদ্য সংগ্রহ করেছেন? তাঁরা কি তাঁদের প্রতিশ্রুতি পালন করেছেন? শুধু কেন্দ্রীয় সরকারের উপর তাঁরা দোষ দিচ্ছেন। কোন কিছুতেই তাঁরা নিজেদের প্রতিশ্রুতি পালন করতে পারছেন না। পুলিশ দিয়ে যখন খাদ্য সংগ্রহের চেষ্টা হল তার বদলে কি দেখা গেল—আজকের সংবাদপত্রে হাইকোর্টের একটা রায় রয়েছে তা থেকে আমি আপনার কাছে দু-একটি উল্লেখ করতে চাই। সেটা হচ্ছে এই—পুলিশ যে আতঙ্কের আবহাওয়া সৃষ্টি করিতে এবং সমগ্র মজুত মাল আটকের দ্বারা বাজারে খাদ্যাভাব সৃষ্টি করিতেই আগ্রহী। সেই কার্যে দস্যুবৃত্তির অপরাধের সকল বিশেষত্বই বর্তমান। বিচারপতিদ্বয় আরও মন্তব্য করিয়াছেন যে, সমগ্র ব্যাপারটার কারণ ঐ বিশেষ অফিসারের দায়িত্বহীন কার্যের মত। উহা ভারতের আদালত কর্তৃক বিহিত মৌলিক অধিকার লঙ্ঘন করিয়া জনতার পাগলামিতে তাল মিলানরই সামিল। বর্তমান দুঃসময়ে যাহা সর্বপ্রকার সন্দেহের ঊর্ধ্বে রাখার সবচেয়ে বেশী দরকার, শাসন কর্তৃপক্ষের সেই সততার উপরও উহাতে কটাক্ষ আরোপিত হইয়াছে।

[2-30—2-40 p.m.]

শাসন কর্তৃপক্ষের সততার উপরও হাইকোর্ট-এর বিচারপতি কটাক্ষ করেছেন, যদি কোন সভ্য রাজ্য এখানে থাকতো তাহলে এই ধরনের স্ট্রিকচার-এর জন্য তাঁরা মাথা নীচু করতেন, ওখান থেকে ফোড়ন কাটতেন না। আজকে বসুমতী কাগজে যা বেরিয়েছে তা থেকে উল্লেখ করলাম। আমাদের এই অর্থমন্ত্রী বৈষম্য সম্পর্কে বলছেন যে, অর্থনৈতিক, সামাজিক বৈষম্য কমিয়ে আনা দরকার, কেন্দ্রীয় সরকারের পরিকল্পনায় তা হয়েছে কিন্তু স্বয়ং অর্থমন্ত্রী কিভাবে এই অর্থনৈতিক বৈষম্য দূর করবার চেষ্টা করছেন তা আমি আপনাদের কাছে উল্লেখ করতে চাচ্ছি। আপনারা জানেন যে এই অর্থমন্ত্রী ১লা জুন তারিখে ডি এ বিষয়ে কতকগুলি ঘোষণা করেছিলেন, গতবার কংগ্রেসের সময় প্রায় ১৭ কোটি টাকার মত ডিয়ারনেস অ্যালাউয়েন্স দেওয়া হয়েছিল এবং অন্যান্য সুযোগসুবিধা নিয়ে প্রায় ২৩ কোটি টাকার মত ১৯৬৬ সালে দেওয়া

হয়, কিন্তু এবারে আমরা দেখছি যে সাড়ে এগারো কোটি টাকার মত দিয়ে তিনি বাহাদুরী নেবার চেষ্টা করছেন, বাহাদুরী নিন, তাতে আমার কোন আপত্তি নেই কিন্তু ডি এ কিভাবে দেওয়া হয়েছে সরকারী কর্মচারীদের তার একটা তালিকা সংবাদপত্রে যা বেড়িয়েছে তা থেকে উল্লেখ করছি। এখানে দেখবেন ৩০১ টাকা থেকে এক হাজার টাকা পর্যন্ত কংগ্রেসী আমলে ডি এ পেত ৬৫ টাকা, ১,০০১ টাকা থেকে ২,২৫০ টাকা পর্যন্ত যাদের মাইনে তারা ডি এ পেতো ৬০ টাকা, কিন্তু এখানে নূতন মন্ত্রী মহাশয় ৩০১ টাকা থেকে হাজার টাকা পর্যন্ত যারা বেতন পায় তাদের ডি এ বাড়ালেন ১৫ টাকা আর উর্ধতন কর্মচারী যারা ১,০০১ টাকা থেকে ২,২৫০ টাকা পাচ্ছেন তাদের ডি এ বাড়ালেন ২০ টাকা করে, কাজেই এই যে মধ্যবর্গের যেসমস্ত কর্মচারী তাদের ডি এ কম বাড়ানো হলো আর যারা উচ্চবর্গের কর্মচারী তাদের ডি এ বেশী বাড়ানো হলো। কি চমৎকার বৈষম্যবিহীন সমাজ তিনি সৃষ্টি করছেন সেটা পরিষ্কার আমরা এখানে দেখতে পাচ্ছি। শুধু তাই নয়, প্রাথমিক শিক্ষকদের সম্পর্কে তিনি যে ঘোষণা করেছেন এটা সর্বৈব অসত্য। তিনি বলেছেন দুর্মূল্য ভাতা মোট ২৫ টাকা, আসলে এটা হচ্ছে ১০ টাকা মাত্র। ১৫ টাকা সেটা বেতনের সঙ্গে কংগ্রেসী শাসনে সংশ্লিষ্ট হয়ে গেছে। এখন সেটা প্রাথমিক শিক্ষকরা মাত্র ১০ টাকা পান কিন্তু সেই ভুল বা ইচ্ছাকৃত যে ভ্রান্তি সেটা সংসোধন করবার সৎসাহস পর্যন্ত বর্তমান অর্থমন্ত্রীর নেই। অথচ সেই প্রাথমিক শিক্ষকরা এই সমস্ত দাবি জানানোর জন্য বিধানসভার কাছে এসেছিলেন তখন ঐ লাল ঝাণ্ডাধারী গুণ্ডার দল তাদের পথে একেবারে শুয়ে দিল, এই হচ্ছে অবস্থা, এই তো হচ্ছে বৈষম্য দূর করবার ব্যাপার। বেকার সমস্যা সমাধানের ব্যাপারে আমাদের মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বলেছেন তাঁর ভাষণে যে তাঁর বিশেষ আপত্তি হচ্ছে কি? না, বেকার সমস্যা, বেকারী বা অর্ধবেকারী দিনের পর দিন বেড়েই চলেছে পর পর তিনটি পরিকল্পনার ফলে ভারতের অর্থনীতি আজকে সুস্পষ্ট হয়ে উঠেছে, কিন্তু তিনি তাঁর বাজেটের মধ্যে বেকার সমস্যা দূর করবার জন্য কি ব্যবস্থা করছেন বা তার নিরসন করবার কি ব্যবস্থা করছেন, আমরা যখন তাঁর বড় বইটির সংক্ষিপ্ত সার পাঠ করি, সেখানে দেখাবো যে, লেবার এবং এমপ্লয়মেন্ট খাতে তিনি যে অর্থ বরাদ্দ বাড়িয়ে দিয়েছেন, সেটা সম্পূর্ণ হচ্ছে ডি এ-র জন্য, নূতন কোন কর্মসংস্থান কেন্দ্র খোলার ব্যাপারে নয় যা দিয়ে বেকার সমস্যা দূর করার কাজে সাহায্য হতে পারে।

আমরা জানি যে এখানে বড় বড় কলকারখানা স্থাপন করা এত সহজ ব্যাপার নয়, দু-একটা করবার তিনি চেষ্টা করেছেন উত্তরবঙ্গের দিকে কিন্তু প্রয়োজনের তুলনায় সেগুলি নগণ্য। কিন্তু যেখানে এই কর্মসংস্থান আরো বাড়তে পারতো আমাদের যে কুটির শিল্প রয়েছে তার মাধ্যমে সেই বিভাগের তিনি ব্যয় বরাদ্দ বাড়ান নি। কাজেই তিনি নিজে কি বেকার সমস্যা দূর করার চেষ্টা করেছেন? আমার কাছে ২৫-৬-৬৭ তারিখের যে চিঠিতে সরকারী কর্মচারীরা ১২ জন লিখেছেন দুঃখের বিষয় ৩০-৬-৬৭ তারিখে ছাটাই-এর নোটিশ মেমো নং ৩০৬৬/১(২), তারিখ ৭-৬-৬৭, এসে হাজির হয়েছে। তাঁরা লিখেছেন নদীয়া জেলায় এই খাদ্যসংকটের দিনে যদি আমাদের ছাঁটাই করিয়ে দেয় তাহলে অনাহারে মরিতে হইবে। এটা কল্যাণী ইলেকট্রিক্যাল ডিভিশনের পি ডবলিউ ডি-তে চতুর্থ শ্রেণীর কর্মচারী হিসাবে তাদের নিয়োগ করা হয়েছে। কাজেই সরকারী বিভাগের ছাটাই-এর ব্যাপার রয়েছে। এর থেকে স্পষ্টই বোঝা যায় যে, কেন্দ্রীয় সরকারকে তিনি যেভাবে আক্রমণ করেছিলেন সমস্ত আক্রমণগুলি তাঁর নিজের উপর বর্ষিত হতে পারে এবং তার কি জবাব তিনি দেবেন সেটা নিশ্চয়ই জানবার জন্য উন্মুখ হয়ে আমরা থাকবো। আমরা দেখছি এই সরকার দুটো নীতির পৃষ্ঠপোষকতা করছেন, একটা হচ্ছে ঘেরাও নীতি, আর একটা হচ্ছে ঠেঙ্গাও নীতি। ঘেরাও নীতির ফলে আমাদের এখানে কলকারখানা বন্ধ হয়ে গিয়েছে একথা আমরা অনেকে উল্লেখ করেছি। কিন্তু সাধারণ শ্রমিকের কিভাবে এই যে কাজকর্ম নষ্ট হয়ে যাচ্ছে তারও অভিযোগ পত্র মুখ্যমন্ত্রীর কাছে পাঠান হয়ে গিয়েছে এবং ইস্টার্ন ড্রাগ এমপ্লয়িজ ইউনিয়নের পক্ষ থেকে একটা চিঠির কপিতে আসল সই করে আমার কাছে পাঠিয়েছে এবং আসল কপির মধ্যে ১৮ জন সই করেছে এবং তারা তারস্বরে মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করেছে যে এই ঘেরাও-এর জন্য তাদের কাজকর্ম চলে যাচ্ছে এবং তাদের খাওয়া পরার ব্যবস্থার জন্য মুখ্যমন্ত্রী মহাশয় যেন একটা ব্যবস্থা করেন।

Our families are starving our children are weeping. We have no money to feed them, no money to pay the doctor's visit. So we hmbly appeal to provide us with alternative employment.

ইত্যাদি ইত্যাদি। কাজেই এই যে ঘেরাও নীতি এই নীতির মধ্যে দিয়ে এতগুলি শ্রমিক তার মধ্যে মহিলারাও রয়েছেন, লীলাবতী দে, নিভারাণী ঘোষ প্রমুখ তারাও মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করেছে। অতএব কিভাবে নূতনভাবে কর্মসংস্থান হল সেকথাও আমাদের জানবার ইচ্ছা আছে। আজকে এই যে ঠেঙ্গাও নীতি তাঁরা ঘোষণা করেছেন এর ফলে প্রতি দিকে দিকে আমরা দেখছি ও'রা ঠেঙ্গাড়ে বাহিনী পাঠিয়ে দিচ্ছেন এবং ঠেঙ্গাড়ে বাহিনী পাঠিয়ে দিয়ে পুলিশকে নিষ্ক্রিয় করে পূর্বে আমরা যে মগের মুল্লুক তৈরী হতে চলেছিল শুনেছি তেমনি এখন চীনের মুল্লুক প্রতিষ্ঠা করার চেষ্টা করছেন। এবং অন্যান্য দলগুলি বামপন্থী কমিউনিস্টদের সঙ্গে রয়েছেন কিন্তু তাঁরা নিষ্ক্রিয় হয়ে দেখছেন এবং মাঝে মাঝে সেম সাইড হয়ে যাচ্ছে এবং সেম সাইড এমন ভাবে হয়ে যাচ্ছে যে দক্ষিণপন্থী কমিউনিস্ট পার্টির মুখপত্র কালান্তর, ২০এ জুন তারিখে লিখছে, দক্ষিণ দমদম পৌরসভার নির্বাচনের প্রাক্কালে মার্ক্সবাদী কমিউনিস্টদের গুণ্ডামীর চিহ্ন। কালান্তরে এই ছবি ছেপেছে। ক্ষতিগ্রস্ত বাড়ি দুইটির একটি শ্রীদিলীপ চ্যাটার্জীর বাড়ি—সুভাষ নগর, ফার্স্ট বাই লেন, অপরটি শ্রীবিমল ঘোষের বাড়ি—সুভাষনগর সেকেন্ড বাই লেন। তাছাড়া আরো দমদম সম্পর্কে বিরাট দমদম দাওয়াই-এর কথা তাঁরা উল্লেখ করেছেন কালান্তরে ২২এ জুন তারিখে। সম্পাদকীয় অরাজকতা, বিপ্লব নয়। বিপ্লব ও শ্রেণী সংগ্রাম সম্পর্কে ভ্রান্ত ধারনার বশবর্তী হয়ে যাঁরা এই বীভৎস পরিস্থিতির সৃষ্টি করছেন তাঁদেরই সমধর্মীদের পদ্ধতি হল উত্তর দমদমে মিউনিসিপ্যাল নির্বাচন অভিযানে গভীর নিশীথে নিদ্রিত পুরবাসীদের ঘরে ঘরে সশস্ত্র আক্রমণ দ্বারা সন্ত্রাস সৃষ্টি। এই যে রাজনৈতিক পদ্ধতির বদলে সমাজবিরোধীদের পদ্ধতি অবলম্বন এর সঙ্গে মার্ক্সবাদ—লেলিনবাদের কোন সম্পর্ক নেই। কাজেই এই যে সম্পাদকীয় আমি উপস্থিত করলাম এর জবাব কিভাবে মন্ত্রিসভা পেশ করেন সেটাও জানবার আমাদের একটা ইচ্ছা থেকে যাচ্ছে। তাছাড়া আরো বড় কথা হচ্ছে সংবাদপত্রের স্বাধীনতা হরণ করা হচ্ছে একথা কালকে মাননীয়া পুরবী মুখোপাধ্যায় উল্লেখ করেছিলেন কিন্তু তিনি কোন নজীর উপস্থিত করেন নি। একটা গোপন চিঠির নকল আমার হাতে এসে পৌঁছেছে, এটা লিখছেন এ কে মুখার্জি, ডিরেক্টার অফ ইনফরমেশন অ্যান্ড ডেপুটি সেক্রেটারী এবং লেখা হচ্ছে শ্রী বি ব্যানার্জি, নিউজ এডিটর, বসুমতী প্রাইভেট লিমিটেড, ১১ই এপ্রিল, ১৯৬৭, ডি ও নং ৭৯৫৯—আই এন এফ এবং লেখা আছে সিক্রেট। কি গোপন কথা, তিনি সেখানে লিখছেন, সবটা আমি পড়ছি না, খানিকটা পড়ে শোনাচ্ছি, তিনি বলছেন

I write to draw your kind attention to the banner headline on page 1 of the Basumati, dated March 30, 1967. You will appreciate that the language of the headline as well as the manner of display was far from being helpful and conducive to easing the tension in a rather unpleasant situation. It is interesting to note that the tone of the Editorial on the subject on the same date was quite different from what one would infer from the manner of display of the main news on page 1. Could you please let us know why the tone of the news display and the tone of the editorial differed.

তাঁরা জবাবদিহি চাচ্ছেন বসুমতী সম্পাদকের কাছ থেকে, যে বার্তা সম্পাদক রয়েছেন তাঁর কাছ থেকে। খবরের কাগজে কিভাবে সংবাদ পরিবেশিত হবে সেটা খবরের কাগজ নিশ্চয়ই ভাল করে জানান। আমাদের বিরুদ্ধে অনেক লেখা হয়, বসুমতী সম্পাদক মহাশয় প্রতিদিন আমাদের বিরুদ্ধে বিষোদ্গার করেন কিন্তু ব্যক্তিগতভাবে তাঁর স্বাধীন চিন্তার আমি প্রশংসা করছি। বসুমতীর সম্পাদক তার কি জবাব দিয়েছেন তা পেশ করার জন্য আমি মন্ত্রিসভাকে আহ্বান করি। আজকে দিকে দিকে যে অন্যায়, অবিচার, অত্যাচার চলেছে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় সম্পূর্ণ নির্বিকার, তাঁর চোখ হচ্ছে শ্রীসুশীলকুমার ধাড়া, তাঁর কাণ হচ্ছে শ্রীবিশ্বনাথ মুখার্জী এবং তাঁর মগজ হচ্ছে শ্রীজ্যোতি বসু এবং যে ঘাটতি বাজেট এখানে উপস্থিত করা হয়েছে তার থেকে দেখতে পাচ্ছি তাঁর মগজেও ঘাটতি দেখা দিয়েছে। কাজেই আজকে যখন আমরা এই বাজেট নিয়ে আলোচনা করতে যাচ্ছি তখন চারিদিকে যে অন্যায় অবিচার, অত্যাচার চলেছে তার প্রতিবাদে আমরা কিছুতেই এই বাজেটকে সমর্থন করতে পারি না, সেইজন্য এর বিরোধীতা করছি।

[2-40—2-50 p.m.]

**Shri Bikesh Chandra Guha:**

মিঃ স্পীকার, স্যার, আমি মাননীয় অর্থমন্ত্রীর উপস্থাপিত বাজেটকে সমর্থন করছি। সমর্থন করছি এই জন্য যে, এই বাজেট যুক্তফ্রন্ট সরকারের ১৮ দফা কর্মসূচী রূপায়ণের পদক্ষেপ। কিন্তু আমি লক্ষ্য করলাম যে বিরোধী পক্ষ অর্থাৎ কংগ্রেসের তরফ থেকে এই বাজেটের বিরোধীতা করা হয়েছে এই বলে যে এটা একটা ডেফিসিট বাজেট। এই বাজেট দেশকে ধ্বংসের দিকে নিয়ে যাবে এবং এই বাজেটে ডেফিসিট কভার করার জন্য কোন নির্দেশ নেই এই কথা তাঁরা বলেছেন। ভূতপূর্ব অর্থমন্ত্রী শ্রীশৈলেনকুমার মুখার্জী বলেছেন যে এই বাজেট তৈরি করার ব্যাপারে বাংলাদেশের রাজ্যসরকারের পূর্ণ স্বাধীনতা আছে এবং সাথে সাথে তিনি আবার একথাও বলেছেন যে কেন্দ্রের যে সাহায্য দেবার কথা আছে কেন্দ্রের সেই অ্যালটমেন্ট সেটা জ্যোতিবাবু পাবেন কিনা এ প্রশ্নও তিনি তুলেছেন। আর তাঁরা কি বলেছেন, বলেছেন এই বাজেট তৈরি করেছেন পিকিং পন্থী জ্যোতি বসু। এই হচ্ছে বিরোধী পক্ষ কংগ্রেসের পক্ষ থেকে সমালোচনা। কিন্তু আমরা বহুদিন থেকে শুনে আসছি, ২০ বছর যাবত তাঁরা বলতেন কনস্ট্রাকটিভ সাজেশনের কথা, কিন্তু আমি একথা বলতে পারি বিরোধী পক্ষের নেতা থেকে আরম্ভ করে একজনও একটি সাজেশনও দেন নি যে কিভাবে এই বাজেটকে উন্নত করা যায় যদিও তাঁদের মুখে অনবরত শোনা যায় কনস্ট্রাকটিভ সাজেশন।

তবুও তাঁদের মুখে অনবরত শোনা যায়, কনস্ট্রাকটিভ সাজেশন তাঁরা কি বলে এটার নিন্দা করেছেন? যেহেতু ডেফিসিট বাজেট, কাজেই দেশকে ধ্বংসের দিকে নিয়ে যাবে। আবার একথাও বলেন দেশে আইন শৃংখলা নাই, দেশে খাদ্যাভাব, দ্রব্যমূল্য বৃদ্ধি পেয়েছে। তার কারণ এই যুক্তফ্রন্ট সরকারের তিন মাসের কার্যাবলী। আমি এই কংগ্রেসীদের জিজ্ঞাসা করতে চাই--বিশেষ শৈলবাবুকে যিনি প্রাক্তন অর্থমন্ত্রী, ভারতবর্ষে তাদের অর্থনীতি পরিচালিত, কেন্দ্রে যে সরকার, সেই কংগ্রেস সরকার এবং আপনারা সকলে জানেন ভারতবর্ষ আজ পুঁজিবাদী ব্যবস্থায় পরিচালিত হচ্ছে। তার মূল নিয়ন্ত্রণ হচ্ছে কেন্দ্রীয় সরকার থেকে এবং সেই সরকার সমস্ত অর্থনৈতিক সম্পত্তি—সমস্ত কিছু কুক্ষিগত করে রেখেছেন। সুতরাং আজকে যে দ্রব্যমূল্য বৃদ্ধি হচ্ছে, তার কারণ তাঁরা জানেন--এই ডেফিসিট ফাইন্যান্সিং করবার ক্ষমতা কেন্দ্রীয় সরকারের হাতে আছে। এই ডেফিসিট ফাইন্যান্সিং হচ্ছে পুঁজিপতিদের স্বার্থে আমেরিকার নির্দেশে, মুদ্রামাণ হ্রাস করা হয়েছে। আমাদের দেশের একচেটিয়া পুঁজিপতিদের পকেট ভর্তি করবার জন্য—ইন্ডাইরেক্ট ট্যাক্সেশান তারা কোটি কোটি টাকা ধার্য করেছেন, তা করেছেন ঐ কেন্দ্রীয় সরকার। তার জন্য আপনারা দেখেছেন কংগ্রেস সরকার নিয়োজিত মনোপলি কমিশনের রিপোর্ট, তাতে তাঁরা বলেছেন এই একচেটিয়া পুঁজিবাদীদের কথা। একবারও শৈলবাবু তার বিরুদ্ধে একটা কথাও বললেন না। একটা স্টেট বা অংগরাজ্যের পক্ষে এই দ্রব্যমূল্য রোধ করা সম্ভব নয়। কারা এই দ্রব্যমূল্য বৃদ্ধি সৃষ্টি করেছে—তা তথ্য দিয়ে ব্যাখ্যা করবার প্রয়োজন নাই। ও'দের একটু লজ্জা থাকলে বুঝতেন। লজ্জা ও'দের তো নাই। আজ বিশ বছর পরে তাঁদের স্থান হয়েছে ঐ বিরোধীপক্ষে। দেশের জনসাধারণের এতদিন ধরে যেভাবে পকেট কেটেছে, অত্যাচার করেছে জমিদার-জোতদারদের স্বার্থে, তাতে দেশের জনগণই তাঁদের ঐদিকে বসতে বাধ্য করেছেন। সারা ভারতবর্ষে আজ একই অবস্থা।

দ্বিতীয় কথা হচ্ছে, তাঁরা যেকথা বলেছেন যে বাজেটে ডেফিসিট ৩৬ কোটি টাকা। তাঁরা গর্ব করেছেন এই বলে যে, আমরা তো ১৮ কোটি টাকা প্রারম্ভিক তহবিল রেখে গিয়েছি। শৈলবাবু সেকথা বলেছেন। তিনি বলেছেন—৩৬ কোটি টাকা ডেফিসিট বলে। আসল কথা হলো ১৮ কোটি টাকা যেটা প্রারম্ভিক তহবিলে ছিল, সেই ১৮ কোটি টাকা অ্যাসেট নয়, দায়, একথা তাঁরা জানেন। বিশ বছর দেশকে তাঁরা ধোঁকা দিয়েছেন, দেশের লোককে মিথ্যা কথা বলে বিভ্রান্ত করেছেন, দেশকে ধ্বংস করেছেন। আজ বাজেটের বিরোধীতা করতে গিয়ে জেনেশুনে ভুল তথ্য পরিবেশন করছেন। তাঁরা বলেছেন যে এই সরকারের আমলে দেশের কোন উন্নতি হয় নাই কেন? তিন মাসের মধ্যে তাঁরা দেশের উন্নতি চাচ্ছেন! গত বিশ বছরে তাঁরা তা করেন নাই কেন? তাঁরা তো বলেছিলেন আস্তে বৈষম্য কমাবো। বৈষম্য না কমে যে বেড়ে গেছে সেটা তারা দেখেছেন? এটা সম্পূর্ণ কেন্দ্রীয় সরকারের ভ্রান্ত নীতির জন্য।

মাননীয় স্পীকার মহাশয়, ও'রা বলেছেন এই বাজেট নাকি ধ্বংসের বাজেট। আমি তাঁদের জিজ্ঞাসা করতে চাই—অতিরিক্ত যে ১০ কোটি টাকার উপর বিভিন্ন উন্নয়নমূলক খাতে ধরা হয়েছে প্রোডাকশান ইন এগ্রিকালচার—যাতে বেশী জমি কাল্টিভেশান হয়, তার জন্য এই যে টাকা ধরা হয়েছে, সেটা কি তাদের চোখে পড়ে না? যাতে ২ লক্ষ ৬৫ হাজার একরে আউশ ধান হতে পারে তার ব্যবস্থা করা হয়েছে।

[2-50—3 p.m.]

এবং কৃষির জন্য ২ কোটি ৫৭ লক্ষ, সেচের জন্য ২ কোটি ২০ লক্ষ, এডুকেশনের জন্য ১ কোটি ৯৩ লক্ষ, স্বাস্থ্যের জন্য ৮৩ লক্ষ এবং ইলিকট্রিসিটির পাওয়ারের জন্য ২ কোটি ১৫ লক্ষ, হাউসিং-এর জন্য ১ কোটি এবং সব মিলিয়ে ১০ কোটি যে অতিরিক্ত ব্যয় হবে তা কি ধ্বংসাত্মক কাজ? আমি এই কথা জিজ্ঞাসা করতে চাই, কংগ্রেসী বন্ধুদের কাছে। কারণ আমরা জানি আমাদের দেশে ভাগ্য নির্ধারিত হচ্ছে কৃষির উপর—কৃষি ব্যবস্থার উন্নতি না হলে কৃষকদের উন্নতি না হলে ফসল না বাড়লে জনসাধারণ অনাহারে অর্ধাহারে থাকবে এবং শিল্পের বিকাশও অসম্ভব। এই কাজগুলি যদি হতে পারে তাহলে বাংলাদেশের জনসাধারণের খাদ্যের সমস্যা সমাধান হবে অন্তত হওয়ার পথে যাবে। এবং নতুন কলকারখানা খুললে পরে তার বাজার পাবে। এই যে রেভিনিউ এক্স্‌পেন্স বেড়েছে তার কারণ শ্রমিকদের কর্মচারীদের ১১ কোটি ৫০ লক্ষ টাকা দিতে হয়েছে। তাতে এই কর্মচারীরা বুঝতে পারবে এই সরকার তাদের বেতন বৃদ্ধি করবে। শ্রমিকরা বুঝতে পারবে এবং জনসাধারণ বুঝতে পারবে যে এই সরকার তাদের উন্নতি করবেন। তারা তখন প্রবল উৎসাহে কাজ করবে। তারা একটা কথাই বলছেন যে এরা পীকিংপন্থী, আমি বলতে চাই যে এই স্বরই হচ্ছে আমেরিকার স্বর। আজকে তারা সকলে বলছে চীন চীন—মালিক শ্রেণীর দালাল কংগ্রেসী দালাল তারা আজকে এখানে পিকিং পন্থী বলে যতই চীৎকার করুন জনসাধারণ তার জবাব দেবে। এই সরকারকে পতন ঘটনার জন্য তারা যতই চক্রান্ত করুন তার জবাব বাংলাদেশের জনসাধারণ দেবে। এই কয়টি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Santosh Kumar Roy:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, অর্থমন্ত্রীর অতবড় শত্রু একথা স্বীকার করবেন না যে তিনি গণতন্ত্রে বিশ্বাসী এবং সংবিধানে বিশ্বাসী। সুতরাং সংবিধানসম্মত একটা গণতান্ত্রিক সরকারের এস্টি বাজেট রচনা করা তার পক্ষে অত্যন্ত কঠিন ব্যাপার এটা আমরা বুঝতে পারি। আমরা জানি দীর্ঘদিন ধরে তারা বাংলাদেশের গ্রামে গ্রামে ভিয়েতনাম সৃষ্টি করার কথা বলছেন। বাংলাদেশের পরিস্থিতিতে এর অর্থ হচ্ছে ঘৃণা, বিদ্বেষ, হরতাল, লুণ্ঠন, অরাজকতার পথে, বিপ্লবের দিকে এগিয়ে যাওয়া। ওদের দেশহিতৈষী কাগজ যদি আমরা পড়ি তাহলে একথা ভালভাবে বুঝতে পারি যে ওরা হচ্ছেন সেই ইন্দোনেশিয়ার সেই নরককান্ড সৃষ্টিকারী ডাঃ আইভিচের মত কমিউনিস্ট অ্যাডভেঞ্চারিস্ট। তাই আমরা দেখতে পাই যে এখানে বিপ্লবের নামে অরাজকতার সৃষ্টি করছে, সঙ্গে সঙ্গে চীন দেশ থেকে হচ্ছে অভিনন্দিত। ইন্দোনেশিয়ার ডাঃ সুকর্ণ নাকাসাম সরকারের আড়ালে আস্তে আস্তে একদিন যেমন সম্পূর্ণ ক্ষমতা করায়ত্ব করবার জন্য চরম আঘাত হেনেছিলেন যার ফলে আমরা দেখেছি ইন্দোনেশিয়ার গণতন্ত্র হয়েছে বিপন্ন, আজকে প্রতিক্রিয়াশীল সরকারে হয়েছে অধিষ্ঠিত, ঠিক সেইরকম আজকে অজয়বাবু যুক্তফ্রন্ট সরকারের আড়ালে থেকে তারাও দিন গুনছেন কবে চরম আঘাত হানবেন আমাদের দেশের উপর। মাননীয় স্পীকার মহাশয়, আমরা একথা বিশ্বাস করি না যে ভারতবর্ষে কমিউনিস্টরা কোনদিন শাসন ক্ষমতায় আসবেন। কিন্তু আমাদের একথা আশংকা আছে যে, তাদের অতিবিপ্লব ভারতবর্ষের প্রতিক্রিয়াশীল দলকে সংঘবদ্ধ করবে, বিভক্ত করবে ভারতবর্ষের গণতন্ত্র। আমাদের অর্থমন্ত্রী নাকি দ্বিধা মত—এ'দের মতে সোভিয়েত দেশের কমিউনিস্ট নেতা প্রতিক্রিয়াশীল শোধনবাদ। তাই আজকে তারা কেন্দ্রের উপর দোষারোপ করে শাক দিয়ে মাছ ঢাকবার চেষ্টা করছেন। আমরা দেখতে পাচ্ছি বাংলাদেশের লক্ষ লক্ষ বেকার রয়েছে যাদের কর্মসংস্থানের কোন পরিকল্পনা এবং তার কোন অর্থ বরাদ্দ এই বাজেটের মধ্যে নেই। আমাদের ক্ষুদ্র শিল্পের ব্যাপারে শ্রীকাশিকান্ত মৈত্র একজন উদ্যোগী ও উৎসাহী ব্যক্তি—তাই আমরা আশা করেছিলাম যে তাঁর দপ্তরের কিছু কিছু পরিকল্পনা সরকারের কাছে রাখবেন যার দ্বারা বাংলাদেশের এই বেকার

মানুষের কর্মসংস্থান হয়তো হবে। কিন্তু আমাদের কাশিকান্তবাবু আমাদের অর্থমন্ত্রীর সঙ্গে এক রাজনৈতিক মতবাদভুক্ত নয়, তাই মনে হয় তার দপ্তরের মাধ্যমে সংশ্লিষ্ট কোন পরিকল্পনার জন্য অর্থ বরাদ্দ আমাদের এখানে হয় নি। ঠিক একই কারণে বাংলাদেশে যখন দুর্ভিক্ষের অবস্থা চলছে তখন আমরা দেখতে পাচ্ছি যে ত্রাণ খাতে অর্থ বরাদ্দ কমিয়ে দেওয়া হয়েছে। ঐ দিকে আর একজন সদস্যের বাজেট বক্তৃতায় আমরা দেখতে পেলাম যে গণতান্ত্রিক পদ্ধতিতে জমি বণ্টনের কথা বলেছেন—অত্যন্ত গালভরা কথা—কিন্তু কার্যত তা এখানে কিছুই দেখতে পাচ্ছি না। আমরা আজকে দেখতে পাচ্ছি গ্রামে গ্রামে রাজনৈতিক দ্বন্দ্ব ছড়িয়ে দেওয়া হচ্ছে যার ফলে বাংলা কংগ্রেস, পি এস পি, এস এস পি দলের মধ্যে লাঠালাঠি সুরু হয়ে গেছে। আজকে আমাদের বাংলাদেশের আধিয়াররা উচ্ছেদ হচ্ছে—তাদের জন্য কোন সুস্পষ্ট পরিকল্পনা এখানে রাখা হয় নি। আমরা দেখতে পাচ্ছি যে পি ডি অ্যাক্ট চালু করার কথা বলেছেন। কিন্তু পি ডি অ্যাক্ট চালু করে রাজনৈতিক দলগুলি সঙ্কুচিত করা যেতে পারে—কিন্তু এতে সমস্যার সমাধান হবে না। এখানে কোন ভূমি সংস্কারের সম্বন্ধে অর্থ বরাদ্দ নেই—আধিয়াররা জমি থেকে উচ্ছেদ হতে বসেছে—তাই যদি এই ভূমি সংস্কারকে আইনের অন্তর্ভুক্ত করা না হয় তাহলে আধিয়াররা উচ্ছেদ হয়ে যাবে—এটা আপনারা করতে পারেন অর্ডিন্যান্স জারী করেও এটা করতে পারেন। আমি আশা করবো এই দিকে ভূমিরাজস্ব মন্ত্রী দৃষ্টি দেবেন। শিক্ষা ব্যাপারে যে অর্থ বরাদ্দ আজকে এখানে রাখা হয়েছে তাতে আমরা দেখতে পাচ্ছি ঐ অতিরিক্ত টাকা শিক্ষক এবং অশিক্ষকদের বেতন মেটাতে যাবে এতে শিক্ষার কোন প্রকার হবে না। আমরা সমস্ত বাজেট-এর মধ্যে দেখতে পাচ্ছি জ্যোতিবাবুর দলের মতবাদই পূর্ণ হয়ে রয়েছে—অন্য কোন দলের কিছু নাই। মাননীয় স্পীকার মহাশয়, ঘাটতি মেটাবার জন্য আমাদের অর্থমন্ত্রী মহাশয় অতিরিক্ত করের কথা এখানে উল্লেখ করেছেন।

[3—3-25 p.m.]

অতিরিক্ত করের বিষয়ের জন্য কেন্দ্রীয় সরকারের সঙ্গে তিনি পত্রালাপ করছেন। এন্টি ট্যাক্স টারমিনাল ট্যাক্স ইত্যাদির বিষয় তিনি আলাপ আলোচনা করছেন। কিন্তু এর বোঝা সব মানুষের উপর সমানভাবে গিয়ে পড়বে। বাংলাদেশের শহরাঞ্চলে ধনীদের যে কোটি কোটি টাকার সম্পত্তি আছে তার উপর তিনি যদি কর করতেন তাহলে তাঁকে ধন্যবাদ দিতাম। গত ১৫ বৎসর ধরে কংগ্রেসী সরকারের বিরুদ্ধে বেকারী বৃদ্ধি, নূতন ট্যাক্সের বোঝা আন-প্রোডাক-টিভ বাজেট বলে যে সমালোচনা করেছিলেন সেই একই সমালোচনা করে আমি বাজেটের বিরোধিতা করছি।

[At this stage the House was adjourned for 20 minutes.]

[After adjournment]

[3-25 3-35 p.m.]

**Shri Jamini Ranjan Sen:**

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে এই অধিবেশনে যে বাজেট উত্থাপন করা হয়েছে সে বাজেটকে আমি সর্বান্তঃকরণে সমর্থন করছি, এ কারণে নয় যে এটা একটা আদর্শ বাজেট হয়েছে। যেমন আমাদের আদর্শ রয়েছে যে আজকে সর্বাঙ্গীণ বেকার সমস্যার সমাধান হবে। কৃষির পূর্ণাঙ্গ উন্নতি হবে, দেশের শিক্ষা-স্বাস্থ্য সব দিক থেকে অপটিমাম যে আদর্শ আমাদের সামনে রয়েছে সে অনুসারে আমরা রূপ দিতে পারবো। সে সাহস নিয়ে বলছি না যে এটা একটা আদর্শ বাজেট হয়েছে, কিন্তু বর্তমান সামাজিক অর্থনৈতিক পরিবেশে বাংলাদেশে যে অবস্থা রয়েছে তাতে করে এর চেয়ে ভাল বাজেট হতে পারে না. বাংলাদেশের যে রাজনৈতিক অবস্থা তাতে করে এটা একটা যুক্তরাষ্ট্রের ব্যবস্থার মধ্যে একটা অঙ্গ রাজ্য।

সুতরাং কেন্দ্রের যে অর্থনৈতিক নীতি তা এর মধ্যে প্রতিফলন হতে বাধ্য। তাছাড়া ২০ বৎসর ধরে কংগ্রেস বাংলাদেশে যে অর্থনীতি চালিয়ে গেছেন তার যে ফল সে কুফলকে এড়িয়ে নূতন করে সমাজ গড়ে তোলার ব্যবস্থা করা একদিনে সম্ভবপর নয়। মাননীয় শুক্লা অনেক বাগাড়ম্বর করেছেন, ধন্যবাদ জানিয়েছেন এবং আত্মতৃপ্তি অনুভব করেছেন যে তাঁদেরই বাজেট নাকি আমরা অনুসরণ করছি। কিন্তু তিনি ভুলে যাচ্ছেন যে বিশ বৎসরে তাঁরা যা করেছেন তাকে আজকে বদল করে সংবিধানের মধ্যে থেকে যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থার মধ্য থেকে একদিনে করা

তা সম্ভব নয়। তবে আমরা শুরু করেছি এবং নূতনভাবে দেশকে গড়বার জন্য এ বাজেটে তার ব্যবস্থা হয়েছে। একটা উদাহরণ দেওয়া যেতে পারে যে এই যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থার মধ্যে সীমিত ক্ষমতার মধ্যে আমরা কিছু করতে পারবো না। তবে আমরা গালভরা প্রতিশ্রুতি কেন দিয়েছিলাম? আমরা এই প্রতিশ্রুতি দিয়েছিলাম যে, আমরা ৩ মাসের মধ্যে সমস্ত অবস্থার পরিবর্তন করে আমরা ১৮ দফা কর্মসূচীর একদিনে রূপায়ণ করতে পারবো। আমরা সংবিধানের মধ্যে থেকে কিভাবে সংগ্রাম করে তার রূপায়ণ করবো তার চেষ্টা ক্রমে শুরু হয়েছে। তিন মাসে সেটা হবে না। তাঁরা যেটা বলছেন তাহলে তোমরা ক্ষমতা নিলে কেন? তার উত্তর হচ্ছে একটা কেউটে সাপকে বাংলাদেশের জনসাধারণ ২০ বৎসর ধরে দুধকলা দিয়ে পুষেছে। সে সাপের ফণা তুললেই তাতে বিষ এবং জনসাধারণ তা যখন বুঝতে পেরেছে তখন তারা তার মাথায় আঘাত করেছে। বিভিন্ন রাজ্যে অকংগ্রেসী সরকার প্রতিষ্ঠিত হয়েছে। তার মধ্যে দিয়েও কেউটে সাপ তার সমস্ত ফণা নিয়ে ছোবল মারতে উদ্যত। যতক্ষণ না পর্যন্ত তার ছোবলকে থেঁতলিয়ে না দেওয়া যাবে, ততক্ষণ কেন্দ্রের নীতির না পরিবর্তন করা যাবে, যতক্ষণ সাম্রাজ্যবাদীর পৃষ্ঠপোষকতা এবং সরকারের নীতির পরিবর্তন না করা যাবে ততক্ষণ একা বাংলাদেশকে নূতনভাবে গড়া সম্ভব হবে না। সুতরাং আজকে বুঝতে হবে এই নূতন বাজেট কোনদিক থেকে আরম্ভ হয়েছে। তাঁরা বলেছেন এখনও সেই মাথাভারী অ্যাডমিনিস্ট্রেশন কিন্তু সেই মাথাভারী অ্যাডমিনিস্ট্রেশন একদিনে পরিবর্তন করা যাবে না সংবিধানের মধ্য দিয়ে। মাথাভারী অ্যাডমিনিস্ট্রেশন কথা যদি বলা হয় তাহলে মাথাভারী রাজ্যপালের যে পদ সে পদকে সংবিধানের মধ্য থেকে সেদিকে অর্থ বরাদ্দ কমিয়ে জনসাধারণের সুখ-সুবিধার কাজে লাগান সম্ভব নয়। সুতরাং সংবিধানের পরিবর্তন করতে হবে এবং দেশের সমস্ত নীতির পরিবর্তন করতে হবে। আজকে ২০ বৎসরের আই এ এস ও আই সি এস ইত্যাদি অফিসার-এর যে ব্যবস্থা রয়েছে সে ব্যবস্থায় মাথাভারী অ্যাডমিনিস্ট্রেশন-এর কথা বলে যুক্তফ্রন্ট সরকার তার পরিবর্তন করতে পারেন না।

ঘাটতি বাজেটের কথা বলেছেন এবং কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যে অর্থ চাওয়া হচ্ছে সে সম্পর্কে নানারকম কথা তুলেছেন। স্যার, আমি আপনার মারফত বিরোধী পক্ষের কাছে একটি কথা তুলে ধরতে চাই যে, তাঁরা আজকে ২০ বছর পরে এ আই সি সি-র মিটিং-এ রাজন্যবর্গের ভাতা সম্পর্কে প্রশ্ন তুলেছেন। ২০ বছরে ১০০ কোটি টাকা রাজন্যবর্গের ভাতা হিসাবে দেওয়া হয়েছে। অথচ আজকে বাংলাদেশের অর্থনীতি গড়ে তোলবার জন্য যে সামান্য অর্থ ধরা হয়েছে সেটা দিতে তাঁরা কার্পণ্য করছেন। আজকে ও'রা দ্রব্যমূল্য বৃদ্ধির কথা তুলেছেন। এই ডিভ্যালুয়েশনের ফলে যে কি কুফল ফলেছে সেটা মোরারজী দেশাই নিজেই স্বীকার করেছেন। সুতরাং সেই কুফল থেকে বাংলাদেশ রেহাই পেতে পারে না। কাজেই এই সরকার সেই কুফল একদিনে এড়াতে পারবেন না এবং তারই কুফল হিসাবে আজকে ঘাটতি বাজেট করতে হয়েছে। আজকে বিভিন্ন সরকারী কর্মচারী থেকে সুরু করে শিক্ষক এবং সাধারণ মধ্যবিত্ত শ্রেণীর যাঁরা চাকুরীজীবী তাঁদের মাগ্গীভাতার জন্য বিরাট টাকা ব্যয় করতে হচ্ছে এবং তার মধ্যে কৃষি ও শিক্ষার দিক থেকে প্রাথমিক প্রচেষ্টা সুরু হয়েছে। সেই সুরুটার দিকে নজর রাখুন। একজন সদস্য বলেছেন যে ক্লিন অ্যাডমিনিস্ট্রেশন দরকার। তাঁরা গত ২০ বছর যাবত অনেক অর্থ ব্যয় করেছেন, কিন্তু তবুও ক্লিন অ্যাডমিনিস্ট্রেশন ছিল না। শুধু অর্থ বরাদ্দ করলেই দেশের সর্বাঙ্গীণ কল্যাণ সাধিত হতে পারে না। তার জন্য ক্লিন অ্যাডমিনিস্ট্রেশনের প্রয়োজন। যুক্ত-ফ্রন্ট সরকার সেই ক্লিন অ্যাডমিনিস্ট্রেশন দিয়ে, এই সামান্য অর্থ বরাদ্দের মধ্য দিয়ে দেশকে নূতনভাবে গড়ে তুলতে পারে কিনা সেদিকে নজর রাখুন। স্পীকার মহোদয়, আপনার মারফত আমি আর একটি কথা বলতে চাই। সেটি হচ্ছে এই যে, শিক্ষা খাতে এবং কৃষির খাতে আজকে যে অর্থ বরাদ্দ হয়েছে তার মধ্য দিয়ে দেশ নূতনভাবে তড়ে উঠবে এবং কৃষির যতই উন্নতি হবে ততই খাদ্যসমস্যা সমাধানের পথ সুগম হবে। আজকে তাঁরা ঘেরাও ইত্যাদি নানারকম কথা বলে আর্তনাদ সুরু করে দিয়েছেন। কারণ, আজকে তাঁরা কোন্ শ্রেণীকে রিপ্রেজেন্ট করছেন, কোন্ শ্রেণীর প্রতিনিধি হিসাবে সমস্ত বাজেটের বিরোধিতা করছেন? ঐ টাটা, বিড়লা এবং আরো বড় বড় কোম্পানী ইলেকশানে তাঁদের অর্থ সাহায্য করেছেন—তাঁদের প্রতিনিধিত্ব করছেন বলে সেইজন্য গায়ে লেগেছে। এই নিয়ে পার্লামেন্টে আজকে কথা উঠেছে। সেই

টাকা নিয়ে দালালী করছেন এবং ধনিক শ্রেণীর উপর যুক্তফ্রন্ট সরকারের হাত যত শক্ত হবে ততই ধনিক শ্রেণী আতঙ্কিত হবেন। সুতরাং সেই ধনিক শ্রেণীর প্রতিভূ হিসাবে আজকে কংগ্রেস তথা বিরোধী পক্ষ ঘেরাও ইত্যাদি সম্বন্ধে নানারকম প্রশ্ন তুলছেন। আজকে গ্রামাঞ্চলের দিকে তাকিয়ে দেখুন, যুক্তফ্রন্ট সরকারের ভূমি নীতি নূতনভাবে সুরু হয়েছে। উচ্ছেদের বিরুদ্ধে সাময়িকভাবে হস্তক্ষেপ করছেন আপনারা জানেন এবং যেসমস্ত ব্যবস্থা হয়েছে সেগুলি সংবাদপত্র মারফত আপনারা দেখেছেন। আজকে উচ্ছেদ যাতে তাড়াতাড়ি বন্ধ করা যায় তার জন্য বিভিন্ন জায়গায় রেসিডেন্সিয়াল ম্যাজিস্ট্রেটকে নিয়োগ করা হয়েছে। সুতরাং কৃষির স্বার্থে এবং জনসাধারণের স্বার্থে এই সরকার আজকে এগোচ্ছেন। বাংলাদেশের জনসাধারণ কংগ্রেসকেও জানে, আর এই যুক্তফ্রন্ট সরকারকেও জানে। জনতা আজকে অধিক আগ্রহে যুক্তফ্রন্ট সরকারের দিকে তাকিয়ে আছে নূতন ব্যবস্থার জন্য।

[3-35—3-45 p.m.]

**Shri Bholanath Brohmachari:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আইনসভার যুক্ত বৈঠকে শ্রীমতী পদ্মজা নাইডুর বক্তৃতায় সুন্দরবন অঞ্চলের উন্নতির কথা শুনতে পেলাম না এবং অর্থমন্ত্রী মহাশয়ের বাজেটে সুন্দরবনের উন্নয়নের বিষয় কিছু উল্লেখ নেই। এটা অত্যন্ত পরিতাপের বিষয়। সুন্দরবন যে পশ্চিম বাংলার দক্ষিণে অবস্থিত, যে সুন্দরবন বাংলার শস্য ভাণ্ডার হিসাবে চিহ্নিত, সেই সুন্দরবন কলকাতা শহরের নাগরিকদের মাছ চালান দেয়—

(নয়েজ অ্যান্ড ইন্টারাপসান)

**মিঃ স্পীকারঃ** আপনারা উনাকে বলতে দিন, ঐরকমভাবে বাধা দেবেন না।

(নয়েজ)

**শ্রীমহঃ ইসমাইলঃ** উনাকে যদি বলতে না দেওয়া হয় তাহলে আমরা ওদের কাউকে বলতে দেবো না।

**Mr. Speaker:** Please allow Mr. Brahmachari to speak. He is an elected member of this House. I have asked him to speak. Let him speak. I would appeal to you not to disturb him. But I will not allow Mr. Brahmachari to read his prepared speech. You just speak as you like but do not speak from the writing you have. Let us hear what he speaks.

**শ্রীকামাখ্যাচরণ ঘোষঃ** অন এ পয়েন্ট অফ অর্ডার। এই ভোলা সেই ভোলা নয়, তাঁর দাঁড়ি গোঁপ ছিল, ও'র দাড়ি গোঁপ নেই, ইনি অন্য লোক।

**মিঃ স্পীকারঃ** ভোলানাথবাবু প্লিজ স্পীক—দয়া করে উনাকে বলতে দিন, আজকে আপনাদেরই সময় যাচ্ছে আজকে বাজেট অধিবেশনের ডিবেট শেষ হবে, অনেক স্পীকার এখনও আছেন, ভোলানাথবাবু আপনার যা বলবার আছে বলুন। আপনাদের পয়েন্ট অফ অর্ডার শুনেছি কিন্তু সময় চলে গেলে আর কাউকে বলতে দেবো না।

(নয়েজ)

**শ্রীকামাখ্যানন্দন দাস মহাপাত্রঃ** অন এ পয়েন্ট অফ অর্ডার। মাননীয় স্পীকার মহাশয়, আপনি ভোলানাথ ব্রহ্মচারীকে বলবার জন্য অনুমতি দিয়েছেন কিন্তু আমাদের সভায় যিনি দাঁড়িয়ে আছেন তিনি নিমাই ঠাকুর সুতরাং এই নিমাই ঠাকুরের বলার কোন অধিকার নেই।

**মিঃ স্পীকারঃ**

There is no point of order. Please take your seat. I will answer you one by one. Please do not obstruct the business of the House.

**শ্রী...নাথ রায় প্রধান:** অন এ পয়েন্ট অফ অর্ডার। স্যার, এই ভোলানাথ এখন ব্রহ্মচর্য পালন করছেন না, এই ভোলানাথ সেই ভোলানাথ নয়, সুতরাং একে বলতে দেওয়া উচিত নয়।

**Mr. Speaker:** Please allow him to speak. There is no point of order. I appeal to you honourable members. You have raised objections. I have heard your objections. You raised point of orders. I have given my ruling. Now please be quiet and allow the member of the House to go on.

**শ্রীসৈয়দ সাহেদুল্লা:** আমাদের অবজেকসান রেলিভেন্ট, আমাদের লিটারারি ট্রাডিশন, সুকুমার রায়ের একটি কবিতার দিকে দৃষ্টি আকর্ষণ করছি, "গোঁপ কি কভু আমার গোঁপ, কে কার গোঁপ জানা চাই"।

(নয়েজ)

**মিঃ স্পীকার:** ভোলানাথবাবু আপনার যা বলবার আছে তাড়াতাড়ি বলে ফেলুন।

(নয়েজ)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ। মিঃ স্পীকার স্যার, আপনি যাকে ভোলানাথ বাবু বলে আহ্বান করছেন ইনি সেই ভোলানাথ ব্রহ্মচারী কিনা এটা প্রিভিলেজ কমিটিতে পাঠিয়ে ঠিক করা হোক, তারপর কোন্ ভোলানাথ বাবু এখানে বক্তৃতা দেবেন এটা ঠিক হবে।

[3-45—3-55 p.m.]

**মিঃ স্পীকার:**
I identify him here. He is the same Bholanath Babu. Now, Bholanath Babu, please speak.

আপনারা চুপ করুন, উনি দাড়ি কামিয়েছেন সেইজন্য চিনতে পারছেন না। বাজেট ডিসকাশনের আজকে শেষ দিন, আপনারা দয়া করে একটু চুপ করুন, ও'কে বলতে দিন।

(তুমুল হট্টগোল)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** মিঃ স্পীকার, স্যার, আজকে বাইরের একজন লোক অ্যাসেম্বলীর মধ্যে ঢুকে যদি মেম্বার হিসাবে মেম্বারের অধিকার নিয়ে এখানে বক্তৃতা দিয়ে চলে যান এবং তার আগে তাঁর আইডেনটিটি যদি এসট্যাবলিস্ড্ না হয় তাহলে আমি মনে করি আমাদের হাউসের অবমাননা হবে। তাহলে উনি ও'র থলে থেকে, ব্যাগ থেকে ও'র চুল এবং দাড়ি আমাদের দেখিয়ে দিন, আমরা দেখবো।

(তুমুল হট্টগোল)

**Mr. Speaker:** Please allow the business to continue. If you obstruct in this way, I say it is impossible for me to conduct the business of the House. From the Speaker's chair I have allowed him to speak and there is no power here which can prevent him from speaking. If you have got any respect for the Speaker's chair, you must obey the chair.

(Noise and interruptions)

আমি ও'কে এ্যালাউ করেছি, আপনারা দয়া করে ও'কে বলতে দিন।

**শ্রীভোলানাথ ব্রহ্মচারী:** মিঃ স্পীকার, স্যার, আইনসভার যুক্ত বৈঠকে গভর্নর শ্রীমতী পদ্মজা নাইডু সুন্দরবনের উন্নতির কথা বলেছিলেন কিন্তু দুঃখের বিষয় বর্তমান অর্থমন্ত্রী সুন্দরবনের বিষয় উল্লেখ করেন নি। শুধু তাই নয় বর্তমান গভর্নর শ্রীধরমবীর তিনিও সুন্দরবন সম্বন্ধে আগ্রহী এবং যুক্তফ্রন্ট সরকারের উদ্বাস্তু মন্ত্রী শ্রীনিরঞ্জন সেনগুপ্তকে তিনি সুন্দরবনের উন্নয়নের ব্যাপারে ডেকেছিলেন। সুন্দরবনের হেড়োভাঙ্গা উদ্বাস্তু কলোনী সেকেন্ড স্কীম ৩৪ লক্ষ টাকা খরচ করে করবার জন্য নিরঞ্জন সেনগুপ্ত মহাশয়ের সঙ্গে গভর্নর ধরমবীর যে আলোচনা করেছিলেন তার জন্য আমি নিরঞ্জন সেনগুপ্তকে কৃতজ্ঞতা জানাচ্ছি। এই দুজন গভর্নর সুন্দরবনের উন্নতির জন্য বললেন কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় বর্তমান অর্থমন্ত্রী সুন্দরবনের উন্নয়নের

বিষয় কিছু উল্লেখ করলেন না। স্যার আপনি জানেন যে সুন্দরবন ভারত তথা পশ্চিম বাংলার শস্য ভাণ্ডার। যে সুন্দরবন পশ্চিম বাংলার দক্ষিণ-পূর্ব সীমান্তে অবস্থিত সেই সুন্দরবনকে স্বতন্ত্রভাবে রক্ষা করার জন্য ডাঃ শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় ১৯৫১ সালে বলেছিলেন যে আমি সুন্দরবনের দিক থেকে বিচার করছি না, এটা আমি সারা পশ্চিম বাংলার দিক থেকে বিচার করছি। সুন্দরবন যদি মারা যায় তাহলে পশ্চিম বাংলার বাঙ্গালী বাঁচবে কি করে? বিপুল সম্ভাবনাপূর্ণ সুন্দরবনকে নূতনভাবে গড়ে তোলার চেষ্টা না করলে পশ্চিম বাংলার বাঙ্গালী মস্ত ভুল করবে এটা ডাঃ শ্যামাপ্রসাদের উক্তি। আমাদের এখানে কয়েকদিন আগে ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষ বলেছেন যে এইরকম খাদ্য সঙ্কট ১০০ বছর যাবত হয়নি। এটা ঠিক নয়। উনি যদি তাঁর খাদ্য দপ্তরে অনুসন্ধান করেন তাহলে দেখতে পাবেন ১৯৫২ সালে সুন্দরবন অঞ্চলে তীব্র খাদ্যসঙ্কট হয়েছিল যার জন্য কমিউনিস্ট নেত্রী শ্রীমতী রেণু চক্রবর্তী, ডাঃ শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় এবং আমাদের সুন্দরবন প্রজা মঙ্গল সমিতির দাবীর ফলে জনাব রফি আহমেদ কিদোয়াই দিল্লী থেকে এসেছিলেন ১৯৫২ সালের ৯ই জুন এবং ১০ই জুন তিনি সুন্দরবনের হাসনাবাদ, সন্দেশখালি থানা ঘুরে আসেন, ঘুরে আসার পর জনাব কিদোয়াই ১১ই জুন সুন্দরবনের প্রজা মঙ্গল সমিতিকে ডেকেছিলেন। সেখানে আমরা গিয়েছিলাম, আমার সঙ্গে ছিলেন বাংলা সজীব বিশ্বকোষ হেমন্তপ্রসাদ ঘোষ, পি এস পি-র চেয়ারম্যান ডাঃ সুরেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়, যুগবাণীর সম্পাদক দেবজ্যোতি বর্মণ। তখন আমাদের সুন্দরবন অঞ্চলে ৫০ টাকা চালের মণ হয়েছিল, সেই চালের সঙ্কট থেকে রক্ষা পাবার জন্য কিদোয়াই সাহেবের কাছে আমরা ৬ আনা সের চাল দাবী করেছিলাম। তখন সুন্দরবনকে রক্ষা করার জন্য কিদোয়াই সাহেব ৬ আনা সের চাল মঞ্জুর করেছিলেন। ১৯৫২ সালে ৫০ টাকা চালের মণ থেকে সুন্দরবনকে বাঁচাবার জন্য কিদোয়াই সাহেব যদি ৬ আনা সের চাল মঞ্জুর করে থাকেন তাহলে আজকে সেই সুন্দরবন সীমান্ত অঞ্চলে ১০০ টাকা চালের মণ সেখানে ৬ আনা সের চাল মঞ্জুর করা হবে না কেন? মাননীয় স্পীকার মহাশয়, আর একটি কথা আপনার কাছে আমি নিবেদন করতে চাই। ৩রা জুলাই আনন্দবাজার পত্রিকায় আমরা দেখতে পাচ্ছি নকসালবাড়ীর ঘটনায় পি এস পি-র উদ্বেগ। সে সম্পর্কে আমরা দেখতে পাচ্ছি রাজনৈতিক কারণে নকসালবাড়ীর ঘটনা নিয়ে সকলেই চিন্তিত হয়েছেন। সেদিন ইউনিভারসিটি ইনস্টিটিউট হলে যখন মিটিং হচ্ছিল পি এস পি-র সেখানে গঙ্গাধর প্রামাণিক বাংলা কংগ্রেসের এম এল এ, বলেছেন যে কমিউনিস্ট চীনার অত্যাচারের বিরুদ্ধে এবং যারা চীনের দালালি করছে তাদের বিরুদ্ধে প্রতিবাদ জানাবার জন্য এই সভায় আমরা সবাই সমবেত হয়েছি। শুধু তাই নয়, ত্রাণমন্ত্রী নিশিথ কুণ্ডু যে বিবৃতি দিয়েছেন তাতে আমরা দেখতে পাই তিনি বলেছেন বাম কমিউনিস্ট দলের উগ্র পন্থীরা একতরফা হামলা চালিয়েছে। তিনি তাঁর বিবৃতিতে বলেছেন এইভাবে যদি উগ্রপন্থীদের কাজ চালিয়ে যেতে দেওয়া হয় তাহলে জনসাধারণের জীবন ও ধনসম্পত্তির নিরাপত্তা তো দূরের কথা মন্ত্রী হিসাবে আমরা কাজ করতে পারবো না। এই অবস্থা ত্রাণমন্ত্রী হিসাবে তিনি স্বীকার করেছেন। উগ্রপন্থীরা সমান অবস্থার সৃষ্টি করতে চান যাতে জনসাধারণ এবং কোন রাজনৈতিক দল তাঁদের স্বাধীনভাবে মত প্রকাশ করতে পারবেন না, যাতে গণতান্ত্রিক স্বাধীনতার সমাধি ঘটে। উগ্রপন্থীদের মতলব হচ্ছে যুক্তফ্রন্ট সরকারকে তুলে দিয়ে অরাজকতার সৃষ্টি করে চীনকে ডেকে এনে বসান। স্যার, এই অবস্থা আমাদের সুন্দরবনের দক্ষিণ-পূর্ব সীমান্তে চলছে। সেখানে গণ-কমিটির নামে যে দৌরাত্ম্য হয়েছে, মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন যে সেখানে ............

(তুমুল হট্টগোল)

**শ্রীকামাখ্যাচরণ ঘোষ:** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, মাননীয় সদস্য বলার সময় বলেছেন যে কি অরাজক অবস্থা নাকি দেশে হয়েছে। আমি আপনার মাধ্যমে জানতে চাই তথাকথিত অরাজকতার জন্য উনি কি দাড়ি এবং চুল কামিয়ে দিয়েছেন?

**মিঃ স্পীকার:** দ্যাট ইজ নট এ পয়েন্ট অফ অর্ডার।

**শ্রীভোলানাথ ব্রহ্মচারী:** মাননীয় স্পীকার মহাশয়, এটা আমার কথা নয় যুক্তফ্রন্ট সরকারের অন্যতম মন্ত্রী নিশিথ কুণ্ডু, এই কথা বলেছেন। আমরা যে সীমান্ত থেকে এসেছি সেটা পশ্চিম বাংলার দক্ষিণ-পূর্ব সীমান্ত, ইছামতী, কালিন্দী বরাবর যে সীমান্ত সুন্দরবনের সেই সীমান্ত

থেকে আমরা এখানে এসেছি, কাজেই আমি সুন্দরবন সীমান্তের অলিগলির সংগে ২৮ বছর যাবত পরিচিত। শুধু এখানে নয় আমি পাকিস্তানের বর্ডারের সংগেও পরিচিত। আমরা সেখানে দেখতে পাচ্ছি গণ-কমিটির নামে সব লালে লাল হয়ে যাচ্ছে, তাদের দৌরাত্ম যদি বৃদ্ধি পায় তাহলে আমি শ্রীঅজয় মুখার্জীকে বলতে চাই যে আমরা আমাদের সীমান্ত ঠেকাতে পারবো না। ওপারে পাকিস্তানে খুলনা জেলার টাউন চালনা পোর্টে চীন এসে বসে আছে। এই যেখানে অবস্থা সেখানে আমাদের বর্ডার যদি আমরা সুরক্ষিত না করি তাহলে আমাদের বসিরহাট সাব-ডিভিশন বেদখল হয়ে যাবে, কলকাতা পর্যন্ত হারাতে হবে। আমি মুখ্যমন্ত্রীকে স্মরণ করিয়ে দিতে চাই যদি লালে লাল এর হাত থেকে, এই লাল সেলামের হাত থেকে, এই যে বাংলার নাম ভিয়েত নাম দাবী তোলা হয়েছে, এর হাত থেকে যদি আমাদের নেতাজীর বাংলা, শ্যামাপ্রসাদের বাংলা, দেশবন্ধুর বাংলাকে রক্ষা করতে হয় তাহলে আমাদের জাতীয়তাবাদী শক্তিকে শক্ত করতে হবে। এবং তা যদি না করি তাহলে আমার দৃঢ় বিশ্বাস কিছুতেই আমাদের গভর্নমেন্ট সীমান্ত রক্ষা করতে পারবে না।

এবং তা যদি না করি, তাহলে আমি দৃঢ়বিশ্বাস করি এই গভর্নমেন্টের মুখ্যমন্ত্রী আমাদের সীমান্ত রক্ষা করতে পারবেন না। বর্তমানে সীমান্তের যা অবস্থা, সেখানকার মানুষকে বাঁচাবার জন্য আমি সারা বাংলাদেশের দৃষ্টি আকর্ষণ করছি।

যদি ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষ যিনি নির্দলীয় ব্যক্তি ছিলেন, কোন একটি রাজনৈতিক দলে যোগ দিতে পারেন, তাহলে আমিও তেমনি নির্দলীয় সদস্য হিসেবে কংগ্রেস পরিষদ দলে যোগ দিতে পারি এবং তাই যোগ দিয়েছি। শুধু তাই নয় এই বাংলাকে শত্রুর হাত থেকে বাঁচাবার উদ্দেশ্য নিয়ে এই দলে এসেছি আমি একা আসি নাই আমরা পাঁচজন এসেছি, আমি আশা করি অবিলম্বে আরো ২০ জনকে এখানে এনে আমরা হাজির করবো।

**Shri Harendra Nath Mozumder:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সামনে মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট উপস্থাপিত করেছেন আমি তাকে স্বাগত জানাই এই কারণে যে সমস্ত পশ্চিম বাংলার সামগ্রিক সমস্যার প্রতি লক্ষ্য রেখে জনকল্যাণের প্রত্যেক ক্ষেত্রে তিনি তাঁর বলিষ্ঠ হস্তক্ষেপ করেছেন। আমরা আজও খাদ্যে স্বয়ম্ভর হতে পারি নাই। শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, সেচ প্রত্যেক ব্যাপারে আজকে বাড়তি ব্যয়-বরাদ্দ করা হয়েছে। গতানুগতিক যে পদ্ধতিতে কাজ চলেছিল যার মধ্য দিয়ে আজ বিশ বছর ধরে পশ্চিম বাংলার সাধারণ মানুষ সুখে স্বচ্ছন্দ্যে খেতে পরতে পাইনি, তার ব্যতিক্রম করে অর্থমন্ত্রী এই বিশ বছরের যে ব্যবস্থা তাকে তিন মাসের মধ্যে বদল করে আজকে একটা নূতন দৃষ্টিভঙ্গী আমাদের সামনে এনে দিয়েছেন আমরা দেখতে পাব এই বাজেটের মধ্য দিয়ে সাধারণ মানুষের আগামী সুখের দিন। আমাদের প্রাক্তন অর্থমন্ত্রী শ্রদ্ধেয় শৈলবাবু আজকে একটা আপত্তি তুলেছেন এই বলে যে এটা ডেফিসিট ফাইনেনসিং-এর উপর এই বাজেট আনা হয়েছে। আমি তাঁকে জিজ্ঞাসা করি আজকে যে যে বিষয়ে সাবজেকটে বাড়্তি বরাদ্দ ধরা হয়েছে তার প্রয়োজন আছে কিনা? আজকে খাদ্যে স্বয়ম্ভর হবার প্রয়োজন আছে কিনা? তাঁদের আমলে খাদ্য নিয়ে তাঁরা ছিনিমিনি খেলেছেন। কৃষির উন্নতির জন্য কোন প্রচেষ্টা তাঁরা করেন নাই। খাদ্যে স্বয়ম্ভরতা আসেনি। আজকে যদি ডেফিসিট বাজেট অতি প্রয়োজন হয়, আজকে যদি বাংলাদেশের প্রয়োজনের তাগিদে ডেফিসিট ফাইনেনসিং করতে হয়, ডেফিসিট ফাইনেনসিং আমি বলবো না, এটা ডেফিসিট বাজেট, কাজেই ডেফিসিট বাজেট যদি করতে হয়, সেই ডেফিসিট মেক-আপ করবার ইঙ্গিতও অর্থমন্ত্রী দিয়েছেন তিন দফা—নূতন ট্যাক্সেসান করে। কিন্তু অপরপক্ষের বন্ধুরা বলেছেন এর মধ্যে একটা অনিশ্চয়তা আছে। আমি বলবো মোটেই অনিশ্চয়তা নাই। কোন কোন বিষয়ে নূতন ট্যাক্সেসান করা যেতে পারে—তাঁর বক্তব্যে সেই কথা স্পষ্ট করে তুলে ধরেছেন। তাছাড়াও তিনি সেন্ট্রাল অ্যাসিসট্যান্স-এর কথা বলেছেন, সেন্টার থেকে যে টাকা আমাদের সত্যিকারের প্রাপ্য, যদি সেই টাকা আমরা শুধু পাই তাহলে এই ১৮ কোটি টাকা ঘাটতি মেক-আপ করা সম্পর্কে আমাদের কোন অসুবিধা হবে না বলে আমি মনে করি। যদি পপুলেসান বেসিস ধরা যায়, ফোর্থ ফাইন্যান্স কমিশন-এর যে রায়, সেই রায় অনুসারে আমাদের অর্থমন্ত্রী

বলেছেন, আমরা আরো দশ কোটি টাকা বেশী পেতে পারি সেন্ট্রাল এ্যাসিসট্যান্স। কাজেই সেন্টার-যদি আমাদের ন্যায্য দাবী মেনে নেয়, তাহলে আমাদের যেখানে যেসমস্ত জনকল্যাণমূলক কাজের জন্য ব্যয়-বরাদ্দ করা হয়েছে সেই ব্যয় মেটানোর জন্য কোন অসুবিধা হবে না।

শ্রদ্ধেয় ডাঃ প্রতাপচন্দ্র চন্দ্র বলেছেন আমরা লালবাতি জ্বালাতে চলেছি। আমি তাঁর একথা সত্য বলে মনে করি না। সাধারণ মানুষের কল্যাণের জন্য যদি সমস্ত সম্পদ নিয়োজিত করা যায়, যদি তাদের খাওয়া পরার সুযোগ করে দেওয়া যায়, তাহলে লালবাতি জ্বালাও অন্যায় হবে না।

[3-55—4-5 p.m.]

আমি এই কথা মনে করি যদি তাদের আজকে সত্যিকারের খেয়ে পরে বাঁচবার মত সুযোগ করে দেওয়া যায় তাহলে লালবাতি জ্বালালেও কোন অন্যায় হবে না। এবং দেশের জনসাধারণ তখন বুঝবে যে আমাদের জন্য এই সরকারের পতন হয়েছে। কাজেই তারা আজকে এই সরকারকে সমর্থন করবে। আপনার অবগতির জন্য জানাই স্যার, আমার নিজের এলাকা হাসনাবাদ অঞ্চলে সেখানে আজকে খাদ্য নাই, খরা অঞ্চলে বাঁকুড়া, পুরুলিয়া এই খরা অঞ্চলে দুর্ভিক্ষ আজকে ডিক্লেয়ার হয়েছে কিম্বা হবে কিন্তু আমাদেরও কিছু কিছু পকেট আছে। আমি সেদিন হঠাৎ সেই সব অঞ্চলে উপস্থিত হয়েছিলাম, আমি দেখে এসেছি সেখানকার লোকে খেতে পাচ্ছে না। যখন তারা আমাকে সেখানে ঘিরে ধরলো প্রায় ৪ হাজার লোক আমি তখন তাদের আমাদের অবস্থার কথা বুঝিয়ে বললাম যে দেশের আজকে খাদ্যের পরিস্থিতি এই তারা এক বাক্যে একথা বলেছে যে আজকে যদি আমাদের খাদ্য না থাকে আমরা যদি অনাহারে মরি তবু আমরা ঐ কংগ্রেস গভর্নমেন্ট চাইব না। আমরা চাইব এই যুক্তফ্রন্ট সরকারের গভর্নমেন্ট। কাজেই এই অবস্থার মধ্যে দিয়ে আমরা চলেছি স্যার, তাই আমাদের ডেফিসিট ফাইন্যান্সিং ছাড়া কোন পথ নাই। আমাদের এই পথে চলতে হবে। আমি আপনার মাধ্যমে এই কথা নিবেদন করতে চাই যে আমাদের এই দেশ প্রকৃতির উপর নির্ভরশীল—বৃষ্টি আছে অতিবৃষ্টি আছে নানারকম অসুবিধা আছে, দুর্যোগ আছে যাতে শস্যহানি হতে পারে। আমাদের দেশে যদি আমরা শস্য বীমার ব্যবস্থা করতে পারি ক্রপ ইনসিওরেন্স করতে পারি তাহলে আমাদের এই ক্ষয়ক্ষতি তা অনেক পূরণ হতে পারে। আমি এই কথা বলি আজকে আমাদের বন্ধুরা প্রাথমিক শিক্ষকদের কেস আজকে এখানে চামপিয়ান করছেন। আমি এই কথা জিজ্ঞাসা করি যে গত বছর মে মাসে যখন চৌরঙ্গীতে দুই দিন অনশনে এই শিক্ষকরা বসে ছিলেন কয়জন সেখানে গিয়েছিলেন মন্ত্রীরা সেখানে তাদের দুর্দশা জানবার জন্য। আমি অত্যন্ত দুঃখিত যে এখানে আপনার এই বিধানসভা ভবনের সামনে শিক্ষকেরা যখন তাদের ন্যায্য দাবী জানাবার জন্য এখানে এসেছিলেন তখন তারা এখানে প্রহৃত হয়েছিলেন, অপমানিত হয়েছিলেন এবং যথেষ্ট রকম তাদের উপর অত্যাচার করা হয়েছিল কোন কোন রাজনৈতিক দলের লোকের দ্বারা। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলাম, মাননীয় উপমুখ্যমন্ত্রী মহাশয় ছুটে গিয়েছিলেন, শিক্ষামন্ত্রী মহাশয় সেখানে গিয়েছিলেন কিন্তু তখন সেই ঘটনা থেকে তাদের রেহাই করা যায়নি। এইজন্য তারা সকলেই দুঃখিত। এবং আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব যে তিনি যেন এর জন্য দুঃখ প্রকাশ করেন। কিন্তু আমাদের ঐ ঘটনাকে নিয়ে রাজনৈতিক ক্যাপিটাল করা চলবে না। আজকে যারা এই দুঃখজনক ঘটনাকে নিয়ে রাজনৈতিক উদ্দেশ্যে কাজে লাগাবার চেষ্টা করছেন আমি তাদের সাবধান করে দিতে চাই। এবং তাদের এই কথা বলতে চাই যে এতে করে তাদেরও ক্ষতি হবে। এটা নিয়ে ক্যাপিটাল করা তাদের চলবে না। আমি আমাদের রাজস্ব মন্ত্রীকে দুই-একটি কথা বলব যে আমাদের হাতে যেসব উদ্বৃত্ত জমি আছে সে ভূমিহীন কৃষকের মধ্যে দেবার ব্যবস্থা হচ্ছে। কিন্তু আমরা জানি যে আমাদের যত উদ্বৃত্ত জমি আছে এবং যত ভূমিহীন কৃষক আছে এদের সকলকে জমি দেওয়া যাবে না। কাজেই আমাদের আজকে অন্য কথা চিন্তা করতে হবে। আমাদের আজকে জমির উপর থেকে চাপ কমিয়ে আনতে হবে।

আজকে কৃষি ভিত্তিক না করে আমি মনে করি অন্যান্য শিল্প পল্লী অঞ্চলে গড়ে তুলে জমির উপর যে নির্ভরশীল শতকরা ৮০ জন রয়েছেন তা থেকে শতকরা ২৫ জনকে শিল্পে নিয়ে আসতে হবে এবং যে জমি আছে ফ্রাগমেন্টেসন অব ল্যান্ড অনেক জায়গায় আছে—সেখানে সমষ্টিগতভাবে সমবায় ভিত্তিতে একত্রিত করে বৈজ্ঞানিক প্রণালীতে চাষ করতে হবে—এইদিকে রাজস্ব ও কৃষি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Santi Mohun Roy:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সামনে পশ্চিমবঙ্গের অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট উপস্থাপিত করেছেন, তা রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত বলে আমি মনে করি। যে রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে বর্তমান সরকার পশ্চিম বাংলার খাদ্য নীতি গ্রহণ করেছেন; যে খাদ্য নীতির ফলে আজকে সারা পশ্চিম বাংলায় দুর্ভিক্ষের অবস্থার সৃষ্টি হয়েছে। সেই খাদ্যনীতি যখন গত অধিবেশনে গ্রহণ করার জন্য উপস্থাপিত করা হয়েছিল, তখন আমাদের পক্ষ থেকে বার বার সতর্কবাণী উচ্চারণ করা সত্ত্বেও তাঁরা প্রকিওরমেন্ট ব্যবস্থা গ্রহণ করেন নি—নামমাত্র লেভি ব্যবস্থা করেছিলেন, কর্ডনিং তুলে দিয়েছিলেন, কন্ট্রোল তুলে দিয়েছিলেন, বাজারে ধান-চাল বিক্রির উচ্চ মূল্য নির্ধারণ করে দেন নি। যার ফলে উদ্বৃত্ত জেলা থেকে সারা পশ্চিমবঙ্গের ঘাটতি জেলায় এমন কি পাকিস্তান নেপাল প্রভৃতি রাজ্যে নকশালবাড়ীর পথে—আমরা শুনেছি—এমন কি তিব্বত প্রভৃতি উদ্বৃত্ত জেলাতেও ধান-চাল চালান হয়ে গেছে—ফলে, বাঁকুড়া ও পুরুলিয়ায় দুর্ভিক্ষ দেখতে পাচ্ছি। তেমনি আজকে সারা পশ্চিম বাংলায় দুর্ভিক্ষের অবস্থার সৃষ্টি হয়েছে। যখন খাদ্য-নীতি ঘোষণা করা হয়েছিল, তখন বলা হয়েছিল যে জোতদারদের কাছ থেকে ২ লক্ষ টন খাদ্য সংগ্রহ করবেন, তা কতখানি করেছেন, তা সভার সকলেই জেনেছেন। আমরা দেখেছি, সারা পশ্চিম বাংলার কোটি কোটি মানুষকে জোতদার, মুনাফাশিকারী, চোরাকারবারীদের হাতে ঠেলে দেওয়া হয়েছে এবং এখানে যখন দুর্ভিক্ষের অবস্থার সৃষ্টি হয়েছে, গ্রামাঞ্চলে ২ থেকে ২৷৷ এবং পশ্চিম বাংলার অন্যান্য এলাকায় সাড়ে তিন থেকে চার টাকা কেজিতে চাল বিক্রি হচ্ছে। দেশের লোক, গ্রামের লোককে পাটশাক খেয়ে জীবনধারণ করতে হচ্ছে, অনেক জায়গায় কচুরীপানা খেয়ে জীবনধারণ করতে হচ্ছে; তখন যুক্তফ্রন্ট সরকার বলছেন, দিল্লীর জন্য এই রকম হচ্ছে, যা মন্ত্রীমণ্ডলীর সকলের মত এক নয়। কেউ বলছেন, দিল্লী এর জন্য দায়ী নয়, মাননীয় নিশীথ কুণ্ডু মহাশয় বলছেন, দিল্লী এর জন্য দায়ী নয়। কিন্তু, বাম কমিউনিস্ট যারা, তারা সকলেই বলছেন, কেন্দ্রীয় সরকারের জন্য পশ্চিম বাংলার খাদ্য সরবরাহ ঠিকমত রাখতে পারছেন না। গত অধিবেশনে মাননীয় খাদ্যমন্ত্রী খাদ্য নীতি ঘোষণা করেছিলেন যেমন একটা রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে তেমনি আজকে আমাদের অর্থমন্ত্রী মহাশয়ও একটা রাজনৈতিক উদ্দেশ্য নিয়েই এই ঘাটতি বাজেট আমাদের সামনে পেশ করেছেন। সরকার পক্ষের মাননীয় সদস্য বলেছেন যে, এটা নাকি যুগান্তকারী বাজেট পেশ করা হয়েছে, আমরা কিছু বুঝতে পারছি না যে এর মধ্যে কি এমন যুগান্তকারী করা হয়েছে। কৃষি খাতে, সেচ খাতে, শিক্ষা খাতে ও স্বাস্থ্য খাতে ব্যয় বৃদ্ধি করা হয়েছে। কৃষি খাতে ব্যয় বৃদ্ধি করা হয়েছে যুক্তফ্রন্ট সরকার আসার সঙ্গে সঙ্গে এবং তারা যে সব ব্যবস্থা নিয়েছেন তার ২।১টা নমুনা দিচ্ছি। আপনি জানেন যে প্রাক্তন মন্ত্রিসভা গ্রামে গ্রামে শ্যালো টিউবওয়েল বসাবার চেষ্টা করেছিলেন, অনেক ডিপ টিউবওয়েল বসাবার চেষ্টা করেছিলেন এবং নদীর ধার থেকে পাম্পিং সেট স্থাপন করে তারা নূতন করে সরকারী প্রচেষ্টায় সব সেচ ব্যবস্থা করবার চেষ্টা করেছিলেন। কিন্তু এই নূতন সরকার প্রতিষ্ঠা হবার সঙ্গে সঙ্গেই আমাদের আরামবাগ মহকুমার খানাকুল অঞ্চলে বেঙ্গাই গ্রামে ও গৌরহাটি অঞ্চলে গৌরহাটি গ্রামে সেই সব কাজ বন্ধ করে দেওয়া হয়েছে। সেই সব জায়গায় বিকল্প ব্যবস্থা কি হবে, সেই সম্পর্কে মন্ত্রিসভা সঠিক নির্দেশ উপস্থিত করতে পারেন নি। ঠিক তেমনি স্বাস্থ্য খাতে ব্যয়-বরাদ্দ করা হয়েছে। কিন্তু, আপনি জানেন যে আরামবাগ মহকুমার পুড়শুড়া থানার একটি প্রাথমিক হাসপাতাল নির্বাচনের আগে—তার নির্মাণ কাজ শেষ হয়েছে কিন্তু সেটা কবে চালু হবে, তা জানি না। পুড়শুড়া থানার ফতেপুরে একটি প্রাইমারী হেলথ সেন্টার প্রতিষ্ঠা করা হয়েছে, সেটা কবে চালু হবে, তা জানি না। এইভাবে স্বাস্থ্য খাতে ব্যয় বৃদ্ধি করে বাংলাদেশের কতদূর কি কল্যাণ হবে তা জানি না। শিক্ষা খাতে ব্যয় বৃদ্ধি করা হয়েছে। আপনি জানেন যে প্রাক্তন সরকার পশ্চিম বাংলার প্রাথমিক বিদ্যালয়গুলি জেলা বিদ্যালয় পর্ষৎ মারফত বিভিন্ন অঞ্চলে স্থাপন করেছিলেন। আমাদের হুগলী জেলায় প্রায় ২০০টি প্রাথমিক বিদ্যালয় মঞ্জুরী ছিল। বর্তমান সরকার প্রতিষ্ঠা হবার সঙ্গে সঙ্গেই সেই সব প্রাথমিক বিদ্যালয় বন্ধ হয়ে গেছে। সেই সব বিদ্যালয়ের যারা প্রাথমিক শিক্ষক, ভবিষ্যতে হয়ত ৪০০ জন চাকুরী পেতে পারতেন। কিন্তু তা আজ হচ্ছে না। সুতরাং, আজকে কৃষি, শিক্ষা ও স্বাস্থ্য সম্বন্ধে যে ব্যয়-বরাদ্দ ধরা হয়েছে, তার দ্বারা কিছু কল্যাণ হবে না। তারা বলেন যে সেন্ট্রাল অ্যাসিসটেন্স যদি না পাই,

মোরেটরিয়াম যদি না পাই, তাহলে ব্যয়-বরাদ্দ কাগজে কলমে থাকবে। সেজন্য আমি বলছি, এই বাজেট রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত। এই বাজেটকে আমি সমর্থন করতে পারছি না।

[4-5—4-15 p.m.]

**Shri Kamal Kanti Guha:**

মাননীয় স্পীকার স্যার, মাননীয় অর্থমন্ত্রিমহাশয় যে বাজেট পেশ করেছেন এই বাজেটে শিক্ষা, স্বাস্থ্য ও কৃষির উন্নতির জন্য এবার বেশী বরাদ্দ দেখিয়েছেন। কিন্তু একটা কথা যদি সাধারণ মানুষের মধ্যে যাওয়া যায় তাহলে শোনা যাচ্ছে চালের দাম বেড়েছে, প্রতিটা খাবারের জিনিষের দাম বেড়েছে। জনসাধারণ তা সহ্য করছে কারণ তারা জানেন যে কেন তার দাম আজকে বেড়েছে। কিন্তু লোকে একটা কথা বলছে ৩ মাস হয়ে গেছে, এটা সরকার করতে পারতেন সেটা কেন করা হচ্ছে না—সেটা হচ্ছে ২০ বৎসর ধরে যারা দুর্নীতির নরক সৃষ্টি করে গেছেন যারা দেশকে ডুবিয়ে দিয়ে গেছেন তাদের শাস্তির ব্যবস্থা করা হচ্ছে না। কেন এখনও দুর্নীতির দমন করার চেষ্টা হচ্ছে না, জনসাধারণের সামনে তাদের চেহারা কেন উদ্ঘাটিত করা হচ্ছে না, এদিক থেকে আমার মনে হয় অত্যন্ত দেরী হয়ে গেছে সিদ্ধান্ত নিতে। এবং যে বরাদ্দ জনকল্যাণমূলক কাজে ধরা হয়েছে সেগুলি হয়ত এর জন্য ব্যর্থ হয়ে যাবে। কারণ যে দুর্নীতির জন্য দেশের লোকের উন্নতি হয়নি সেই দুর্নীতির মূল কারণ রয়ে গেছে। আমরা যদি হাসপাতালের দিকে দেখি তাহলে দেখব যে গত ২০ বৎসরে যে অবস্থা চলেছে এখনও সেই অবস্থাই চলেছে। স্যার, আপনি জানেন, যে আমাদের বন্ধু প্রাক্তন এম এল এ শ্রীসুনীল দাসগুপ্ত কয়েকদিন আগে মারা গেছেন। তাকে পি জিতে ভর্তি করা হয়েছিল। সেখানে ডাক্তারদের অবহেলার জন্য তিনি মারা গেছেন। আমি স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে বলেছিলাম কিন্তু তিনি তার কোন ব্যবস্থা করেননি। সেজন্য ২০ বৎসর ধরে যে ব্যবস্থা চলে এসেছে সে ব্যবস্থা এখনও দেখছি। শিক্ষার দিকে যদি তাকান তাহলে দেখবেন যে প্রাথমিক বিদ্যালয়গুলিতে আজ ছেলেমেয়েদের ঠিকমত পড়ান হয় না। সেখানে মাস্টার মহাশয়রা নিজেদের মধ্যে স্বার্থ নিয়ে হানাহানি করছেন। এইভাবে সেখানে আরম্ভ হয়ে গেছে, সেদিক থেকে দেখছি যে সেখানে কিছুই পড়ান হয় না। এইদিকে মন্ত্রিমহাশয় কি ব্যবস্থা করেছেন জানি না। কৃষি খাতে বিচ্ছিন্ন ধরনের যে পরিকল্পনা করা হয়েছিল এখনও সেই চালু আছে। এখনও একটা স্বয়ংসম্পূর্ণ পরিকল্পনা করা হয়নি যাতে কৃষি উৎপাদন বাড়ে এবং কৃষকরা সময়মত সাহায্য পান সে ব্যবস্থা গ্রহণ করা হয়নি তার জন্য সদস্যদের সামনে এরূপ কোন পরিকল্পনা উপস্থিত করা হয়নি। কাজেই শিক্ষা, সেচ ও কৃষি প্রভৃতি খাতে যে সমস্ত বরাদ্দ ধরা হয়েছে সেগুলি ব্যর্থ হয়ে যাবে আমি একথা বলতে চাই। যারা দেশের আইন শৃঙ্খলা রক্ষা করবেন সেই পুলিশ বিভাগে তারা অত্যন্ত একটা অদ্ভূত অবস্থার মধ্যে বিরাজ করছে। বিরোধী দলের সদস্যরা বলছেন আমরা থানায় ডায়েরী করতে গেলে পুলিশ তা নেয় না। আমরা বলছি কংগ্রেসীরা আমাদের উপর হামলা করলে, থানায় গিয়ে ডায়েরী করতে গেলে তারা ডায়েরী নেয় না। এইভাবে পুলিশ বিভাগের উপর আমাদের এবং বিরোধীদলের কারুরই কোন আস্থা নেই। এই জন্য অনুসন্ধান করা উচিত। আইন শৃঙ্খলা রক্ষা পুলিশকে করতে হবে। এই আইন শৃঙ্খলা রক্ষা করতে গিয়ে যদি আমাদের শাস্তি দিতে হয় তা সে শাস্তি দিতে হবে এবং ওদেরও তা দিতে হবে। এজন্য পুলিশকে নিরপেক্ষভাবে চলতে দিতে হবে তা না হলে কোন কিছুই হবে না। এবিষয়ে আজকে অনুসন্ধান করতে হবে। ওদের আস্থা নেই কেন? আমাদের আস্থা নেই কেন? সেটা আমাদের আজকে ভাবতে হবে। আর একটা কথা মনে রাখতে হবে যে পুলিশ বিভাগের কিছু কিছু বড় কর্তারা খুব বেশী বাড়াবাড়ি করে ফেলছেন। সেদিন দর্পণে দেখছিলাম বসুমতীর সম্পাদকের কাছে আই জি চিঠি লিখেছেন যে তিনি যেন এইভাবে লেখেন। এইভাবে সমস্ত জিনিসটা ঢেলে সাজান দরকার। আর একটা জিনিস করতে হবে যেভাবে পাপ করে আজ ওরা অপোজিসানে গেছেন সেটা আমাদের উপর এসে গেছে। পুলিশকে বলতে হবে যে তারা কোনরকম রাজনৈতিক দৃষ্টিভঙ্গীর দ্বারা প্রভাবান্বিত হয়ে যেন না চলেন। তাদের নিরপেক্ষভাবে চলতে হবে। বিরোধীদল হলেও তাদের শাস্তি দিতে

হবে, প্রয়োজনে সকলকেই শাস্তি দিতে হবে। এইরূপ যদি আমরা করি তবেই আমরা উন্নতি করতে পারব। স্যার এখন সোয়া চারটে হয়ে গেছে আর কয়েক মিনিট পরেই জিরো আওয়ার আসবে সেটা হচ্ছে রাত বারোটার পর। যে কথা আমাদের মন্ত্রীমণ্ডলী বলেছিলেন যে আমাদের শান্তি শৃঙ্খলা যারা নষ্ট করে দিয়েছে ৪ঠা জুলাইয়ের পর তাদের বিরুদ্ধে যথাযথ শাস্তির ব্যবস্থা গ্রহণ করা হবে। এটা যেন আমরা কাল থেকে দেখতে পাই। আমরা আশা করি যে আমাদের মুখ্যমন্ত্রী, আমাদের মন্ত্রীমণ্ডলী, আমাদের সরকার তারা যে কথা বলে গেছেন সেটা তারা রাখবেন। কারণ আমরা জানি আমাদের মন্ত্রীমণ্ডলী আজকে অতুল্যবাবুর ভাঁড় নন, প্রতাপবাবু যতই বলুন যে বিশ্বনাথ মুখার্জী হচ্ছে অজয় মুখার্জীর কান, সুশীল ধাড়া হচ্ছেন চোখ আর জ্যোতি বসু হচ্ছেন ব্রেন। আমরা জানি বাংলাদেশের মানুষ এই ১৯ জন মন্ত্রীমণ্ডলীর প্রতি শ্রদ্ধা রাখে। তারা কোন লোকের ভাঁড় নন বা তারা কারুর অঙ্গুলি হেলনে চলেন না। আমরা অন্যায়ের বিরুদ্ধে শাস্তি দিব এবং কোনরকম শৃঙ্খলা ভঙ্গ হতে দেব না। সাধারণ সদস্য হিসাবে বলতে চাই যে আইন শৃঙ্খলা কাল থেকে যেন সেখানে বজায় রাখেন।

এটা অত্যন্ত সাংঘাতিক ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। অবশ্য জমির ব্যাপারও আছে। উত্তর-বঙ্গের তরাই, ডুয়ার্সের চা-বাগান থেকে আরম্ভ করে সবখানেই জমির সমস্যা আছে। ২০ বছর ধরে সেই সমস্যাকে আরো তীব্রতর করে তোলা হয়েছিল। আমাদের সরকার সেই জমি সমস্যার সমাধান করতে চান। কিন্তু সেই সমস্যা পিছিয়ে ফেলে রেখে আজকে এমন একটি জায়গায় এসে দাঁড়িয়েছে, যাতে করে নকশালবাড়ীর ঘটনা সম্বন্ধে আমাকে চিন্তা করতে হচ্ছে। সেখানকার সেতু উড়িয়ে দেওয়া হয়েছে, চৌকিদারদের হুমকী দেওয়া হচ্ছে এবং হানাহানিও চলছে পরস্পরের মধ্যে। আমরা মনে করি বাংলাদেশকে যদি গড়ে তুলতে হয় তাহলে বাংলাদেশে শিল্পে যে সংকট এসেছে তার সমাধান করা দরকার। বেকার মানুষের যদি জীবিকার ব্যবস্থা করতে হয়, কৃষকদের হাতে যদি জমি তুলে দিতে হয়, ক্ষুধার্ত মানুষের যদি খাদ্যের ব্যবস্থা করতে হয়, তাহলে দেশের সাধারণ অবস্থা ফিরিয়ে আনতে হবে এবং সাধারণ মানুষের স্বার্থে সরকারকে দৃঢ় করে আনতে হবে এবং তার মধ্য দিয়েই এই সমস্যার সমাধান হবে। সেটা যদি না করা যায় তাহলে নকশাল-বাড়ীর ঘটনা শুধু নকশালবাড়ীতেই থাকবে না, সমস্ত বাংলাদেশের মানুষ সেই সুযোগ নেবে এবং সারা বাংলায় গোলমাল হবে। তাহলে বাংলাদেশে অশান্তির আগুন জ্বালিয়ে আমাদের সরকারকে বানচাল করে দেবে। আমাদের সরকার যে ১৮ দফা কর্মসূচী নিয়ে কার্য শুরু করেছিলেন সেই ১৮ দফা কর্মসূচীর দ্বার বাংলাদেশের কোটি কোটি মানুষের কল্যাণে এটাকে বাস্তবে রূপায়িত করতে হলে আমাদের যেমন হৃদয়ের দরকার, মানবিক দৃষ্টিভঙ্গীর দরকার সেইরকম অন্যায়ের বিরুদ্ধে, বিশৃঙ্খলাব বিরুদ্ধে ব্যভিচারের বিরুদ্ধে আমাদের কঠোর হস্তে দাঁড়াতে হবে। এই আবেদন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-15—4-25 p.m.]

**Shri S. M. Abdullah:**

মিঃ স্পীকার, স্যার, আমাদের অর্থমন্ত্রী মাননীয় জ্যোতি বসু, যাঁকে আমরা বলব বাংলা তথা ভারতের বৈপ্লবিক নেতা, তিনি যখন গত মার্চ মাসে প্রথম বাজেট এনেছিলেন তখন বলেছিলেন এই বাজেট কংগ্রেস গভর্নমেন্টের বাজেট, এতে জাতির কল্যাণকর কাজ কোন কিছু নেই এবং জাতিকে নূতন কর্মপন্থা দেখাবার কোন পথ নেই এবং জাতির অর্থনৈতিক কাঠামোকে নূতন করে গড়ে তুলবার উপায় নেই। তাই আমরা আশা করেছিলাম যে তিনি যখন আজ ২॥ মাস পরে বাজেট উপস্থিত করেছেন তখন এতে সর্বজনহিতকর কার্যের কথা নিশ্চয়ই থাকবে। কিন্তু আমরা আজকে দেখছি যে এই বাজেট জনসাধারণের আশা আকাঙ্খা—বিশেষ করে বাংলাদেশের অর্থনৈতিক কাঠামোর বনিয়াদকে ভেঙে চুরমার করে দিয়েছে। তাই এই বাজেটকে বলতে হচ্ছে হৃদয়হীন বাজেট। রিভলিউসনারি বাজেট কাকে বলে তা আমরা বুঝতে পারলাম না। আগে আপনারা এই রিভলিউসনারি বাজেটের কথা বলতেন, কিন্তু কাকে বলে আমরা বুঝতে পারলাম না। এর আগে ভাগে আপনারা কংগ্রেস গভর্নমেন্টকে বলেছিলেন যে কোন জনহিতকর কার্যের জন্য তাঁরা নতুন দৃষ্টিভঙ্গী নিয়ে অগ্রসর হন নি। আজকে এঁদেরও দেখছি সেই স্টেরিয়টাইপট বাজেট এবং কংগ্রেস গভর্নমেন্টের বাজেটের সঙ্গে কোন পার্থক্য নেই, অবিকল সেই বাজেটকে

সমর্থন করা হচ্ছে এবং তাকেই নকল করা হয়েছে। শুধু জায়গায় জায়গায় কিছু পরিবর্তন করা হয়েছে। একটা জাতির অর্থনৈতিক কাঠামো গড়ে তুলতে গেলে যা প্রয়োজন, যেটা আমার পূর্ববর্তী বক্তা কমলকান্তি গুহ মহাশয় বলে গেলেন যে, বাংলাদেশকে নূতন আশা দেওয়ার জন্য যুক্তফ্রন্ট সরকারের ১৮ দফা কর্মসূচী দেশের সামনে তুলে ধরে দেশের পরিবর্তন আন দরকার। কিন্তু এই ১৮ দফা কর্মসূচীর কোন প্রেরণা আছে কি? শুধু কতকগুলি খাতে খরচ বাড়ালেই দেশের অর্থনৈতিক মুক্তি আসে না—৯ কোটি টাকা আমাদের এই গভর্নমেন্ট ডি এ-র জন্য দিয়েছেন। আপনারা সবাই জানেন যে ২০ বছরে কংগ্রেস গভর্নমেন্ট ২৪ কোটি টাকা ডি এ দিয়েছিলেন এবং অন্যান্য খাতে আরো ৫ কোটি টাকা দিয়েছিলেন। এই কি আপনাদের বৈপ্লবিক বাজেট? কোথায় আপনাদের সেই নীতি? শিক্ষা সম্বন্ধে একটু আগে আমার আগের বক্তা বলে গেছেন।

আপনারা বলেছিলেন সারা বাংলাদেশে প্রাথমিক শিক্ষাকে অবৈতনিক করবেন, তাকি আপনারা করতে পেরেছেন? বাংলাদেশের গরীব চাষী তারাই হচ্ছে জাতির মেরুদণ্ড, এই বাজেটে তাদের সম্বন্ধে বিশেষ কিছু দেখতে পেলাম না। কংগ্রেস সরকার রুরাল এরিয়ায় মেয়েদের শিক্ষা ক্লাশ এইট পর্যন্ত ফ্রি করে দিয়েছেন, কৈ আপনারা তো ক্লাশ টেন পর্যন্ত করতে পারেননি? যদি তা করতে পারতেন তাহলে বলতাম যে বৈপ্লবিক পরিবর্তন হয়েছে। শুধু কতকগুলো টাকা বাড়িয়ে দিয়ে কোন বৈপ্লবিক পরিবর্তন নিয়ে আসা সম্ভব নয়। আগে যে আশা আকাঙ্খা দেশের মানুষের কাছে তুলে ধরেছিলেন আমি মনে করি এই যে বাজেট এখানে আনা হয়েছে এটা উদ্দেশ্য মূলক বাজেট। এই বাজেট জাতিকে, সমাজকে এবং দেশকে ভ্রান্ত পথে নিয়ে যাবার জন্য করা হয়েছে। তাই আমরা দেখছি—জ্যোতিবাবু তিনি একজন পাকা কমিউনিস্ট, তিনি বিশেষ করে বলেছিলেন যে বাংলাদেশে হাজার হাজার বেকার, শিক্ষিত অশিক্ষিত যুবক তাদের তোলবার জন্য ব্যবস্থা করবেন। তাদের উন্নতির জন্য এই বাজেটে কি করেছেন? এই বাজেটে শিল্পের উন্নতির জন্য কিছু করা হয়নি। বড় শিল্প এবং কুটিরশিল্পকে উন্নত করার জন্য যদি তিনি একটা নূতন ব্যবস্থা করতেন যা কংগ্রেস সরকার ছাড়া কেউ পারে না, তার কোন কিছু তিনি করেননি। তিনি শুধু বলেছেন বেকার সমস্যার সমাধান করতে হবে। কিন্তু সেই সমস্যা সমাধানের জন্য কোন চিন্তা বা কোন প্রস্তাব বা কোন দৃষ্টিভঙ্গী তাঁর বাজেটের মধ্যে দেখতে পেলাম না। বড় শিল্প তিনি না করতে পারেন কুটিরশিল্প, ক্ষুদ্রশিল্পের মাধ্যমে দেশের বেকার সমস্যার সমাধানের জন্য তিনি কোন ব্যবস্থা করতে পারেননি। আজকে একজন ট্রেজারী বেঞ্চের বন্ধু বললেন যে জনহিতকর কাজের জন্য আমরা অনেক কিছু করেছি, তিনি বললেন ৯ কোটি টাকা ডি এ বাড়িয়ে দিয়েছেন। ডি এ বাড়িয়ে দিয়ে দেশের অর্থনৈতিক কোন উন্নতি বা পরিবর্তন কিছু হতে পারে না। তাই আমি বলেছি আজকে চিন্তা করে দেখতে হবে যে এই বাজেট সত্যিকারের দেশকে ভাল পথে নিয়ে যেতে পারবে কিনা। আপনারা পুলিশ বাজেট-এর কথা বলেছেন। পুলিশ বাজেটে খরচ কমেছে। আপনারা বলেছেন টপ হেভি এডমিনিস্ট্রেসান পরিবর্তন করতে হবে। কিন্তু সত্যিকারের কথা বলতে কি যে টপ হেভি এ্যাডমিনিস্ট্রেসান-এর আমূল পরিবর্তন আমি কোন জায়গায় দেখতে পাইনি। যদি সত্যিকারের ৪ কোটি টাকা পুলিশ বাজেটে কমাতে পারতেন এবং অন্যান্য বাজেটে কমিয়ে ডেফিসিট বাজেট না করতেন তাহলে বুঝতাম। আপনারা যাঁরা সরকার চালাচ্ছেন, তাঁরা বাংলাদেশের মানুষের সুখ-দুঃখের কোন দায়িত্ব গ্রহণ করেননি, খাদ্য দেবে সেন্ট্রাল গভর্নমেন্ট, টাকা দেবে সেন্ট্রাল গভর্নমেন্ট—এই বাজেটের মধ্যে একটা সুষ্ঠু নীতি, একটা সুষ্ঠু কর্মপন্থা, একটা সুষ্ঠু অর্থনৈতিক বুনিয়াদের উপর ফেলবার জন্য কোন দৃষ্টিভঙ্গী এর মধ্যে দেখলাম না। এই বাজেটের মধ্যে কোন আদর্শ নেই শুধু মানুষকে বিভ্রান্তির পথে নিয়ে যাচ্ছে। আমি শেষে একটা কথা বলতে চাই যে নকশালবাড়ি সম্বন্ধে অনেকে অনেক কথা বলেছেন এবং কেউ কেউ বলেছেন যে এই ঘটনা কংগ্রেসেরই সৃষ্টি বাংলা কংগ্রেস কিন্তু বলছেন যে এটা রাজনৈতিক ঘটনা। ইউনিভারসিটি ইন্সটিটিউট হল-এ আপনাদেরই মন্ত্রী বলছেন যে এটা রাজনৈতিক ঘটনা। সেখানে দু দলে লড়াই হচ্ছে, আপনারা বলেন, আমরা কংগ্রেসরা লড়াই করি আর তারা কারা, যারা মুখের উপর বলছে যুক্তফ্রন্ট সরকার জিন্দাবাদ, আবার দু দলে লড়াই করছে, এরা কংগ্রেসী না যুক্তফ্রন্টের শরিক, ও'রা কারা সবাই মিলে বিচার করে দেখবেন। সেই জন্য আমি বলছি এই বাজেট অন্ধকারময় বাজেট।

[4-25—4-35 p.m.]

**Dr. Radha Krishna Sinha:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই বাজেট সমর্থন করতে উঠে প্রথমেই আমি আপনার দৃষ্টি আকর্ষণ করবো যে পশ্চিমবংগে নূতন যুক্তফ্রন্ট সরকার যে বাজেট তৈরী করেছেন এর ফিগার নিয়ে আমি আলোচনা করবো না, আমি শুধু একথা বলবো আমি জানি যেমন হিউম্যান সিসটেমে নার্ভ সিসটেম বলে একটা জিনিস আছে তেমনি বাজেটও একটা নেশান্স নার্ভ সিসটেম। আজকে দেখা যাচ্ছে ঘাটতি বাজেট। ভারতবর্ষের কৃষি অর্থনীতিই হচ্ছে প্রধান অর্থনীতি এবং কৃষি অর্থনীতির উপর ভারতবর্ষ তথা বাংলাদেশের ৫০ ভাগ নির্ভর করে। আজ দেখা যাচ্ছে যে কৃষি উৎপাদন আমাদের বৃদ্ধি পাচ্ছে না, কিছু টাকা এগ্রিকালচারে বাড়িয়ে দিয়ে একটা আই ওয়াস করা হয়েছে, এতে কিছুতেই আমাদের সমস্যার সমাধান হবে না। এখানে কৃষিমন্ত্রী রয়েছেন সেইজন্য আগে এই কথাটা আমি বলছি যে আপনি জানেন কিছুদিন আগে যে বোর্ড অব রেভিনিউ মেম্বারস এবং ডিভিশনাল কমিশনার্স মিলে যে মিটিং হয়েছিল সেই মিটিংএ গভর্নমেন্টকে তাঁরা অনুরোধ করেছিলেন যে রুরাল ইকনমি যদি আমরা বাংলাদেশে প্রতিষ্ঠিত করতে না পারি তাহলে বাংলাদেশ অচিরেই ধ্বংস হয়ে যাবে। আজকে ঘরে ঘরে ধান সংগ্রহ করতে যাওয়া কারোর কাছ থেকে দু' মণ, কারোর কাছ থেকে দু' কুইন্টাল ধান গড়ে নিয়ে এই করে ফুড প্রবলেম সলভ করা যায় না, ফুড প্রবলেম সলভ করতে হবে ফুড প্রডাকশন বাড়িয়ে। কিন্তু তার কোন সুনির্দিষ্ট পন্থা এই বাজেটের মধ্যে দেখতে পাইনি। সেজন্য আমি যুক্তফ্রন্ট সরকারকে অনুরোধ করবো পশ্চিমবঙ্গে অন্ততঃ ১৩ মিলিয়ন একরস জমি রয়েছে তার ৮০ পারসেন্ট স্মল ফার্মার্সদের জমি, সেই স্মল ফার্মার্সদের যদি ক্রেডিট সিসটেম না দেওয়া হয়, আপনাকে পড়ে শোনাচ্ছি

Conference of the Members of the Board of Revenue and the Divisional Commissioners, West Bengal, which ended in Calcutta, recommended the State Government for taking radical measures to reform the rural economy etc. The Conference felt that unless rural credit system could be freed from vested interest, etc.

আপনি জানেন, আমাদের হরেকৃষ্ণবাবু জানেন যে পাড়াগাঁয়ে এই ছোট ছোট চাষীরা তাদের সুদের জন্য, বাড়ী ধানের জন্য, তাদের সমস্ত উৎপাদন দিয়ে দিতে হয়, এ সম্বন্ধে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আর একটা কথা আমি বলবো যে ডেফিসিট বাজেট আমাদের কাছে উপস্থাপিত করা হয়েছে, ওয়েলফেয়ার স্টেট এর জন্য চিন্তা করতে হয় না কারণ হচ্ছে যে সমস্ত গভর্নমেন্ট ইন্ডাস্ট্রি আছে, গভর্নমেন্ট দ্বারা যেগুলি পরিচালিত হয়, আজ আমাদের প্রত্যেকটি ইন্ডাস্ট্রি ফেলিয়োর, সেখানে প্রত্যেকটিতে লোকসান হচ্ছে। আপনারা শুনলে আশ্চর্য হয়ে যাবেন যে প্রত্যেকটিতে কোটি কোটি টাকা লোকসান। আমি আর একটা কথা বলবো গত ৩ বছরের যে অডিট রিপোর্ট তৈরী হয়েছে তাতে দেখা যাচ্ছে যে তিন বছরে ৯৭ কোটি টাকা এ্যাবিউজ হয়েছে, খরচের গোলমাল। বছরে এই ৩২।৩৩ কোটি টাকা যদি আমরা ভালভাবে খরচ করতে পারি তাহলে ডেফিসিটের জন্য ট্যাক্স আদায় করতে হয় না। আমি জ্যোতিবাবুকে বলবো এই যে অডিট রিপোর্ট যাতে বলা হয়েছে

a sum of Rs. 97 lakhs has been abused in expenditure.

এই হচ্ছে গভর্নমেন্ট অডিট গত তিন বছরের। এটা যদি একটু চিন্তা করে খরচ করা হয় তাহলে তার থেকে অনেক টাকা এসে যাবে। তারপরে ইন্ডাস্ট্রিসের কথা বলবো। বাংলাদেশে ইন্ডাস্ট্রিসের ক্ষেত্রে দেখা যাচ্ছে যে এর উপর আমি বলবো কতকটা আনসার্টেনটি। কারণ হচ্ছে এখানে এসে কেরালার মন্ত্রীরা, উড়িষ্যার মুখ্যমন্ত্রী, মাইশোরের মন্ত্রী কিম্বা কোন মন্ত্রী এসে যদি বাংলাদেশের ইন্ডাস্ট্রিয়ালিস্টদের নিমন্ত্রণ করেন যে আমাদের ওখানে চলুন, আমাদের ওখানে গেলে খুব ভাল ব্যবস্থা করে দেবো তাহলে আমাদের কি মনে করতে হবে বাংলাদেশে তাদের অবস্থা অত্যন্ত অনিশ্চিত? আমি জানি বড় বড় ট্রেড ইউনিয়নস লিডাররা এখানে বসে আছেন মন্ত্রীত্বে যাঁরা গিয়েছেন তাঁদের রেসপনসিবিলিটি ট্রেড ইউনিয়নের থেকে অনেক বেশী হয়ে গিয়েছে। যদি তাঁরা এখনও ট্রেড ইউনিয়ন করতে চান তাহলে মন্ত্রীত্ব ছেড়ে দিয়ে ট্রেড ইউনিয়ন করুন। আমি বলবো এই কথা যে বাংলাদেশে যে ইন্ডাস্ট্রি আছে সেই ইন্ডাস্ট্রি যেন একটাও অন্য কোথায়ও না যায়। আমি জানি লেবারদের উপর অত্যাচার হয়। তাঁরা একথা বলুন যে

১২০ পারসেন্ট, উৎপাদন বাড়াতে হবে ১৫০ পারসেন্ট মাইনে আমরা বাড়াব কিন্তু একথা বলবো না যে অন্যান্য জায়গার মন্ত্রিমহাশয়রা তাদের এখান থেকে নিমন্ত্রণ করে ডেকে নিয়ে যান। আমাদের যে ফেডারেল ফাইন্যান্স সিসটেম, আপনি মাননীয় অধ্যক্ষ মহাশয়, জানেন, এতে জ্যোতিবাবু বলেছেন যে একটা ফাইন্যান্স কমিশন ভাল করে গঠন করবেন, আমি বলবো একটা পার্মানেন্ট ফাইনান্স কমিশন হওয়া দরকার এবং সেটা যদি প্রত্যেক বছর স্টেটের রিকয়ারমেন্টস না দেখে তাহলে পাঁচ বছর পরপর একটা স্টেট ফাইনান্স কমিশন করবো এটা ঠিক নয়। অত্যন্ত দুঃখের বিষয়, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দেখেছেন দিল্লীতে ৫ কোটি টাকা খরচ করে নেহরু পার্ক তৈরী হচ্ছে যেখানে ভারতবর্ষের কোটি কোটি লোক আজ অনাহারে আছে, অনশনে মৃত্যুমুখে পতিত হচ্ছে সেখানে ৫ কোটি টাকা খরচ করে নেহরু পার্ক তৈরী হচ্ছে জাপানী মডেলে। স্যার, আমার বক্তব্য হচ্ছে যে বাঙ্গালীকে কোনদিন সেন্টার দেখতে পারে না, ব্রিটিশ গভর্নমেন্টও কোনদিন দেখতে পারতো না। তাঁরা মনে করতেন যে বাঙ্গালীদের বড্ড বুদ্ধি। বাঙ্গালীরা প্রথম বুদ্ধি আরম্ভ করেছিল ন্যাশনাল কংগ্রেসে। দ্বিতীয় হচ্ছে যখন কংগ্রেস রাজত্ব পেলো তখন তাঁরা ব্রিটিশ গভর্নমেন্টের কাছে মন্ত্র নিয়েছিল কিনা জানিনা এই বাংলাদেশের উপর একটা মস্ত বড় রাগ রয়েছে। স্যার, আমি যখন বাড়ী থেকে আসছিলাম তখন কলকাতা দেখে আমার খুব দুঃখ লাগলো, কলকাতার একটা নোংরা চিত্র দেখলাম। কর্পোরেশনের মেয়র আমাদের এখানকার সদস্য আমি তাঁকে বলবো এইগুলি যদি বাইরের লোক দেখেন, এত পুয়োর, এত নোংরা চিত্র কলকাতার এটা কি আমরা করতে পারি না? আমরা শুনছি ৬ বছর ধরে সি এম পি ও-র কথা সি এম পি ও মাস্টার প্ল্যান তৈরী করছে। আজকে কার্জন পার্কের কাছে দেখলাম সেখানে এত আবর্জনা জমে আছে যে হেটে আসা যায় না। আমি বলছি শুধু পেটে খেয়ে বাঁচার দরকার নয় এগুলিও ত করতে হবে। ক্যালকাটা বিগেস্ট সিটি অব ইন্ডিয়া ছিল, আজকে এটা একটা নোংরা সিটি হয়ে দাঁড়িয়েছে। আমি তাই মন্ত্রিমহাশয়কে বলবো এদিকে নজর রাখতে হবে, ডিসেন্সিরও দরকার। দেশ ২০ বছর স্বাধীন হয়েছে, পেটে খাওয়ার আমরা এখনও যোগাড় করতে পারলাম না, আমেরিকার দিকে তাকিয়ে থাকতে হচ্ছে। কিন্তু এগুলির দিকে তাকিয়েও যাতে আমরা ভালভাবে অনারেবল লাইফ লিড করতে পারি সেগুলিও দেখবেন। এই বলেই আমার বক্তব্য শেষ করছি।

**Shri Dayaram Beri:**

अध्यक्ष महोदय, जो बजट हमारे ज्योति बाबू ने पेश किया है, उसका विरोध करने के लिए मैं यहाँ खड़ा हुआ हूँ। क्योंकि हमलोगों ने आई० एन० टी० यू० सी० के सबसे पहले फ्रण्ट को यह वादा दिया था कि हमलोग तुम्हारे साथ सहयोगा सहयोग करेंगे लेकिन फ्रण्टवालों ने जिस तरह से खास करके जो वामपन्थी मार्किस्ट कहलाते हैं, उन्होंने सबसे ज्यादा ये ऐलान कर दिया कि अब हमारा राज्य हो गया। और मजदूरों के ऊपर मार-पीट शुरू कर दिया और उनको जहाँ-तहाँ मजबूर करने की कोशिश करने लगे कि आपलोगों को हमारे दल के ट्रेड यूनियन—वाम कम्युनिस्ट ट्रेड यूनियन में शामिल होना होगा। यहाँ तक कि बेरहमी के साथ गौरीशंकर जूट मिल के आई० एन० टी० यू० सी० यूनियन पर पहले कब्जा कर लिया। जामिनी शाहा साहब ने जो पहले विधान सभा के सदस्य थे, उन्होंने जबरदस्ती यूनियन के ताला को तोड़ कर उसपर कब्जा कर लिया। उसके बाद कई आदमियों को मारा-पीटा। अन्त में एक भाई जोकि हमारे यूनियन के सदस्य थे, जब वे रात के १० बजे बाइसकोप देखकर रिक्शा पर आ रहे थे, तब बड़ी बेदर्दी के साथ उनका खून किया गया। उनके गले पर दो बार तलवार से किया गया। भाला उनकी आँख में लगा था। उनके टुकड़े-टुकड़े किए गए। तो ये उस संस्था के साथ वामपन्थी कम्युनिस्ट बर्ताव कर रहे हैं, जिसने यह वादा किया था कि हम आपके साथ सहयोगा सहयोग करेंगे—हम आपके विरुद्ध नहीं जायेंगे। उसके साथ उनकी यह हाल है।

उसके बाद में देखता हूं कि वाम कम्युनिस्टवालों ने उनके साथ जो दूसरे कम्युनिस्ट पार्टीवाले जो दाँये कम्युनिस्ट हैं, उनके लोगों को भी पीटने में छोड़ा नहीं। फ्रान्ट में एस० एस० पी० भी हैं। अगर एस० एस० पी० की तरफ देखते हैं तो मैं पाता हूं कि खास करके झा साहब का खून इन्होंने ही किया। यह बड़े ताज्जुब की बात है कि इस पार्टी के जगदानन्द बाबू भी वहां उपस्थित थे, उनको भी पीटा गया। फारवार्ड ब्लाक के एक आदमी को भी आसनसोल में जान से मारा गया। वे लोग जब उन पार्टी के लोगों को जो उनके साथ फ्रान्ट में हैं, जिनकी मिनिस्टरी है, उनके साथ ऐसा बर्ताव कर रहे हैं, तो भगवान ही जाने यह फ्रान्ट रहेगा कि जायगा। मगर फ्रान्ट द्वारा कांग्रेस का नाम बदनाम किया जाता है कि कांग्रेसवाले फ्रान्ट को समाप्त करना चाहते हैं—विनाश करना चाहते हैं। लेकिन हमने तो पहले ही कह दिया है कि कांग्रेस मिनिस्टरी नहीं लेगी। कांग्रेस का काम होगा विरोधी पक्ष में बैठ कर आपको मदद देना। मगर फ्रान्ट का सत्यानाश वामपन्थी कम्युनिस्टवालों से ही हो रहा है। वे लोग अपने उन सभी साथियों के साथ बुरा बर्ताव कर रहे हैं, जो उनके साथ फ्रान्ट में हैं। वामपन्थी कम्युनिस्ट से फ्रान्ट की प्रायः सभी पार्टियां परेशान हैं।

[4-35—4-45 p.m.]

एक बात मैं और कहना चाहता हूं, वह यह कि जब हमारे मजूमदार साहब एक जलूस लेकर आये, जिसमें शिक्षक और शिक्षिकाएं थीं तो उनको भी पीटा गया। उनके साथ भी बुरा बर्ताव किया गया। तो यह बड़े ताज्जुब की बात है कि फ्रान्टवालों के लिए मिनिस्टरी बहुत बड़ी चीज हो गई है, उनके लिए देश कुछ भी नहीं है। मगर मिनिस्टरी को टिकाना होगा, इस भावना को इन्हें निकाल देना चाहिए। जिस काम को करने से देश का कल्याण हो वही काम करना चाहिए। आज वामपन्थी कम्युनिस्टवाले सीधे बन गए हैं मगर कभी क्या ये लोग सीधे थे? तो फिर आज दगाबाजी क्यों नहीं करेंगे? जब वे लोग यहां आये थे, जब उनकी मिनिस्टरी बनी तो इन लोगों ने शपथ ली थी कि हमलोग रक्षा करेंगे इस विधान को। यहां पर इन लोगों ने प्रतिज्ञा की थी। लेकिन अब देखा जा रहा है कि ये लोग इस प्रतिज्ञा से विमुख होते जा रहे हैं। उनके सामने सिर्फ अब यही विचार रह गया है कि वामपन्थी कम्युनिस्ट पार्टी रहे या उसकी यूनियन रहे, बाकी सभी पार्टियां समाप्त हो जांय। ये रवैया देखा गया है कि वे लोग क्या रहे हैं। यहां पर उनकी चीन के प्रति प्रेम दिखाने का क्या अभिप्राय है? उनके अन्दर भारत के प्रति प्रेम नहीं है। दूसरी किसी पार्टी के प्रति प्रेम नहीं है। उनको तो केवल अपना काम निकालना है। चाहे और सभी पार्टियां भले ही बर्बाद हो जांय, इससे उनको कोई मतलब नहीं। मैं देखता हूं कि इधर इस तीन महीने में इस पार्टी ने जितनी तरक्की की है, उतना १० वर्षों में भी नहीं हुई . . . . (व्यवधान)

आपलोग कहना चाहते हैं कि हर आदमी आपलोगों की कदर करता है। मगर देखिए आपलोग पार्टी को पहले देख रहे हैं देश को नहीं देख रहे हैं। हिन्दुस्तान के अन्दर ही रहनेवाले सिक्ख सम्प्रदाय के १३ व्यक्तियों का आपलोगों ने खून किया और साढ़े तीन सौ से ज्यादा घायल हुए। ये घटना तीन घन्टे के अन्दर ही घटी। इसके बाद भी यह सरकार वाहवाही ले रही है कि हमने शान्ति स्थापित करा दिया। आपलोगों ने कौन सा अच्छा काम किया कि $3\frac{1}{2}$ सौ से ज्यादा आदमियों को घायल करा दिया, १३ आदमियों का खून करा दिया फिर शान्ति कराया इसमें कौन सी वाहवाही रही? आपलोग यह सोचें कि भारत सबसे बड़ा है।

पार्टीबाजी की बात छोड़िये। वामपन्थी कम्युनिस्ट पार्टी की बात छोड़िए। हिन्दुस्तान के कल्याण का शपथ लीजिए। यहाँ हिन्दुस्तान के अन्दर अभी बड़ी २ समस्यायें हैं—खाने पीने की समस्या—शिक्षा की समस्या—बेकारी की समस्या इस तरह की तमाम समस्यायें हमारे सामने हैं, जिनका समाधान हमें करना होगा। गोलमाल-लड़ाई झगड़ा करने से कोई लाभ होनेवाला नहीं है। सबको मिलकर काम करना होगा। इसलिए सीधे रास्ते पर आइये। हमको कोई आपत्ति नहीं है। लेकिन कोई ऐसा काम मत कीजिए जिससे देश में निरापत्ता न रहे। आज जहाँ तहाँ खून हो रहा है—मार-पीट हो रही है लेकिन कहीं पर भी पुलिस हस्तक्षेप नहीं करती है। आज सारा बंगाल असहाय हो रहा है। सारा बंगाल सोचता है कि हम अनाथ हो गए हैं, हमारी रक्षा करनेवाला कोई नहीं है। इसलिए मैं कहता हूँ कि विनाश हो इस युक्त फ्रान्ट का।

**Shri Abdul Haque:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই পক্ষের আমরা বাজেটের সমর্থক এবং বিরোধী পক্ষের যারা বাজেটের বিরোধীতা করছেন তারা বাজেটের অসমর্থক। বাজেটের বিরুদ্ধে বিরোধী পক্ষের সদস্যরা যতই কঠোর সমালোচনা করুন না কেন, যত বিরূপ সমালোচনা করুন না কেন আমাদের অর্থ-মন্ত্রীর প্রতি তারা যতই অশ্লীল ভাষা প্রয়োগ করুন না কেন এই বাজেট পাশ হবেই। কারণ আমাদের সংখ্যাগরিষ্ঠতা আছে। কিন্তু তারা অর্থাৎ বিরোধী পক্ষের সদস্যরা বাহিরে দিয়ে যাতে এই বাজেট বাস্তবে রূপায়িত না হয় তার জন্য তারা চক্রান্ত করছেন বিশৃঙ্খলা সৃষ্টি করবার চেষ্টা করছেন, অরাজকতা সৃষ্টি করছেন। তাই বিরোধী পক্ষের দুটো দিক ফুটে উঠছে —একটা দিক হচ্ছে বাহিরে গুণ্ডামি আর একটা দিক হচ্ছে ভিতরে ভণ্ডামি। আমি আমার জঙ্গীপুর কনস্টিটিউয়েন্সিতে গিয়ে নিজের চক্ষে দেখে এসেছি যে কংগ্রেসের এম এল এ-রা এবং এম পি-রা তারা অরাজকতা সৃষ্টি করছে লুঠতরাজের জন্য উৎসাহ দিচ্ছে এবং বিশৃঙ্খলা সৃষ্টির জন্য চক্রান্ত করছে। এবং কংগ্রেসী এম, পি, লুৎফুল হক সাহেব তিনি ব্যবসায়ীরা আড়ৎদাররা যাতে হাটে-বাজারে চাল সাপ্লাই না করে তার জন্য উৎসাহ দিচ্ছে। প্রদেশের লোকে যাতে না খেতে পায় তার জন্য চক্রান্ত চালিয়ে যাচ্ছে। আমরা আড়ৎদারদের স্থানীয় ব্যবসায়ীদের ডেকে বলেছি দেশের লোকে যাতে খেতে পায় দেশে অন্নচিন্তা দূর হয় তার জন্য সহযোগিতা করতে বলেছি কিন্তু তারা তা উপেক্ষা করছে। মজুতদারেরা আড়ৎদারেরা ব্যবসায়ীরা দেশের মানুষকে অনাহারে রেখে জঠোরের জ্বালায় জর্জরিত করে বেশী অর্থের লোভে দিনের দিনের পর তারা চক্রান্ত চালিয়ে যাচ্ছে। আমি মাননীয় অর্থমন্ত্রী মহাশয় এবং সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব যে তিনি যেন এই সমস্ত চক্রান্ত ভেঙ্গে দিয়ে লোকে যাতে খেতে পায় তার ব্যবস্থা করেন। আমি মনে করি যে আমাদের ঐ জায়গায় এখনও ধানচাল মজুত আছে তার কারণ সরকারী নির্ধারিত দরে চাল পাওয়া যায় না কিন্তু দুই টাকা আড়াই টাকা দাম দিলে যথেষ্ট চাল পাওয়া যায়। এবং সরকারী নির্ধারিত দামে ধান চাল কিনতে গেলে বাজার ড্রাই করে দেয়।

[4-45—4-55 p.m.]

এই সমস্ত চোরাকারবারী মজুতদারদেরকে কঠোর হস্তে এই সরকারকে দমন করতে হবে—তা না হলে দেশে অশান্তি ছড়িয়ে পড়বে। তাই যুক্তফ্রন্ট সরকার এই দিকে দৃষ্টি রাখবেন বলে মনে করি। আর আমাদের কনস্টিটিউয়েন্সিতে আমরা দেখেছি যে পদ্মার ভাঙ্গনে ভেঙ্গে যাওয়ায় যে পয়স্তী—যে আবাদযোগ্য জমি হয়েছে তা থেকে কংগ্রেস আমলে লোকেরা বঞ্চিত হয়ে আছে হাজার হাজার জমি থেকে—সেখানে তহশীলদাররা বেনামে জমি দখল করে বসে আছে। সেই সমস্ত জমি যাতে যথাযথ জমির মালিকরা পান সেই জন্য ভূমিরাজস্ব মন্ত্রীর কাছে আবেদন জানাই। তারা হাজার হাজার লোক প্রায় দু-হাজার বিঘা জমি থেকে তারা নিজেরা বঞ্চিত হয়ে আছে। ১৯ বছর কংগ্রেসী শাসনের আমলে তার কিছুই করা হয়নি। আমি জানি আমাদের যুক্তফ্রন্ট সরকার গরীবের সরকার মেহনতী মানুষের সরকার-

তাই তার কাছে আমি বার বার আবেদন জানাই যাতে যথাযথভাবে তারা পান তার ব্যবস্থা করবেন—এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Mati Ranjan Tar:**

* মাননীয় স্পীকার মহোদয়, আমাদের পশ্চিমবাংলার অর্থমন্ত্রী আমাদের এই বিধানসভায় যে বাজেট পেশ করেছেন তার পরিপ্রেক্ষিতে আপনার মাধ্যমে আমি আমার বক্তব্য রাখছি। আমি গত কয়েক দিন এখানে কেবল দেখছি আর আমার মনে হচ্ছে আমি অ্যাসেম্বলীতে আছি না অ্যাসাইলামে আছি। এই যে অবস্থা তাতে দেখছি এক পক্ষ আর এক পক্ষকে আক্রমণ করছে, আর এক পক্ষ আর এক পক্ষকে আক্রমণ করছে। এক পক্ষ এই বাজেটকে নিন্দা করে চলছে আর পক্ষ বাজেটকে সমর্থন করে চলেছে। আমরা প্রত্যেক সদস্যাই এই বিধানসভায় আমাদের দেশের দরদী হিসাবে এসেছি, জনগণের দরদী হিসাবে এখানে এসেছি। তাই দরদ দিয়ে এই বাজেটটাকে বিচার করতে হবে। এই বাজেটের প্রথমেই আমি দেখছি যে আমাদের অর্থমন্ত্রী, পূর্বতন সরকারের কাছে যা শুনেছি এবং বেদনা পেয়েছি, কেন্দ্রীয় সরকারের দোষারোপ করছেন। তারা আমাদের টাকা দিতে চান না, যাহা বরাদ্দ করা হয় তা অতি নগন্য তাও দিচ্ছে না। আজকে সে কথায় বালাই সেই অথচ আমাদের অর্থমন্ত্রী বেশী টাকার দাবী করেছে যা আমাদের প্রত্যেকের দাবী। কারণ এই পশ্চিমবাংলা সমস্যাসংকুল প্রদেশ—এই রাজ্যের উন্নতির জন্য টাকার প্রয়োজন। এই যে টাকার প্রয়োজন এ আমাদের ন্যায্য দাবী, আমাদের থেকে যে সেন্ট্রাল গভর্নমেন্ট ট্যাক্স নেয় তার তুলনায় আমরা কি পাই? সেদিকে তুলনা করলে দেখা যায় যে আমাদের এই টাকার দাবী ন্যায্য দাবী। তাই আমরা এই দাবী সমর্থন করছি। তার পর আমি বলবো আমরা এখানে বসেছি তর্কবিতর্ক করার জন্য নয়, আমরা বসেছি আমাদের যে বিভিন্ন ব্যয়-বরাদ্দ হয়েছে তার দিকে লক্ষ্য করবার জন্য। আমি ডাক্তার, তাই ব্যয়-বরাদ্দের সম্বন্ধে বলতে গেলে সর্বপ্রথমে আমি বলবো স্বাস্থ্য সম্বন্ধে। পূর্ববর্তী বক্তা আমাদের চীফ হুইপ কমলদা বলে গেছেন যার জন্য আমি ফুরসুদ পাচ্ছিলাম না বলে আমার বক্তব্য রাখতে পাচ্ছিলাম না। আমি কুচবিহারের এম-এল-এ হিসাবে এই ব্যয়-বরাদ্দ আলোচনায় আমি বলবো আমাদের স্বাস্থ্যমন্ত্রীকে যে তাঁর যে উদ্যম দেখছি এবং তাঁর যে কর্তব্য কর্ম দেখছি বিভিন্ন জেলায় ঘুরে ঘুরে কাজ করছেন তা প্রশংসনীয়—কিন্তু সঙ্গে সঙ্গে বলবো যে আমাদের জেলার হাসপাতালগুলি আজ সুষ্ঠুভাবে চলছে না। এইখাতে যে ব্যয়-বরাদ্দ রেখেছেন সেটা কেবল ডাক্তারদের নিয়েই চলছে। কিন্তু তারা কোনই কর্তব্যকর্ম করছে না। তাদের সেবাবৃত্তিমূলক মন নাই, আশা করি মন্ত্রিমহাশয় সেখানে তাদের মন ঘুরিয়ে দেবেন। তার কারণ আমাদের পূর্বতন এম-এল-এ সুনীল দাশগুপ্ত মহাশয় মারা গেছেন। উত্তরবঙ্গের মেডিক্যাল কলেজ স্থাপনের জন্য যে মিটিং কল করেছিলেন আমাদের স্বাস্থ্যমন্ত্রী সেখানে গিয়েছিলেন। সেখানে আমি রাত্রি ৭টার সময় সুনীল দাশগুপ্তকে দেখতে যাই এবং তাঁকে আমি জিজ্ঞাসা করেছি যে আপনার কোন কোনখানে ব্যাথা পেয়েছেন। তখন সে পরিস্কার আমাকে বল্লে যে আমার পাঁচটা রিব ভেঙ্গে গেছে এবং কলার বন ভেঙ্গে গেছে—আমার অনেক জায়গায় ইনজিওর্ড হয়েছে এবং অনেক জায়গায় ব্যাথা পেয়েছি—আমি জিজ্ঞাসা করি আপনি যে সময় ব্যাথা পেয়েছেন তার পর আপনার গলা দিয়ে রক্ত বেরিয়েছে কি? বল্লেন হ্যাঁ—তিনদিন পর্যন্ত রক্ত এসেছে, তখন আমি ডাক্তারকে জিজ্ঞাসা করেছি যে আপনি কোন ডেনজার মনে করেন কিনা—ডাক্তার বল্লেন কোন ডেনজার নাই, আপনারা এতো উতলা হবেন না কোন চিন্তা নেই।

আমি বলছি যদি চিন্তা না থাকবে তাহলে আমি আপনাকে বলছি যে আমি ডাক্তার আমি বুঝি এবং আমার মনে হয় এটা লাং থেকে আসছে—লাং ইনজিওর্ড হয়েছে। আমি এক্সরে করেছি একথা তিনি বললেন আমার কাছে এবং বললেন এক্সরেতে কিছু পাই নি। আমি বললাম যে এক্সরের মধ্যে পাইনি হিল আপ হয়ে গেছে। হিল আপ হওয়া এত সোজা নয়। তথাপি তিনি বললেন যে আমি কোন ডেনজার দেখছি না তার কিছু দিন পর তাকে কলকাতায় আনা হয় এবং তার মৃত্যু ঘটে। এরকম একটা ছেলের অকাল মৃত্যু আমাদের দেশের পক্ষে অকল্যাণ। এদিকে লক্ষ্য রেখে আমি স্বাস্থ্যমন্ত্রীকে বলবো তিনি তাঁর ব্যয়-বরাদ্দ যাতে স্বার্থক হয় সেদিকে নজর দেবেন। তার পর খাদ্যমন্ত্রী মহাশয়কে বলবো যে তিনি তার খাদ্যের ব্যয়-বরাদ্দ ইচ্ছা করে বাড়িয়ে দিয়েছেন যার জন্য ডেফিসিট বাজেট হয়েছে। এই ডেফিসিট বাজেট

হল সাবসিডির কল্যাণে, আরও অনেক খাতে এই নমুনা বিশেষভাবে ব্যয়-বরাদ্দ রাখা হয়েছে বলে ঘাটতি বাজেট। তখন যে ৫ টাকা করে ধানের দাম বাড়িয়ে দেওয়া হয়েছিল তা থেকে দেখা যায় যে প্রায় ৬ কোটী টাকা সাবসিডি দিতে হয়েছে এবং এটা ডেফিসিটের অপর একটা কারণ। ঠিক এভাবে আমরা বলেছিলাম যে খাদ্যনীতি ভুল। তখন আপনারা সকলেই সে খাদ্যনীতিকে পূর্ণমাত্রায় সমর্থন করেছিলেন, আমরা বলেছিলাম কর্ডন লেভি ওঠাবেন না। এবং লেভির নোটীশ ওঠাবেন না। এরকম যদি করেন তাহলে খাদ্যনীতি অতল জলে ডুবে যাবে। এ খাদ্য-নীতির জন্য আমাদের দেশের এ অবস্থা হয়েছে। এ খাদ্য নীতির জন্য আমরা কেন্দ্রকে দোষ দিচ্ছি। কিন্তু দোষ দিলে কি হবে আমাদের সরকারের যে টারগেট ছিল ২ লক্ষ টন ধান সংগ্রহ করবেন সেখানে অর্ধেক করতে পারেন নি। সেটা আমাদের ডিসএবিলিটি না আপনাদের ভুল নীতি। এ ভুল নীতি সম্বন্ধে আপনাদেরই দলের আর এক সরিক বললেন খাদ্যনীতি ভুল হয়েছিল, ঠিক সেইভাবেই যদি এরূপ ভুল পথে যাওয়া যায় তাহলে দেশের অকল্যাণ হবে। জ্যোতি বসুর বাজেটে বলা হয়েছে যে পুলিস খাতে ব্যয়-কম। আর একজন বললেন পুলিশ খাতে বেশী ব্যয় রাখা হয়েছে, তা হয়নি বরং কমে গেছে। এটা কোন ভিউতে কমলো তা জানিনা। গোড়ায় বলেছেন যে আমাদের পুলিসের দরকার নেই। কিন্তু এখন দেখছি পুলিস ছাড়া উপায় নেই। এডমিনিসট্রেসান রক্ষা করতে গেলে পুলিসের প্রয়োজন আছে। অথচ ব্যয়-বরাদ্দ কম আসছে, আমি সেখানে জ্যোতিবাবুকে বলবো যে পুলিসের অ্যাকটিভিটিস কমানোর ফলে দেশে একটা অনল সৃষ্টি হয়ে গেছে। এ অনল আরো জ্বলে উঠবে। সেটা কি তিনি সমর্থন করবেন? আজ নকশালবাড়ীর রব উঠেছে। যে নকশালবাড়ীর পরিপ্রেক্ষিতে একজন সরকারী সদস্য বলেছেন যে নকশালবাড়ী বলে যুক্তফ্রণ্ট সরকারকে যে দোষী করা হচ্ছে তাহলে মিজো এবং নাগা আন্দোলনের জন্য অনুরূপভাবে সেণ্ট্রালকে দোষী করা যায়। আমি বলবো নকশালবাড়ীর ঘটনা এবং মিজো নাগার ঘটনা এক নয়। নকশালবাড়ীর জিওগ্রাফিক্যাল সিচুয়েসান তা চিন্তা করলে দেখা যায় যে নকশালবাড়ীর ঘটনা যদি আরো বিস্তৃতি লাভ করে তাহলে চীন এবং পাকিস্তানে এমনভাবে এ্যাট্রাক্ট করবে, যার দ্বারা সমস্ত শিলিগুড়ি, জলপাইগুড়ি, দার্জিলিং এবং কুচবিহার জেলা, এবং আসাম প্রদেশ ভারত থেকে বিচ্ছিন্ন হয়ে যাবে। নকশালবাড়ীর ঘটনার দিকে পূর্ণমাত্রায় লক্ষ্য রেখে আমাদের বাজেট সম্বন্ধে চিন্তা করা উচিত ছিল। আমার আর সময় নেই বলে আমার বক্তব্য রেখে আপনাদের কাছ থেকে বিদায় নিলাম।

[4-15—5-5 p.m.]

**Shri Dhananjoy Kar:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যুক্তফ্রণ্ট সরকারের অর্থমন্ত্রী যে বাজেট হাউসে উত্থাপন করেছেন তাকে সমর্থন করে দুটি আমি কয়েকটা কথা আপনার মাধ্যমে রাখতে চাই। আমার বিরোধী বন্ধুরা এই বাজেটকে ঘাটতি বাজেট বলে এই অজুহাতে বিরোধিতা করছেন। কিন্তু এটা কি কারণে হয়েছে তা লক্ষ্য করা দরকার। তারা যদি বিরোধিতা করতে চান তাহলে কৃষির উন্নতির জন্য যে বরাদ্দ ধরা হয়েছে তা তাঁরা বিরোধিতা করুন। তাঁরা পরিষ্কার বলুন যে কৃষির উন্নতির জন্য আমরা অতিরিক্ত বরাদ্দের বিরোধিতা করছি। শিক্ষার উন্নতির জন্য যে অতিরিক্ত ব্যয়-বরাদ্দ ধরা হয়েছে তার বিরোধিতা করুন। স্বল্প বেতনের কর্মচারী এবং শিক্ষকদের জন্য যে ব্যয় ধরা হয়েছে তার বিরোধিতা করুন। এরূপ প্রত্যেকটি উন্নয়নমূলক কাজের জন্য বিরোধিতা করছি। এর জন্য ঘাটতি বাজেটের অজুহাত দিয়ে বিরোধিতা করার অর্থ হয় না। আমি আমাদের অর্থমন্ত্রীকে অভিনন্দন জানাচ্ছি যে তিনি যে সমস্যা প্রকট হয়ে দেখা দিয়েছে সে খাদ্যসমস্যা সমাধানের জন্য অতিরিক্ত ব্যয়-বরাদ্দ ধরেছেন। খাদ্যসমস্যার সংগে ওতপ্রোত-ভাবে জড়িত রয়েছে সেচ ব্যবস্থা। এবং তিনি তার জন্য অতিরিক্ত ব্যয়-বরাদ্দ ধরেছেন। উৎপাদনের সংগে এই সব ওতপ্রোতভাবে জড়িত। এবং তিনি তার জন্য অতিরিক্ত বরাদ্দ ধরেছেন। সেচের জন্য আমি বলবো বড় বড় পরিকল্পনার দিকে নজর না দিয়ে ক্ষুদ্র ক্ষুদ্র পরিকল্পনার দিকে নজর দিন, এবং ক্ষুদ্র পরিকল্পনা কার্যকরী করার জন্য কোন এক্সপার্ট ওপিনিয়ান-এর জন্য অপেক্ষা না করে আমি বলবো যারা এ পরিকল্পনার দ্বারা উপকৃত হয় এ রকম চাষীদের উপর পরিকল্পনা করার দায়িত্ব দিন। যদি চাষীরা সেগুলি ঠিকভাবে কার্যকরী

করতে না পারে তাহলে আমার প্রস্তাব হচ্ছে যে চাষীরা এ পরিকল্পনার দ্বারা উপকৃত হবেন তাদের কাছ থেকে বণ্ড লিখিয়ে নেওয়া হোক যে যদি আমরা ব্যর্থ হই তাহলে সরকারী অর্থ যা এই পরিকল্পনার জন্য ব্যয়িত হবে তা আমাদের কাছ থেকে আদায় করা হবে। এইভাবে যদি ক্ষুদ্র পরিকল্পনার দিকে নজর না দিই তাহলে আমরা মনে করি খাদ্যের জন্য যে আকালে আমরা পড়েছি তাতে এ বিরাট সমস্যার সমাধান হবে না। আমি বলবো কেবল খাদ্যমন্ত্রী নন প্রত্যেক মন্ত্রী তাঁর নিজের দপ্তরের কাজ ছাড়াও এ সমস্যা সমাধান করতে পারি তাহলে আমরা মনে করবো আমাদের মন্ত্রীমণ্ডলী নিজেদের বিভাগের দায়িত্ব কার্যকরী করতে পারবেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটি আবেদন আমি আপনার মাধ্যমে জানাব। সেটি হচ্ছে এই যে, বিদ্যুৎশক্তি উৎপাদনের জন্য অতিরিক্ত ব্যয় ধরেছেন, সেই বিদ্যুৎ গ্রামের দিকে নিয়ে যাবেন বলে, এই কথার উল্লেখ আছে। এই নূতন বিদ্যুৎ শক্তিকে উৎপাদনের কাজে, সেচের কাজে যাতে লাগানো যায় সেজন্য চেষ্টা করবেন, যেমন মাদ্রাজ করেছে। মাদ্রাজে বিদ্যুৎশক্তি দ্বারা বড় বড় ইদারা থেকে জল তুলে জমিতে সেচের ব্যবস্থা করেছে। যার ফলে আমরা দেখেছি যে এই মার্চ মাসেও সেখানে জমি থেকে ধান কাটা হয়েছে এবং আষাড় শ্রাবনের মত সেখানে রোয়ার কাজ চলেছে। মাদ্রাজ যদি বিদ্যুৎশক্তিকে এই রকমভাবে কাজে লাগিয়ে খাদ্যসমস্যার সমাধানে সক্ষম হয়ে থাকে তাহলে আমাদের সরকার যদি এই বিদ্যুৎশক্তিকে সেচের কাজে লাগান আমি মনে করব খাদ্যসমস্যার সমাধান হবে। এবং তাতে আমাদের সরকারকে এত বিব্রত হয়ে পড়তে হবে না। তাছাড়াও আমি আর একটি কথা বলব। আমাদের চাষের জন্য অনেক অসুবিধায় পড়তে হয় চাষীদের। সরকারের যে লোন এবং বীজ ধান দেওয়ার ব্যবস্থা আছে সেগুলো ঠিক সময়মত চাষীদের দেওয়া হয় না, যার ফলে চাষীদের চাষের সময় অসুবিধায় পড়তে হয় এবং যাও দেওয়া হয় তা এত অল্প যে চাষীরা তাতে উপকৃত হন না। সেই জন্য আমি সরকারকে অনুরোধ করছি যে, উড়িষ্যা এবং ইউ, পি, যা করেছে আমাদেরও সেই রকম একটা শস্যভাণ্ডার গড়ে তুলুন এবং সেই শস্যভাণ্ডার থেকে চাষের সময় চাষীদের বীজ ধান সরবরাহ করবার ব্যবস্থা করুন। তাহলে চাষীরা এতে উৎসাহিত হবেন এবং কৃষিকার্যে উঠে পড়ে লাগবেন। তার ফলে চাষীরা যেসমস্ত জিনিস উৎপন্ন করবেন সেগুলি সহর এবং অন্যান্য অভাবগ্রস্ত জায়গায় যাতে ঠিকমত পৌঁছে দিতে পারেন তার জন্য গ্রাম থেকে সহরে আসার এবং অন্যান্য জায়গায় যাতায়াতের জন্য যোগাযোগ ব্যবস্থার উন্নতি হওয়া দরকার, এই প্রস্তাবটি আমি মন্ত্রিমহাশয়ের কাছে রাখছি। অধ্যক্ষ মহাশয়, আমার আর ২।১টি কথা বলার আছে। ওঁরা যে বিরোধিতা করছেন—যেটা সম্বন্ধে আমি আগেই বলেছি যে সরকারী কর্মচারীদের, শিক্ষকদের ভাতা বৃদ্ধির জন্য যে অতিরিক্ত ব্যয় আমাদের হচ্ছে সেই জন্য হয়ত ওঁদের দুশ্চিন্তা হচ্ছে বা আপত্তির কারণ হয়ে উঠেছে। অথচ একটু আগে ওঁদের মুখ থেকে শুনলাম প্রাথমিক শিক্ষকদের নাকি মারা হয়েছে, অন্যান্য শিক্ষকদের উপর নাকি দুর্ব্যবহার হয়েছে, সেজন্য ওঁদের প্রাণ আকুল হয়ে গেছে, অতিষ্ট হয়ে গেছে। কিন্তু আমি বলব সত্যিকারের যদি দরদ তাঁদের প্রতি থাকে তাহলে যে অতিরিক্ত ব্যয় ধরা হয়েছে সেটাকে আপনারা সমর্থন করুন। তাহলেই আমরা বুঝব যে তাঁদের প্রতি দরদ আছে, আন্তরিকতা আছে। এর সঙ্গে সঙ্গে অধ্যক্ষ মহাশয়, বর্তমানে আমাদের যে খাদ্যসমস্যা আছে তার সমাধানের জন্য মন্ত্রিমণ্ডলীর কাছে আমি আবেদন জানাব। বাংলাদেশ থেকে বিশেষ করে ঝাড়গ্রামের সীমান্ত দিয়ে বিহারে বহু চাল পাচার হয়ে যাচ্ছে সেখানে আমাদের যাঁরা বর্ডার গার্ড আছেন তাঁরা খুব আন্তরিকতার সঙ্গে কাজ করছেন না। বোধ হয় সেই জন্য আমি দেখলাম কয়েকদিন আগে তাঁদের ঘেরাও করেছিল। ডি এম, এস ডি ও-কে সঙ্গে নিয়ে আমরা কয়েকজন সেখানে গিয়ে তার সমাধান করে দিয়ে এসেছি। আমরা তাঁদের সরিয়ে দিয়ে সেখানে ভাল লোক দেবার ব্যবস্থা করেছি। তাই আমি বলব যে আমাদের সকলগুলি জায়গায় বর্ডার গার্ড আছে তাদের প্রতি যদি নজর রাখা যায় চেক পোস্টগুলি যদি পরিবর্তন করা যায় অসাধু কর্মচারীদের প্রতি যদি নজর রাখা যায় তাহলে বাংলাদেশে এখনও যেসব ধান চাল আছে সেগুলি আমরা পেতে পারি এবং তার দ্বারা আমাদের এই অভাবের অনেকটা লাঘব হতে পারে। সেই জন্য আমি মন্ত্রিমণ্ডলীর কাছে আবেদন জানাব এ বিষয়ে তাঁরা যেন একটু সচেষ্ট হন এবং দুর্নীতিপরায়ণ কর্মচারীদের শায়েস্তা করবার ব্যবস্থা করুন। যদি দুর্নীতিপরায়ণ, অসাধু কর্মচারীদের শায়েস্তা করতে পারেন তাহলে আমরা মনে

করি এই সমস্যার সমাধান হবে এবং আমরা উন্নতির পথে এগিয়ে যাব। এই কথা বলে যে বাজেট এখানে উপস্থিত করেছেন তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-5—5-15 p.m.]

**Shri Golokesh Bhattacharjee:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, "অয়মারম্ভ শুভায় ভবতু", আপনি ধর্মাধিকরণ আপনি উঠতে বললে উঠি বসতে বললে বসি। তাই আপনার কাছে একটা "মঙ্গলাচরণ" করবার জন্য অনুমতি চাইছি, দয়া করে এই প্রার্থনা মঞ্জুর করবেন।

"হেমন্ত নিশীথে পৌর্ণমাসে সোমনাথের যুগল জ্যোতিতে উদ্ভাসিত অজয়, অমর, কাশী বিশ্বনাথ দেব প্রকাশ নিষ্কলঙ্ক নিরঞ্জন চিত্তে সুশীল ও সুবোধ ভক্তগণ পরিশোভিত এই সুশীতল কমল নিবাশ অপূর্ব রূপ ধারণ করেছে এই হর্ম অকারণে উত্তপ্ত হয়ে যেন ননী না গলাইয়া দেয় বরং অষ্টাদশ দেবের বিভূতি লাভ করি প্রফুল্লচিত্তে হরে কৃষ্ণ নাম, নিতে নিতে শীতল হইতে শীতলতম হয় হরি হরি সম্বল করি যেন বিজয়বার্তা ঘোষিত হয়"

তাই আমি বলি স্যার গত মার্চ মাসের পর ২৬শে জুন প্রায় সাড়ে ৩ মাস পর অর্থমন্ত্রীর ভাষণ আমরা শুনলাম। ভোট অন একাউন্ট এ পাশ করার সময় ৪ মাসের ব্যবস্থা নিয়ে খুঁটিনাটি দেখবেন বলে উনি টাকা চেয়ে নিয়েছিলেন। উনি এই ৪ মাস অনুসন্ধান করেছেন এবং এই বাজেটের আয়নায় সরকারের সম্পূর্ণ রূপ তাঁরা দেখিয়েছেন। আমরা তাতে শিল্প প্রসারের কোন নিদর্শন পাইনি, বেকার সমস্যা সমাধানের কোন ব্যবস্থা দেখছি না, তাতে দেখতে পাচ্ছি দেউলে নীতি, ঘেরাও, লক আউট আর বেকারীর বহু সমস্যা তাঁরা আজকে আমাদের সামনে এনে দিয়েছেন শিক্ষকদের সম্পর্কে কিছু দেখতে পাচ্ছি না। স্যার একটা কথা বলি, এই তিন মাসের রাজত্বে "রাম দুই সাড়ে তিন, অমাবস্যা ঘোড়ার ডিম"। এই সাড়ে তিন মাসে অমাবস্যা পেয়েছি,—ও'রা দেশকে অমবস্যার মধ্যে এনে দিয়েছেন এবং আমাদের হাতে দিয়েছেন ঘোড়ার ডিম, তার মানে কিছুই দেননি। আমাদের শুধু সাড়ে তিন মাসের মধ্যে ঘোড়ার ডিম দেখিয়ে রেখেছেন, সেই জন্য বলছি যে ঐ পাশে যাঁরা গণদেবতারা বসে আছেন তাঁদের কথা বলি। আজকে তাঁরা একটা নীতি নিয়েছেন, সেটা হচ্ছে "চরে খাও" বাড়ীতে বাড়ীতে লুটপাট করো, বাজারে হাটে ছড়িয়ে পড়ে লুটপাট করো, যদি তা না পারো তো দিল্লী চলে যাও। ও'রা কথায় কথায় এখন দিল্লী দেখিয়ে দিচ্ছেন, বাংলাদেশে আর কিছু দিতে পারছেন না। সরকার গঠন করবার আগে বলেছিলেন যে সাড়ে তিন কিলো অর্থাৎ সাড়ে তিন কিলো তাঁরা দেবেন বলেছিলেন, তার বদলে দিলেন দেড় কিলো, ২ কিলো কিন্তু হাতে রেখে দিয়েছেন, কারণ ২ কিলো যদি এখনই দিতে চান তাহলে জনগণ হয়তো পঞ্চত্বপ্রাপ্ত হবে। আজকে জ্যোতিবাবু শুধু উপমুখ্যমন্ত্রী নন তিনি পরিবহন মন্ত্রীও বটে, তাই আমি তাঁর কাছে আবেদন জানাবো তিনি যে ঘাটতি বাজেট এখানে এনেছেন, তা যদি রাখতে না পারেন তাহলে দয়া করে যেন দেশবাসীকে ঘাটে পাঠাবার একটু ব্যবস্থা করেন। পরিবহণমন্ত্রী এখন কিছু বাস রুটের ব্যবস্থা করে দিয়েছেন, তিনি যেন নিমতলা আর কেওড়াতলা যাবার জন্য কিছু পারমিট করে দেন এই কথা আমি তাঁর কাছে অনুরোধ করবো। আর দেরী না করে সাধারণ মানুষকে যাতে অতি সহজে কেওড়াতলা বা নিমতলায় নিয়ে যেতে পারেন তার ব্যবস্থা করবেন। এই বলে আজকে যে ব্যয়-বরাদ্দ পেশ করা হয়েছে তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Bibhuti Pahari:**

মিঃ স্পীকার, স্যার, মাননীয় উপমুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী যে বাজেট উপস্থাপিত করেছেন সেই বাজেটের পটভূমিকায় দেশের বর্তমান অবস্থা আমাদের জানা দরকার। দেশে ২০ বছর কংগ্রেস শাসনের ফলে অনাহার এবং দুর্ভিক্ষের অবস্থা দেখা দিয়েছে। গত বছর বাংলাদেশের বিরাট এলাকার খরা গেছে, ফসল হয়নি। কৃষির কোন উন্নতি এই ২০ বছরে হয়নি, সেচের কোন ভাল ব্যবস্থা হয়নি। তাই কৃষির উন্নতির জন্য, সেচের উন্নতির জন্য, দেশের মানুষের কাছে ভালভাবে যাতে চিকিৎসা সুলভে পৌঁছায়, হাসপাতালগুলি নতন করে আরো যাতে তৈরি হয় সেই সমস্ত ব্যবস্থা করার জন্য বাজেটে বরাদ্দ বাড়ান হয়েছে এবং সেই কারণে ঘাটতি

বাজেট হয়েছে। কিন্তু শৈলবাবু, আগে যিনি অর্থমন্ত্রী ছিলেন কিংবা ডাঃ রায়, তাঁরা যখন বছরের পর বছর ঘাটতি বাজেট পেশ করতেন তখন কংগ্রেসী সদস্যরা বরাবর সেই ঘাটতি বাজেটকে প্রশংসা করতেন। আজকে এই ঘাটতি বাজেট দেখে তাঁরা বলছেন যে এতে দেশের সর্বনাশ হয়ে যাবে। এর কারণটা সেখানে নয়, এর কারণটা হচ্ছে এই যে যারে দেখতে নারি তার চলন বাঁকা, তাই এই যুক্তফ্রন্ট সরকারের অর্থমন্ত্রীর এই বাজেটকে রাজনৈতিক কারণে রাজনৈতিক উদ্দেশ্যের জন্য তাঁরা সমর্থন করতে পারছেন না। আমাদের মাননীয়া সদস্যা শ্রীমতী পূরবী মুখোপাধ্যায় বলেছেন যে কংগ্রেস নাকি দেশে দুর্গাপুরে শিল্প কারখানা, কল্যাণীতে স্পীনিং মিল ইত্যাদি খুলে দিয়েছে। এটা ঠিকই, কিন্তু আমরা জানতে চাই তাঁর কাছে এবং সরকারের কাছেও যে ২০ বছরে এই সব শিল্পে বা কারখানায় বাংলাদেশের কত বাঙালী ছেলেরা চাকরি পেয়েছে? আজকে যদি হিসাব নিয়ে দেখা যায় তাহলে দেখা যাবে যে এই সব শিল্পে, এই সমস্ত শিল্পের কিছু মাত্র অগ্রগতি হয়েছে ঠিকই কিন্তু এই সব শিল্পে বাঙালী ছেলেদের হাত বাড়েনি। বাংলাদেশের ছেলেরা বাংলার মাটিতে জন্মাল, বাংলার জল-বায়ুতে বাড়ল অথচ তারা সেখানে চাকরি থেকে বঞ্চিত হয়েছে। আমি আশা করি এই মন্ত্রীসভা এবং যুক্তফ্রন্ট সরকার এই শিল্পগুলিতে এবং অন্যান্য এলাকায় যাতে বাঙালী ছেলেরা চাকরী পায়, বাংলাদেশের বেকারত্ব মোচন হয় সেই বিষয় তাঁরা চিন্তা করবেন। আর একটা কথা শ্রীমতী মুখার্জি বলেছেন যে "উৎসমুখ খুলে দিয়েছি", হ্যাঁ, তাঁরা উৎস মুখ খুলে দিয়েছেন দারিদ্রের অনাহার-ক্লিষ্ট এবং দুর্ভিক্ষের অবস্থায় মানুষের মৃত্যুর। রুরাল এরিয়ায় ম্যালেরিয়া গেছে একথা ঠিক কিন্তু ম্যালেরিয়ার পরিবর্তে অনাহারের ফলে যক্ষ্মা রোগে দেশ ছেয়ে গিয়েছে। তারপর আর একটা রোগ, ক্যান্সার, তারও কোন চিকিৎসার ব্যবস্থা হয়নি। তাঁরা উৎস মুখ খুলে দিয়েছেন—সেই উৎস মুখ হচ্ছে দেশের মধ্যে কংগ্রেসী নেতত্বে শুধু কংগ্রেস এম, এল, এ-দের মধ্যে নয়, তাঁদের নিচের তলার কর্মীদের মধ্যেও দুর্নীতির যা রন্ধ্রে রন্ধ্রে প্রবেশ করেছে, দেশের স্বার্থকে তাঁরা বলিদান দিয়েছেন দলের স্বার্থকে রক্ষা করার জন্য। এখানে বসে আছেন মাননীয় সদস্য ত্রৈলক্যনাথ প্রধান মহাশয়, আমি তাঁর বিরুদ্ধে খাদ্য নীতিকে বানচাল করার একটা অভিযোগ তুলেছিলেন আর একটা উদাহরণ দিই যার সঙ্গে তাঁরা জড়িত আছেন। এই বিধানসভার সদস্য হিসাবে সমস্ত দায়-দায়িত্ব নিয়ে আজকে স্পীকার মহাশয়ের কাছে বলতে চাই যে মাত্র ১২ মাসের মধ্যে একটা সমবায় সমিতি যার নাম হচ্ছে কণ্টাই ক্যাসুনাট প্রসেসিং এ্যান্ড মার্কেটিং সোসাইটি, চন্দনপুরে, সরকার সেখানে হাজার হাজার টাকা নিয়োগ করেছিলেন, মেদিনীপুর সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক ৫০ হাজার টাকা তাতে নিয়োগ করেছিলেন, এবং ইনি ছিলেন তার প্রেসিডেন্ট আর এঁর বন্ধু ডাঃ রাসবিহারী পাল, কংগ্রেসের একজন বড় নেতা মেদিনীপুর জেলার, তিনি ছিলেন ডিরেক্টার বোর্ডের মেম্বার। ৫০ হাজার টাকা মেদিনীপুর সেন্ট্রাল ব্যাঙ্ক আর সরকারের কয়েক হাজার টাকা উনি এবং এঁর বন্ধু মিলে সমস্ত টাকাই তছনছ করে দিয়েছেন সমবায় সমিতির নামে।

**শ্রীবঙ্কিমচন্দ্র শাসমল:** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, এইমাত্র মাননীয় সদস্য শ্রীবিভূতি পাহাড়ী রাসবিহারী পালের নামে যে কথা বললেন সে সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে এই যে তিনি এই সভার সদস্য নন, সুতরাং তাঁর সম্পর্কে তিনি যে কথা বলছেন তার উত্তর দেবার অধিকার এখানে তাঁর নেই। আমি এ সম্বন্ধে স্পীকার মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**মিঃ স্পীকার:** বিভূতিবাবু, আপনি যে স্টেটমেন্ট দিয়েছেন সেটা নিশ্চয়ই উইথ রেসপনসিবিলিটি দিয়েছেন এ্যাজ এ মেম্বার অব দি লেজিসলেটিভ এ্যাসেমব্লী। সে রেসপনসিবিলিটি কিন্ত আপনারই, এর পরে যদি কিছু হয় ত আপনি বুঝবেন। যদি এ সম্বন্ধে কিছু কাগজপত্র থাকে তাহলে আমাকে তা দিয়ে যাবেন।

**শ্রীবিভূতি পাহাড়ী:** স্যার, আমি বলার আগেই বলেছি যে সমস্ত রেসপনসিবিলিটি নিয়ে এ্যাজ এ মেম্বার অব দি লেজিসলেটিভ এ্যাসেমব্লী আমি এ স্টেটমেন্ট করছি, ও'র ডিনাই করবার সাহস নেই সেই কথা আমি বলতে চাই। এবং মন্ত্রিমহাশয় সেই কো-অপারেটিভ পরিদর্শন করেছিলেন, তদন্ত চলছে, কাগজপত্র দেখা হচ্ছে এবং প্রমাণিত হচ্ছে যে এ'রা দেশের অর্থ নিয়ে কিভাবে নিজেদের ব্যক্তিগত স্বার্থে লাগিয়েছেন। আজকে যুক্তফ্রন্ট সরকারের এই বাজেট

দেশের মানুষের মুখে এখনই অন্ন যোগাতে পারবে না, কারণ এই কৃষি ব্যবস্থার উন্নতি করতে সময় লাগবে। কিন্তু একথা ঠিক যে বছরের পর বছর ধরে যাঁরা মানুষের ক্ষুধা নিয়ে, জীবন নিয়ে ব্যবসা করেছেন, দুর্ভিক্ষ সৃষ্টি করেছেন এই বাজেট তাঁদের সামনে তাঁদের মৃত্যুর নিশানা দিচ্ছে।

**মিঃ স্পীকারঃ** মাননীয় সদস্য, আমার আজকে আর কোন উপায় নেই, আমি আজকে পারবো না আর টাইম দিতে, আপনি বসুন।

**শ্রীবিভূতি পাহাড়ীঃ** আপনার নির্দেশ মেনেই আমি এই বাজেটকে সমর্থন করে বসে পড়ছি।

[5-15—5-25 p.m.]

**Dr. Sashi Bhushan Chaudhuri:** Sir, I rise to speak at the fag end of the day. Lots of points have been thrashed out and I am afraid I will not be able to make any original contribution to the discussion. Nevertheless I will just try to spell out some of the problems relating to the budget. To me it appears that the budget has no evil or will not compare unfavourably in some ways with the previous budgets in so far as the programme of social and economic activities is concerned. Most of the items of the budget are continuing items, namely, the dearness allowance to be given to Government employees and to teachers of non-Government institutions and this and that at a very high rate which, perhaps, no other Government could possibly award. Having regard to the fact that there has been sharp rise in the price level, there are other features in the budget which we call decorative features of the budget, namely, the low income-group housing scheme, scheme for rural electrification and the proposal for the establishment of health centres and this and that. They certainly highlight in a way as the sophisticated social outlook of the present Ministry. But basically and in essence I consider that this budget has been a budget of adverturism, a budget of hazards towards socialism, political and economic. I do not think that the proposals the Finance Minister has envisaged will be able to contribute specifically to the strength and stability of our country.

The central part of the Budget is that there is deficit and the deficit is to the order of 36 crores of rupees. I must say that this is the biggest deficit in the whole budgetary history and also it must not be overlooked that a time when other States have been able to produce somewhat of a surplus Budget or balanced Budbet or near balanced Budget, this particular Budget which has been presented now has left us, the people of Bengal, in a very poor State. All considerations of financial discipline have been thrown to the wind, all overdrawals and agreements have been disregarded and all restrictions have been pointblank ignored and our financial spendings have not been rationalised to the available resources. That being so, I feel that the Finance Minister has been somewhat of a budgetary financier in the field of our economic life and also I am afraid that most of the schemes in which he has invested will sooner or later or perhaps sooner than later come into heavy weather because of financial stringency. Of course there have been several proposals to gap up these budgetary deficits. In the first place, th Finance Minister has proposed or has suggested that there may be some kin of additional taxation. But the framework of the Budget must assess tha there is much scope for additional taxation within the farmework of th limits of the present Constitution. That being so, that particular idea wil not be very feasible and it has also been pointed out by many that in th present situation when the price structure has exceeded all levels of pric line, another additional taxation will perhaps have the effect of escalatin the present economic deterioration in many ways. Now it is a fact tha

deficit financing is economically unrewarding and socially distressing. Heavy price level and deficit financing moves more or less in a vicious circle, one reacts on the other and you can easily imagine what will be the social pressure on the financial spending to the order of 36 crores of rupees, on our social and political structure. There is very great doubt whether our economy will be able to bear the strain and stress of this financial spending to the order of 36 crores of rupees. The second point which has been urged is that there can be moratorium on the payment of loans and interests of the Centre. Yes, it is a very nice point. But the point is that the Finance Commission has also suggested that in view of the different kinds of rates that obtain in monetary transactions and also different kinds of Central payments regarding Central loans some pertinent enquiry should also be made to rationalise this. So long as rationalisation does not take place, Government may have to put off payments to the Centre. Now that is a very reasonable way. But in order to forestall deficits the Central Government has adopted certain measures. One of the measures is this that the total Central assistance which the Centre has distributed among the State has been raised from the level of 535 crores of rupees to 590 crores of rupees. In order to forestall the budgetary deficit in the States the Government of India has taken measures to see that such demands are not made. It is very difficult to see to what extent the scheme of the West Bengal Government will be entertained because already the Union divisible pool from the excise duty has been raised to the order of 690 crores and certainly West Bengal will have its own share. But as against it, the Government of West Bengal has pointed out that the allocation to West Bengal Government has been unjust and very inequitable. In a sense, of cource, it is very inequitable because the Government of India allocated 34 crores of rupees, whereas according to the recommendation of the Finance Commission the Government of West Bengal is entitled to 7.51 per cent. of the total divisible pool of the Federal resources. Now, if at present the Centre agrees to pay at the rate of 7.51 per cent., the Government of West Bengal will be entitled to get 34 crores of rupees. This is also equally true. Then the whole question is linked up with the constitutional problem. This constitutional problem is such that perhaps it cannot be resolved within the very near future and the position will be more or less uncertain and I do not know how the Finance Minister would be able to act upon this particular kind of..... ...

(At this stage the red light was lit)

I am very sorry I must sit down.

[5-25—5-35 p.m.]

**Shri Prabodh Purkait:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যুক্তফ্রণ্ট সরকারের মাননীয় অর্থমন্ত্রী ১৯৬৭/৬৮ সালের যে বাজেট এখানে পেশ করেছেন, এই বাজেটকে আমি পূর্ণ সমর্থন করে দু-একটা কথা বলতে চাই। আমাদের মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন সেই বাজেটকে সমালোচনা করতে উঠে বিরোধী দলের সদস্যরা কেউ কেউ বলেছেন এই বাজেট ঘাটতি বাজেট এবং এই বাজেট পূর্বতন যে সরকার ছিলেন সেই সরকারের অনুগামী বাজেট। কিন্তু আমরা জানি, আমাদের যুক্তফ্রন্ট সরকার পুঁজীবাদী রাষ্ট্র কাঠামোর মধ্যে গঠিত হয়েছে। ঐ সরকার পরিবর্তন হলেও সেই রাষ্ট্র কাঠামো স্বাভাবিক আছে—সুতরাং এই বাজেট পুঁজিবাদি অর্থনৈতিক বিধি ব্যবস্থার প্রভাব মুক্ত হতে পারে না। তাই এই বাজেটের মধ্যে বিরাট কিছু পরিবর্তন না হলেও এই বাজেটের মধ্যে দেখানো হয়েছে কি করে সাধারণ মানুষকে উপকৃত করা যায় এবং তার বিভিন্ন খাতে ব্যয়-বরাদ্দ

সেইমত করা হয়েছে। সেই জন্য আমি মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাই। আমাদের অর্থ মন্ত্রিমহাশয়, কৃষিকে অগ্রাধিকার দিয়েছেন। আমরা জানি বর্তমানে আমাদের দেশে যে খাদ্য সংকট আছে সেই খাদ্য সংকটকে এড়াতে গেলে প্রথমেই উৎপাদন বৃদ্ধি করতে হবে। যদি উৎপাদন বৃদ্ধি করা না যায় তাহলে খাদ্যসমস্যার সমাধান কোন দিনই হবে না। বিগত কংগ্রেস সরকার ২০ বছর শাসন চালিয়েছেন, তারা মুখে কৃষি উৎপাদন বৃদ্ধি করার কথা বলেছেন কিন্তু কিসে তার উন্নতি হবে তার কোন ব্যবস্থাই তারা করেন নি। তাই আমাদের অর্থমন্ত্রী আজ কৃষি খাতে ২ কোটি ৫৭ লক্ষ টাকা আর্থিক বরাদ্দ করেছেন এবং এই আর্থিক ব্যয়-বরাদ্দের মধ্যে আমাদের কৃষি ব্যবস্থার উন্নতি সম্ভব। কৃষি ব্যবস্থার সঙ্গে সেচ ব্যবস্থার উন্নতিরও চেষ্টা করা হয়েছে এবং তার জন্য আর্থিক বরাদ্দও ধরা হয়েছে, কারণ কৃষির উন্নতি করতে হলে সেচ ব্যবস্থার উন্নতি করতেই হবে। তাই আমাদের বাজেটে কৃষি উৎপাদন বৃদ্ধি করার প্রয়োজনে একদিকে কৃষির উন্নতি অপর দিকে সেচের উন্নতির ব্যবস্থার দিকে লক্ষ্য রেখে ব্যয়-বরাদ্দ ধার্য হয়েছে। আর শুধু খাদ্য উৎপাদনের দিকে লক্ষ্য রাখলেই চলবে না সেই সঙ্গে সঙ্গে চোরাকারবারী, মজুতদার, কালোবাজারী, একচেটিয়া পুঁজিপতি তাদের সায়েস্তা করতে হবে এবং বণ্টন ব্যবস্থা নিয়ন্ত্রণ করার পদ্ধতি গ্রহণ করতে হবে। আমাদের দেশের উৎপাদন বাড়াতে হলে সারা দেশের সাধারণ মানুষ যারা হাতে-কলমে কাজ করে যাদের প্রতিনিধি এই যুক্তফ্রন্ট সরকার তাদের দিকে আমাদের সকলের দৃষ্টি রাখা উচিত। আজকে আমাদের এই প্রচেষ্টাকে এক দল দেশের শোষণকারী লোক বানচাল করবার চেষ্টা করছে। আজকে গ্রামে গ্রামে যে ফুড রিলিফ কমিটি গঠিত হয়েছে তাতে কংগ্রেসের কোন সদস্য দেন নি—এই কংগ্রেসের তরফ থেকে এই ফুড রিলিফ কমিটিকে নানাভাবে বাধা দেবার চেষ্টা হচ্ছে। এবার আমি স্বাস্থ্য খাতে কিছু বলতে চাই। আজকে স্বাস্থ্য খাতে ব্যয়-বরাদ্দ ধরা হয়েছে। কিন্তু এখনও বিভিন্ন জায়গায় স্বাস্থ্য কেন্দ্র হয় নি। সেখানে স্বাস্থ্য কেন্দ্র গঠন করার জন্য স্বাস্থ্যমন্ত্রীকে আমি অনুরোধ করি।

আমি আমার বক্তব্য শেষ করবার আগে ঘাটতি বাজেট সম্বন্ধে দু-একটা কথা বলতে চাই। কারণ বিরোধী পক্ষের সদস্যরা আমাদের এই বাজেটকে ঘাটতি বাজেট বলে বর্ণনা করে অনেক কথা বলেছেন, আমরা জানি দীর্ঘ কুড়ি বৎসরে কংগ্রেস সরকার কেন্দ্রে এবং রাজ্যে প্রতিষ্ঠিত ছিল। তাদের প্রতিটি বাজেট লক্ষ্য করলে দেখা যাবে তারা প্রতিটি বাজেটকে ঘাটতি বাজেট হিসাবে দেখিয়েছিলেন এবং আমরা লক্ষ্য করেছিলাম তারা ঘাটতি বাজেটের প্রশ্রয় নিয়ে তার স্বপক্ষে নানা যুক্তির অবতারণা করেছিলেন। আজকে ভারতবর্ষের অর্থনৈতিক অবস্থার উন্নতির কথা উঠেছে। এই অর্থনৈতিক উন্নতির জন্য তারা মিশ্র অর্থনীতি গ্রহণ করেছেন এবং পুঁজিবাদী রাষ্ট্র কাঠামোর মধ্যে সমাজবাদ প্রতিষ্ঠা করতে চেয়েছেন। তাই পুঁজিবাদী রাষ্ট্র কাঠামো বজায় রেখে মুখে যতই সমাজতন্ত্রের কথা বলুন না কেন, এই দীর্ঘ ২০ বছরে তারা পুঁজিবাদী বিলিব্যবস্থা কায়েম করেছেন। এটাই হল কংগ্রেস সরকারের ২০ বৎসরের মিশ্র অর্থনীতির ফল। তাই আমি মনে করি এই ঘাটতি বাজেট পূর্ববর্তী বাজেট থেকে সম্পূর্ণ প্রভাব মুক্ত নয়। এই ঘাটতি বাজেটকে কিভাবে পূরণ করা হবে তা নিয়ে বিরোধী দল আশঙ্কা প্রকাশ করেছেন, তাঁরা বলেছেন যে এই ঘাটতি বাজেট অর্থমন্ত্রী কি করে পূরণ করবেন এবং তিনি তা স্পষ্ট বলেননি। আমরা জানি কংগ্রেস শাসনে চোরা কারবারী ও মুনাফাখোরী ব্যবস্থার দ্বারা মুষ্টিমেয় পুঁজিবাদী শ্রেণীর হাতে অর্থ সঞ্চয় হয়েছে। আমাদের অর্থমন্ত্রিমহাশয় কি করে ঘাটতি বাজেট পূরণ করবেন সে সম্বন্ধে তিনি স্পষ্টভাবে বলেছেন, মুনাফাখোর, মজুতদার এবং পুঁজিপতিগোষ্ঠীর উপর তিনি কর ধার্য করবেন এবং স্বল্পবিত্ত জনসাধারণ এবং গরীবদের কিভাবে কর মুক্ত করা যায় তার চেষ্টা তিনি করবেন। তাই আমি মনে করি পুঁজিবাদী রাষ্ট্র কাঠামোর পুঁজিবাদী অর্থনৈতিক ব্যবস্থার মাঝখানে যুক্তফ্রন্ট সরকারের এই বাজেটটি হল একটি প্রগতিশীল বাজেট। তাই আমি এই বাজেটকে পূর্ণ সমর্থন করছি।

**Shri Suvendu Roy:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমি বিভিন্ন বক্তার বক্তৃতা শুনলাম। আমাদের অর্থমন্ত্রী জ্যোতিবাবু যে বৈপ্লবিক বাজেট পেশ করেছেন বিধান সভায় তাতে আমি তাঁর বুদ্ধিমত্তার তারিফ করি। তিনি যে বৈপ্লবিক বাজেট প্লেস করেছেন তা রাজনৈতিক দৃষ্টিভঙ্গীর বেদিকে

সেই দিকেই তিনি ঠেলে নিয়ে যাচ্ছেন। সে দিকে ঠেলে নিয়ে যাবার পক্ষে এটা সত্যই সমর্থন যোগ্য। কারণ আজকে যে বাজেট এনেছেন, আজকে যে চিত্র নকশালবাড়ী থেকে শুরু করে বাংলার চারিদিকে দেখছি তাতে এই বাজেটের সঙ্গে সঙ্গতি রেখে আশা করা যায় যে আগামী দিনে বাংলাদেশে হয়ত এই ধরণের জিনিষ ঘটবে। আজকে তিনি চাচ্ছেন বাংলাদেশের বিভিন্ন জায়গায় আরও এই জিনিষ ঘটে এবং যাতে করে নাকি নকশালবাড়ীর মত তৈয়ারী হয়, যাতে দেশবাসী এই দিকে যায়। তাই আমি দেখছি তার দলের বিভিন্ন কর্মী, বিভিন্ন লোক এইভাবে লুঠ করছেন, গ্রামে গ্রামে গিয়ে চাষীদের ঘরে। আমার মনে হয় ঘাটতি বাজেট পূরণের একটি রাস্তা বোধ হয় তার এই। রাস্তায় গুণ্ডামী সুরু হয়েছে, লেবার বেল্ট-এ তাদের মার্কসবাদী কমিউনিস্ট পার্টির ইউনিয়ন-এর দ্বারা সংগঠিত খুনের সমস্ত চিত্র আমরা দেখতে পাচ্ছি এবং স চিত্র বিধানসভায় তুলে ধরে আমি কয়েকটি কথা বলতে চাই সেই রাজনৈতিক হত্যা দলবদ্ধভাবে প্রকাশ্য রাস্তার উপর কি করে খুন করা হল, নোয়াপাড়া এলাকায় গৌরীশংকর জুট মিলের একজন কর্মী সিনেমা দেখে ফেরার পথে প্রাক্তন এম এল এ যামিনীভূষণ সাহা পরিচালিত কয়েকজন কর্মী তাকে আক্রমণ করে খুন করে। তারপর একদিন যামিনী সাহা বলে গেলেন তোমাদের ভয় নেই, কয়েকজন যদি খুন হয় আমি জ্যোতিবাবুকে বলে দিচ্ছি যাতে কেউ এরেস্ট হবে না। ১৫ থেকে ২০ জন লোকের নামে থানায় ডায়েরী করা আছে। তার মধ্যে মাত্র ৬ জন লোককে এরেস্ট করা হয়েছে। বাকী বাহিরের ১০।১৫ জন লোক ঘোরাফেরা করছে। আজকে আমরা দেখতে পাচ্ছি যে আজকে গুণ্ডার রাজত্ব সৃষ্টি করা হচ্ছে, তারা ত্রাসের চেষ্টা করছেন যাতে দলের শক্তি বৃদ্ধি করা যায়। পুলিশকে তারা নিষ্ক্রিয় করে রেখেছেন পুলিশ বাজেটে যে ঘাটতি সেটা জোর করে বলেছেন সরকার পুলিশকে নিষ্ক্রিয় করার জন্য বোধ হয় এই বাজেটে তাদের টাকা কমিয়েছেন। আজকে পুলিশ ডিপার্টমেন্ট তুলে দেন তা হলে ভাল হয়। কারণ পুলিশ ডিপার্টমেন্ট তুলে দিলে এই ঘাটতি আরও অনেক কমে যেত। আজকে পুলিশ ডিপার্টমেন্ট-এর প্রয়োজন আছে বলে বাংলাদেশের কোন লোক মনে করেন না, তথা আজ সিকিউরিটির অভাব বোধ করছেন। তাই আজকে নিশিথবাবু এবং ঐ ফ্রন্টের অন্যান্য শরীকদের নানান রকম কথা বলতে হচ্ছে। আজকে পলতা এলাকায় বেঙ্গল এনামেলে যে তান্ডব চলেছে তাতে ঐ এলাকায় ৩ হাজার কর্মী আজ বেকার হয়ে পড়েছে, তারা ··· ভিক্ষার ঝুলি নিয়ে ঘুরে বেড়াচ্ছে। আজ সেই বৈপ্লবিক মন্ত্রী সুবোধবাবু তিনি বিপ্লবের ··· ধরে বসে আছেন এবং ঐ এলাকার বুভুক্ষু শ্রমিকদের ক্ষুধা মেটাবার জন্য কিছু করা ··· নি। ক্ষুধার জ্বালায় ভিক্ষার ঝুলি নিয়ে রাস্তায়-রাস্তায় ঘুরছে। এই বলে আমি আমার ··· শেষ করছি।

[5-35—5-45 p.m.]

**Shri Chandipada Mitra:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের অর্থমন্ত্রী যে বাজেট উত্থাপন করেছেন সেই বাজেটকে সম্পূর্ণ সমর্থন জানিয়ে আমি এই বাজেটের আলোচনায় অংশগ্রহণ করছি। যে ঘাটতি বাজেট দেখান হচ্ছে তাকে কটাক্ষ করে বিরোধী পক্ষের সদস্যরা ৪ দিন ধরে যে আলোচনা করেছেন তা আমি মনোযোগ দিয়ে শুনেছি। তাঁরা বলেছেন দেশের সর্বনাশ হয়ে গেল। স্যার, আমি সেই সমস্ত আলোচনার অবতারণা করছি না, আমি কয়েকটা কথা বিশেষভাবে রাখব এবং দেখব যে তাঁদের আলোচনা সারগর্ভ হীন। এই যে ঘাটতি বাজেট কেন যে দেখান হল এটা যদি তাঁরা অনুসন্ধান করেন তা হলে দেখবেন যে যে সমস্ত বক্তা ইতিপূর্বে বলেছেন তাতে অনেকেই বলেছেন যে কেন্দ্র থেকে যেরূপ ব্যবহার আশা করা গিয়েছিল সেরূপ ব্যবহার আমরা পাইনি এবং তার ফলে বিধান সভার ঘাটতি বাজেট। কারণ আমরা জানি কেন্দ্র থেকে বিভিন্ন রাজ্যে যে বরাদ্দ ছিল ৫৯৩ কোটি ··· তারপর জনসংখ্যার ৭০ শতাংশ ভাগে দিলে এবং ৩০ শতাংশ বিশেষ প্রয়োজনে দেওয়া হয়েছে। আমরা জানি যে কাশ্মীর সহ কয়েকটি রাজ্যে এই পাওনার টাকা দেওয়া হয়েছে কিন্তু পশ্চিমবঙ্গকে এ বৎসর মাত্র ১ কোটি টাকা দেওয়া হয়েছে। আমরা জানি আমাদের এখানে মন্ত্রী মহাশয় বলেছেন যে সেখানে ১০ কোটি টাকা ছাড়া যে উদ্বৃত্ত ১৮ কোটি টাকা আছে, তা আবার সেই গৌরব নিয়ে আফালন করছেন। আমরা দেখেছি যে গত বৎসর কংগ্রেস আমলে ১৯৬৬-৬৭ সালের যে বাজেট তাতে ঋণের যে বোঝা রেখে গেছেন তার পরিমাণ হল ২২

কোটি টাকা। এবং সেই ঋণের সুদ বাবদ ১৩ কোটি টাকা আমাদের শোধ করতে হচ্ছে। এই সুদ যদি কেন্দ্র থেকে মকুব করা হয় তাহলে ১৩ কোটি টাকা এবং অর্থমন্ত্রী যেটা অতিরিক্ত চেয়েছেন—এই প্রাপ্য টাকা আমরা পেতে পারি। ভিক্ষা নয়, সেই ১০, কোটি টাকা এবং এই ১৩ কোটি টাকা অর্থাৎ মোট এই ২৩ কোটি টাকা যদি আমরা পাই তাহলে ১৮ কোটি টাকার ঘাটতি থাকতো না, বরং ৫ কোটি টাকা উদ্বৃত্ত থেকে যেত এবং সেটা আমরা গ্রামীণ শিল্পোন্নয়নের জন্য ব্যয় করতে পারতাম এবং বাংলাদেশের বর্তমান এই সংকটময় মুহূর্তে সেই টাকা সত্যিকার জন-কল্যাণমূলক কাজে ব্যয়িত হত। গতকাল শ্রীমতী পূরবী মুখার্জী বলেছিলেন যে, ১৮ কোটি টাকা আমরা এই সরকারের জন্য দিয়ে গেছি। এই কথা বলবার আগে তিনি যদি একটু তলিয়ে দেখতেন যে কেন এই ১৮ কোটি টাকার তহবিল ছিল, তাহলে নিশ্চয়ই তিনি লজ্জাবোধ করতেন। কারণ, আমরা জানি শিক্ষকরা যখন দিনের পর দিন রাস্তায় বসেছিলেন এবং সরকারের কাছে যখন তাঁদের দাবী নিয়ে মাথা খুঁড়ে মরেছিলেন তখন এটা বোঝা উচিত ছিল। তাঁদের সেই ন্যূনতম দাবী মেটাতে ১ কোটি টাকা লাগত। কিন্তু তা পদাঘাত করে, চরম অপমান করেছিলেন। সেদিন এই টাকা কোথায় ছিল, যেদিন তাঁরা ডি এ-র জন্য রাস্তায় ধর্না দিয়ে বসেছিলেন? সেদিন সরকার এই কথা বলেছিলেন যে আমাদের টাকা নেই এখন, তবে নীতিগতভাবে তাঁদের দাবী আমরা গ্রহণ করেছি। কিন্তু আমাদের তো এখন অর্থ নেই, কাজেই দিতে পারব না। এই পরিস্থিতির মধ্যে দিয়ে তবে তাঁরা ঐ ১৮ কোটি টাকা বাঁচিয়েছিলেন। অর্থাৎ কিছুদিন আগে তাঁরা ধোঁকা-বাজী সৃষ্টি করেছিলেন এবং সমস্ত জনসাধারণের কাছে সেই ধোঁকাবাজী দিয়ে তাঁরা বলেছিলেন যে আমাদের হাতে এখন একটিও পয়সা নেই যে তাঁদের আমরা দিতে পারি, তবে নীতিগতভাবে তাঁদের দাবী আমরা গ্রহণ করেছি এই কথা বলেছিলাম। সরকারী কর্মচারীদের বেলাতেও ঐ একই কথা বলেছিলেন যে আমাদের টাকা নেই, কাজেই এখন দুর্মূল্য ভাতা বাড়াতে পারব না। কিন্তু আজকে আমরা দেখতে পাচ্ছি যে এই বাজেটে ১১৷৷ কোটি টাকা দুর্মূল্য ভাতা বাবদ আমাদের মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বরাদ্দ করেছেন। এই জন্য বলছেন যে, এতে করে ইনফ্লেসান হবে এবং তার ফলে দ্রব্যমূল্য উর্ধ্বগতির দিকে যাবে। কিন্তু আমরা জানি যে ভারত সরকারের নীতির জন্যই বাংলাদেশের জিনিসপত্রের দাম উর্ধ্বগতির দিকে চলেছে। বাংলাদেশের অর্থনীতির উপর নির্ভর করে জিনিসপত্রের দাম এখনও নির্ধারিত হচ্ছে না। কাজেই সেই ১১৷৷ কোটি টাকা যেটা তাঁরা দিতে পারতেন, সেটা এই সরকার দিয়েছেন। এই সীমিত সামর্থের মধ্যে সরকারী কর্মচারী এবং শিক্ষকদের যে টাকা দিয়েছেন, এর দ্বারা কেউ বলেছেন তাঁদের কোন উপকার হবে না? একজন বক্তৃতার সময় বলে গেছেন যে শিক্ষকদের এই টাকা দিলেও শিক্ষার কোন উন্নয়নমূলক কাজ কিছু করা যাবে না। সত্যিকারের কথা বলতে গেলে আমাদের এই ৪ মাস শাসনকালের মধ্যে আমরা যে আলাদীনের প্রদীপের মত এগিয়েছি—আমাদের এই বাজেটকে সমর্থন করব না, একটা অবাস্তবকে বাস্তবে রূপায়িত করার জন্য নিশ্চয়ই স্বাগত জানাবো না—আমাদের এই সীমিত সামর্থের মধ্যে প্রথম যে ব্যয় বরাদ্দের বাজেট অর্থমন্ত্রী অনুমোদন করেছেন তা নিশ্চয়ই আমাদের কাছে একটা বৈপ্লবিক পরিবর্তনের মত মনে হয়েছে। কৃষি খাতে এবং সেচ খাতে যে টাকা অতিরিক্ত ব্যয় বরাদ্দ হয়েছে তার ফলে আমরা দেখতে পাচ্ছি যে ১৮ লক্ষ একর জমিতে ফসল ফলাতে পারব এবং তাতে করে ১৮ লক্ষ টন খাদ্যশস্য উৎপন্ন হতে পারবে। অর্থাৎ বাংলাদেশে যে ঘাটতি আছে তার অর্ধেক এক বছরে আমরা মেটাতে পারব, ২০ বছরের শাসনে যা হয় নি। দুই এক বছরে যদি আমরা খাদ্যোৎপাদন বাড়াতে পারি তাহলে বাংলাদেশে আর খাদ্যের অভাব থাকবে না। যাই হোক, বিভিন্ন দিক দিয়ে আমরা দেখতে পাচ্ছি যে মৌলিকত্ব রয়েছে। তাই আমি এই বাজেটকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[5-45—5-55 p.m.]

**Shri Hare Krishna Das:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বাজেট বিতর্কে অংশ গ্রহণ করতে গিয়ে প্রথমেই আমি বৈপ্লবিক জ্যোতিবাবুর যে বাজেট, তাকে বিরোধিতা করে আমি আমার বক্তব্য শুরু করবো। বিরোধিতা করছি এই জন্য যে গত মার্চ মাসে এই হাউস-এ যে আংশিক বাজেট পাশ করিয়ে নিয়েছিলেন তার দ্বারা এই চার মাস উনি যে কাজ করেছেন সেই কাজের নমুনা আমি কিছু আপনার মাধ্যমে

হাউসে রাখতে চাই। আমার কনস্টিটিউয়েন্সী হচ্ছে বলাগড় কনস্টিটিউয়েন্সী এবং আপনি জানেন ঐ এলাকা বরাবরই খাদ্য ঘাটতি এলাকা। ঐ খাদ্য ঘাটতি পূরণ করবার জন্য বিগত কংগ্রেসী সরকার কয়েকটি গভীর নলকূপ ঐ এলাকায় বসিয়েছিলেন, সেই নলকূপ কতকগুলি চালু করা হয় কংগ্রেসের আমলে কিন্তু এই যুক্ত ফ্রন্ট সরকার আসার পর আজ পর্যন্ত অবশিষ্ট যে ডিপ টিউবওয়েলগুলো আছে তা চালু করবার ব্যবস্থা হয় নি। অথচ উহারা বলেন যে কৃষিতে স্বয়ংসম্পূর্ণ হবার জন্য অর্থ বরাদ্দ করেছেন। কাজেই এই যে বাজেট এখানে উপস্থাপিত করা হয়েছে এইগুলো সবই মনে হয় ধাপ্পা। এই ধাপ্পার নমুনা আর আপনাদের কত দেবো, আপনারা জানেন যে বাংলাদেশের কোন কোন জায়গায় গতবার খরা গেছে, বিশেষ করে বলাগড় অঞ্চলে বিশেষতঃ ভয়ানক খরা চলছে, তার মধ্যে কয়েকটি অঞ্চলে যেমন গুপ্তীপাড়া, চরকৃষ্ণবাটী, সোমড়া, বাকুলিয়া, একতারপুর প্রভৃতি অঞ্চল, এই অঞ্চলগুলি অত্যন্ত খরাক্লিষ্ট, অনাবৃষ্টির দরুন সেখানে দুবছর যাবত একমুঠো ফসল উৎপন্ন হয় নি। সকলেই খাদ্যের জন্য হাহাকার করে বেড়াচ্ছে। কিন্তু এই সরকার গদিতে আসা পর্যন্ত সেখানকার জনসাধারণের জন্য বার বার খাদ্য চাওয়া সত্ত্বেও কদের পূর্ণ রেশনিং-এর ব্যবস্থা করা হয় নি। এমন কি যে সামান্য মডিফাইড রেশনিং-এর নামে যে খাদ্য দেওয়া হয় তাও মুষ্টিমেয়। যাদের "ক" চিহ্নিত রেশন কার্ড তাদেরও সম্পূর্ণ "ক" চিহ্নিত কার্ডগুলিতে রেশন সাপ্লাই করতে পারছেন না। আরও দেখবেন যে সেখানে কোন চাষীর খাজনা মুকুব হয় নি এবং পানীয় জলের কোন ব্যবস্থা এরা করতে পারেন নি। শ্রীকৃষ্ণপুর-চর একটি অঞ্চলে সেখানকার সাধারণ নিরীহ চাষীদের উপর হামলা করেছে এই আমাদের জ্যোতিবাবুর দল তাদের উচ্ছেদ করবার জন্য, তাদের জমির উৎপন্ন সমস্ত ফসল তারা লুঠ করে নিচ্ছেন, কাজেই এর একটা চরম অরাজক অবস্থার সৃষ্টি করেছে দেশের ভেতর। দেশের মধ্যে খাদ্যের ব্যবস্থা নেই, খাজনা মুকুব নেই, পানীয় জলের কোন ব্যবস্থা নেই। তারপরে স্বাস্থ্য, আমার এলাকায় দুটো স্বাস্থ্যকেন্দ্র বিগত সরকার মঞ্জুর করে গিয়েছেন, একটা মিলননগর-চরে, আর একটা নিত্যানন্দপুরে। এই দুটি স্বাস্থ্যকেন্দ্র আজো এই সরকার চালু করতে পারেন নি। বলাগড় এলাকায় কোন থানা হাসপাতাল নেই। কাজেই আমরা কি করে বুঝবো যে এঁরা স্বাস্থ্য, খাদ্য, সর্বরকম বিষয়ে সমগ্র বাংলাদেশের [illegible] একটা উন্নতির দিকে এগিয়ে নিয়ে যাবেন? কাজেই আমরা কি করে এই বাজেটকে সমর্থন [illegible]? আমরা এই বাজেটকে কোন মতেই বিশ্বাস করতে পারি না—পারি না এই জন্য যে চার মাস এঁরা যা [illegible] তার নমুনা হচ্ছে এই বাজেট। এই বাজেট আমাদের কাছে [illegible] উত্থাপন করেছেন। কাজেই আমি এই বাজেট-এর সর্বাঙ্গীণ নিন্দা করে, এবং বিরোধি[illegible] আমার বক্তব্য শেষ করছি।

[5-55 6-5 p.m.]

**Shri Mani Sanyal:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট আমাদের সামনে [illegible] করেছেন তাকে আমি সমর্থন করছি। আজকের বাজেট আলোচনার বিরোধী পক্ষ থেকে উদ্বোধনী বক্তা ডাঃ প্রতাপচন্দ্র চন্দ এই কথা বলেছেন যে আমরা সরকার পক্ষ নাকি বাংলাদেশে লালবাতি জ্বালাবার চেষ্টা করছি। আমি ও'দের দেখাতে চাই যে লাল বাতি ও'রা কতদূর জ্বালিয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৬৬ সালের অডিট রিপোর্ট থেকে কয়েকটি তথ্য আমি ও'দের কাছে পড়ে শুনাতে চাই যাতে করে সবাই বুঝতে পারবেন কতখানি লালবাতি জ্বালাবার ব্যবস্থা ও'রা করেছিলেন। অডিট রিপোর্টে এই কথা বলছে যে এমনভাবে সরকারী টাকা ও'রা বিভিন্ন খাতে দিয়েছেন যেখানে কোন রকম "টার্ম সেটল" করা হয়নি। যেসব আধা সরকারী সংস্থা আছে, সেখানে সরকারী তহবিল থেকে টাকা দেওয়া হয় এবং যে টাকা পরে আবার সরকারী তহবিলে ফেরত পাওয়ার কথা, সেই সব ক্ষেত্রে কোন রকম "টার্ম সেটল" না করেই কত টাকা ও'রা দিয়েছেন তা আমি পড়ে শুনাচ্ছি। স্টেট ইলেকট্রিসিটি বোর্ডকে দিয়েছেন ৫০ লক্ষ ৭৫ হাজার টাকা, ন্যাশনাল কর্পোরেশনকে দিয়েছেন ১২ লক্ষ টাকা, ওয়েস্ট বেঙ্গল ডেভলপমেন্ট কর্পোরেশনকে দিয়েছেন ৩ কোটি ১১ লক্ষ টাকা, দুর্গাপুর ডেভলপমেন্ট অথরিটিকে দিয়েছেন ২০ লক্ষ টাকা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনকে দিয়েছেন ১ কোটি ৯৯ লক্ষ টাকা, নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্টকে দিয়েছেন ১৪ লক্ষ টাকা এবং এগুলি কোন রকম "টার্মস সেটল" না করেই দিয়েছেন।

ফলে এই টাকাগুলি আজ পর্যন্ত সরকারী তহবিলে ফেরত আসেনি। স্যার, কাজের নিয়ম অনুযায়ী কাজ করবার পর "ইউইলাইজেশন সার্টিফিকেট" দিতে হয়, কিন্তু ইউটিলাইজেশন সার্টিফিকেট বহু কাজের ক্ষেত্রে দেওয়া হয়নি। ১৯৬৬ সালে ১,২৮৪টি কেসে প্রায় ২৯ কোটি ৫৪ লক্ষ টাকার কোন "ইউটিলাইজেশন সার্টিফিকেট" আজ পর্যন্ত সরকারের কাছে এসে পৌঁছায়নি। এইভাবে ও'রা কাজ করেছেন, লালবাতি কিভাবে জ্বালিয়েছেন দেখুন। তারপর প্রাইভেট কনসার্ন ওরা একটা কিনেছেন তার অপূর্ব ইতিহাসও এই অডিট রিপোর্টের ভিতরে আছে। কোন্ এক ভাগ্যবান ব্যক্তি জানি না, তিনি কোন এক এ কে সরকার, আমরা দেখেছি ডানলপ ব্রিজের পাশে বি টি রোডের ধারে তাঁর একটা কারখানা ছিল যেখানে র‍্যারিকেন, লণ্ঠন ইত্যাদি তৈরী হতো। সেই এ কে সরকার অ্যান্ড কোম্পানী প্রাইভেট লিমিটেডকে ওরা কিনলেন অর্থাৎ দয়া করে সেই ভদ্রলোককে উদ্ধার করলেন এবং ১৪ লক্ষ ৭৩ হাজার টাকা তাঁকে দিলেন ১৯৬২ সালে এই জমির পজেশন নেওয়া হল। কেনার উদ্দেশ্য সম্পর্কে বলা হয়েছে যে এখানে "এসট্যাবলিসমেন্ট অফ রিসার্চ বোর্ড অ্যান্ড ইনস্টিটিউট", "এসট্যাবলিসমেন্ট অফ কেমিক্যাল অ্যান্ড পলিটেকনিক", "প্রোডাকসন অফ সিরামিক অ্যান্ড ক্লে গুডস", "এসট্যাবলিসমেন্ট অফ ইলেকট্রোপ্লেটিং ইউনিটস্", এই জিনিসগুলি করা হবে বলে এই জায়গা নেওয়া হল। কিন্তু আজ পর্যন্ত শুধু ক্লে অ্যান্ড সিরামিক গুডস্ ছাড়া এরা সেখানে কোন কিছু করে উঠতে সক্ষম হননি। তারপরে এডুকেশন ডিপার্টমেন্টে এরা যেভাবে কাজ চালিয়েছেন তাতে দেখা যায় যে অডিটার বলেছেন কাগজ যে কত লক্ষ লক্ষ টাকার ওয়েস্টেজ হয়েছে তার কোন ইয়ত্তা নেই ৯,১৩০ রিম অস্ট্রেলিয়ান পেপার গভর্নমেন্ট অফ ইন্ডিয়া টেক্সট বুক প্রিন্টিং-এর জন্য দিয়েছিলেন তার ২৪ পারসেন্ট কাগজ এরা ওয়েস্টেজ করেছেন; কোন কাজে লাগাতে সক্ষম হননি সেখানে ওরা লক্ষ লক্ষ টাকার কাগজ নষ্ট করেছেন যা দিয়ে আরো বহু টেক্সট বুক ছাপান যেতে পারতো এবং গরীব ছেলে-মেয়েদের তাতে অনেক উপকার হতো। তারপরে অডিটার আরো বলেছেন, এ'দের পরিচালনায় সরকারী তহবিলের যে সমস্ত ক্ষতি হয়েছে সেই খাতে ৯১৫টি কেসে ও'রা ১৪ লক্ষ ১৫ হাজার ৯৬৮ টাকা "রাইট অফ" করেছেন। অর্থাৎ ও'দের কোন পেটোয়া লোকদের দিয়ে দিয়েছেন, তাদের কাছ থেকে সেটা আদায় করেননি বরং "রাইট অফ" করেছেন। এই হচ্ছে ও'দের কীর্তি। তারপরে আরো ৯৪টি কেস "অ্যাওয়েটিং রাইট অফ" তাতে ২,১৯,২৭৬ টাকা রাইট অফ করার জন্য অ্যাওয়েটিং লিস্টে আছে। এ ছাড়াও "মিস অ্যাপ্রোপ্রিয়েশন অফ গভর্নমেন্ট মানি"ও ও'দের আমলে ও'রা করেছেন ২৮৪টি কেসে ৭,১৫,০০০ টাকা। এই হচ্ছে ও'দের সম্বন্ধে ১৯৬৬ সালের অডিট রিপোর্ট। তাছাড়াও আন-অডিটেড যে কত লক্ষ টাকা মিস অ্যাপ্রোপ্রিয়েট করেছেন সেটা ও'রাই বলতে পারবেন, আমি বলতে পারবো না। এর পরেও অডিট রিপোর্ট আছে, "এক্সপেন্ডিচার ইনকার্ড উইদাউট প্রপার স্যাংশন" গভর্নমেন্টের টাকা, কোন লোকের বা গৌরীসেনের টাকা নয়। এটা কোন লোকের ব্যক্তিগত সম্পত্তি নয়, সে প্রফুল্ল সেন মহাশয়ই হোন আর বিগত অর্থমন্ত্রী শৈল মুখার্জীই হোন, এটা কারো ব্যক্তিগত সম্পত্তি নয়। এগুলির জন্য কতকগুলি নিয়ম-কানুন আছে, গভর্নমেন্টের স্যাংশন নিয়ে এগুলি খরচ করতে হয়। এ'রা কিন্তু "এক্সপেন্ডিচার উইদাউট স্যাংশন" করেছেন পি ডবলিউ ডি খাতে ১,৪৪৬টি কেসে ৯.৭৭ লক্ষ টাকা, ইরিগেশন অ্যান্ড ওয়াটার ওয়েজ খাতে ৮৮টি কেসে ১,১১ লক্ষ টাকা, এগ্রিকালচার অ্যান্ড কমিউনিটি ডেভালপমেন্ট খাতে ১৮৯টি কেসে ৩,৭২ লক্ষ টাকা, রিফিউজি রিলিফ অ্যান্ড রিহ্যাবিলিটেশনের দুটো কেসে ৮ লক্ষ টাকা পাবলিক হেলথ খাতে ৯২টি কেসে ২.২৭ লক্ষ টাকা, হাউসিং স্কীমে ৬৫টি কেসে ১৬ লক্ষ টাকা, মোট ১,৮৮২টি কেসে ১৭ কোটি ১৮ লক্ষ টাকা "মিস অ্যাপ্রোপ্রিয়েশন" করেছেন। অর্থাৎ চুরি করেছেন। সর্ব রকমে ও'রা সরকারী টাকা এইভাবে চুরি করে বাংলাদেশের লালবাতি জ্বালাবার ব্যবস্থা করেছিলেন। যে সমস্ত খরচ করা হয়েছে অথচ ভাউচার ফার্নিস করা হয়নি তা হচ্ছে ১৯৬৫ সালে ৫২.৮৪ হাজার টাকা; ১৯৬৬ সালে ৬৯২টি ভাউচার যার টোটাল টাকা হচ্ছে ১.৪৬.১৭ লক্ষ টাকা তা সাবমিট করা হয়নি। এইভাবে ও'রা সরকারী টাকা তছরূপ করেছেন। ও'রা আবার একথা বলছেন যে আমরা নাকি লালবাতি জ্বালাচ্ছি। স্যার, আপনি এবার আমাকে থামতে ইঙ্গিত করছেন সেই জন্য আমি এবারে বাজেটের কথায় আসছি। আমাকে একটু সময় দেবেন কারণ ও'রা আমাকে বাধা দিয়ে সময় নষ্ট করিয়েছেন।

ও'দের প্রধান বক্তব্য হচ্ছে যে এই বাজেট ডেফিসিট বাজেট। যে বাজেট মার্চ মাসে পেশ করা হয়েছিল সেটা ও'দেরই তৈরি বাজেট ছিল। সে বাজেটও যে ডেফিসিট ছিল, সেটা ও'রা বেমালুম ভুলে গেছেন। সেই বাজেটে ডেফিসিট ছিল ৬ কোটি ৩৯ লক্ষ টাকা, ও'রা এখন সেটা বেমালুম ভুলে গেছেন। এখন খালি চিৎকার করছেন এটা ডেফিসিট বাজেট বলে। আমরা দেখছি আমাদের অর্থমন্ত্রী ৩ গুণ বেশী ডেফিসিট বাজেট পেশ করেছেন। সেটা কেন করেছেন —তিনি সরকারী কর্মচারীদের এবং শিক্ষক অশিক্ষক বেসরকারী কর্মচারীদের ডি এ বাবদ ১১ কোটি ৫০ লক্ষ টাকা বরাদ্দ করেছেন এবং আরো কিছু অ্যামিনিটিস দেবার ব্যবস্থা করেছেন যেটা প্রায় ৩ কোটি টাকার সমতুল্য। এই নিয়ে ১৪ কোটি ৬২ লক্ষ টাকা বেশী ব্যয় বরাদ্দ করা হয়েছে। মাননীয় অর্থমন্ত্রী আমাদের আরো বলেছেন যে, স্মল পেনসন হোল্ডার এবং মিউনিসিপ্যালিটি এবং অন্যান্য লোকাল বডির যে সমস্ত কর্মচারী আছেন তাঁদের যাতে ডি এ বাড়ানো হয় তার জন্য সরকার অর্থ সাহায্য করবেন। এ সম্বন্ধে কিছু বিধি-ব্যবস্থা করা হবে। আরো একটি কথা তিনি বলেছেন, সরকারী কর্মচারীদের গ্রেড ইত্যাদি বাড়ানোর জন্য "পে কমিটি" করা হবে। এই সমস্ত কারণের জন্য আমরা ঘাটতি বাজেট পেশ করেছি। আর ও'রা বলছেন যে ঘাটতি বাজেট পেশ করার জন্য দ্রব্যমূল্য বেড়ে যাবে। দ্রব্যমূল্য ও'রা নিজেরা এত বাড়িয়ে রেখেছেন, তার উপরে অর যে কি বাড়বে সেটা আমি জানি না। ও'রা আমেরিকা আর জনসন সাহেবের পদভজনা করতে করতে টাকার মূল্য হ্রাস করে যে অবস্থায় আমাদের দাঁড় করিয়েছেন তাতে টাকার কোন মূল্যই আদৌ থাকবে কিনা সে সম্বন্ধে আমাদের সন্দেহ আছে। আমরা আরো একটি বিশেষ বরাদ্দ করেছি, যে জন্য ঘাটতি হয়েছে। সেটা হচ্ছে ডি ভি সি-র খাতে ও'রা ২ কোটি টাকা লস করেছিলেন সেই লসটা আমাদের পূরণ করতে হবে, তার ব্যবস্থা করেছি। সুতরাং ও'রা যা করে গেছেন সেই পাপের দেনা আমাদের শোধ করতে হচ্ছে, অর্থাৎ ও'দের পাপের প্রায়শ্চিত্ত আমাদের করতে হচ্ছে। আমরা পুলিশ খাতে ৪৮ লক্ষ টাকা কমিয়েছি, তাই নিয়ে ও'রা ভীষণ ব্যস্ত, তাঁরা বলছেন পুলিশ না থাকলে দেশের না কি সর্বনাশ ঘটে যাবে। আমি বলতে চাই যে, সত্যিকারের ওয়েলফেয়ার স্টেটে পুলিশের থাকাই উচিত নয়। কারণ সত্যিকারের ওয়েলফেয়ার স্টেটে পুলিশী রাজত্ব বা সন্ত্রাসের রাজত্ব থাকে না এবং সেখানে ওয়েলফেয়ার খাতে সমস্ত ব্যয়বরাদ্দ করা উচিত। তাই আমরা করবার চেষ্টা করেছি। ওয়েলফেয়ার খাতে আমরা বেশী ব্যয়বরাদ্দ করেছি। এগ্রিকালচার খাতে ২ কোটি ৬৯ লক্ষ টাকা বর্ধিত ব্যয়বরাদ্দ করা হয়েছে। ইরিগেশনের খাতে ২ কোটি ২০ লক্ষ টাকা বর্ধিত ব্যয়বরাদ্দ ধরা হয়েছে। হেলথের খাতে, এডুকেশনের খাতে, ইলেকট্রিসিটির খাতে এবং হাউস বিল্ডিং-এর খাতে বহু বেশী টাকা বর্ধিত ব্যয়বরাদ্দ ধরা হয়েছে। এটাই হচ্ছে সত্যিকারের ওয়েলফেয়ার স্টেটের নমুনা। জনসাধারণের যাতে সত্যিকারের উপকারে আসবে, সেই খাতেই আমরা বেশী বেশী ব্যয়বরাদ্দ করেছি। কাজেই আমি বলতে চাই, এই বাজেট হচ্ছে সত্যিকারের আদর্শ বাজেট এবং সেই জনাই এই বাজেটকে আমি সমর্থন জানাচ্ছি।

[6-5—6-15 p.m.]

**Shri Sachindra Mohan Nandy:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ বাজেটের সাধারণ আলোচনার চতুর্থ দিবসে দাঁড়িয়ে বলবো যে উভয় পক্ষ, সরকার পক্ষ এবং বিরোধী পক্ষের সভ্যরা গুরুত্ব দিয়ে এই বাজেট আলোচনা করেছেন, তাদের সিরিয়াসনেস ধন্যবাদার্হ। কিন্তু যখন এইসব আলোচনা এখানে শুনলাম তখন আমার মনে কেমন একটা সেন্স অফ আনরিয়েলিটির কথা জেগে উঠেছিল। মহামতি আইনস্টাইন সাহেবের থিওরি অফ রিলেটিভিটির কথা মনে হোল। এই পৃথিবীতে অ্যাবসলিউট বলে কোন জিনিস নেই। টাইম অ্যান্ড স্পেস-এর পরিবর্তনের ফলে সব জিনিস পরিবর্তিত হয়ে যায়। তাই এই বিধানসভা কক্ষে দেখলাম যে মাননীয় অর্থমন্ত্রী জ্যোতিবাবু তাঁর দলবল সহ তাঁর সহযাত্রীদের সঙ্গে যখন এই স্থান পরিবর্তন করলেন, এখন থেকে ওদিকে, তখন দেখতে পাচ্ছি যে এই বাজেট যেটা মূলত কংগ্রেস সরকারের প্রাক্তন অর্থমন্ত্রী তৈরী করেছিলেন, যার খোল নলচে সব ঠিক আছে, জ্যোতিবাবু একটু এখানে ওখানে অদল-বদল করেছেন, তার একটু রং চড়িয়েছেন, এখন এই বাজেটে হঠাৎ দেখছি সরকার পক্ষ এক অদ্ভুত জিনিস দেখতে পাচ্ছেন. মৌলিক দৃষ্টিভঙ্গী একেবারে অদ্ভুত পরিবর্তন, তারা একেবারে প্রশংসায় পঞ্চমুখ হয়ে পড়েছেন। এই যে স্থান পরিবর্তনের ফলে ঐ কংগ্রেসের বাজেট তার একটু অদল-বদল করার ফলে একেবারে অন্য

রকম হয়ে গেল। এই যে আপেক্ষিকবাদের একটা নমুনা, এখানে এই সঙ্গে সঙ্গে আমার মনে পড়ছে—আমরা দেখতে পাচ্ছি খাদ্যনীতি সেই আপেক্ষিকতা প্রমাণ করছে। গত বছর যখন ঐ দল এই জায়গায় ছিলেন তখন খাদ্যব্যবস্থা এখনকার এই খাদ্যাবস্থা থেকে অন্তত ১০ গুণ ভাল ছিল, তখন চীৎকার দুর্ভিক্ষ দুর্ভিক্ষ বলে হয়েছিল, গদি ছাড়াবার চীৎকার হয়েছিল—খেতে দাও পরতে দাও নইলে গদি ছেড়ে দাও; কিন্তু আজকে সত্য সত্যিই দুর্ভিক্ষ দেখা দিয়েছে, যখন লোকে খেতে পাচ্ছে না তখন দেখছি দুর্ভিক্ষের কথা নাই, গদি ছাড়বার কথা নাই। একেবারে সব সুর পালটে গেছে এখন, সেখানে ট্রাম পোড়ে না, বাস পোড়ে না এখন সেই সমস্ত নেতৃবৃন্দ নিরাপদ দূরত্ব থেকে কিশোর ছেলেদের পাঠিয়ে দিয়ে তাদের গুলি খাইয়ে হত্যা করে না, শহীদ সাহায্য ভাণ্ডার তৈরী করে এই সমস্ত যে ভেলকী খেলা ছিল এখন দেখতে পাচ্ছি সে সব বন্ধ হয়ে গেছে। তাই মনে হচ্ছে, এখন আমরা যা আলোচনা করছি কোন বাস্তব ভিত্তিতে আলোচনা করছি না। স্থান পরিবর্তন হলে পর এখন যে কথা ও'রা বলছেন, আমরা যে কথা বলেছিলাম, সে কথা উলটে বলছেন। আরও দেখতে পাচ্ছি অদ্ভুত ব্যাপার যে এই যে সমস্ত দল এক সঙ্গে দেখছি আমাদের মুখ্যমন্ত্রী অজয়বাবু, আমাদের অর্থমন্ত্রী জ্যোতিবাবু, এবং আমাদের শ্রদ্ধেয় পূর্তমন্ত্রী হেমন্তদা তাঁরা এক সঙ্গে নিবিড়ভাবে এখানে আছেন। একজন ছিলেন ন্যাশনাল গভর্নমেন্টের পরিচালক, আর একজন ছিলেন যাঁরা ভারত ছাড় আন্দোলনের ইউনিয়ন জ্যাকের সঙ্গে লাল ফ্ল্যাগ তুলে দিয়ে এই বাংলাদেশের ৫০ লক্ষ লোকের মৃত্যুর কারণ হয়েছিল। আজ যে নেতাজীর কথা বলা হচ্ছে, অবশ্য হেমন্তদা বাদ দিয়ে, বলছি, যাকে আমরা দেবতা বলে মনে করি—এই বাম কমিউনিস্ট তাঁকে তেজোর কুকুর বলেছিল—এখন স্থান পরিবর্তনের ফলে অন্য দেখছি।

তাই আজকে এই বাজেট বক্তৃতা আমাদের কাছে অবাস্তব মনে হয়েছে। এই বাজেট বক্তৃতায় দেখা যাচ্ছে যে জ্যোতিবাবু ইচ্ছা করলে তাঁর যুক্ত ফ্রন্টের দৃষ্টিভঙ্গী নিয়ে কিছু অদলবদল এতে করতে পারতেন। কিন্তু তা তিনি করেন নি। কেন না তাঁর কমিউনিস্ট ফিলোসফিতে পার্লিয়ামেন্টারী ডেমোক্রেসী বলে কোন জিনিষ নেই। পার্লিয়ামেন্টারী ধরনের বাজেট তৈরী করে সময় নষ্ট করার চেয়ে তাঁর সময় অন্য জিনিষের দিকে দিলে অনেক বেশী কাজ হবে। কটা নকশালবাড়ী তৈরী করা যায়, কটা ট্রেড ইউনিয়ন-এ কমিউনিস্ট পার্টির আধিপত্য নেই সেখানে বিরোধী নেতৃবৃন্দকে লিকুইডেশনে দেওয়া যায় সেদিকে তাঁর সময় দেওয়া প্রয়োজন আছে। সেজন্য এই বাজেট তিনি কোন রকমে করেছেন। এই বাজেটের দ্বারা পশ্চিমবাংলার কোন উন্নতি হবে না। কারণ তাঁর ফিলোসফিতে এবং তিনি যে পার্টিতে বিলং করেন সেই পার্টির ফিলোসফিতে এসব নেই। তাই কংগ্রেসের বাজেটের অদল-বদল করে তিনি এটা প্রেজেন্ট করেছেন। তিনি মনে করেন না এই বাজেটের দ্বারা পার্লিয়ামেন্টারী সিস্টেম-এ পশ্চিমবাংলার কিছু উন্নতি হতে পারে। শৈলবাবু বলেছিলেন যে ৩০ কোটি টাকা থেকে ২০০ কোটি টাকা পশ্চিমবাংলার আয় হয়েছে। তখন তিনি বলেছিলেন ২০০ কোটি টাকা যে আয় হয়েছে সেটা গরীবদের পকেট কেটে আয় হয়েছে। কিন্তু এই ২০০ কোটি থেকে এক টাকাও তিনি গরীবদের ট্যাক্স-এর রিলিফ-এর কোন ব্যবস্থা করেন নি। তারপর ১৮ দফা যে বহুবিঘোষিত কর্মসূচী তার কোনটার প্রতিফলন এর মধ্যে দেখা যায় নি। সেচমন্ত্রী বলেছেন যে ৬ মাসের মধ্যে সমস্ত অসেচ কৃষি জমিকে তিনি সেচযুক্ত যদি না করতে পারেন তাহলে তিনি রেজিগনেশন দেবেন। ইরিগেশন-এর জন্য যে যে টাকা দেওয়া হয়েছে তাতে মনে হয় এই ২ মাসের মধ্যে সমস্ত অসেচ যোগ্য জমি সেচ যোগ্য হবে না। আর একটা কথা হচ্ছে, ৫ টাকা করে ধানের দাম বাড়িয়ে বাংলাদেশের গরীব মানুষের পকেট কাটার ব্যবস্থা করেছেন। এর দ্বারা শুধু মাত্র বিধিবদ্ধ রেশন এলাকার লোকের সুবিধা দেওয়া হয়েছে যাদের আর্থিক অবস্থা ভাল। সেজন্য বলব দুর্ভিক্ষ এলাকার লোকের কাছ থেকে টাকা নিয়ে এই যে অন্যায় জিনিষ করেছেন এটা সমর্থন করতে পারি না।

[6-15—6-25 p.m.]

**Shri Md. Elias Razi:**

স্যার, অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন আমি সেই বাজেট সমর্থন করি। যুক্ত ফ্রন্ট সরকারের সীমাবদ্ধ আর্থিক সঙ্গতি সত্ত্বেও বিভিন্ন খাতে যে অতিরিক্ত বাজেট বরাদ্দ করেছেন—যেমন

শক্ষা, সেচ, স্বাস্থ্য, কৃষি—সেজন্য এই বাজেট ঘাটতি বাজেট হয়েছে। এসব অতি প্রয়োজনীয় আশু জরুরী ব্যাপারে টাকা বরাদ্দ করতে হয়েছে বলে এই বাজেট ঘাটতি বাজেট হয়েছে। টা হল বাজেটের সব চেয়ে লক্ষণীয় দিক। অর্থমন্ত্রী ঘোষণা করেছেন যে ঘাটতি পূরণের জন্য র্তি বছরে কিছু ট্যাক্স ধার্য করা হবে। তিনি একথা বলেছেন এই ঘাটতি যাঁরা কম ইনকাম-এর াক তাঁদের উপর যথাসম্ভব এই করের বোঝা চাপান হবে না। সেজন্য সরকারের কাছে বেদন যে এই কর ধার্য করার ব্যাপারে যে কথা মন্ত্রিমহাশয় ঘোষণা করেছেন যেন কার্যক্ষেত্রে নি এই কথাগুলি মনে রাখেন। কারণ জনসাধারণ আজ বিপুল করভারে জর্জরিত এবং ামূল্য বৃদ্ধির জন্য দেশের জনসাধারণ দুর্দশাগ্রস্ত। অর্থমন্ত্রী মহাশয় গরীব মানুষের উপর আয়-কর ধার্য করবেন না এই যে একটা আশ্বাস দিয়েছেন এটা একটা নূতন জিনিষ দেখতে াচ্ছি। কারণ এর আগে যত বার বাজেট পেশ করা হয়েছে তাতে কর ধার্য করার কথা বলা য়েছিল, কিন্তু এই প্রতিশ্রুতি কোনদিন দেন নি যে গরীব মানুষের উপর কর ধার্য করা হবে না। জন্য তাঁর কাছে আবেদন করি যে গরীব মানুষের উপর কর ধার্য যাতে না হয় সেই দিকে তিনি শেষভাবে লক্ষ্য রাখবেন। আর একটা কথা হচ্ছে পুলিশ ও প্রশাসনিক খাতে ব্যয় হ্রাস করে তে সেই সমস্ত টাকা দিয়ে জনকল্যাণমূলক কাজ করা যায় সেদিকে অর্থমন্ত্রী মহাশয় ও সরকার শেষ নজর দেবেন। আর একটা কথা হচ্ছে যে খাদ্য দ্রব্যের ব্যাপারে মালদহ জেলা একটা কষ্টের মধ্য দিয়ে চলেছে। মালদহ টাউন-এ বিভিন্ন এলাকায় ৩।৪ টাকা কে জি করে চাল ক্রি হচ্ছে। সেজন্য এম আর-এ যাতে অধিকসংখ্যক জিনিষ দেওয়া হয় তার জন্য আবেদন রছি। খাদ্যমন্ত্রী ঘোষণা করেছিলেন যে এ মাস থেকে ৪ হাজার মেট্রিক টন খাদ্য দেওয়া হবে, ট যাতে আরও বেশী দেওয়া হয় সেদিকে তিনি দৃষ্টি দেবেন। বাঁকুড়া ও পুরুলিয়ায় যেভাবে গরখানা খুলে জনসাধারণকে বাঁচানোর চেষ্টা করা হচ্ছে, মালদহে যাতে সেরকম না হয় দিকে লক্ষ্য রাখবেন। এই কথা বলে আমি এই বাজেট সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Amalendu Kumar Bagchi:**

ননীয় অধ্যক্ষ মহাশয়, অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন সেটা খুলে আমি না দেখতে লাম লাল রঙ, না দেখতে পেলাম হাতুড়ী কাস্তে তারা, না দেখতে পেলাম ধানের শীষ কাস্তে, দেখতে পেলাম কুঁড়ে ঘর, না দেখতে পেলাম বটগাছ—আমি দেখতে পেলাম একটা সাপ গোটা লাদেশকে জড়িয়ে তার সমস্ত শক্তিকে প্যারালাইজ করে দিচ্ছে এবং প্যারালাইজ করে দিয়ে একটা ভয়াবহ অরাজকতা সৃষ্টি করেছে এবং সেই সাপের মুখ দিয়ে লালা ঝর ঝর করে পড়ছে। তারই জন্য আজ গোটা বাংলাদেশে অরাজকতা সৃষ্টি হয়েছে। মানুষ আজকে নিরাপত্তা ভুলে গেছে এবং সমস্ত লাল গুন্ডাদের হাতের পাত্র হয়ে পড়েছে। আজ আমরা তে পাচ্ছি উত্তরে হিমালয় থেকে আরম্ভ করে দক্ষিণে বঙ্গোপসাগর পর্যন্ত চারিদিকেই একটা ণ অরাজকতার বিভীষিকা সৃষ্টি হয়েছে। আজ যখন নকশালবাড়ীতে হত্যাকান্ড, ধর্ষণ তে পাই তখনও পুলিশ নিষ্ক্রিয় হয়ে বসে আছে। সেখানে মন্ত্রী মিশন গিয়ে দেখে এলেন মানুষ হত্যা হয়েছে। তাঁরা সেখানে গেলেন এবং এ নিয়ে তিন দিন ধরে আলোচনা করলেন ধর্ষিতা নারীকে জিজ্ঞাসা করলেন যে কেমন করে ধর্ষণ করা হয়েছে। কিন্তু তার বিচারের থা করলেন না। আজ দোরে দোরে গণকর্মিটি সৃষ্টি করে শান্ত নাগরিকদের মধ্যে অরাজকতা ট করেছেন। এবং তারই জন্য দেশে আজ দুর্ভিক্ষ সৃষ্টি হয়েছে। তাই আমি আপনার মে জানাতে চাই যে, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাতে বাংলাদেশকে একটা র্ভিক্ষের অবস্থার মধ্যে, অরাজকতার দিকে টেনে নিয়ে যাবে এবং একটা দারুন বিশৃঙ্খলা সৃষ্টি ার জন্যই এই বাজেট তৈরী করা হয়েছে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

**Shri Clifford Hicks:** Mr. Speaker, Sir, I take this opportunity to ress my full support of the budget presented by the Hon'ble Finance nister, Mr. Jyoti Basu: We have been told almost *ad nauseam* that the get is a deficit one. We understood this for ourselves at the very outset. at we have to understand and ask, Sir, is why exactly is it a deficit get. I do not for a moment think and I hope nobody in this House for oment thinks that Mr. Jyoti Basu, our Hon'ble Finance Minister, has peculiar liking for deficit budgets. I do not believe that he has any

personal idiosyncracy about deficit budgets. I would, for a moment, remind everybody in this House that he comes to the high office that he holds in the Government of the United Front with a parliamentary record more impressive than that of most of us who happen to be members of the House today. He has studied the budget presented in this House for years together—the budget of different States of India, the budget of the Government at the Centre and some years ago I believe he had opportunity to study at close quarters the budget presented regularly in the House of Commons itself. I do not think that all this experience is to be lightly regarded by anybody irrespective of whether one agrees or disagrees with Mr. Basu's private opinions.

[6-25—6-35 p.m.]

Again, Sir, budgets do not represent entirely the mind of one man. Budgets are made with the advice of experts and people with much experience in high finance and all the responsibilities that go with it. I believe that we must keep this in mind whenever we refer to the fact that the budget before the House happens to be a deficit one. Again, Sir, we in West Bengal are not alone, in handling a deficit budget. There are several other States in India today that have deficit budget. Ours happens to be perhaps rather a large one. At the same time, we must remember that States today which have had continuously from the time of our independence nothing but Congress Governments, those same States like Andhra, Assam, Madhya Pradesh, Rajasthan and Mysore, all these States are in financial difficulties. Deficits at the Centre are things that everyone of us as Indians by now are very familiar with. We have seen these deficits presented at the Centre fairly regularly. This year Mr. Morarji Desai, our Finance Minister at the Centre, has become very strict and threatens to exercise all kinds of financial discipline. It is a great pity that this discipline was not exercised some 20 years ago when as a country we were richer in foreign exchange and also we had a great deal of foreign aid given to us under more favourable conditions. Today we have been asked to exercise, as I have said, all kinds of financial discipline. Few years ago when Mr. John Mathai, one of the great financial experts of our country and Mr. C. D. Deshmukh tried to exercise financial discipline at the Centre, their policies, if you will remember, Sir, were not very well received. Again reminded of our inconsistencies on this side of the House. May I ask, Sir, if there is any human being who can claim to be completely free throughout his life or any part of it, from all inconsistencies? I would remind those who constantly remind us of our inconsistencies to remember—"Let him, without sin, cast the first stone".

Sir, we are forced to change our best wishes and dearest hopes, because we understand the total implications of the position which we have newly entered into. Circumstances time and again force the best of Finance Ministers to change some of his own personal ideas. If you study the budgets presented by the Labour Party in the House of Commons after they assumed office on two occasions you will discover, again and again, how many times in spite of having their own political idealogy, their own convictions, their own plans, they were compelled—as they understood the situation they inherited—they were compelled to adjust and alter their own financial plans and the nature of the budget. It is not possible for anybody to control all the social effects of money or its influence. United States as the world's leading capitalist country in the last 30 years has moved towards socialistic ideas and Russia, the world's leading socialistic country, has in the last 30 years moved towards ideas of free enterprise. These are consequences that nobody, whatever may be his own personal views, is able to

control and, so it is that, I believe, our own Hon'ble Finance Minister, Mr. Jyoti Basu, has been forced to accept all the difficulties inherent in the situation that he has inherited after 19 years of Congress rule. Again, Sir, the budget is a reflection of the total situation in which we live and for this reason, I believe, large allotments have been made in areas where human beings, particularly, for the last 7 or 8 years have been seriously discontented and greatly oppressed. This is particularly so with the middle, the lower middle and the poorer classes of our communities.

The request for moratorium on payments to the Centre is nothing unusual. This is an idea which has been entertained by Finance Ministers all over the world. If we ask the Centre to wait a little I do not think that we are asking too much. What would happen if all the other States did it? It has all the weaknesses of an argument based always on 'if'.

Sir, I am here also to represent, the interest of a microscopic minority. I would personally appeal to the Hon'ble Finance Minister to try to remember the needs of Anglo-Indian education. I say this not in any communal spirit. I say this because West Bengal, the second smallest State in India, has the largest number of Anglo-Indian schools in India and from no part of India, from no community, has Anglo Indian education received such an amount of support, encouragement and assistance as it has received from the Bengali Hindu community of West Bengal. It would be very sad if the Governmuet of which I happen to be a very proud and happy member fails to look after the interests of my microscopic community just when it has come into power with new hopes.

Sir, I would end by reminding some of the speakers on the opposite side of the House that we too have memories. We were told that so much of our food policy was guided by the fact that we do not like Mr. P. C. Sen. There was a time when the honourable member who reminded us of Mr. P. C. Sen had himself left the Congress Party because he too did not like Mr. P. C. Sen. The privilege of disliking Mr. P. C. Sen, does not wholly belong to only one person. But I may assure the Opposition that we do not act on such a small and narrow motives. Finally Sir, they are worried about Naxalbari. But, Sir, if there were no Naxalbari what would Congress have to talk about. (Laughter from U.F. benches).

Thank you.

[6-35—6-45 p.m.]

**Shri Azizur Rahman:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রিমহাশয় ১৯৬৭-৬৮ সালের জন্য যে আর্থিক বাজেট এই হাউসে পরিবেশন করেছেন তার বিরোধিতা করে আমার কিছু বক্তব্য আমি এখানে রাখছি। এই বাজেটে ঘাটতি দেখান হয়েছে, প্রারম্ভিক তহবিল বাদ দিলে ঘাটতির পরিমাণ দাঁড়ায় প্রায় ১৮ কোটি টাকা। এই ঘাটতি পূরণের সূত্র হিসাবে নূতন কর ধার্যের কথা এবং কেন্দ্রীয় অর্থ মঞ্জুরীর কথা বলা হয়েছে। তিনি বলেছেন কেন্দ্রের অর্থ মঞ্জুরী যদি আশানুরূপ আসে—সে সমর্থন আমাদের আছে এবং সেই দাবীও আমরা করি কিন্তু পশ্চিমবঙ্গ যেমন নানা সমস্যা-জড়িত সেই রকম ভারতবর্ষের অন্যান্য অঙ্গ রাজ্যগুলিও সমস্যা পীড়িত, তাই যদি কেন্দ্র থেকে আশানুরূপ সাহায্য পশ্চিমবঙ্গের ভাগ্যে না আসে তাহলে অবশ্যম্ভাবী ফল হিসাবে নূতন কর পশ্চিমবঙ্গের জনসাধারণের উপর বসবে তার একটা ইঙ্গিত আমরা এই বাজেটের মধ্যে দিয়ে পাচ্ছি। পশ্চিমবঙ্গের জনসাধারণ শিল্প, বাণিজ্য, শিক্ষা, খাদ্য, নানা দিক দিয়ে নানা সংকটে আজ জর্জরিত। বর্তমান যুক্তফ্রণ্ট সরকারের দ্বিধাগ্রস্ত খাদ্য নীতি পশ্চিমবঙ্গের মানুষকে আজকে ক্ষুধার যন্ত্রণায় কাতর করে তুলেছে। পশ্চিম বাংলার মানুষ আজ ক্ষুধার যন্ত্রণাতে ধুঁকে

ধুঁকে মরছে সেই অবস্থায় যদি কোন নূতন করের অবতারণা করা হয়, নূতন কোন কর পশ্চিমবঙ্গের ক্ষেতমজুর, মধ্যবিত্ত সাধারণ মানুষের উপর বসান হয় তাহলে পশ্চিমবঙ্গের সাধারণ মানুষের দুর্দশা ও দুর্গতির অন্ত থাকবে না। তাই এই বাজেট পশ্চিমবাংলার সাধারণ মানুষের কাছে একটা অশুভ বার্তা বহণ করে এনেছে বলে আমি মনে করি। এই বাজেটের আর একটি বিষয় দেখান হয়েছে যে পশ্চিমবঙ্গের সরকারী কর্মচারীদের ৯ কোটি টাকা অতিরিক্ত মাগ্গী-ভাতা দেওয়া হয়েছে। কিন্তু নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্য যে পরিমাণে উত্তর উত্তর বৃদ্ধি পাচ্ছে তাতে এই মহার্ঘ ভাতা পশ্চিমবঙ্গের কর্মচারীদের জীবনযাত্রার ক্ষেত্রে কতখানি সাশ্রয় আনবে, তাদের পারিবারিক জীবনে কতখানি সুখ-স্বাচ্ছন্দ্য আনবে তাতে আমার যথেষ্ট সন্দেহ আছে। পশ্চিমবঙ্গ সরকারী কর্মচারীদের মাগ্গীভাতার সুযোগের পরিবর্তে যদি নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য কমিয়ে দেবার ব্যবস্থা থাকতো তাহলে পশ্চিমবঙ্গের কর্মচারীদের সঙ্গে সঙ্গে পশ্চিমবঙ্গের অন্যান্য জনসাধারণও উপকৃত হতো এবং জনসাধারণ খানিকটা স্বস্তির নিঃশ্বাস ফেলতে পারতো। আমি আগেই বলেছি যুক্তফ্রণ্ট সরকারের দ্বিধাগ্রস্ত খাদ্য নীতি মানুষকে আজ বুভুক্ষার দিকে নিয়ে যাচ্ছে। আজ পশ্চিমবঙ্গে যে সমস্ত বাড়তি এলাকা ছিল সেই সব এলাকা থেকেও খাদ্যাভাবের করুণ সংবাদ আমরা চারিদিক থেকে সংবাদপত্র মারফত এবং আমাদের বন্ধু-বান্ধবের মাধ্যমে পাচ্ছি। বাড়তি এলাকায় যেখানে এই অবস্থা সেখানে ঘাটতি এলাকায় যে মানুষকে কি অসহায় অবস্থার মধ্যে কাটাতে হচ্ছে তা ভাবলে শিউরে উঠতে হয়। আজ চার মাস থেকে তাদের মডিফায়েড র‍্যাশানিং-এর কোন ব্যবস্থা নেই, তাই ঘাটতি এলাকার সেই সমস্ত দিন-মজুর, নিম্নমধ্যবিত্ত মানুষ, শত শত উদ্বাস্তু শরণার্থী ভাই এবং চাকুরীজীবীরা অন্নের অভাবে ধুঁকে ধুঁকে মরতে বসেছে। তাই যদি নূতন কোন করের বোঝা বাংলাদেশের মানুষের ঘাড়ে আসে তাহলে সেই কর বাংলাদেশের মানুষকে আরো দুর্দশাগ্রস্ত করবে, আরো অধিকতর দুর্গতি তাদের জীবনে এনে দেবে, এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Sambhu Charan Ghose:**

মাননীয় স্পীকার মহাশয়, আমি অত্যন্ত সংক্ষেপে আমার বক্তব্য এই ক্লান্ত হাউসের সামনে রাখবো। আমরা খুসী হতাম যদি যুক্তফ্রণ্ট সরকারের পক্ষ থেকে আজকে এই হাউসের সামনে একটা পুরাপুরি সমাজতান্ত্রিক বাজেট পেশ করা সম্ভব হতো। কিন্তু তা সম্ভব হয়নি। তার কারণ বাংলাদেশের বুক থেকে কংগ্রেসের একচেটিয়া ক্ষমতার অবসান হয়েছে ঠিক কথা কিন্তু একচেটিয়া পুঁজিপতিদের আধিপত্যের অবসান হয়নি। একচেটিয়া পুঁজিপতিরা দীর্ঘ ২০ বছর ধরে তাদের সম্পত্তির পরিমাণকে কিভাবে বাড়িয়ে চলেছে তার রিপোর্ট আপনারা দেখেছেন হাজরা কমিশন রিপোর্টের মধ্যে। হাজরা কমিশন রিপোর্টের মধ্যে শুধুমাত্র বিরলা-গোষ্ঠীর একটা চিত্রকে তুলে ধরা হয়েছে কিন্তু যদি অন্যান্য নূতন কোন কমিশন বসান যায় তাহলে দেখা যাবে অন্যান্য কর্পোরেট প্রাইভেট সেকটার দীর্ঘ ২০ বছর ধরে কেমনভাবে তাদের সম্পত্তির পরিমাণকে বাড়িয়ে চলেছে। অর্থাৎ একচেটিয়া পুঁজিপতিকে একদিকে কেন্দ্রীয় কংগ্রেস সরকার রক্ষক হিসাবে সহযোগিতা করে এসেছেন অপর দিকে সংবিধানের মধ্যে তাদের স্বার্থ সংরক্ষণের রক্ষা কবচ নিহিত রয়েছে। এই রকম একটা অবস্থার মধ্যে যেখানে আমাদের দেশে পুরোপুরি বুর্জোয়া অর্থনৈতিক কাঠামো রয়েছে সেই কাঠামোর মাঝে আজকে এই বাজেট পেশ করা হয়েছে। কাজে কাজেই এই বাজেটের মধ্যে দিয়ে যদিও আমরা প্রগতিশীল দৃষ্টিভঙ্গী প্রতিফলিত করার চেষ্টা করেছি তাহলেও আমরা সম্পূর্ণভাবে সার্থককাম হতে পারিনি। এই বাজেটকে বলা যায় একদিকে বুর্জোয়া অর্থনৈতিক কাঠামো অপর দিকে প্রগতিশীল দৃষ্টিভঙ্গী এর মাঝখানে একটা স্যানডুইচড্ বাজেট। এই বাজেটের মধ্যে দিয়ে তাই কিছু উন্নয়নমূলক কাজ করার জন্য কর্মসূচী রাখা হয়েছে এবং সাধারণ-ভাবে সাধারণ মানুষের অর্থনৈতিক জীবনযাত্রার মানকে উন্নত করার চেষ্টা করা হয়েছে। ওপক্ষের জনৈক পণ্ডিত মূর্খ সদস্য আমাদের কাছে ভুল তথ্য দিয়ে দেখাবার চেষ্টা করেছেন যে সরকারী কর্মচারী এবং বেসরকারী শিক্ষকদের ভাতা বৃদ্ধি বাবদ আমরা যে সাড়ে এগার কোটি টাকা খরচ করেছি তার চেয়ে বেশী নাকি কংগ্রেস সরকার খরচ করেছিলেন, ১৩ কোটি টাকা খরচ করেছিলেন। তিনি যদি এই বাজেট পুস্তিকাটি ভালভাবে পড়তেন তাহলে দেখতে পেতেন সেখানে বলা আছে যে রাজ্যসরকার সরকারী কর্মচারীদের তথ্য বেসরকারী শিক্ষকদের অধিকাংশকে বার বার চার দফাতে দুর্মূল্য ভাতা দিয়েছেন।

এখানে বলা আছে যে রাজ্যসরকারের কর্মচারীদের তথা বেসরকারী শিক্ষকদের অধিকাংশকে পর পর ৪ দফা দুর্মূল্যভাতা দিয়েছেন, ফলে বাৎসরিক ব্যয়ের বোঝা প্রায় ২৪ কোটি টাকা বৃদ্ধি পেয়েছে। এবারে সাড়ে এগার কোটি টাকা বাদ দিলে দেখা যায় যে সাড়ে ১২ কোটি টাকা তিন দফায় কংগ্রেস সরকার বাড়িয়েছেন। আর প্রতি দফায় ৪·১৭ কোটি টাকা বাড়িয়েছেন। সেখানে যুক্তফ্রন্ট সরকার ১১·৫০ কোটি টাকা বাড়িয়েছেন। আমি এই প্রসংগে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে এখানে আজকে সরকারী কর্মচারীদের এবং বেসরকারী শিক্ষকদের সম্বন্ধে চিন্তা করেছেন বাংলাদেশের ২০ হাজার পৌরসভার কর্মচারীদের কথাও যেন তিনি চিন্তা করে দেখেন। বাংলাদেশের ২০ হাজার পৌরসভার কর্মচারী সরকারের কাছ থেকে শুধুমাত্র অনুগ্রহ পেয়ে থাকেন তাঁদের ডি-এ বাবদ সাবভেনগানের মধ্যে দিয়ে বৃটিশ আমলের ডি-এ বাবদ যৎকিঞ্চিত রাজ্যসরকার বাংলাদেশের কর্মচারীদের দিত সেই সাবভেনশন-এর পরিমাণ আজ পর্যন্ত বাড়েনি। মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাব যে বাংলাদেশে ২০ হাজার পৌর কর্মচারীদের ভাগ্যের কথা তিনি যেন একটু চিন্তা করে দেখেন এবং তাঁদের জন্য আজকের দিনে কোন কিছু একটা বিহিত ব্যবস্থা করবার চেষ্টা করেন। সংগে সংগে আর একটি কথা বলে আমার বক্তব্যকে সংক্ষেপ করার চেষ্টা করব যে ঐ পক্ষের জনৈক সদস্য বলবার চেষ্টা করেছেন যে আমরা খাদ্যের ব্যাপারে উপযুক্ত নীতি নির্ধারণ করতে না পেরে শুধু মাত্র কেন্দ্রীয় সরকারের উপর দোষারোপ করার চেষ্টা করছি। তিনি বলেছেন এই বাজেটের বক্তৃতা প্রসংগে মাননীয় অর্থমন্ত্রী বলেছেন শুধু তাই নয় আমাদের যে খাদ্য দিতে তারা প্রতিশ্রুত ছিলেন তা দিতে পর্যন্ত তারা ব্যর্থ হয়েছেন। তিনি এটাকে অবাস্তব ভিত্তিহীন বলে উড়িয়ে দেবার চেষ্টা করেছেন। তিনি বলেছেন যে কেন্দ্র যেভাবে সাহায্য করবার প্রতিশ্রুতি দিয়েছিলেন সেই সাহায্য বাংলা সরকারকে তারা করেছেন কিন্তু আমাদের অপদার্থ নীতির জন্য আজকে বাংলাদেশের বুকের উপর খাদ্যসংকট তীব্র করে তুলেছে। মাননীয় স্পীকার মহাশয় আমি আপনার কাছে কয়েকটি তথ্য পরিবেশন করে দেখাতে চাই যে কেন্দ্রীয় সরকার এই যুক্তফ্রণ্ট সরকারকে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে মার্চ মাসে তারা ৭৫ হাজার টন গম সরবরাহ করবেন। জানুয়ারী থেকে জুন পর্যন্ত দেখা গেছে যে ৬ মাসে কেন্দ্রীয় সরকার রাজ্যসরকারকে ৪৩ হাজার টন গম কম সরবরাহ করেছেন এবং গত জুন মাসে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে রাজ্যসরকার এক কণা চালও পাইনি। সম্প্রতি উড়িষ্যা সরকারের কাছ থেকে মাত্র ৫ হাজার টন চাল আমরা পেয়েছি। কাজে কাজেই কেন্দ্রীয় সরকার আমাদের যে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে ৭৫ হাজার টন গম দেবেন এবং মাসে ১৫ হাজার টন চাল দেবেন তা আমরা পাইনি। তাই যুক্তফ্রণ্ট সরকার একদিকে যেমন ঘাটতি বাজেট পেশ করেছেন বাংলাদেশের মানুষের কাছে যুক্তফ্রণ্ট সরকার আহ্বান জানিয়েছেন যে ঘাটতি বাজেট শেষ করার সংগে সংগে বাংলাদেশের মানুষকে আজকে প্রস্তুত হতে হবে যে কেন্দ্রীয় সরকারের যে অসহযোগী নীতি, যে বিমাতৃসুলভ নীতি তার বিরুদ্ধে সংগ্রাম করবার জন্য ঘাটতি বাজেট পেশ করে বাংলাদেশের মানুষের কাছে বলেছেন যে কেন্দ্রীয় সরকারের উপর যথেষ্ট চাপ সৃষ্টি করার জন্য আহ্বান জানিয়েছেন। আজকে কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করতে হবে, সংগ্রাম সুরু করতে হবে যাতে করে রাজ্যসরকারের দাবীর কাছে তারা নতিস্বীকার করে। আর একটি কথা বলে আমার বক্তব্য শেষ করব যে কথা আমরা বার বার যুক্তফ্রণ্ট সরকারের মন্ত্রিমণ্ডলীর কাছে রেখেছি সেটা আমি অত্যন্ত ক্ষোভের সংগে আবার রাখছি। আমি এই হাউসের কাছে আগের বার বলেছি যে অভিযোগ উঠেছিল যে বিগত ২০ বছর ধরে যারা বাংলাদেশকে শ্মশানে পরিণত করেছে, বাংলাদেশের গোটা অর্থ-নীতিকে যারা পংগু করে দিয়েছে, বাংলাদেশের গোটা অর্থনীতিকে মুমূর্ষ অবস্থায় নিয়ে গেছে সেই পরিচালকমণ্ডলী সেই মন্ত্রিমণ্ডলীর বিরুদ্ধে নানা অভিযোগ আছে যে তারা দুর্নীতির আশ্রয় নিয়ে তারা নিজেদের সম্পত্তি বাড়িয়ে তুলেছে। মন্ত্রিমণ্ডলী আমাদের কাছে বলেছিলেন যে তদন্ত কমিশন নিয়োগ করে সেই প্রাক্তন মন্ত্রিমণ্ডলীর সম্পত্তির হিসাব-নিকাশ করবার জন্য আমরা কমিশন নিয়োগ করবো। আমি অনুরোধ করব আজকে সেই তদন্ত কমিশন বসিয়ে সেই প্রাক্তন মন্ত্রিমণ্ডলীর যে সম্পত্তি বা তাঁদের সম্পর্কে যে অভিযোগ উঠেছে সে সম্বন্ধে যথাযথ তদন্তের ব্যবস্থা তারা করবেন। এই কয়টি কথা বলে আমি এই বাজেটকে সমর্থন করে, আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-45—6-55 p.m.]

**Shri Benoy Kumar Chattopadhyay:**

শ্রদ্ধেয় স্পীকার স্যার, আজকে চারদিন ধরে বাজেট সম্বন্ধে অনেক আলোচনা এই হাউসে হোল, আমি আপনার মাধ্যমে দু-একটা ঘটনা এই হাউসে রাখতে চাই। আজকে আমি একটা জিনিস যেটা আমরা জেনে আসছি যে স্বাস্থ্য সম্বন্ধে এই যে ৮৩ লক্ষ টাকা অতিরিক্ত ব্যয়-বরাদ্দ করা হয়েছে বলে আমি দেখতে পাচ্ছি এই ৮৩ লক্ষ টাকা অতিরিক্ত ব্যয়-বরাদ্দ করা হয়েছে এতে আমি সন্তুষ্ট—কিন্তু দেখা যাচ্ছে এই যে ৮৩ লক্ষ টাকা স্বাস্থ্য খাতে ব্যয় করা হচ্ছে তার মধ্যে একটা বিরাট অংশ আপনি দেখতে পাবেন যে ন্যাশনাল মেডিক্যাল ইনস্টিটিউট কলেজ সেটাকে সরকার নিয়ে নেবার জন্য তার বেশীরভাগ টাকা খরচ হচ্ছে। আজকে এই ৮৩ লক্ষ টাকা সেটা যদি ঐ ২৭টি ব্লকে যেখানে হেল্‌থ সেণ্টার তৈরী হয় নি সেটা যদি তৈরী করার জন্য খরচ হোত তাহলে আমাদের আপত্তি থাকতো না। কিন্তু এই ৮৩ লক্ষ টাকা যেটা মঞ্জুর করতে চলেছেন সেই টাকার বেশীরভাগ অংশই ঐ ন্যাশন্যাল মেডিক্যাল কলেজকে নিয়ে নেবার জন্য খরচ হবে যেটার খরচ করার কোন প্রয়োজন ছিল না। এমন অনেক হাসপাতাল রয়েছে যেমন কল্যাণী হাসপাতাল, সুন্দর বাড়ী, চমৎকার এ্যারেঞ্জমেণ্ট হয়ে পড়ে রয়েছে সেখানে ৫ শত বেডের সমস্ত ব্যবস্থা রয়েছে সেখানে খরচ হচ্ছে না সেটা আমি জিজ্ঞাসা করতে চাই। অর্থের অভাবের জন্য সেখানে বেড তৈরী করা সম্ভব হয় নি—এ যদি হয় তাহলে ন্যাশন্যাল মেডিক্যাল ইনষ্টিটিউট যেটা প্রাইভেট সেক্টরে চলছিল সেটাকে নিয়ে তার পিছনে এই ৪৩ লক্ষ, ৪৪ লক্ষ বা ৪৫ লক্ষ টাকা খরচ করবার দরকার কেন এলো? সেই জন্য আপনার মাধ্যমে আমি অর্থমন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই। আপনি জানেন ন্যাশন্যাল মেডিক্যাল ইনষ্টিটিউটের পিছনে ইতিহাস-সমালোচনা করলে দেখা যায় যে এই ন্যাশন্যাল মেডিক্যাল ইনষ্টিটিউটের পিছনে বহু মনীষী এতদিন ধরে বহু দাম দিয়ে সেটাকে যে তৈরী করেছিল যেটা খুব ভালভাবে চলছে—হঠাৎ কেন এই সরকার এই হাসপাতালকে নেবার চেষ্টা করছেন তা নিশ্চয় বেশ বোঝা যায়। নিশ্চয় সেখানে কোন কারণ ঘটেছে—সেখানে কোন কংগ্রেসের লোক যেহেতু সুপারিনটেণ্ডেণ্ট আছে সেটাকে সুষ্ঠু-ভাবে পরিচালনা করছে অতএব কিভাবে সেটাকে সরকার নিয়ে নিতে পারেন তার চেষ্টা করছেন। আমাদের ডাঃ গনি একদিন বলেছিলেন সেকথা আমি জানি না—তিনি সেই এলাকায় বাস করছেন তিনি সবই জানেন—তবে কেন তাহলে সরকারকে নিয়ে নিতে হবে—তার কারণ কি। সেখানে নাকি দুর্নীতি হচ্ছে। যদি সেখানে কোন দুর্নীতি হয় বা কোন দুর্নীতি যদি হয়ে থাকে তাহলে হাইকোর্টের জজ এ্যাপয়েণ্ট করে দেখা হোক, তাহলে নিশ্চয় তারা ছেড়ে দিতে রাজী আছে—সেখানে সরকারের কোন দুর্ভাবনার কোন কারণ নেই। একটা জিনিস যেটা ওঁরা বলতে চেয়েছিলেন যে সেখানে নাকি টাকা ঘুষ দিয়ে এটা করা হয়েছিল।

নিশ্চয়ই আমি বলবো এটা ঘুষ নয়, অনেক সময় ডোনেসান নিয়ে ছেলে ভর্তি করা হয়, এটাকে ঘুষ বলে স্বীকার করি না। তারপর ন্যাশনাল মেডিক্যাল হসপিট্যাল না নিয়ে যদি কল্যাণীর মত হাসপাতাল যেটা তৈরী হয়ে পড়ে আছে সে হাসপাতালকে ৫০০ বেডের হাসপাতাল যদি করতেন তাহলে অনেক কাজ হত। আর একটা কথা, অর্থমন্ত্রিমহাশয় রাণাঘাটে গিয়ে-ছিলেন এবং সে সময় সেখানে যে গুলি চলেছিল তাতে ৩টা ছেলের মৃত্যু হয়েছিল। তিনি সেখানে জনসাধারণের কাছে ২টা কথা বলে এসেছিলেন। তার একটা হচ্ছে যে যার সন্তান মারা গেছে। যে স্ত্রীর স্বামী মারা গেছে। যার ভাই মারা গেছে, আমরা তাদের উপযুক্ত সাহায্য দেবো যাতে সে ফ্যামিলি দুঃস্থ্য না হয়। তিনি আর একটা কথা বলেছিলেন সেটা হচ্ছে যে তিনি এ বিষয় উপযুক্ত তদন্ত করবেন এবং সেই তদন্তে যারা সত্যকারের দোষী তাদের উপযুক্ত শাস্তি দেবেন এবং যাতে তদন্ত তাড়াতাড়ি হয় তার জন্য চেষ্টা করবেন। কিন্তু দুঃখের বিষয় এখনও পর্যন্ত একটা পয়সাও সাহায্য দেওয়া হয় নি। আমি তাঁকে অনুরোধ করবো যে সরকার পক্ষের যদি দেবার ক্ষমতা না থাকে তাহলে একথা কেন তিনি বলেছিলেন। আমরা তাকে টাকার কথা বলিনি। আমরা বলেছিলাম উপযুক্ত ব্যবস্থা করতে। সেজন্য আপনার মাধ্যমে অনুরোধ করবো তিনি তাঁর সম্মানের জন্য ১০ টাকা সেই দুঃস্থ্য পরিবারদের দিন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Shankar Sen Ishore:**

াপতি মহাশয়, আজ বাজেটের উপর সাধারণ আলোচনার শেষ দিন। উভয় পক্ষের বহু বক্তা ভিন্ন দৃষ্টিকোণ থেকে এই বাজেটের উপর আলোচনা করেছেন। আমি বিস্তারিত আলোচনা র তার আর পুনরাবৃত্তি করতে চাই না এবং আমার বক্তব্য অতি সংক্ষেপে এই হাউসের সামনে াতে চাই। বাজেটের কোন কোন খাতে আমাদের যুক্তফ্রন্টের অর্থমন্ত্রী টাকা বৃদ্ধি করেছেন, ন কোন খাতে ঐ টাকা আবার হ্রাস করেছেন। তিনি কৃষি ও শিক্ষা খাতে টাকা বাড়িয়েছেন। ন্তু বাজেটের মধ্যে মৌলিক কি জিনিস আছে সেটা চিন্তা করার আগে আমাদের চিন্তা করা কার এই বাজেটের টাকার কোন্ আদর্শকে বাস্তবে রূপ দেওয়া হবে। এটাই আজ বাংলা- শের লোককে চিন্তা করতে হবে। এই যুক্তফ্রন্ট সরকারের কোন আদর্শ আছে কিনা সেটা তা করা দরকার। ১৪টা দলের সরকার ১৪টা আদর্শ নিয়ে চলে—কেউ গান্ধীবাদী, কেউ ংপন্থী, কেউ জাতীয়তাবাদীর মূর্ত প্রতীক নেতাজীর আদর্শে বিশ্বাসী। এই বাজেটের টাকা ন্ আদর্শকে ফুলফিল করার জন্য ব্যয়িত হবে সেকথা চিন্তা করা দরকার। শিক্ষাখাতে আরও া বাড়িয়ে দিন তাতে আপত্তি নেই। কিন্তু যে শিক্ষা ভারতের সংস্কৃতি, সংহতি নষ্ট করবে ই শিক্ষাখাতে আমরা একটা পয়সা ব্যয় করতে অনিচ্ছুক। আপনারা দেখুন চারিদিকে কি যণ বিশৃঙ্খলা চলছে। বাংলাদেশের রাজধানীর মধ্যে ইউনিভার্সিটি ইনস্টিটিউট হলএ মন্ত্রীরা টিং করতে পারছেন না। এটা কল্পনা করুন যে, ত্রাণমন্ত্রী মারের ভয়ে মিটিং শেষ করার আগে ন যাচ্ছেন। চীন আমাদের ভারতবর্ষের চরমতম শত্রু। তার বিরুদ্ধে বাংলাদেশের রাজধানীতে স যুক্তফ্রন্ট সরকারের মন্ত্রীরা কোন কথা বলতে পারছেন না। এই যদি সরকারের শাসনযন্ত্র পরিচালনার গতি হয় তাহলে আমি বলব মাও সে-তুংএর পথকে প্রশস্ত করার জন্য কোন গণতন্ত্রে শ্বাসী লোক এক কপর্দকও এই বাজেটের বরাদ্দ করার জন্য সমর্থন করতে পারে না। সুতরাং জ বিভিন্ন জায়গায় যে গোলমাল সৃষ্টি হচ্ছে গুণ্ডাবাজী চলছে সে সম্বন্ধে বলতে চাই। সভা যখন গঠন হয়েছিল তখন ও'রা বলেছিলেন গণরাজ প্রতিষ্ঠা হবে। কিন্তু গণরাজ কোথা ক আসছে? চারিদিকে পেপারএ দেখতে পাচ্ছি বিভিন্ন জায়গায় লুঠতরাজ চলেছে, বিভিন্ন জায়গায় মানুষ না খেতে পেয়ে মারা যাচ্ছে, লঙ্গরখানা খোলা হচ্ছে। এসব হচ্ছে ভ্রান্ত খাদ্য- তির জন্য। আজকে দেশের মানুষ অনাহারে, অর্ধাহারে দিন কাটাচ্ছে। তাঁরা তাঁদের সমস্ত গ্যতাকে ধামাচাপা দেবার জন্য কেন্দ্রীয় সরকারের উপর দোষ দিচ্ছেন এবং তার ফলে সততা প্রদর্শন করছেন। আমি তাই আপনার কাছে আবেদন করছি এবং এই রের মন্ত্রীদের পক্ষে যে ৪ জন বর্ষীয়ান গান্ধীবাদী নেতা আছেন এবং যিনি নেতাজীর র্শে বিশ্বাসী তাঁরা কি করে মাও সে-তুংয়ের পথকে প্রশস্ত করার জন্য এই বাজেটকে সমর্থন আমি একথা বলতে চাই কোন জাতীয়তাবাদী লোক, কোন গণতন্ত্র বিশ্বাসী লোক এই কে সমর্থন করতে পারেন না। বাজেটের অর্থ এই নয় যে, কিছু অর্থ বাড়িয়ে বা কমিয়ে এই টাকা-পয়সার হিসাবের কচকচানি বাজেটের বিষয় নয়। বাজেটকে সমর্থন করতে কোন আদর্শকে প্রতিষ্ঠা করার জন্য এই বাজেটের টাকা ব্যয়িত হবে। এই দৃষ্টিভঙ্গি কে আমি এই বাজেটের বিরোধিতা করি।

[ p.m. ]

**Shri Panchanan Sinha Roy:**

ক বাজেট আলোচনার শেষ পর্যায়ে এসে আমরা ক্লান্ত হয়ে পড়েছি। বাজেট সম্বন্ধে ন দৃষ্টিকোণ থেকে অনেক আলোচনা হয়ে গেছে। তবে বাজেটের মধ্যে খাদ্য সম্বন্ধে উল্লেখ লে সে সম্বন্ধে আমি দু-একটা কথা বলতে চাই। অর্থমন্ত্রী মহাশয় তাঁর বাজেটের মধ্যে বিষয় এনে কিছু কথার উল্লেখ করেছেন। আজ বাংলাদেশের প্রত্যেকটা গ্রামে বিশেষ করে যে অঞ্চল থেকে এসেছি সেই অঞ্চলে খাদ্যের যে অবস্থা হয়েছে তা অত্যন্ত ভয়াবহ। গত বৎসর দেশে খরা ছিল এবং সেই খরা এবার এই সরকার অস্বীকার করেন নি। কিন্তু গত বৎসর খরা থাকলেও যে সুষ্ঠু খাদ্যনীতি গ্রহণ করা হয়েছিল তার ফলে অবস্থা বর্তমানের চেয়ে ভাল ছল। তখন যে নীতি ছিল তাতে সমস্ত ধান-চাল সংগ্রহ করে সমবণ্টন করা হবে সেই নীতি বৎসর গ্রহণ করা হয় নি এবং মার্চ মাসে এই সরকার প্রতিষ্ঠা হবার পর তাঁরা দু মাস ধরে চুপচাপ বসে থেকে জোতদার ও ব্ল্যাকমার্কেট যারা করে তাদের সুযোগ দিয়েছেন পাচার করার।

এর ফলে আজ বাংলাদেশের এমন অবস্থা হয়েছে তাতে মনে করি, যে সরকার গদীতে আসুন না কেন, আজ খাদ্যমন্ত্রী যত দৃঢ় মনোভাব পোষণ করুন না কেন আজ আর কোন উপায় নেই। অর্থাৎ সমস্ত ধান-চাল দুমাস ধরে পার্শ্ববর্তী রাজ্যে চলে গেছে। আমি নিজে জানি বাঁকুড়ার ভেতর দিয়ে বিহারে চলে গেছে। আমরা তখন পি ডি অ্যাক্টএর কথা ভুলে গিয়েছিলাম এবং এই সরকার পি ডি অ্যাক্ট তুলে দিয়েছিলেন। তখন আমরা দেখলাম যে, তাঁরা ভালমানুষ হয়ে ভিক্ষার ঝুলি নিয়ে ঘরে ঘরে ঘুরতে আরম্ভ করলেন। আজ যাঁরা সরকারে আছেন তাঁরা দীর্ঘদিন ধরে বিধানসভায় ছিলেন। এবং পার্লামেন্টারি রীতিনীতি অনুসারে বিধানসভায় যে খাদ্য বক্তৃতা দিয়ে গেছেন তাতে তাঁদের অভিজ্ঞতা থেকে বোঝা উচিত ছিল বাংলাদেশ যে সমস্যার মধ্যে পড়েছে তাতে করে ভদ্রলোকের চুক্তিতে কাজ হতে পারে না।

আজকে স্বাভাবিক অবস্থা বাংলাদেশের মানুষের মনে নেই। তাই সেই অভিজ্ঞতা থেকে তাঁদের সাবধান হওয়া উচিত ছিল এবং আরও কঠোরহস্তে জোতদারদের কাছ থেকে সমস্ত ধান-চাল কেড়ে নেওয়া উচিত ছিল। তিনি যে দলেরই হোন, কংগ্রেসের হোন, কমিউনিস্টেরই হোন অথবা বাংলা কংগ্রেসেরই হোন, কেড়ে নিয়ে এসে সুষম বণ্টন নীতি গ্রহণ করা উচিত ছিল। খাদ্যের ব্যাপারে বিশেষ করে আমি কোন দলকে আক্রমণ করার জন্য উঠি নি, কোন দলকে আক্রমণ করতেও চাই না। খাদ্যসমস্যা বাংলাদেশের মানুষের সামনে এমনভাবে দেখা দিয়েছে তাতে আমি ব্যক্তিগতভাবে মনে করি, বিশেষ করে গ্রাম বাংলায় যে অবস্থা দেখা দিয়েছে—যদি গত মার্চ মাস থেকে রাজ্যসরকার হাতে পাওয়ার পর থেকে ৪ মাসের মধ্যে অন্তত দু মাস চুপ করে বসে না থাকতেন, আজকে আপনারা যে দৃঢ়তা দেখানোর কথা বলছেন সেই দৃঢ়তা দেখিয়ে যদি আগে ধান-চাল সংগ্রহ করতেন, সুষম বণ্টন করতেন তাহলে এই অবস্থায় পড়তে হত না। তাতে করে হয়ত বাংলাদেশের মানুষের রেশনের পরিমাণ কিছু কম হত, কিন্তু তাহলেও আমরা ধিক্কার দিতাম না। কিন্তু সেই নীতি গ্রহণ না করে আজকে যখন সমস্ত ধান-চাল চলে গেল বাংলার বাহিরে জোতদার এবং মিলমালিকদের সাহায্যে, তখন আজকে আপনারা গ্রামে গ্রামে দেখছি দৃঢ়তার নামে গরীব চাষীদের উপর নির্যাতন চালাচ্ছেন। একটু আগে আমি জানতে চেয়েছিলাম প্রশ্নোত্তরের সময়, যে ধানচাল সংগৃহীত হয়েছে তা কতটা ছোট চাষীদের কাছ থেকে এবং কতটা জোতদারদের কাছ থেকে ? আমি আমার নিজের এলাকায় বি ডি ও-র কাছ থেকে খবর নিয়ে জেনেছি যে, শতকরা ৯০ ভাগ ১০-১৫ বিঘা জমির মালিকদের কাছ থেকে ছিনিয়ে নেওয়া হয়েছে। যা সংগৃহীত হয়েছে তার মধ্যে ২ কুইন্টালের পরিমাণটাই অত্যন্ত বেশি এবং এটা শতকরা ৯০ ভাগের কাছ থেকে আদায় করা হয়েছে। আজকে গ্রামবাংলায় যতটুকু ধান-চাল ছিল, বীজের ধান বা মজুর খাটানোর ধান তা কেড়ে নিয়ে গরিব চাষীর ও চাষের সমূহ ক্ষতি করা হচ্ছে। আপনারা অনেকেই জানেন যে, গ্রামবাংলায় চাষীরা যে মজুর খাটায় তার বিনিময়ে তাদের ধান বা চাল দিতে হয়। মজুররা পল্লীবাংলায় টাকার বিনিময়ে খাটে না। যাদের কাছে বেশি ধান-চাল আছে তাদের খাওয়ার মত সামান্য কিছু রেখে দিয়ে বাকিটা কেড়ে নেওয়া উচিত। আজকে তাই আমার বক্তব্য হচ্ছে পল্লীবাংলার মজুরদের অবস্থা সঙ্গীণ হয়ে পড়েছে। সেইজন্য আমি অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মাননীয় সমস্ত সদস্যের কাছে অ্যাপীল করব যে, এটা আপনারা একটু চিন্তা করে দেখবেন। এটা উড়িয়ে দেবার বিষয় নয়। বিরোধী দল থেকে একজন সদস্য হিসাবে বলতে উঠেছি বলে আপনারা হেসে উড়িয়ে দেবেন না। আমি প্রথমেও বলেছি এবং আবার আমি এখনও বলছি যে, খাদ্যনীতি সম্বন্ধে কাউকে আক্রমণ করতে চাই না। গ্রাম বাংলায় আমি দেখেছি যে, যারা মাথার ঘাম পায়ে ফেলে ধান উৎপাদন করছে সেই গরিব চাষী পরিবারদের ঘরে আজকে ধান নেই। অনেক জায়গায় গণকমিটি ও অফিসারগণ সীজ করতে গিয়ে, আমি প্রত্যক্ষভাবে দেখেছি যে তারা খাবার যে পরিমাণ রেখেছে সেটাও যথেষ্ট নয়। কিন্তু তবুও তাদের বাড়িতে গিয়ে অফিসাররা বলছেন যে, দশ কুইন্টাল ধান রয়েছে। বাড়ির মালিকরা বলছে ৫ কুইন্টাল আছে। বাড়ির মালিকরা বলছে এটা ওজন করে দেখা হোক কত আছে। কিন্তু অফিসাররা বলছেন ১০ কুইন্টাল আছে এবং ১০ কুইন্টাল আছে এই বলে তাদের কাছ থেকে ২ কুইন্টাল কেড়ে নেওয়া হচ্ছে। তাদের ন্যায্য প্রাপ্য থেকে কমিয়ে দেওয়া হচ্ছে। জোতদারদের কাছ থেকে নিন আমার কোন আপত্তি নেই। আমার এলাকার কথা শুনলে আপনারা আশ্চর্য হয়ে যাবেন যে, আজ পর্যন্ত একজন জোতদারের কাছ থেকেও ধান নিতে পারা যায় নি যেদিন থেকে শুরু হয়েছে। আর একটি কথা বলতে চাই সেটি হচ্ছে এই খাদ্যমন্ত্রী মহাশয় একটু আগে বললেন

যে, ফ্ড রিলিফ কমিটিতে কংগ্রেসীরা যোগদান করছেন না। আমি আশ্চর্য হয়ে যাচ্ছি যে, খাদ্যমন্ত্রী এই কথা বললেন কি করে! ডিস্ট্রিক্ট ফ্ড অ্যান্ড রিলিফ কমিটি গঠন করার যে আদেশ দিয়েছেন সেই আদেশের মধ্যে তিনি নিজে বলেছেন যে, সব এম এল এ-রা যোগদান করতে পারবেন না, কেবলমাত্র প্রত্যেক দলের একজন করে এম এল এ যোগদান করতে পারবেন। তিনি এম এল এ-দের যোগদান করার থেকে ডিবার করেছেন। গণতান্ত্রিক অধিকার মত প্রত্যেকটি এম এল এ-র ফ্ড রিলিফ কমিটিতে থাকা দরকার ছিল। ব্যক্তিগতভাবে আমি উভয় পক্ষের অনেক সদস্যের সাথে আলোচনা করে দেখেছি যে, জেলা পর্যায়ে প্রত্যেকটি এম এল এ-র অধিকার রয়েছে ফ্ড রিলিফ কমিটিতে থাকার, এটা তাঁরা বলেছেন। কিন্তু সে অধিকার কেড়ে নিয়েছেন। অথচ আজকে তিনি কেন বলছেন যে, তাঁরা যোগদান করেন নি? এটা অগণতান্ত্রিক পদ্ধতিতে হয়েছে। তিনি ফ্ড রিলিফ কমিটিতে রাজনৈতিক চিন্তাধারা ঢুকিয়েছেন। এতে তাঁর দলের লাভ হয় নি বা সব দলের লাভ হয় নি। গ্রাম পর্যায়ে প্রত্যেকটি দল প্রতিনিধি দেওয়ার যে সুযোগ পেয়েছে তাতে একমাত্র লাভ হচ্ছে বামপন্থী কমিউনিস্টদের। তাঁরা একটাকে কাজে লাগিয়েছেন এবং কয়েকজনকে নিয়ে একটা দল তৈরি করছেন। আমি খাদ্যমন্ত্রীকে চ্যালেঞ্জ করে বলছি যে, তাঁর কোন অধিকার নেই এম এল এ-দের অধিকার কেড়ে নেওয়ার। প্রত্যেক এম এল এ-র জেলা পর্যায়ে ফ্ড কমিটিতে যোগদানের অধিকার কেড়ে নিয়ে তিনি অগণতান্ত্রিক পদ্ধতিতে কাজ করে চলেছেন এবং সেইজন্যই আমরা যোগদান করছি না। খাদ্যের ব্যাপারে আজকে পশ্চিম বাংলার যে অবস্থা হয়েছে তার দিকে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

[7-5—7-15 p.m.]

**Shri Mihir Upadhyay:**

মিঃ স্পীকার, স্যার, চারদিন ধরে বাজেটের উপর বক্তৃতার আলোচনার শেষে আজকে আমি শুধু শেষ বক্তা নই, আজকে বাজেটের বিরুদ্ধে প্রতিবাদ জানানোর জন্য আমি হচ্ছি শেষ বক্তা। আমি জানি এর পরে আর একজনকে চান্স না দিলে আমার প্রতিবাদ স্ট্যান্ড করবে। এই বাজেট সম্পর্কে কোন কিছু বলবার আগে প্রথমেই আমার মনে একের পর এক দুটি প্রশ্ন জাগছে। এই বাজেট কাদের তৈরি এই বাজেট সম্পর্কে যাঁরা খবর রাখেন তাঁরা জানেন বাজেট প্রথমেই তার প্রাইভেসি অ্যান্ড সিক্রেসি রাখার দরকার আছে। কেবিনেটএর মধ্যে মন্ত্রিসভা বাজেটের গোপনীয়তা বজায় রাখেন। আমাদের এখন গণফ্রন্ট সরকার মন্ত্রিসভার উর্ধ্বে এবং তার তলায় ইল্লিগ্যাল পেরেন্টস এবং ইল্লিগ্যাল চিলড্রেনএর মত দুটি দল আছে। ইল্লিগ্যাল পেরেন্টস তার নাম হচ্ছে সুপার কেবিনেট, আর ইল্লিগ্যাল চিলড্রেন তার দল হচ্ছে গণকমিটি। আমি জিজ্ঞাসা করি এই যে বাজেট এখানে হাউসের সামনে উপস্থিত করা হয়েছে তা যদি কোনক্রমে উপর অথবা নীচ কোন স্তরের লোকের কাছে জানা হয়ে গিয়ে থাকে তাহলে এই বাজেট সম্পূর্ণভাবে বেআইনী। আমার দ্বিতীয় প্রশ্ন হচ্ছে বাজেট সম্পর্কে যে, এই বাজেট কাদের জন্য বাজেট? আজকে সারা পশ্চিম বাংলায় যে অশান্ত দুর্নীতিগ্রস্ত পরিবেশ, আইন-শৃংখলার যেখানে সম্পূর্ণ অভাব, একটা সুসভ্য মানুষের তৈরি যে অ্যাসেমব্লি এবং জনসাধারণের প্রতিনিধিদের স্থান সেখানে পর্যন্ত আইনের যে বিশৃংখলা তার পরিপ্রেক্ষিতে আমি বলব

we are living in an environment which can be compared with the law of the jungle.

যেখানে ল অফ দি জাংগল প্রিভেল করছে সেখানে বাজেট উপস্থিত করা একটা প্রহসনমাত্র। আমার দ্বিতীয় বক্তব্য হচ্ছে, সরকারপক্ষের কয়েকজন একের পর এক বলে গেছেন যে, এই বাজেটের মধ্যে অনেক বৈশিষ্ট্য রয়েছে এবং এটা প্রগতিশীল বাজেট। বৈশিষ্ট্য নিশ্চয়ই আছে এবং প্রগতিশীল সেই কথা অস্বীকার করি না। বৈশিষ্ট্য হচ্ছে সারা ভারতবর্ষের বাজেটে যেখানে ডেফিসিট বাজেট না করে ইউনিফর্ম বাজেট রাখার জন্য সর্বমুখী চেষ্টা করা হচ্ছে এই দরুণ ইনফ্লেসন থেকে ভারতবর্ষকে রক্ষা করার জন্য, সেই ভারতবর্ষের একটি অঙ্গরাজ্য এই পশ্চিম বাংলায় যে অর্থনৈতিক সমস্যা আরও জটিল, আরও গুরুত্বপূর্ণ, ব্যর্থ সেই অঙ্গরাজ্যের অর্থমন্ত্রী তিনি এই বাজেট পেশ করেছেন। মিঃ হিক্স বা অন্যান্য বক্তারা যা বলেছিলেন যে, এই ধরনের ডেফিসিট বাজেট অন্যান্য অঙ্গরাজ্যে ঘটেছে, কিন্তু ও'রা বিশেষ বৈশিষ্ট্য দেখিয়েছেন এইজন্য যে, ১৮ কোটি টাকা উদ্বৃত্ত হাতে নিয়ে ৩৬ কোটি টাকার ডেফিসিট বাজেট পেশ করেছেন। এই ডেফিসিট বাজেটের

পরিপ্রেক্ষিতে আমি ভবিষ্যতে পশ্চিম বাংলার মানুষের ইকনমিক কণ্ডিশনের প্রতি দৃষ্টি নিক্ষেপ করতে হাউসকে অনুরোধ করছি। সেটা হচ্ছে কোন্ কোন্ দিক থেকে কাদের জন্য অর্থ দেবেন। তাদের কোন্ কোন্ সরকারী কর্মচারীদের জন্য টাকা দেওয়ার ব্যবস্থা করবেন এবং ১৮ দফা ধাপ্পার মত আর কি কি অন্যান্য ধাপ্পা দেবেন—অন্যান্য শ্রেণীর মানুষকে টাকা দেবেন, তাঁর প্রতিশ্রুতি আছে যদি সেইগুলি বলেন—সেই ডেফিসিট মেক আপ করার জন্য ঐ উপর দলের লোকই হোক, আর মধ্যখানের লোকই হোক, জানি গোটা পশ্চিম বাংলার উপর ট্যাক্সের বোঝা চাপবে। সেইগুলি যদি পালন করেন একথা অবধারিত যে, সেই ডেফিসিট মেক-আপ করবার জন্য ঐ উপরতলার লোক হোক আর মধ্যেখানের লোক হোক গোটা পশ্চিম বাংলার উপরেই ট্যাক্সের বোঝা চাপবে। একথা সবাই জানেন যে, ইনফিলট্রেশন থিয়োরির মত এই ট্যাক্সের বোঝা যদি উপরে চাপানো হয় তাহলে সেই চাপ উপর থেকে নিচ পর্যন্ত আসতে আসতে চুঁইয়ে চুঁইয়ে তলায় চলে যাবে। অর্থাৎ ধনীদের উপর যে ট্যাক্স চাপানো হয় সেই ট্যাক্সের চাপ ইনট্যাক্ট গিয়ে দাঁড়ায় দরিদ্র জনসাধারণের উপর। ১৯৬৭-৬৮ সালে সারা পশ্চিম বংলার মানুষের সামনে রয়েছে দুর্ভিক্ষের কালো ছায়া, দুর্ভিক্ষের পদধ্বনি নয়, দুর্ভিক্ষ যে সময়ে একেবারে এসে অবতীর্ণ হয়েছে সেই সময়ে আমি শুধু এই হাউসের মধ্যে সাবধানবাণী উচ্চারণ করছি না, সেই সাবধান-বাণী এর মধ্যে উচ্চারিত হতে শুরু করেছে সারা পশ্চিম বাংলার শহরে শহরে এবং গ্রামে গ্রামে। অত্যন্ত আনন্দের কথা যে, আজকে অন্তত এই সংগ্রামশীল বামপন্থী দলগুলি সরকারের গদিতে আসীন আছেন তাঁরা খাদ্য সংগ্রহের জন্য তাই এখনও পোস্ট অফিসে আগুন লাগাতে যান নি, খাদ্যে সংগ্রহের জন্য কলকাতা এবং গোটা বাংলাদেশের ট্রামে ট্রেনে আগুনের লেলিহান শিখা জ্বালাতে তাঁরা যাচ্ছেন না। এইদিক থেকে এখনও আমরা খানিকটা শান্তির নিঃশ্বাস ফেলতে পারব বলে আশা করেছিলাম কিন্তু এমন সময়ে দুর্ভিক্ষ এসেছে। যে ক্ষুধা নিয়ে আজকে পশ্চিমবঙ্গের গ্রামের মানুষ রয়েছে সেই ক্ষুধার গ্রাস থেকে কেউ অব্যাহতি পাবেন না। আপনারা যতই বড় বড় কথা অ্যাসেম্বলির ভিতরে ওঁরা বলুন না কেন বাজেটের এই শুকনো কাগজের মধ্যে খাদ্য মিলবে না। নানা স্থানে পুলিসের প্রত্যেকটি কাজে হস্তক্ষেপ করবার জন্য যেমন এঁদের যেতে হচ্ছে তেমনি দুর্ভিক্ষ নিবারণের কাজে হস্তক্ষেপ করতে যাওয়ার সময় ঐ ক্ষুধার্ত মানুষ ঐ অপদার্থ মন্ত্রিমণ্ডলীর কাঁচা চামড়া ছিঁড়ে খাবে সেই স্পষ্ট সংকেতবাণী আজকে জনসাধারণ তাঁদের শুনিয়ে দিচ্ছে। তাঁদের নানা রকমের ইতিহাস বলার প্রয়োজন নেই, শুধু একথা তাঁদের স্মরণ করিয়ে দেওয়ার কথা যে আমরা সুসভ্য সংস্কৃতিসম্পন্ন একটা ওয়েলফেয়ার স্টেটে বাস করছি বাজেটের জন্য যে টাকা আজকে হাউসের কাছে চাওয়া হচ্ছে ভোট অন অ্যাকাউন্টের মধ্যে দিয়ে সেই টাকা যেন সামগ্রিকভাবে পশ্চিমবঙ্গ অঙ্গরাজ্যের জনসাধারণের ওয়েলফেয়ারের উদ্দেশ্যে ব্যয়িত হয়। একথা বলার দরকার আছে এইজন্য যে, আজকে চতুর্দিকে মানুষ আশংকাগ্রস্ত রয়েছে, তারা দেখতে পাচ্ছে যে আজকে এটা ওয়েলফেয়ার স্টেট নয় এটা একটা পার্টি ওয়েল-ফেয়ার স্টেটে পরিণত হয়েছে। এই পার্টি ওয়েলফেয়ারের উদ্দেশ্যে যদি এই টাকা ব্যয়িত হয়, ডেফিসিট বাজেটের জন্য ট্যাক্স বসানো টাকা যদি পার্টি ওয়েলফেয়ারের উদ্দেশ্যে দেওয়া হয় তাহলে ওদিকে নকশালবাড়ি বা সমস্ত ইন্ডাস্ট্রির এরিয়াতে যতই বেশি গুণ্ডামি দাঙ্গাবাজির জন্য উদ্যত বন্দুক বা ছুরি তৈরি থাকুক না কেন, যে জনসাধারণ এঁদের গদিতে বসিয়েছিল সেই জনসাধারণই এঁদের চুলের মুঠি ধরে ধুলোর উপর দিয়ে পা দিয়ে লাথি মেরে গদিচ্যুত করবেন এই হচ্ছে ডেমোক্রেসি, এই হচ্ছে গণতান্ত্রিক জনসাধারণের সর্বশেষ নির্দেশ। এই কথা বলে এই বাজেটকে ধিক্কার দিয়ে এবং এর প্রতিবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[7-15—7-25 p.m.]

**Mr. Speaker:** There are no other speakers. Thirty-three speakers have already spoken. I now call upon the Hon'ble Finance Minister to reply.

## The Calcutta Tramways Company

**Shri Jyoti Basu:**

স্পীকার মহাশয়, বাজেট সম্বন্ধে কিছু বলার আগে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের উপর আপনার মাধ্যমে এখানকার সদস্যদের এবং বাইরের জনসাধারণের দৃষ্টি আমি আকর্ষণ করতে চাই। এইমাত্র আমি একটা কেবেল পেয়েছি লন্ডন থেকে ক্যালকাটা ট্রামওয়ে কোম্পানির। তাঁরা লিখছেন,

Deputy Chief Minister, Government of West Bengal, Writers' Buildings, Calcutta. In view of the desperate situation we have called the Managing Director of the United Bank who arrived this morning for consultation here. As United Bank will consider giving additional overdraft facilities we cannot pay our wages which are due on July 7. The only basis on which we might expect further help from our bankers is that firstly Government guarantees any overdraft up to additional twenty lakhs. Secondly our bankers are convinced of our paying capacity by an immediate interim increase of fares of twelve paise Second Class and fifteen paise First Class. Failing this no money in bank to pay July wages to workmen. This request made without prejudice to our contention that Ordinance of 11th May is invalid. Calcutta Tramways Company.

আমাদের হাউসের যখন অধিবেশন চলছে তখন আমি যে এর উত্তর দিতে চাই কোম্পানিকে তার সারাংশ আমি আপনাদের এখানে জানিয়ে দিতে চাই।

In July, 1965, the company submitted to the State Government a proposal that they should be permitted to adopt a fare schedule of 10 p. on any single journey in one direction and in consideration of this they would, within a period of 18 months, convert their second class trailors into first class by providing the requisite additional amenites, e.g., cushioned seats, fans, etc. On the basis of this proposal protracted discussions were held between the representatives of the company and the State Government. An agreement was finally reached on the 17th July, 1965. Mr R. W. Turnbull, Agent of the company, signed this agreement on behalf of the Company. That agreement stipulated inter alia that the fares of the first class would be 10 p., 20 p. and 25 p. and those of the second class would be 8 p. and 9 p. and that in such stages as might be practicable the company would convert the second class trailors into first class and upon the conversion of all the trailors there would be a uniform fare of 10 p. in all trams for any single journey in any direction. In other words, what the company undertook to do upon the conversion of all second class trailors was to reduce the 15 p. fare and the higher fares to 10 p. and to enhance the 8 p. and 9 p. fares to 10 p. This undertaking was not honoured by the company. The facts recorded above will show that without furnishing any justification the company went back upon the word that they gave to the State Government in July, 1965. For enhancing the second class fares they were supposed to porvide additional amenities and at the same time they were supposed to reduce first class fares. Without providing further amenities they decided to enhance their second class fares. And sufficient notice of this was not given to the present Government by the company here. If, unfortunately, any action is now taken by the company to discontinue tram services, our Government will take all possible measures under the law to prevent any inconvenience to the public.

ডঃ **নলিনাক্ষ সান্যালঃ** মাননীয় স্পীকার মহাশয় যে বিবৃতি মাননীয় অর্থমন্ত্রী মহাশয় দিলেন এ অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমরা জানি ইতিপূর্বে তিনি একটা কমিটি অ্যাপয়েন্ট করেছেন ট্রাম কোম্পানির বর্তমান অর্থনৈতিক অবস্থা এবং ভাড়া বৃদ্ধির যে প্রস্তাব হয়েছে সে সম্বন্ধে অনুসন্ধান করবার জন্য আমি তাঁকে বিনীতভাবে অনুরোধ করছি এই যে, এটা একটা গুরুত্বপূর্ণ জিনিস, এত তাড়াতাড়ি এইভাবে জবাব দেওয়া ঠিক হবে না। যে কমিটি করেছেন সেই কমিটির কাছে এই টেলিগ্রাম দিয়ে তাঁদের পরামর্শমত তিনি যেন কাজ করেন।

**Shri Saila Kumar Mukherjee:** Sir, I think Dr. Sanyal is not right. As the Finance Minister has mentioned, that was the last agreement in July, 1965, and the Finance Minister should take the earliest possible opportunity to give the reply before the company may take any action. So, he has done the right and proper thing in giving an immediate reply.

**General Discussions of the Budgets**

**শ্রীজ্যোতি বসুঃ** আমি শৈলবাবুকে ধন্যবাদ দিচ্ছি এই কথাগুলির জন্য। ডঃ সান্যাল বোধহয় জিনিসটার গুরুত্ব বুঝতে পারছেন না। আমি বলছি যদি তিনি আমাকে অন্য কোন-ভাবে সাহায্য করতে পারেন তাহলে হাউসের পরে তিনি যেন আমার সঙ্গে দেখা করেন। কিন্তু এটা বুঝছি ও'রা যে কথা তুলেছেন যে ব্যাঙ্ক গ্যারান্টি যদি না থাকে তাহলে ৭ই জুলাই তারিখে ও'রা যা বলেছেন, আর কয়েকদিন মাত্র বাকি আছে, আমরা মাইনে দিতে পারব না, ট্রাম বন্ধ করে দিলাম তাহলে আমার কি করার আছে। আমাদের যেটা করার আছে সেটা কোম্পানিকে জানিয়ে দিতে চাই যাতে তাঁরা এই পথে না যান। তাঁরা সমস্ত কিছু জানেন, তাঁদের দুজন ডিরেক্টর বিলাত থেকে এসে আমার সঙ্গে দেখা করেছিলেন, মিঃ গ্রিফিথ, মিঃ রফ। তাঁদের সমস্ত কথা আমি খুলে বলেছিলুম। তাঁরা আমাকে বলেছিলেন যে, আমাদের অত্যন্ত অসুবিধা হচ্ছে, আমাদের ক্ষতি হচ্ছে আপনারা একটু তাড়াতাড়ি এই ইনভেস্টিগেশন শেষ করুন। আমি তাঁদের এই প্রতিশ্রুতি দিয়েছিলাম, যত তাড়াতাড়ি পারি আমরা শেষ করব আমাদের যে কমিশন বসিয়েছি তার কাজ। কিন্তু আজকে আমাদের হুকুম দেবার কোন-রকম অধিকার নাই। তবে আমরা তাঁদের অনুরোধ করব যে, অল্পদিনের মধ্যে যাতে আপনাদের অসুবিধা না হয় এবং আমাদের অসুবিধা না হয় এইভাবে যাতে আমাদের দিয়ে দেন ও'দের যে ফাইন্ডিং। এই সমস্ত জেনেশুনেও আজকে হঠাৎ আমরা এই টেলিগ্রাম পেয়েছি। এবং কিছুদিন আগে আপনারা যদি স্টেটসম্যান পত্রিকা পড়ে থাকেন তাহলে জেমস কাউলে বিলেত থেকে যিনি লিখেন স্টেটসম্যানে, তিনি এইসব বিষয়ে ঐ শেষের পাতায় তিনি লিখেছিলেন—এটা দেখেই আমি ল ডিপার্টমেন্টের সঙ্গে আলোচনা করেছি যে আমাদের কি করবার না করবার। সে যা হবে তা আমরা দেখব। কিন্তু হঠাৎ এই টেলিগ্রাম খানিকটা আগে পেলাম—তাই আমি মনে করলাম যে, এটা আমার কর্তব্য যে, হঠাৎ যদি একটা ক্রাইসিস বা সংকট যদি সৃষ্টি হয় তাহলে আমাকে আপনারা বলবেন যে, আপনি আমাদের একবার জানালেনও না। সেজন্য যখন এই হাউস চলছে, আমি মনে করলাম এটা আমার কর্তব্য আপনাদের জানানো। যা ব্যবস্থা করার আমরা করব।

আমি বাজেট সম্বন্ধে খুব দীর্ঘ বক্তৃতা দিতে চাই না। কারণ এখানে যে ধরণের সমালোচনা হয়েছে বাজেট নিয়ে এটা দুই রকমের—একটা হচ্ছে বাজেট সংক্রান্ত হিসাব-নিকেশ খরচা টাকা কোথায় পাওয়া যাবে ঘাটতি বাজেট এইসব নিয়ে হয়েছে এবং অর কতকগুলি যা কথা হয়েছে তা রাজনৈতিক, আর কতকগুলি হচ্ছে নিছক ব্যক্তিগত আক্রমণ গালিগালাজ। তার জবাব দেবার কোন প্রয়োজন নই। আমি প্রথমে যে সমালোচনা এখানে বারেবারে করা হচ্ছে—অর্থাৎ ঘাটতি বাজেট এবং আপনি কোথায় টাকা পাবেন কি করবেন—এটা এখানে অনেক সদস্যরা বলেছেন কেউ হয়ত ভাল মনে করে বলতে পারেন কিন্তু অনেকেই ভাল মনে করে এটা বলেন নি। উদ্দেশ্যপ্রণোদিত তাঁদের রাজনৈতিক উদ্দেশ্য আছে আমাদের বিরুদ্ধে সেজন্য এইসব প্রশ্ন তারা আমাদের কাছে রেখেছেন। সেটার জবাব নিজেরাই দিতে পারতেন। কারণ আমি এটা জানাতে চাই আপনাদের স্পীকার মহাশয়ের মাধ্যমে যে এটা কোন নতুন কথা নয়। ঘাটতি বাজেট কি এই প্রথম হল? এটা প্রথম হয় নি, অনেকবার হয়েছে তা আমরা জানি। এবং এটাও আপনারা দেখেছেন। আমি পরিষ্কারভাবে বলেছি কোথায় কিভাবে টাকা আসতে পারে এই ঘাটতি মিটাতে পারি। সেটা কিন্তু আমি বুঝতে পারলাম না বিরোধীপক্ষের সমস্ত বক্তৃতা শুনে ও'রা খুশি হতেন যদি আমরা খরচা না বাড়াতাম বিভিন্ন খাতে। যদি ঐ পুরানো যা ছিল সেইটুকু যদি আমরা রেখে দিতাম ও'রা যা করেছিলেন তাহলে বোধ করি ও'রা আমাদের পক্ষে ভোট দিতেন। ও'রা যাঁরা বিরোধিতা করলেন তাঁরা এইজন্যই বিরোধিতা করলেন যে খরচা আমরা বাড়ালাম কেন বিভিন্ন খাতে কম যদি খরচা করতাম ধরুন আমরা যদি কর্মচারীদের মাগ্‌গী ভাতা না দিতাম, যদি আমরা মাষ্টারমহাশয়দের টাকা না বাড়াতাম, যদি আমরা কৃষির ক্ষেত্রে টাকা না বাড়াতাম, যদি আমরা সেচের জন্য টাকা না বাড়াতাম যদি আমরা শিক্ষার জন্য টাকা না বাড়াতাম, যদি আমরা কৃষিঋণের ব্যবস্থা না করতাম এবং যদি এইভাবে ঐ হাসপাতাল ইত্যাদির জন্য স্বাস্থ্য-বিভাগে আমরা টাকা বরাদ্দ বেশি না করতাম তাহলে বোধ করি আমাদের কংগ্রেসী বন্ধুরা খুশি হতেন। কিন্তু তাঁদের খুশি করা আমার পক্ষে সম্ভব নয়। এবং সেজন্য আমি শুধু এটা বলতে চাই—ধরুন যে, আমরা কৃষির ব্যাপারে টাকা ব্যয় করছি—উপায় কি আছে? ওরা কুড়ি বছর ধরে

া করেছেন—আমাদের ভিখারি করেছেন, লজ্জা হয় বলতে যখন আমেরিকা খাদ্য না দিলে খাদ্য নাই লোকে না খেয়ে মরবে। এই অবস্থা কুড়ি বছরে ওরা করেছেন। আর আমাদের তিন-চার মাসের মধ্যেই বলছেন আপনারা আরও ভাল ব্যবস্থা কেন করলেন না। কেন মানুষকে আপনারা পেট ভরে খেতে দিলেন না। অথচ ও'দের খুশি হওয়া উচিত ছিল যে, আমরা কৃষিক্ষেত্রে এইরকম বরাদ্দ করেছি খানিকটা ঝুঁকি নিয়ে রিস্ক নিয়েই আমরা করেছি। আমি ভেবেছিলাম একটু প্রশংসা ও'রা করবেন যে, এখানে স্বয়ংসম্পূর্ণ হবার দিকে আমরা যেতে চাচ্ছি, কিন্তু ও'রা খুশি হচ্ছেন না। যদি স্বয়ংসম্পূর্ণ হবার দিকে যাই আমেরিকার উপর নির্ভরশীলতা যদি কমে যায় তাহলে সর্বনাশ হয়ে গেল, ও'দের প্রভুরা তাহলে কি বলবেন। সেজন্য ও'দের একটু অসুবিধা হচ্ছে। আমি বুঝতে পারছি।

[7-25—7-35 p.m.]

ও'দের প্রভুরা তাহলে কি বলবেন সেইজন্য একটু অসুবিধা ও'দের হচ্ছে, সেটা আমি বুঝতে পারছি, কিন্তু এখন কি করব? ধরুন এই শিক্ষাখাতে এই ৫ কোটি টাকা ও'রা কেন স্কুলদের দিলেন না—যা দেবার কথা ছিল, কেন এই ৫ কোটি টাকা জমিয়ে রাখলেন আর আমাদের ঘাড়ে ফেললেন যে, আপনারা এটা শোধ করুন—এটা তো ঠিক নয়। ৫ কোটি টাকা এ'দের দিলেন না কেন? তাহলে আর আমাদের এখানে শিক্ষাখাতে বরাদ্দ করতে হত না যে, আচ্ছা এক কোটি দেড় কোটি দু কোটি করে দু-তিন বছরে টাকাটা দিয়ে দেব। এই টাকা তো ফেলে রাখার কথা নয়। এই নাকি সত্যিকারের বাজেট হয়েছিল মাষ্টারদের ফাঁকি দিয়ে টাকা ফেলে রেখে। তারপর বলব চমৎকার বাজেট আমরা করেছি। আমরা এটা পারি নি কারণ আমরা মনে করেছি আমরা অনার বাউন্ড আমাদের কর্তব্য তাঁদের সেই পড়ে থাকা টাকার সেটা কিছু কিছু শোধ করতে পারি দু-তিন বছরের মধ্যে তাদের দিয়ে দিতে পারি। তাদের প্রতি অন্যায় অবিচার করা হয়েছে। ঠিক এইরকমভাবে এটা বলতে পারি—ধরুন মাগ্‌গী ভাতা—এটা না দিয়ে কি কোন উপায় আছে। তারা একদিকে বলছে যে, আরও দিলে না কেন? চমৎকার, ও'রা ক্রেডিট নেবার চেষ্টা করছেন যে, আমরা তো ২৪ কোটি টাকা দিয়েই দিয়েছি, আপনারা কি শুধু ১১ কোটি টাকা দিলেন! এই টাকা কে দিয়েছে, কার জমিদারির টাকা? আপনারা কিন্তু এমন এমন কি কখনও দিয়েছেন? এইভাবে কি সরকারী কর্মচারীরা কোনদিন খুশি হয়েছে? যখন দু-পাঁচ টাকা দিয়েছেন কোনদিন তাঁরা তাতে খুশি হন নি। এর জন্য রাস্তায় রাস্তায় তাঁদের মিছিল করতে হয়েছে, রাইটার্স বিল্ডিংসের ভিতর ডিমনস্ট্রেশন করতে হয়েছে তার পর দু-চার টাকা ছেড়েছেন। এর আগে দয়া করে তাঁদের অভাব-অভিযোগের কথা ভেবে কংগ্রেস সরকার একটা টাকাও দেয় নি সরকারী কর্মচারীদের, মাষ্টারমহাশয়দেরও দেয় নি। বার বার তাদের রাস্তায় এনে বসিয়েছেন, বার বার তাদের সঙ্গে আপনাদের কাছে যেতে হয়েছে সেই টাকা আদায় করার জন্য। সেজন্য যেটুকু তারা আবেদন করেছেন মুদ্রাস্ফীতির জন্য মাগ্‌গী ভাতা তা তাদের দিতে হবে: উপায় নেই, ন্যায্য দাবী তাদের। এবং যদি সম্পূর্ণটা তাদের দিতে পারতাম তাদের দাবি অনুযায়ী তাহলে আমরা খুশি হতাম। সেইজন্য আমি বলেছি আমার বক্তব্যে যে, আমরা দুঃখিত যে, তাদের আরও বেশি টাকা আমরা দিতে পারি নি। এবং মাধ্যমিক শিক্ষক যাঁরা আছেন তাঁরা আমাদের খবর পাঠিয়েছেন—আমাদের বলছেন আচ্ছা, আপনারা যখন দিতে পারলেন না আমাদের যতটা দরকার ছিল কিন্তু এত তো কোনদিন আমরা পাই নি—প্রাথমিক শিক্ষকরা বলছে এত তো কোনদিন পাই নি—এই কুড়ি বছরে নয়, যা এই তিন মাসে আমরা দিয়েছি। মাধ্যমিক শিক্ষকরা বলছে যে আমাদের অসুবিধা হচ্ছে, যদি আপনারা আমাদের যারা নাকি কর্মচারী স্কুলে কাজ করে তাদের যদি আপনারা একই রকম দেন, তাদের যদি আর একটু বাড়িয়ে দেন। আমরা তাদের বলেছি কোথায় আমাদের সঙ্গে তাদের তো কোন বিরোধ নাই, যেমন প্রাচীন সরকারের ছিল। প্রাক্তন সরকার শিক্ষক সংগঠন ও শিক্ষকদের শত্রু মনে করতেন আমরা তাঁদের বন্ধু আমাদের সমর্থক বলে মনে করি। তারা একথা আমাদের বলেছে যদি আর দিতে না পারেন ক্ষমতা না হয় মাধ্যমিক শিক্ষকরা বলেছেন যে আমাদের যে মাগ্‌গী ভাতা দিয়েছেন সেটা ৫ টাকা কমিয়ে দিন—সেটা ভাগ-বাটোয়ারা করে আমাদের কর্মচারীদের দিন। একথা তাঁরা আমাদের জানিয়েছেন। আমরা তাঁদের বলেছি আমরা নিশ্চয় আমাদের কেবিনেটে একথা বিবেচনা করে দেখব এই ত্যাগ স্বীকারের কথা: নিশ্চয় এটা বিচার করে দেখব। এখানে অনেক কথা কংগ্রেস দলের কাছ থেকে শুনলাম যা এতদিন কখনও শুনি নি এই প্রাথমিক শিক্ষকদের সম্বন্ধে। কিন্তু আজকে এই কথাই তাঁরা তাঁদের হয়ে বলছেন—তাও ভাল তাঁরা বিরোধী হয়েছেন বলে অন্তত এই

প্রথম এইসব লোকের কথা মনে পড়েছে; ও'রা সম্মানিত ব্যক্তি, ও'রা আমাদের ছেলেমেয়েদের শিক্ষিত করে তোলেন, ও'দের স্বার্থ আরও বেশি করে দেখা দরকার, এই যে মনে পড়েছে, এ একটা দেশের উপকার যে, এইরকমভাবে ও'দের তাঁদের কথা যখন মনে পড়েছে।

তারপর আমি এটাও বলতে চাই যে যেটা বোধ হয় শম্ভুবাবু ও আরো দু'-একজন বলেছেন, আমার বক্তৃতায় সেটা আছে—আমরা এই সব হিসেব-নিকেশ করছি যাতে স্বায়ত্তশাসনমূলক প্রতিষ্ঠানের কর্মচারী যারা তাদেরও আমরা যাতে কিছু দিতে পারি—সেই ব্যবস্থা আমরা করছি। আর এ-ও ব্যবস্থা করছি যাঁরা পেনসন পান, বৃদ্ধ লোক, আমার মনে আছে নির্বাচনের আগে তাদের যে একটা সংগঠন আছে, সেই সংগঠনের পক্ষ থেকে তাঁরা এসেছিলেন, কংগ্রেসের কাছেও গিয়েছিলেন, তাঁরা বললেন, আমাদের তো আপনারা কোনদিন দেখেন না! আমরা সামান্য পেনসন পাই—তা ঠিক; কিন্তু আমরা আপনাদের নজরের বাইরে। বিলেতেও দেখেছি পেনসনরদের কথা তাঁরা চিন্তা করেন। কিন্তু আমাদের এখনকার সামাজিক অবস্থা অন্য রকম, জয়েন্ট ফ্যামিলি, ছেলের সঙ্গে বাবা থাকেন। সেই জন্য তাঁরা আমাদের নজরের বাইরে। আজকে যে অবস্থা দাঁড়িয়েছে বিশেষ করে নিম্নস্তরে যাঁরা পেনসনের টাকা পান, তাঁদের জন্য ব্যবস্থা আমাদের করতে হবে। আমরা দেখছি কত কি তাঁদের জন্য করতে পারি। তার মানে যে টাকা বরাদ্দ আমরা করেছি এই খাতে, তারো কিছু টাকা বেশী খরচ হবে বলে আমি মনে করি।

আমি আশা করেছিলাম শৈলবাবু বা আরো পুরানো কংগ্রেস সদস্য যাঁরা আছেন, তারা একযোগে বলবেন হ্যাঁ, সত্যি কথা মাগ্‌গীভাতা আরো কর্মচারীদের দিতে হয়। মুদ্রাস্ফীতি হয়েছে। তার প্রধান কারণ হচ্ছে কেন্দ্রীয় সরকারের নীতি। কাজেই কেন এটা কেন্দ্রীয় সরকার বহন করবেন না? কিন্তু দুঃখের বিষয় একবারও তিনি বা তাঁদের কেউ বলেন নি সে কথা। সম্পূর্ণ না দিতে পারলেও কিছু আমাদের সঙ্গে শেয়ার করা উচিত—একথা বললে বোধ হয় ভাল হতো তাদের বলতে পারতাম এই নিয়ে আমরা লড়াই করছি সেখানে।

প্রাথমিক শিক্ষকদের কথা আপনারা বললেন। তাঁদের মাইনের কথা। ১৯৬৬ সালে সেটা বিচার করে ঠিক করেছিলেন তাঁরা। এখন এমন অবস্থায় পড়েছে, যা হোক তাঁদের বিচারের কথা এসে গেছে। কেন্দ্রীয় সরকারের সৌভাগ্য আমাদের কংগ্রেসী অকংগ্রেসী সব মন্ত্রীরা একত্রে বসে একটা রিপোর্ট দিয়েছেন যে এদের মাইনে পুনর্বিবেচনা করে দেখতে হবে—সমস্ত ক্যাটেগরীর শিক্ষকগণের শুধু প্রাথমিক শিক্ষক নয়। যদি তাই হয়, এই ৯০ ভাগ টাকা বাড়তি কেন্দ্রীয় সরকার দেবে, আর ১০ ভাগ টাকা স্টেট দেবে। আমি এটা পূর্ণ সমর্থন করি। কংগ্রেসের যারা এদের জন্য অশ্রু বিসর্জন করছেন তাঁরা আমাদের সঙ্গে যোগ দিতে পারেন এই প্রচেষ্টায়, যাতে কেন্দ্র এটা ব্যবস্থা করেন। পরের বছরের গোড়ার দিকে যদি এটা হয়, তাহলে তাদের অবস্থার আরো কিছুটা উন্নতি হবে বলে আমি মনে করি। এই মাগ্‌গী ভাতা সম্বন্ধে আবার পুনর্বিবেচনা করতে হবে এরই পরিপ্রেক্ষিতে হয়ত বছর শেষ হতে না হতে এর পরের বাজেটে জানুয়ারীর শেষে। কারণ আপনারা জানেন গজেন্দ্র গডকড় কমিশনের রিপোর্ট, কেন্দ্র চিঠি লিখে জানতে চেয়েছেন আমাদের মত কী এই সম্বন্ধে। আমরাও চিঠি দিয়েছি সেখানে। আমরা মনে করি গজেন্দ্র গদকড় কমিশন না বলেছেন যে কেন্দ্রীয় সরকারের কর্মচারী ও প্রাদেশিক সরকারের কর্মচারীদের একই ভাবে এটা পাওয়া উচিত, কিন্তু আমরা এটা মনে করি যে কেন্দ্রীয় সরকারকে এই টাকা বহন করতে হবে। এটা কোন অন্যায় কথা নয়। এই সব কথা বললে কংগ্রেসের কিছু কিছু বন্ধু আছেন যাঁরা কটূক্তি করেছেন এই কথা বলে "পরের টাকায় পোদ্দারি"। একথা বলা কি ঠিক হলো? পরটা কে? কার টাকা? দিল্লীতে তাঁরা বসে আছেন। আমাদের টাকা ফিরে গিয়ে ঐ দিল্লীতে জমা হয়। সে কি পরের টাকা? সে টাকায় কি আমাদের কোন অধিকার নাই? এটা কবে ঠিক হলো? কংগ্রেসের যখন সব জায়গায় রাজত্ব ছিল, তাঁদের বশংবদ যারা, কেন্দ্রীয় সরকারের নীতির জন্য কি তাঁরা এই কথা মনে করেন?

**শ্রীশৈলকুমার মুখার্জী:**

পুরানো চিঠি খুলে দেখুন, দেখতে পাবেন।

তবে একথা বললেন কেন—পরের টাকায় পোদ্দারি? আমি জিজ্ঞাসা করি শৈলবাবু ওঁদের কংগ্রেসের লোকদের একটু সংযত করবেন কি না? এই সব ভাষা তাঁদের বোঝাবেন, এটা পরের টাকা নয়।

[7-35—7-45 p.m.]

আমি জিজ্ঞাসা করি শৈলবাবুকে তিনি অনেক কথা বললেন, তিনি অর্থমন্ত্রী ছিলেন। তিনি জানেন যে আমাদের ফাইনান্স কমিশন থেকে যে বরাদ্দ করা হয়েছে তাতে বাংলাদেশ কত ঠকে গেছে তিনি সেটা বলবেন? ১৭৭ কোটি টাকা যেটা আমি আমার বাজেটে বলেছি সেটা মিনস-এর ভিত্তিতে প্রয়োজনে দেওয়া হয়েছে। এটা কি সমর্থন করবেন, যেটা প্রোটেস্ট করেছেন দেখুন আমরা একমত ১ কোটি টাকার ব্যাপারটায়

(**শ্রী শৈলকুমার মুখার্জী:** আমরা প্রোটেস্ট করেছিলাম)

দেখুন তা হলে আমরা এ বিষয়ে একমত। তাহলে আমরা চাই আমরা একমত হয়ে আমাদের কেন্দ্রের থেকে ঐ ১০ কোটি টাকা আমরা আদায় করতে পারবো। শৈলবাবু যদি আমাদের সঙ্গে থাকেন তাহলে কোথায় ঘাটতি থাকলো। তা হলে এত প্রতিবাদ কেন? তাহলে কেন বার বার বলছেন সর্বনাশ হয়ে গেল এ বাজেটের দ্বারা, এটা যদি মুখে এক এবং মনে এক না হয় তা হলে নিশ্চয়ই এখানে মনে করিয়ে দিচ্ছি যে তাঁরা টেবিল চাপড়ে আমাকে সমর্থন জানাবেন। ট্যাক্স সম্বন্ধে অনেক কথা বলা হয়েছে, এখানে বলতে পারলে ভাল হত। দুর্ভাগ্যবশতঃ আমি এখনও পর্যন্ত হিসাব নিকাশ করে উঠতে পারি নি কিভাবে করা যেতে পারে। কি করলে গরীব লোকের উপর না হয়, সেটা কতটা করতে পারব সেটা এখন বলা যাবে না। এই বিল নিয়ে আপনাদের সামনে আনবো এবং তখন আপনারা আলোচনা করবেন। কয়েকজন কংগ্রেস সদস্য বলেছেন যে আমরা কি ইন্ডিপেন্ডেন্ট নই—আমরা স্বাধীন। বলেছেন আপনারা কেন কেন্দ্রের উপর নির্ভর করেন। পরের টাকায় কি হবে, তিনি পাগল কি না জানি না, তবে তিনি বুঝে-সুঝেই বলেছেন, শৈলবাবু জানেন বা পুরান কংগ্রেসীরা জানেন প্রায় ৩০০ কোটি টাকা পশ্চিম-বাংলা থেকে এক্সপেন্ডিচার ডিউটি, ইনকাম ট্যাক্স, করপোরেশন ট্যাক্স ইত্যাদি বাবদ কেন্দ্রে চলে যায়। আপনারা জানেন যে, এর চেয়ে বেশী টাকা আমরা যে পাট ও চা উৎপাদন করি যা বাইরে বিক্রী হচ্ছে তা আমাদের কাছে আসে না, তা ওদেরই কাছেই চলে যায়। এই টাকা পরের টাকা নয়। কিন্তু আমরা ইন্ডিপেন্ডেন্ট নই "এসব কথা "বলা ইন্ডিপেন্ডেন্ট কি করে হয়। আমরা ভারতবাসী, আমরা একসঙ্গে থাকি, আমাদের সংবিধান আছে, আমরা এভাবে সমস্ত টাকা কেন্দ্রীভূত, দুর্ভাগ্যবশতঃ আমরা এত কেন্দ্রীভূত চাই না—কিন্তু আছি, "কাজেই আমাদের কেন্দ্রের কাছে বলতে হবে, দাবী পেশ করতে হবে। বেগার্স বাওএল হিসাবে কেন্দ্র থেকে চাই না। আমাদের এটা দাবী এবং বুঝে নিতে হবে। এবং এই দাবী আদায় করবার জন্য আমাদের চেষ্টা করতে হবে, এ বিষয়ে আমি আরও কিছু বলতে চাই না। এই বাজেট সম্বন্ধে আরও অনেকে বলেছেন। অনেকে বলেছেন এই কথা যে, এর মধ্যে পুরান ছাপ বহু আছে। আমি কি সেই পুরান ছাপকে মুছে ফেলতে পারছি? সেটা সম্ভব নয়, তাই যদি হয় তা হলে আগামী দিনে আমরা চেষ্টা করব যে, আমরা আরও অনেক হিসাব নিকাশ করব যে কোন জায়গায় টাকা বাঁচাতে পারি, কত টাকা বাঁচাতে পারি। যে সমস্ত বিভিন্ন স্কীম আছে এভাবে এখানে হয়ে থাকে সেই সমস্ত একটু এদিক ওদিক করে, অদল-বদল করে কিছু স্পেসিফিকেশন বদলে জনসাধারণের সাহায্য নিয়ে করব। আমরা শুধু কনট্রাক্টর-এর হাতে আমরা দেখব কি করে আর কত টাকা বাঁচাতে পারি। সকলের চেয়েও বড় কথা যেটা তা হচ্ছে আমার কাছে যে কোন খাতে যত টাকাই আমরা বরাদ্দ করে থাকি, সব চেয়ে ভয়ের কথা যেটা খরচ না করা। নজর রাখার কথা হচ্ছে এটার যে সব কথা বলেছি সেটাকে কার্যে রূপায়িত করতে পারব কি না এটাই হল আসল কথা যে আমরা তা কার্যে রূপায়িত করছি কি না? বাজেট প্রস্তুত করা এক জিনিষ আর তাকে কার্যে রূপায়িত করা তা একটা জিনিষ। কিভাবে আমরা টাকা খরচ করবো সামঞ্জস্যপূর্ণভাবে কিভাবে কোথায় খরচ করবো কখন করবো না শেষের দিকে গিয়ে সব টাকা ঢেলে দাও ঢেলে দাও

বলে খরচ করতে অরও করবো, পুরানো বাজেটে দেখেছি টাকা জমে আছে খরচ পর্যন্ত করতে পারেন নি। সে দিক থেকে আমরা যথেষ্ট নজর রাখবার চেষ্টা করছি। আগামী দিনে বলতে পারব যে সফল হয়েছি কিনা? আমার ধারণা এই টাকা কমান যায় এবং ইমারজেন্সী-এর কোন খাতে কত এভরি ডিক্লিয়ার্ড করে যদি যাই, কোন খাতে কত আমরা খরচ করতে চলেছি এখানে বরাদ্দ আছে ঐ ৯৭ লক্ষ টাকা বরাদ্দ কমিয়েছি কিন্তু তা কমাবার পরেও এত টাকা থেকে গেল। আমার মনে হয় এখনও স্কোপ আছে, আমরা অনেক সময় ইমারজেন্সীতে দেখেছি যে আমরা যখন জেগে ছিলাম, যখন পাকিস্তানের সঙ্গে যুদ্ধ হচ্ছিল তাতে আমরা দেখলাম যে এমারজেন্সীর কাজ আরম্ভ হল, রোজ কাগজে দেখি এমারজেন্সীর কাজ আরম্ভ হল। তারপর একদিন দেখলাম সেই ৩ বিঘার যুদ্ধ ৩ সপ্তাহে শেষ হয়ে গেল, যেদিন শেষ হল তার পরের দিন দেখলাম বাফল ওয়াল হচ্ছে জানলা নষ্ট করে দিয়ে। আমি জিজ্ঞাসা করলাম যুদ্ধ শেষ হয়ে গেল এ কি ব্যাপার? বোমা ত ফেলে দিয়ে গেল, এখন বাফল ওয়াল দিয়ে কি হবে? আমরা যখন প্রেসিডেন্সী জেলে ছিলাম ঐ যে পুকুরটার পারে থাকি সেখানে যে কি করে টিপ করে মাথার উপর না ফেলে মাঠের উপর ফেলবে কেন জানি না, আর যদি মাথার উপর ফেলে দিয়ে যায় তা হলে আমরা লকআপ-এ থাকি রাত্রে পড়লে ত ছাড়বেই না, শেষ হয়ে যাব, তাই বলছি এতে এত টাকা খরচ হয়, স্ট্রাইক খুবই দরকার, আপনারা ত এই ব্যবস্থা করেছেন, শৈলবাবুদের সময় ও'রা অ্যাডভার-টাইজমেন্ট করলেন—এমন অ্যাডভারটাইজমেন্ট করলেন যে এয়ার-রেড করে বোমা ফেলে দিয়ে গেল। ও'রা গদীতে বসে রইলেন; ইউরোপ বা অন্য কোন দেশ হলে তাদের সেখান থেকে টেনে নামিয়ে দিত। যদি সেইরূপ অবস্থাই হয় তা হলে কি করতে হবে আমরা দেখবো, চিন্তা করবার দরকার নেই। আমরা কি ব্যবস্থা করবো তার চিন্তা নেই। পুলিশ সম্বন্ধে অনেক কথাই বলেছেন। এটা একটা দৃষ্টিভংগীর কথা। আমরা পুলিশকে কল্যাণমূলক কাজে ব্যবহার করব বলে বলেছি। আমরা তাদের দিয়ে স্ট্রাইক ভাঙ্গাব না, আমরা জনসাধারণের উপর উৎপীড়ন করব না, কংগ্রেসের অনেকেই আক্ষেপ করেছেন যে কেন আরও গুলী চলছে না, কেন আমরা মালিকের পক্ষ নিয়ে টেলিফোন করলেই পুলিশ পাঠিয়ে দিয়ে ট্রেড ইউনিয়নগুলিকে ধ্বংস করছি না এটাই তাঁদের দুঃখ। এই ধরনের কথা কংগ্রেস পক্ষ থেকে বলা হয়েছে যদি এইভাবে এই সব ভাঙ্গার জন্য তাদের দুঃখ হয় তা হলে আমরা সেই দুঃখ ঘোচাব কি করে? সে দুঃখের দমন করতে পারব না। এ দুঃখ কি করে কংগ্রেসের ঘোচাব, তা হলে আমরাই ঘুচে যাব; আমি এই কথা বলতে চাই যে, একটা ভুল বোঝাবুঝি হচ্ছে আমাদের শ্রমনীতি সম্বন্ধে। কংগ্রেসীরা কি বলবেন ভাবুন, আপনারা একটু চিন্তা করুন। এদিক থেকেও ২।১ জন সদস্য বলছেন, কিন্তু আমাদের আসল জিনিষটা ভেবে দেখুন, যারা দুর্বল পক্ষ শোষিত করা হচ্ছে তাদেরই। শ্রমিক পক্ষ—তাদের আমরা দেখব না কি? তাদের যদি তাড়িয়ে দেওয়া হয় কলকারখানা থেকে তাহলে কি আমরা চুপ করে বসে থাকব, যাদের রাস্তায় তাড়িয়ে দিলে পরের দিন কি খাবে জানে না, যাদের পোস্ট অফিসে একটা টাকাও নেই, যাদের কোন আইন নেই এই যে পক্ষ একে যদি আমরা সমর্থন করি এটা কি অন্যায় না অপরাধ? আমার মনে হয় কংগ্রেস পক্ষরাও এটা বলতে পারবেন না যে এটা অপরাধ, যদিও তারা নির্লজ্জ তবুও তারা একথা বলতে পারবেন না, মুখে বেধে যবে প্রতিবাদ করার।

[7-45—7-54 p.m.]

কিন্তু আমরা এই কথা কোনদিন বলিনি যে যারা নাকি এমপ্লয়ারস কর্তৃপক্ষ, যাদের কারখানা আছে, তাদের সব মেরে তাড়িয়ে দাও। কারখানা কর্তৃপক্ষকে আমাদের দরকার নাই, আমরা কোনদিন এই কথা বলিনি। আমরা কতৃপক্ষের সঙ্গে তাদের চেম্বার অফ কমার্স-এর সঙ্গে আলোচনা করেছি যে কিভাবে এই সমস্ত গন্ডগোল অন্ততঃ ৬ মাসের জন্য মেটানো যায়, একটা পথ খুঁজে পাওয়া যায়। শ্রমিকরা রাজী হয়েছিল কিছু কিছু পন্থা অবলম্বন করতে, কিন্তু মালিক পক্ষ এখনও রাজী হননি। কিন্তু তবুও আমরা আলোচনা চালাচ্ছি। কারণ, আমরা কেন চাইব উৎপাদন ব্যাহত হোক, বন্ধ হয়ে যাক? এটা আমরা কখনও চাই না। আমরা চাই উৎপাদন আরো বাড়ুক, আরো লোক চাকুরী পাক। কিন্তু এই কথা যদি কেউ বলেন যে উৎপাদন ব্যাহত হচ্ছে বাংলাদেশে, কারণ, শ্রমিকরা ২।৩।৪টি ঘেরাও করেছে বলে, তাহলে সেটা অসত্য কথা হবে। আমি আপনাদের দেখাতে পারি অঙ্ক হিসাব করে এবং অর্থনীতি বিষয়ে

আপনাদের একটু বললে, যে রিশেসন সুরু হয়েছে বাংলাদেশে বিশেষ করে যেখানে ইঞ্জিনীয়ারিং শিল্পের প্রাধান্য আছে যদি রেলওয়ে বোর্ডের অর্ডার কমে যায়, তাহলে রিসেশন হতে বাধ্য, সেখানে এইভাবে কাজ কমে যেতে বাধ্য, উৎপাদন কমে যেতে বাধ্য। বড় কারখানায় যদি তাই হয় তাহলে তারা যে ভাগবাটোয়ারা করেন অর্ডারের, তাতে ছোট ছোট মাঝারি কারখানায় অসুবিধা দেখা দেবে। এগুলিকে নানাভাবে আমাদের ব্যবস্থা করতে হবে। কেউ যদি বলেন যে তাতে মালিকদের অসুবিধা হচ্ছে—হচ্ছে। কিন্তু মালিকদের তাতে পারসেনটেজ লাভের অঙ্ক কমে যাবে। কিন্তু শ্রমিক যদি ছাঁটাই হন তাহলে তাঁদের স্ত্রী-পুত্র-পরিবার নিয়ে রাস্তায় গিয়ে দাঁড়াতে হবে। কালকে তাঁরা যে কি খাবেন তা জানেন না। সেই জন্য তাঁদের পক্ষটা বেশী অবলম্বন করতে হবে। আমরা চাই যে অন্ততঃ সাময়িকভাবে হলেও একটা ব্যবস্থা করতে যাতে ভালভাবে আমাদের কলকারখানা চলে। আমরা চাই ভালভাবে কারখানা চলুক, এই জন্য এই কথা বলা। এই সব কারণে বিভীষিকার রাজত্ব সৃষ্টি হয়েছে এটা একেবারেই সত্য নয়। আমি প্রধানমন্ত্রী শ্রীমতী গান্ধীকে বলেছিলাম যে আপনি এখানে বসে যা সব শুনছেন এটা না শুনে গোটা বাংলাদেশ ঘুরুন। আপনি দেখবেন ট্রাম বাস চলছে, এমন কি সিনেমাতেও লোক যাচ্ছে, সমস্ত সিনেমাই খোলা আছে, সেখানে ম্যারেজ সেরিমনিজ আর টেকিং প্লেস, নরম্যালসি আছে, এই জিনিস চারিধারে দেখতে পাবেন। তবে এটাও দেখতে পাবেন যে ২।৪টি কারখানা লক-আউট করে মালিকরা বসে আছেন। ঘেরাও বলে যে একটি কথা ইংরাজীতে ঢুকেছে, কোথাও কোথাও ২।৪টি কারখানায় এই জিনিষটা হচ্ছে তাও আপনি দেখতে পাবেন। এসবই এখন নরম্যালসির মধ্যে এসে গেছে, এতে এমন কিছু ঘাবড়াবার কারণ নেই। কিন্তু আমরা জানি একটা ষড়যন্ত্রমূলক প্রচার, একটা রাজনৈতিক উদ্দেশ্যমূলক প্রচার আমাদের বিরুদ্ধে হচ্ছে। তার কিভাবে জবাব দিতে হয় আমরা জানি, আর জনসাধারণ যাঁরা আমাদের সমর্থন করেন তাঁরাও জানেন। আমি আর সমস্ত বক্তব্যের মধ্যে যাচ্ছি না। আমরা কৃষকদের জন্য ২।১টি আইন আর শ্রমিকদের জন্য ২।১টি আইন অন্ততঃ যাতে খানিকটা তাদের সুবিধা হয় সেই জন্য আমরা আনবার চেষ্টা করছি। বিভিন্ন খাতে আমাদের মন্ত্রীরা যখন বলবেন তখন সে বিষয়ে আপনাদের বলবেন। হাসপাতাল সম্বন্ধে এদিক এবং ওদিকের অনেকে বলেছেন। আমি জানি এগুলি সত্য কথা। এগুলিকে আমরা এখনও দূর করতে পারি নি। সেখানে রোগীদের প্রতি যে অব্যবস্থা চলেছে এটা যাতে দ্রুত গতিতে সমাধান করতে পারি সেদিকে আমাদের যেতে হবে। একজন সদস্য ব্যক্তিগতভাবে জড়িয়ে একটি কথা বলেছেন বলে সেই জন্য আমি উত্তর দিচ্ছি। রানাঘাটে পুলিশের গুলিতে যাঁদের মৃত্যু ঘটেছে তাঁদের আমরা বলে এসেছিলাম যে তাঁদের আমরা কিছু ক্ষতিপূরণ দেব। কিন্তু এতে কি ক্ষতিপূরণ দেব, এতে তো ক্ষতিপূরণ হয় না, তবে যতটুকু আমরা পারি সাহায্য করব। তিনি এটা জানেন, এত ব্যস্ত হবেন না। তাঁদের সঙ্গে আমাদের যোগাযোগ আছে, আমরা তো আর ওঁদের সরকারের মতন নয়।

এ করা কর্তব্য বলে আমি মনে করি। তারপর, আমি শুধু একটা কথা বলে শেষ করব সেটা হচ্ছে এই যে আমাদের খাদ্য পরিস্থিতি অত্যন্ত সংকটাপন্ন এটা আপনারা জানেন এবং এখানে অনেক আলোচনা এই বিষয়ে হয়েছে, আমি আর দীর্ঘ বক্তৃতা এর উপর দিতে চাই না, তবুও এটুকু আমি মনে করেছিলাম যে এই সংকট মুহূর্তে কংগ্রেসের দিকের বন্ধুরা অন্ততঃ কিছুটা সহযোগিতা দেখাবেন। কিন্তু দেখাতে চান নি, এমনকি আমাদের অনেক গালাগালি দিচ্ছেন, আমাদের গণকমিটিকে, খাদ্য কমিটিকে, ত্রাণ কমিটিকে তাঁরা গালাগালি দিচ্ছেন। কিন্তু একবারও ওঁরা যদি আমাদের সঙ্গে যোগ দিতেন এবং যোগ দিয়ে ভেতরে থেকে যদি ঐ সমস্ত সমালোচনা সব কিছু করতেন তাহলে আমরা বুঝতে পারতাম এই নিয়ে রাজনীতি খেলা হবে না। কিন্তু দুর্ভাগ্যবশতঃ ওঁরা সেই রাজনীতির খেলায় মেতেছেন। যাই হোক আমি আপনাদের এইটুকু বলতে চাই একটা খুব বিরাট অর্থনৈতিক সংকট আমাদের এখানে দেখা দিয়েছে এবং যার জন্য আপনারা জানেন যে ইঞ্জিনীয়ারিং শ্রমিকরা আজকে একটা প্রতীক ধর্মঘট করেছিল আজকের দিনটার জন্য। আমি শুনেছি ভাল ধর্মঘট হয়েছে। কি করবো, আমরা সরকার হয়েও তাদের পক্ষ আমাদের সমর্থন করতে হয়। কারণ ওরা যখন এসে আমাদের জিজ্ঞাসা করছে যে আমাদের অ্যাওয়ার্ডগুলি মালিকরা কেন মানছেন না, আপনারা কি কিছু করতে পারেন, আমাদের কেন লক আউট করে দিচ্ছে, কেন ছাঁটাই করে দিচ্ছে, ইনটারিম যেটুকু দেওয়ার কথা সেটুকু কেন

দিচ্ছে না এ সম্বন্ধে আপনারা কি কিছু করতে পারেন? আমি বলেছি আমরা অপারক, এর কো আইন নেই, সে ব্যবস্থা তোমাদের জন্য নেই, সেজন্য তোমাদের শক্তির উপর তোমাদের নির্ভ করতে হবে। এছাড়া অন্য কিছু বললে আমি ভণ্ড হবো এই কথা আমি বলবো। তাদে শক্তিতে তাদের সেই জিনিস তারা আদায় করে নেবে। আমি সেজন্য একথা বলবো যে এ অবস্থার মধ্যেও আমি জানি যে কিছু লোকের মনে এটা ঢুকেছে যে আমাদের সরকারকে তা কত তাড়াতাড়ি তাড়িয়ে দিতে পারেন, সেন্ট্রাল ইন্টারভেনশন হবে কিনা। আমি দিল্লীতে গিয়েছিলাম সেখানে এই কথা ছাড়া অন্য কোন কথা নেই। কিছু কিছু লোক এই কথা ভাবে অবশ্য আমি দেখেছি স্টেটসম্যান পত্রিকার এডিটোরিয়ালে, কিছু কংগ্রেসী বন্ধুদের বলেছেন- দেয়ার আর সাম ফ্যাট হেডস ইন দি কংগ্রেস। যারা আবার ক্ষমতায় আসতে চায়। ভাল বলেছেন, কথাটা ভালই লেগেছে আমার। কিন্তু আমি মনে করি তা নয়, ও'রা আসতে চান ন কংগ্রেসের কিছু লোক চান যাতে এখানে প্রেসিডেন্সিয়াল ইন্টারভেনশন হয়। আমি একথা বি যে আমাদের এখানে এতই যদি অরাজকতা, আমাদের এখানে এতই যদি নকসালবাড়ীর বিভীষিক আমাদের এখানে মানুষের মনে যদি এতই অনিশ্চয়তা তাহলে কি করে আমি যা দেখছি দু'শ আপনাদের কারোর কি চোখ নেই, আপনারা কি দেখছেন না বাইরের দিকে তাকিয়ে যে বুভুক্ষ মানুষ যাদের আমরা দুর্ভাগ্যবশতঃ দু'বেলা পেট ভরে খেতে দিতে পারছি না তারা দলে দ এসে বলছে ইউনাইটেড ফ্রন্ট গভর্নমেন্ট জিন্দাবাদ? এ বারে বারে ধ্বনিত প্রতিধ্বনিত হচ্ছে এই জিনিস কি আপনারা দেখতে পান না? এমন কথা কোন দিন ২০ বছরের মধ্যে কোথায় কোন সরকার ছিল যাঁরা এই সমর্থন পেয়েছেন? কংগ্রেস যদি আজ থাকতো তাহলে বাংলাদে আগুন জ্বলে যেতো একথা আপনারা মনে রাখবেন। সেইজন্য যতদিন মানুষের এই সমর্থ সহযোগিতা, আমাদের প্রতি আছে ততদিন কংগ্রেসের দয়ায় আমরা এদিকে এসে বসিনি, এ গদীতে আমরা থাকবো। যেদিন আমরা বুঝতে পারবো যে সেই সহযোগিতা আর নেই, মানু আমাদের ধিক্কার দিচ্ছে সেদিন আপনাদের কারো বলতে হবে না এই গদী ছেড়ে আমরা চ যাবো এই কথা মনে রাখবেন। কিন্তু আমরা জানি সেদিন আসবে না। আমি তাই স্পীকা মহাশয়, আর সময় নিচ্ছি না, অনেক দেরী হয়ে গিয়েছে, আমি আশা করি এর পরে কংগ্রেস বন্ধুরা আমার বাজেটকে সমর্থন জানাবেন।

**Mr. Deputy Speaker:** The General Discussion on the Budget is nov over.

### Adjournment

The House was then adjourned at 7-54 p.m. till 1 p.m. on Wednesday the 5th July, 1967, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Building, Calcutta, on Wednesday, the 5th July, 1967, at 1 p.m.

**Present**

Mr. Speaker (Shri BEJOY KUMAR BANERJEE) in the Chair, 17 Ministers and 153 Members.

HELD OVER QUESTION No. 7.

### STARRED QUESTION
**(to which oral onswer was given.)**

[1—1-10 p.m.]

**Drainage scheme in the Bilbasia and the Jibanti river areas**

***7.** (Admitted question No. *25).

**শ্রীআবদুল হক:** সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মুর্শিদাবাদ জেলার বিলবসিয়া এবং জীবন্তী নদী এলাকার জল নিষ্কাশন ও বন্যা নিবারণের জন্য ক্যানেল কাটার যে পরিকল্পনা সরকারের ছিল তাহার সর্বশেষ পরিস্থিতি কি?

**Shri Biswanath Mukherjee:**

বিলবসিয়া অঞ্চলের উন্নয়নের জন্য কোনও পরিকল্পনা এখনও গ্রহণ করা হয় নাই। এই বিলটি খুব নীচু বলিয়া অতি সাধারণ বন্যার সময়েও ইহা জলপ্লাবিত হইয়া যায়। এই বিলটির জলনিষ্কাশন ও বন্যা নিরোধ সমস্যা সমগ্র কান্দী এলাকার জলনিষ্কাশন সমস্যার সহিত জড়িত।

কয়েক বৎসর পূর্বে জীবন্তী-বাঁকী জলনিকাশী প্রকল্পের কার্য নিষ্পন্ন করা হইয়াছে। প্রকল্পের মূল উদ্দেশ্য অনুসারে ইহার দ্বারা এলাকার বর্ষাপরবর্তী জলনিকাশী ব্যবস্থা হইতেছে।

প্রস্তাবিত কান্দি প্রকল্প কার্যকরী হইলে পর বিলবসিয়া ও জীবন্তী নদীর সমগ্র এলাকার জলনিষ্কাশন ও বন্যা নিবারণের সমস্যার সমাধান হইবে।

**শ্রীনিখিল দাস:** মন্ত্রিমহাশয় বলবেন কি কবে এই পরিকল্পনা কার্যকরী হতে পারে?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** এ সম্বন্ধে কতকগুলি মডেল পরীক্ষার কাজ হচ্ছে, হরিনঘাটায় যে নদীনালা গবেষণাগার আছে সেখানে শীঘ্রই এ কাজ শেষ হবে, ইতিমধ্যে বিলবাসিয়া এবং জীবন্তী নদী এলাকায় জল নিষ্কাশন ও বন্যা নিবারণ সমস্যার আংশিকভাবে যাতে সমাধান করা যায় তার জন্য আমি ইঞ্জিনীয়ারদের বলেছি যে একটা পারশিয়াল প্ল্যান করার জন্য ইমিডিয়েটলি। এই মডেল পরীক্ষার ভিত্তিতে যে পরিকল্পনা সেই পরিকল্পনা তৈরী করে তার এস্টিমেট আমার কাছে প্লেস করার জন্য বলেছি—পার্শিয়াল যে রিলিফ সেটা শীঘ্রই হতে পারে আর মডেল ভিত্তিতে প্ল্যানটা করতে একটু সময় লাগবে।

**শ্রীনিখিল দাস:** তাহলে কি এটা আশা করা যেতে পারে যে ঐ টেম্পোরারী পরিকল্পনা যেটা নিচ্ছেন তার সুযোগটা এবারে চাষীরা পাবে?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** সবটা বেনিফিট এবারে পাবে না—যদি খুব একটা হেভি বন্যা হয় তাহলে এবারে সেটা প্রিভেন্ট করা সম্পূর্ণভাবে যাবে না—পার্শিয়াল রিলিফ পসিবল। আর সম্পূর্ণভাবে করবার জন্য—যেহেতু এটা গভীর সেইজন্য ঐ সম্বন্ধে মডেল এক্সপেরিমেন্ট না করে বহু টাকার পরিকল্পনা হবে, সেটা কমিটমেন্ট করা যাচ্ছে না—তবে মডেল পরীক্ষাটা শীঘ্রই আমি কমপ্লিট করতে বলেছি এবং দ্যাট ইজ নিয়ারিং কমপ্লিসন এবং সেই প্ল্যান হলেই প্রকল্পটা হবে।

**ডঃ নলিনাক্ষ স্যান্যাল:** মন্ত্রিমহাশয় বলবেন কি যে এই পরিকল্পনার কাজ কত বছর থেকে গভর্নমেন্টের বিবেচনাধীন আছে তার একটা ব্যবস্থা করবার জন্য এবং যদি ইতিমধ্যে গভর্নমেন্ট সে বিষয়ে কোন ব্যবস্থা করে থাকেন, কেন অতীতে তা সম্পূর্ণ হোল না?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** আমি ঠিক জানি না যে কত দিন ধরে এটা বিবেচনাধীন রয়েছে-তবে আমার কাছে এটা খুব সম্প্রতি এসেছে এবং আমি ইঞ্জিনীয়ারদের ডাকিয়ে এটা নির্দেশ দিয়েছি যে এটা ফেলে রাখা উচিত নয়, এবং এটা তাড়াতাড়ি মডেল এক্সপেরিমেন্টের ভিত্তিতে একটা প্ল্যান তৈরী করে এস্টিমেট করে আমার কাছে সাবমিট করতে।

**ডঃ নলিনাক্ষ স্যান্যাল:** মন্ত্রিমহাশয় জানেন কি যে তাঁর ডিপার্টমেন্টের অফিসারদের অ্যাটিচিউড হচ্ছে কি করে কাজ না করা যায় এবং সেইজন্য নানারকম অজুহাত দিয়ে এই প্রকল্পটাকে যাতে আরও পিছিয়ে দেওয়া যায় তার জন্য মডেল পরীক্ষার কথা বলা হয়েছে। এ সম্বন্ধে এমন কোন বৈজ্ঞানিক প্রয়োজনীয়তা নেই যার জন্য মডেল পরীক্ষার প্রয়োজন হতে পারে।

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** অফিসারদের কাজ করা না করা সেটা মন্ত্রীর উপর অনেকখানি নির্ভর করে এবং আমি মাননীয় সদস্যকে অ্যাসিওর করতে পারি যে আমি যতদিন মন্ত্রী আছি ততক্ষণ অফিসাররা কাজ করছেন এবং কাজ করবেন বলে আমি বিশ্বাস করি।

**ডঃ নলিনাক্ষ স্যান্যাল:** মডেল পরীক্ষায় কি দেখা হবে—এটা তো নদী নয়, মডেল পরীক্ষায় কি স্টাডি করা হবে এবং একটা মডেল পরীক্ষা শেষ করতে কত বছর লাগে তা মন্ত্রিমহাশয় জানেন কি?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** আমি মাননীয় সদস্যকে অ্যাসিওর করছি যে আমি এর ডিটেলসে খুব শীঘ্র প্রবেশ করবো এখনও পর্যন্ত এই পরিকল্পনার ডিটেলসে আমি যেতে পারি নি। আমি পারসোন্যালি হরিণঘাটায় গিয়ে এনকোয়ারী করবো এবং অন দি স্পটেও যাবো এবং যদি এই মডেল পরীক্ষার আবশ্যকতা না থাকে তাহলে আপনাদের ডেকে আমি শুনবো এবং আপনাদের একটা কমিটি করে স্থানীয়ভাবে কিছু রিপ্রেজেনটেটিভ নিয়ে তাদের অ্যাডভাইস নেবো মডেল পরীক্ষা যদি দরকার থাকে—আর যদি দরকার না থাকে তাহলে মডেল পরীক্ষা বাদ দিয়ে কি করে কাজ করা সম্ভবপর সে সম্বন্ধে যদি টেকনিক্যাল অ্যাডভাইসের দরকার হয় তাহলে আমরা তা নেবো।

**ডঃ নলিনাক্ষ স্যান্যাল:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে ফারাক্কা প্রজেক্টে গঙ্গার নাব্য খাল করবার প্রস্তাব রয়েছে তার সঙ্গে এর যোগাযোগের ব্যাপার দেখার জন্য এই পরীক্ষার প্রয়োজন হতে পারে—অন্যথায় জল নিষ্কাশনের জন্য এটার প্রয়োজন হতে পারে না?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** মাননীয় সদস্য যে অনুমান করছেন তা ঠিক।

**শ্রীঅমলেন্দু বাগচী:** এটা সত্য কি না যে পুরানো খালের সংস্কার প্রয়োজন এবং এখানে একটা স্লুইজ গেট করলে আপাতত এটাকে বন্যার হাত থেকে রক্ষা করা যায়?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** আমি আপনাদের সমস্ত সাজেশন ওয়েলকাম করছি। মাননীয় সদস্যরা যদি দয়া করে আমাকে সাজেশনগুলি লিখিতভাবে দেন এবং ওখানকার প্রতিনিধি স্থানীয় একটা কমিটি আমি করে দিতে চাই—তাঁরা ইঞ্জিনীয়ারের সঙ্গে বসে আমাকে নিয়ে যদি আলোচনা করেন তাহলে আমি আশা করি তার ভিতর থেকে একটা জিনিস ইভলব করবে।

**ডঃ নলিনাক্ষ স্যান্যাল:** মন্ত্রিমহাশয় বলবেন কি এই কাজ করবার জন্য প্রয়োজনীয় সরকারী কর্মচারী এবং উপযুক্ত এক্সপার্টদের সেখানে কাজ করবার জন্য সুযোগের ব্যবস্থা করেছেন কি-কেন না আমরা শুনেছি যে গঙ্গার কাছাকাছি বা মধ্য বাংলার কোন সুপারিনটেন্ডিং ইঞ্জিনীয়ার না থাকাতে সরকারী কর্মচারীদের অনুসন্ধান করা একরকম অসম্ভব হয়েছে?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** আমার কাছে এইরকম কোন অভিযোগ আসে নি—এলে আমি খুব তৎপরতার সঙ্গে ব্যবস্থা অবলম্বন করতাম। তবে এখন যদি আমার কাছে এইরকম অভিযোগ আসে তাহলে নিশ্চয় আমি খুব তৎপরতার সঙ্গে ব্যবস্থা অবলম্বন করবো।

**ডঃ জয়নাল সান্যাল:** এই সুপারিনটেণ্ডিং ইঞ্জিনীয়ার কোন সার্কেলের পড়ছেন?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** এটা পড়ছে আমাদের ময়ূরাক্ষীর সুপারিনটেণ্ডিং ইঞ্জিনীয়ারের।

**ডঃ জয়নাল স্যান্যাল:** ময়ূরাক্ষীর সুপারিনটেণ্ডিং ইঞ্জিনীয়ারের যে কাজের ভার আছে তার তুলনায় মুর্শিদাবাদে যেসব নদী নালা খাল উন্নয়নের কাজ তাতে তার এক্সিকিউটিভ ইঞ্জিনীয়ারদের য সংখ্যা আছে তার দ্বারা তা সম্ভব বলে তিনি মনে করেন কি?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** আমি একটা কথা বলতে চাই যে, অতীত কালে যে গভর্নমেন্ট এখানে ছলেন তাঁরা মধ্যবাংলাকে আমাদের সেচ বিভাগের বাইরে রেখেছিলেন। মধ্যবাংলায় যে সেচের প্রয়োজন আছে এবং সেখানে কাজ আছে তা তাঁরা বিবেচনা করেননি। এখন আমরা ঐগুলি গ্রহণ করেছি এবং প্রয়োজন হলে আলাদা সুপারিনটেণ্ডিং ইঞ্জিনীয়ার নিয়োগ করার দরকার হলে আমরা তা করবো।

[1-10—1-20 p.m.]

**শ্রীনিখিল দাস:** এই কথা কি সত্য যে জল নিষ্কাশনের এবং বন্যা নিয়ন্ত্রণের যে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে আগের মন্ত্রীসভা যখন ছিল তাদের কাছে এটা ৪-৫ বৎসর ধরে পড়েছিল এবং বার বার গ্রামবাসীরা ধর্ণা দেওয়া সত্ত্বেও পরিকল্পনা পরিকল্পনা স্তর ছাড়া অন্যকিছু হয় নি?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** মাননীয় সদস্যের অনুমান সত্য হতে পারে তবে আমি সঠিক জানি না।

**শ্রীসত্যব্রত ভট্টাচার্য:** মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি যে ভূতপূর্ব সেচমন্ত্রী বর্তমান মুখ্য-মন্ত্রী নিজে স্বয়ং গিয়ে দেখে এসেছিলেন এবং তিনি একটা অভিমত দিয়েছিলেন যে, ফারাক্কা ব্যারেজের সঙ্গে এর কোন সম্পর্ক নেই, এটা একটা সেপারেট জিনিস এবং কিছু খরচ করলেই জল নিষ্কাশন হতে পারে, এটা কি সত্য?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** আমি অবগত নই, তবে যখন দৃষ্টি আকর্ষণ করলেন তখন ফাইল কালেক্ট করে পুরানো নোট দেখবো এবং সেটা দেখে কার্যকরী করবো।

**শ্রীসত্যব্রত ভট্টাচার্য:** মাননীয় মন্ত্রিমহাশয়, অনারেবল চিফ মিনিস্টার-এর এই বিষয়ে কোন পরামর্শ নিয়ে কোন সুব্যবস্থার চেষ্টা করবেন কি?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** হ্যাঁ, নিশ্চয়ই করবো।

**শ্রীপুরঞ্জয় পরামানিক:** ভূতপূর্ব সরকার মধ্যবাংলায় কোন কাজ করেন নি তার ফলে পশ্চিম বাংলায় সেচমন্ত্রী যিনি ছিলেন ১১ বৎসর, তিনি কাজ করেন নি কেন সেটা অনুসন্ধান করবেন কি?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** আমার বক্তব্যটা ঠিকমত বুঝতে পারেন নি। আর একজন সদস্য বলেছিলেন যে সুপারিনটেণ্ডিং ইঞ্জিনীয়ার-এর দরকার। এখন সবটা ময়ূরাক্ষীর ইঞ্জিনীয়ার-এর আন্ডার-এ রয়েছে। এক্সিকিউটিভ ইঞ্জিনীয়ার একজনের পক্ষে সবটা সম্ভব নয়। যার জন্য আমি এই উত্তর দিয়েছি। আমাদের প্রাক্তন গভর্নমেন্ট বর্তমান মুখ্যমন্ত্রীর ব্যাপারে যেটা বলেছি সেটা একটু বুঝতে ভুল হচ্ছে, আমি বলেছি ব্যবস্থা পশ্চিমবাংলায় অন্যান্য অঞ্চলে যা হয়েছে মধ্যবাংলায় সেভাবে বিবেচনা করেন নি। সুপারিনটেণ্ডিং ইঞ্জিনীয়ার একজন সেখানে রেখেছেন যদি আরও বেশী কাজ হয় তা হলে আরও রাখা হবে। কারণ তা না হলে সুপারিনটেণ্ডিং ইঞ্জিনীয়ার করবেন কি? ময়ূরাক্ষীর বিরাট কাজ হয়েছে, সুপারিনটেণ্ডিং ইঞ্জিনীয়ারের আন্ডার-এ নদীয়া এবং মুর্শিদাবাদ আছে, সেখানে কাজ খুব বেশী। এখন যা বলছেন তা কাজ কম এতে একটার উপর আর একজন সুপারিনটেণ্ডিং ইঞ্জিনীয়ার অ্যাপয়েন্ট করা যায় না। কাজ এখন গ্রহণ করা হয়েছে এবং অদূর ভবিষ্যতে কাজ সেখানে হবে। সুতরাং প্রয়োজন হলে আর একজন সুপারিনটেণ্ডিং ইঞ্জিনীয়ার নেওয়া হবে।

**শ্রীঅমলেন্দু রায় বাগচী:** বর্তমান মুখ্যমন্ত্রী যিনি ভূতপূর্ব সেচমন্ত্রী ছিলেন তিনি ঐ এলাকা পরিভ্রমণ করে যে স্কিম গ্রহণ করেছিলেন পাঁচ লক্ষ টাকার স্যাংশন করেছিলেন, এটা জানেন কি?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** আমার জানা নেই, কারণ বর্তমান মুখ্যমন্ত্রী সেচমন্ত্রী ছিলেন অনেক আগে, তার পরেও কংগ্রেস গভর্নমেন্ট ছিল এবং অন্তত আর একজন সেচমন্ত্রী ছিলেন, তিনি যদি সেই পরিকল্পনা দিয়ে থাকেন, টাকা স্যাংশন করে থাকেন তাহলে তিনি রিজাইন করার পর বহুদিন সময় ছিল তারপর গভর্নমেন্ট কেন এক্সপিডাইট করেন নি জানি না। তবে আপনারা যখন বলছেন কেন সেটা কার্যকরী হয় নি আমি সেটা অনুসন্ধান করে দেখবো।

**শ্রীবিজয়সিংহ নাহার:** আপনি মধ্যবাংলা বলে একটা কথা বললেন তাতে আপনি কোন্ এলাকাটা মিন করেছেন এবং কোন্ এলাকায় ইরিগেশন হয় নি?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** আমি মধ্যবাংলা বলতে আপাতত আমাদের ভারতবর্ষে যা আছে সেটা মিন করেছি। তার ভেতরে মুর্শিদাবাদ, নদীয়া এবং পার্ট অফ চব্বিশপরগনা আসে। আগের দিন হলে বলতাম যশোহর, খুলনার কথা বলতাম, কিন্তু এখন বলছি মধ্যবাংলা বলিতে মুর্শিদাবাদ, নদীয়া এবং চব্বিশপরগনার একটা অংশ। এই যে অংশ এই অঞ্চলটা নদীনালা সব জমে গেছে। যেসব বড় বড় বিল আছে সেইসব বিল জল নিষ্কাশনের মস্ত বড় প্রবলেম আছে। আমি বিশেষ করে নদীয়া জেলার কথা বলছি। চব্বিশপরগনার যে অংশ আছে যা আজকে খাদ্যের ঘাটতি সেখানে এ ব্যবস্থা গ্রহণ করলে খাদ্য ঘাটতি পূরণ করে বাড়তি জেলাতে পরিণত হতে পারে যদি সেখানে নাকি সেচ ব্যবস্থা গ্রহণ করা যায়।

## STARRED QUESTIONS

### (to which Oral Answers were laid on the table)

### Annuities of the Debottar and the Wakf properties

***62.** (Admitted question No. *24.)

**শ্রীআবদুল হক:** বিচার বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দেবোত্তর এবং ওয়াকফ সম্পত্তির সেবাইত এবং মতোয়ালী অ্যান্যুইটির টাকা যথাযথভাবে খরচ করেন কিনা সে সম্বন্ধে দেখিবার জন্য সরকাবী কোনও ব্যবস্থা আছে কিনা; এবং

(খ) থাকিলে, তাহা কি প্রকার?

**Shri Amar Prasad Chakravorty:**

(ক) দেবোত্তর সম্পত্তির সেবাইত অ্যানুইটির টাকা যথাযথভাবে খরচ করেন কিনা সে সম্বন্ধে দেখিবার জন্য সরকারী কোন ব্যবস্থা নাই। ওয়াকফ সম্পত্তির মাতোয়ালী অ্যানুইটির টাকা যথাযথভাবে খরচ করেন কিনা তাহা দেখিবার ব্যবস্থা আছে।

(খ) দেবোত্তর সম্পত্তির সম্বন্ধে এ প্রশ্ন উঠে না।

সাধারণভাবে পশ্চিমবাংলায় ওয়াকফ সম্পত্তিগুলির খবরদারীর জন্য ১৯৩৪ সালের বঙ্গীয় ওয়াকফ অ্যাক্ট অনুযায়ী পশ্চিমবঙ্গীয় ওয়াকফ বোর্ড নামক একটি আধা সরকারী সংস্থা আছে। উক্ত সংস্থার অধীন যাবতীয় তালিকাভুক্ত ওয়াকফ স্টেটগুলির কার্যাবলী ও হিসাবনিকাশ মায় অ্যানুইটি তদারক করার জন্য রাজ্যসরকার কর্তৃক নিয়োজিত পশ্চিমবঙ্গীয় ওয়াকফ কমিশনার নামে একজন ভারপ্রাপ্ত অফিসার আছেন।

**শ্রীমহম্মদ ইসরায়েল:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে অ্যানুয়িটির যে টাকা এস্টেটস অ্যাকুইজিশান অ্যাক্ট হবার পর যেসমস্ত সম্পত্তি গভর্নমেন্ট নিয়েছেন সেইসমস্ত অ্যানুয়িটির টাকা ওয়াকফ এস্টেট পাচ্ছে কিনা?

**শ্রীঅমরপ্রসাদ চক্রবর্তী:** এটা এল্ এল্ আর ডিপার্টমেন্ট-এর প্রশ্ন, তারা যে হিসাব দিয়েছেন সেই হিসাব দিলাম। দেবত্তর সম্পত্তি ১৭ লক্ষ টাকার মত অ্যান্যুয়িটি দেওয়া হয়েছে কিন্তু ওয়াকফ এস্টেটের সম্পত্তির হিসাবনিকাশ করে, ওয়াকফ কমিশনারের কাছে দিতে হয়। পরে সেই সম্পর্কে তিনি ভিন্ন অনুসন্ধান করেন।

**শ্রীমহম্মদ ইসরায়েল:** আপনি কি জানেন যে অনেক বড় বড় ওয়াকফ এস্টেট আজ পর্যন্ত সরকারের কাছ থেকে কোন অ্যান্যুয়িটি পাননি?

**শ্রীঅমরপ্রসাদ চক্রবর্তী:** কোন স্টেট যদি না পেয়ে থাকেন তাহলে তিনি যদি আমাকে এস্টেট লিস্ট দেন আমি নিশ্চয়ই অনুসন্ধান করে দেখব। কিন্তু যেহেতু ওয়াকফ অ্যাক্ট আছে—আপনারা নিশ্চয় জানেন যে সেখানে একটা বডি অ্যাপয়েন্টমেন্ট করে ঠিক করে দিয়েছেন। সেই বডির আন্ডার-এ আমরা একটা ওয়াকফ অ্যাপয়েন্ট করি। তারা যদি কোন রিপোর্ট না দেন তাহলে নরম্যাল প্রিজামশন হয়েছে, সে ভাবে যে কাজ চলেছে, যদি এরূপ কোন নোটিশ থাকে তাহলে আমি নিশ্চয় দেখবো যাতে টাকা পাওয়া যায়।

**শ্রীমহম্মদ ইসরায়েল:** আপনি কি জানেন যে ওয়াকফ বডি—যিনি ওয়াকফ কমিশনার, তিনি বার বার বলা সত্ত্বেও গভর্নমেন্ট-এর এল এল আর ডিপার্টমেন্ট আজ পর্যন্ত এই অ্যান্যুয়িটি দেবার কোন ব্যবস্থা করেননি?

**শ্রীঅমরপ্রসাদ চক্রবর্তী:** আমার কাছে যা ল্যান্ড রেভিনিউ নোট আছে তাতে এই সম্বন্ধে কোন বক্তব্য নেই।

**শ্রীমতী শাকিলা খাতুন:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, কোলকাতা শহরে কত ওয়াকফ এস্টেট আছে যা রেজিস্টার্ড হয়েছে আন্ডার দি ওয়াকফ রেজিস্টার্ড অ্যাক্ট?

**শ্রীঅমরপ্রসাদ চক্রবর্তী:** আপনার কোশ্চেন-এর একটা লিস্ট ছিল। আমাদের বিভিন্ন সংশ্লিষ্ট অফিসারকে করতে বলেছি। লিস্ট আসেনি, আসলে আমি হাউসের কাছে দেব।

[1-20—1-30 p.m.]

**শ্রী এস এম ফজলুর রহমান:** কোন কোন ওয়াকফ এস্টেট, তার কিছু অংশ পশ্চিম বাংলায় পড়েছে, আর বেশির ভাগ অংশই পূর্ব পাকিস্তানে পড়েছে। পূর্ব পাকিস্তানে আন-ডিভাইডেড ওয়াকফ এস্টেট যা পড়েছে তার টাকা আদায়ের কি ব্যবস্থা করেছেন?

**শ্রীঅমরপ্রসাদ চক্রবর্তী:** এ সম্বন্ধে আপনি যখন আমার দৃষ্টি আকর্ষণ করলেন, এটা নিয়ে আমি আগেও বলেছি এবং রহমান সাহেব আপনিও এটা জানেন যে আন্ডার দি ওয়াকফ অ্যাক্ট স্ট্যাটুটরি ডিউটির প্রভিশন রয়েছে। অ্যাক্টে আছে কমিশনার ইজ টু লুক আফটার দ্যাট। সুতরাং এটা সম্বন্ধে আপনি যদি স্পেসিফিক জিজ্ঞাসা করেন যে কোন এস্টেটের টাকা এখন পর্যন্ত আদায় হয় নি বা পাকিস্তানের এস্টেটের টাকা কেন আদায় হয় নি, আদায় করিতে পারিলে কি পদ্ধতিতে আদায় হইবে, অথবা আদায় না হইলে কেন আদায় হয় নি এ সম্বন্ধে আপনি যদি প্রশ্ন করেন তাহলে আমি নিশ্চয়ই অনুসন্ধান করব।

**শ্রীমহম্মদ ইসরায়েল:** মহসিন ফান্ডে মহসিন ওয়াকফ এস্টেটের লক্ষ লক্ষ টাকা সরকারের কাছে বহুদিন ধরে পড়ে আছে, অথচ সে সম্বন্ধে সরকার কোন ব্যবস্থা করছেন না। কেন ব্যবস্থা করছেন না এটা কি মন্ত্রিমহাশয় জানাবেন?

(নো রিপ্লাই)

**Dr. Nalinaksha Sanyal:** On a point of order, Sir. Will the Hon'ble Speaker kindly give his ruling as to whether a question quite apart and outside the scope of the original question can be asked and will be taken up for answer here and now? The question is relating to Mutwali annuities pending. But the question which is being asked is travelling beyond the scope; it is entirely outside the scope of the original question. I want to have your ruling.

**Mr. Speaker:** The question that has been put under supplementary is not allowed under the rules.

**Shri Syed Shahedullah:**

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন কলকাতা শহরের কত সম্পত্তির উপর বিক্রীর হুকুম—ইতিপূর্বে কংগ্রেস সরকার থাকাকালীন যেসব ওয়াকফ কমিশনার ছিলেন, তাঁদের দ্বারা কিরকম ভাবে কংগ্রেসী লোকদের চেষ্টায় কলকাতার কিছু কিছু ওয়াকফ সম্পত্তি বিক্রির হুকুম ওয়াকফ কমিশনার কর্তৃক দেওয়া হয়েছিল এবং সেই টাকা ওয়াকফ কমিশনার পেয়েছেন কিনা এ সম্বন্ধে যে তদন্ত চলছিল, সেই তদন্তের কি ফলাফল হয়েছে সেটা কি মন্ত্রিমহাশয় জানাবেন?

(নো রিপ্লাই)

**শ্রীনিখিল দাস:** স্পীকার মহাশয়, আমি আপনার নিজের অন্তত রুলিং একটা চাই। এ সম্পর্কে আর একদিন প্রশ্ন উঠেছিল এবং আপনি তখন রুলিং দিয়েছিলেন যে অনেক ইরেলেভেন্ট কোশ্চেন হয়ত আসে, তার সাপ্লিমেন্টারি আসে না। কিন্তু অনেক নূতন সদস্য এখানে এসেছেন। মিনিস্টার যদি পজিসনে থাকেন তাহলে উত্তর দেবেন, আর না থাকলে বলবেন নোটিশ দিন। সুতরাং স্ট্রিক্টলি রুল ফলো করা যে হচ্ছে না, সেটায় আমি যেতে চাচ্ছি না। তাই আমি আপনার কাছে অ্যাপিল করব যে, অ্যাসেম্বলী হাউসে যদি কোন প্রশ্ন থেকে তার উত্তর পেতে পারি—এখানে স্ট্রিক্টলি রুল ফলো না করে আমরা যে পরিমাণ ইনফরমেশন পেতে পারি তার সুযোগ আপনি দেবেন।

**মিঃ স্পীকার:** নিখিলবাবু, আপনি কোশ্চেনও শুনছেন, আর তার অ্যানসারও শুনছেন। আপনি পুরানো লোক। আপনি জানেন কোন্‌টা রেলেভেন্ট আর কোন্‌টা ইরেভেলেন্ট, আমিও জানি। এতাবৎকাল সেদিকে বাধা দিলে অর্ধেক প্রশ্নও হত না, এটা আমি বলতে পারি। তবে এটা আমি বলছি না যে, আপনারা সাপ্লিমেন্টারী করবেন না। আপনার যত ইচ্ছা সাপ্লিমেন্টারী করুন।

**শ্রীমহম্মদ ইসরায়েল:** আমি বললাম মহসিন ওয়াকফ প্রপারটি হুগলীর ইমামবাড়া—এই সম্পত্তির টাকা পশ্চিমবঙ্গ সরকারের কাছে পড়ে আছে। যে উদ্দেশ্যে তিনি ফান্ড করে গিয়েছিলেন সেই উদ্দেশ্যে সরকার টাকা খরচ করবেন কি?

**শ্রীঅমরপ্রসাদ চক্রবর্তী:** প্রভিসন অফ দি অ্যাক্ট, ২৭(১)(এ) অফ দি ওয়াকফ অ্যাক্টে আমাদের স্পেসিফিক প্রভিশন রয়েছে। সুতরাং প্রাইমারী যদি টাকা ব্যয়িত না হয়, প্রপারটি যদি এইরকম দেয় হয়ে থাকে বা এটা যদি প্রপারলি ইউজড না হয় তাহলে মাতোয়ালী সুপারভিসন করতে পারেন, পানিস করতে পারেন। কিন্তু অ্যাকচুয়ালি এই টাকা খরচ হয় নি, সেইরকম কোন কিছু আমার দৃষ্টিতে আসেনি।

**শ্রীমহম্মদ ইসরায়েল:** মাননীয় মন্ত্রিমহাশয় আমার প্রশ্নটা বুঝতে পারেন নি। এই যে টাকা এটা ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট-এর কাছে পড়ে আছে এটা ওয়াকফ কমিশনার কিংবা মাতোয়ালীর কাছে নেই সেই সময় থেকে সেই টাকা গভর্নমেন্ট অফ ওয়েস্ট বেঙ্গল-এর কাছে জমা আছে—আমার প্রশ্ন হচ্ছে সেই টাকা এখন কমিশনারের মাধ্যমে হোক বা নিজেরা সরাসরি হোক যে পারপাস-এ ওয়াকফ দিয়ে চলেছিলেন সেই পারপাস-এ খরচ করবেন কি না?

**শ্রীঅমরপ্রসাদ চক্রবর্তী:** নিশ্চয়ই যে পারপাস-এ টাকা নেওয়া হয়েছে সেই পারপাস-এর জন্য আমরা খরচ করবো। এই প্রশ্ন ওঠে না।

**শ্রীআব্দুস সাত্তার:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, ওয়াকফ বোর্ড থেকে পশ্চিমবঙ্গ সরকার কত কন্ট্রিবিউশন পান, অ্যামাউন্ট অফ দি কন্ট্রিবিউশন?

**শ্রীঅমরপ্রসাদ চক্রবর্তী:** আপনি কাইন্ডলি অ্যাক্টটা যদি একবার দেখেন তাহলে দেখবেন মতোয়ালী ওয়াকফ এস্টেট ছাড়া আর সমস্ত এস্টেট-এর হিসাবপত্র কমিশনারকে দেওয়া হয় এবং

তার জন্য আমরা যেটা করি, যে খরচ বহন করা হয়—স্পেসিফিক কন্ট্রিবিউশন কি দেওয়া হয় না হয়, মতোয়ালীর হিসাবপত্র কিভাবে দেয় সেটা তো স্ক্রুটিনির উপর নির্ভর করে, আপনি যদি স্পেসিফিক কোশ্চেন করেন তাহলে নিশ্চয়ই জানতে পারবেন।

**শ্রীআবদুস সাত্তার:** আমার মনে হয় ওয়াকফ অ্যাক্টটা পড়লে জানতে পারবেন যে প্রত্যেক ওয়াকফ এস্টেট এনরোল হয়েছে আন্ডার দি ওয়াকফ অ্যাক্ট, প্রত্যেক এস্টেটকে কন্ট্রিবিউশন করতে হয় থ্রু দি ওয়াকফ বোর্ড, এটা আইনে আছে, সেটা কত?

**শ্রীঅমরপ্রসাদ চক্রবর্তী:** আমিও সেই কথা বলছিলাম যে, অ্যাকচুয়ালি কত কন্ট্রিবিউশন আসে সেটা স্পেসিফিক কোয়েশ্চেন করলে নিশ্চয়ই জবাব দেবো, এখন বলতে পারছি না।

**ডাঃ এ এম এম ও গণি:** স্যার, একটা প্রশ্ন করা হয়েছিল যে, এই অ্যানুয়িটির বহু টাকা গভর্নমেন্ট দেয়নি ওয়াকফ ডিপার্টমেন্টকে সেই অনুযায়ী মতোয়ালী বা সেবায়তকে খরচ করবার জন্য, মন্ত্রিমহাশয় বলেছেন এইরকম কোন ব্যাপার তার জানা নেই, যদি কোন সভ্যর জানা থাকে তাহলে প্রশ্ন করতে বলেছেন, আমি জিজ্ঞাসা করবো যে, গত বছরের কোন হিসাব আছে কি, যে কত টাকা পাওনা ছিল, সরকার দেয় নি এবং আর একটা প্রশ্ন হচ্ছে এই যে মহসীন ফান্ড, এটা তো বহুদিন আগে থেকে পড়ে আছে, আগেকার সরকার কি করেছেন একটু জানাবেন এবং আপনারা কি করতে চান সেটা একটু জানাবেন?

**শ্রীঅমরপ্রসাদ চক্রবর্তী:** আমি এ সম্বন্ধে ডিটেইলস জানাতে পারবো তবে আজকে নয়। মাননীয় ডাঃ গণি সাহেব যেটা বলেছেন সেটা সম্বন্ধে একটু বলা দরকার, ওয়াকফ প্রপার্টি সম্বন্ধে অনেকগুলো অ্যালিগেশন আমার কাছে এসেছে, যেখানে যেখানে লোক থাকেনা এবং ওয়াকফ-এর কোন হিসাব নেই এইরকম অভিযোগ এসেছে এবং উনি যে কথা বলেছেন সেইগুলো অনুসন্ধান করার জন্য আমি কমিশনারকে পাঠিয়ে দিয়েছি এবং তিনি এনকোয়ারী করে কি রেজাল্ট দেন সেটা নিশ্চয়ই আমি হাউসের কাছে রাখবো।

**Shri Hare Krishna Konar:**

আমাকে সময় দিতে হবে, কারণ জেলা জজের কাছ থেকে খবর পেয়েছি ৪৬১টি, কিন্তু হাইকোর্ট-এর কাছ থেকে আমরা এখনও কোন খবর পাইনি তাগাদা দিয়েও।

**Mr. Speaker:** Question No. 63 is held over.

**Unauthorised encroachment along all categories of roads**

***64.** (Admitted question No. *135.) **Dr. Nalinaksha Sanyal:** Will the Minister-in-charge of the Public Works Department be pleased to state—

(a) whether Government is aware that large-scale encroachment has taken place almost along all categories of roads and highways in West Bengal and as a result roadside land is often unavailable for expanding narrowed roadways and also for maintaining roadside drainage and for earth-cutting for repairing the roads;

(b) what measures, if any, are adopted or contemplated to save the roadways from unauthorised encroachment in respect to National Highways, State Highways, Zilla Parishad Roads and village or Gram Panchayets' roads; and

(c) what machinery is available to enable the Block Officers or Anchal Prodhans and the Anchalik Parishad or Zilla Parishads to get the road areas in their respective jurisdiction measured and duly checked up for ascertaining the encroachments?

[1-30—1-40 p.m.]

**Shri Hemanta Kumar Basu:** (a) There are encroachment cases on different roads and roadside lands generally localised in urban areas, village shopping and marketing centres, a few important road junctions and near

railway station approaches. Difficulties are arising in the maintenance, repair and widening of such roads in those areas for such encroachment besides causing hindrance to traffic.

(b) After promulgation of the West Bengal Highways Act, 1964 (as modified to date), and appointment of S.E.s/E.E.s/A.E.s/S.A.E.s (excepting those of the electrical wings) of the Public Works Department the Highway Authority by the Public Works Department, the Highway Authority takes necessary action for prevention and removal of encroachment on the State Government roadside land by involving the provisions of the West Bengal Highways Act, 1964.

The legal remedies adopted for encroachment or obstruction on other roads are—

(i) Proceedings under section 133 of the Criminal Procedure Court.

(ii) Proceedings under the West Bengal Public Land (Eviction of Unauthorised Occupants) Act, 1962.

(iii) Section 283 of Indian Penal Code.

A large number of persons who have made encroachment on the State Government roadside land are very poor and most of them are refugees. In dealing with such encroachment the question of the maintenance of livelihood of thousands of families will also have to be taken into consideration. The Government wants to make alternative arrangement for those persons, who are in actual occupation of these places now, by providing them with Hawkers' Corners and recognised roadside stalls where roads are wide enough. But in future nobody will be allowed to encroach further. Discussions are in progress in this matter with different organisations of such encroachers.

(c) The Zilla Parishads have their respective District Engineer and technical staff under them to take action on cases of encroachments on Zilla Parishad roads. The Anchal Parishad can utilise the services of the Block Overseer in measuring the extent of encroachment on any road under its control and management. But such machinery is not available to the Prodhans of Anchal Panchayats or Adhyakhas of Gram Panchayats.

**Dr. Nalinaksha Sanyal:**

মাননীয় স্পীকার মহাশয়, আমার এক বাণ্ডিল কোশ্চেন আছে, আপনি কিছু মনে করবেন না।

মাননীয় মন্ত্রিমহাশয়, (এ) প্রশ্নের জবাবে বলেছেন যে প্রধানত শহরাঞ্চলে রোডসাইড ল্যান্ড-এর উপর এইরকম আনঅথরাইজড এনক্রোচমেন্ট-এর খবর তাঁর কাছে আছে, তিনি বা তাঁর ডিপার্টমেন্ট অনুসন্ধান করেছেন কি গ্রামের ভেতর গ্রামের রাস্তা ও জেলাপরিষদের রাস্তা আর সাধারণভাবে গ্রামে প্রবেশের যে কোন পথই হোক সর্বত্রই গ্রামবাসীরা রাস্তার দু-চারহাত বা দু-চার ইঞ্চি করে বছরে বছরে এনক্রোচ করে থাকে—তারপরে সেটা একদম ড্রেনে পরিণত হয়ে যায়, সেখানে আর মাটি জমি থেকে কেটে রাস্তা করবার উপায় থাকে না—সেটা আপনি জানেন কি ?

**Shri Hemanta Kumar Basu:**

আমি জানি।

**Dr. Nalinaksha Sanyal:**

মন্ত্রিমহাশয় দয়া করে বলবেন কি এইসমস্ত রাস্তা রক্ষণাবেক্ষণের জন্য যে আইনের ব্যবস্থার কথা বললেন—ক্রিমিন্যাল প্রসিডিওর কোড প্রমুখ, সেগুলি প্রয়োগ করবার পক্ষে আঞ্চলিক পরিষদ ও অঞ্চল পঞ্চায়েতের পক্ষে মস্ত বড় বাধা হচ্ছে—এই যে রাস্তার মাপজোক করার মত কোন মেশিনারী নাই, সেই মেশিনারী তিনি তাদের জোগাড় করে দেবার ব্যবস্থা করবেন কি ?

**Shri Hemanta Kumar Basu:**

এ বিষয়ে আমি বিবেচনা করবো।

**Dr. Nalinaksha Sanyal:**

মন্ত্রিমহাশয় দয়া করে বলবেন কি যে, অল্প দু-একদিনের মধ্যে তিনি এমন কোন নির্দেশ দিয়েছেন কিনা যে, যারা অন্যায়ভাবে বে-আইনীভাবে রাস্তার ধারের জমি দখল করে নিয়েছে বা নিতে যাচ্ছে তাদের উচ্ছেদ করবার জন্য রাস্তার জমি থেকে যেসমস্ত আইনানুগ ব্যবস্থা নিয়েছেন, যেসব আইনানুগ ব্যবস্থা সরকারী কর্মচারীরা করেছেন, সেই সমস্ত ব্যবস্থাদি স্থগিত রাখবার জন্য বা বন্ধ করবার জন্য তিনি কোন আদেশ দিয়েছেন কিনা?

**Shri Hemanta Kumar Basu:**

এখনো কোন আদেশ দেওয়া হয় নাই।

**Dr. Nalinaksha Sanyal:**

সেই সম্পর্কে কোন আদেশ দেবার আগে তিনি যুক্তফ্রন্টের সঙ্গে পরামর্শ করে দেখবেন কিনা?

**Shri Hemanta Kumar Basu:**

হ্যাঁ, দেখবো।

**Dr. Nalinaksha Sanyal:**

কিন্তু যারা সরকারের সমর্থক পার্টি—তাদের সঙ্গেও পরামর্শ করে কি তিনি এই বে-আইনী দখলকারীদের উচ্ছেদের চেষ্টা করবেন?

**Shri Hemanta Kumar Basu:**

সরকার সমর্থক পার্টির সঙ্গেও নিশ্চয়ই পরামর্শ করে করবো।

**Shri S. M. Fazlur Rahman:** On a point of order, Sir.

মাননীয় ডঃ স্যান্যাল বললেন কোন বিভাগীয় মন্ত্রী তাঁর বিভাগ সংক্রান্ত ব্যাপারে কি আদেশ দেবেন কি দেবেন না, তা কি অন্যের সাথে পরামর্শ করে দেবেন, বা সেই দেওয়া সম্বন্ধে কেউ কোন বাধা দিতে পারবেন কিনা?

**Dr. Nalinaksha Sanyal:** In connection with this point of order, may I submit, Sir, that it is this House which is the supreme authority and the question that I have put before the Minister is an assurance that this may not be done without consulting the party.

**Mr. Speaker:** Strictly speaking, the Minister should be allowed to act in his own way. What the Minister should do—whether he will consult his colleagues or not—it is for the Minister to decide.

**Dr. Nalinaksha Sanyal:**

মাননীয় মন্ত্রিমহাশয় অবগত আছেন কি তাঁর এইরকম সাম্প্রতিক প্রতিশ্রুতি বা নির্দেশ বা ইঙ্গিতের ফলে বহু জায়গায়, বহু বাস্তুহারা এবং অ-বাস্তুহারা বহু লোক রাস্তার ধারে জমি নিয়ে ঘরবাড়ি তোলবার জন্য ব্যবস্থা আরম্ভ করেছেন?

**Shri Hemanta Kumar Basu:**

এমন কোন ইঙ্গিত আমি দিইনি।

**Dr. Nalinaksha Sanyal:**

মিঃ স্পীকার স্যার, হাইওয়ে-এর চারিদিকে এনক্রোচ করে, উদ্বাস্তুরা দোকান ইত্যাদি করে রেখেছে, তাদের উচ্ছেদের ব্যাপারে আইন আছে তা আমরা জানি। এই উচ্ছেদকে কার্যকরী করতে গিয়ে যে লোকগুলো সেখানে ছোট-খাটো দোকান করে বসে আছে, তাদের বিকল্প পুনর্বাসন দেবার জন্য মাননীয় মন্ত্রিমহাশয় চিন্তা করছেন কি?

**Shri Hemanta Kumar Basu:**

এই প্রশ্নের উত্তর দেওয়া হয়ে গিয়েছে।

**Dr. Nalinaksha Sanyal:**

এই বিকল্প ব্যবস্থার জন্য রাস্তার জমি না দিয়ে, সরকার অন্য কোথাও জমি নিয়ে ব্যবস্থা করবেন কি?

**Shri Hemanta Kumar Basu:**

সে ত আমি আগেই বলেছি।

**Shri S. M. Fazlur Rahman:**

যেসমস্ত উদ্বাস্তুরা লোক্যাল অথরিটির কাছ থেকে অনুমতি নিয়ে বা লিজ নিয়ে রাস্তার ধারে দোকান ও ঘরবাড়ি নির্মাণ করে সেখানে ছোটখাটো ব্যবসাবাণিজ্য করে জীবিকা অর্জন করছেন, তাঁদের সেগুলিকে রক্ষা করবার জন্য সরকার কোন ব্যবস্থা অবলম্বন করবেন কিনা?

**Shri Hemanta Kumar Basu:**

আমি নিশ্চয়ই তা বিবেচনা করবো।

**Dr. Nalinaksha Sanyal:**

পূর্বতন সরকারের অনুগ্রহপুষ্ঠ যারা, তাদের সরকারী নীতি এবং আইনের বাইরে যদি এইরকম বন্দোবস্ত দিয়ে রাস্তার উপর তাদের অনুগ্রহপুষ্ঠ পৃষ্ঠপোষক ব্যক্তিদের অথবা অন্যায়ভাবে দখল করবার ব্যবস্থা করে দিয়ে থাকেন, বর্তমান সরকার কি তা মেনে নেবেন?

**Shri Hemanta Kumar Basu:**

তা কি কখনও সম্ভব? বে-আইনী কোন কিছু সরকার মেনে নিতে পারেন কি?

**Shri S. M. Fazlur Rahman:**

কোন লোক্যাল অথরিটির অনুমতি নিয়ে বা লিজ নিয়ে তারা যদি এই রাস্তার উপর কোন দোকান বা ঘরবাড়ি নির্মাণ করে বসবাস করতে থাকে, বর্তমান সরকার গঠিত হবার পূর্বে তারা যদি তা নিয়ে থাকে তাহলে সেগুলি কি বে-আইনী হবে?

**Shri Hemanta Kumar Basu:**

আমার মনে হয় আইন অনুসারে তা বে-আইনী হয় না।

**Shri Mohammed Israil:**

এই কোশ্চেনের (বি)-এর উত্তরে মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে স্টেট হাইওয়ে অ্যাক্ট অনুসারে ব্যবস্থা করা হবে ন্যাশন্যাল হাইওয়ে বা স্টেট হাইওয়ে। জেলা পরিষদ রাস্তা এনক্রোচমেন্ট-এর জন্য ব্যবস্থা অবলম্বন করতে পারবে। এই স্টেট হাইওয়ে অ্যাক্ট অনুসারে তাঁরা অ্যাকশন নিতে পারবেন। আমি জানতে চাচ্ছি এই স্টেট হাইওয়ে অ্যাক্ট অনুসারে কতগুলি ক্ষেত্রে তাঁরা অ্যাকশন নিয়েছেন?

**Shri Hemanta Kumar Basu:**

এখনও পর্যন্ত সেই প্রশ্ন আমাদের কাছে আসে নি। শুনেছি আগেকার গভর্নমেন্টের সময়, তাঁরা কিছু অ্যাকশন নেন এবং কিছু কেসও হয়েছে। কিন্তু আমাদের সময় কিছু হয় নি।

**Shri Krishna Kumar Shukla:**

মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি, বিকল্প ব্যবস্থা না হওয়া পর্যন্ত ঐ পথিপার্শ্বস্থ দোকান-দারদের উচ্ছেদ করা হবে না এই আশ্বাস তিনি দেবেন কি?

**Shri Hemanta Kumar Basu:**

তাদের সঙ্গে এই সম্পর্কে এখন কথাবার্তা চলবে। উচ্ছেদের সঙ্গে বিকল্প ব্যবস্থার কথা বিবে-চনা করা হবে।

**Shri Pramatha Nath Dhibar:**

পূর্বতন সরকার যে সমস্ত কেস করেছিলেন আনঅথরাইজড অকুপেশনের জন্য, সেগুলি আপনি উইথড্র করবেন কি?

**Shri Hemanta Kumar Basu:**

কেস অনুযায়ী তা স্থির করা যাবে।

**শ্রীকৃষ্ণকুমার শুক্লা:** আমি যে প্রশ্ন করেছিলাম পথিপার্শ্বস্থ দোকানদারদের বিকল্প ব্যবস্থা না করে উচ্ছেদ করা হবে না, মন্ত্রিমহাশয় এই জাতীয় কোন আশ্বাস দেবেন কি?

**শ্রীহেমন্তকুমার বসু:** নিশ্চয়ই তাদের উচ্ছেদ করার সঙ্গে সঙ্গে পুনর্বাসনের কথাও ভাববো।

**শ্রীকৃষ্ণকুমার শুক্লা:** উচ্ছেদের আগে ভাববেন, না পরে ভাববেন?

**শ্রীহেমন্তকুমার বসু:** উচ্ছেদ করার সঙ্গে সঙ্গেই বিকল্প ব্যবস্থা করবো।

## Payment of compensation money to the ex-zamindars during 1964 to 1967

***65.** (Admitted question No. *166.) **Shri Syama Prasad Barman:** Will the Minister-in-charge of the Land and Land Revenue Department be pleased to state—

(a) what amount of money remained unutilised under Grant No. 2, Major Head: 92—Payment of Compensation to Landholders on abolition of Zamindary System, for the years 1964 to 1967; and

(b) what are the main reasons for this unutilisation of money?

[1-40—1-50 p.m.]

**Shri Hare Krishna Konar:** (a) The amount of fund that remained unutilised under the head "Payment of Compensation" for the years 1964 to 1967 is as follows:

| Years | | Amount |
|---|---|---|
| | | Rs. |
| 1964-65 | ... | 1,61,41,735 |
| 1965-66 | ... | 1,30,73,369 |
| 1966-67 | ... | 1,04,49,587 |

(b) The main reasons for non-utilisation of fund are as follows:

(i) Non-response of the intermediaries to 'offer notices' issued by the Compensation Officers as also return of notices undelivered;

(ii) failure to furnish verified statements by the ex-intermediaries regarding payment of ad-interim compensation already made and particulars of their estates, etc., or furnishing of defective statements;

(iii) delay in securing information regarding the amount of Government dues from the different departments of Government;

(iv) delay in taking over possession of khas vested lands;

(v) non-production of succession certificates by legal heirs within a reasonable period; and

(vi) non-appearance of ex-intermediaries, especially smaller ones, at the local payment centres and district offices for receiving payment.

**Shri Syama Prasad Barman:**

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, যেসমস্ত জমি ভেস্টেড হয়েছে সেই জমিগুলির দখল নিতে দেরী হয়েছে। এই দেরীর কারণ মন্ত্রিমহাশয় দয়া করে জানাবেন কি?

**শ্রীহরেকৃষ্ণ কোনার:** আগেকার গভর্নমেন্ট এই জমির দখল নিতে কেন দেরী করেছেন এ সম্বন্ধে আমার পক্ষে এক্ষণি বলা খুব মুশকিল আছে। আমি ফাইলপত্র দেখছি এবং আমি আমার ডিপার্টমেন্টকে অর্ডার দিয়েছি যাতে দখলটা তাড়াতাড়ি নিয়ে নেওয়া হয়।

**শ্রীশ্যামাপ্রসাদ বর্মন:** মন্ত্রিমহাশয় দয়া করে জানাবেন কি, এত দিন যে ক্ষতিপূরণের টাকা দেওয়া হচ্ছে না তার জন্য যারা ইন্টারমিডিয়ারিস তারা কোন ক্ষতিপূরণ পেতে হকদার কিনা?

**শ্রীহরেকৃষ্ণ কোনার:** নিশ্চয়ই আইনত ক্ষতিপূরণ পেতে হকদার এবং তাঁরা যেটা পাচ্ছেন না তার জন্য তাঁরা সুদ পান। তাঁরা পাচ্ছেন না নানা অসুবিধার জন্য, আমি কারণগুলি এখানে বলেছি। কিন্তু তা সত্ত্বেও দেখা যায় যে টাকা আনতে এসেও অনেক হয়রানি হয়েছে। আমার কাছে প্রচুর অভিযোগ এসেছে যে ছোট ছোট ইন্টারমিডিয়ারিরা এসেছে, তাঁরা তদবির তদারক হয়ত করতে পারেন নি বলে পেতে দেরী হয়, আমি সেগুলিকে এক্সপিডাইট করার জন্য বলেছি এবং আমার কাছে যেসব শত শত কেস এসেছে আমি দেখছি সেগুলি যাতে অন্তত অল্প সময়ের মধ্যে দিয়ে দেওয়া যায় এবং আমি এও অর্ডার দিয়েছি অত্যন্ত ছোট যাঁরা মানি অর্ডার করে তাঁদের বাড়িতে পাঠিয়ে দেওয়া হোক যেখানে ঠিকানা পাওয়া যাবে।

**শ্রীএস এম ফজলুর রহমান:** মাননীয় মন্ত্রিমহাশয় যেসব ছোট ছোট ইন্টারমিডিয়ারিদের টাকা দেওয়া সাব্যস্ত করেছেন তার জন্য তাঁকে ধন্যবাদ কিন্তু কত সীমা পর্যন্ত তাঁদের তাড়াতাড়ি পরিশোধ করার নির্দেশ দিয়েছেন?

**শ্রীহরেকৃষ্ণ কোনার:** যেগুলির ফাইন্যাল রোল তৈরি হয়েছে, আপনি আগে মন্ত্রী ছিলেন আপনি জানেন সেই সমস্ত ফাইন্যাল রোল-এর কেসগুলিকে দিয়ে দেবার জন্য বলেছি এবং আইনত যাঁদের বন্ডে পাওয়ার তাঁরা বন্ডেই পাবেন, আর বাকি যাঁরা নগদে পারেন তাঁদের প্রত্যেককে যাঁদের ফাইন্যাল রোল হয়ে যাবে, তাড়াতাড়ি দেবার জন্য বলছি।

**শ্রীএস এম ফজলুর রহমান:** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে সরকার থেকে জ্ঞাতব্য বিষয় জানার জন্য নোটিশ দিয়েও অনেকে তার উত্তর দেয়নি যার জন্য পেমেন্ট দেওয়া হয় নি। ইন্টারমিডিয়ারিস যাঁরা নাকি অ্যাড ইন্টারিম কমপেনসেশন পেয়েছেন তাঁদের সব দাবী সাব্যস্ত হওয়ার পর, কাজে কাজেই সেই ক্ষুদ্র অ্যাড ইন্টারিম পাওয়ার যেসমস্ত লোক, পাওনাদার তাঁরা কি কোন রেসপন্ড করেন নি?

**শ্রীহরেকৃষ্ণ কোনার:** আমি ঠিক এত বিস্তারিত বলতে পারবো না, কারণ অ্যাড ইন্টারিম অনেকে পেয়েছে, আমি পরে হলে বলে দিতে পারতাম অ্যাড ইন্টারিম কত পেয়েছে, যেমন ধরুন number of cases in which ad interim payment has been made and the amount involved:

১,৭২,১৭৫ জন পেয়েছেন তাতে ১৭,৪০,৭১,৬০৮ টাকা দওয়া হয়েছে।

**শ্রীহরপ্রসাদ চ্যাটার্জী:** মাননীয় মন্ত্রিমহাশয় কি এই বিষয় চিন্তা করছেন যে বড় বড় যাঁরা ইন্টারমিডিয়ারিস তাঁদের টাকা পরে পেমেন্ট করে সেই টাকা অন্য কোন ডেভালপমেন্ট প্রজেক্টে লাগান যায় কিনা?

**শ্রীহরেকৃষ্ণ কোনার:** আমার এই উত্তরে দেখেছেন গত তিন বছরে যে টাকা বাজেট বরাদ্দ ছিল তার প্রায় ওয়ান-থার্ডের বেশী টাকা খরচ হয় নি এবং এই কমপেনসেশন রোল তৈরি করতে এত দেরী হচ্ছে এবং দেওয়ার এত ঝামেলা রয়েছে যে সেই বরাদ্দ টাকা খরচ হচ্ছে না। আর যেগুলির ফাইন্যাল রোল তৈরি হয়েছে, খুব ক্ষুদ্র যেগুলি তাদেরই ফাইন্যাল রোল তৈরি হয়েছে, বড়দের ফাইন্যাল রোল তৈরি হয় নি এবং এখন যা আমার কাছে আসছে আমি সবই বলে দিয়েছি যে, ফাইন্যাল পেমেন্ট করে দাও, ঝামেলা চুকে যাক। আর বড়দের কথা হচ্ছে তাঁরা যদি আসে সেগুলি পরে বিবেচনা করবো। তবে আমার কাছে দুটি কেস এসেছে লক্ষ লক্ষ টাকা কমপেনসেশনের ব্যাপার, তাঁরা কিন্তু কেউ ৮০ পার্সেন্ট, কেউ ৯০ পার্সেন্ট নিয়ে এসেছেন আগে থেকেই, এমন কেসও আমার কাছে আছে।

**শ্রীসুধীরচন্দ্র দাস:** মাননীয় মন্ত্রিমহাশয় এক্ষণি বললেন যে আমি বহু জায়গা থেকে অভিযোগ পেয়েছি। তাহলে মেদিনীপুর জেলা থেকেও নিশ্চয়ই পেয়েছেন। আমি আপনার কাছে এই প্রশ্ন করছি এই যে অভিযোগের মূল কি সেটা আপনি তদন্ত করেছেন কিনা। তারা যে টাকা পায় নি, যেসব কর্মচারী, বিশেষ করে আমি মনে করি কর্মচারীরা একেবারে জোট পাকিয়ে বহু ঘুষ নিয়ে এইসব তদারক করে এবং যার জন্য বহু হয়রানি হচ্ছে, সেইসব অফিসার কারা? তারা যে টাকা থাকা সত্ত্বেও পায় নি সে সম্বন্ধে মন্ত্রিমহাশয় কোন ব্যবস্থা গ্রহণ করবেন কি?

**শ্রীহরেকৃষ্ণ কোনার:** মাননীয় সদস্য জানেন শাসনযন্ত্রের অবস্থাটা কি। দ্বিতীয়ত যাঁরা এই-রকম হয়রানি করে তাঁরা খাতাপত্রে সাক্ষী প্রমাণ রেখে দিয়ে কেউ হয়রানি করে নি, সেজন্য ধরাও খুব মুশকিল কারা এটা করছে। তবে একই লোক যে তিনবার এসেছে যার ফাইন্যাল রোল হয়ে গিয়েছে এক বছর আগে, মাত্র ২০০ টাকা সে পাবে, সেই লোক এখনও পর্যন্ত টাকা পায়নি এতে বোঝা যাচ্ছে যে হয়রাণি করা হয়েছে। ২০০ টাকার জন্য আর সে কত পান, জল খাওয়ার জন্য দিতে পারে, কিন্তু ধরাও মুশকিল কে বা কারা কিভাবে করেছে, দলিলপত্র রেখে কেউ এটা করেনি। সেজন্য প্রতিকারের উপর আমরা জোর দিচ্ছি যাতে তাড়াতাড়ি পেয়ে যায়।

[1-50—2 p.m.]

**Sm. Shakila Khatun:**

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, চব্বিশপরগনা জেলার নরেন্দ্রপুর গ্রামে অনেক জমি অ্যাকোয়ার করা হয়েছিল সেই গ্রামের লোকেরা এখনও কমপেনসেশন পেয়েছেন কিনা?

**Shri Hare Krishna Konar:**

আপনি নিশ্চয়ই জানেন, কারণ আপনি তখন উপমন্ত্রী ছিলেন যে এই প্রশ্ন স্টেট অ্যাকুইজিশন অ্যাক্ট-এর কমপেনসেশন-এর ব্যাপার, ল্যান্ড অ্যাকুইজিশন অ্যাক্ট-এ।

**Shri Kanai Bhowmick:**

যে সৌভাগ্যবানেরা ৮০-৯০ পার্সেন্ট টাকা পেয়েছেন তাঁদের দু'-একটা নাম বলবেন কি?

**Shri Hare Krishna Konar:**

একটা জানি আজকে ক্যাবিনেট অ্যাপ্রুভ্যাল-এর জন্য পেশ করতে হয়েছে—এমনি করে '৬৬ সালের ডিসেম্বর মাসে মুর্শিদাবাদ রাজ এস্টেটকে এরকম টাকা দেওয়া হয়েছিল।

**Shri Syama Prasad Barman:**

মন্ত্রিমহাশয় জানাবেন কি, ১৯৬৪ সাল থেকে কমপেনসেশনের জন্য কোন সুদ দেওয়া বন্ধ হয়ে গিয়েছে এটা জানেন কিনা? ইন্টারমিডিয়ারিরা সুদ পাচ্ছিল, কিন্তু ১৯৬৪ সালের থেকে.........

**Shri Hare Krishna Konar:**

আলাদা করে দেওয়া হয় না টাকা যেরকম বাকি থাকে তার সুদগুলো মোট টাকার সঙ্গে যোগ হয়।

**Shri Syama Prasad Barman:**

১৯৬৪ সাল থেকে সুদ দেওয়া বন্ধ আছে, জানাবেন কি?

**Shri Hare Krishna Konar:**

আমি জানি অ্যাড ইন্টারিম কমপেনসেশন দেওয়া হয়। সুদ যে আলাদা করে দেওয়া হয় জানি না। আমি জানি কমপেনসেশন-এর টাকার সাথে যোগ হয়। আলাদা করে দেওয়া হয় বলে জানি না।

**Shri Syama Prasad Barman:**

মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি আমার প্রশ্ন হচ্ছে যখন ফাইন্যাল পেমেন্ট হয় তখন যেটা ক্ষতি-পূরণের টাকা বাকি থাকে তার উপরে ইন্টারেস্ট দেওয়া হয়—এই যে ইন্টারেস্ট দেওয়া হয় সেটা ১৯৬৪ সাল থেকে দেওয়া হচ্ছে না। যদি ১৯৬৬ বা ১৯৬৭ সালে কোন পেমেন্ট হয় তাহলে ১৯৬৪ সালের পর থেকে ইন্টারিম দেওয়া হচ্ছে না—এটা জানেন কিনা?

**Shri Hare Krishna Konar:**

আইনে এমন কোন কথা নেই। আগেকার গভর্নমেন্ট এমন রুলস বা এক্সিকিউটিভ ডাইরেকশন দিয়েছিলেন কিনা জানি না, তবে আইনে এমন কোন প্রভিশন নেই, আপনি বলছেন যখন খোঁজ করে দেখব।

**Shri Syama Prasad Barman:**

১৯৬৪ সালের পর থেকে তাদের ক্ষতিপূরণ বাবত কোন সুদ দেওয়া হবে কি?

**Shri Hare Krishna Konar:**

যা প্রাপ্য তা দেওয়া হবে।

**Shri Makhan Lal Das:**

মন্ত্রিমহাশয় জানাবেন কি ওই ছোটখাট পাওনা আগে দেওয়া হবে সেটা কত টাকা পর্যন্ত?

**Shri Hare Krishna Konar:**

যাদের ফাইন্যাল রোল তৈরি হয়ে যাচ্ছে তারা অল্প টাকা পান কমপেনসেশন বাবত, অর্থাৎ যাদের ফাইন্যাল রোল হয়ে যাচ্ছে তাদের পেমেন্ট করার কথা বলেছি।

**Shri Dinesh Chandra Dakua:**

মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি যেসকল জোতদার অনেকদিন পর্যন্ত জমির দখল সরকারকে দেয়নি তাদের কমপেনসেশন থেকে টাকা কাটা যাবে কিনা?

**Shri Hare Krishna Konar:**

তিনি দখল দেন নি না গভর্নমেন্ট থেকে নেওয়া হয় নি, সেটা দেখতে হবে—এমনও হয়েছে যে ভেস্টেড জমি বিক্রি করে দেওয়া হয়েছে। এটা আমরা বিবেচনা করছি।

**Shri Kanai Bhowmick:**

মন্ত্রিমহাশয় বলবেন কি, মহিষাদল রাজাকে যে কমপেনসেশন দেওয়া হয়েছে সেটা ইলেকশন-এর আগে তাকে কংগ্রেস-এর নমিনেশন দেওয়ার জন্য প্রলোভন দেখাতে?

**Shri Hare Krishna Konar:**

ফাইল-এ সেরকম কিছু লেখা নেই।

**শ্রীবি[illegible] মাঝি:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি খরা এলাকার জন্য কমপেনসেশন দেবার কোন বিশেষ ব্যবস্থা নিয়েছেন কি?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** খরার সঙ্গে আমি কমপেনসেশন জড়াই নি।

### "Bejoy Toran" of Burdwan

***66.** (Admitted question No. *173.) **Shri Narayan Chandra Chaudhuri:** (a) Will the Minister-in-charge of the Public Works Department be pleased to state if it is a fact that the Government is contemplating to pull down the 'Bejoy Toran' of Burdwan Town?

(b) If the answer to (a) be in the affirmative, will the Minister be pleased to state—

(i) what led to this decision of the Government; and

(ii) why the Government did not repair this 'Toran' instead of demolishing it?

**Shri Hemanta Kumar Basu:** (a) No

(b) Question does not arise.

## Erosion of the Damodar in Haibatpur village

***67.** (Admitted question No. *201.)

**শ্রীপুরঞ্জয় প্রামাণিক:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে বর্ধমান জেলার জামালপুর থানার হৈবতপুর গ্রাম দামোদর নদীর ভাংগনের ফলে নিশ্চিহ্ন হইবার উপক্রম হইয়াছে; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে এই ভাংগন প্রতিরোধের জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**Shri Biswanath Mukherjee:**

(ক) ও (খ)—দামোদরের ভাঙ্গন হইতে হৈবতপুর গ্রাম রক্ষা করার প্রকল্প বিষয়টি বন্যা নিয়ন্ত্রণ পর্ষদের অধীনে স্টেট টেকনিক্যাল কমিটি বিবেচনা করিয়া সুপারিশ করেন যে বাঁশের স্পার দ্বারা এবং বাঁধ লিং কার্যের দ্বারা নদীর অপর তীরের দিকে জলস্রোত প্রবাহিত করার চেষ্টা করা উচিত। ঐ কমিটির সুপারিশ অনুযায়ী গত বৎসর এই স্থানে বাঁশের স্পার স্থাপন করা হয়েছিল। গত বৎসর খুব বেশী বন্যা হয় নাই এবং হৈবতপুর গ্রামে ভাঙ্গন হয় নাই। যদি পুনরায় ভাঙ্গন দেখা দেয় তবে তাহা প্রতিরোধ করিবার জন্য টেকনিক্যাল কমিটির মতামত লইয়া ব্যবস্থা অবলম্বন করা হইবে।

**শ্রীপুরঞ্জয় প্রামাণিক:** মন্ত্রিমহাশয় জানাবেন কি যে ৬ হাজার টাকা খরচ করে যে বাঁশের বেস দেওয়া হয়েছিল তা দামোদরের জলেই গেছে কিনা?

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** মাননীয় সদস্যকে আমি এইটুকু বলতে পারি যে, টেকনিক্যাল কমিটি মনে করে যে দামোদরের ঐ বাঁকের হৈবতপুর গ্রামের উপরে ভাঙ্গন হওয়াটা স্বাভাবিক নয়, কিন্তু ভাঙ্গনটা হচ্ছে এই জন্য যে, ঐখানে একটা চর পড়েছে সেজন্য যদি এখানে পাড় দিয়ে অল্প করে হলেও সেই চরকে খানিকটা কেটে বা সরিয়ে দেওয়া যায় তাহলে জলস্রোতটা ঐদিক দিয়েই সবটা বইবে এবং হৈবতপুর গ্রামের কোন ডেঞ্জার থাকবে না। সুতরাং সেইদিক থেকে যে টাকা খরচ করা হয়েছিল সেটা কোন অপব্যয় হয়েছিল বলে আমি মনে করি না। তবে যদি এর ভিতর দিয়ে ন্যাচারালি এটাকে না করা যায় তখন অন্য কোন অলটারনেটিভ ব্যবস্থা নিতে হবে। তারজন্য আমি টেকনিক্যাল কমিটির কাছে রেফার করব যাতে তারা অন দা স্পট দেখে তারা আমার কাছে রেকমেন্ড করে।

**শ্রীপুরঞ্জয় প্রামাণিক:** মাননীয় মন্ত্রিমহাশয়কে আমি জিজ্ঞাসা করি যে, বাঁশের বেস দেওয়ার পরিকল্পনা কি টেকনিক্যাল কমিটির পরিকল্পনা নয়?

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** না, টেকনিক্যাল কমিটি এইটি রেকমেন্ড করেছিল। আগে একটি ব্যাংক রক্ষা করবার জন্য একটি প্ল্যান দিয়েছিল, টেকনিক্যাল কমিটির কাছে এটা রেফার করা হয়, টেকনিক্যাল কমিটি বলে যে এইরকম পরিকল্পনার এখন দরকার নেই। এখন বাঁশের স্পার করে বা বেন্ডিং করে চেষ্টা করতে হবে যাতে স্রোত এদিকে না আসে। যদি স্রোত এদিকে না আসে তাহলে ভাঙ্গনের কোন ডেঞ্জার থাকবে না। সেইজন্য চরটাকে খাওয়ান যায় তাহলে হৈবতপুর গ্রামে আর কোন রিস্ক থাকে না। একথা টেকনিক্যাল কমিটি সুপারিশ করেছিল। টেকনিক্যাল কমিটির হয়ত ভুল হতে পারে। অভিজ্ঞতার ভিত্তিতে যদি দেখা যায় যে ভুল হয়েছে তাহলে আমি নিশ্চয় কারেক্ট করবো।

**শ্রীপুরঞ্জয় প্রামাণিক:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, টেকনিক্যাল কমিটির কাছে স্থায়ী ভাঙ্গন রোধ করবার জন্য যে এক লক্ষ টাকার পরিকল্পনা পেশ করা হয়েছে সেটা তারা গ্রহণ করবেন কি?

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** আপনার জানা উচিত যে ফ্লাড প্রিভেনশান-এর ব্যাপারে আমরা সেন্ট্রাল গভর্নমেন্টের কাছ থেকে সাহায্য পাই এবং ফ্লাড প্রিভেনশানের ব্যাপারে এই টেকনিক্যাল কমিটির পরামর্শ না নিয়ে আমি কিছু করতে পারি না।

Only on the basis of the advice of my Engineer I cannot sanction any Scheme.

টেকনিক্যাল কমিটির কাছে রেফার করা হয়েছিল। আপনি যে স্কীমের কথা বলছেন
that was referred to the Technical Committee.

টেকনিক্যাল কমিটি বিবেচনা করে বলেছেন এই স্কীম নেবার এখন কোন দরকার নাই। আগে দেখা যাক চরটা ক্ষয়ে যায় কিনা, স্রোতটা ঐদিক দিয়ে যায় কিনা, সুতরাং আমি আরেকবার টেকনিক্যাল কমিটির কাছে রেফার করতে পারি এবং আরেকবার তদন্ত করে দেখতে পারি এইটুকু প্রতিশ্রুতি আপনাকে দিতে পারি।

**শ্রীপুরঞ্জয় প্রামাণিক:** মন্ত্রিমহাশয় জানাবেন কি এই টেকনিক্যাল কমিটির তিনজন সদস্যের মধ্যে পশ্চিমবঙ্গ সরকারের দুইজন চীফ ইঞ্জিনীয়ার সদস্য আছেন?

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** সেটা আমি জানি।

**শ্রীপুরঞ্জয় প্রামাণিক:** তাহলে এই টেকনিক্যাল কমিটির কাজ গ্রহণ না করার কারণ কি?

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:**
Technical Committee is to give the technical advice.
এবং তাদের টেকনিক্যাল অ্যাডভাইস না নিয়ে আমি পারি না—এই হচ্ছে স্টিপুলেশন।

[2—2-10 p.m.]

**Mr. Speaker:** Question hour is over. Questions Nos. 68, 69, 70 and 72—answers to these questions will be laid on the table. Question No. *71 will be held over.

**Dr. Nalinaksha Sanyal:** Sir, question No. 68 is very important. I would request you to have that also held over so that we may have an opportunity of putting supplementaries thereon.

**Mr. Speaker:** I cannot do that.

**Dr. Nalinaksha Sanyal:** If you can exercise your power for some questions, surely you can exercise it on others also. Where are the rules that prevent you?

**Mr. Speaker:** I have done that because the question has not been answered.

**Dr. Nalinaksha Sanyal:** Here also the question has not been properly answered.

**Mr. Speaker:** Answer to this question has not been received. In case of these questions the answers have been received and if there was time to put supplementaries all these questions would have been disposed of by now.

**Dr. Nalinaksha Sanyal:** Sir, will you kindly take notice—I repeat Question No. 68 which is now appearing in the name of Shri Pramatha Nath Dhibar be admitted as a Starred Question for answer. Sir, I give the notice here and now.

### Disturbances in and around the University Institute, Calcutta

***72A.** (SHORT NOTICE) (Admitted Question No. *641.) **Shri Gangadhar Pramanick, Shri Harendra Nath Majumdar, Shri Md. Jaynal Abdin, Shri Dasarathi Tah, and Dr. Nalinaksha Sanyal:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) the reasons which led to the disturbances that took place in and around the University Institute in College Street on the 2nd July,

1967, where inside the University Institute Hall on "ani-Peking Unity and Indian Unity" Day meeting organised by different political parties was being held;

(b) the number of casualties as a result of free fight that took place;

(c) whether any police arrangement was made there from the beginning of the meeting; and

(d) whether any arrests have been made in that connection?

**Shri Ajoy Kumar Mukhopadhyay:** (a) In observance of "Anti-Peking Unity and India Day" a meeting was organised on 2nd July, 1967, at the University Institute Hall. About 1,000 people attended. As the meeting was in progress a group of young men about 100 in number came to the gate of the University Institute shouting slogans like "Mao-Tse-Tung Zindabad", et . They tried to gatecrash into the meeting with the ostensible intention of breaking it up. Being resisted by the volunteers, they started throwing brickbats and sodawater bottles. Some crackers were also thrown. The supporters of the meeting also retaliated and the attacking young men went inside College Square to intensify their attack from inside the Square. The street lights were put out.

(b) Due to brickbatting and hurling of sodawater bottles six persons were injured.

(c) No.

(d) Yes, one man was arrested in connection with the incident.

**Shri Gangadhar Pramanik:** Will the Hon'ble Minister be pleased to state whether anti-Peking Unity and Indian Unity Day is illegal and anti-national?

**Shri Ajoy Kumar Mukhopadhyay:** No.

**Shri Gangadhar Pramanik:** Will the Hon'ble Minister be pleased to state—shouting of 'Mao-Tse-Tung-Zindabad', 'Lal Salam to Mao-Tse-Tung' and 'Long Live China'—whether these pro-Chinese slogans are deliberately suffered by the Government and whether these are permissible to be raised openly without any Government interference and whether these are acts of treason.

**Shri Ajoy Kumar Mukhopadhyay:** This is undesirable. I cannot say it is a treason.

**Dr. Nalinaksha Sanyal:** In answer to question (c) the Hon'ble Minister has been pleased to state that there was no police arrangement. May I enquire whether police was duly informed or any information was received by the police in Calcutta that just within a mile from Lalbazar such a rowdy happening was going on and whether of their own accord they thought it necessary or not to go there and stop such demonstration?

**Shri Ajoy Kumar Mukhopadhyay:** No.

**Dr. Nalinaksha Sanyal:** Will the Hon'ble Minister be pleased to state if he would in future take necessary action to see that the Calcutta Police keep information of rowdies, who are trying to take the law in their own hands and create disturbances, and take action immediately?

**Shri Ajoy Kumar Mukhopadhyay:** Whenever they get any information.

**শ্রীমতী পূরবী মুখার্জী:** এই মাত্র মুখ্যমন্ত্রীমহাশয় বললেন যে, মাও-সে-তুং জিন্দাবাদ, লাল চীন জিন্দাবাদ বললে ট্রিজন হয় না—কি কি ঘটনা ট্রিজন বলে গণ্য হয় সেটা মুখ্যমন্ত্রি মহাশয় বলবেন কি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** দিস ইজ এ ম্যাটার অফ ওপিনিয়ন।

**শ্রী এস এম ফজলুর রহমান:** মুখ্যমন্ত্রিমহাশয় বললেন যে গ্রুপ অফ ইয়ং মেন, তাদের কোন পলিটিক্যাল অ্যাফিলিয়েশন ছিল কি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** আমার জানা নেই।

**শ্রীনারায়ণচন্দ্র চৌধুরী:** মুখ্যমন্ত্রিমহাশয় জানাবেন কি যে তিনি সাংবাদিকদের নিকট মাও সে তুং জিন্দাবাদ বলাটা দেশদ্রোহিতা বলেছেন কিনা?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** বলেছি।

**শ্রীমতী পূরবী মুখার্জি:** আপনি চীফ মিনিস্টার হয়ে যদি সাংবাদিকদের কাছে দেশ-দ্রোহিতা বলে থাকেন তাহলে এই দেশদ্রোহিতার বিরুদ্ধে কোন অ্যাকশন নিয়েছেন কি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** দরকার হলে নেবো।

**শ্রীমতী পূরবী মুখার্জি:** কোন সময় আপনি দরকার বলে মনে করবেন—যখন আমাদের কলকাতা শহরের উপর প্রকাশ্য সভায় মাও সে তুং জিন্দাবাদ বলে এসে এইভাবে আক্রমণ করতে পারে এবং সেই স্লোগানকে যদি মুখ্যমন্ত্রিমহাশয় ট্রিজিন বলেন তাহলে কোন স্টেজে একসন নেবেন বলে মনে করেন?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** আমরা আগে কোন খবর পাইনি, পেলে কোন একটা ব্যবস্থা করতাম। খবর পেয়ে আমরা একজনকে ধরেছি এবং তার বিচার হবে।

**শ্রীগঙ্গাধর প্রামাণিক:** এইরকম ঘটনা আর ঘটবে কিনা মুখ্যমন্ত্রিমহাশয় বলতে পারেন কি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** যাঁরা ঘটাবেন তাঁরাই জানেন।

**শ্রীমতী পূরবী মুখার্জি:** আপনার অধীনে যে আই বি ডিপার্টমেন্ট এবং স্পেশাল ব্রাঞ্চ আছে তারা কি এই ধরনের ইউনিভার্সিটি ইনস্টিটিউটে অ্যান্টি পিকিং ডে-তে এইরকম ঘটনা ঘটতে পারে বলে আপনাকে ইঙ্গিত দিয়েছিলেন?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** তাঁরা এইরকম কোন খবর জানতেন না যে ওখানে গিয়ে ও'রা আক্রমণ করবেন।

**শ্রীপীযূষকান্তি মুখার্জি:** এই ঘটনার সঙ্গে আমাদের যুক্তফ্রন্ট সরকারের কোন কোন মন্ত্রী যুক্ত আছেন কিনা এ খবর কি আপনার কাছে আছে?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** আজ্ঞে না।

**শ্রী এস এম ফজলুর রহমান:** অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ, স্যার। এক্ষণে মাননীয় মুখ্য-মন্ত্রিমহাশয় বললেন, মাননীয় সদস্যা শ্রীমতী পূরবী মুখার্জির প্রশ্নের জবাবে যে উনি সাংবাদিক-দের কাছে বলেছেন যে মাও সে তুং জিন্দাবাদ ইত্যাদি যেসব স্লোগান দিয়েছেন এগুলি দেশ-দ্রোহিতার সামিল—আর একজন অন্য মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে বললেন যে এটা আন-ডিজায়াবেবল। মাননীয় মুখ্যমন্ত্রি যেটা দেশদ্রোহিতা বলছেন সাংবাদিকদের কাছে, সেটাকে এখানে বলছেন আনডিজায়ারেবল—আনডিজায়ারেবল আর দেশদ্রোহিতা কি একই পর্যায়ভুক্ত? কাজেই আমি বলছি তিনি ঠিক সত্যকে বিকৃত করে এখানে জবাব দিচ্ছেন—এটাই আমার অধিকার-গত প্রশ্ন।

**মিঃ স্পীকার:** উনি মন্ত্রিমহাশয়, ও'র মত উনি উত্তর দিয়েছেন—আপনারা কোয়েশ্চেন করেছেন ও'র যা মত উনি বলেছেন।

**শ্রীপীযূষকান্তি মুখার্জি:** মুখ্যমন্ত্রিমহাশয় বলবেন কি আনডিজায়ারেবল এবং দেশ-দ্রোহিতার উনি একই অর্থ করেন কিনা?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** দেশদ্রোহিতা আনডিজায়ারেবল—এইরকম অনেক কিছুই আন-ডিজায়ারেবল হতে পারে।

[2-10—2-20 p.m.]

**শ্রীকৃষ্ণকুমার শুক্লাঃ** আনডিজায়ারেবল দেশদ্রোহী কিনা?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** সব সময় নয়।

**শ্রীকৃষ্ণকুমার শুক্লাঃ** এই একটা ব্যাপার দেশদ্রোহীতাকে আনডিজায়ারেবল স্টেটএ ফেলছেন কিনা?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** তা হতে পারে।

**শ্রীনারায়ণচন্দ্র চৌধুরীঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে মাও-সে-তুং জিন্দাবাদ যে ধ্বনি দিয়েছিল এটা একটা অ্যান্টি-স্টেট অ্যাক্টিভিটি তিনি বলেছেন; এটা দেশের অ্যান্টি-স্টেট অ্যাক্টিভিটি আছে কিনা এবং ষড়যন্ত্র চলছে কিনা?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** আমার জানা নেই।

**শ্রীঅরুণকুমার মৈত্রঃ** যে লোককে ধরা হয়েছিল সে কোন দলের লোক?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** দলের নয়।

One person named Shri Partha Ghosh, son of Dr. Nityananda Ghosh, of 63/1A Hari Ghosh Street, Second-Year student of Vidya Sagar College, has been arrested.

**শ্রীঅরুণকুমার মৈত্রঃ** তিনি কোন রাজনৈতিক দলের সদস্য কি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** বিদ্যাসাগর কলেজের ছাত্র।

**ডাঃ গোপীকারঞ্জন মিত্রঃ** ১০০ জন লোক সভা আক্রমণ করেছিল তাদের মধ্যে একজনকে করা হল কেন?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** একজন আহত অবস্থায় কলেজ স্কোয়ারে চলে গিয়েছিল। সেই সময় তাকে পাওয়া গেছে।

That student of Vidyasagar College having injuries on his person was handed over to the police from inside the University Institute as one of the culprits responsible for throwing crackers and brickbats.

**শ্রীনারায়ণচন্দ্র চৌধুরীঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে ছয় জন আহত হয়েছিলেন তাদের মধ্যে পশ্চিমবাংলার কোন মন্ত্রী আছেন কিনা?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** আজ্ঞে, না।

**শ্রীবিজয় সিংহ নাহারঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে তাঁর কাছে টেলিফোন করবার পর সেখানে পুলিশ প্রোটেকশন-এর ব্যবস্থা হয়েছে?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** তার আগেই হয়েছে, টেলিফোন করেন নি। অন্য মন্ত্রীর কাছে করেছিলেন তারপর খবর দিয়ে দেওয়া হয় তখন পুলিশ যায়।

**শ্রীবিজয় সিংহ নাহারঃ** আমি জিজ্ঞাস করছি যে খবরের কাগজে দেখলাম ৬টার সময় সেখানে দুষ্কৃতকারীরা গণ্ডগোল আরম্ভ করে, সেখানে সাড়ে সাতটার সময়। লালবাজার থেকে খবর পেতে কি বর্তমানে এত দেরী হচ্ছে?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** খবরটা কোন মন্ত্রীর তরফ থেকে দেওয়া হয়েছিল।

**শ্রীবিজয় সিংহ নাহারঃ** কলকাতার উপর দেড়ঘণ্টা ধরে মারামারি, খণ্ডযুদ্ধ চললো পুলিশ খবর পেল না। আজকাল কি পুলিশের এইরকম ব্যবস্থাই চলেছে?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** তারা খবর পায় নি।

**শ্রীবিজয় সিংহ নাহার:** কলকাতা পুলিশের খুব এফিসিয়েন্সি—কারণ কলকাতার বুকে উপর দেড়ঘণ্টা ধরে মারামারি, খণ্ডযুদ্ধ চললো, এটা সত্য কি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** ইট ইজ এ ম্যাটার অফ ওপিনিয়ন।

**শ্রীবিজয় সিংহ নাহার:** কোন মন্ত্রীর কাছ থেকে খবর দেওয়া হয়েছিল?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** আই অ্যাম সরি।
তিনি বলেছেন সেখানে পুলিশ ভ্যান এসে পড়ায় সেই পুলিশ ভ্যান খবর দেয়। কোন মন্ত্রী নয়, এটা আমি কারেক্ট করে দিচ্ছি।

**Sm. Purabi Mukherjee:** On a point of privilege, Sir, May I expect a statement from the other Minister who is also involved in it?

**Mr. Speaker:** That is no point of privilege.

**শ্রীমিহির উপাধ্যায়:** ২।৩ বছর আগে মাও-সে-তুং বলে যারা মিছিল করেছিল কংগ্রেস মন্ত্রিসভা তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা করেছিলেন?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** আমার জানা নেই।

**ডাঃ গোপীকারঞ্জন মিত্র:** সেদিন যে ঘটনা ঘটেছিল তাতে ইউনিভার্সিটি ইন্‌স্টিটিউট-এ কতটা ক্ষতি হয়েছিল?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** আমার জানা নেই।

**ডাঃ গোপীকারঞ্জন মিত্র:** তারা যদি ক্ষতিপূরণ চায় সরকার কি দেবেন?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** যদির উপর প্রশ্ন হয় না।

**শ্রীমিহির উপাধ্যায়:** ইউনিভার্সিটি ইন্‌স্টিটিউট-এর ঘটনা সরকার পক্ষের সদস্যরা অ্যাডজোর্ণমেট মোশান এনেছিলেন সেটা আপনি পাঠ করলেন। যেটা নিয়ে এত প্রশ্ন হল সেটাকে মুখ্যমন্ত্রিমহাশয় গুরুত্বহীনভাবে তার উত্তর দিয়েছেন। এই কথা কি মনে করা যেতে পারে যে তিনি লেফ্‌ট কম্যুনিস্ট পার্টির কাছে আত্মবিক্রয় করেছেন?

## STARRED QUESTIONS

### (to which Answers were laid on the table)

### Navigable Canal of the D. V. C.

***68.** (Admitted question No. *227.)

**শ্রীপ্রমথনাথ ধীবর:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ডি, ভি, সি-র যে একটি নাব্য খাল আছে তাহা বর্তমানে চালু আছে কি; এবং

(খ) চালু না থাকিলে, তাহার কারণ কি?

**The Minister for Irrigation:**

(ক) না।

(খ) খালটিকে বাণিজ্যিক কারণে ব্যবহারের জন্য হিন্দুস্থান শীপিং কোম্পানি (লিমিটেড)কে ারা দেওয়া হইয়াছিল, কোম্পানি কয়েক মাস নৌচলাচল করিয়াছিলেন, কিন্তু কোন কারণ না দেখাইয়া উক্ত কোম্পানি এখন দায়িত্ব পালন করিতেছেন না। এমতাবস্থায় ডি, ভি, সি, কোম্পানিকে চুক্তি বাতিলের নোটিশ দিয়াছেন (যদি না তাহারা ৩১শে জুলাইয়ের মধ্যে নৌচলাচল পুনরারম্ভ না করেন)। ডি, ভি, সি, ইতিমধ্যে অন্য কোম্পানির সঙ্গে আলোচনা শুরু করেছেন।

### Silting up of the lower Damodar

***69.** (Admitted question No. *242.)

**ডাঃ রঞ্জিত ঘোষচৌধুরী:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নিম্ন দামোদর মজিয়া যাওয়ার কথা সরকার অবগত আছেন কিনা; এবং

(খ) অবগত থাকিলে, নিম্ন দামোদর মজিয়া যাওয়ার দরুণ বাগনান থানায় বিস্তৃত এলাকায় জলনিকাশের অভাবে চাষের প্রভূত ক্ষতি বাঁচানোর জন্য সরকার হইতে কি ব্যবস্থা লওয়া হইতেছে?

**The Minister for Irrigation:**

(ক) হ্যাঁ।

(খ) নিম্ন দামোদর নদীর সমীপবর্তী এলাকার জল নিষ্কাশন সমস্যা সমাধানের উদ্দেশ্যে বর্তমান জলপ্রণালীকে নিয়ন্ত্রিত জলপ্রণালীতে পরিণত করার প্রস্তাব বিবেচনাধীন আছে এবং এই বিষয়ে একটি প্রকল্পের খসড়া প্রস্তুত করা হইয়াছে। সমস্যার জটিলতার জন্য এই বিষয়ে বিস্তারিত পরীক্ষা-নিরীক্ষার প্রয়োজন আছে।

### Construction of a bridge over the Manshai in Mathabhanga subdivision

***70.** (Admitted question No. *127.) **Shri Prasenjit Barman:** Will the Minister-in-charge of the Public Works (Roads) Department be pleased to state—

(a) if it is a fact that there is a proposal for the construction of a bridge over the river Manshai under Mathabhanga subdivision in Cooch Behar district;

(b) if the answer to (a) be in the affirmative, will the Minister be pleased to state—

(i) whether the preliminaries for this scheme have been completed; and

(ii) when the construction of the bridge would start?

**The Minister for Public Works:** (a) Yes, a proposal for such a bridge is under consideration.

(b) (i) Preliminaries such as hydraulic investigation and selection of site, have been started for the purpose of rough design and estimate. Execution of the scheme will depend upon the cost involved and the funds that may be available for road development works of the 4th Plan.

(ii) No date for starting the work can be fixed at this stage.

### Canal extension schemes

***72.** (Admitted question No. *180.) **Shri Narayan Chandra Choudhuri:** Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) how many schemes for the canal extension in D. V. C.-commanded area in the district of Burdwan were submitted to the State Government in 1966-67; and

(b) how many schemes have been executed by the present Government this year?

**The Minister for Irrigation:** (a) The Chief Engineer (I), Irrigation and Waterways Directorate, and not the State Government, sanctioned 54 canal extension schemes in the D.V.C.-commanded area in the district of Burdwan during 1966-67;

(b) Forty-two schemes. The execution of the rest is in progress.

## UNSTARRED QUESTIONS

### (to which written answers were laid on the table)

### Haldia Development Board

**21.** (Admitted question No. 78.)

**শ্রীমতী আভা মাইতি:** (ক) হলদিয়া উন্নয়ন পর্ষদ গঠিত হইয়াছে কিনা;

(খ) যদি গঠিত হইয়া থাকে তবে উক্ত পর্ষদের সদস্য সংখ্যা কত;

(গ) মোট সদস্যের মধ্যে বেসরকারী সদস্যের সংখ্যা কত;

(ঘ) বেসরকারী সদস্যবৃন্দের নাম ও ঠিকানা কি; এবং

(ঙ) পর্ষদের সভাপতির ও সহ-সভাপতির নাম কি?

**The Minister for Development and Planning Department:**

(ক) হ্যাঁ।

(খ) ২৪।

(গ) ৯।

(ঘ) (১) শ্রীসতীশচন্দ্র সামন্ত, এম-পি, ৭নং ইলেকট্রিক লেন, নিউ দিল্লী।

(২) শ্রীমহাতাবচন্দ্র দাস, এম এল এ, গ্রাম—হরিবল্লভপুর, পোঃ—দেউলপোতা, জিলা—মেদিনীপুর।

(৩) শ্রীমতী গীতা মুখার্জি, এম এল এ, বেলগাছিয়া ভিলা এম-আই-জি হাউসিং স্টেট ব্লক ডি, ফ্ল্যাট ৬, কলিকাতা-৩৭।

(৪) শ্রীভূপাল পান্ডা, এম এল এ, গ্রাম—দাউদপুর, জিলা—মেদিনীপুর।

(৫) শ্রীপ্রশান্তকুমার গায়েন, এম এল এ, গ্রাম—ন্যাসিরাবাদ, পোঃ—হাঁসচারা, জিলা—মেদিনীপুর।

(৬) অধ্যাপক নির্মলকুমার বসু, এম এল সি, ৪৭/২এ বদ্রীদাস টেম্পল ষ্ট্রীট, কলিকাতা—৪।

(৭) বেঙ্গল চেম্বার অব কমার্স এ্যান্ড ইন্ডাস্ট্রিস-এর প্রতিনিধি, ৬ নেতাজী সুভাষ রোড, কলিকাতা—১।

(৮) বেঙ্গল ন্যাশনাল চেম্বার অব কমার্স এ্যান্ড ইন্ডাস্ট্রিস-এর প্রতিনিধি, পি-১১ মিশন রো এক্সটেনশন, কলিকাতা—১।

(৯) ইন্ডিয়ান চেম্বার অব কমার্স-এর প্রতিনিধি, ইন্ডিয়া এক্সচেঞ্জ, কলিকাতা-১।

(ঙ) (১) শ্রীসতীশচন্দ্র সামন্ত, এম-পি—সভাপতি।

(২) শ্রীসুশীলকুমার ধাড়া, মন্ত্রী, বাণিজ্য ও শিল্প বিভাগ—সহ-সভাপতি।

### Fourth Plan roads in Nadia District

**22.** (Admitted question No. 134.) **Dr. Nalinaksha Sanyal:** Will the Minister-in-charge of the Public Works (Roads) Department be pleased to state—

(a) when the construction of new roads and improvement of existing roads as per schemes approved for the Fourth Five-Year Plan period are expected to be undertaken;

(b) what are the approved roads to be taken up for improvement in the Nadia district and what priorities, if any, have been determined for the same;

(c) whether the Anchalik Parishad of Karimpur has asked the Zilla Parishad, Nadia, to accord higher priority to short section of roads up to about three miles from nearest pucca roads leading to High Schools, in case longer roads cannot be taken up early for want of funds; and

(d) whether Government is in a position to accord the priority asked for by the Karimpur Anchalik Parishad?

**The Minister for Public Works (Roads):** (a) and (b) The programme of road schemes for the Fourth Five-Year Plan has not yet been finalised.

(c) and (d) Schemes drawn up by District Magistrates in consultation with the Zilla Parishads are considered in framing the Plan. Government is not aware of the reviews of individual Anchalik Parishads.

### Bhatar-Manteswar-Nasigram Road, Burdwan

**23.** (Admitted question No. 194).

**নারায়ণচন্দ্র চৌধুরী:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার ভাতার-মন্তেশ্বর-নাসিগ্রাম রাস্তা নির্মাণের কাজ কত দিনে শেষ হইবে; এবং

(খ) উক্ত রাস্তা নির্মাণে বিলম্বের কারণ কি?

**The Minister for Public Works (Roads):**

(ক) এবং (খ) সময়মত জমির দখল না পাওয়ায় রাস্তা নির্মাণে বিলম্ব হইতেছে। জমির দখল পাওয়ার উপর কাজ শেষ হওয়া নির্ভর করিতেছে।

### Memari-Jougram Road, Burdwan

**24.** (Admitted question No. 204.)

**দীপুরঞ্জয় প্রামাণিক:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ করিয়া জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার মেমারী-জৌগ্রাম রাস্তাটির কাজ কতদূর অগ্রসর হইয়াছে; এবং

(খ) রাস্তাটির নির্মাণ কার্য কতদিনে সম্পূর্ণ হইবে?

**The Minister for Public Works (Roads):**

(ক) রাস্তাটির উপর এখন সাঁকো (কালভার্ট) নির্মাণের কাজ চলিতেছে।

(খ) চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনার মধ্যে সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায়।

### Supply of Canal Water in Jamalpur police-station for Kharif and Rabi crops

**25.** (Admitted question No. 207.)

**দীপুরঞ্জয় প্রামাণিক:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—বর্ধমান জেলার জামালপুর থানায় ১৯৬৪-৬৫ সালে, ১৯৬৫-৬৬ সালে এবং ১৯৬৬-৬৭ সালে কত একর জমিতে খারিফ মরশুমে এবং কত একর জমিতে রবি মরশুমে ক্যানেল হইতে সেচের জল দেওয়া হইয়াছে?

**The Minister for Irrigation and Waterways:**

বর্ধমান জেলায় জামালপুর থানায় খারিফ ও রবি মরশুমে ক্যানেল হইতে সেচের জল সরবরাহের হিসাব নিম্নে দেওয়া হইলঃ—

| সাল | খারিফ (একর পরিমাণ) | রবি (একর পরিমাণ) |
|---|---|---|
| ১৯৬৪-৬৫ | ২৪,৩৫৬ | ২,৯৫২ |
| ১৯৬৫-৬৬ | ২৪,৩৭২ | ২,৯৯৭ |
| ১৯৬৬-৬৭ | ২২,৫৬৭ | ২,৬৫৪ |

### Gheraos, retrenchments and new appointments

**26.** (Admitted question No. 240.)

**ডাঃ রঞ্জিত ঘোষচৌধুরী:** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬২ সালে মন্ত্রীসভা গঠিত হবার পর প্রথম তিন মাসে মোট কতগুলি ক্ষেত্রে "ঘেরাও" ও "ছাঁটাই"-এর ঘটনা ঘটে; এবং কতগুলি নূতন কর্ম-সংস্থানের ব্যবস্থা করা হয়; এবং

(খ) ১৯৬৭ সালে প্রথম তিন মাসে (মার্চ হইতে মে) কতগুলি ক্ষেত্রে "ঘেরাও" ও "ছাঁটাই"-এর ঘটনা ঘটে এবং কতগুলি নূতন কর্মসংস্থানের ব্যবস্থা করা হইয়াছে?

**The Minister for Labour:**

(ক) (১) ১৯৬২ সালের মার্চ হইতে মে মাস পর্যন্ত তিন মাসের মধ্যে ঘটিত "ঘেরাও" এর তথ্য জানা নাই।

(২) ১৯৬২ সালের মার্চ হইতে মে মাস পর্যন্ত তিন মাসের মধ্যে ঘটিত ছাঁটাই শ্রমিকের সংখ্যা—৫৩৪।

(৩) ১৯৬২ সালের মার্চ হইতে মে মাস পর্যন্ত তিন মাসে কর্মসংস্থান কেন্দ্রের মারফৎ নূতন কর্মসংস্থানের সংখ্যা—৭,৩৯৬।

(খ) উক্ত সময়ে—

(১) "ঘেরাও"-এর সংখ্যা—৩১৩।

(২) ছাঁটাই শ্রমিকের সংখ্যা—১,২৩৩।

(৩) কর্মসংস্থান কেন্দ্রের মারফৎ নূতন কর্মসংস্থানের সংখ্যা—৮,৫৩৮।

### Financial Assistance to Kajla Janakalyan Samity

**27.** (Admitted question No. 245.)

**শ্রীসুধীরচন্দ্র দাস:** (ক) কাঁথি থানাব কাজলা জনকল্যাণ সমিতির সমাজকল্যাণ বিভাগ হইতে এ পর্যন্ত কি কি বাবদে কত টাকা দেওয়া হইয়াছে?

(খ) প্রদত্ত টাকা কিভাবে ব্যয় হইয়াছে সেই সম্পর্কে কোন সরকারী রিপোর্ট আছে কিনা এবং থাকিলে তাহা কি?

**The Minister for Relief and Social Welfare:**

(ক) সমাজকল্যাণ বিভাগ হইতে অদ্যাবধি কোন টাকা দেওয়া হয় নাই।

(খ) প্রশ্ন উঠে না।

## Calling Attention

**Mr. Speaker:** I have received five notices of Calling Attention on the following subjects, namely:

(1) Lay offs and retrenchment of several hundred workmen in Farakka Barrage Project—from Shri Amalendra Lal Roy;

(2) Alleged firing of guns between two groups of labourers on 3rd July 1967 in Dhemo Main Colliery, Asansol,—from Dr. Gopika Ranjan Mitra;

(3) Extreme inconvenience to the travelling people due to sudden stoppage of trams on 3rd July 1967—from Dr. Gopika Ranjan Mitra;

(4) Theft of Railway materials and breaking and causing severe damages to Rail properties—from Shri Amritendu Mukherjee; and

(5) Assault on Shri Jyoti Maity on 18th June 1967 in police-station Narayangarh—from Shri Krishna Das Roy.

I have selected the notice of Shri Amalendra Lal Roy on the subject of lay offs and retrenchment of several hundred workmen in Farakka Barrage Project. The Hon'ble Minister-in-charge may please make a statement today, if possible or give a date for the same.

**Shri Subodh Banerjee:** Sir, I shall make a statement tomorrow.

**Mr. Speaker:** Some honourable members approached me to mention some important matters. I call upon Shri Haradhan Roy.

**Shri Haradhan Ray:**

মাননীয় স্পীকার মহাশয় আপনার মাধ্যমে গতকাল আসানসোল কোর্টে রতি বাড়ীর, কোওার বাড়ি, কালিয়া বাড়ি, বার্ণপুর রেল প্রভৃতির জায়গায় পাঁচ হাজার শ্রমিক কর্মচারীর আসানসোলে এস ডি ও এবং এ ডি এম, এ এস পি-এর কাছে গণডেপুটেশনে গিয়েছিল। গত ৮ই মে থেকে নন্দ জালান রতি বাড়ি, কালিয়া বাড়িতে অবৈধভাবে লক আউট ঘোষণা করেছিলেন এবং যেহেতু এগুলি সেণ্ট্রাল গভর্নমেণ্টের সাবজেক্ট এবং কেন্দ্রীয় সরকারের শ্রম দপ্তর এই সম্পর্কে ভারপ্রাপ্ত প্রাদেশিক সরকার নয়, এবং প্রাদেশিক সরকার বার বার চেষ্টা করা সত্ত্বেও আজ পর্যন্ত কলিয়ারী চালু হয়নি এবং ১২।১৩ শত কর্মী যাদের ৫।৬ হাজার পোষ্য তারা অত্যন্ত দুঃখ-দুর্দশার মধ্যে পড়েছেন। আমি এই কলিয়ারী চালু করার জন্য পশ্চিমবঙ্গ সরকারকে অনুরোধ করছি যে তারা যেন এ ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করেন।

**শ্রীকৃষ্ণকুমার শুক্লা:** স্যার, এই ভদ্রলোকই কি বি পি ঝা-র হত্যাকারী?

(তুমুল হট্টগোল)

**Mr. Speaker:** Mr. Shukla, I do not know how can you make such a statement on the floor of the House against a responsible honourable member of this House.

**শ্রীহারাধন রায়:** স্যার, আমার অনুরোধ সরকার এই কোলিয়ারীটি শীঘ্র চালু করুন।

**Shri Krishna Kumar Shukla:**

স্যার, এই কি সেই হত্যাকারী?

[2-20—2-30 p.m.]

**Mr. Speaker:** Please take your seat. You are not the Police Chief or the High Court Judge. If he does anything wrong, the court of law will decide that. Law takes its own course.

**শ্রীহারাধন রায়ঃ** স্পীকার মহাশয়, আমার ব্যক্তিগত কৈফিয়ত আছে। মিঃ শুক্লা একটু আগে যেকথা বললেন, আমি তখন এ্যাসেম্বলীতে ছিলাম না এবং তিনি রাজনৈতিক উদ্দেশ্যমূলকভাবে এটা প্রচার করেছেন। এটা সর্বৈব মিথ্যা ছাড়া আর কিছু নয়। আমি আপনাদের কাছে বলছি, কিভাবে জিনিসটা ঘটেছে। যেভাবে জিনিসটাকে এখানে রাখা হয়েছে সেটা সম্পূর্ণ মিথ্যা। আমার প্রেজেন্সে এইরকম কোন ঘটনা ঘটেনি এবং আমি সেখানে ছিলাম না। স্যার, আমাকে যদি ব্যক্তিগতভাবে বলতে না দেন, এইভাবে যদি গোলমাল করেন তাহলে আমি কি করে ঘটনাটি বলি?

(তুমুল হট্টোগোল)

**Mr. Speaker:** He totally denies that the allegations are false. He need not say anything more.

**শ্রীহারাধন রায়ঃ** এটা সম্পূর্ণ মিথ্যা। আমি ওখানে ছিলাম না। এটা রাজনৈতিক উদ্দেশ্যমূলকভাবে বলা হয়েছে।

(তুমুল হট্টোগোল)

**Mr. Speaker:** Please maintain silence. If this be the state of affairs, I am sorry I shall not be able to give you the opportunity to mention important matters.

Now Shri Golokesh Bhattacharjee may speak.

**শ্রীহরপ্রসাদ চ্যাটার্জিঃ** তাহলে কি আমি জিজ্ঞাসা করতে পারি, শুক্লা সাহেব এখুনি যা বললেন তাঁর সেই বক্তব্য এ্যাসেম্বলী প্রসিডিংসে থাকবে, না এক্সপাঞ্জ করবেন? কারণ, এটা সাব জুডিস ম্যাটার।

**Mr. Speaker:** I shall look into the matter. If it is reasonably objectionable, I shall take proper steps.

**শ্রীগোলকেশ ভট্টাচার্যঃ** মিঃ স্পীকার, স্যার, গত ১৯এ জুন রাত্রি সাড়ে ৯টা থেকে পোনে দশটার মধ্যে..................

**শ্রীদিলীপকুমার মজুমদারঃ** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, আমার পয়েন্ট অব অর্ডার হচ্ছে এই যে, এই কি সেই ভদ্রলোক যিনি নৈহাটীতে গৃহস্থ ঘরের বধূর লজ্জা হরণ করেছেন এবং গুণ্ডাবাজী করেছেন? তাই যদি হয় তাহলে ঐ গুণ্ডাকে বসিয়ে দিন।

**Mr. Speaker:** Please sit down. There is no point of order in it.

**শ্রীগোলকেশ ভট্টাচার্যঃ** মাননীয় স্পীকার মহাশয়, গত ১৯এ জুন তারিখে হালিশহর স্টেশনে যখন ১১৬ নং ডাউন শান্তিপুর আসছিল, তখন রাত্রি প্রায় সাড়ে ৯টা কি পোনে দশটা বাজে। হালিশহর স্টেশনে যখন ডাউন শান্তিপুর এসে পৌছালো তখন সেই সময় কয়েকজন গুণ্ডা প্রকৃতির লোক এসে ড্রাইভারকে বিভিন্ন রকম অস্ত্রশস্ত্র দেখিয়ে গাড়ী আটক করে রাখে, ওখানকার গণ-কমিটির লোক বলে যাঁরা পরিচিত এবং যাকে পরিচালনা করছেন জগদীশ দাস মহাশয়। তাঁরই নেতৃত্বে এটা হয়েছে এবং ওখানকার অঞ্চল পঞ্চায়েতের প্রধান যিনি ছিলেন, তাঁর সামনে এই সমস্ত লুঠতরাজ হয়েছে। এই লুঠতরাজের পরে দুইজন লোক ধরা পড়েছে। আর বাকি লোক ধরা পড়েনি এবং সেই লোক দু'জন গত ৩ তারিখে ধরা পড়েছে। জগদীশ দাস মহাশয় বলেছিলেন যে, তারা কংগ্রেসী সভ্য। আমি তাঁর কাছ থেকে জানতে চাই যে তারা সভ্য কিনা। আমি যত দূর জানতে পেরেছি তাতে দেখা যাচ্ছে যে এই লুঠের মূলে জগদীশ দাস মহাশয় ছিলেন এবং তাঁরই নেতৃত্বে এই লুঠতরাজ হয়েছিল। সেই জন্য আমি মুখ্যমন্ত্রিমহাশয়ের কাছে জানাতে চাই যে, পরে যেন এ ব্যাপারে তদন্ত হয় এই হচ্ছে আমার বক্তব্য।

**Mr. Speaker:** You took my permission on the explicit understanding that you will only mention something and will not raise a discussion or deliver a speech. I am sorry, you are not doing that. I request you to take your seat.

**Shri Golokesh Bhattacharjee:**

উনি বলেছেন আগের দিন কংগ্রেসী সভ্যরা এই কাণ্ড করেছে, সাধারণ লোকের কাছ থেকে আমি জানতে পেরেছি যে জগদীশ দাস, উনার নেতৃত্বে এই ঘটনা সেখানে ঘটেছিল।

**শ্রীজগদীশচন্দ্র দাস:** অন এ পয়েণ্ট অব পারসোনাল এক্সপ্লানেসন, একটু আগে মাননীয় সদস্য গোলকেশবাবু যেটা বললেন যে ১৯ তারিখে হালিশহর স্টেশনে ১১৬নং ডাউন শান্তিপুর ট্রেণে যে লুঠ হয়েছে—যারা লুঠ করেছে তাতে আমার নাম জড়িয়েছেন এবং বলেছেন যে তারা গণ-কমিটির লোক, আমি স্পষ্ট করে বলছি যে উনি এই হাউসের সামনে একটা অসত্য কথা বলেছেন এবং আমি হাউসে জানাতে চাই যে সমস্ত লোক ধরা পড়েছে এবং সারেন্ডার করেছে তারা কেউ গণ-কমিটির লোক নয়, তাদের মধ্যে মণীন্দ্র রায়, চণ্ডী ব্যানার্জি যাদের পুলিশ গ্রেপ্তার করেছে তারা কংগ্রেসের সক্রীয় সদস্য এবং যারা সারেন্ডার করেছে শচীন দে, অনিল মুখার্জি এবং আরও দুজন তাদের বাড়ী সার্চ করে ট্রেণের ফার্স্ট ক্লাসের যে ডানলোপিলো গদি, সেই সমস্ত জিনিস পাওয়া গেছে এবং তারা সকলেই ঐ গোলকেশবাবুর ইলেকসন-এর ভলোণ্টিয়ার ছিলেন।

**শ্রীমহম্মদ ইস্রায়েল:** আমি মুর্শিদাবাদ থেকে খবর পেয়েছি—মুর্শিদাবাদ খাদ্য ঘাটতি এলাকা আজকে উদ্বৃত্ত এলাকা গঙ্গা নদীর ওপারে কাঁদি থেকে কোন কোন চাল আসতে পারছে না কারণ চাল আনতে গেলে ওদিকের লোকেরা সেই চালগুলো আটক করে দিচ্ছে এবং এমনকি সরকারী পারমিট-এর চালও আসতে দিচ্ছে না ফলে ঐ এলাকায় চালের দর অস্বাভাবিক বেড়ে গেছে, এমনকি চাল পাওয়া যাচ্ছে না। সেই জন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে নিবেদন করছি, তিনি যেন আমাদের খাদ্য ঘাটতি সদর লালবাগ এলাকায় ইমিডিয়েটলি এম আর চালু করেন তা না হলে সেখানে ভয়ানক অবস্থা ধারণ করবে।

**শ্রীকানাই সাহা:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বীরভূম জেলার অন্তর্গত রামপুরহাট থানার রতনপুরের নিবাসী শ্রদ্ধেয় বিশিষ্ট শিক্ষাব্রতী ডাঃ সাতকড়ি মুখার্জির বাড়ী গত ২০এ মে ১৯৬৭ তারিখে গণ-কমিটির কিছু লোক ১০০ জন লেঠেল নিয়ে তাঁর বাড়ী ঘেরাও করে এবং প্রচুর ধান রেখে দিয়েছে এই অভিযোগ নিয়ে যে এ্যাণ্টি হোর্ডিং পার্টি ছিল খবর দেন এবং তাদের সেই ঘর থেকে বেরোতে দেওয়া হয় না এবং তারপর জোর করে সেই এ্যাণ্টি হোর্ডিং পার্টির মানুষ ছাড়া কাউকে ঢুকতে দেওয়া হবে না, তার জন্য মুরারী পাল গণ-কমিটির সভ্য হিসাবে তাঁকে ভর্ৎসনা করেন পুলিস অফিসারের সামনে। তখন বাড়ী তদন্ত করে দেখা যায় তার যা ধান ইতিপূর্বে বিক্রি করেছে, তার সমস্ত রশিদ ছিল এবং তার যা যা দরকার সেই সমস্ত কিছু আছে বরং কিছু কম আছে, তখন সেখান থেকে তারা চলে যায়, কিন্তু এই গণ-কমিটির লিডার তাঁর বিরুদ্ধে যে অভিযোগ এনেছেন, তাঁর নিজেরই ১৫ একরের বেশী জমি আছে, তিনি নিজেই রিটার্ন দাখিল করেন নি যে ১৫ একরের বেশী জমি তার আছে। অথচ প্রকৃতপক্ষে ১৫ একরের কম জমি তার আছে। যে জমি তার মধ্যে ধরা হয়েছে—তার মধ্যে ডাঙ্গা জমি, পুকুরের পাড় পর্যন্ত ধরা হয়েছে। আসলে তার ৭ একরের বেশী জমি নাই।

[2-30—2-40 p.m.]

**Dr. Gopika Ranjan Mitra:**

যে সমস্ত কোশ্চেনের উপরে লাইব্রেরী টেবিলে রাখা হয়েছে, তাতে বলা হয়েছে যে গণ কমিটিতে সরকারের কোন লোক নাই। কিন্তু হাউসে বিভিন্ন সময়ে বিভিন্ন সদস্য এই গণ কমিটি সম্বন্ধে নানারকম কথা বলছেন। আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো তিনি এই হাউসে এ সম্বন্ধে একটি ক্যাটিগরিক্যাল স্টেটমেণ্ট করুন যে গণ কমিটি বলে কিছু নাই এবং তার কোন স্ট্যাটাস ও নাই।

**Shri Kanai Paul:**

মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে হাউসের দৃষ্টি একটি অত্যন্ত জরুরী ও গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আকর্ষণ করছি। আমাদের নদীয়া জেলায় শান্তিপুর থানা একটি ডেফিসিট এলাকা, সেখানে আজ তীব্র খাদ্য-সংকট সুরু হয়েছে এবং সেখানে যেটুকু সরকার বাইরে থেকে খাদ্য আনবার চেষ্টা বা ব্যবস্থা করেছেন, তার মধ্যে শান্তিপুর থানায় যেটুকু আসার কথা, তাও এসে পৌঁছাচ্ছে না, রেশনে যে এক কেজি গম মিউনিসিপ্যাল এলাকায় দেওয়া হচ্ছিল, সেটা কেটে আধ কেজি করে দেওয়া হয়েছে। চিনিও একশো গ্রাম থেকে কেটে ৫০ গ্রাম নামিয়ে আনা হয়েছে। অবিলম্বে যদি শান্তিপুর থানা এলাকায় বিশেষভাবে এই রেশনের পরিমাণ বৃদ্ধি করা না হয় তাহলে এখানে নানা জায়গায় অনাহার মৃত্যু অবশ্যম্ভাবী হয়ে রয়েছে, এদিকে দৃষ্টি রেখে আমি এই অবস্থার প্রতিকার দাবী করছি এবং রেশনের কোটা বাড়াবার জন্যও আবেদনে জানাচ্ছি।

**Shri Rabin Mukherjee:**

মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি গুরুতর ঘটনার প্রতি সংশ্লিষ্ট মন্ত্রিমহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের বেহালায় বুড়োশিবতলা অঞ্চলে অনেকগুলি সরকারী গুদাম আছে, যেখানে খাদ্য মজুত রাখা হয়। এটা দীর্ঘকালের ব্যাপার। সেখানে সরকারী কর্মচারী, পুলিশ, গুন্ডা, দীর্ঘকাল যাবৎ সেই গুদামের মাল পাচার করে চলেছে। বছরের পর বছর যাচ্ছে। আমরাও এ সম্পর্কে নালিশ করে আসছি খাদ্যমন্ত্রীর কাছেও নিবেদন করেছিলাম, পুলিশ ডিপার্টমেণ্টেও ঘুরেছি, এনফোর্সমেণ্ট ব্রাঞ্চ-এও গিয়েছি। এর ফলটা দাঁড়িয়েছে যে, গুদাম থেকে খাদ্য পাচার এখনও বন্ধ হয় নাই। বরং যারা উদ্যোগ নিয়ে খাদ্য পাচার বন্ধ করবার জন্য চেষ্টা করেছিলেন, এখন তাদের বাড়ী বাড়ী গিয়ে গুন্ডারা থ্রেট করছে শুধু নয়--দুবেলা বোমাবাজিও হচ্ছে সেখানে। এইভাবে তারা গণ-কমিটিকে শেষ করে দিতে চায়। যেহেতু এখনো এখানে গভর্নমেণ্ট আছে বলে, সেই হেতু তারা চুপ করে আছে। এই ব্যাপারে বিশেষ দায়িত্ব নিয়ে গভর্নমেণ্ট এর ব্যবস্থা করুন। তা না'হলে ঐ গুদাম থেকে খাদ্যের একটি কণাও রক্ষা করতে পারবেন না।

**Shri Bejoy Singh Nahar:**

মিঃ স্পীকার স্যার, একটি জরুরী বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি ও মন্ত্রি-মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। নকশালবাড়ীর ব্যাপারে দুষ্কৃতকারীদের জন্য সরকার ৪ঠা জুলাই পর্যন্ত সময় দিয়েছিলেন তারা যাতে ঐ সময়ের মধ্যে সরকারের কাছে আত্মসমর্পণ করে। এই ৪ঠা জুলাই পর্যন্ত তারা পুলিশকেও নিষ্ক্রিয় করে দিয়েছিলেন। কাল সেই ৪ঠা জুলাই শেষ হয়ে গেছে। সরকার সে সম্বন্ধে কি ব্যবস্থা গ্রহণ করছেন এবং এই লোকগুলির বিরুদ্ধে সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করছেন তা হাউসকে যদি জানান তাহলে শুধু আমরা নয়--দেশের লোকও স্বস্তি অনুভব করতে পারবেন।

**Shri Amalesh Chandra Majumdar:**

হুগলী জেলার হরিপাল থানা একটি ঘাটতি এলাকা, সেখানে ২৫০ গ্রাম করে গম দেওয়া হ'ত। ২৬শে জুন থেকে ২রা জুলাই পর্যন্ত যে সপ্তাহ, হঠাৎ সেখানে ১৫টি অঞ্চলের মধ্যে ৮টি অঞ্চলে সেই পরিমাণ গম দেওয়া হ'ল, আর বাকী সাতটি অঞ্চলে বাতিল করে দেওয়া হয়েছে। খবর নিয়ে আমরা জানতে পেরেছি যে ১৪৪ কুইন্টাল গমের জায়গায় মাত্র এ্যালটেড হয়েছে ৯৫ কুইন্টাল। সেখানে স্থানীয় অফিসাররা দুর্গত অঞ্চল বলে, ১৫টি অঞ্চলের মধ্যে এই ৮টি অঞ্চলে দিয়েছেন। কিন্তু এটা একটা খামখেয়ালী জিনিস। অথচ দেখা যায় যে দুর্গত অঞ্চল বাদ পড়ে গিয়েছে। আমার বক্তব্য খাদ্যমন্ত্রী মহাশয়ের কাছে যে এটা তিনি যেন একটু অনুগ্রহ করে ব্যবস্থা করেন। সেখানে পূর্বে যে স্থিতাবস্থা বহাল ছিল, সেই স্থিতাবস্থা বজায় রাখুন; আর যদি কমাতেই হয়, তাহলে সেখানে যেন কোন রকম ডিসক্রিমিনেসন না হয়। যাতে সাধারণ মানুষ দুর্গত অঞ্চলের মানুষ এটা মনে না করে যে ও'দের ভাল অবস্থা আর আমাদের খারাপ অবস্থা। এটাকে রেস্টোর করবার জন্য আমি মাননীয় খাদ্য মন্ত্রিমহাশয়কে বিশেষভাবে অনুরোধ করছি।

**Shri Balai Bhusan Paul:**

মিঃ স্পীকার, স্যার, ওয়াটগঞ্জ এলাকাটা একটা ডক্ এরিয়া, এর খুব ইম্পরট্যান্স আছে। আমি আপনার মাধ্যমে মাননীয় খাদ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই যে আমাদের এই ওয়াটগঞ্জ এলাকায় একটি মাত্র রেশনিং অফিস ছিল, সেটি ২৬শে জুলাই থেকে বন্ধ হয়ে রয়েছে। এই ওয়াটগঞ্জ এলাকায় লক্ষ লক্ষ লোক বাস করে, এবং ওখানকার লোক বেশীরভাগই নিরক্ষর। তাদের অনেকেরই রেশন কার্ড নেই এবং অনবরত বাইরে থেকে বহু লোক সেখানে এসে থাকছে। বিহার বা ইউ, পি থেকে বহু লোক সেখানে আসে। এই রেশন অফিসটা বন্ধ হয়ে যাওয়ার দরুন, সেখানকার অধিবাসীদের বিশেষ অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে। আমি আপনার মাধ্যমে মাননীয় খাদ্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যাতে এই রেশনিং অফিসটি এখুনি ওপেন করা হয়।

**Shri Mihir Upadhyay:**

মিঃ স্পীকার স্যার, আমি আজকে এই হাউসে কয়েকজন মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। সেন র‍্যালে সাইকেল কারখানার সামনে গত ২০ দিন ধরে গ্রামাঞ্চলের আটটি ছেলে অনশন ধর্মঘট করে বসে আছে, তাদের চাকরির দাবীতে। তাদের এই চাকরির দাবী খুব ন্যায্য, তাদের পূর্বপুরুষের সমস্ত জায়গা, জমি, যা কোম্পানি কিনে নিয়েছিল তাতে সেই সমস্ত ডকুমেণ্ট হয়েছিল। সেই রেজিষ্টার্ড ডকুমেণ্টে তাঁরা স্বীকার করেছিলেন যে গ্রামের ছেলেদের চাকরির ব্যাপারে অগ্রাধিকার দেওয়া হবে। তা সত্ত্বেও, তারা গত ১৪।১৫ বছরের মধ্যে যত লোক নিয়োগ করেছেন, তাদের সংখ্যা হচ্ছে প্রায় ৩৩শো, তার মধ্যে গ্রামের লোকের সংখ্যা হবে ৮ জন থেকে ১০ জনের বেশী নয়। বিশেষ করে এ বৎসর গ্রামাঞ্চলে বৃষ্টি না হওয়ার দরুন খাদ্যের অভাব সেখানকার লোকের আছে; সেখানে একমাত্র পথ তাদের কাছে খোলা রয়েছে কাছাকাছি শিল্পাঞ্চলে চাকরির সংস্থান। এই চাকরি সংস্থানের দাবী নিয়ে সেখানকার ঐ ছেলেরা অনশন ধর্মঘট করে বসে আছে। সেদিকে যদি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দৃষ্টি দেন এবং তাদের এই ন্যায্য দাবী পূরণের জন্য দৃষ্টি দেন তাহলে তারা যথেষ্ট উপকার বোধ করবে।

## DEMAND FOR GRANT

TOTAL DEMAND—Rs. 21,31,00,000

### Major Heads: 31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research

**Mr. Speaker:** I will request Hon'ble Dr. Prafulla Chandra Ghosh to move

[2-40—2-50 p.m.]

**Dr. Prafulla Chandra Ghosh:** Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 15,16,02,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 22, Major Heads: 31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research.

(Rs. 6,14,98,000 has been voted on account)

স্যার, এই প্রস্তাব উপস্থাপিত করে আমি এ বিষয়, মাননীয় সদস্যদের অবগতির জন্য, খুব সংক্ষেপে হলেও কিছু বলতে চাই। পশ্চিম বাংলার যে খাদ্য সমস্যা, তার প্রধান কারণ হচ্ছে, আমরা খাদ্যে ঘাটতি। যত বিঘা বা একর প্রতি ফলন হয় তা পৃথিবীর অনেক দেশের তুলনায়, যেমন জাপান, আমেরিকা বা স্পেন, এই সমস্ত দেশের তুলনায় শতকরা ৩০ থেকে ৩৫ ভাগ আমাদের ধান চাষের জমি।

আমাদের ধান চাষের জমি ১ কোটি ১০ লক্ষ একর থেকে ১৫ লক্ষ একর আছে এবং এই জমিতে আমরা যদি বিঘা প্রতি ৮ মণ বা একর প্রতি ২৪ মণ ধান ফলাতে পারি তাহলে ৬৪ লক্ষ টন চাল হতে পারে এবং ৬৪ লক্ষ টন চাল আমাদের প্রয়োজনেরও অতিরিক্ত। আমরা যদি মাথাপিছু প্রাপ্তবয়স্কদের জন্য আধ সের করে দৈনিক চাল ধরি তাহলে সমস্ত লোকের জন্য আমাদের প্রয়োজন হবে ৫৪ লক্ষ টন, আর ৬ লক্ষ টন বীজ, অপচয়, কৃষকরা কিছু কিছু ঘরে রাখবে সে ধরলে হয় ৬০ লক্ষ টন। অর্থাৎ ৬৪ লক্ষ টন আমাদের প্রয়োজনের অতিরিক্ত হয়। যদি তা করতে পারি তাহলে আমাদের কোন অসুবিধাই হয় না। কিন্তু দুঃখের এবং পরিতাপের বিষয় এই যে এই কয়েক বছরের মধ্যে পশ্চিমবঙ্গে আমরা সেই জিনিস করতে পারিনি। অতীত জিনিস নিয়ে আলোচনা করে লাভ নেই, ভবিষ্যতে কি করতে পারবো সেইটাই এখন আলোচ্য বিষয় হওয়া উচিত। আসল কথা হচ্ছে এই যে কৃষি উৎপাদনের মধ্যে বড় কথা কিছু নেই, আসল জিনিস হচ্ছে ভাল বীজ, সার, জল সেচের ব্যবস্থা এবং পরিশ্রম, এই চারটি জিনিসের প্রয়োজন। প্রথম কথা হচ্ছে ভাল বীজ। ভাল বীজের জন্য সরকারী তরফ থেকে কতক পরিমাণে চেষ্টা হয়েছে, আরো বাড়ান দরকার। এ পর্যন্ত ১৫-১৬ ভাগ জমিতে মাত্র জল সেচের ব্যবস্থা আছে যত জমি আমাদের আছে। কিন্তু আমরা যদি ৮০ ভাগ জমিতে জল সেচের ব্যবস্থা করতে পারতাম তাহলে অল্প দিনের মধ্যে আমরা স্বাবলম্বী হয়ে যেতে পারতাম। ভাল বীজ মস্ত বড় জিনিস, অন্য সব জিনিস যদি একই রকম থাকে, লোকের অজ্ঞতা, অবৈজ্ঞানিক মনোবৃত্তি, পরিশ্রমের অভাব, অক্ষমতা, সব জিনিস ধরেও যদি বীজ ভাল হতো তাহলে শতকরা ১০ ভাগেরও বেশী উৎপাদন হতো। সেই জন্য ভাল বীজধান সংগ্রহ করার চেষ্টা করছি। ধান শুধু নয়, অন্যান্য জিনিস যেমন আলু, পশ্চিমবঙ্গে রেঙ্গুন আলুর বীজ আসলে পর উৎপাদনের পরিমাণ বেশী হয় এটা পশ্চিমবঙ্গের অভিজ্ঞতা, সেই জন্য যাতে এই বছরে এক হাজার টন রেঙ্গুন আলু বীজ হিসাবে পাই তার জন্য আমরা চেষ্টা করছি। কিন্তু এতে সাড়ে ১৩ লক্ষ থেকে ১৪ লক্ষ টাকা ফরেন এক্সচেঞ্জের প্রয়োজন হবে। আমরা দিল্লিতে যাবো, গিয়ে অর্থমন্ত্রীকে অনুরোধ করবো যাতে এই জিনিসটার জন্য ফরেন এক্সচেঞ্জ পাওয়া যায় এবং যথেষ্ট পরিমাণে যাতে আলু হয় তার জন্য চেষ্টা করবো। কথা হচ্ছে আমাদের যে জমি আছে তার দুদিকের পরিকল্পনা আছে। একটা হচ্ছে ইনটেনসিভ কাল্টিভেশন আর একটা হচ্ছে এক্সটেনসিভ কালটিভেশন। ইনটেনসিভ কালটিভেশনের উপর চেষ্টা হয়েছে যেমন তাই চুং ধান, ফরমোসা ধান, হাই ইল্ডিং ভ্যারাইটি তিন লক্ষ একর জমিতে মোট চাষ করার ব্যবস্থা করা হয়েছে। তিন লক্ষ একর হচ্ছে শতকরা জমির তিন ভাগ। দুঃখের এবং পরিতাপের বিষয় এই যে যাদের ওখানে বেশী তৈরী হয় ইনটেনসিভ প্রগ্রাম অনুযায়ী তারা পুরোপুরি খেয়ে, বেশী খেয়ে তারপরে যদি কিছু বাড়তি থাকে তবে অন্যকে দেয়। এই মনোবৃত্তি প্রায় সর্বত্র। কৃপালনীজী আমাকে একবার ঠাট্টা করে বলেছিলেন যে মেদিনীপুর জেলার লোক এত ভাত খায় যে বিড়াল ডিংগাতে পারে না। এই রকম খেয়ে যদি কিছু বাকী থাকে তবে অন্যকে দেয়। আমি শুধু মেদিনীপুরের কথাই বলছি না সব জায়গার চাষীরাই নিজেরা পুরো পেট খেয়ে তবে অন্যকে দেয়। সেজন্য শুধু এই তিন পার্সেণ্ট জায়গায় চাষ করালে হবে না এই চাষ যাতে অন্ততঃ ৯০ ভাগ জমিতে হয় তার জন্য চেষ্টা করতে হবে। এজন্য সেচের সর্ব প্রকার ব্যবস্থা আমরা করতে চাই। সেচ ব্যবস্থার মধ্যে আমি মনে করি লিফট ইরিগেশন সব চেয়ে ভাল। কারণ তাতে নদী থেকে যে জল আসে তাতে কিছু সার থাকে, পলি থাকে তাতে জমি উন্নত হয়। টিউবওয়েল ইরিগেশনের জন্য অনেক টাকা খরচ করা হয়েছে, অনেকে বলেন যে এটা অত্যন্ত ব্যয়বহুল। আমিও স্বীকার করি যে, টিউবওয়েল ইরিগেশনে খরচ বেশী। কিন্তু সব চেয়ে বেশী খরচ হচ্ছে এবং অপমান হচ্ছে বিদেশীদের কাছে চাল ভিক্ষা করা। শুধু তাই নয়, এমনকি নিজের প্রতিবেশী প্রদেশ, ভারতবর্ষের মধ্যে হলেও, তাদের কাছে ভিক্ষা করতে গেলে অপমানিত হতে হয়, সব সময় পাওয়াও যায় না। সুতরাং দেশকে স্বাবলম্বী করা যায় খাদ্যের দিক থেকে তার জন্য আমরা লিফ্ট ইরিগেশন, ডিপ টিউবওয়েল ইরিগেশন, ট্যাঙ্ক ইরিগেশন, যত প্রকারের ইরিগেশন আছে সর্ব প্রকার ইরিগেশনের জন্য টাকা খরচ করতে চাই। দীর্ঘ সময় লাগবে তাহলেও আমি বলতে চাই যে ডিপ টিউবওয়েল ইরিগেশনের জন্য প্রায় ১৫ শত টিউবওয়েল আমাদের খনন করা হয়েছে, তার মধ্যে ৮০০ খানা পুরোপুরি কাজের হয়েছে, বাকীগুলি এখনও হয়নি। বাকীগুলি পুরোপুরি কাজের

হওয়ার পূর্ব পর্যন্ত নূতন টিউবওয়েল খনন করতে চাই না কারণ তাতে শুধু টাকা খরচ করা হবে। এটুকু আমি জানিয়ে দিতে চাই যে আমাদের কৃষি বিভাগ থেকে বলে যে একটা টিউবওয়েল থেকে ২০০ একর জমিতে জল দেওয়া যায়, আবার অর্থ বিভাগ বলে যে কোন জায়গায় ৬০ একরে সেচ হয়, আবার বেসরকারী বলে যে ১৩০ একরে হয়। আমি মোটামুটি ধরছি যে ১০০ একরে হয়, এর কমে নয়। কিন্তু রেকারিং এক্সপেনডিচার, যে টাকা লাগে প্রথমে, তার কথা বাদ দিলেও বছরে ১৪ হাজার টাকা খরচ হয়, এই ১৪ হাজার টাকা খরচ করে ১০০ একরে জল দিলে একর প্রতি ১৪০ টাকা লাগবে এবং এই ট্যাক্স দেবার ক্ষমতা কৃষকদের নেই সেকথা বুঝতে হবে কিন্তু তবুও প্রয়োজন হলে তা করতে হবে। কারণ আমাদের দেশে যদি খাদ্যাভাব থাকে তাহলে তা দূর করার জন্য এই টাকা খরচ করতেই হবে। এটা ব্যয়বহুল সেদিকে চোখ রেখেই আমি এই কথা বলছি। তারপরে লিফ্‌ট ইরিগেশন, ২৮১টি লিফ্‌ট ইরিগেশনের স্কীম আমাদের চালু আছে, তার মধ্যে কোন কোনটা আছে যা দিয়ে ৫০০ একর জমিতে জল দেওয়া যায়, আবার কোন কোনটা আছে যা দিয়ে হাজার একর জমিতে জল দেওয়া যায়, এবং হাজার একর জমিতে জল দেওয়া যায় তার সংখ্যা অল্প, অধিকাংশই ৫০০ একর জমিতে জল দেওয়ার জন্য। তাতে টিউবওয়েলের চেয়ে খরচ কম হয় কিন্তু নিতান্ত কম নয়। তারপরে পুষ্করিণীর পঙ্কোদ্ধার। পশ্চিম বাংলার অন্যান্য জেলায় যে পরিমাণ পুরাণো পুকুর আছে, বিশেষ করে আমার বন্ধু জগন্নাথ কোলের বাঁকুড়া জেলায়, বহু পুরোনো পুকুর আছে সেগুলি গত ২০ বছরের মধ্যে পঙ্কোদ্ধার করা হয়নি। বাঁকুড়া জেলার সেই পুকুরগুলির যদি পঙ্কোদ্ধার করা হোত তাহলে বাঁকুড়া জেলার এই রকম অবস্থা হতো না। যাই হোক কি হতো না বলে লাভ নেই, ভবিষ্যতে কি করতে হবে সেটাই বিচার্য বিষয় এবং এর জন্য যত টাকা প্রয়োজন হোক না কেন আমি মনে করি ধার করে হোক, কর্জ করে হোক, কিম্বা বাঁকুড়া বা অন্যান্য জেলায় যারা বড়লোক আছে তাদের টাকা বাজেয়াপ্ত করে হোক এই সবের পঙ্কোদ্ধার করতে হবে। সেইজন্য বলছি চালের অভাব মেটাতে হলে প্রথমে চাই ভাল বীজ, বীজের পর চাই জল সেচ, তারপরে সার। জল সেচ যদি না দিতে পারেন, যদি শুধু সার দেন তাহলে জমি নষ্ট হবে, জমির ক্ষতি হবে। আগে জল দিয়ে তারপরে সার দিলে লাভ আছে। তৃতীয় কথায় আসছি সেটা হচ্ছে সার। আমরা কেন্দ্রীয় সরকারকে বলেছি যে এবারে আমাদের ৩ লক্ষ টন নাইট্রোজেনাস সার চাই কিন্তু ভারত সরকার বলেছেন ৮০ হাজার টন দিতে পারবে। কিন্তু ৮০ হাজার টন এলটমেণ্ট করলেও কত আসবে সেটা পরের কথা, পুরোপুরি হয়ত আসা সম্ভবপর হবে না কারণ আমাদের ফরেন এক্সচেঞ্জের টাকা ইত্যাদি দিয়ে কতটা আসবে না আসবে তা দেখতে হবে। কাজেই আমাদের দেশে যে সার আছে তার উপর নির্ভর করতে হবে। লেগুমিনিয়াস প্ল্যাণ্ট যে সব আমাদের দেশে আছে, ধনঞ্চে, মাঠে মাঠে বাবলা গাছ লাগান, এই সব করে যদি চাষ করি তাতে হতে পারে। আর আমাদের দেশে কিছু কিছু সারের কারখানা হয়েছে যেমন সিন্ধ্রিতে যে এ্যামোনিয়াম সালফেট তৈরী হয়—কিন্তু দুঃখের সঙ্গে বলছি আমাদের দেশের কারখানায় যে জিনিস তৈরী হয় তার দাম ইউরোপের জিনিসের চেয়ে বেশী।

[2-50—3 p.m.]

সেখানে দেখেছিলাম কলকারখানায় মিনিমাম স্যালারি তিন হাজার আমাদের এখানে পঁয়ষট্টি টাকা অর্থাৎ এক্সপ্লয়টেড লেবার, অথচ আমাদের জিনিসের দাম বেশি। অতএব সারের দাম কমাতে হবে যাতে সার সহজপ্রাপ্য হয়। আসল জিনিস আমাদের দেশে গোবরের সার, ভাল সার কিন্তু অধিকাংশ গোবর জ্বালানি হিসাবে ব্যবহৃত হয়। কাজেই কৃষকরা যাতে সস্তা দামে জ্বালানি পেতে পারে তার ব্যবস্থা করা দরকার। আমাদের দেশ থেকে যে খৈল বিদেশে রপ্তানি হয় তা বন্ধ করা দরকার—খৈল রপ্তানী হয় যেখানে সেখান থেকে আমরা ম্যানিওর আমদানি করি। এটা বন্ধ করা হয়েছে। ইনঅর্গেনিক ম্যানিওর-এর কথা বলছি। আমরা এক্সপোর্ট করি যা, তার চেয়ে বেশী জিনিস আমরা নিয়ে আসি। এটা ঠিক নয়। সার, আমরা পর্যাপ্ত পরিমাণে দশ বছরের মধ্যে পাব কিনা সন্দেহ আছে। কিন্তু আমি মনে করি তিন বছরের মধ্যে ভাত, ডাল, তেল তরকারী ও ফলে স্বাবলম্বী হওয়া যেতে পারে। কৃষি বিভাগের এই পাঁচটি জিনিস। আমাদের ৬০ লক্ষ টন চাল, ৩৮ লক্ষ টন তরকারী প্রয়োজন। কোন হিসাব নেই তরকারীর তবুও একথা বলছি পশ্চিমবঙ্গে আগে—২০ বছর আগে যা তরকারী হত তার চেয়ে এখন অনেক

বেশি হয়। তারপর তেল—তেল যা আমাদের প্রয়োজন তার নয় ভাগের একভাগ নেই বাংলাদেশে যে সর্ষে হয় সেই সর্ষেতে অয়েল কনটেন্ট ৩৮ পারসেণ্ট ম্যাক্সিমাম, এই সমস্ত অ্যানালাইসিস করে—ইউনিভারসিটি কলেজ অব সায়েন্স—দেখা গেছে পাঞ্জাব সর্ষেতে ৪৮ ভাগ তেল হয়। আমাদের এখানে যদি সেই বীজ আনা হয় তাহলে ৪৮ না হয়ে যদি ৪৩ ভাগও হয় তাহলে যথেষ্ট পরিমাণ হবে। সর্ষে দিয়ে অবশ্য বাংলাকে তেলে স্বাবলম্বী করা যায় না। চীনেবাদামের চাষ আমরা করতে পারি ঝাড়গ্রাম মহকুমার গোপীবল্লভপুর থানায় এটা হয়—আরও অনেক জায়গায় হতে পারে তমলুক, ডায়মণ্ডহারবার, কাঁথি প্রভৃতি অঞ্চলে হতে পারে এবং তাতে আমাদের তেলের অভাব সম্পূর্ণ পূরণ হতে পারে। একটি আছে তিল তেল। কোচবিহার গিয়েছিলাম জলপাইগুড়িতে তিলের চাষ দেখেছি। এই তিল মুখ্যতঃ, চীনেবাদাম দ্বিতীয় এবং সর্ষে তৃতীয়—এগুলির চাষ করলে আমাদের তেলের প্রয়োজন সম্পূর্ণ মিটতে পারে। ডাল আমাদের প্রয়োজন সাত লক্ষ টন, এর অর্ধেক পরিমাণ কিংবা অর্ধেকের একটু বেশি ডাল হয়। ডাল চাষ যদি আমরা করি যে জমি আমাদের আছে তাতে তা সম্ভবপর। সবচেয়ে কম বাংলাদেশে, ফল বাংলাদেশে আম যা তা মালদহ, মুর্শিদাবাদ, নদীয়া জেলায়। সেখানে আম যা হয় তা খুব কম—তা খুব সম্পাতিপন্ন লোক বা সেখানকার অধিবাসী যারা তারা একটু খেতে পায়। যাতে প্রচুর পরিমাণে আম হয় তা করা দরকার। মানুষের যেমন ব্যালেন্স ডায়েট প্রয়োজন গাছের তেমনি ব্যালেন্স ডায়েট প্রয়োজন, এবং গাছে সার হিসাবে ব্যালেন্স ডায়েট দিতে হবে আমি দেখেছি খুব কম জায়গায় আম গাছে সার দেয়। আমি জানি আম গাছে সার দিলে খুব ভাল ফল পাওয়া যায়। সুপারফসফেট এবং খৈল এবং পটাশ এবং অল্প নাইট্রোজেন যদি দেওয়া যায় তাহলে আমের ফলনও বাড়ে এবং আমও খুব সুস্বাদু হয়। সব জিনিস করা যায় যদি সুষম খাদ্য দেওয়া যায়। মানুষের জন্য যেমন সুষম খাদ্য দরকার তেমনি গাছের জন্যও সুষম খাদ্য দরকার। এই হিসাবে সুষম খাদ্য দিয়ে যাতে উৎপন্ন বাড়াতে পারি তারজন্য আমরা চেষ্টা করছি। যাতে ব্যালেন্স ডায়েট সকল মানুষ যেন পায় আমার বিভাগ হচ্ছে কৃষি বিভাগ আমরা চেষ্টা করছি ভাত, ডাল, তরকারী, তেল এবং ফল মাছ এবং দুধ অন্য বিভাগে। সে বিষয়ে আমি কিছু বলব না। আমি আপনাদের বলছি এই কয়টি জিনিসে তিন বছরে স্বাবলম্বী করা যায়। এবং আমি জানি অনেক হয়ত আমরা পেরে উঠি নাই এই দুই মাসের মধ্যে কি তিন মাসের মধ্যে—কেন না তাড়াতাড়ি কোন কাজ করলে পরে তাতে ক্ষতিও হতে পারে। সেজন্য সব জিনিসটা ভাল করে বুঝে যাতে আমরা করতে পারি তার চেষ্টা করছি। আমি সকলকে অনুরোধ করব তারা এদিককার হউন বা ঐদিককার হউন যদি আপনাদের এমন কোন পরিকল্পনা থাকে যাতে ফসল বাড়ান যায় এবং যা ফসলের কল্যাণে লাগে তাহলে আমি সেই পরিকল্পনা গ্রহণ করতে প্রস্তুত থাকব। এবং এই কথা বলে আমি বলছি যে আপনারা বাজেট মঞ্জুর করে দিন—তবে টাকা যা মঞ্জুর আছে তার মধ্যেই আমাদের কাজ করতে হবে, এবং যদি বলেন ১০০ কোটি টাকা হলে হয়ত ফল ভাল হতে পারত—আমি বলি হয়ত খারাপ হতে পারত। কিন্তু যা টাকা মঞ্জুরী চেয়েছি তা আপনারা মঞ্জুরী করে দিন এবং আপনাদের একথাও বলি যে সমালোচনা করবেন না তা আমি চাই না, সমালোচনা চাই কিন্তু যে সমালোচনার ফল ফলপ্রসু হয় যে সমালোচনা ভাল হয় সেই সমালোচনা আপনারা করবেন। সমালোচনায় যদি বলেন যে এতে হবে না ওতে হবে না তাহলে কিসে হবে তা বলতে হবে, সেই কথাই আমি আপনাদের কাছে থেকে চাই। আমি সকলের অভিজ্ঞতা থেকে আমি অভিজ্ঞতা লাভ করে যাতে বাংলাদেশকে তিন বছরে অন্তত এই কয়টি জিনিষে স্বাবলম্বী করতে পারি তার জন্য আমি প্রাণপণ চেষ্টা করব। অনেকে মনে করেন যে তিন বছরে স্বাবলম্বী করা যাবে না। আমি বিশেষজ্ঞদের সঙ্গে আলোচনা করেছি তারা বলেছেন একথা তিন বছরে সাবলম্বী করা যায় যদি ঠিক ঠিক ভাবে মানুষ চেষ্টা করে। আসল সম্পদ মানুষ—আসুন সকলে একত্র হয়ে এই দেশকে খাদ্যে সাবলম্বী করি। কারণ স্বাবলম্বী না হলে তিন বছরে স্বাবলম্বী না হলে বিপদটা আমি বুঝিয়ে দিচ্ছি। এ বছর যে পরিমাণ—সকলেই মনে করেন যে প্রফুল্ল ঘোষ-এর কাছে টেলিগ্রাম পাঠালে ওমনি বুঝি গম আসবে আর চাল আসবে—প্রফুল্ল ঘোষকে কাটলে তার শরীর থেকে রক্ত বেরুবে গম বেরুবে না। কাজেই আমি আপনাদের বলছি এই যে টেলিগ্রাম করে গম আসবে না—আগামী বছর আমেরিকা থেকে বা বিদেশ থেকে গম আরও কম আসবে এবং সে

অবস্থার জন্য প্রস্তুত হতে হবে, যাতে আগামী বছরে আমরা বেশী উৎপন্ন করতে পারি যেখানে যা জিনিস উৎপন্ন করতে পারি—আমি জানি যেমন নোনা জায়গায় যেমন চব্বিশপরগনায় বীট এবং ওলকপি প্রচুর পরিমাণে হতে পারে, বীটের মধ্যে শতকরা ৯ ভাগ চিনি আছে তাতে কার্বো-হাইড্রেটের অনেক পরিমাণে কাজ করে এবং এই সমস্ত জায়গায় প্রচুর পরিমাণ হয়। এবং ছোট ছেলেদের বয়েল্ড বীট সিদ্ধ করা বীট খেতে দেওয়া যায় ভাত খাওয়ার আগে তাহলে ভাল হয়, শরীরের কোন ক্ষতি হয় না, আমি নিজে খেয়ে দেখেছি। কাজেই আমি আপনাদের বলছি যেখানে যা সম্ভব যে জায়গায় যে জিনিস সম্ভব তা উৎপন্ন করুন। শেষ কথা আমি বলব যে বাংলা দেশে চার রকমের জমি আছে এক রকম হচ্ছে এ্যালিভিয়াল সয়েল।

[3—3-30 p.m.]

নদীয়ায়, মুর্শিদাবাদে এবং হুগলীর কোন কোন অঞ্চলে হচ্ছে এই সয়েল। তার পরে ল্যাটারাইট সেমি ল্যাটারাইট সয়েল বাঁকুড়া, পুরুলিয়া ইত্যাদি অঞ্চলে, স্যালাই সয়েল চব্বিশ-পরগনার কিছু অংশ, তমলুক, কাঁথি ইত্যাদি অঞ্চলে, আর এ্যাসিড সয়েল জলপাইগুড়ি ইত্যাদি উত্তরবঙ্গের কিছু অঞ্চলে—এই সমস্ত ভাগ করে কোথায় কি উৎপন্ন হতে পারে তার পরিকল্পনা করে কলকাতার সেক্রেটারিয়েটে যাঁরা জয়েণ্ট ডাইরেক্টার এখানে বসে কেবল ফাইল দেখতেন সেই সমস্ত জয়েণ্ট ডাইরেক্টারদের পাঁচটা বিভিন্ন জায়গায় আমরা পোষ্ট করে দিচ্ছি। মফঃস্বলে থেকে এক এক জায়গার জন্য এক একজন দায়িত্ব নেবেন এবং সেখানে থেকে তাঁরা উৎপন্ন বাড়াবেন এবং সেই উৎপন্ন বাড়ানোর উপর তাঁদের বুদ্ধিমত্তা কি আছে না আছে তা প্রমাণ হবে—তা না হলে তাঁরা বড় পণ্ডিত ডিগ্রিওয়ালা হতে পারেন—কিন্তু যদি উৎপন্ন বাড়াতে না পারেন তাহলে সেই ডিগ্রি অনর্থক। এবং তাঁরা নামধারী বৈজ্ঞানিকই হবেন। সেই নামধারী না হয়ে যাতে কার্যত বৈজ্ঞানিক হন তার জন্য আমরা তাঁদের অনুরোধ করছি এবং তাঁরা স্বানন্দচিত্তে পাঁচজন বিভিন্ন জায়গায় যেতে রাজী হয়েছেন, জুলাই মাসের পর থেকেই তাঁদের পোষ্ট করা হয়েছে। তাঁরা সেখানে গিয়েই বসবেন এই পাঁচটি জায়গায়—যাতে নাকি এই পাঁচটি অঞ্চলে পাঁচ ভাবে চাষ হতে পারে। এইভাবে সর্বতোভাবে আমরা চেষ্টা করছি—

(কংগ্রেস বেঞ্চ হইতে—তাঁরা কি মাঠে যাবেন?)

প্রয়োজনমত তাঁরা মাঠে যাবেন প্রয়োজনমত তাঁরা অফিসে থাকবেন। সেখানে থেকে তাঁরা যেভাবে ব্যবস্থা করা দরকার সেইভাবে করবেন এবং উন্নতির জন্য সর্বতোভাবে চেষ্টা করবেন এই বক্তব্য আমি রাখছি। আপনাদের কাছে যা বক্তব্য তা সব শুনে যদি কোন জবাব দেওয়ার থাকে আমি দেবো—আমি আশা করি আপনারা সকলেই এই বাজেটকে মঞ্জুর করে দেবেন এই কথা বলে আমি শেষ করছি।

**Mr. Speaker:** All the cut motions are in order and I have taken them as moved.

The following cut motions were taken as moved:

**Shri Trilokes Misra:** That the demand be reduced to Re. 1.

**Shri Dashu Karon Murmu:** That the demand be reduced to Re. 1.

**Dr. Indrajit Roy:** That the demand be reduced to Re. 1.

**Shri Ahmad Hossain Mondal:** That the demand be reduced to Re. 1.

**Dr. Ranjit Ghosh Chowdhury:** That the demand be reduced to Re. 1.

**Shri Maharaja Bose:** That the demand be reduced to Re. 1.

**Shri Nityananda Bhuniya:** That the demand be reduced to Re. 1.

**Shri Mrityunjoy Banerjee:** That the demand be reduced to Re. 1.

**Shri Golokesh Bhattacharjee:** That the demand be reduced to Re. 1.

**Shri Brahmachari Bholanath:** That the demand be reduced to Re. 1.

**Shri Mihir Upadhyay:** That the demand be reduced to Re. 1.

**Shri Abdus Sattar:** That the demand be reduced to Re. 1.

**Shri Jatindra Mohan Roy:** That the demand be reduced to Re. 1.

**Shri Pramatha Nath Dhibar:** That the demand be reduced to Re. 1.

**Dr. Zainal Abedin:** That the demand be reduced to Re. 1.

**Shrimati Nurunnessa Satter:** That the demand be reduced to Re. 1.

**Shri Santosh Kumar Roy:** That the demand be reduced to Re. 1.

**Shri Puranjoy Pramanik:** That the demand be reduced to Re. 1.

**Shri Probhakar Pal:** That the demand be reduced to Re. 1.

**Shri Haradhan Mondal:** That the demand be reduced to Re. 1.

**Shri Girindra Mondal:** That the demand be reduced to Re. 1.

**Shrimati Biva Mitra:** That the demand be reduced to Re. 1.

**Shri Benoy Kumar Chatterjee:** That the demand be reduced to Re. 1.

**Shri Khagendra Nath Das Gupta:** That the demand be reduced to Re. 1.

**Shrimati Abha Maiti:** That the demand be reduced to Re. 1.

**Shri Abdul Latif:** That the demand be reduced by Rs. 100.

**Shri Paresh Chandra Goswami:** That the demand be reduced by Rs. 100.

**Shri Narayan Chandra Chaudhuri:** That the demand be reduced by Rs. 100.

**Shri Sachindra Mohan Nandy:** That the demand be reduced by Rs. 100.

**Shri Bankim Chandra Sasmal:** That the demand be reduced by Rs. 100.

**Shri Brindabon Chattopadhyay:** That the demand be reduced by Rs. 100.

**Shri Puranjoy Pramanik:** That the demand be reduced by Rs. 100.

**শ্রীহারাধন মণ্ডল:** মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা কথা জিজ্ঞাসা করছি, কিছুদিন আগে সেচ মন্ত্রিমহাশয়, আমাদের দুর্গাপুরে গিয়েছিলেন আমরা তখন ইরিগেশন মিনিস্টারের কাছে কিছু বলার জন্য এসেছিলাম। উনি বললেন, আমরা লুটি তো ভান্ডার মারি তো গণ্ডার পনের লক্ষ টাকার মধ্যে যা কিছু ইরিগেশন ও কৃষি বিভাগের আন্ডারে। ইরিগেশনের আর একটা গ্র্যান্ট আছে, আমরা হয়তো মনে করছি যে সেই গ্র্যান্টে বলবার স্কোপ পাবো—কিন্তু এই কথা উনি বললেন। কাজেই আমি কৃষি মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ করছি যে কোন্ কোন্ ইরিগেশন ও'র আন্ডারে সেটা যেন উনি একটু বলেন যাতে আমরা তার উপর একটু আলোচনা করতে পারি। এটা যদি তিনি আমাদের জানিয়ে দেন তাহলে ভাল হয়।

**শ্রীশশবিন্দু বেরা:** স্যার, কাট মোসনস নং ২৭ টু ৩০—এগুলি অ্যাডমিসেবল নয়, কারণ এখানে ডিসকাশনের ম্যাটার হচ্ছে

To discuss in adequate provision in the grant and need for more and practical research.

এই জন্য এটা অ্যাডমিসেবল নয়। আমাদের রুলস অফ প্রসিডিওর অফ দি হাউসে কাট মোশনের মধ্যবর্তী আলোচ্য বিষয় সম্বন্ধে কোন কিছু বিশেষ লেখা নেই। কিন্তু যেখানে রিডাকশনের জন্য মোশন আনা হচ্ছে, সেখানে আরও বেশী চাওয়া এবং ইন-অ্যাডিকোয়েট প্রভিশন বলা এটা আপাতদৃষ্টিতে যুক্তিসহ বলে মনে হয় না। কাজেই এই কাটমোশানগুলি আউট অফ অর্ডার বলে আপাতদৃষ্টিতে মনে হচ্ছে। কিন্তু এটাকে স্পষ্ট করার জন্য আমি মে-জ পার্লামেন্টারী প্র্যাকটিসের ফাইন্যানসিয়াল প্রসিডিওরের দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করবো। স্যার, মে-জ পার্লামেন্টারী প্র্যাকটিসে বৃটিশ পার্লামেন্টে যে কোন ভোট—যেটাকে আমরা ডিমান্ড ফর গ্র্যান্ট বলে বলি সেটা ওখানে ভোট বলে বলা হয়েছে—সেই ভোটের যে বরাদ্দ টাকা, এমন কি ভোটের অন্তর্ভুক্ত কোন সার্ভিসের জন্য বরাদ্দ টাকা তার বৃদ্ধি সম্বন্ধে যে-কোন মোশনকে বরাবর বাতিল করা হয়েছে এই যুক্তিতে যে এটা হচ্ছে ইনফ্রিঞ্জিং রয়াল ইনিসিয়েটিভ।

আমাদের এখানে যে ডিম্যান্ড ফর গ্র্যান্টস আসে, প্রায় একই রকম প্রিভিলেজ নিয়ে এই ডিমান্ডগুলি আমাদের এখানে আসে। আমি আপনাকে একটু পড়ে শুনাই।

> Amendments were held to be out of order which without increasing the total sum demanded by vote, proposed to set off the increase of a particular item by a corresponding reduction of another item. Similarly, though the sum was not increased, it was out of order to extend any service provided by a vote to a kindred service.

পরে এই অবস্থার পরিবর্তন এনে অ্যাডজাস্টমেন্ট একটু এলো। এখানে আছে

> hence arose the well-known rule of supply that no amendment is in order except a simple reduction of the amount demanded and the pratice became established of moving a token reduction of 100 pounds as a "peg" on which to hang an argument for the increase or extension of a service.

আমি এবপর আপনার দৃষ্টি আকর্ষণ করছি ভোট অব ডিন্যান্ড ফর গ্র্যান্ট এবং সার্ভিসের বিষয়ে পেজ ৭৩০ র প্রতি। ওখানে ভোট এবং সার্ভিসের খানিকটা ডিসটিংসন করা আছে। এখানে দেখবেন সেকেন্ড প্যারাগ্র্যাফে সাপ্লাইয়ের তলায় আছে

> it may be said briefly that the unit for the purposes of appropriation was fixed as the "vote"—a group of services of considerable size which left reasonable discretion for adjustments within the group to the executive.

আমি গ্রুপ অফ ভোট অফ ডিম্যান্ড এবং এই যে সার্ভিস উইদিন দি গ্রুপ এদিকে আপনার দৃষ্টি আকর্ষণ করে বলছি যে এই টোকেন কাট মোশানের মধ্যে টোকেন কাট মোশান

that is described as a 'peg' on which to hang an argument for the increase or extension of a service. I desire suitable ruling from you, Sir.

অর্থাৎ একটা ভোটের বা একটা ডিম্যান্ডের আন্ডারে যে বিভিন্ন সার্ভিস আছে সেটা ইনক্রিজ বা তাকে এক্সটেন্ড করবার স্কোপ এই কাটমোশানের গ্র্যান্টের মধ্যে থাকতে পারে। কিন্তু এন্টায়ার গ্র্যান্ট বা এন্টায়ার ভোট তাকে ইনক্রিজ করবার কোন স্কোপ থাকতে পারে না একটা কাট মোশানের মধ্যে। এই জন্য এটা আউট অফ অর্ডার। কিন্তু এখানে এন্টায়ার ডিম্যান্ডটা ইনসাফিসিয়েন্ট বলে আর্গুমেন্ট আনবার চেষ্টা করা হচ্ছে যে ডিম্যান্ড ইনঅ্যাডিকোয়েট এবং বেশী ডিম্যান্ড চাওয়া হচ্ছে· কিন্তু ডিসকাশনের মধ্যে দ্যাট ইজ নট পারমিসেবল। ডিসকাশনে শুধু পারমিট করছে সেই টোট্যাল ডিম্যান্ড কোন রকমে না বাড়াবার কথা বলে আর্গুমেন্ট করা, সেই ডিম্যান্ডের মধ্যে কোন সার্ভিসের বৃদ্ধি বা এক্সটেনশনের স্কোপ আছে মাত্র এই কাট মোশানের মধ্যে এই জন্য অ্যামেন্ডমেন্টস নম্বর ২৭ টু ৩০ দে আর আউট অফ অর্ডার।
I desire a suitable ruling from you, Sir.

**Mr. Speaker:** I have considered these amendments very carefully and having regard to the rules and practice of this House. I declare all the cut motions are in order and they are taken as moved.

*(The House was then adjourned for 20 minutes)*

*(After adjournment)*

[3-30—3-40 p.m.]

**শ্রীকৃষ্ণকুমার শুক্লা:** মাননীয় স্পীকার, স্যার, আমি একটা ব্যাপারে পশ্চিমবাংলার শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তিনি যদিও এখানে নেই, পশ্চিমদিকের গেটে ডেপুটেশনে এসেছেন, এটা স্যার, রেফার করা দরকার। শ্রমমন্ত্রীকে জানাচ্ছি যে, স্ট্রাকচারাল কোম্পানীর শ্রমিকরা পশ্চিম দিকের গেটে এসে অপেক্ষা করছে। ২৯এ যে কারখানার লকআউট খোলার জন্য বিপ্লবী শ্রমমন্ত্রী ১০(৩) ধারা অ্যাপ্লাই করেছিলেন কিন্তু আজও কারখানা খোলা সম্ভব হয় নি। যদি ১০(৩) মতে কারখানা খুলতে না পারেন তাহলে তিনি কি বিপ্লব দেখালেন? শ্রমমন্ত্রী যদি দয়া করে তাদের সংগে দেখা করে একটা কিছু বলেন তাহলে তারা সেখান থেকে চলে যেতে পারে।

**মিঃ স্পীকার:** আপনার কি দেবার আছে দিন আমি দিয়ে দেবো।

**শ্রীকৃষ্ণকুমার শুক্লা:** আমি এটা শ্রমমন্ত্রীর কাছে রেফার করতে চাই। এই সরকারের বিপ্লবী শ্রমমন্ত্রী বৈপ্লবিক নীতিতে এতগুলো লোক মারা যাবে উনি দেখবেন না?

**শ্রীপ্রভাকর পাল:** মাননীয় স্পীকার, স্যার, আজকে পশ্চিমবাংলার এক সংকটময় সময়। আমাদের কৃষিমন্ত্রী তাঁর গুরুত্বপূর্ণ ব্যয় বরাদ্দের দাবী উপস্থিত করেছেন। আপনি জানেন পশ্চিমবাংলায় আজ সর্বত্র দুর্ভিক্ষের অবস্থা চলছে। চালের দাম কোন কোন জায়গায় ৪-৫ টাকা কেজি পর্যন্ত হয়েছে এবং বাংলাদেশের কোন স্থানে দুই টাকার নীচে চাল পাওয়া যাচ্ছে না। পর পর দুই বৎসর অনাবৃষ্টি হয়েছে, এ বৎসরও আষাঢ় মাস শেষ হতে চলেছে এখনও পর্যন্ত বৃষ্টির অভাবে চাষের কাজ সুরু হয় নি। সেজন্য মনে করি আমাদের দেশ সংকটময় মুহূর্তের মধ্য দিয়ে চলেছে। ইতিমধ্যে বাঁকুড়া, পুরুলিয়া, হুগলী জেলার আরামবাগের মত উদ্বৃত্ত জায়গায় লঙ্গরখানা খুলতে হয়েছে। দুর্ভিক্ষের সঙ্গে মোকাবিলা করতে হচ্ছে। সুতরাং আজকে শুধু চাল নয় তার সংগে অন্যান্য নিত্য প্রয়োজনীয় জিনিস, যেমন আলু, গুড়, ডাল এবং অন্যান্য ভেজিটেবলস সেগুলি শুধু দুর্মূল্য হয়নি দুষ্প্রাপ্য হয়েছে। সেজন্য আমি মনে করি আলোচনা খুব গুরুত্বপূর্ণ এবং আশা করি নূতন কৃষিমন্ত্রী এ বিষয়ে আগ্রহী হয়ে সমস্যা সমাধানের চেষ্টা করবেন। তাছাড়া আপনি জানেন পশ্চিম বাংলার শতকরা ৭৫ জন মানুষ কৃষি অর্থনীতির উপর নির্ভরশীল এবং শতকরা ৭৮ জন মানুষ কৃষিকার্যে রত। সুতরাং কৃষি উৎপাদনের সঙ্গে বাংলাদেশের অধিকাংশ মানুষের অর্থ জড়িত আছে। আমি মনে করি গতানুগতিক আলোচনার দ্বারা, গতানুগতিকভাবে এ জিনিসের সমস্যার সমাধান হবে না। বাজেটের সাধারণ আলোচনার সময় আমাদের সরকারপক্ষের মাননীয় সদস্যরা সমালোচনা করে বলেছেন যে বাংলা দেশের এই যে অবস্থা এর জন্য প্রাক্তন সরকার দায়ী। আমাদের যিনি কৃষিমন্ত্রী তিনি পশ্চিম বাংলায় প্রথম মুখ্যমন্ত্রী ছিলেন। তিনি জানেন বাংলা দেশের আর্থিক অবস্থা এরূপ ছিল না। অর্থাৎ তখন ৩০ কোটি টাকা দিয়ে বাজার সুরু করেছিলেন আজকে সেই বাংলাদেশের রাজস্ব ২০০ কোটি টাকার উপর হয়েছে। প্রাক্তন কংগ্রেস সরকারকে এই পরিমিত অর্থ নিয়ে বিভিন্ন পরিকল্পনা করতে হয়েছিল। বাংলা দেশের সমস্যার সমাধান করে যাতে সমৃদ্ধিশালী পশ্চিম বাংলা হতে পারে তার জন্য প্রাক্তন সরকার কোন চেষ্টা করেন নি। পশ্চিম বাংলার খাদ্য উৎপাদন যেখানে ছিল ৩৩ লক্ষ টন সেখানে কংগ্রেস সরকার খাদ্য বাড়িয়ে ৫0 লক্ষ টনে দাঁড় করিয়েছিলেন। তবুও খাদ্য সমস্যার সমাধান হয় নি। এর একমাত্র কারণ ভারতবর্ষের অন্যান্য প্রদেশের তুলনায় পশ্চিম বাংলার লোকসংখ্যা অসম্ভব বেড়েছে। আপনি জানেন ১৯৪৭ সালে পশ্চিম বাংলার লোকসংখ্যা ছিল ২ কোটি ৩৩ লক্ষর মত। ১৯৬৫ সালে সেটা হল ৪ কোটি ২ লক্ষর মত। অতএব যে হারে জনসংখ্যা বেড়েছে, খাদ্য উৎপাদন সে হারে বাড়ে নি। সে কারণে বাংলা দেশের কৃষি অর্থনীতিতে যতখানি আশা করা গিয়াছিল ততখানি সম্ভব হয়নি। আশার কথা নূতন কৃষিমন্ত্রী বলেছেন আগামী তিন বৎসরের মধ্যে বাংলা দেশকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করবেন। যদি তিনি তা করতে পারেন তাহলে পশ্চিম বাংলার মানুষের অভিনন্দন পাবেন। ভালভাবে কৃষির কাজ করতে গেলে কয়েকটা কথা বলবার আছে। ভাল বীজ, সার, প্রয়োজনমত জল চাই এবং পরিশ্রম চাই ইত্যাদি সব কথা বলেছেন। আপনি জানেন বাংলা

দেশে ভাল বীজ শুধু ধান, আলু নয়, সমস্ত রকম ভাল বীজের অভাব আছে। ভাল বীজ কৃষকদের হাতে দেওয়া চাই। ভাল বীজ যদি তারা পায় নিশ্চয়ই তারা উৎপাদন বাড়াবার জন্য চেষ্টা করবে, এ বৎসর আমরা দেখেছি যেখানে খাদ্যের এত ঘাটতি এবং চাষের মরশুমে দেখা গেছে শুধু বৃষ্টির জন্য সুরাহা হয় নি তা নয়, এখনও পর্যন্ত ভাল তাইচুং বীজ গ্রামে যায় নি। গ্রাম সেবক ও ব্লক অফিস-এ যাই তারা গ্রামে এসব পেঁছাবার মত ব্যবস্থা করতে পারেন নি। আমি এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেছি। দ্বিতীয় কথা হল সারের কথা। আপনি জানেন আমাদের সম্পূর্ণরূপে কেমিক্যাল সারের উপর নির্ভর করতে হচ্ছে। কম্পাউন্ড সার, গোবর সার দুষ্প্রাপ্য হয়েছে। বিভিন্ন কারণে গোবর সার নষ্ট করছি। এটার একমাত্র কারণ হচ্ছে আর্থিক সঙ্গতির অভাব। জ্বালানী কেনবার পয়সা নেই তাই গোবরকে জ্বালানী হিসাবে ব্যবহার করছে। আপনি জানেন যে, দুই মাস ধরে কেমিক্যাল সার পাওয়া যাচ্ছে না। বাংলা দেশের একটা ভাল ফসল যার দ্বারা অনেক ফসল পাওয়া যায় সে পাট চাষের সময় চাষীরা কিছু পাই নি, কেমিক্যাল সার পাই নি এবং বিকল্প সার খোল, বাদামের খোল, তার এত দাম যে সাধরণ মানুষ তা কিনতে পারে না। তৃতীয় কথা জল। বৃষ্টির জল নিশ্চয়ই প্রয়োজন। বৃষ্টির জল না থাকলেও বিভিন্ন রকমের সেচ পরিকল্পনা প্রাক্তন সরকার করেছিলেন, যেমন ময়ূরাক্ষী, ডি ভি সি এবং ছোট ছোট পরিকল্পনার মধ্যে ডিপ টিউবওয়েল, স্যালো টিউবওয়েল এবং ডিপ ইরিগেশান।

[3-40—3-50 p.m.]

যদি দরদ দিয়ে দেখা যায়, যদি এগ্রিকালচার ডিপার্টমেন্টের সঙ্গে ইরিগেশান ডিপার্টমেন্টের কো-অর্ডিনেশান ভাল থাকে তাহলে আমি মনে করি ডি ভি সি এলাকার মানুষের সুবিধা হবে। আমার এলাকায় চলুন সেখানে দেখবেন যে ডি ভি সি-র সেচ সম্প্রসারণের অনেক সুযোগ আছে। অত্যন্ত দুঃখের কথা নূতন মন্ত্রীসভা গঠিত হবার পর এই ডি ভি সি-র মাধ্যমে ইরিগেশান সম্প্রসারণের কাজ সম্পূর্ণ বন্ধ রয়েছে। সেই জন্য আমি মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে তিনি যেন সেচমন্ত্রীর সঙ্গে এ বিষয়ে যোগাযোগ করে যাতে অবিলম্বে সম্প্রসারণের কাজ সুরু হয় তার ব্যবস্থা করেন। দ্বিতীয় কথা হচ্ছে মাননীয় কৃষিমন্ত্রী বলে গেলেন যে, ১,৫০০টি ডিপ টিউবওয়েল সিংক করা হয়েছে এবং তার মধ্যে ৮০০টি চালু করা হয়েছে। কিন্তু আমি বুঝতে পারছি না যে এখনও কেন ৭০০টি বাকি রয়েছে। পর পর আমাদের দু-বছর খরা গেছে, অনাবৃষ্টি গেছে। কাজেই এই ডিপ টিউবওয়েলগুলি যদি কার্যকরী করা যায় তাহলে বাংলা দেশের অনেক কৃষক বাঁচতে পারে এবং খাদ্যোৎপাদন বৃদ্ধির ফলে সমগ্র বাংলাদেশও বাঁচতে পারে। তৃতীয় কথা হচ্ছে এই যে, বাংলা দেশের কৃষকদের মধ্যে আজকে দারুন দৈন্য, দীনতা এসেছে। পর পর দুই বছর খরার ফলে, শস্যহানির ফলে তাদের অত্যন্ত আর্থিক কষ্ট হয়েছে। ফলে অনেক কৃষক, বিশেষ করে ছোট ছোট কৃষক যারা তারা আজকে চাষের হাল, হেলে বিক্রি করতে বাধ্য হয়েছে। সেইজন্য আমি কৃষি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে, এই সমস্ত গরীব দুস্থ কৃষকদের অবিলম্বে পর্যাপ্ত পরিমাণে ঋণ দেওয়া হোক যাতে তারা গরু হাল এবং অন্যান্য চাষের সামগ্রী কিনে নিয়ে এখুনি চাষের কাজ সুরু করতে পারে। চতুর্থ কথা হচ্ছে খাদ্যের অভাব এবং খাদ্য দুর্মূল্য হওয়ার জন্য আজকে সাধারণ ছোট ছোট কৃষক এবং ক্ষেত মজুরেরা নিশ্চিহ্ন হতে চলেছে। আজকে গ্রামে মডিফায়েড রেশন দেওয়া হচ্ছে না। যদিও বা দেওয়া হচ্ছে তা অত্যন্ত কম। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন গ্রামের মানুষরা শহরের মানুষের তুলনায় অনেক বেশী খান। সুতরাং তাঁদের যদি নিয়ন্ত্রিত ন্যায্যমূল্যে উপযুক্ত পরিমাণে খাদ্যশস্য না দেওয়া হয় তাহলে তাঁরা এই বছর কোনরকম উৎপাদনের কাজে নিজেদেরকে নিযুক্ত করতে পারবেন না। আর একটি কথা হচ্ছে এই, বিভিন্ন সেচ এলাকায় যেসমস্ত ছোট ছোট কৃষকদের জমি রয়েছে, তাদের যদি এই বছর সেচের কর থেকে রেহাই দেওয়া হয় তাহলে আমার মনে হয় অনেক খাদ্যোৎপাদন বাড়বে। নতুন সরকার গঠিত হবার পর আর একটি জিনিস হয়েছে যে, মানুষের আজকে নিরাপত্তার অভাব দেখা দিয়েছে। বিশেষ করে কৃষকরা মাথার ঘাম পায়ে ফেলে দারুন পরিশ্রম করে যে ফসল উৎপাদন করবেন, সেই ফসলের যদি নিরাপত্তা না থাকে, সেই ফসল তাঁরা যদি ব্যবহার করতে না পারেন, সেই ফসল যদি বিক্রয় করবার সুযোগ না পান তাহলে কৃষকরা উৎপাদন করবেন না। সেই জন্য আমি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি তাঁর

দৃষ্টি আকর্ষণ করছি। যুক্তফ্রন্ট সরকার কর্তৃক গঠিত গুন্ডা কমিটি, না গণ কমিটি হয়েছে, তাদের আজকে তিনি নিরস্ত করুন। বাংলা দেশের আজকে প্রতিটি চাষী ভাবছেন যে উৎপাদন করে কি হবে লুঠতরাজ যদি হয়, গুন্ডামী যদি হয় এবং গুন্ডাদের হাত থেকে যদি তাঁরা তাঁদের ফসল রক্ষা করতে না পারেন, তাহলে উৎপাদন করে কি হবে, এই কথা আজকে তাঁরা ভাবছেন। সেই জন্য আমি এইদিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে, আপনারা গুন্ডামী থামান, গ্রামের গণ কমিটিকে নিরস্ত করুন, তাতে আপনারা বাঁচবেন, গ্রাম বাঁচবে, ফসল বাঁচবে এবং চাষীরাও বাঁচবে।

**Shri Md. Abdul Bari:**

মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে কৃষি বিভাগের যে গ্র্যান্ট তার সমর্থন করছি এবং বিরোধী পক্ষের কাটমোশান-এর বিরোধীতা করে আমার বক্তব্য আরম্ভ করছি। বিশ বছর ধরে কংগ্রেসী শাসনে বাংলা দেশের কৃষি বিভাগের কি হয়েছে তার তুলনামূলক আলোচনা করলে আজকে এটাই বলতে হয় যে, মাননীয় অর্থমন্ত্রিমহাশয় বাজেট-এ কৃষিখাতে উন্নতি করার জন্য যে বরাদ্দ করেছেন এটা একটি বলিষ্ঠ পদক্ষেপ ছাড়া আর কিছুই নয়। এটাতে যে সামান্য কৃষিকার্যের সমস্যার সমাধান হবে তা বলছি না, তবে আগামী দিনে তার সম্ভাবনা আছে এটা বলতে পারি। বিশ বছর ধরে বাংলা দেশের কৃষকের জীবনে যে পরিবর্তন আনা সম্ভব ছিল সেটা আদৌ হয় নি। তার কারণ হচ্ছে—প্রথম কথা যদি তুলি সেটা হচ্ছে ভূমি সংস্কারের সমস্যা —সত্যিকারের যারা চাষী মাথার ঘাম পায় ফেলে চাষ করে তাদের হাতে যদি জমি তুলে না দেওয়া হয় তাহলে কখনই দেশের ফসলের উন্নতি হতে পারে না। এই আশা করা বৃথা। তাই দেখা যাচ্ছে বিশ বছরের এই শাসনে কি পাওয়া গেছে—ভারতবর্ষে শতকরা ৫ ভাগ পরিবারের মধ্যে আবাদী জমির শতকরা ৭০·২৯ ভাগ মালিকানা রয়েছে। শতকরা ৭০ ভাগ কৃষক যারা মাথার ঘাম পায় ফেলে দিনের পর দিন পরিশ্রম করে দেশের মানুষকে খাওয়াবার চেষ্টা করে তাদের হাতে আবাদী জমি রয়েছে মাত্র শতকরা ২০ ভাগ, কি করে দেশে এর দ্বারা তারা ফসল বাড়াতে পারে সেদিকে চেষ্টা না করে কতকগুলো আজেবাজে পরিকল্পনা গ্রহণ করেছেন। সত্যি-কারের চাষীদের কিছু করা হয় নি। উন্নত ধরনের বীজের কথা, সারের কথা এবং কৃষি ঋণের কথা বলা হয়েছে। কিন্তু কার্যক্ষেত্রে কিছুই করা হয় নি। আমরা ভারতবর্ষের অর্থনৈতিক অবস্থার কথা পড়েছি যে কৃষকরা ঋণগ্রস্ত কিন্তু যেসমস্ত কারণে তারা ঋণগ্রস্ত সেইসব কারণ-গুলি থেকে মুক্ত করবার কোন চেষ্টা হয় নি, গ্রামের যে মহাজন তাদের কাছে আজও কৃষকরা লাঞ্ছিত। সারা মরশুমে যে ফসল হয় সেই ফসল ঋণের দায়ে ঘাড়ে করে নিয়ে এসে সেই মহাজনের ঘরে তুলে দিতে হয়, এই তো চাষীদের দুরবস্থা, এই অবস্থায় চাষীরা কি করে ফসল বাড়াবে, সেই কথা চিন্তা করেন নি। তাই বিশ বছরের অনুশাসনে কৃষকদের উপর দুঃশাসন-এর বোঝা চলে গেছে। তারপর এই যুক্তফ্রন্ট সরকার-এর এই বাজেটে আমরা যে একটা আলো দেখতে পাচ্ছি এবং ভবিষ্যতে কিছু করা হবে এটুকু বলতে পারি। এটার দ্বারা সম্পূর্ণভাবে কয়েক বছরের মধ্যে বা কয়েক মাসের মধ্যে যে একটা যুগান্তকারী ঘটনা ঘটবে এটা বলতে পারি না, কিন্তু উন্নতির দিকে এগিয়ে যেতে পারবো এই কথা বলতে পারি। সত্যি-কারে যদি কৃষকের হাতে জমি তুলে দিতে হয়, ফসল উৎপাদন যদি বাড়াতে হয়, তাহলে আমাদের যেটা আগে থেকে করতে হবে সেটা হচ্ছে এই যে, একচেটিয়া মালিকানা ভেঙ্গে দিতে হবে। ভূমি সংস্কার আইনের ভেতর যে খুঁটিনাটি জিনিস রয়েছে যে সমস্ত ফাঁক রয়েছে, যে ফাঁকের ফলে ভেস্টেড ল্যান্ডগুলো সরকারের আয়ত্বে আসে নি সেইগুলো অবিলম্বে দূর করে কিভাবে সেই ভেস্টেড ল্যান্ড ভূমিহীন কৃষকদের মধ্যে বিলি করে দেওয়া যায় তার ব্যবস্থা করতে হবে।

[3-50—4 p.m.]

আর একটি জিনিস—ক্ষেতমজুর এবং গরীব কৃষক। বাংলা দেশে, বিশেষ করে মুর্শিদাবাদ ও নদীয়া জেলায় হাজার হাজার মানুষ, চব্বিশপরগনা এবং বর্ধমান জেলায় ঘাটতি জায়গার বেকার মানুষ, কৃষক, শ্রমিক—এদের কোন কাজের সংস্থান নাই। তাদের কর্মসংস্থানের জন্য আমি গত সেসনে একটা প্রস্তাব রেখেছিলাম, একটা প্রশ্নের মাধ্যমে বলতে চেয়েছিলাম যে, বেলডাঙ্গার চিনি কল যেটা আছে, তা যদি আবার চালু করা যায়, তাহলে গরীব ক্ষেতমজুরদের

কাজের ব্যবস্থা হতে পারে, আখের চাষেরও যথেষ্ট উন্নতি হতে পারে, আমি যুক্তফ্রন্ট সরকারকে গ্রামাঞ্চলে কিছু কিছু শিল্প গড়ে তোলবার জন্য অনুরোধ জানাচ্ছি। সেই সঙ্গে সঙ্গে মনে রাখতে হবে এই কথা যে, কৃষির উন্নতি, ভূমি সংস্কারের উন্নতি করতে হলে—সেটাকে সব সময় অগ্রাধিকার দিতে হবে এবং জাতীয় সমস্যার মত একটা বড় সমস্যা মনে করে—সেই জন্য খুব অবিলম্বে ভূমিহীন কৃষক কিভাবে জমি পায় তার দিকে লক্ষ্য রেখে চেষ্টা করতে হবে। ঐ বিশ বছর কংগ্রেস শাসনে যা করতে পারে নি, আজও হয়ত সেই সমস্ত কাজ একই সঙ্গে করা যাবে না। কিন্তু আমাদের চেষ্টা করতে হবে এবং বিশ বৎসরের কংগ্রেসী শাসন খাদ্যশস্য বেশী ফলাতে পারে নি। তার উন্নতি তো দূরের কথা, দিনের পর দিন কৃষিকার্যের অবনতি ঘটেছে। এই কথা ইকনমিক রিভিউ পরিষ্কার ভাবে বলে দিয়েছেন। আমি তার একটা জায়গা থেকে একটু উদ্ধৃত করে পড়ে শুনিয়ে দিচ্ছি

> with all-round decline in the production of rice, wheat, pulses, and oilseeds during 1965-66 as compared to the previous year's production efforts are being made during the current year on a national basis to augment production by sowing over large tracts of areas high yielding varieties of paddy, wheat and maize.

এই [illegible] হচ্ছে কংগ্রেসী শাসনের নমুনা। এই তো বাংলা দেশের অবস্থা কৃষিক্ষেত্রে। আগা-[illegible] সরকার যেসমস্ত সাজেশন দিয়েছেন আমরা লিফট ইরিগেশন ও স্মল ইরিগেশন-এর উপর [illegible] আশা পোষণ করছি [illegible] কৃষির উন্নতি করা যাবে ডিপ টিউবওয়েল-এর মাধ্যম [illegible] চেষ্টা হয়েছিল, তা কার্যকরী হয় নাই। মুর্শিদাবাদে, নদীয়ায় [illegible] [illegible] রিভার পাম্পের সাহায্যে যদি সেচের ব্যবস্থা করা হয় [illegible] হবার সম্ভাবনা রয়েছে, সেখানে দু-তিনটি ফসল হতে পারবে। আমি স্মল ইরিগেশন-এর [illegible] বেশী নজর দেবার জন্য যুক্তফ্রন্ট সরকারকে অনুরোধ জানাচ্ছি। এই কথা বলে অ্যাগ্রি-[illegible] খাতের ব্যয়বরাদ্দ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Puranjoy Pramanik:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই কৃষিখাতের ব্যয়বরাদ্দের আলোচনায় অংশগ্রহণ করতে সুযোগ পেয়ে আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। কৃষি এখন আর একক বিভাগ নয়, তার সঙ্গে জড়িয়ে পড়েছে আরো দুটো বিভাগ—সেচ ও শিল্প। কৃষিকে আশানুরূপভাবে যদি উন্নতি করতে হয় এবং দেশকে সত্যি সত্যিই খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করতে হয়, তাহলে সেচ ও শিল্প বিভাগের সহযোগিতা একান্ত কাম্য। এবং এই সেচ ও শিল্প বিভাগের সহযোগিতা যদি সময়মত না হয়, তাহলে সহযোগিতা অনর্থক হয়ে যাবে। তা কেবল সম্ভব হতে পারে সরকারের আন্তরিকতার উপর।

একটা বিভাগ বা দপ্তরের অসংখ্য কর্মচারী থাকলেই যে উদ্দেশ্যে দপ্তরের সৃষ্টি তা সার্থক হয় না। যদি লক্ষ্যে পৌঁছাতে না পারি। কৃষিতে যদি সেচবিভাগ সময়মত জল না দেয়, শিল্প বিভাগ থেকে যদি সময় মত বিদ্যুৎ সংযোগ না হয়, তাহলে কৃষিকার্য ব্যাহত হয়। আমাদের যুক্তফ্রন্ট সরকার ঘোষণা করেছেন তাঁরা খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হবেন। সুখের কথা। তাঁরা কেবিনেট মিটিং-এ ময়দানের মিটিং-এ সুপার কেবিনেটের মিটিং-এ বলেছেন—তাঁরা খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হবেন। মন্ত্রীরাও বলছেন—কথায় ও কাজের মধ্যে কোন খেলাপ হবে না।

তাই দেখছি আমাদের বর্তমান কৃষি মন্ত্রিমহাশয় বলেছেন যে, তিন বৎসরের মধ্যে আমাদের রাজ্যকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করবো। এটা অত্যন্ত আশার কথা। কিন্তু আজ আষাঢ় মাসের তৃতীয় সপ্তাহের শেষ দিন, এখনও পর্যন্ত সমস্ত ক্যানালের জল সরবরাহ করা হয় নি। বর্ধমানের যে সমস্ত এলাকায় গভীর নলকূপ স্থাপন করা হয়েছে, সেখানে বিদ্যুৎ সম্প্রসারণ করা হয় নি। এই যদি খাদ্য উৎপাদনের নমুনা হয়, তাহলে আমার আর কিছু বলবার নেই। শুধু এই নয়, কৃষি ঋণ, বলদক্রয় ঋণ এখনও দেওয়া আরম্ভই হয় নি, কবে যে দেওয়া হবে তা কেউ বলতে পারছেন না। আমার মনে হয় চাষ শেষ হবার পরে, বলদক্রয় ঋণ দেওয়া সুরু হবে। মন্ত্রিমহাশয় জানেন যে, কৃষি ঋণের অভাবে সেখানে জল যখন লাগে, তখন তারা দু-মুঠো অন্নের জন্য, নিজের চাষের জমি ফেলে রেখে তাদের লাঙ্গল বিক্রয় করতে বাধ্য হয়। যে সমস্ত লোক

ধান ঋণ দিতেন তারা সব বাড়তি ধান বিক্রি করে ফেলেছেন। কারণ তা তারা বেশী দাম পেয়ে, তিন-চার গুণ বেশী দামে বিক্রয় করে ফেলেছে, যার ফলে আজ গ্রামাঞ্চলে সাধারণ কৃষকের অবস্থা কি হয়েছে তা সরকারপক্ষের সদস্যরা যারা দরিদ্রের প্রতিনিধি বলে নিজেদের দাবী করেন—তারা নিশ্চয়ই অনুভব করতে পারবেন।

সারের কথা বলতে গেলে, প্রথমে বলতে হয় বৈজ্ঞানিক সার সম্পর্কে। কৃষি মন্ত্রিমহাশয় বললেন বৈজ্ঞানিক সারের কি ব্যাপার। আমি সে সম্বন্ধে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। কৃষি বিভাগের (ফার্টিলাইজার) সহকারী সচীব ৩১এ মে তারিখে অ্যাপেক্স কো-অপারেশন সোসাইটিকে জানাইয়াছিলেন এবং তারা আবার মার্কেটিং সোসাইটিকে চিঠি পাঠাইয়াছেন—তাহার এই মর্মে যে, তাদের অ্যামোনিয়াম সালফেট-এর সরবরাহ করবার জন্য এখনও কোন অ্যালটমেন্ট নেই। এই যদি বন্দোবস্ত হয় তাহলে কি হবে? তাতে কি চাষের উৎপাদন বাড়বে।

আমরা জানি সাধারণ চাষী যদি দু-মুঠো খেতে পায়, তাদের চাষের জমিতে সময়মত জল পায়, তাহলে তারা মনের আনন্দে চাষ করতে পারে এবং অত্যন্ত আনন্দে দিন যাপন করতে পারবে। সরকার যদি এই সামান্য ব্যাপারে এগিয়ে না আসেন তাহলে চাষের কাজে কি ভাবে এগুবে। আমি যে এলাকার প্রতিনিধি সেই এলাকায় কৃষির জন্য ১৬টি গভীর নলকূপ মঞ্জুর করা হয়। জানুয়ারি মাসে তার মধ্যে মাত্র ৯টি গভীর নলকূপ স্থাপন করা হয়েছে। জানি না কি কারণে এখনও পর্যন্ত সেগুলি চালু করেন নি! এর জন্য অনেক আবেদন নিবেদন করা হয়েছে, মন্ত্রিমহাশয়কে জানান হয়েছে। কৃষি মন্ত্রিমহাশয় যখন বর্ধমানে গিয়েছিলেন, তখন তাঁকে অনুরোধ করে বলেছিলাম যে যাতে বিদ্যুৎ সংযোগ করে ঐ গভীর নলকূপগুলি চালু হয় তার জন্য তিনি ব্যবস্থা করেন। তিনি আমার কথা নোট করে নিয়ে এসেছিলেন এবং আশ্বাস দিয়েছিলেন সুব্যবস্থা করা হবে বলে। কিন্তু দুঃখের বিষয় এখনও পর্যন্ত সে সম্বন্ধে কোন ব্যবস্থা অবলম্বন করা হয় নি।

এখন আমি নিবিড় চায সম্বন্ধে কিছু বলতে চাই। এই নিবিড় চাষ প্রকল্পে পাঁচ কোটি টাকার অধিক ব্যয় হচ্ছে ও হবে। কিন্তু বর্ধমান জেলায় একটা কৃষি কলেজ স্থাপন করা সম্ভব হল না। পূর্বতন সরকার এখানে একটা কৃষিকলেজ স্থাপনের জন্য অনুমোদন করেছিলেন। যদি নিবিড় চাষ করতে হয়, তাহলে বৈজ্ঞানিক পরীক্ষা, নিরীক্ষার জন্য এই কৃষিকলেজ স্থাপন একান্ত আবশ্যক। কৃষি মন্ত্রিমহাশয় বলেছেন বৈজ্ঞানিক সম্মতভাবে চাষ করতে হবে। তাহলে তার জন্য উপযুক্ত পরামর্শদাতা আবশ্যক এবং সেই জন্য বর্ধমান জেলায় একটা কৃষিকলেজ স্থাপন করা একান্ত আবশ্যক, এটা কেউ অস্বীকার করতে পারবেন না।

তিনি উৎপাদন বৃদ্ধি সম্পর্কে বলেছেন, কিন্তু কার্যত কটা পেরেছেন সেটা জানান নি। তাই আমি বলবো সরকারের যদি অন্য কোন উদ্দেশ্য থাকে, কি আছে জানি না, বা কি হবে তাও জানি না, সেটা যদি জানান তাহলে ভাল হয়। আমরা যা দেখতে পাচ্ছি, এই সমস্ত অভাবের জায়গায় অবিলম্বে চাষীদের সুযোগ-সুবিধা যদি না দেন, তাঁদের যদি এইভাবে নিয়ে যান রাজনৈতিক ছাঁচে ঢালাই করতে, এই সমস্ত চাষীদের যদি চিরদিন একটা অভাবের মধ্যে ফেলে রেখে, হিংসাত্মক শ্রেণীসংগ্রাম করার জন্য উদ্বুদ্ধ করা হয়, যদি প্রত্যেক জায়গায় নকশালবাড়ি সৃষ্টি করা হয়, তাহলে বলবার কিছু নেই। আমি আর একটি বিষয় বলবো, আমি যে জেলার অধিবাসী, তাকে বলা হয় রাজ্যের শস্যভাণ্ডার। সেই শস্যভাণ্ডার, আজ ঘাটতি জেলাতে পরিণত হতে চলেছে। আমার এই প্রসঙ্গে একটা কথা মনে পড়ে গেল, ১৯৫১ সালে যখন ডাঃ কে এন মুন্সি বর্ধমানে কৃষিক্ষেত্রে উৎসব উদ্বোধন করতে এসেছিলেন তখন সেই উৎসবে কিছু নৃত্য পরিবেশন করা হয়েছিল এবং তখন ডঃ ঘোষকে বলতে শুনেছিলাম মুন্সিজী এবারে নেচে নেচে ফসল বাড়াবেন। কিন্তু আজকে আমরা দেখতে পাচ্ছি যে ডঃ ঘোষ আজ শুধু নেচেই নয়, নেচে গেয়ে ফসল ফলাবেন। তিনি যাত্রাদল নিয়ে মেদিনীপুরে ধান সংগ্রহ করছেন।

**মিঃ স্পীকারঃ** আপনার সময় হয়ে গিয়েছে, আপনি বসুন।

**শ্রীপুরঞ্জয় প্রামানিক:** আমি তাঁর কাছে নিবেদন করছি মানবতার দিক থেকে, জনসাধারণের দিক চেয়ে তাঁরা যেন উদার হস্তে এগিয়ে আসেন প্রয়োজন মেটাবার জন্য। তাঁরা সার, সেচ, দেবার ব্যবস্থা করুন। আমার ওখানে নলকূপ বসিয়ে বিদ্যুৎ শক্তি সরবরাহ করে সেটাকে চালু করবার ব্যবস্থা করুন এবং তবেই আমরা খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হতে পারবো এবং এই খাদ্যসংকট কাটিয়ে উঠতে পারবো এবং জনসাধারণও এই ক্ষুধার হাত থেকে মুক্তি পাবে। এই বলেই আমার বক্তব্য শেষ করছি।

[4—4-10 p.m.]

**শ্রীদেবেন দাস:** মিঃ স্পীকার, স্যার, এই হাউসে আমি একজন নবাগত সদস্য সেই জন্য আমার অনেক ভুলত্রুটি হতে পারে। আমাদের মাননীয় কৃষিমন্ত্রী যে কৃষি বাজেট উত্থাপন করেছেন তা আমি সম্পূর্ণ সমর্থন করছি। ভারতবর্ষ কৃষি প্রধান দেশ।

**মিঃ স্পীকার:** আপনি ওটা দেখে পড়বেন না, আপনি মুখে যা হয় বলুন। নিজের কথা বাড়ীতে যেভাবে বলেন সেইভাবে বলুন।

**শ্রীদেবেন দাস:** স্বাধীন কংগ্রেস সরকার ২০ বছরের মধ্যে কৃষির বিশেষ কিছু উন্নতিসাধন করতে পারেননি। আমার কনষ্টিটিউয়েন্সি মেদিনীপুর জেলার দাঁতন থানা এবং তার সঙ্গে মোহনপুর থানায় আজ পর্যন্ত কোন সেচের ব্যবস্থা হয়নি। এই সেচের ব্যবস্থা না হওয়ার দরুন গতবারে আমার ওখানে খরা গিয়েছে। অথচ দাঁতন অঞ্চল থেকে প্রায় বাংলাদেশের সর্বত্রই এই চাল সরবরাহ করা হতো। এ বছরেও দাঁতন থানার বর্ডার থেকে বহু চাল বহু জায়গায় পাঠান হয়েছে। আমার একমাত্র বক্তব্য হচ্ছে এই যে ওখানে যাতে সুষ্ঠু সেচব্যবস্থা করা হয় তার দিকে বিশেষ নজর রাখা উচিত। আর একটি কথা বলছি আমার ওখানে একটি দীঘি আছে যার নাম হচ্ছে সরশংকা। এই দীঘিটা হচ্ছে এক স্কয়ার মাইল। এই দীঘির পংকোদ্ধার করে সুবর্ণরেখা থেকে যদি একটা খাল নিয়ে এসে সেখানে জল রিজার্ভ রাখা হয় এবং সেই সরশংকা থেকে নিমপুরে খাল কেটে দেওয়া হয় এবং নিমপুর খাল থেকে সিংগাস্ত একটা খাল কাটা হয় এবং সেখান থেকে বৈতায় নিয়ে গিয়ে ফেলা হয় তাহলে আমার মনে হয় সেখানে সর্বত্র জল সেচের ব্যবস্থা হয়ে যায়। তারপরে কথা হচ্ছে তাই চুং, তাই নাং প্রভৃতি যে ধান আমাদের সরকার আবাদ করার জন্য বলেছেন তাতে দেখা গিয়েছে যে তা চাষ করতে জলের দরকার। জল শুকিয়ে দিতে হয় আবার পুনরায় তাতে জল দিতে হয়, তাতে দেখা গিয়েছে যে ফলন ভাল হয়। কিন্তু জলের অভাব হলে কিছুই হয় না। আর একটা কথা এল, আই লোন ঠিকমত কাজে লাগান কবা হয় না। আমার বক্তব্য হচ্ছে জমিগুলির সমস্ত আইন যদি তুলে দেওয়া হয় এবং ভেড়ীর মত করা হয় তাহলে আমাদের বহু জমি উদ্ধার করা হবে। জমিগুলি যে উঁচু নীচু আছে তাকে লেভেল করে নেওয়া দরকার, তাহলে অল্প বৃষ্টিতে সেখানে জল দাঁড়াবে এবং এক ইঞ্চি, দুইঞ্চি বৃষ্টি হলেই সমস্ত জমি আবাদ হতে পারবে। তারপরে ডিপ টিউবওয়েল ইরিগেশনের জলে ঠিক ঠিক চাষ হয় না। কেন না আমরা দেখেছি বহু জায়গায় ডিপ টিউবওয়েলের জলে আয়রণের ভাগ বেশী থাকায় সেখানে জলের উপরে একটা লেয়ার পড়ে। সেই কারণে আমার বক্তব্য হচ্ছে এই যে জমিতে গভীর কূপ করে ইলেকট্রিসিটি দিয়ে পাম্প চালিয়ে সেখান থেকে জমিতে জল দিলে প্রচুর ধান হবে। মানুষকে বাঁচতে হলে খাদ্য, শিক্ষা, বস্ত্র এবং স্বাস্থ্য দরকার। আমার এলাকার মোহনপুরে কোন স্বাস্থ্যকেন্দ্র খোলা হয়নি।

**মিঃ স্পীকার:** দেবেনবাবু, আপনি স্বাস্থ্য সম্বন্ধে অন্য দিন বলবেন, আজকে খাদ্য সম্বন্ধে বলুন।

**শ্রীদেবেন দাস:** সুবর্ণরেখা থেকে জল আনতে পারলে আমাদের ঐ অঞ্চলে দাঁতন, মোহনপুর, এগরা থানার বিশেষ সুবিধা হবে এবং সেচেরও খুব ভাল ব্যবস্থা হবে কারণ সেই জলে পলি আছে সেই পলির দ্বারা আমরা সারের কাজ করতে পারবো। খাদ্যমন্ত্রী তথা কৃষি-মন্ত্রী যে বাজেট উত্থাপন করেছেন তাকে আমি সম্পূর্ণ সমর্থন করি এবং আপনার মাধ্যমে খাদ্যমন্ত্রী মহাশয়কে ধন্যবাদ দিই।

**শ্রীকৃষ্ণকুমার শুক্লাঃ** মিঃ স্পীকার, স্যার, যখন হাউস আমাদের রিএ্যাসেমবলড হয় সেই সময় আপনার কাছে আমি অনুমতি নিয়ে শ্রমমন্ত্রীর কাছে স্ট্রাকচারাল ইঞ্জিনীয়ারিং ওয়ার্কস-এর শ্রমিকদের পক্ষ থেকে একটা ডেপুটেশন দিয়েছিলাম। সেই ডেপুটেশন দেওয়াতে উনি বলেছেন যে উনি হেল্পলেস, ওনার সেকসান ১০(৩)এর বেশী ক্ষমতা নেই। কিন্তু শ্রমিকরা বলছে যে আপনার আওতায় তারা বসে থাকবে না খেয়ে যতক্ষণ পর্যন্ত না এই জনপ্রিয় সরকারের শ্রমমন্ত্রী তাদের কারখানা খুলে দেন। আমি আপনার কাছে বলছি যে আপনারই এই জমিদারী এনক্রোচ করবে। উনি এত শ্রমিক দরদী, উনি শ্রমিকদের বাঁচাতে পারবেন না? উনি ত শ্রমিকদের সম্বন্ধে বড় বড় কথা বলেন।

**মিঃ স্পীকারঃ** আপনি এইভাবে আর সময় নষ্ট করবেন না। আমিত বলেছি যে এটা শ্রমমন্ত্রীকে দিয়ে দেবেন।

[4-10—4-20 p.m.]

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জিঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা খাদ্যমন্ত্রী শ্রদ্ধেয় ডাঃ ঘোষের আন্তরিকতা, উদ্যম এবং সততার প্রশংসা করি এবং তার দীর্ঘদিনের অভিজ্ঞতাকে শ্রদ্ধা জানাই। কিন্তু একথা বলতে চাই যে তিনি কৃষিখাতে যে আর্থিক ব্যয়বরাদ্দের প্রস্তাব আমাদের সামনে রেখেছেন তার সঙ্গে আমরা একমত নই এবং তাঁর বক্তব্যের সমর্থন করতে পারছি না। তিনি আমাদের সামনে বললেন যে বাংলাদেশে খাদ্যের ঘাটতি ছয় কি আট লক্ষ টন অর্থাৎ দৈনিক ১৬ আউন্স হারে। আমাদের এখানে হয় ৫৪।৫৬ লক্ষ টন তার সঙ্গে ওই ঘাটতি যদি ধরি তাহলে দাঁড়ায় গিয়ে ৬০ লক্ষ টনের কাছাকাছি। কিন্তু আমি যতদূর জানি—জানি না ডাঃ ঘোষ ঐ পরিসংখ্যান কোথায় পেয়েছেন আমাদের প্রয়োজন ৭৪ লক্ষ টন। আমাদের জনসংখ্যা যদি তিন কোটি নব্বই লক্ষ থাকে, যদি ১৬৫ কে, জি, মাথাপিছু ধরে গুণ করা যায়, তাহলে পাই ৬৪ লক্ষ টন হচ্ছে—তার পরে যদি শতকরা ১৫ ভাগ যোগ দিই তাহলে ৭৪ লক্ষ টন হচ্ছে। যাক্, এই নিয়ে বাকবিতণ্ডার প্রয়োজন নেই। এ সম্বন্ধে আমার একটা কথা মনে পড়ছে যেটি মহাত্মা গান্ধী রবীন্দ্রনাথকে লিখেছিলেন—খাদ্যের নামে বড় কবিতা শুনতে চাই না—ওর থেকে দুটি অক্ষরে একটি কবিতা চাই এবং তার নাম হচ্ছে অন্ন। বাংলা দেশের সমস্ত অধিবাসী খুশী হবে যদি ডাঃ ঘোষ বাংলাদেশকে আগামী তিন বছরের মধ্যে খাদ্যে স্বাবলম্বী করে দিতে পারেন। আপনারা সকলেই জানেন বাংলাদেশ ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের মধ্যে কেরালাকে বাদ দিলে সবচেয়ে ছোট জায়গা। আমাদের জমির পরিমাণ সারা ভারতবর্ষের জমির পরিমাণের শতকরা তিন ভাগ, কিন্তু জনসংখ্যায় সারা ভারতবর্ষের জনসংখ্যার শতকরা ৮ ভাগ। জনসংখ্যার চাপে উর্বর থেকে অনুর্বর বা অল্প উর্বর জমিতে আমরা চাষ করতে বাধ্য হয়েছি। যেখানে চাষ হচ্ছে সেখানে প্রয়োজনীয় জল সেচের প্রয়োজন, সারের প্রয়োজন, সেখানে যান্ত্রিক চাষের প্রয়োজন আছে, কিন্ত আমাদের সামনে যে ব্যয়-বরাদ্দের প্রস্তাব এসেছে সেটি মূলতঃ মাঝারি ইরিগেসন বা ছোট ধরনের জল সেচের ব্যবস্থা। কিন্তু ছোট ধরনের জল সেচের জন্য গত মার্চ মাসের বাজেটে ভোট অন অ্যাকাউন্ট-এ ব্যবস্থা ছিল এটা হচ্ছে তার অতিরিক্ত ব্যয়-বরাদ্দ। জলসেচের সম্পর্কে বলব যে, যদি ভগবান বিরূপ হন তাহলে আমাদের জল সেচের ব্যবস্থা যাই করি তাতে কিছু হবে না। তার মানে এই নয় যে জলসেচ বাদ দিতে হবে। কিন্তু কৃষির উন্নতির জন্য সবচেয়ে প্রয়োজন একটা স্বল্পকালীন প্রকল্প। সেজন্য আমি একটা মস্তবড় গলদ দেখছি আমাদের কৃষি বাজেটে সেটা হচ্ছে যে সারের জন্য অতিরিক্ত বিশেষ বরাদ্দ নাই। সারের জন্য যে ৫ লক্ষ টাকা দেওয়া হয়েছে কমিটেড এক্সপেণ্ডিচার তৃতীয় পরিকল্পনাতে সেটা রয়ে গেছে। অথচ আজকে খাদ্য মন্ত্রিমহাশয় বলেছেন এবং খবরের কাগজে দেখেছি যে আমাদের সার বাংলা দেশে খুব কম পাচ্ছি এবং সারের দামও বেড়ে গেছে। এখন বর্ষা আরম্ভ হয়েছে আমাদের সবচেয়ে প্রয়োজন যে কৃষকদের কাছে উন্নত ধরনের বীজ এবং সার পেঁছে দেওয়া। কিন্ত এখনও অনেক জায়গা থেকে অভিযোগ আসছে যে সেখানে সার পৌছেনি। আরেকটি কথা আমি এখানে রাখতে চাই যে ডাঃ ঘোষ বলেছেন এবং আমার পূর্ববর্তী বক্তা ও দুই-একজন বলেছেন যে কংগ্রেস ২০ বছর-এ কৃষির কোন রকম উন্নতি করতে পারেনি। আমাদের সরকারপক্ষের একজন

বক্তা ইকনমিক সার্ভে যেটা আমাদের মধ্যে প্রচার করা হয়েছে তার উল্লেখ করে বলেছেন, এই প্রসঙ্গে আমি আরেকটি কথা বলতে চাই যে নিশ্চয়ই গত তিনটা পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কৃষির ক্ষেত্রে যে পরিমাণ শষ্য উৎপাদন করা উচিত ছিল কিন্তু তা হয়নি। এবং গত পরিকল্পনাগুলির মধ্যে কৃষির ক্ষেত্রে কিছু কিছু গলদ ছিল কিন্তু তার মানে এই নয় যে গত ২০ বছরে কৃষির কোন উন্নতি হয়নি। আমি দুই একটি পরিসংখ্যান আপনার মাধ্যমে এখানে রাখতে চাই। এবং এই পরিসংখ্যানগুলি জ্যোতিবাবু মহাশয় যে ইকনমিক সার্ভে প্রচার করেছিলেন তার থেকে নেওয়া। ১৯৬৫-৬৬ সাল এবং তার পরবর্তী বছর বাদ দিচ্ছি কারণ সেই দুটি বছর অত্যন্ত খরা হয়েছিল। আমি বলছি বাংলা দেশে ইনডেক্স অব এগ্রিকালচারাল প্রডাকশান অর্থাৎ কৃষিজাত উৎপাদনের যে সূচক প্রকাশিত হয়েছে তার থেকে উল্লেখ করছি। চালের সূচক ছিল ১৯৫১-৫২ সালে ৯৪:৫১ সেটা দাঁড়াল ৬৪-৬৫ সালে ১৪১:০৪ অর্থাৎ বেড়েছে শতকরা ৫০ ভাগ। পাট তার সূচক ছিল ৫১-৫২ সালে ১৬০·৪৪, বেড়ে দাঁড়িয়েছে ৬৪-৬৫ সালে ২৩৩·০২। আলু ১২৬·০৪ বেড়ে দাঁড়িয়েছে ২২০·৮ অর্থাৎ শতকরা ৭৫ ভাগ। তাব সব মিলে ওভারঅল ইনডেক্স অব এগ্রিকালচারাল প্রডাকসন সেটা ১০৫·১৪ বেড়ে দাঁড়িয়েছে ১৪১·৪৪ অর্থাৎ শতকরা প্রায় ৪২ ভাগ। আমাদের সরকারীপক্ষের সদস্যগণ প্রায় সব কথাতেই কংগ্রেসকে দোষ দিয়ে থাকেন এই দোষ দেবার মাত্রা এমন দাঁড়িয়েছে যে আমার মনে হয় কোন দিন যদি কোন মন্ত্রীর বাড়ীতে খাবারে নুন বেশী হয় তাহলে তিনি বলবেন এর জন্য কংগ্রেস সদস্যরা দায়ী বা কংগ্রেসদল দায়ী। অথবা দুর্ভাগ্যবশতঃ যদি কোন কোন অঞ্চলে ধান গাছে পোকা দেখা দেয় তাহলে তারা বলবেন কংগ্রেসীরা পোকাকে লেলিয়ে দিয়েছেন। অথবা ভগবানের অভিশাপে যদি কোন বছর খরা হয় তাহলে এরা বলবেন কংগ্রেস থেকে ভগবানকে পোণে দু কোটি টাকা ঘুষ দিয়ে এই কান্ড করা হয়েছে। কিন্তু গত কয়েক মাসের কার্যকলাপের ফলে চাষের যে প্রচণ্ড ক্ষতি হয়েছে ঠিক সেই ব্যাপারে মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই নানা জায়গায় জমি জবরদখল ধান চাষ লুঠ এবং অরাজকতার ফলে বহু অঞ্চলে যে পরিমাণ জমিতে চাষ হওয়া উচিত ছিল তা হয়নি। নকসালবাড়ি এবং তার পার্শ্ববর্তী অঞ্চলে বহু জমি আছে যেখানে এখনও অরাজকতা বিরাজ করছে এবং সেখানে জমি চাষ বন্ধ আছে বহু এলাকায়। দুঃখের বিষয় রাজনীতি অর্থনীতিকে চাপা দিয়ে দিয়েছে। আমার বক্তব্য এই যে আমাদের সরকারী বন্ধুদের যদি কিছু শুভ বুদ্ধি থাকতো যদি বিষয়বুদ্ধি আর একটু বেশী হোত তাহলে তারা অন্তত এই মূল্যবান সময় যখন বর্ষা আরম্ভ হয়েছে তখন জমি দখল বা অন্যান্য আন্দোলন বন্ধ রেখে প্রত্যেক জায়গায় জমিতে মাঠে যাতে চাষ হয় তার সুযোগ দিয়ে পরে হয়তো সেই সব ধানগুলি লুট করতে পারতেন। যাহোক আমি আর কিছু বলতে চাই না। আমি যে ব্যয়-বরাদ্দের প্রস্তাব হয়েছে তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4-20—4-30 p.m.]

**শ্রীকানাইলাল ভৌমিকঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে কৃষিখাতে ব্যয়বরাদ্দ সমর্থন করে এবং আমার পাশের সদস্য শেষ যা করলেন আমি সেখান থেকে সুরু করে গুটি কয়েক কথা বলতে চাই। বাংলা দেশের কৃষির অবস্থা যে খারাপ এবং উৎপাদন যে ক্রমশ কমে যাচ্ছে একথা কংগ্রেসপক্ষ আজকে আর অস্বীকার করতে পারবেন না। কিন্তু কেন এই রকম হচ্ছে এবং কিজন্য এই ১৯।২০ বছর ধরে কোটি কোটি টাকা খরচ করা সত্ত্বেও বাংলাদেশ আজকে স্বয়ংসম্পূর্ণ হতে পারেনি। আমাদের সরকার অন্তত একটু সাহসিকতার সঙ্গে দু কোটি কয়েক লক্ষ টাকা বরাদ্দ বাড়িয়েছেন এবং স্টেপ নিচ্ছেন যাতে অন্তত আগামী তিন বছরে বাংলাদেশকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করা যায়। এই স্বয়ংসম্পূর্ণ করতে গেলে পর কৃষির উন্নতির প্রথম যে কোয়েশ্চেন মনে পড়ে যে সমস্যার সমাধান না হলে পর এটা হতে পারে না। সে হচ্ছে ম্যান বিহাইন্ড দি প্লাউ। অর্থাৎ যারা উৎপাদন করেন সেই কৃষক সমাজের উন্নতি বিধান তাদের মনে গ্যারান্টি ইত্যাদি সৃষ্টি করতে না পারলে পর আসলে কৃষির উৎপাদন বাড়ানো সম্ভব হবে না। যতই সেচ সার বীজ ইত্যাদির ইম্প্রুভমেণ্ট করা হোক না কেন। সেই কারণে জমির প্রশ্ন দখলের প্রশ্ন বর্গাদারের প্রশ্ন, সেই প্রশ্নের সঙ্গে কৃষির উৎপাদন বাড়ানোর প্রশ্ন খুবই জড়িত এবং এই যে কৃষক যারা জলে ভিজে রোদে পুড়ে এই সমস্ত ফসল তৈরী করে তাদের কথা চিন্তা করতে হবে। তার

পরে প্রশ্ন কৃষকের সামনে মস্ত বড় সমস্যা, ঋণের সমস্যা, মহাজনের কাছ থেকে নানারকমভাবে ঋণ করে উৎপাদন বাড়াবার জন্য। এবং যেভাবে সাধারণ কৃষককে তা করতে হয় সেকথা সকলেই অবগত আছেন। এই ঋণের সমস্যা যদি আমরা সমাধান করতে না পারি তাহলে পর কৃষির উৎপাদন ব্যাহত হবে। এই প্রশ্নের সমাধান করার জন্য আমাদের মন্ত্রীসভা নিশ্চয় ভাবছেন। তাদের ভাবতে হবে যে আমাদের যে সমস্ত সিডিউল্ড ব্যাঙ্ক আছে তারা বছরে ১২ কোটি টাকা ঋণ দেন—যারা হোলসেল ফুডগ্রেণের ট্রেড করেন তাদের—কিন্তু কৃষকদের জন্য সিডিউল্ড ব্যাঙ্ক থেকে এই ধরণের ঋণ পাবার কোন ব্যবস্থা নেই। যদি রেইন অব প্রিএমসন করে সেই ঋণ কৃষকদের দেওয়া যায় তাহলে ঋণের একটা মস্তবড় প্রবলেম সল্ভ হতে পারে। তাছাড়া আমাদের স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার তরফ থেকে ১৫ কোটি টাকা ঋণ আসতে পারে। যদি তারা এই রকম করেন বছরে ৫ হাজার টাকার বেশী আয় নয় এই সমস্ত কৃষকদের যদি তারা প্রায়রিটি বেসিসে ঋণ দেন তাহলে এই ঋণের সমস্যা যেটা বাংলাদেশের কৃষকের সামনে একটা মস্তবড় সমস্যা সেই সমস্যার একদিকে সমাধান হতে পারে এবং তাদের ঘাড়ে যে ঋণ চেপে আছে সেগুলিও কিছু কিছু কমতে পারে। এই রকম যদি সুব্যবস্থা করা যায় তাহলে কৃষকরা উৎসাহিত হতে পারে। একদিকে জমির দিক থেকে আর একদিকে মূলধন পাওয়ার দিক থেকে। তাহলে পর বাংলাদেশে কৃষি উৎপাদন হতে পারে। তার সংগে সংগে ইরিগেসন সমস্যা আছে. এই ইরিগেশন সমস্যা সম্পর্কে আমি একটু বলতে চাই যে কৃষি বিভাগের যে ইরিগেসন এবং ইরিগেসন ডিপার্টমেণ্টের যে এই দুটো যদি কো-অর্ডিনেট করে একটা প্ল্যানিং হয় তাহলে পর বাংলাদেশের সমগ্র জমিকে চাষে এনে সেখানে উৎপাদন বাড়ানোর একটা সুরাহা হতে পারে। আমি জানি না এখনও পর্যন্ত মন্ত্রীসভা ভাবছেন কিনা যে কৃষি দপ্তরের সেচখাতে যে বরাদ্দ আছে সেই বরাদ্দ এবং ইরিগেসনের বরাদ্দ একসংগে মিলে যাতে করে টোট্যাল একটা প্ল্যানিং বাংলাদেশের কৃষির জন্য করে সেচের উন্নতির করা যায় সেই রকম কো-অর্ডিনেসন করা দরকার। এবং সেদিক থেকে একটা সুব্যবস্থা থাকা দরকার—এদিকে আমি মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। তৃতীয়ত সারের প্রশ্ন, বীজের প্রশ্ন উঠেছে। কিন্তু সেই সারের প্রশ্ন এখন বাংলাদেশে যা দাঁড়িয়েছে কয়েকজন লক্ষপতি কোটিপতি যারা সারের একচেটিয়া কারবার নিয়ে বসে আছে। সেই তালুকদার কোঃ, ইসপাহানি কোম্পানী, ইত্যাদি কোম্পানী যারা তারা সার খুশীমত এজেণ্টকে বিক্রি করে এবং কৃষকের কাছে ঠিকমত সেই সার পৌছায় না এবং যে সার পৌছায় তাতে নানা রকম ভেজাল আছে এই যে সারের কেলেংকারী চলেছে এগুলি রোধ করবার জন্য নিশ্চয় একটা সুব্যবস্থা করতে হবে যাতে করে সত্যিকারের ভাল সার চাষীদের হাতে পৌছাতে পারে। সংগে সংগে সার আরও দরকার যদি দোফসল ফলাতে হয় যদি তাইচুন ফলাতে হয় তাহলে যে পরিমাণ সার আসছে সেই সারে কিছুতেই হতে পারে না। যদি অন্তত একের তিন অংশ জমি দো ফসলে নিয়ে আসতে হয় তাহলে অনেক বেশী সার দরকার। সেই হিসাবে আমাদের কেন্দ্রীয় সরকারের উপর চাপ দিয়ে তাদের কাছে দাবী পেশ করে সবাই মিলে সেখান থেকে সার যাতে আরও বেশী করে আসে তার জন্য চেষ্টা করতে হবে। সংগে সংগে আমাদের এখানে আরও যেসব প্রশ্ন আছে দামের প্রশ্ন—আমাদের সরকার নিশ্চয় ধানের ন্যায্য দাম ঠিক করেছেন কিন্তু পাটের ন্যায্য দাম বাঁধার ব্যাপারে আমাদের কৃষি বিভাগকে ভাবতে হবে। আপনি বোধ হয় লক্ষ্য করেছেন ইতিমধ্যে পাট দু-এক মাসের মধ্যে উঠবে—এখন থেকে সমস্ত চটকল মালিকরা সমস্ত ফড়িয়ারা ব্যাপারীরা চক্রান্ত করছেন আগামীবার যাতে পাটের দাম ফেলতে পারেন এবং এখন বাজারে পাটের দাম ফেলাতে সুরু করেছেন। সেই জন্য কৃষি বিভাগকে এবং কৃষি বিভাগের সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়কে আমি অনুরোধ করবো যাতে এখন থেকে তাঁরা সজাগ হন এবং যাতে করে আগামী পাটের সিজনে পাট চাষীরা মারা না পড়ে তারা ন্যায্য দাম পায় তার চেষ্টা করুন। তার জন্য কেন্দ্রীয় সরকারকে মুভ করুন, তার জন্য দরকার হলে সরকারের তরফ থেকে কিভাবে পাটচাষীদের প্রটেকসন দেওয়া যায় তার ব্যবস্থা করতে হবে। কারণ আপনি নিশ্চয় জানেন পাট চাষীরা পাট বিক্রি করে তার কিছুটা চাষে লাগায় কিছু পেটে খায়। এবং এই পাট বাংলাদেশের একটা অর্থকরী ফসল। সেদিক থেকে আমি বলবো যাতে করে চাষীরা ন্যায্যভাবে পাটের দাম পায় অন্যান্য জিনিস সার বীজ সেচ যাতে ন্যায্যভাবে চাষীরা পায় সেই সমস্ত জিনিসের দিকে লক্ষ্য করতে হবে। তার পর আর একটা মূল প্রশ্ন সেটা হচ্ছে যে আমাদের এখানে যে সমস্ত পরিকল্পনা করা হয় সেই পরিকল্পনার ভিত্তি হচ্ছে

সম্পূর্ণভাবে আমলাতান্ত্রিক পদ্ধতি। আমরা ১৯।২০ বছর ধরে এই রকম করে গিয়েছি। কতকগুলি অফিসার কেবল ফাইল মারফৎ কাজ করেন। কিন্তু কৃষকের প্রাণের সঙ্গে যে সহযোগিতা কৃষি দপ্তরে সে জিনিস এখনও গড়ে উঠে নি, যার ফলে কৃষি বিভাগের কর্মচারীরা শুধু অফিসিয়্যাল হিসাবে কৃষির উৎপাদনকে ট্রিট করেন। আজকে কৃষকের প্রাণের সঙ্গে নাড়ীর সঙ্গে সংযোগ বিধান করবার উপযুক্ত পরিবেশ সৃষ্টি করতে হবে—সেইভাবে প্ল্যানিং করতে হবে, সেটা রাইটার্স বিল্ডিংসে বসে নয়, প্ল্যানিং করতে হবে ব্লক ভিত্তিতে বসে। সেখানে কৃষকদের ইরিগেসন প্রবলেম সেচের প্রবলেম বীজের প্রবলেম এই সমস্ত বুঝে সেই ভিত্তিতে যদি প্ল্যানিং করে স্থানীয় কৃষকদের পরামর্শওয়ালা একটা কমিটি করে তাদের সঙ্গে পরামর্শ করে যদি সম্পূর্ণভাবে কাজ করা যায় তাহলে আমি মনে করি যে টাকা বরাদ্দ হয়েছে সেই টাকার সঙ্গে আরও টাকা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আমরা আনতে পারি। আমরা তাদের বলতে পারি যে বাংলাদেশের ১১ লক্ষ একর জমিতে পাট হয় এবং সেই পাট থেকে কেন্দ্রীয় সরকার প্রচুর সোনা আহরণ করে নিয়ে আসেন, তাঁরা আমাদের বলেছিলেন এই কথা যে তোমরা পাট তৈরী করো বাংলাদেশ আমরা তোমাদের খাদ্য দেবো, আমরা তোমাদের সেচ দেবো। আমরা কেন্দ্রীয় সরকারকে বলতে পারি যে খাদ্য তোমরা কতটা দিতে পার দেখি, কিন্তু আমাদের বাংলাদেশকে টাকা দাও যাতে আমরা বাংলাদেশের মাটিতে ফসল ফলাতে পারি বাংলাদেশের মাটিতে দো ফসল করতে পারি। আমরা বাংলাদেশের কৃষককে নিয়ে বাংলাদেশকে স্বয়ংসম্পূর্ণ করতে পারি, শুধু তোমরা আমাদের কিছু টাকা সাহায্য করো। আমরা যে সমস্ত জমিকে চাষে লাগাতে পারছি না খাদ্য ফসলে তার জন্য তোমরা কিছু সাহায্য করো—এই জন্য আমাদের সবাই মিলে চেষ্টা করা উচিত যাতে আমরা ফসল বাড়াতে পারি।

[4-30—4-40 p.m.]

**Shri Md. Israil:**

We have to stake all our reputation.

[মা]ননীয় স্পীকার, স্যার, বাংলা দেশের এক সংকটময় সময় কৃষিমন্ত্রী আমাদের হাউসের সামনে [এ]ই ব্যয়-বরাদ্দ উত্থাপন করেছেন। আমি এটা সমর্থন করতে পারছি না, সমর্থন করতে পারতাম [এ]বং তাঁকে অভিনন্দন জানাতে পারতাম যদি তিনি ম্যাডরাস গভর্নমেন্ট, আজকে যেমন ক্র্যাস [প্রো]গ্রাম এবং একটা বোল্ড প্যান নিয়েছেন যে ৬ মাসের মধ্যে ৬ লক্ষ থেকে ৯ লক্ষ একর জমিতে [দু]ইবার ধান ফলিয়ে একটা নূতন হাই-ব্রিড ভ্যারাটি যে ভ্যারাইটিতে ইণ্টেনসিভ কাল্টিভেসন [ক]রে অতিরিক্ত পাঁচ লক্ষ টন চাল উৎপাদন করবেন সেই প্ল্যান দেখলে আমরা একে সমর্থন [জা]নাতাম। কিন্তু তাঁর বক্তৃতায় সেরূপ কোন কথা পেলাম না সেজন্য আমরা অত্যন্ত দুঃখিত [আ]জকে এই সংকটময় সময় অল্প সময়ের মধ্যে এমন প্রগ্রাম নেওয়া উচিত ছিল যাতে ডবল ক্রপ [ক]রে যে সব জায়গায় সেচ ব্যবস্থা অ্যাসিওরড ইরিগেটেড এরিয়া সেখানে তাঁরা ঐ রকমের [ভ্যা]রাইটি ধান লাগিয়ে তাড়াতাড়ি অধিক ফসল করতে পারতেন কিন্তু তার কোন চেষ্টা তিনি [ক]রেননি। অথচ দেখলাম ম্যাডরাস্ গভর্নমেণ্ট আজ সেটা করেছে এবং তাঁরা বলেছেন উই হ্যাভ [টু] স্টেক অল আওয়ার রেপুটেসন আমাদের গভর্নমেন্টএর সমস্ত রেপুটেসন স্টেক করে আমরা [এই] প্রগ্রাম নিয়েছি এবং এই প্রগ্রাম-এর সাকসেস্-এর উপর আমাদের গভর্নমেণ্ট-এর সাকসেস্ [নি]র্ভর করছে। আমি খাদ্যমন্ত্রীকে এ বিষয় দৃষ্টি দিতে বলছি এবং ম্যাডরাস গভর্নমেণ্ট-এর [এক্স]পার্টদের সংগে যোগাযোগ করে তিনি যেন এটা দেখেন যে এ বিষয়ে কতটা কি করা যায়, [তি]নি মার্চ মাসে আমাদের সামনে যে বাজেট রেখেছিলেন তাতে কৃষি খাতে ১০ কোটি ৪৫ লক্ষ [টাকা]র মত বরাদ্দ ছিল এখন জুন মাসে যে বাজেট দিলেন তাতে মোট ২১ কোটি ২১ লক্ষ টাকার [মত] খরচ করবেন—অর্থাৎ বাড়তি ২ কোটি ৮৬ লক্ষ টাকার মত। এটা থেকে আমার মনে হয় [যা]তে যেখানে সবচেয়ে গুরুত্ব দেওয়া উচিত ছিল তা দেন নি। আজকে কৃষিমন্ত্রী অর্থমন্ত্রীর [কা]ছে আরো বেশী টাকা চেয়েছিলেন কিনা কিম্বা আমাদের মাওপন্থী অর্থমন্ত্রী মাও বিরোধী [কৃষিম]ন্ত্রীকে আর বেশী অর্থ দিতে রাজী হন নি, এর মধ্যে কোনটা ঠিক জানতে চাই তার কারণ [আম]রা দেখছি কৃষিমন্ত্রী এবং যিনি খাদ্যমন্ত্রী যাঁর খাদ্য পলিসি মাঃ কম্যুনিস্ট দলের লোকেরা [বান]চাল করবার জন্য হাটেবাজারে তার বিরোধীতা করেছেন এবং তিনিও একথা বলেছিলেন যে [এই] দল আমার খাদ্য প্ল্যানকে ব্যর্থ করবার চেষ্টা করছে। সেজন্য আমি জানতে চাই। তিনি

দিতে নারাজ হয়েছেন কিনা, আমি এবার কৃষি সমস্যা সম্বন্ধে দু'একটি কথা বলতে চাই। আ
সে সমস্যাগুলো সম্বন্ধে কয়েটা কথা রাখতে চাই। প্রথম সমস্যা হচ্ছে সেচের জলের অভা
দ্বিতীয় সমস্যা ভাল বীজ, তৃতীয় সমস্যা সারের অভাব এবং চতুর্থ সমস্যা হচ্ছে সময়মত কৃষক
ঋণ পায় না। আমি এ সমস্যার মধ্য থেকে মাত্র একটি সমস্যা তুলে ধরে আপনার কাছে রাখবে
সেটা হচ্ছে সেচের জলের অভাব। ভাল বীজ দিয়ে জমি বুনলাম, পর্যাপ্ত পরিমাণে সার দিল
কিন্তু যদি সেচের জলের ব্যবস্থা না থাকে আমি বলতে পারি এবং যাদের চাষ সম্বন্ধে
অভিজ্ঞতা আছে তারা জানেন যে এক দানা ফসল সে জমিতে হবে না। সুতরাং আমরা ম
করি অন্য যে সমস্ত সমস্যা আছে সেগুলি খানিকক্ষণ অপেক্ষা করতে পারে, কিন্তু প্রথ
জোর দিতে হবে সেচের জলের উপর। আজকে বাংলা দেশে সেচ সমস্যা কঠিন সমস
কিভাবে সমস্ত জমিতে জল দেওয়া যায় তা আগে চিন্তা করতে হবে। কোন জায়গায় নদ
উপত্যাকার দ্বারা জল দেবার ব্যবস্থা করা হয়েছে, কোন জায়গায় ডিপ টিউবওয়েল কোন জায়গা
রিভার ইরিগেসন। আমি তাঁর কাছে অনুরোধ করবো তিনি যেন সমস্ত বাংলা দেশের একা
সারভে করেন। তারপর ঠিক করেন কোথায় ডিপ টিউবওয়েল দরকার। আমরা দেখেছি এ
মৌজায় ডিপ টিউবওয়েল দরকার, পাশের মৌজায় ডিপ টিউবওয়েল হচ্ছে না, সেখানে যা
স্যালো টিউবওয়েল করা যায় বা যে সব ডিপ টিউবওয়েল বা রিভার ইরিগেসন করা যায় সেখা
তা করা দরকার, অনেক জায়গায় পুকুর থেকে জল দেওয়া হয়। সেসব জায়গা সংস্কার কর
হবে। তিনি বলেছেন ভারতবর্ষের চাষীরা জাপান ও আমেরিকার চাষীদের তুলনায় অনেক ক
ফসল ফলায়। আমি কৃষিমন্ত্রীর কাছ থেকে জানতে চাই যে সেখানকার চাষীরা এরকম অসহায়ে
মত কি চাষ করেন? তাদের কি জলের জন্য আকাশের দিকে চেয়ে থাকতে হয়? তাদের কি
বীজ ও সারের জন্য অসাধু ব্যবসায়ীদের হাতে পড়তে হয়, এবং ঋণের জন্য মহাজনদের কাছে
যেতে হয়? সুতরাং আজকে সে দেশের সংগে তুলনা করলে আমাদের চাষীদের ছোট কর
হবে। আমাদের চাষীরা যদি সেরকম সমান সুযোগ পায় তাহলে তারা দুনিয়ার যে-কোন চাষীর
চেয়ে বেশী ফসল ফলাতে পারবে।

**Shri Sasanka Sekhar Mondal:**

অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে যুক্তফ্রন্ট সরকারের কৃষিমন্ত্রীর তরফ থেকে চাষের বাবদ যে বায়
বরাদ্দ চাওয়া হয়েছে সেটাকে সমর্থন করতে উঠে ডান দিক এবং বাঁদিকে যারা বসে আছেন
এঁদের কিছু আমার সামান্য অভিজ্ঞতা নিবেদন করতে চাই। আমি চাষী-অঞ্চলে কাজকর্ম
করি। সেখানে দেখেছি চাষের উন্নতির জন্য সাধারণ চাষীরা কি অবস্থায় পড়ে সেটা দেখাতে
চাই। প্রথমে আর্থিক সমস্যা হল তাদের প্রথম সমস্যা। কৃষি সমস্যা আলোচনা প্রসংগে আপনার
বাঁদিকে যারা বসে আছেন তাঁরা প্রথমে উঠেই বলেছেন যে আমরা মন্ত্রিমহাশয়কে সমর্থন
করছি কিন্তু চাষের মত এরূপ একটা গুরুত্বপূর্ণ জিনিস যার জন্য আজকে তাঁরা বলছেন সব
সময় নকশালবাড়ীতে কি হয়েছে, ঘেরাও কি হয়েছে, এবং বাংলা দেশে ল অ্যান্ড অর্ডার ব্রেক
করে গেছে। বাংলাদেশের এমন অবস্থা হয়েছে যে এখানে যদি ল অ্যান্ড অর্ডার না ঠিক করা
হয় তাহলে পাঞ্জাব দেশের মত অ্যাকসিডেন্ট হয়ে যাবে। আমি আপনার মাধ্যমে নিবেদন
করছি ১৯ বৎসর ধরে বাংলা দেশে চাষের জন্য যে টাকা বরাদ্দ করা হয়েছিল তার জন্য ওঁদের
তরফ থেকে বহু সুপণ্ডিত, অধ্যাপক পরিসংখ্যান দিয়ে বলেছেন যে তাঁরা নাকি ১৯৫৮ সাল
থেকে আজ পর্যন্ত কৃষি উৎপাদনের দিক থেকে বহু ব্যবস্থা করেছেন। তা যদি করে থাকেন
তাহলে, কৃষি উৎপাদন বাড়লে দেশের মানুষের খাদ্যসমস্যার সমাধান হত। কৃষি উৎপাদন
যদি বেড়ে থাকে তাহলে একথা অস্বীকার করলে চলবে না যে সাধারণ মানুষ যাদের খেটে খেতে
হয় তারা কাজ পায় না। তাদের কাছে যদি টাকা না থাকে তাহলে জোতদার সম্প্রদায় এবং
বহু জমির মালিক যাদের কাছে অনেক কৃষি উৎপাদনের জিনিস গচ্ছিত থাকে তাদের কাছে
যেতে হত না।

[4-40—4-50 p.m.]

কংগ্রেস মন্ত্রীত্বের আমলে এই কথা কি কোন দিন বিচার করে দেখেছেন যে আর্থিক উন্নয়ন
বা কৃষি সমস্যা অথবা উৎপাদন বৃদ্ধির যদি প্রকৃত ফল সাধারণ মানুষদের দিতে হয়, তাহলে

ভূমিসমস্যা সমাধানের প্রয়োজন আছে? কিন্তু সেদিকে তাঁরা কোন দিন নজর দেন নি বা লক্ষ্য দেন নি। কৃষি উৎপাদন সম্পর্কে আমার বক্তব্য হল এই যে, আমাদের কৃষিমন্ত্রী ও খাদ্যমন্ত্রী বলেছেন যেমন ক্ষুদ্র সেচ পরিকল্পনা, মাঝারি সেচ পরিকল্পনা এবং ডীপ টিউবওয়েল ও স্যালো টিউবওয়েল হবে, ছোট ছোট পাম্প হবে, তেমনি এর সঙ্গে সঙ্গে তাদের সার ও ভাল বীজ দিতে হবে। আমাদের এই মামুলী পদ্ধতির মাধ্যমে যে খাদ্য সমস্যা সৃষ্টি হয়েছে, আমি মনে করি যদি উৎপাদন বৃদ্ধি কিছুটা পায় তাহলে যারা সত্যিকারের না খেতে পাওয়া ভুখা মানুষ যারা খেতে পায় না, যাদের উৎপাদন বৃদ্ধি পেলেই বা কি আর না পেলেই বা কি, যাদের আর্থিক অবস্থার কোন রকম বাজেট নেই, যাদের কোন রকম পারিবারিক বাজেট বলে কিছুই নেই, সেই সমস্ত লোকের আর্থিক উন্নয়নের কোন ব্যবস্থা না হয় অর্থাৎ এই জমির মালিকানা, যেটা মূল কথা সেটা যদি না হয় তাহলে সমস্যার সমাধান হবে না আমাদের এক কংগ্রেসী বন্ধু বলেছেন যে চাষের কথা বলতে গেলে তার সঙ্গে সেচ এবং শিল্পের কথাও এসে যায়। কিন্তু তিনি বলতে ভয় পেয়েছেন যে চাষের কথা বলতে গেলে, ফসল বৃদ্ধির কথা বলতে গেলে, খাদ্য-সমস্যা সমাধানের কথা বলতে গেলে তার সঙ্গে সঙ্গে যে ভূমি বণ্টন ব্যবস্থার কথাও বলতে হয়, সেটাতে তাঁর জিহ্বা আটকে গেছে। তা তিনি বলতে পারেন নি। কৃষির সঙ্গে সেচ এবং শিল্পের কথা বলতে খুব ভালই লাগে। কিন্তু যখন ভূমি বণ্টনের কথা লোকে বলে তখন বিভীষিকার সামনে দাঁড়িয়ে সেটা বলতে ভাল লাগে না। আমি স্বীকার করি যে আমাদের এই সীমিত অবস্থার মধ্যে এবং সীমিত আর্থিক অবস্থার মধ্যে এই ডেফিসিট বাজেটের মাধ্যমে খাদ্যমন্ত্রী যে আর্থিক গ্রাণ্ট চেয়েছেন, এটাকে সমর্থন করবার মত এইটুকু মানসিক অবস্থাও ওঁদের নেই? তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এইটুকু নিবেদন করতে চাই যে ওঁরা কেবল সমালোচনা করবার জন্য একটু আতঙ্ক দোষে দুষ্ট হয়ে পড়েছেন। তাই আমি বলতে চাই ওঁরা আতঙ্কগ্রস্ত ব্যাধির মতন—যেমন জলাতঙ্ক হয় কোন জন্তুর কামড়ানীতে, তেমনি ওঁদেরও জলাতঙ্ক হয়েছে। তাই আমি বলব যে, খাদ্যসমস্যার মতন এত বড় একটা জিনিসকে যাঁরা আজকে নামে মাত্র কেবল সমর্থন করেছেন এবং আন্তরিকতার দিক দিয়ে সমর্থন না করে কাট মোশান দিচ্ছেন, এটা আজকে অত্যন্ত লজ্জার কথা। খাদ্যোৎপাদনের দিক থেকে যদি আমরা আজকে সকলে মিলে এক জোট হয়ে কাজ না করি এবং ভূমি বণ্টনের সঙ্গে সঙ্গে সেচের উন্নতি এবং ফসল বৃদ্ধি করার জন্য যেসমস্ত ঋণদানের ব্যবস্থা আছে, তাকে তরান্বিত করার জন্য যদি আজকে সমবেতভাবে একযোগে কাজ না করি তাহলে খাদ্যসমস্যা সমাধানের কোন রকম উপায় আমাদের থাকবে না। আর একটি কথা আপনার মাধ্যমে নিবেদন করতে চাই। বীরভূম জেলা সারা বাংলা দেশের মানুষকে খাদ্য সরবরাহ দিয়ে থাকে এবং তাইচুং ফসলের দিক দিয়ে যে জায়গা সারা বাংলা দেশের মধ্যে সব চেয়ে অগ্রণী, সেই জায়গায় তাইচুং ফসল ফলানোর জন্য যেসমস্ত নিয়ম-কানুন আছে সেগুলি ঠিকমত পালন করার জন্য সেখানে একটি গবেষণাগারের প্রয়োজন আছে। কৃষি উৎপাদন এবং হাই ইলডিং ক্রপস যেখানে বেশী হয় সেই জায়গায় একটি কৃষি-কলেজ, কৃষি-গবেষণাগার স্থাপন করা হোক। আমি বীরভূম জেলা সম্বন্ধে এই কথা বলে এবং আপনার মাধ্যমে মাননীয় খাদ্য মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীত্রিলোকেশ মিশ্র:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে কৃষিখাতে ব্যয়বরাদ্দ সম্বন্ধে আলোচনা করতে গিয়ে আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষি মন্ত্রীর কাছে এই কথা বলতে চাই যে ভারতবর্ষ তথা বাংলা দেশের কৃষি জীবনের ইতিহাস-এ ভারতবর্ষ তথা বাংলা দেশের আর্থিক জীবনের প্রধান কাঠামো হিসাবে কৃষিকে ধরা যেতে পারে। এই দেশের জাতীয় আয় শতকরা ৫০ ভাগ কৃষি থেকে আসে। এই কৃষিপ্রধান দেশে শতকরা ৭০ ভাগ মানুষ কৃষির উপর নির্ভরশীল। তাই আজকে এই অনুন্নত দেশকে যদি উন্নত করতে হয়, একে যদি দারিদ্র থেকে বাঁচাতে হয় তাহলে কৃষির উন্নতি সর্বাগ্রে করতে হবে। যে-কোন উৎপাদন ক্ষেত্রে আলোচনা করতে গেলে প্রথমে আমাদের একটা জিনিস আলোচনা করতে হয় সেটা হচ্ছে ভূমি, শ্রম, মূলধন এবং প্রতিষ্ঠান, যাকে বলে অর্গানাইজেশন। ভূমির কথা বলতে গেলে প্রথমে আমি বলবো যে ভূমির সরবরাহ সীমাবদ্ধ, সাপ্লাই অব ল্যান্ড ইজ লিমিটেড। কিন্তু জনসংখ্যা উত্তরোত্তর বাড়ছে। সেই বাড়তি জনসংখ্যায় এই সীমাবদ্ধ জমির উপর যে চাপ সৃষ্টি করছে তার ফলে আমরা ভাল উৎপাদন

ফলাতে পারছি না। সেই জায়গায় এক্সটেনসিভ কাল্টিভেশন অসম্ভব। তাই এক্সটেনসিভ কাল্টিভেশন আমাদের পক্ষে প্রয়োজন। এক্সটেনসিভ কাল্টিভেশন করতে গেলে বেটার মেথডে ভাল সার, ভাল বীজ, ভালভাবে শ্রম দেওয়া এবং উন্নত পদ্ধতিতে চাষ করার প্রয়োজন আছে। তার পথে বাধা যেটা আছে সেটার সম্বন্ধে আমি সেদিন আলোচনা করেছিলাম। আমাদের দেশে ভূমি বণ্টনের যে ব্যবস্থা রয়েছে বা যে-ভাবে হতে যাচ্ছে তাতে আমরা উন্নত ধরনের চাষের পদ্ধতি আনতে পারি না। আমাদের সমাজ ব্যবস্থা যেটা রয়েছে, হিন্দু 'ল' যেটা রয়েছে এবং আমাদের বাংলা দেশে জয়েণ্ট ফ্যামিলি যেভাবে ধ্বংস হয়ে গেছে যার ফলে জমির ক্ষেত্রে ফ্রাগমেনটেশন এসেছে। জমিগুলো ভেঙ্গে টুকরো টুকরো হয়ে গেছে, সেই সমস্ত সমস্যার সমাধান না করে আমরা যে বর্তমানের ভূমি বণ্টনের দিকে এগিয়ে যাচ্ছি বা আমাদের সরকার যে ভূমি বণ্টনের ব্যবস্থা করতে যাচ্ছেন তাতে সমস্যা আরও জটিল হবে। তাবলে আমরা বলতে চাচ্ছি না যে ভূমিহীন কৃষকরা জমি পাবে না। কিন্তু আমাদের দেশে জায়গা এত বেশী নেই যার ফলে সমস্ত ভূমিহীন চাষীদের মধ্যে জমি বিতরণ করতে পারবো বা যতটুকু জমি মাথাপিছু পাবে সেটুকু পাবার পর তারা তাদের সামর্থ দিয়ে শক্তি দিয়ে সেই জায়গায় উন্নত ধরনের পদ্ধতিতে চাষ করতে পারবে। আমি বলছি যে ইনডিভিজুয়াল ওনারশিপ থাকুক কিন্তু ভূমিকে একটা ইনডাস্ট্রি হিসাবে কাজ করা হোক। যদি প্রাইভেট ওনারশিপে আমরা নিতে চাই সেটা একটু ভুল করা হবে। আমি বলতে চাই

It is wasteful system in terms of human effort whatever be the merit of small scale individual farming. Present farming is a luxury which India cannot afford.

তাই আমি বলতে চাই যে ভূমিহীন কৃষকরা জমি পাবেন কিন্তু সেটা সমবায় পদ্ধতিতে চাষের প্রয়োজন আছে। আজকে সেই কথা আপনার মাধ্যমে কৃষিমন্ত্রী এবং সদস্যদের কাছে রাখতে চাই যে সেই ফার্মিং, কো-অপারেটিভ—

Land includes any form of co-operative cultivation, and the pulling of resources of land of farmers in co-operative organisation will promote efficient production, purchase and sale of farm produce and supplies, as well as to private needs of farmers.

সমবায় যেকোন পদ্ধতিতে হতে পারে এবং আমরা যদি সমবায় পদ্ধতিতে চাষ করতে পারি তাহলে দেখবো চাষীদের যে অভাব সেটা পূরণ হবে, তারা উন্নত পদ্ধতিতে চাষ করতে পারবে এবং এই সমস্যার সমাধান হয়ে যাবে। তাই আমাদের ভারতবর্ষে কৃষিক্ষেত্রে যে প্রধান দোষ ফ্রাগমেনটেশন সেদিকে লক্ষ্য রাখা দরকার। ভূমিহীন চাষীদের যদি ভূমি দিয়ে আমরা সমবায় পদ্ধতিতে চাষ করতে পারি তাহলে আমাদের অবস্থা উন্নতির দিকে এগিয়ে যাবে। এক্সটেনসিভ কাল্টিভেশনগুলো আমরা এখন দেখি--আমাদের সুন্দরবন এলাকা বিশেষ করে আমরা যে এলাকা থেকে এসেছি যেটা ১৪টি এলাকা নিয়ে দেখা গেছে যে অনেক নদীর চর অনাবাদি অবস্থায় পড়ে রয়েছে, অনেক খাল রয়েছে সেইগুলো শুকনো হয়ে গেছে, স্রোত নেই, সেইগুলোয় বহু টাকা খরচ করতে হয়, সেই সমস্ত খাল বন্ধ করে দিয়ে আবাদের ব্যবস্থা করা যেতে পারে।

[4-50—5 p.m.]

যেখানে নদীস্রোত অনেকখানি কম, নদীর গভীরতাও অনেক কম, যেখানে বাঁধ সৃষ্টি করে সেই সব জমি যদি আবাদ করা যায়, তাহলে আমার মনে হয় এক্সটেন্সিভ কাল্টিভেসন-এর জমির যে অভাব রয়েছে, তা এইভাবে পূরণ করা যেতে পারে। সেই জন্য সুন্দরবন এলাকার প্রতি মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি দিতে বলছি। এই চাষের জমি আমাদের কম আছে। এখন যত কৃষি থেকে শিল্পের দিকে আমাদের নজর এগিয়ে নিয়ে যেতে পারি, ততই মঙ্গল। কিন্তু শিল্প ক্ষেত্রে যে অশান্তি ও বিশৃংখলা সৃষ্টি হয়েছে, তাতে লোকে শিল্প থেকে কৃষির দিকে এগিয়ে আসছে।

আমাদের অনেক জায়গায় স্লুইস গেট বাঁধার ব্যবস্থা করা দরকার, বাঁধের সংস্কার করা, জল নিস্কাশনের ব্যবস্থা এগুলি সত্বর করা প্রয়োজন। জমিদাররা যে সমস্ত পুষ্করিণী ফেলে গেছে, সেই সমস্ত সংস্কারের প্রয়োজন রয়েছে। আমাদের ওখানে বহু পুষ্করিণী আছে। তার চারিদিকে ঝিল বিল যা আছে, সে সব যদি বাঁধ বেঁধে জল সংরক্ষণের ব্যবস্থা করা যায়, তাহলে সেচের ব্যবস্থা ভাল হতে পারে। কৃষি নিয়ে আলোচনা হচ্ছে, বহু বৈজ্ঞানিক, বহু শিক্ষক, বাপু গবেষণা করছেন। কিন্তু আমার অভিজ্ঞতা হচ্ছে কৃষি বৈজ্ঞানিকরা ও শিক্ষক, বি ডি ও এগ্রিকালচারাল এক্সটেনসন অফিসার আছে, তারা কেবল ফাইল নিয়ে অফিসে বসে গবেষণা করছেন, চিন্তা করছেন, মানুষকে কত উপদেশ দিচ্ছেন, কিন্তু তাঁরা কি সত্যিকার ক্ষেতে গিয়ে মাথার ঘাম পায়ে ফেলে কৃষকদের মত চাষ-আবাদ করে দেখাচ্ছেন? কৃষকদের তাঁরা কি চাষের কোন নূতন পদ্ধতি শেখাচ্ছেন? তা তাঁরা করছেন না। তাঁদেরও এগিয়ে আসতে হবে তেমনি কাজে।

The test of success of an agricultural scientist is that there is at least one agricultural worker who is ready to replace a scientist and the educator when he dies.

তাই আমি মনে করি চাষীদের সংস্পর্শে তাঁদের আসতে হবে। কৃষি শিক্ষার যে ব্যবস্থা এখন হয়েছে, হাইয়ার সেকেণ্ডারী স্কুলে ও মাল্টিপারপাস্ স্কুলে, সেখান থেকে ছেলেমেয়েরা পাস করে বেরিয়ে আসছে। আজ বাংলা দেশে কল্যাণীতে একটি কৃষিকলেজ আছে। কিন্তু শিক্ষার পক্ষে সেটা একটি সীমাবদ্ধ স্থান। ছেলেরা গিয়ে সেখানে পড়াশুনা করতে পারে না। কৃষিশিক্ষা নিয়ে স্কুল থেকে পাস করার পর যদি ছেলেরা আবার আর্টস্ পড়ে। আই. এ, বা বি. এ. পড়ার দিকে চলে যায়; এবং কৃষি-পড়ার সুযোগ না পায়, তাহলে স্কুলে কি কৃষি বিষয় পড়িয়ে লাভ কি হলো? আমি বলছি কৃষি-বিজ্ঞান কলেজে গবেষণা করার ও অন্যান্য বিষয় পড়ান দরকার।

এবার কৃষি খাতে ২ কোটি ৫৭ লক্ষ টাকা বেড়েছে, সেচের জন্য ২ কোটি ২০ লক্ষ টাকা বেড়েছে এবং তার মধ্যে ১ কোটি ২০ লক্ষ টাকা কংসাবতী ও ময়ূরাক্ষীতে খরচ করছেন। আমার মনে হয় সুন্দরবনের জন্য আরো কিছু টাকা খরচ করার বিশেষ প্রয়োজন আছে। কথা হচ্ছে টাকা বাড়ানো ও আসল কাজে তা খরচ করা এক কথা নয়। উনি যে বায়-বরাদ্দের দাবী এখানে উপস্থিত করেছেন, তা আমি ঠিক সমর্থন করতে পারছি না। আমাদের কৃষি মন্ত্রী যোগ্য লোক সে বিষয়ে সন্দেহ নাই। কিন্তু তিনি তো একা নন, সবাইকে নিয়ে তাঁকে কাজ করতে হচ্ছে। আমরা কিছুদিন আগে দেখেছি, তাঁর ভ্রান্ত ও ব্যর্থ খাদ্য-নীতির জন্য তাঁর পদত্যাগ পর্যন্ত দাবি করা হয়েছিল। আমি তাই আশঙ্কা করি আজ তিনি বহু ভাল কথা বলেছেন, আমরা শুনেছি, কিন্তু তাঁর যদি পদত্যাগের দাবি একদিন আসে, তাহলে কি হবে? তাই বাংলাদেশের মানুষ তাঁদের অনেকের ভাল করে জানে, সেই বিযুক্ত মনোভাব ও বৈষম্য নিয়ে যুক্তফ্রন্ট সরকারের কৃষি মন্ত্রী এই বরাদ্দ টাকা নিয়ে কৃষির উন্নতি করতে পারবেন কিনা—সেই আশংকা আমাদের মধ্যে আছে। নিজেদের মধ্যে বৈষম্য দূর করা সম্ভব কিনা--আমরা তা বুঝতে পারছি না।

আমার এলাকা হরিপুর লায়ালগঞ্জ, ভুতোখালি ইত্যাদি বিরাট অঞ্চলে যে ব্যাপক নরহত্যা, অগ্নিকান্ড প্রভৃতি যে অশান্তি সৃষ্টি হয়েছে, তার মূলে এই ভূমি বণ্টন সমস্যা বিদ্যমান। এ সম্বন্ধে আশু ব্যবস্থা অবলম্বন করা প্রয়োজন।

**Shri Dasarathi Tah:**

মাননীয় অধ্যক্ষ মহোদয়, কবি রামপ্রসাদ গেয়েছিলেন—"মনরে কৃষি কাজ জান না, এমন মানব-জমিন রইল পতিত, আবাদ করলে ফলতো সোনা।" আমাদের ঐ বিরোধী পক্ষের কংগ্রেসী বন্ধুরাও যদি মানব-জমি আবাদ করতেন, তাহলে বোঝা যেত—সোনা ফলতো কিনা। কিন্তু দেখা গেল যেমন কপালের দোষ, সেই জায়গায় সুবর্ণ সুযোগ—কতটা আছে স্বর্ণ নিয়ন্ত্রণের ঠেলায়। যাহোক শুভ লক্ষণ দেখা যাচ্ছে যে ডাঃ ঘোষের যখন কৃষি দপ্তর পড়েছে, তখন দেশের উন্নতি

না হয়ে যায় না। কি দেখা যাচ্ছে? না, আমাদের বিরোধী বন্ধুরা যে বক্তৃতা করছেন, তা অতি চমৎকার! কিন্তু শেষে তাঁরা এই কথা বলছেন, তাদের বুক ফাটে তো মুখ ফোটে না, তবুও সমর্থন করতে পারি না। কেন? কেনটা বলছেন না। যদি আমাদের গভর্নমেণ্ট না হতো, যদি ভাগ্যচক্রে আগের গভর্নমেণ্ট থাকতো, তাহলে এই যে ব্যয়-বরাদ্দ হয়েছে, এগুলি ঠিক যুক্তিযুক্ত। এঁরা কেবল সেইটুকু বলতে পারছেন না। আমার বন্ধুরা ভুলে গেছেন যে ৪।৫ মাস আগে কংগ্রেস বলে একটি বস্তু ছিল এবং সেটা বহুদিন ধরে ছিল ১৯।২০ বছর এটা পর্যন্ত তাঁরা ভুলে গেছেন। সেটা শুভ লক্ষণ। নূতন দৃষ্টিভংগী। নূতন দৃষ্টিভঙ্গীতে নিশ্চয়ই তার ব্যবস্থা হবে। এই এই ব্যয়-বরাদ্দ বাজেটে এই কয়েক কোটি টাকা কেন? আমি তো সেদিনের ভাষণে বলেছিলাম যে একমাত্র বাঁচবার পথ হচ্ছে আমাদের কৃষি এবং যুদ্ধকালীন ব্যবস্থার মত জরুরী ব্যবস্থা করতে হবে তাঁর বিভাগে। পুলিস বিভাগে এত টাকা খরচ; পুলিস যদি পেটাতে না পারে, সক্রিয় যদি হয়—এই যদি আমরা বুঝি, তাহলে পুলিসকে ভূমিসেনায় পরিণত করা হোক, তাদের চাষের কাজে পাঠিয়ে দেওয়া হোক্। অতএব যত কিছু উদ্বৃত্ত কর্মচারী থাকুক, কাজ যদি তাদের না থাকে, তাহলে তাদের সবাইকে এই কৃষি কার্যের মধ্যে আসতে হবে। এই যখন কথা—আর টাকা কোথা থেকে আসবে? এত টাকা। ধানের মড়াই ভাঙবার সময় আমরা যে-ভাবে অগ্রসর হই, সেইভাবে অগ্রসর হয়ে টাকার মড়াই আমরা ভাঙব না কেন? কোটি কোটি টাকা পড়ে মরছে ব্যাংকে। সেই সমস্ত টাকা আমরা এনে ভূমিতে ফেলতে পারি। এক দানা শস্য তার গর্ভে দিলে হাজার দানা প্রসব করে এবং সেই হিসেবে সমস্ত সমাজকে কৃষিতে যোগাতে হবে। এটা খুব বড় কথা নূতন কৃষি কি করা যায়। ধানচালে তো আমরা আছে ঘাটতি। সেদিনও আমি বলেছিলাম—মসলা আমরা এত খাই যা অন্য কোন দেশে খায় না। এমন চর্বচোষ্যলেহ্যপেয়—কবি কংকনের আমল থেকে চৈতন্য চরিতামৃত থেকে আমরা দেখতে পাচ্ছি—কোন মঘলাই এখন পর্যন্ত আমাদের এখানে হয় না। শুধু সরিষা নয়, ধনে, জিরে, পেঁয়াজ, লঙ্কা, মরিচ, তেজপাতা পর্যন্ত কোনটাতেই আমরা স্বয়ংসম্পূর্ণ নই। সেই জন্য আমাদের খাদ্য মন্ত্রীকে বিশেষ করে অনুরোধ করবো এখন সব কিছু ছেড়ে আমরা এই কথাই বলবো যে আমাদের রবীন্দ্রনাথ অনেক বড় করে গেছেন ঠিকই, তাঁর সেই যুগ থেকে এগ্রিকালচার থেকে কালচার বেড়েছে। আমার ঠাকুর্দা ফাটা পায়ে লাঙ্গল ধরতেন, আমার সেই ফাটা পা আজ তেলো হয়ে গিয়ে আমরা ভদ্রলোক হয়ে গেছি। অতএব কালচারের দিক থেকে আমরা উন্নত হয়েছি বটে, কিন্তু এগ্রিকালচার ডকে উঠেছে। সেই জন্য আমাদের এগ্রিকালচারকে অর্থাৎ চাষীকে যদি সম্মান দেওয়া যায়, খুবই ভাল। আজ কিছু আমরা সমাজ ব্যবস্থায় দেখছি মেয়ের পাত্র দেখতে গিয়ে যে ছেলে চাকরি করে নকরি করে, গোলামী করে, তার বেশী দাম। আর চাষী যদি চাষ করে লাঙ্গল ধরে, তাহলে তো সেই জায়গায় দর কমে যায়। অতএব কৃষির সম্মান যদি সেই জায়গায় ভাল করে দিতে পারি, সব চেয়ে বড় কথা সেদিকে লক্ষ্য রাখতে হবে। বর্ধমান জেলার লোক আমি, সেই জায়গায় সব জিনিস চাষ করতে হবে পেয়ারা থেকে আরম্ভ করে সব কিছু করতে হবে। পাট চাষেরও ব্যবস্থা সেখানে করতে হবে। শুধু ঐ আমাদের টাকার জন্য নয়। এবারও দেখেছি দুর্ভিক্ষের বাজারে পাটের পাতা না থাকলে কি অবস্থা হতো লোকের। আমরা তামাক চাষের দিক দিয়ে অনেক পেছিয়ে আছি এবং চাষীর সম্বল তামাক। তার একটান তামাক না খেলে তার গায়ে রক্ত হয় না, গায়ে বল পায় না। এই তো অবস্থা। অতএব চাষীর বিড়ি এবং তামাক দুটোরই প্রয়োজন।

আর একটি জিনিসের কথা উল্লেখ করি বিশেষ করে আমি যখন বর্ধমানের লোক; ডাঃ ঘোষকে বলি বিশেষ করে যে বর্ধমানের লোক গোস্ত ছেড়ে পোস্ত খায়, পোস্ত এমন একটা দ্রব্য, আমার হাতে যদি এমন একটি ক্ষমতা থাকতো, তাহলে আমি বলতাম পোস্ত একটা জাতীয় খাদ্য। এক বস্তা পোস্ত যদি কোন চাষী ষ্টক করতে পারে, তাহলে সারা বর্ষার জন্য নিশ্চিন্ত চাষী একেবারে নীরব। অমন সুস্বাদু খাদ্য আর কিছু নাই। আমাকে দু-একটা ছেলে এসে বলে বলুন তো আমি কি নূতন ব্যবসায় করি দাদা? আমি বলি ভাই, যদি কোন মেসিন বের করে পোস্তকে পেষ্ট্ করে কোন কৌটায় ভর্তি করে বিক্রী করতে পার, তাহলে এর যা চাহিদা হবে অন্য কোন কিছুতে তা পাওয়া যাবে না। আমাদের বর্ধমানের লোক সোঁ, সোঁ করে মুড়ি খায়, এমন ভাত খায় যে ভাতের চূড়োয় দাঁড়ালে কলকাতা দেখা যায়। আর তারা নাদ্ নাদ্

পোস্ত খায়। পূর্ব বাংলার লোক তখন আমাদের গাল দিতেন এজন্য। আর এখন দেখছি তারাই বেশী করে পোস্ত খাচ্ছেন। সেই জন্য আমি ডাঃ ঘোষকে একথা বলি আমি এর আগে দশ বছর চীৎকার করে গেছি পোস্ত অত্যন্ত প্রয়োজনীয় খাদ্য। এটা নাকি সেণ্ট্রালের আণ্ডারে। তাতে কি হয়েছে? সেণ্ট্রালের আণ্ডারে তো গাঁজাও। সেই গাঁজার চাষ তো বহরমপুরে হচ্ছে, কৃষি জমিকে উচ্ছেদ করে। গাঁজা খেলে তো এক ছটাকও রক্ত হয় না। কিন্তু পোস্ত খেলে হয়। আজ যদি তাই হয়—তাহলে সেণ্ট্রাল গভর্নমেণ্ট ও ষ্টেট্ গভর্নমেণ্ট দুয়ে মিলে ভাল জমিতে পোস্ত চাষের ব্যবস্থা করুন। আর যত পারেন ফরেন একচেঞ্জ নিয়ে আসুন। ব্যাপকভাবে পোস্ত চাষের ব্যবস্থা করলে রাজকোষে অর্থাগমেরও একটা পন্থা হয়।

[5—5-10 p.m.]

অ্যাফরেস্টেসন বা বন সৃজনের ব্যাপারে ও বিড়ি সম্বন্ধে বলি কৃষি বিভাগ ও সেচ বিভাগ আলাদা থাকা উচিত নয়। হুঁকো তো উঠে গেল, ডিক্‌সনারির জিনিস হয়ে গেল, এখন বিড়ি ছাড়া গত্যন্তর নেই এবং ক্ষুদ্র শিল্প খাতে বিড়ি বড়ি ছাড়া আর কিছু দেখতে পাচ্ছি না বর্তমানে। বিড়ি যখন সার্বজনীন হয়েছে তখন ওর থেকে মস্ত বড় আয় হতে পারে, সেদিকে বিশেষ ঝোঁক দেবেন বলে আশা করি। অন্য দিকে চাষীদের ভূমির সমস্যা, অর্থনৈতিক সমস্যা সম্বন্ধে বিভিন্ন বক্তা বলেছেন। আমরা ল্যান্ড রেভিনিউ-এর ব্যাপারে বলি যে এই সমস্ত খাত ভাল করে করুন, কার হাতে জমি থাকা দরকার সেটা ভাল করে দেখুন। তবে এই প্রসঙ্গে একটা কথা বলি যে বেতালা লোকের হাতে হারমোনিয়াম দেওয়া উচিত নয়, সে গান করতে পারবে না, যে সত্যিকারের নিজে পরিশ্রম করে ফসল ফলাতে পারবে তার হাতেই জমি থাকা উচিত, এটাই মূল কথা হওয়া উচিত। কৃষকদের সাহায্য শুধু নয় তাকে সিঞ্চিত করতে হবে। যার এত বড় ক্ষুধা তার হাতে এতটুকু দিয়ে দেওয়া হল এ করলে হবে না। ট্যাংক ইম্প্রুভমেণ্টে ২০০ টাকা বরাদ্দ হল, কেমন করে ট্যাংক ইম্প্রুভমেণ্ট হচ্ছে, না উড়িয়ার মাথা চাঁছার মত, ঐ চারধারে একটু করে মাটি কেটে মাঝখানটা পড়ে রইলো, তাতে ট্যাংক ইম্প্রুভমেণ্ট হবে না, পুকুর উদ্ধার হবে না। অতএব দীর্ঘদিন ধরে মানুষ যে চিৎকার করে আসছে যে পুকুরগুলিকে উদ্ধার করা হোক, পানীয় জলের জন্য যে বার বার বলা হচ্ছে সেই পানীয় জলের জন্যও পুকুরগুলি উদ্ধার করা উচিত ছিল। আমরা দেখেছি যে জমির বাড়াতে, ধানের দর বাড়াতে অনেক পুকুর পর্যন্ত লোপাট হয়ে যাচ্ছে, জমিতে পরিণত হচ্ছে। একদিকে কলকারখানা বেড়ে সমস্ত চাষের ক্ষেত নষ্ট হয়ে যাচ্ছে আর একদিকে দেখতে পাচ্ছি বর্ধমানে বিরাট অপচয়, ডি. ভি. সি.র ৫৫ কোটি টাকার বরাদ্দে প্রায় ১৫৫ কোটি টাকা চলে গিয়েছে এবং সাথে সাথে একটা খাল কেটে নেভিগেবেল চ্যানেল কেটে, তার যে কবে আমরা খেসারত দেবো জানি না। বহু ভুল হয়ে গিয়েছে, ডাঃ ঘোষ বলেছেন আগে যা হয়েছে হয়েছে তা ভুলে যাও এখন থেকে নূতন করে আরম্ভ করো। আমি সেজন্য সরকারী বেসরকারী সমস্ত লোককে, আপনাকে পর্যন্ত এবং সমস্ত শ্রোতা যে যেখানে আছে, যে কালচার যেমন তেমন আছে, এগ্রিকালচারের দিকে আপনারা বিশেষ করে নজর দিন। ফুল ফুলরি থেকে আরম্ভ করে, মসলাপাতি থেকে আরম্ভ করে আমাদের সমস্ত দিক থেকে স্বয়ংসম্পূর্ণ হতে হবে এটাই হল বড় কথা। চাষীদের বাঁচাতে গেলে আমি একথা বলে যাচ্ছি যে তাদের ঐ কো-অপারেটিভ ব্যাংকে হবে না, সমবায় যা আছে—এখন আমরা যেহেতু যুক্তফ্রণ্ট হয়েছে সেহেতু চতুর্ভুজ হয়ে গিয়েছি একথা ঠিক নয়, এখনও কো-অপরেটিভের মধ্যে যা আছে সেই নীতি তোমার চিড়ে আমার দৈ তুমি মাখো আমি খাই সেই রকম অবস্থা হয়ে আছে. অতএব সেই জায়গায় যতদিন পর্যন্ত না গ্রেনব্যাংক হচ্ছে, টাকা যখন ধার নেয় ৬ টাকা ৪ আনা সুদে আর সেই জায়গায় মানুষকে ৬ মাসের জন্য বাড়ী নিয়ে এক মণে দুমণ দিতে হয় অর্থাৎ শতকরা ২০০ টাকা সেই জায়গায় সুদ, অতএব গ্রামে গ্রামে যে জায়গায় চাষ আছে, চাষী আছে সেই জায়গায় যতদিন না আমরা ধর্মগোলা, গ্রেনব্যাংক সৃষ্টি করতে পারি ততদিন পর্যন্ত চাষী বাঁচবে না। এই ধর্মগোলা যদি আমরা সৃষ্টি করতে পারি তবেই ভবিষ্যতে সেই জায়গায় চাষী বাঁচবে এবং চাষ বাঁচবে এবং চাষী ভালভাবে খেয়ে বল নিয়ে আবার চাষ করতে পারবে। আমি এই ব্যয়-বরাদ্দ ত নিশ্চয়ই সমর্থন করছি এবং এর পরের বারে যে ব্যয়-বরাদ্দ আমরা করছি তা শতগুণ বাড়িয়ে আমরা আবার ফেরত দেবো এই রাষ্ট্রকে এবং এর পরে অধিকাংশ টাকাই যাতে এই ব্যয়-বরাদ্দে খরচা হয় সেদিক থেকে আমরা আশা করবো যে তার পথ প্রশস্ত হবে।

**Shri Ahmad Hossain Mondal:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, অপর পক্ষের মাননীয় সদস্য শ্রীদাশরথি তা মহাশয় আমাদের সঙ্গে একমত। আমরা যেটা চেয়েছিলাম যে পশ্চিমবঙ্গের কৃষি, সেচ এবং খাদ্য দপ্তর একজন মাননীয় মন্ত্রীর হাতে থাকুক কিন্তু ডাঃ ঘোষ মহাশয়ের দুর্ভাগ্য, আমাদের সকলেরই দুর্ভাগ্য, পশ্চিম বাংলার জনসাধারণেরও দুর্ভাগ্য যে বর্তমান ক্যাবিনেটের স্বয়ং মুখ্যমন্ত্রীর সহদর রয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের শ্রদ্ধেয় কৃষিমন্ত্রী তথা খাদ্য মন্ত্রী তাঁর এগ্রিকালচার খাতে ব্যয় বরাদ্দ রাখার সময় তাঁর যে বক্তব্য বলে গেলেন আমরা তাঁকে তার জন্য অভিনন্দন জানাচ্ছি। পশ্চিমবঙ্গের দুটি জেলায়, চব্বিশপরগনা এবং মেদিনীপুর জেলায় বিট চাষের ফলন বাড়াবার জন্য তিনি চেষ্টা করছেন। শুধু বিট নয়, তিনি ওলকপির ফলন বাড়ানর জন্যও চেষ্টা করছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি গ্রাম বাংলা থেকে প্রতিনিধিত্ব করছি, আমি জানি এবং গ্রাম বাংলার যে সমস্ত প্রতিনিধি এখানে উপস্থিত আছেন তাঁরাও সকলে জানেন, আমাদের অভিজ্ঞতা থেকে বলছি যে হালে কিছুদিন যাবত আমরা দেখছি পশ্চিম বাংলার বিভিন্ন জায়গায় যেসব বি ডি ও অফিস আছে সেই বি ডি ও অফিস থেকে প্রচুর কচু দেওয়া হচ্ছে কচুর ফলন বাড়াবার জন্য। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার স্মরণ আছে গত সেসনে খাদ্য নিয়ে যখন আলোচনা হচ্ছিল তখন সেই আলোচনার সময় আমাদের মাননীয় খাদ্য তথা কৃষি মন্ত্রী শ্রদ্ধেয় ডাঃ ঘোষ মহাশয় যখন এই প্রসঙ্গে উত্তর দিচ্ছিলেন তখন তিনি বলেছিলেন আমাদের প্রাক্তন খাদ্যমন্ত্রী নাকি পশ্চিমবঙ্গের জনসাধারণকে বলেছিলেন যে আপনারা কাঁচকলা খাবার চেষ্টা করুন। জানি না তিনি কি বলেছিলেন কিন্তু তর্কের খাতিরে যদি ধরে নিই যে তিনি ওকথা বলেছিলেন তাহলে তার উত্তরে মাননীয় ডাঃ ঘোষ সেদিন বলেছিলেন, আপনার মনে আছে, যে তিনিও নাকি বিজ্ঞানের ছাত্র, তিনি হিসাব করে দেখেছেন যে পশ্চিমবঙ্গের একজন খেটে খাওয়া মানুষের একদিনে বাঁচতে হলে তার যে পরিমাণ ক্যালোরির প্রয়োজন সেই ক্যালোরি তাকে সংগ্রহ করতে হলে তিন কিলো কাঁচকলা তাকে খেতে হবে এবং তিনি একথা বলেছিলেন যে আমি বিজ্ঞানের ছাত্র, আমি জানি এবং হিসাব করে দেখেছি যে পশ্চিমবঙ্গের মানুষের পক্ষে তিন কিলো কাঁচকলা গলধকরণ সম্ভব নয় এবং তার পেটেও ধরবে না। আজকে দেখছি তিনি উলটো কথা বলছেন, তিনি পশ্চিমবঙ্গের জনসাধারণকে বিট খাওয়ার কথা বলছেন। আমি এর আগেই বলেছি যে আমরা বি ডি ও অফিস থেকে দেখেছি, ঐ কৃষি দপ্তর থেকে প্রচুর কচু দেওয়া হচ্ছে। তিনি বলছেন পশ্চিমবঙ্গের জনসাধারণ তোমরা কচু খাও তাঁর যে ১৪ শরিক আছে তাঁরা হয়ত তাহলে বলবেন শুধু কচু খেলে হবে না, কচু পুড়িয়ে খাও। আমরা পশ্চিমবঙ্গের মানুষ বলছি যে কচু পোড়া খেতে পারবো না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার হয়ত স্মরণ আছে, আমরা তখন ছোট ছিলাম, ১৯৪৩ সালে যে দুর্ভিক্ষ হয়েছিল, ১৩৫০ সালে যে মন্বন্তর হয়েছিল, সেই মন্বন্তরের সময় তদানীন্তন সরকারী হিসাবে ৩০ লক্ষ লোক না খেতে কলকাতার পথেঘাটে মরত আমরা দেখেছি। তখন থরে থরে সাজান ছিল মিষ্টির দোকানে মিষ্টি মুদির দোকানে ছিল চাল, ডাল, তরিতরকারি, কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গের মানুষের কথা মাননীয় কৃষি মন্ত্রীকে জানিয়ে দিতে চাই যে ১৯৪৩ সালের ঘটনার পুনরাবৃত্তি পশ্চিমবঙ্গের জনসাধারণ আর হতে দেবে না মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষি মন্ত্রিমহাশয় কৃষি উৎপাদন বৃদ্ধির জন্য আমাদের কাছে কনস্ট্রাকটিভ সাজেশান চেয়েছেন। আমি হাওড়া জেলার প্রতিনিধি, আমার কাছে কৃষি উৎপাদন বৃদ্ধির কতকগুলি সাজেশান আছে, আপনি যদি নেন তাহলে আপনাকে দিতে পারি। হাওড়া জেলায় যেসমস্ত ইরিগেশন প্রজেক্ট রয়েছে তার মধ্যে হাওড়া ড্রেনেজ ক্যানেল বলে একটা বড় খাল আছে। ঐ হাওড়া ড্রেনেজ ক্যানেল দিয়ে চাষের সময় হাওড়ার পচা জল গিয়ে ঐ অঞ্চলে হাজার হাজার বিঘা জমির ধান নষ্ট করে দেয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কৃষি মন্ত্রীর অবগতির জন্য জানাতে চাই যে এই হাওড়া ড্রেনেজ ক্যানেলটি যদি রিএক্সক্যাভেট করার ব্যবস্থা করেন তাহলে ঐ হাজার হাজার বিঘা জমিতে অন্তত কিছু না হলেও বিঘা প্রতি ৮ মণ করে ধান উৎপন্ন হবে। হাওড়া জেলার আর একটি পরিকল্পনার কথা আমি মাননীয় কৃষিমন্ত্রীকে স্মরণ করিয়ে দিতে চাই সেটা হচ্ছে কেঁদুয়া খাল পরিকল্পনা। এই কেঁদুয়া খাল যদি কাটা হতো তাহলে হাওড়া জেলায় যেখানে বছরে মাত্র তিন মাসের খাদ্য উৎপাদন হয় সেখানে আমরা হিসাব করে দেখেছি যে আমরা অন্ততঃ বছরে ৬ মাসের খাদ্য পেতাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়,

আপনি শুনে আশ্চর্য হবেন আর একটি পরিকল্পনা যেটা বাস্তবে রূপায়িত হয় নি যে কোন কারণে হোক সেটা হচ্ছে লোয়ার দামোদর পরিকল্পনা। এই লোয়ার দামোদর পরিকল্পনা আমাদের খবর যে এটা ১৯৫২ সালে প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় নেওয়া হয়। তখন আমাদের বর্তমান মুখ্যমন্ত্রী মাননীয় অজয় মুখার্জী সেচমন্ত্রী ছিলেন, জানি না, কোথা থেকে কি হল, অনেকে বলে সেই পরিকল্পনা না করে লোয়ার দামোদর হতে মেদিনীপুরে কংসাবতী প্রজেক্ট-এ চলে গেল। আমাদের তো ভয় হয় অজয়বাবু যে জেলা থেকে এসেছেন আমাদের খাদ্যমন্ত্রী সেই জেলার বাসিন্দা না হলেও ঝাড়গ্রামে বাড়ি করেছেন এবং উনি যখন উত্তর দেবেন এ সম্বন্ধে তাঁর বক্তব্য রাখবার অনুরোধ করব। আর একটি কথা বলে আমার বক্তব্য শেষ করব। সরকার পক্ষের অনেক মাননীয় সদস্য বলেছেন আমরা নাকি গত বিশ বছরে সেচের কোন ব্যবস্থা করিনি যার জন্য খাদ্য উৎপাদন ব্যাহত হয়েছে, কৃষির সর্বনাশ হয়েছে। আমি তাদের স্মরণ করতে বলি বর্তমান যিনি মুখ্যমন্ত্রী আমরা যখন বিশ বছর দেশ শাসন করেছিলাম তার মধ্যে ১৮ বছব তিনি পশ্চিমবঙ্গের সেচ মন্ত্রী ছিলেন। আমি তাই তাকেই অনুরোধ জানাবো এই অভিযোগের জবাব তিনি যেন দেন। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

[5-10—5-20 p.m.]

**Shri Makhan Lal Das:**

স্পীকার মহোদয়, আজকে আমাদের কৃষি মন্ত্রী ডাঃ ঘোষ যেভাবে বাজেট পেশ করেছেন সেইভাবে তাকে আমি গ্রহণ করতে পারছি না। অবশ্য ডাঃ ঘোষ সম্পর্কে আমার ব্যক্তিগত শ্রদ্ধা আছে এবং তিনি গান্ধীজীর খুব নিকটের লোক, সেজন্য তাঁর প্রতি ব্যক্তিগত অ্যাটাচমেন্ট আমার আছে, কিন্তু তাহলেও যে মন্ত্রিমণ্ডলীতে তিনি আছেন তাতে তিনি কৃষি সম্বন্ধে কিছু করতে পারবেন বলে আমার মনে হচ্ছে না। তারা খাদ্যের ঘাটতি পূরণ করতে চান না, কোন কান মন্ত্রী নাকি বলেন য খাদ্যের ঘাটতি রেখে এদেশে বিপ্লবের আগুন জ্বালাতে হবে। তিনি নিশ্চয়ই সৎ লোক এবং কৃষির প্রতি তাঁর দরদ আছে—তিনি যদি দেশকে হা অন্ন, হা অন্ন থেকে বাঁচাতে পারেন দেশ তাঁর প্রতি কৃতজ্ঞ থাকবে। আজ যে ফলন কমেছে তার দোষ চাষীর নয়, আমরা শিক্ষিত লোকেরা দোষী। আমরা শিক্ষিত লোকেরা তাই চাষীকে এবং চাষকে সম্মান দিচ্ছি না। কিন্তু জাপান, রাশিয়া প্রভৃতির কথা বলি তাদের অনেক নেতা আমাদের দেশে এসেছেন। রাশিয়া থেকে যেসব নেতা এসেছিলেন যেমন ক্রুশ্চেভের কথা বলি- তিনি দিল্লীতে কোন খামার পরিদর্শনে গিয়েছিলেন—নামটা ভুলে যাচ্ছি—যেটা রাশিয়ার আর্থিক সাহায্যে চলে। যাক্ তিনি গোল আলুর চাষ দেখতে গেলেন সেখানে আমাদের একজন কৃষি বিশেষজ্ঞকে কোদাল চালাতে দেখে বললেন—তুমি নাকি একজন কৃষি বিশেষজ্ঞ বাট ইউ ডু নট নো হাউ টু টার্ন স্পেড—দাও তো কোদালটা আমার হাতে আমি নিজে চালাই। তাই বলছিলাম চাষীর প্রতি আমাদের শিক্ষিত লোকের ঘৃণা রয়েছে—এই ঘৃণা, অবহেলার ফলে আজ বিভিন্ন দেশের দরজায় আমাদের ভিক্ষাপাত্র হাতে নিয়ে ঘুরে বেড়াতে হচ্ছে। এই জাতীয় চেতনা যতক্ষণ না আমাদের মনে লাগছে ততক্ষণ আমাদের কিছুই হবে না। শিক্ষিত লোকেরা যেই স্কুল ফাইন্যাল পাশ করলো কি হায়ার সেকেন্ডারী পাশ করল তাদের যে-কোন উপায়ে হউক তাদের ক্ল্যারিক্যাল জব তাদের চাই। কৃষি যে একটা শিল্পভিত্তিক করা যায় বা বিজিনেস ওয়েতে কৃষিকে প্রয়োগ করা যায় সে জিনিস আমরা জানি না। আমাদের নিজেদের আত্মবিশ্বাস নাই। এক খণ্ড ভূমি জল বীজ সার এ যে একটা অপূর্ব জিনিস সৃষ্টি করতে পারে একটা সৌন্দর্য প্রতিফলিত করতে পারে ঐ যে কবিতা আছে "এমন মানব জমিন রইল পতিত আবাদ করলে ফলত সোনা" মন তুমি কৃষি কাজ জান না"। সত্যিই এই যে অনুর্বর ভূমি এই অনুর্বর ভূমিকে সার জল-বীজ প্রয়োগ করা যায় তাতে যে একটা অপূর্ব জিনিস হয়ে উঠবে যার জন্য আমি তো খেয়ে বাঁচবো জাতিও খেয়ে বাঁচবে। আমি তো অন্তরের সঙ্গে বলি এগ্রিকালচার ইজ দি মাদার অফ অল কালচার আমি অনেক সময় এই কথাই বলি। আজকে আমার পেটে অন্ন থাকলে—অন্নচিন্তা চমৎকার—আমি যত বড়ই পণ্ডিত হই আমার পেটে যদি ক্ষুধা থাকে তাহলে আমার মাথা ঘুরে যায়। অতএব আজকে এই যে খাদ্য যে অভাব হয়েছে যদি বাংগালীরা আমাদের বাংলা দেশে অভাবটা ঘুচাতে পারি তখন বাঙ্গালী সব ক্ষেত্রে শ্রদ্ধা পাবে। আমরা ঐ যে একমাত্র শিখেছি হোয়াইট কালার মেন্টালিটি—মানে ফিটফাট থাকব হাতে একটু কাদা লাগবে না, আমি শুধু ক্লারিক্যাল জব করব। অথবা মাস্টার মহাশয় হব কিন্তু কৃষির ক্ষেতে নামবো

না। যারা অ্যাগ্রিকালচার পড়বে তারা চাষ করবে কিন্তু তারা চাষ করে না। আমি বলি ঐ ক্লাশ ফোর-এর পরে এমন একট করা উচিত যারা ফারমার সান যারা চাষার ছেলে তারা চাষবৃত্তি করবে চাষাকে হাতেনাতে করতে শিখবে, একটা প্র্যাকটিক্যাল কিছু করবে এমন কিছু শিক্ষা আমাদের দেওয়া উচিত। আমি ডাঃ ঘোষ যদি এটা করেন যে স্ট্যান্ডার্ড ফোর থেকে—কারণ সবাই তো গ্র্যাজুয়েট হবে না, সবাই বড় বড় ব্যারিস্টার হবে না, সবাই বৈজ্ঞানিক হবে না—তাদের জন্য কৃষিবিদ্যা শিক্ষা দেবার ব্যবস্থা করা উচিত। আমাদের সবাইকে বাঁচতে হবে, আমাদের তাঁত চালাতে হবে, শিল্প গড়তে হবে, আমাদের কারিগর হতে হবে সব জিনিস শিক্ষা নিতে হবে। যারা কৃষিকে জীবনের মেন স্টে অব লাইফ করতে চায় যারা জীবনের অবলম্বন করতে চায় তাদের কেন কৃষিবিদ্যা শিক্ষা দেওয়া হবে না। তাদের সেইভাবে শিক্ষা দেওয়া উচিত। আজকে অনেক কথা বলা হয় আমাদের অনেক রিসার্চ হচ্ছে। রিসার্চের ফল যতক্ষণ না আমার ক্ষেতে আসছে ততক্ষণ কি করে ফলন বাড়াবে। আমি মনে করি যারা রিসার্চ করবেন তারা চাষার কাছে কেন আসেন না তারা ক্ষেত খামারে কেন আসেন না। আজকে বাংলা দেশে দুর্ভিক্ষ হল কেন—আমরা জানি অনেক সময় ভাল ফসল হওয়া সত্ত্বেও কীটনাশক ঔষধ নাই বলে ফসল নষ্ট হয়ে যায়। আমি জানি একবার মেদিনীপুরে খুব ভাল ফসল হয়েছিল তারপরে পোকা লেগে সমস্ত ধান নষ্ট হয়ে গেল। আমাদের পরে এখানে একজন বৈজ্ঞানিক গিয়েছিলেন তিনি কীটের সম্বন্ধে একজন বিশেষজ্ঞ তিনি বললেন এই জিনিস কি করে হল—তিনি তখন মেদিনীপুরে ছিলেন না, তিনি বিলাতে গিয়েছিলেন রিসার্চ করতে, এসে বললেন যে বাইরে থেকে যেসব খাদ্যদ্রব্য আসছে তার সঙ্গে কীট আসছে তার থেকে আমাদের দেশে এই অবস্থা হয়েছে। যাই হউক আমাদের দেশে খাদ্য ফলন হয় কিন্তু কীটনাশক ঔষধ থাকে না বলে ফসল নষ্ট হয়ে যায়। আমাদের সারের কারখানা নাই। একটা সারের কারখানা করতে কত কোটি কোটি টাকা খরচ হয় কিন্তু আমাদের ঘরের যে সার তৈরী করতে পারা যায় সেদিকে আমরা নজর দিই না। গোবর সার আমরা সহজেই করতে পারি। তারপরে সেচের কথা। আমাদের জলের অভাবে আমাদের সব ফলন নষ্ট হয়ে যাচ্ছে। প্রয়োজনের সময় আমরা পাম্প খুজে পাই না। পর্যাপ্ত পাম্প আমাদের নাই। আমাদের যেসব জায়গায় কৃষির অফিস হচ্ছে সেই সব জায়গায় গ্রাম পঞ্চায়েতের হাতে পাম্পিং সেট দেওয়া উচিত। চাষীদের জল দিতে হবে—আজকে লোকের সম্পদ খুব কম—তারা পারেও না চায়ও না। কাজেই পঞ্চায়েতের হাতে যদি একটা পাম্পিং সেট থাকে তাহলে তাদের যদি প্রয়োজন হয় তাহলে সেগুলি ইউটিলাইজ করতে পারে। আর একটা কথা আমাদের এগ্রিকালচারাল ইন্সিওরেন্স করা দরকার—অন্যান্য দেশে আছে। আমাদের দেশের কৃষকরা চাষ করবে, ফল পাবে না অথচ ফল না পেলে সে ক্ষতিগ্রস্ত হবে এমন হওয়া উচিত নয়। যদি আমাদের জাতীয় সম্পদ খাদ্য হয় তাহলে জাতির একটা কর্তব্য আছে খাদ্য ইন্সিওরেন্স সম্বন্ধে। আজকে আমরা একটা নূতন যুগে এসেছি। আজকে স্ফুটনিকের যুগে লোকে চন্দ্রালোকে যাবে—সেই যুগে বাস করে আমরা যদি এইসব উন্নতি না করতে পারি তাহলে কিছুই হবে না। আজকে কৃষকরা যদি এইভাবে ক্ষতিগ্রস্ত হয় তাহলে অন্যায় কথা হবে। আমি আশা করি ডাঃ ঘোষ এ বিষয়ে চেষ্টা করবেন। তারপর আমাদের অনেক খাদ্য অপচয় হয় অনেক ফল আনারস পেয়ারা আমাদের দেশে হয় প্রচুর, কিন্তু সেগুলি নষ্ট হয়ে যায়, সেগুলি যদি আমরা প্রিজার্ভ করি এবং তা থেকে জ্যাম জেলি প্রভৃতি করি এবং সেইসমস্ত জিনিস যদি আমরা বিদেশে চালান করি তাহলে তার একটা ফরেন মার্কেট আছে এবং আমরাও একটু খেয়ে বাঁচবো। কাজেই তাদের সেইসব শিক্ষা দেওয়া উচিত শুধু আমরা অ্যারিস্টোক্রেটিক জিনিস করবো না—এমন একটা প্র্যাকটিক্যাল কিছু করবো যার দ্বারা আমরা নিজেরাও বাঁচবো আর বিদেশ থেকেও আমরা দু পয়সা করতে পারি। এইরকম অনেক ফল হয় নেবু কুল পেয়ারা যেগুলি অপচয় হয়—তাকে কিভাবে নূতন করে আমরা করতে পারি সে বিষয়ে চেষ্টা করা উচিত। আমার আর সময় নেই আমি এই বাজেটকে ঠিক সমর্থন করতে পারছি না।

[5-20—5-30 p.m.]

**Shri Amarendra Lal Roy:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ডাক্তার ঘোষ এখানে যে ব্যয়বরাদ্দের দাবি করেছেন আমি তা সমর্থন করছি। আজকে এখানে কৃষিনীতি সম্বন্ধে আলোচনা করতে গেলে কিছুটা অতীত ইতিহাস আলোচনা করা দরকার পড়বে। আমি খুব বেশী পিছনে অবশ্য যাবো না—সেই সোস্যালিস্টিক

প্যাটার্ন অফ সোসাইটি কিংবা নাগপুরের কো-অপারেটিভ ফার্মিং কিংবা মায়াপুরের মাম্বা ইত্যাদি সম্পর্কে আলোচনা আপাতত করবো না। তবে দু-একটা যা অল্প কিছুদিন আগেকার কথা সেগুলি এখানে আনা দরকার। গত বছর আমাদের প্রাক্তন রাজ্যপালিকা এখানে যে অ্যাড্রেস দিয়েছিলেন তাতে তিনি বলেছিলেন তখনকার সরকার নাকি এগ্রিকালচারকে টপমোস্ট প্রাওরিটি দিয়েছিলেন। গভর্নরের এই বক্তৃতার পর এই হাউসের সামনে শৈল মুখার্জি মহাশয় কংগ্রেস সরকারের বাজেট পেশ করেছিলেন—সেই বাজেটের দু একটা ফিগারের প্রতি আমি এই হাউসের দৃষ্টি আকর্ষণ করবো। সেখানে শৈলবাবু কৃষির উৎপাদন ঠিক ঠিক মত না হবার জন্য আশংকা প্রকাশ করেছিলেন এবং কতকগুলি ব্যবস্থা নেওয়া হচ্ছে সেগুলি যদি সফল হয় তাহলে উৎপাদন বাড়বে এই আশা প্রকাশ করেছিলেন। কিন্তু তাঁর বাজেটে দেখা গেল রাজস্ব ব্যয়ের ক্ষেত্রে কৃষিখাতে তিনি ৯৯ লক্ষ টাকা খরচ কমিয়ে দিলেন এগ্রিকালচারের টপমোস্ট প্রাওরিটি। কাজেই খরচ যদি কোথায়ও কমাতে হয় তাহলে এগ্রিকালচারে নিশ্চয় কমাতে হবে যা শৈল মুখার্জী করেছিলেন। মূলধনী ব্যয়ের ক্ষেত্রেও এখানে বলা হয়েছে প্রধানত পরিকল্পনার অন্তর্গত প্রকল্পগুলির জন্য আরও কম টাকা ধরার জন্য এই ব্যয় হ্রাস। দ্বিতীয় মূলধনী ব্যয়ের ক্ষেত্রে শৈল মুখার্জী মহাশয় যে বাজেট গতবার এখানে পেশ করেন তাতে বলা হয়েছে পরিকল্পনার অন্তর্গত প্রকল্পগুলির জন্য স্বল্পতর বরাদ্দের জন্য ৯৫—কৃষি উন্নয়ন এবং গবেষণা সম্পর্কে পরিকল্পের উপর মূলধন বিনিয়োগ খাতে ২৬ লক্ষ টাকা হ্রাস ঘটেছে। অর্থাৎ টপমোস্ট প্রায়োরিটি এগ্রিকালচারকে দিতে হবে এবং দিতে গেলে এখানে খরচ কমাতে হবে এই হচ্ছে তাদের টপমোস্ট প্রাওরিটির নজীর। আরও নজীর এখানে হাজির করা যায়. মার্চ মাসে আমাদের কাছে একটা বই দেওয়া হয়েছিল অ্যাপ্রোপ্রিয়েশন অ্যাকাউন্টস, ১৯৬৪-৬৫। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে এই বইয়ের ৪৬ পাতা খুলে যদি দেখাতে বলি তাহলে সেখানে আপনি দেখবেন যে কিভাবে কোটি কোটি টাকা টপমোস্ট প্রাওরিটি দেবার নাম করে সেই কংগ্রেসী অপদার্থ সরকার কি করেছে। গ্র্যান্ট নং ২২—এগ্রিকালচার–সেখানে টোট্যাল গ্র্যান্ট অফ অ্যাপ্রোপ্রিয়েশন ১৩ কোটি ৮৬ লক্ষ ২৯ হাজার টাকা—অ্যাকচুয়াল এক্সপেন্ডিচার হোল ১২ কোটি ৮৩ লক্ষ ৪১ হাজার টাকা। অর্থাৎ সেভিং হয়ে গেল ১ কোটি ৩ লক্ষ টাকার মত। এবং শুধু যে এটা ১৯৬৪-৬৫ সালের হিসাব তা নয়, আরও পড়ে যান নোটস অ্যান্ড কন্ট্যান্সের মধ্যে দেখতে পাবেন সেখানে বলা হয়েছে পরিষ্কার করে

In the past several years also considerable provision remained unutilized under this Grant mainly due to non-implementation of a number of development schemes. Figures for the preceding three years are indicated below.

সেখানে ল্যাক্‌স অফ রুপিজের ফিগার দেওয়া হচ্ছে। ১৯৬১-৬২ সালে ৯৪৮·৭৬ লক্ষ টাকা - সেভিং হচ্ছে ৪১৪·৫৯ লক্ষ টাকা, পার্সেন্টেজ অফ সেভিংস টু দি টোট্যাল প্রভিশন হচ্ছে ৪৩·৭। ১৯৬২-৬৩ সালে দেখা যাচ্ছে ৯৫৫·৩৬ লক্ষ টাকা সেভিং হচ্ছে ৩৫৫·৮৭ লক্ষ টাকা পার্সেন্টেজ অফ সেভিংস টু দি টোট্যাল প্রভিশন হচ্ছে ৩৭ ২। ১৯৬৩-৬৪-তে দেখা যাচ্ছে বরাদ্দ হোল ৯৭০·৬৮ লক্ষ টাকা—সেভিং হোল ২৫০·২৬ লক্ষ টাকা পার্সেন্টেজ অফ সেভিংস টু দি টোট্যাল প্রভিশন হোল ২৫·৮। আরও পড়ে যান দেখা যাবে নিচে আরও বলা হচ্ছে এ টোট্যাল

sum of Rs. 165.36 lakhs, 14.27 per cent. of the original provision, 599.01 lakhs remained unutilized even in the penultimate year of the Third Five-Year Plan.

পাঁচশালা পরিকল্পনা হয়েছে প্রথমটা হয়ে গেছে, দ্বিতীয়টা হয়ে গেছে, তৃতীয়টা হয়ে গেছে এবং চতুর্থটা এখনও কাঠামো ঠিক না হলেও এটার অনেকখানি শেষ হয়ে গেছে—কিন্তু কৃষির খাতে পাঁচশালা পরিকল্পনায় যে টাকা বরাদ্দ করা হয়েছিল সেটা আমাদের এ অপদার্থ সরকার যারা আমাদের ঘাড়ে ২০ বছর ধরে চেপেছিল সেই অপদার্থ সরকার কি করে সেই টাকা খরচ করেছেন তার আর একটু নজীর এখানে দেওয়া দরকার আছে।

Since the first year of the Plan considerable amounts of provision also remained unutilized under this Head as indicated below:

১৯৬১-৬২ সালে প্রভিশন হচ্ছে ৩৬৬·৭৩ লক্ষ টাকা—সেভিং হোল ২৫৪·৩৪ লক্ষ টাকা পার্সেন্টেজ অফ সেভিং হোল ৬৯·৩। রিজনস ফর দি সেভিং কি?

Non-txecution of a number of schemes due to non-completion of preliminaries.

[5-30—5-40 p.m.]

১৯৬২-৬৩ সালে দেখা যাচ্ছে ৩৬০·৩১ লক্ষ টাকা প্রভিশান সেভিংস হয়েছে ১৮৮·৭৪ লক্ষ টাকা। অর্থাৎ পার্সেন্টেজ অফ সেভিংস হচ্ছে ৫২·৮। ১৯৬৩-৬৪ সালে দেখা যাচ্ছে প্রভিশান হয়েছে ৩৪৮·৭৩ লক্ষ টাকা—সেভিং হল ৭২·৫০ লক্ষ টাকা। অর্থাৎ পার্সেন্টেজ অফ সেভিং হল ২০·৮। এইরকমভাবে দেখা যাবে কতকগুলি স্কীম

"Names of the major schemes which remain un-implemented from 61-62 first year of the Third Five-Year Plan for non-completion of the preliminaries.

বিলে পাঁচটা স্কীমের কথা বলা হয়েছে এবং তাছাড়া আরও পাঁচটা স্কীমের কথা অন্য জায়গায় বলা হয়েছে। এইরকমভাবে দেখা যাচ্ছে কোটি কোটি টাকা এই খাতে বরাদ্দ যা হয়েছিল সেগুলি ঐ অপদার্থ সরকার খরচ করতে পারেন নি। কেন পারেন নি? টপমোস্ট প্রাওরিটি এগ্রিকালচারে দেওয়া হয়েছিল। এখানে একজন মেম্বার বিরোধীপক্ষের খুব হিরোইক্যালি বলে গেলেন ডাঃ ঘোষ এতবড় কথা বললেন আমাদের দেশে উৎপাদন অতি কম এবং এর দ্বারা তিনি আমাদের দেশের চাষীদের অপমান করেছেন। কথাটা তিনি বুঝতে পারেন নি। ডাঃ ঘোষ যে কথা বলেছেন সেটা হচ্ছে এটাতে সকলের দৃষ্টি আকর্ষণ করা উচিত। আজকে এই কথাটাতে সকলের অনুসন্ধান করে দেখা উচিত যে গত ২০ বছব ধরে ক্ষমতা হাতে পাবার পর আমরা কেন আমাদের দেশের কৃষি উৎপাদন বৃদ্ধি করতে পারি নি। এটা আমার কথা নয়, ও'রা যে বই আমাদের কাছে আগে ছেপে বের করেছিলেন ইংরাজীতে—২০০-৩০০ পৃষ্ঠার বই, এগ্রিকালচারাল ডেভালপমেন্ট ইন ওয়েস্ট বেঙ্গল, তাতে দেখবেন তার মধ্যে স্বীকার করা হয়েছে ১৯৪৭ সালে বিঘাপ্রতি সাড়ে চার মণ করে আমাদের দেশে যে প্রোডাকশান ছিল, তারপর কিন্তু সেই বিঘাপ্রতি সাড়ে চার মণের বেশি প্রোডাকশান তাঁরা করতে পাবেন নি। ডাঃ ঘোষ দু-একটি দেশের নাম করেছেন, কিন্তু আমি জানি সারা দক্ষিণ-পূর্ব এশিয়ার হিসাব যদি নেওয়া হয়, রাইস গ্রোয়িং কান্ট্রিস-এর হিসাব যদি নেওয়া হয় তাহলে দেখব অতি শোচনীয়। অতএব কংগ্রেস সরকার ২০ বছব ধরে আমাদের দেশে যা করেছেন তা বলা যায় না। অথচ আজকে বলা হচ্ছে চাষীদের অপমান করা হয়েছে, কিন্তু তা করা হয় নি। এটা যদি না হয়ে থাকে তাহলে তার জন্য দায়ী চাষী নয়। চাষীর ঘাড়ের উপর ঐ তরফের অনেক মেম্বার যাঁরা হিরোইক্যালি বক্তৃতা দিচ্ছেন তাঁরা বসে আছেন। আজ চাষীর হাতে জমি নেই। আজ ল্যান্ড রিফর্মস অ্যাক্টের কথা বলা হয়েছে এবং চাষীদের প্রতি সুবিচারের কথা বলা হয়েছে। আজ বাংলাদেশে জমিদারী প্রথা উচ্ছেদের কথা বলা হযেছে। কিন্তু আজকে নূতন এক দল রিচ পেজেন্ট, যাদের অন্য দেশে কুলক বলে সেই সমস্ত কুলক ঐ পক্ষে বসে আছেন। অর্থাৎ যাঁরা ১৪ টাকা দিয়ে টিকিট কেনেন এবং আদ্দির মত পাতলা খদ্দর গায়ে দিয়ে বসে আছেন তাঁরা চাষীদের ঠকিয়ে বাংলা দেশের কৃষির সর্বনাশ করেছেন।

**Shri Paresh Chandra Goswami:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা এতক্ষণ ধরে যে আলোচনা শুনলাম একটি কথাই তাতে মনে হচ্ছিল যে, যে আমরা পাড়াগাঁয়ে যে যাত্রা শুনি তাতে সেখানে অনেক নকল রাজা থাকে, সেনাপতি থাকেন, অমলবাবুর মত তরোয়াল ঘুরিয়ে বীরদর্পে অনেক বড় বড় কথা বলেন। এই যাত্রা শুনে অনেকে কাঁদে, আবার অনেকে হাঁসে, এবং যাবার সময় জানে যে তারা যেটা শুনলো সেটা একটা কাহিনী সেটা একটা কল্পনা, কিন্তু কিছুক্ষণ আনন্দ পায়, আমি খাদ্যনীতির সম্বন্ধে আগে যে কথা বলেছিলাম সে কথা আজও বলছি খাদ্যমন্ত্রী এবং কৃষিমন্ত্রী ডাঃ ঘোষ যে কথাই বলুন না কেন, তিনি নকল রাজা। আমাদের দুঃখ হয়, বেদনা হয়, যে স্বাধীনতা সংগ্রামের নির্ভিক সৈনিক তাঁর ইচ্ছা অনুযায়ী তিনি যা করতে যাচ্ছেন তার জন্য টাকা জোগান দেবেন যিনি ফাইন্যান্স মিনিস্টার যার সঙ্গে তর আদর্শগত কোন মিল নেই। তাঁর কাছ থেকে টাকা

না নিয়ে গান্ধীবাদী পরম বৈজ্ঞানিক মানব দরদী কৃষি মন্ত্রী কিছু করতে পারবেন না। তার পর কৃষি কাজে সহায়তা করবেন কে? জল দেবেন যিনি সেই সেচমন্ত্রীর সঙ্গেও তাঁর আদর্শগত কোন মিল নেই। একজন ডান এবং একজন বাম—একজন রাশিয়া এবং একজন চীন। এরকম গরমিলের মধ্য দিয়ে এই দুর্গত জনসাধারণকে তিনি যে কোন দিকে নিয়ে যাবেন এ সম্বন্ধে আশঙ্কা করার কারণ আছে। যাত্রাদলের মহারাজা দশরথের পুত্র কৌশল্যা, কৈকেয়ী কি সুমিত্রা তা জানি না, সে সম্বন্ধে একটা কবিতা মনে পড়লো তা হচ্ছে, "মানব জনম রইলো পতিত আবাদ করলে ফলত সোনা।" আর একটা রামপ্রসাদের কবিতা মনে পড়ছে, "ডুব দে রে মন কালী বলে, হৃদি রত্নাকরের অগাধ জলে" সেই মনের ভেতরে ডুব দিয়ে অনুসন্ধান করুন। এভাবে আপনারা ২০ বৎসরে কংগ্রেসের কথা বলছেন কিন্তু ভবিষ্যতের কথা বলছেন না কেন? আপনারা অতীতের কথা বলছেন সেই অতীত কি? সে অতীতের দিকে একবার তাকান এবং সারা পৃথিবীর দিকে তাকিয়ে দেখুন কি অবস্থা। একটা কঙ্কালসার ভারতবর্ষের উপর কংগ্রেস বিশ বৎসর রাজত্ব করেছে, যারা বলেন বাংলা দেশে কৃষি সম্পদ উৎপন্ন হয় নি তারা মিথ্যা কথা বলেন অথবা ভাঁওতা দিয়ে বলেন। এখানকার একজন সরকারপক্ষের সদস্য কানাই ভৌমিক বললেন যে বাংলা দেশে পাটের যে উৎপাদন হয় তার দ্বারা ইন্ডিয়া গভর্নমেন্ট কোটি কোটি টাকা ফরেন এক্সচেঞ্জ আর্ন করেন। আমি জিজ্ঞাসা করি বিশ বৎসর আগে এ পাট থেকে কি ফরেন এক্সচেঞ্জ আর্ন হতো, আজকে যে কোটি কোটি টাকা আর্ন করা যাচ্ছে সে পাট কাদের শাসনের আমলে হতো। কংগ্রেসের শাসনের সময় না চীন বা রাশিয়ার আমলে? আজকে বাংলা দেশের পাটের চাষ বাংলা দেশের চাষীরা করছে এবং বাংলা দেশের চাষীদের দ্বারা পাট হচ্ছে। আমি আর একটা কথা বলতে চাই, যার দ্বারা কৃষি মন্ত্রিমহাশয়কে সাজেশান দিচ্ছি যে এলাকায় কৃষি ব্যাহত হচ্ছে জলসেচের অভাবে। বর্ধমান জেলায় কালনা মহকুমায় পূর্বস্থলী ১নং ব্লক কোন ইরিগেশন হচ্ছে না। সেখানের এক ডিপার্টমেন্ট-এর সঙ্গে আর এক ডিপার্টমেন্ট-এর কো-অর্ডিনেশান-এর অভাব হচ্ছে, যার ফলে কোন কাজ হচ্ছে না। এ বিষয়ে একটা উদাহরণ দিচ্ছি। নাদনঘাট এলাকায় রিভার পাম্প আছে সেখানে রাস্তার এধারে ½ অংশ জমি এবং রাস্তার ওধারে বেশীর ভাগ জমি। রাস্তা কেটে একটা কালভার্ট তৈরি যদি হত তাহলে অনেক জমি চাষ হতে পারতো। লিফ্ট ইরিগেশনের কাজ হচ্ছে না। এ বিষয় আমরা ডি এম এবং বিভাগীয় কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেছি কিন্তু কোন কাজ হচ্ছে না। কৃষির কাজ ব্যাহত হচ্ছে। সেজন্য আমি বলবো কৃষি ও ইরিগেশান দপ্তরে কৃষি মন্ত্রী ও অন্যান্য মন্ত্রীর সঙ্গে যদি কো-অর্ডিনেশান না হয় তাহলে কাজ বন্ধ হয়ে যাবে। আমরা লিফ্ট ইরিগেশানের ১৫টা স্কিম দিয়েছিলাম, তার মধ্যে মাত্র তিনটা চলছে, আটটার কোন ব্যবস্থা নেই। যেসমস্ত ডিপ টিউবওয়েল এন এনারজাইসড হয়েছে ইলেকট্রিসিটি সেখানে গেছে অথচ সেগুলি চালু করা হচ্ছে না, আমি প্রতিশ্রুতি দিতে পারি যদি পূর্বস্থলী এবং কালনা এলাকায় ইরিগেশানের জন্য যে স্কিম দিয়েছি তা যদি ইম-প্লিমেন্ট করতে পারেন তাহলে এ এলাকাকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করতে পারবো এবং বর্ধমানের ঘাটতি হয়েছে সে এলাকাকে উদ্বৃত্ত করতে পারি। এ নিবেদন আমি তাঁর কাছে করছি। আমাদের চাষের যে জমি আছে তাতে করে চাষীদের একটা অনিশ্চয়তা চলছে এবং ভাগচাষী এবং সাধারণ চাষীদের মধ্যে একটা অনিশ্চয়তা এই অনিশ্চয়তা ও অস্থায়ীত্বের মধ্যে কোন সুস্থ পরিকল্পনা সম্ভব নয় এবং চাষী অধিক উৎপাদনের পরিবর্তে কম ফসল ফলাবে। এদিকে দৃষ্টি দিতে অনুরোধ করছি।

[5-40—5-50 p.m.]

**Shri Anil Dhar Guha Neogi:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের কৃষিখাতে যে ব্যয়বরাদ্দ সাব্যস্ত হয়েছে তাকে পূর্ণ সমর্থন জানাই। সমর্থন জানিয়ে আমি আমাদের মাননীয় কৃষি মন্ত্রিমহাশয়ের কাছে দু-চারটি কথা জানাতে চাই। সেটা হচ্ছে এই যে, আমাদের আগে চিন্তা করতে হবে বাংলা দেশের কোন্ কোন্ অঞ্চলে ঘাটতি আছে। খাদ্য দাও বলে ঘাটতি এলাকা থেকে যাতে টেলিগ্রাম না আসে, সেই জন্য আমি সেইসব এলাকায় যাতে ব্যয়বরাদ্দের বেশীর ভাগ অংশ পড়ে সেই দিকে ওঁনার দৃষ্টি আকর্ষণ করি। আজকে অধিক খাদ্য ফলানোর অন্তরায় কোন্ কোন্

জিনিস, সেগুলি আমাদের বিবেচনা করার সময় এসেছে। প্রথমে আমি সেচের কথা বলতে চাই। বিরোধীপক্ষের একজন বক্তা ডিপ টিউবওয়েলের কথা বলে গেলেন। কিন্তু আমাদের জানা প্রয়োজন যে এই ডিপ টিউবওয়েল করতে গেলে অন্তত কম পক্ষে এক লক্ষ টাকা দরকার। এই এক লক্ষ টাকার কমে একটি ডিপ টিউবওয়েল হয় না এবং এর মাধ্যমে যে জল আসে সেই জল শস্যের পক্ষে ক্ষতি হবে কি ভাল হবে, সেটা আমাদের প্রমাণ করে দেখা হয় নি। অনেকে বলেছেন ভাল হয়েছে, আবার অনেকে বলেছেন খারাপ হচ্ছে। কাজেই সেটা আগে নিরীক্ষণ হওয়া প্রয়োজন। এই ডিপ টিউবওয়েল করতে গেলে গ্রামাঞ্চলে যা খরচ হবে, অর্থাৎ এর সাথে সাথে যদি ইলেকট্রিকের বন্দোবস্ত না থাকে, তার ম্যানেজমেন্টের ব্যবস্থা না থাকে—সেই ভাবে যদি খরচ বহন করার জন্য অর্থ বরাদ্দ করা হয় তাহলে দেখা যায় এই ডিপ টিউবওয়েলে খরচের অঙ্ক অনেক বেশী হয়ে পড়ে। সেই জন্য আমি মনে করি যেখানে ইলেকট্রিসিটি আছে অথচ অন্য কোন সেচের ব্যবস্থা নেই, সেখানে ডিপ টিউবওয়েল করা যেতে পারে। কিন্তু আমি বলব এই ডিপ টিউবওয়েল বাদ দিয়ে আমাদের ছোট ছোট সেচ পরিকল্পনা নেওয়া উচিত। আমরা দেখছি গ্রামাঞ্চলে টেস্ট রিলিফের কাজে রাস্তায় মাটি ফেলা হচ্ছে। কিন্তু সেখানে কৃষকদের জমি চাষ করার জন্য যে জলের প্রয়োজন আছে, এটা যদি উপলব্ধি করি এবং টেস্ট রিলিফের মজুরী কিছু বাড়িয়ে দিয়ে যদি তার মাধ্যমে ছোট ছোট খালগুলি ভাল করে সংস্কার করে বাঁধ বেঁধে সরকারী সাহায্যে স্লুইস গেট করা যায় তাহলে সেখানকার চাষীরা তার প্রয়োজনীয়তা উপলব্ধি করবে এবং তার সঙ্গে সঙ্গে বাঁধগুলি রক্ষা করার দায়িত্বও তাদের ঘাড়ে এসে পড়বে। সেই জন্য আমি মনে করি এই ছোট ছোট সেচ পরিকল্পনা করা হোক। আর একটি কথা বলতে চাই। শুধু সেচের ব্যবস্থা করলেই কৃষকদের অধিক খাদ্য ফলানোর উৎসাহ আসবে না, তারা যাতে বিনামূল্যে সেচের জল পায় তার দিকেও নজর দিতে হবে। সঙ্গে সঙ্গে আমি আর একটি দিকে মাননীয় কৃষি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করি যে, উৎপাদকরা উৎপাদন করে তাদের পারিশ্রমিক পাবে না, এটা হতে পারে না। তাই কৃষিপণ্যের নিম্ন দাম কত হবে সেটা কৃষকরা যাতে বুঝতে পারে যে এর নীচে আমরা মূল্য পাব না, এটা কৃষি মন্ত্রিমহাশয়ের নির্ধারণ করা উচিত। আর একটি কথা বলছি। বিরোধীপক্ষের বক্তারা পাটের বিষয়ে কিছু বললেন। আমি জানি পাট আমাদের ফরেন ডলার আমদানীর সাহায্য করে। কিন্তু একটি কথা বলতে চাই যে, পাটের কোয়ালিটি ভাল করার জন্য কেন্দ্রীয় গভর্নমেন্ট আমাদের দিকে নজর রেখেছেন। কিন্তু আজকে পাট উৎপাদন বাড়াতে গিয়ে আমরা আমাদের ধান উৎপাদনের দিকে নজর রাখছি না। সেই জন্য আমার মনে হয় সেন্ট্রালকে আমাদের সরকারের বলা উচিত যে পাট পচানোর জন্য যে সমস্ত ট্যাঙ্ক আছে, পুকুর আছে, সেগুলির খরচ কেন্দ্রীয় সরকারকে বহন করতে হবে। এই জন্য আমি বলছি, কারণ আজকে পাট পচানোর বিষয় নিয়ে বিভিন্ন জায়গায় মারামারি হয় এবং মৎস চাষের পক্ষেও অন্তরায় দেখা দিয়েছে উপরন্তু ধান চাষের দিকে নজর কমে যাচ্ছে। যেখানে খাদ্য ঘাটতি আছে সেখানে পাট যাতে কমে আসে এবং ধানের দিকে নজর দেওয়া হয় সেদিকে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার শেষ কথা হচ্ছে যে, কৃষকদের যদি উৎসাহিত করতে হয় তাহলে দাদন দেওয়ার যে ব্যবস্থা—মহাজন যেসমস্ত গ্রামাঞ্চলে বসে আছে সেইগুলোর দিকে সতর্ক দৃষ্টি দিতে হবে। তা যদি না করতে পারি তাহলে কৃষকরা উৎসাহ পাবে না। তাদের পারিবারিক জীবনযাত্রা নির্বাহের জন্য যে-সমস্ত প্রয়োজনীয় জিনিস আছে সেইগুলোর জন্য মহাজনের কাছ থেকে টাকা হাত পেতে নিতে হয়—এই যদি হয় তাহলে কৃষকরা অধিক উৎসাহ কি করে পাবে, এটা লজ্জার বিষয়। তাই আমি কৃষি মন্ত্রীকে বলতে চাই যাতে দাদনের যেসমস্ত ব্যবস্থা কোঅপারেটিভ ল্যান্ড মর্টগেজ ব্যাঙ্ক থেকে কৃষকদের সাহায্য করবার জন্য যেসমস্ত ব্যবস্থা আছে সেইগুলো যাতে ত্বরান্বিত হতে পারে এবং অফিসের যে-সমস্ত কাজকর্মগুলো অর্থাৎ তাদের কাছে পৌঁছতে যে বিলম্ব হয় সেইগুলো যাতে ঠিকমত হয় এবং বেশী লোন যাতে পেতে পারে সেদিকে দৃষ্টি দেওয়া চাই।

আমার শেষ কথা এটুকু বলতে চাই যে, কৃষি খাতে যে টাকা দেওয়া হয়েছে আগেকার সরকারের এই বরাদ্দের টাকা খরচ হতো শুধু মোটর এবং পেট্রলের পেছনে, আমি কৃষি মন্ত্রীকে এটুকু বলতে চাই যে, কৃষিখাতে যে টাকা বরাদ্দ করা হয়েছে যাতে সেচ, সেচের লোন ইত্যাদি বিভিন্ন খাতে সমস্ত টাকা খরচ হয় সেদিকে যেন দৃষ্টি দেন। আর একটা কথা বলতে চাই, যেটা হচ্ছে উনি বলেছেন যে, গো সম্পদ—আমি সারের কথা জানি, আমাদের বৈজ্ঞানিক

সারের সম্বন্ধে কিছু কিছু অন্তরায় আছে। কারণ জমি টেস্ট করার সুযোগ কৃষকরা পায় না। অ্যামোনিয়াম সালফেট প্রভৃতি সারের ব্যবহারের বিপদও আছে যদি উপযুক্ত জলের ব্যবস্থা না করা যায়। সেই জন্য আমি গোবরসার ব্যবহার করবার জন্য বলবো এবং হালের গরুর জন্য ফডার-এর যে সমস্যা সে সম্বন্ধে আমি কিছু বলতে চাই। ওখানে যেসমস্ত অয়েলমিল আছে এবং যেসমস্ত হাসকিং মেসিন আছে সেইগুলো থেকে অয়েলকেক বা খোল এবং কুঁড়া যেগুলো বাইরে চালান চলে যায় বেশী টাকার জন্য সেইগুলো যাতে না চলে যেতে পারে আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যে সেখানে এই যে সমস্ত প্রডাক্টস হবে সেইগুলো যেন সরকারের আওতায় নিয়ে আসার জন্য ব্যবস্থা করেন এবং কৃষকদের সেইগুলো ন্যায্য দামে দিতে পারেন এবং সেই সঙ্গে সঙ্গে আমি বলতে চাই সেচ, কৃষি ঋণ এবং পণ্যের মূল্য এইগুলোর ব্যবস্থার মাধ্যমে যদি আমরা কৃষককে উৎসাহিত করতে পারি তাহলে আমাদের এই যে বাজেট যেটা ধার্য করা হয়েছে সেইগুলোকে পুরোপুরি কাজে লাগাতে পারবো। এইটুকু বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-50—6 p.m.]

**Shri Probhakar Mandal:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই কৃষিখাতে কিছু বলার সুযোগ দেওয়ার জন্য আমি আপনাকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। কৃষি উৎপাদন বিষয়ে ব্যয়বরাদ্দের জন্য সরকারপক্ষ থেকে কিছু বলতে উঠে প্রথমেই শোনা যায় যে প্রাক্তন কংগ্রেস সরকারের উপর দোষারোপ। শুধু দোষারোপ কোরে ও'রা হয়তো ভাবছেন যে কৃষি উৎপাদন বেড়ে যাবে বা কৃষি উৎপাদন খাতে ব্যয়বরাদ্দ বাড়িয়ে দিলেই খাদ্যশস্য এমনিতেই উৎপন্ন বেশী হয়ে পড়বে। কিন্তু এটা কেউ চিন্তা করে বলছেন না যে, কি বাজেট অবিলম্বে করলে বর্তমানে খাদ্যশস্য উৎপাদন বেশী হতে পারে বা দেশের লোক দুমুঠো খেতে পারবে, সেই বিষয়ে তাঁদের মূল্যবান যুক্তি তাঁরা এখানে দেখাচ্ছেন না। তাঁরা শুধু প্রাক্তন সরকারের উপর রাজনৈতিক মতবাদ চালিয়ে দিয়ে আত্ম-প্রতিষ্ঠা লাভ করছেন, এতে কাজ হবে না। যদি আমরা সত্যিকারের নিজের দায়িত্ব পালন করতে চাই তাহলে নিশ্চয়ই আমাদের মূল্যবান যুক্তি এই বিধানসভায় পেশ করবো, যে যুক্তির দ্বারা দেশের খাদ্যশস্য উৎপাদন বৃদ্ধি হতে পারে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে খাদ্য ও কৃষি মন্ত্রীকে আমার এলাকা কেতুগ্রাম থানা, সেই সম্পর্কে কিছু বলতে চাই।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে খাদ্য ও কৃষি মন্ত্রীকে এইটুকু বলতে চাই যে, আমার এলাকা কেতুগ্রাম থানা, সেখানকার যে বর্তমান অবস্থা—তার কথা বলতে চাই। সেখানে আজ পর্যন্ত এগ্রিকালচারাল লোন বিলি হয় নাই, সামান্য দু-চারটি সমিতির মাধ্যমে কিছু টাকা বিলি করা হয়েছে, ঐ লোন বিলি করবার সময় চাষীদের কাছ থেকে শতকরা ২৫ টাকা কেটে রাখা হচ্ছে তাদের রাসায়নিক সার সরবরাহ করবার জন্য। আজকে কেতুগ্রাম থানায় এমন অবস্থা যে সেখানে একবিন্দু জল নাই বা সেখানে সরবরাহ করবার মত এক বস্তা সারও নাই। এমনি মুখে দোষারোপ করলে ফসল ফলবে না। চাষীকে যথাসময়ে সার পেঁছে দিতে হবে, চাষীকে উৎসাহ দিতে হবে, তবেই খাদ্যোৎপাদন বৃদ্ধি পাবে এবং দেশের খাদ্যাভাব দূর হবে।

আর একটা বিষয় আমি জানতে চাই, আমাদের ঐ অঞ্চলের যেসমস্ত কৃষক সি পি লোন-এর জন্য পিটিশন করেছে, সেইসমস্ত লোন বিলির কোন ব্যবস্থা আজ পর্যন্ত হয় নাই। কোন বিলি তো দূরের কথা, তারা যেসমস্ত দরখাস্ত দাখিল করেছে, আজ পর্যন্ত তার সম্পর্কে কোন তদন্ত হয় নাই। এই জন্য কেতুগ্রাম এক নম্বর ব্লকের বি ডি ও-র কাছে তদন্ত করলে আপনি জানতে পারবেন। আপনারা যদি কৃষকদের সময়মত এই লোন না দিতে পারেন, তাহলে কি দিয়ে চাষ করবে, খাদ্যোৎপাদন করবে। পূর্বে কেতুগ্রাম থানা শস্যভাণ্ডার বলে পরিগণিত ছিল আজ সেটা শূন্য ভাণ্ডারে পরিণত হয়েছে। যেভাবে চাষীর কাছ থেকে ধান্য সংগ্রহ করা হয়েছে, তাতে এখন আর তাদের ঘরে এমন কোন খাদ্যশস্য নাই—যে সে মুনিষকে খাইয়ে চাষ করবে। সেখানে স্থায়ী লেবারদের যদি খাদ্যশস্য না দেওয়া হয় তাহলে কেতুগ্রাম থানায় কৃষিকার্য বিফলতায় পর্যবসিত হবে। তাই কৃষিমন্ত্রীকে কৃষির উন্নতির জন্য এইটুকু অনুরোধ জানাব যে অবিলম্বে সেখানে খাদ্যশস্য সরবরাহের ব্যবস্থা করুন।

তাছাড়া আর একটা ব্যাপার হয়েছে যে সেখানে চাষীর কাছ থেকে মাত্র ২৩ টাকা কয়েক নয়া পয়সা দিয়ে ধান্য সংগ্রহ করা হয়েছে। কিন্তু আজকে সেখানে অধিক শস্য ফলানোর জন্য চাষীকে যে বীজ সরবরাহ করা হয়েছে এখন তাদের কাছ থেকে তিনগুণ দাম বেশী নিয়ে বীজ দেওয়া হয়েছে। এতে করে চাষী চাষ করতে উৎসাহ হারিয়ে ফেলেছে। তারা মনে করছে আমাদের কাছ থেকে কম দামে ধান্য নিয়ে বীজ দেবার সময় ডবল দাম বা তার বেশী আদায় করা হচ্ছে। সেখানে অনুরোধ জানাবো—অধিক ফসল যারা ফলাবে, তাদের উন্নত ধানের বীজ সাবসিডাইসড রেটে দেওয়ার ব্যবস্থা করতে হবে।

তারপর স্মল ইরিগেশন স্কীম বাবদ যে টাকা বরাদ্দ হয়েছে তা নস্য। এই খাতে আরো টাকা বাড়িয়ে দিন, তাহলে চাষীরা খুব উৎসাহ পাবে এবং নিজেরা আরো পরিশ্রম করে অধিক পরিমাণে খাদ্যশস্য ফলাতে পারবে। এই দিকে দৃষ্টি দেওয়ার জন্য কৃষি মন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি।

আর একটা বিষয় দেখা যায় এই কৃষিখাতে আলোচনার সময় সরকারপক্ষীয় সদস্যগণ সব সময় অপরের সমালোচনা বা আত্ম-অহংকারে মত্ত আছে। তাঁরা বোধ হয় ভেবেছেন কৃষিখাতে এই যে টাকা বাড়িয়ে দেওয়া হয়েছে, তাতেই উৎপাদন আপনা আপনি বেড়ে যাবে। শুধু টাকার বরাদ্দ বাড়ালেই উৎপাদন বাড়ে না, সেই টাকা যাতে যথাযথ কৃষিকার্যে যোগান যায়, তার ব্যবস্থা করুন, তবেই তো উৎপাদন বাড়বে। তা না হলে ঐ বরাদ্দ বাড়ানোর কোন মূল্যই হবে না। তাছাড়া পূর্বের লেবারের দরের সঙ্গে আজকের লেবার-দরের তুলনা করে দেখুন এবং সেই অনুযায়ী কৃষিকার্যে টাকার বরাদ্দ বৃদ্ধি করুন এবং সেইভাবে ব্যবস্থা করুন। তবেই কৃষি-কার্যে উৎপাদন বাড়বে। যাতে চাষীরা উৎসাহ পায়, যাতে চাষীরা যথাসময়ে সার, ধান ও সেচের জল পায় এবং যথারীতি তা জমিতে প্রয়োগ করে খাদ্যশস্য উৎপাদনে সমর্থ হয় সে বিষয়ে ব্যবস্থা করবার জন্য কৃষি মন্ত্রীকে অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Samarendra Nath Ojha:**

মাননীয় স্পীকার স্যার, মাননীয় কৃষি মন্ত্রী কৃষি বিভাগ সম্পর্কে যে মোশান ফর গ্র্যান্ট উপস্থাপিত করেছেন, সেটা আমি সর্বান্তকরণে সমর্থন করছি। এই সুযোগে আমাদের পাহাড়িয়া জেলা পুরুলিয়াকে কেন্দ্র করে আমার কয়েকটি বক্তব্য সংক্ষেপে এখানে রাখতে চাই।

সারা বছর জল থাকে তেমন নদী আমার জেলাতে নেই। সেখানের ভূসংস্থানও ঢেউ-এর মত উঁচু-নীচু। কাজেই ক্যানেল ইরিগেশনের ব্যবস্থা সেখানে সম্ভব নয়। বাঁধ-পুষ্করিণী জোড় বাঁধ, বড় ইরিগেশন ওয়েল, এগুলিই হচ্ছে সেচের উপায়। এই অবস্থায় স্মল ইরিগেশন স্কীম-গুলির প্রয়োজনীয়তা সহজেই উপলব্ধি করতে পারা যায়। এদের স্থানই আমাদের সেচ ব্যবস্থায় সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ। কিন্তু দুঃখের বিষয় এদিকে পর্যাপ্ত ব্যবস্থা এখনও পর্যন্ত হয় নি। এই স্কীমগুলি এক্সিকিউসন করার ব্যবস্থার মধ্যেও অনেক ত্রুটি দেখা যায়। কোন কোন বৎসর দেখা যায় যে নির্ধারিত টাকা, যা স্কীমগুলির জন্য ধার্য করা হয়, তা খরচ হয় না। আবার গত বৎসর দেখা গিয়েছে যে টাকার অভাবে স্কীমগুল শেষ করা গেলো না, অসম্পন্ন বা অসম্পূর্ণ থেকে গেলো। কাজ করেও আজ পর্যন্ত অনেকে পেমেন্ট পান নি। এই ব্যবস্থার প্রতি মাননীয় মন্ত্রিমহোদয়ের দৃষ্টি আকর্ষণ করে এর যাতে প্রতিকার হয়, যাতে নির্ধারিত সময়ে সুষ্ঠুভাবে স্কীমগুলির কাজের ব্যবস্থা হয়, তার জন্য অনুরোধ জানাচ্ছি। এই সম্পর্কে আর একটি কথা আছে—সেচের বাঁধগুলি যত নীচুতে অবস্থিত হবে, পর্যাপ্ত জলের ব্যবস্থার সম্ভাবনাও তত বেশী হবে। কাজেই আমাদের জেলায় লিফট ইরিগেশন-এর প্রয়োজনীয়তা অত্যন্ত অধিক। তা না হলে উঁচু জমিগুলিতে সেচের ব্যবস্থা করা সম্ভব নয়। গত বছর কিছু কিছু পাম্পিং সেট সহজ কিস্তিতে দেয় অর্ধমূল্যে কৃষিবিভাগ থেকে সরবরাহ করা হয়েছিল এবং অনেক জায়গাতেই সেচের প্রয়োজনে, সেই যন্ত্রগুলি বিশেষ কার্যকরী হয়েছিল। আমি অনুরোধ করবো এই ব্যবস্থা আরও ব্যাপকভাবে বাড়ান হোক, যাতে প্রতি অঞ্চলে কৃষকদের প্রয়োজনে, তারা এই যন্ত্রগুলি ব্যবহার করে এবং ব্যাপকভাবে তা ব্যবহৃত হতে পারে, তার ব্যবস্থা করা হোক। আমাদের জেলায় ডিপ টিউবওয়েল ইরিগেশানের কোন ব্যবস্থা নেই। পাথুরে মাটি বলেই হয়ত সেখানে এই ব্যবস্থার সম্ভাবনা কম, কিন্তু তবুও এই বিষয় পরীক্ষা করে দেখা দরকার। যন্ত্র-পাতি আজকাল অনেক উন্নত হয়েছে এবং উপযুক্ত স্থান নির্বাচন করলে অনেক জায়গায় ডিপ

টিউবওয়েল বসান যেতে পারে বলে আমার মনে হয়। এই চেষ্টা সফল হলে আমাদের জেলায় সেচ সমস্যার সমাধান বিষয়ে বিশেষভাবে সাহায্য করা যাবে। আর একটা কথা বলব। সেটা হচ্ছে চাষীদের যদি নিজেদের পায়ে দাঁড় করাতে হয় তাহলে তাদের মহাজনদের কবল থেকে উদ্ধার করতেই হবে, একথা আমার আগেরও একজন বক্তা বলে গিয়েছেন এবং সকলেই এটা স্বীকার করবেন। কিন্তু আজ পর্যন্ত এদিকে কোন বলিষ্ঠ পদক্ষেপ দেখা যাচ্ছে না। কৃষি বিভাগ থেকে কয়েক রকমের ঋণ চাষীদের দেওয়া হয়, জেলা সমবায় ব্যাঙ্ক থেকেও কিছু কিছু ঋণ দেওয়ার ব্যবস্থা আছে। কিন্তু প্রয়োজনের তুলনায় এগুলি কিছুই নয়। এই ঋণগুলির পরিমাণও কম এবং অধিকাংশ ক্ষেত্রে এগুলি সর্টটার্ম লোন। কাজেই প্রতি জেলায় ল্যান্ড মর্টগেজ ব্যাঙ্ক প্রতিষ্ঠা করে চাষীদের প্রয়োজন মত লংটার্ম লোন দেওয়ার ব্যবস্থা করা একান্ত দরকার। আমি যেটুকু জানি তাতে আমাদের জেলায় এই ব্যাঙ্ক এখনও প্রতিষ্ঠিত হতে পারেনি, তার প্রধান কারণ, আমাদের জেলায় রায়ত জমি হস্তান্তর সম্পর্কে কতকগুলি আইনগত বাধা আছে। সেই বিধিনিষেধ অবশ্য আইনগত উপায়েই আইন পরিবর্তনের দ্বারা সহজেই অতিক্রম করা যেতে পারে। আমি শুধু এখানে বলবো, এ বিষয়ে আর বিলম্ব করা উচিত হবে না। এই বলে আমি আমার ভাষণ শেষ করছি।

[6—6-10 p.m.]

**Shri Binode Behari Maji:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে একথা স্পষ্ট যে পশ্চিম বাংলায় খাদ্যাভাব দিনের পর দিন বেড়ে চলেছে এবং এ বছরে খরার জন্য এই খাদ্যাভাব তীব্র আকার ধারণ করেছে। এই খাদ্যাভাব দূর করতে হলে কৃষির সর্বাংগীন উন্নতির একান্ত প্রয়োজন এবং সর্বাঙ্গীন উন্নতি করতে হলে সর্বাধিক গুরুত্ব দেওয়া উচিত সেচ ব্যবস্থার উপর। এই প্রসংগে সেচ ব্যবস্থার অসুবিধার জন্য আমাদের বাঁকুড়া জেলার কথা কিছু আমি বলতে চাই। আপনারা সকলেই জানেন যে, এই বাঁকুড়া জেলা কিছুদিন পূর্বেও উদ্বৃত্ত জেলা বলে পরিচিত ছিল। গত বছর বর্ষার প্রারম্ভে বৃষ্টিপাত ভাল হওয়ার ফলে মাঠে ফসলও ভাল হয়েছিল, কৃষকদের মনে আনন্দ ধরে না, কিন্তু বর্ষার শেষ দিকে বিধাতা বিরূপ হলেন। ভাদ্র মাস গেল, আশ্বিন মাস গেল, এক পশলা বৃষ্টিও পড়লো না, কৃষকরা আকাশের দিকে চাতকের মত এক পশলা বৃষ্টির জন্য চেয়ে রইলো কিন্তু হায়, এক পশলা বৃষ্টিও পড়লো না। এই বৃষ্টি না পড়ার ফলে পুকুরেতে যেটুকু জল ছিল তা সমস্ত শুকিয়ে গেল। পুকুরে যেটুকু জল ছিল তা কৃষকরা পাম্প এবং অন্যান্য দ্বারা তুলে তাদের একমাত্র বাঁচার সম্পদ সেই মাঠের ফসলকে বাঁচাবার চেষ্টা করেছিল কিন্তু সমস্ত পুকুর শুকিয়ে গেল, ফসল বাঁচলো না। ফলে আজ সেখানে বাঁকুড়া জেলায় দুর্ভিক্ষ এবং তীব্র জলকষ্ট দেখা দিয়েছে। এই যে বিপর্যয় বাঁকুড়া জেলায় ঘটলো আজকে যদি সেখানে সেচের সুব্যবস্থা থাকতো তাহলে এই বিপর্যয় ঘটতো না। সেজন্য আমি আবার বলছি যে, কৃষির সর্বাংগীন উন্নতি করতে হলে সেচের সু-ব্যবস্থার উপর সর্বাধিক এবং প্রথম গুরুত্ব দেওয়া একান্ত কর্তব্য। হয়ত অনেকের ধারণা আছে যে কংসাবতী প্রকল্প বাঁকুড়া জেলায় হয়েছে তাতে সমস্ত দুরবস্থা দূরীভূত হয়েছে, কিন্তু আমি জানি বাঁকুড়া জেলায় কংসাবতী পরিকল্পনা এবং ডি ভি সি-তে কয়েকটি থানা ছাড়া সেখানে বহু থানায় সেচের সুরাহা হয় নি। আজকে বাঁকুড়া জেলার উত্তরাংশে এবং দক্ষিণ-পশ্চিম অংশের একমাত্র চাষীদের সম্বল হল পুকুর। পুকুরের জল ছাড়া সেখানে চাষ করা অসম্ভব। আমি সেজন্য বলতে চাই সেখানে বিশেষ ব্যবস্থা গ্রহণ করা একান্ত প্রয়োজন। সেচের পরেই এই খাদ্য উৎপাদন বৃদ্ধি করতে হলে চিন্তা করতে হবে সারের কথা, চিন্তা করতে হবে কৃষিঋণের কথা, চিন্তা করতে হবে কৃষকের কথা। আমি এ প্রসংগে খরাক্লিষ্ট বাঁকুড়া জেলার কৃষকের কথা কিছু বলতে চাই। বাঁকুড়া জেলা অন্যান্য বছর অন্যান্য বিভিন্ন জেলার অধিবাসীদের মুখে অন্ন যুগিয়েছে, আজকে সেই বাঁকুড়া জেলায় খাদ্যাভাব দেখা দিয়েছে। আজকে কৃষকদের ঘরে ধান নেই, তারা খাদ্যাভাবের জন্য তাদের বীজ ধানটুকু পর্যন্ত খেয়ে ফেলেছে, চাষের বলদ পর্যন্ত বিক্রি করে দিতে বাধ্য হয়েছে। আজকে যে কৃষিঋণ দেওয়া হচ্ছে সেই কৃষিঋণ সম্বন্ধে আমি একটা ব্লকের কথা যদি দৃষ্টান্তস্বরূপ বলি তাহলে আপনারা বুঝতে পারবেন যে সেই কৃষিঋণ কত নগণ্য। একমাত্র ইনপুর ব্লকে আমাদের দাবী ছিল পাঁচ লক্ষ টাকা কিন্তু বর্তমান সরকার সেখানে দিয়েছেন মাত্র ৪০ হাজার টাকা, প্রতিশ্রুতি দিয়েছেন পরে আরো ৪০ হাজার টাকা পাওয়া যাবে। খরাক্লিষ্ট চাষীদের পক্ষে এই

যে কৃষিঋণ এটা অত্যন্ত নগণ্য। আজকে যদি দেশের উন্নতি করতে হয়, আজকে যদি দেশের খাদ্যাভাব দূর করতে হয় তাহলে এই কৃষকদের কথা বিশেষ করে চিন্তা করতে হবে। বর্তমান বাজেটে কৃষিখাতে এবং সেচখাতে কিছু বেশী টাকা বরাদ্দ করা হয়েছে, তবে দুঃখের সঙ্গে জানাচ্ছি যে, যে বাঁকুড়া জেলার কৃষিই হচ্ছে একমাত্র জীবিকা, যেখানে কোন শিল্প নেই, যেখানে কৃষি ছাড়া আর কোন বাঁচবার সংস্থান নেই, সেখানে সেই কৃষির জন্য কোন সুপরিকল্পিত সেচ ব্যবস্থা বা কৃষকদের বলদের জন্য ঋণের কোন বিশেষ ব্যবস্থা এই বাজেটে নেই। বাঁকুড়া জেলার কৃষির উন্নতির জন্য আজকে আমি এখানে কয়েকটি প্রস্তাব রাখতে চাই। সেখানে কৃষির উন্নতি করার জন্য প্রথমে করা দরকার ক্ষুদ্র এবং বৃহৎ সেচ পরিকল্পনা, যেমন দ্বারকেশ্বর নদী এবং উপনদী যা আছে তার মধ্যে বাঁধ দিয়ে সেচের ব্যবস্থা করা। সেখানে ব্যবস্থা করার প্রয়োজন যেসমস্ত কংসাবতী প্রজেক্টের মেন ক্যানেল আছে তার থেকে আরো কিছু ব্রাঞ্চ ক্যানেল নিয়ে গিয়ে উপযুক্তভাবে যাতে জল পায় তার ব্যবস্থা করা। সেখানে লিফট ইরিগেশনের দ্বারা সেচের ব্যবস্থা করা দরকার। আমাদের ওখানে যেসব জায়গায় নলকূপ হবে না, সেখানে ব্যাপকভাবে গভীর নলকূপ খনন করে পার্শিয়ান হুইল দিয়ে সেচের ব্যবস্থা করা উচিত। গতবারে আমরা জানি প্রাক্তন সরকার বহু পাম্পিং সেট সাবসিডাইসড রেটে দিয়েছিলেন, তার ফলে বহু জায়গা বাঁকুড়া জেলায় যেটুকু শস্য হয়েছে তা ঐ পাম্পিং সেট দেওয়ার ফলে হয়েছে। সেজন্য আমি বলবো পাম্পিং সেট সাবসিডাইসড রেটে বা বিনামূল্যে ব্যাপকভাবে দেওয়া হোক, সেইসমস্ত খরাক্লিষ্ট কৃষকদের ব্যাপকভাবে কৃষিঋণ, উন্নত বীজ ধান এবং বিনামূল্যে সার দেওয়া একান্ত কর্তব্য বলে আমি মনে করি। আমি আবার অনুরোধ করছি যে আমি এই যে প্রস্তাবগুলি দিলাম এই প্রস্তাবগুলি যদি অনতিবিলম্বে গ্রহণ করা হয় এবং গ্রহণ করে তা যদি কার্যকরী করা হয় তাহলে আমার দৃঢ় বিশ্বাস এই খরাক্লিষ্ট বাঁকুড়া জেলা, কঙ্করময় বাঁকুড়া জেলা পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলার মানুষের মুখের অন্ন জোগাতে সমর্থ হবে। মাননীয় খাদ্যমন্ত্রীকে এই সমস্ত প্রস্তাবগুলিকে কার্যকরী করবার অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-10—6-20 p.m.]

**Shri Md. Abdul Latif:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বাজেটের উপর যে সাধারণ আলোচনা হয়ে গেল, তাতে আমি অংশগ্রহণ করতে পারিনি, সুতরাং আজকে মাননীয় কৃষি মন্ত্রী তাঁর কৃষিখাতে যে ব্যয়বরাদ্দ এনেছেন তার সম্বন্ধে বলবার এবং তাকে সমর্থন জানাবার আগে আমি দু-একটা কথা বলতে চাই। আমাদের মাননীয় অর্থ মন্ত্রী যে বাজেট এখানে পেশ করেছেন আমি তাকে সর্বতোভাবে সমর্থন করছি এবং তার সাথে সাথে আর কয়েকটা কথা বলতে চাই। সেটা হচ্ছে আমরা দেখি বিরোধী সদস্যদের শুধু বাজেট বিরোধীতা নয়, আজকের সেশনে এই হাউস-এর মধ্যে নয়, গত দুটি সেশনে এই হাউস-এর মধ্যে এবং বাইরে তাদের যে আচরণ আমরা লক্ষ্য করেছি তার সম্বন্ধে কিছু বলতে চাই। আমি শুধু একটি মন্তব্য করব। বিশ বছর ধরে কংগ্রেসের শাসক হিসাবে তাদের যে ভূমিকা ছিল তা ছিল নবঘাতী আর আজকে বিরোধী হিসাবে তাদের ভূমিকা হচ্ছে আত্মঘাতী। তাঁরা যদি মনে করেন যে বাজেটের বিরোধীতা করে বা নানারকম পাঁয়তারা কষে বা হাউসের বাইরে নানা ধরনের ষড়যন্ত্র করে তারা আবার বাংলাদেশের মানুষের মন জয় করবেন তাহলে আমি বলছি সেটা আর হবে না। এটা আমি গায়ের জোরের কথা বলছি না। ইতিহাসের শিক্ষা এই বলে। যাই হোক, স্পীকার মহোদয়, আপনার মারফতে আমি দু-একটা কথা এখানে রাখতে চাই। এই কৃষির ব্যাপারে ১৯৫২-৫৩ সাল থেকে ১৯৫৯-৬০ সাল পর্যন্ত কংগ্রেসী আমলে জমির পরিমাণ তারা যা ইচ্ছে করেছেন তার হার এক পার্সেন্ট এবং উৎপাদনের হার হচ্ছে ২·৬ পার্সেন্ট। ১৯৫০-৫১ সাল থেকে ১৯৫৯-৬০ সালের মধ্যে একর প্রতি জমির ফসল কমে গিয়েছে— তার হিসাব হচ্ছে ১৯৫২-৫৩ সালে যেখানে একর প্রতি জমির ফলন ছিল ১২ মণ, ২৫ সের, ১৯৫৫-৫৬ সালের ১১ মণ ১৩ সের। ১৯৬২-৬৩ সালে আমাদের বাংলা দেশে জমির যে আবাদ তার হিসাব থেকে দেখতে পাই শতকরা ৪·৩ পার্সেন্ট আবাদযোগ্য জমি আবাদ হয় নি। এই হচ্ছে কৃষির জন্য তারা যা করেছেন। এসব আমাদের ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে বলছি। কিন্তু আশ্চর্যের ব্যাপার ও'রাই আজ দুর্ভিক্ষ বলে চীৎকার শুরু করেছেন। বিশ বছর ধরে আপনারা দাবী করে এসেছেন যে আমাদের শিশু রাষ্ট্র চলতে পারে না হামাগুড়ি

দিচ্ছে কিন্তু আজ এই তিন চার মাসে এই যুক্তফ্রন্ট সরকার হয়েছে আজ তারাই নাকি দুঃভিক্ষ সৃষ্টি করেছে। এ দাবী আপনারা এখানে করতে পারেন—গায়ের জোরে করতে পারেন কিন্তু বাংলাদেশের মানুষকে তা বোঝাতে পারবেন না। এ বিশ্বাস আমি করি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিশ বছর কংগ্রেসী কুশাসনের ফলে বাংলা দেশে কৃষিতে যে সমস্যা দেখা দিয়েছে তা হচ্ছে একই সূত্রে গ্রথিত তিনটি সমস্যার সমষ্টি। প্রথম সমস্যা মানুষের সাথে মানুষের সম্পর্ক। দ্বিতীয় হচ্ছে জমির সাথে কৃষকের সম্পর্ক এবং তৃতীয় সমস্যা হচ্ছে প্রকৃতির সাথে মানুষের সম্পর্ক। প্রথম মানুষের সাথে মানুষের সম্পর্ক সম্বন্ধে এখানে অনেকগুলি কথাই রাখা হয়েছে। আমি শুধু এই বলব বিশ বছর কংগ্রেসী প্রবঞ্চনা এবং যে রেজিম তারা করে এসেছে তার ফলে গ্রামাঞ্চলের মানুষের সাথে মানুষের সম্পর্ক এমন পর্যায়ে পৌঁচেছে যেখানে সমষ্টিগত কোন সহ-যোগীতা বা প্রচেষ্টা পাওয়া প্রায় দুষ্প্রাপ্য হয়ে দাঁড়িয়েছে। সুতরাং যদি সেই সম্পর্কের আমূল পরিবর্তন না করা যায় যে অনাস্থা আজকে এবং বিশেষ করে কৃষিমন্ত্রীকে এই কথা স্মরণ রাখতে বলব যে তার ডিপার্টমেন্ট-এর যেসমস্ত কর্মচারী আজকে গ্রামাঞ্চলের মানুষের আস্থা অর্জন করতে পারেন নি। তাদের এগ্রিকালচারাল এক্সটেনশান অফিসার যারা আছেন তারা কিছু পুঁথি-গত বিদ্যা শিখে এসেছেন কিন্তু হাতেনাতে তাদের কোন অভিজ্ঞতা নাই। সেই পুঁথিগত বিদ্যা যে-ভাবে তারা জাহির করতে চান তার ফলে আমি নিজে দেখেছি সেখানে সম্পর্কের অবনতি ঘটেছে। জমির সাথে মানুষের সম্পর্ক বিশেষ করে এই বাংলা দেশে আমরা দেখেছি যে এই কংগ্রেসী আমলে জমিদারি উচ্ছেদের নামে ভূমি সংস্কারের নামে তারা এক বিরাট সমস্যার সৃষ্টি করে গিয়েছেন এবং সেখানে আজকে এই মুহূর্তে আমরা আইনসভাতে সিদ্ধান্ত করেছিলাম যে কোন বর্গাদার উচ্ছেদ হবে না। কিন্তু আজকে ব্যাপক আকারে বর্গাদার উচ্ছেদ হচ্ছে। এবং সে একটা বিরাট সমস্যার সৃষ্টি করেছে। যারা জমি চাষ করবেন তাদের হাতে যদি জমি না দেওয়া যায় তাহলে কৃষি উৎপাদনের কথা যা বলা হচ্ছে টাকার ব্যাপাব নয়, সেই সমস্যার সমাধান না করতে পারলে অন্যভাবেও আমরা কিছু করতে পারব না। প্রকৃতির সঙ্গে যে সম্পর্ক তার একটি দিকে আমাদের এখানে বিশেষভাবে আকর্ষণীয় সেটা হচ্ছে সেচ ব্যবস্থার কথা। সেচ ব্যবস্থায় কিছু কিছু বড় বড় কাজ করা হয়েছে। এই সেচ ব্যবস্থা সম্পর্কে বর্তমানে যে প্রশাসনিক ব্যবস্থা রয়েছে আমি মনে করি সে প্রশাসনিক বব্যস্থা সম্পূর্ণভাবে অযোগ্য ইরেশনাল সেটা কোন কার্যকরী হতে পারে না। আজকে আমরা দেখছি সেচ ব্যবস্থা তিনটি ডিপার্টমেন্টে ভাগ হয়ে রয়েছে। প্রথম ল্যান্ড অ্যান্ড ল্যান্ড রেভিনিউ তারপর ইরিগেশান এবং কৃষি বিভাগ। এই তিনটিকে একসঙ্গে যুক্ত করে এক ডিপার্টমেন্ট-এর মধ্যে নিয়ে আসা উচিত এবং তা করতে পারলে যেটা কো-অর্ডিনেশানের কথা বলা হয়েছে সেখানে আমি বলছি কো-অর্ডিনেশানের নয় এগুলিকে যুক্ত করলে সেচ ব্যবস্থা উন্নতি সম্ভবপর হতে পারে এবং সেচ ব্যবস্থায় বড় বড় কতক-গুলি প্রোজেক্ট করলেই চলবে না। আমাদের দেশে তা হয়েছে কিন্তু সেগুলি দিয়ে আমাদের দেশে সেচ ব্যবস্থার সমস্যার সমাধান হয় নি। আমাদের গ্রামাঞ্চলে যেসমস্ত পুকুর খাল বিল ইত্যাদি রয়েছে তার আমূল সংস্কার সাধন করা দরকার, তার ফলে শুধু মাছের সমস্যার সমাধান হবে না, পাণীয় জলের যে কষ্ট রয়েছে তারও সমস্যার সমাধান হবে এবং সেচ ব্যবস্থাকে সাহায্য করবে। সুতরাং এগুলি করা একান্ত দরকার। সাধারণ কথা ছাড়া আমি আমার কেন্দ্র সম্বন্ধে একটি কথা বলবো। আমার কেন্দ্র চণ্ডীতলা হুগলী, একটা ঘাটতি এলাকা। সেখানে উল্লেখ-যোগ্য সবচেয়ে বড় সমস্যা হচ্ছে জলসেচের সমস্যা। যদি সেই ব্যবস্থা সরকার করে দিতে পারেন তাহলে ভাল হয় এবং তার জন্য আমরা কয়েকটি স্কীম আগেই দিয়ে রেখেছি। আমি বিশেষ করে আমাদের মাননীয় কৃষিমন্ত্রীকে বলবো তিনি যেন এটা বিশেষ আগ্রহ সহকারে এই স্কীমগুলি দেখেন এবং কার্যকরী করেন। আমার কেন্দ্রের মধ্যে সরস্বতী নদী যে নদীটা এক কালে বিরাট নদী ছিল বর্তমানে সেটা মজে এসেছে তার আমূল সংস্কার করা দরকার এবং তার সঙ্গে যে স্কীমগুলি দেওয়া হয়েছে তার যদি আমূল সংস্কার করা হয় তাহলে আমার এই বিশ্বাস আছে যে সেটি শুধু আমাদের ঘাটতি এলাকা চণ্ডীতলার মানুষকেই খাওয়াবে না, বাংলাদেশের অন্যান্য স্থানের মানুষকে খাওয়াতে সক্ষম হবে। কৃষি উৎপাদন বাড়াবার কথা বলতে গিয়ে আর একটা জিনিস বিশেষ দরকার সেটা হচ্ছে যে কৃষককে তার কৃষিজাত দ্রব্যের ন্যায্য দাম দিতে হবে। শুধু ধান চাল বা পাটের দর বেঁধে দিলে হবে না—আলু এবং অন্যান্য যা রয়েছে তার দামও বেঁধে

দিতে হবে এবং তা যদি করা হয় তাহলে কৃষকরা উৎসাহ পাবে এবং কৃষি উৎপাদন না হলে দেশকে জাতিকে বাঁচানো যাবে না এই আমার বক্তব্য।

[6-20—6-30 p.m.]

**Shri Quazi Abdul Caffar:**

মাননীয় ডেপ্রটি স্পীকার মহাশয়, আজ শ্রদ্ধেয় খাদ্যমন্ত্রী প্রফ্লচন্দ্র ঘোষ মহাশয় কৃষির জন্য যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন সে সম্পর্কে বলতে গিয়ে আমার ওপাশের বন্ধ্রা সেটা সমর্থন করতে গিয়ে অযথা আমাদের উপর দোষারোপ ও গালিগালাজ দিয়েছেন। তাঁরা বলছেন বিশ বছর ধরে কংগ্রেসের কুশাসনে দেশের কৃষির কোন উন্নতি হয়নি। কিন্তু আমি আমার বন্ধ্দের কাছে জানতে চাই যে হাজারের উপর যে ডিপ টিউবওয়েল হয়েছে সেটা বাংলাদেশের লোক চোখে দেখছে—লক্ষাধিক যে স্যালো টিউবওয়েল হয়েছে কৃষির জন্য সেচের জন্য যেটা বাংলাদেশের লোক সবসময় টের পাচ্ছে সেগ্লি কি আপনারা অস্বীকার করেন। যেখানে কংসাবতী এবং ময়্রাক্ষী প্রকল্প কাজে লাগছে, যেখানে ডি ভি সি-র কাজ হয়েছে যার দ্বারা লক্ষ লক্ষ একর জমিতে কৃষির ব্যবস্থা হয়েছে সেটাকে চোখে দেখে এবং তার সত্ব ভোগ করে আমাদের বিরোধী বন্ধ্রা কি করে এই বাস্তব সত্যকে অস্বীকার করছেন তা আমরা ভেবে পাচ্ছি না। আমার আগে আমাদের মিঃ লতিফ তিনি আমাদের বললেন আমরা নাকি নরঘাতক আমরা আত্মঘাতক। বাজেটে কৃষির জন্য যে ব্যয়বরাদ্দ পেশ করা হয়েছে তা নরঘাতক আত্মঘাতকরা মহাশয় কি করবে? আমাদের বারি সাহেব বলেছেন কিছ্ই হয় নি—বিশ বছর ধরে আমরা সব শোষণ করে নিয়েছি। যেগ্লি টের পাচ্ছেন সেগ্লিও কি আপনারা অস্বীকার করেন। যা হোক আমার সময় অল্প আমি আমাদের শ্রদ্ধেয় মন্ত্রিমহাশয়কে চাষের জন্য দ্-একটা সাজেশন দিচ্ছি উন্নতির জন্য, কারণ আমি নিজে চাষী এবং আমি পাড়াগায়ে থাকি—আমার দীর্ঘ দিনের যে অভিজ্ঞতা আছে সেই নিয়ে আমি দ্-একটা কথা বলে আমার বক্তৃতা শেষ করবো।

উন্নত বীজের দরকার, সারের দরকার এটা অনেকেই বলেছেন এটা অনস্বীকার্য। আমাদের দেশে অনেক সময় দেখা যায় ভাল ফসল সামনে এসেছে—কিন্তু সেই ফসল হারেভস্ট হবার আগে পোকামাকড়ে নষ্ট করে দেয়। কংগ্রেস শাসনে এই পোকামাকড়ের উপদ্রব থেকে ফসলকে রক্ষা করার জন্য নানারকম প্রতিষেধক ঔষধ এবং যন্ত্রপাতি ব্যবহারের ব্যবস্থা করা হয়েছে। আমি নিজে একটা আঞ্চলিক পরিষদের প্রেসিডেন্ট ছিলাম বাদ্ড়িয়া আঞ্চলিক পরিষদ। আমি গত এপ্রিল মাসে সেই ব্লকে গিয়ে স্পেয়ার মেশিনের জন্য বলেছিলাম আমাকে একটা স্পেয়ার মেসিন দিন—তাঁরা বললেন মহাশয়, এখন আর স্পেয়ার মেসিন নেই। আমরা পোকামাকড় দ্র করার জন্য ঔষধ চেয়েছিলাম তাঁরা বললেন নেই, আমাদের অল্প আছে আমরা আপনাদের দিতে পারবো না। যা হোক খাদ্যমন্ত্রীর কাছে এই অন্রোধ যেন তিনি পর্যাপ্ত ইমপ্লিমেন্টস ও প্রতিষেধক ঔষধপত্র সরবরাহ করার ব্যবস্থা করেন। আর চাষীদের বর্তমান দ্রবস্থার—অর্থের অতি অভাব অর্থের অভাবে ভালভাবে তারা চাষ করতে পারে না এবং তাদের চাষ করা দ্রের কথা চাষের সময় তাদের খোরাকীও থাকে না। এখন যা ব্যবস্থা আছে, তাতে ছোট কৃষককে মাত্র ৫০ টাকা দেবার ব্যবস্থা আছে ঋণ স্বর্প এবং বড় কৃষককে ৩০০ টাকা পর্যন্ত ঋণ দেবার ব্যবস্থা আছে। এই যে লিমিট—এই লিমিটটাকে বাড়িয়ে দেবার ব্যবস্থা করুন। আমার এলাকায় একটা বন্ধ জলা আছে যেখানে প্র্বে চাষ হোত, আজ ১৮ বছর ধরে ২০ হাজার একর জমি জলে ডুবে আছে এবং সেই পরিকল্পনা যেটা শিয়ালদাগাং বলে নেওয়া হয়েছে দীর্ঘদিন আগে সেটার কাজ আরম্ভ হবার কথা ছিল। আমাদের ম্খ্যমন্ত্রী ১৯৫৭ সালে যখন সেচমন্ত্রী ছিলেন তখন তিনি ঐ এলাকায় গিয়ে কথা দিয়েছিলেন যে সংস্কার করা হবে কিন্তু আজ ১৯৬৭ সাল পর্যন্ত সেটা হয় নি। আমার অন্রোধ খাদ্যমন্ত্রীর কাছে যে খাদ্যে যদি ঐ এলাকাকে স্বয়ংসম্প্র্ণ করতে হয় যদি এই বিশ হাজার একর জমির জলটা বর্তমানে পাম্প করে দিয়ে নদীতে ফেলা হয় তাহলে বিশ হাজার একর জমিতে ধানের চাষ হতে পারে এই নিবেদন রেখে আমি আমার বক্তৃতা শেষ করছি।

**Shrimati Nanda Rani Dal:**

মাননীয় স্পীকার মহাশয়, আজকে আমরা এই বিধানসভায় এমন একটা গ্র্ত্বপ্র্ণ বিষয় নিয়ে আলোচনা করছি যে বিষয়টি আজকে দেশের পক্ষে খ্ব মারাত্মক। শ্ধ্ দেশ নয়, আজকে

জাতির পক্ষে একটা গুরুত্বপূর্ণ সমস্যা। কারণ ২০ বছর ধরে কৃষির প্রতি অবহেলার ফলে আজকে যে চতুর্দিকে খাদ্যসঙ্কট দেখা দিয়েছে এটা তার একটা ফল। দীর্ঘ ২০ বছর ধরে কংগ্রেস সরকার এটা চেষ্টা করেছে যে কৃষির উপর জোর না দিয়ে আমেরিকান সাম্রাজ্যবাদীর কাছ থেকে খাদ্য নিয়ে দেশের খাদ্য সমস্যার সমাধান করবো। কিন্তু তাদের এই যে নীতি তা কতখানি ভ্রান্ত তা এই চরম খাদ্যসঙ্কটের দিনে প্রমাণিত হয়ে গেছে। কাজেই যদি সত্যিকারের কৃষি-সমস্যার সমাধান করতে হয় যদি উৎপাদন বাড়াতে হয়, যদি জাতিকে আজকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করতে হয় তাহলে এর একমাত্র সমাধান হচ্ছে এই মধ্যযুগীয় যে ভূমিব্যবস্থা তার আমূলে পরিবর্তন। কারণ আজকে আমরা কি দেখছি—আমরা দেখছি কৃষকের অবস্থা আজকে খুব শোচনীয় হয়ে পড়েছে। বিরোধীপক্ষ থেকে বলছেন যে যুক্তফ্রন্ট সরকার কৃষককে ঋণ দেয়নি। কিন্তু বিশ বছর ধরে বিদায়ী কংগ্রেস সরকার কি করে এসেছেন তার এমন নমুনা আছে যে কৃষককে ঋণ দিয়েছেন, তা শোধ করতে পারেনি বলে তার হাল বলদ নিলামে বিক্রি করেছে এই হচ্ছে কংগ্রেস সরকারের নীতি। আমাদের যুক্তফ্রন্টের পক্ষ থেকে কৃষি মন্ত্রী যে ব্যয়বরাদ্দের হিসাব পেশ

[6-30—6-40 p.m.]

করেছেন তাকে সমর্থন করে আমি কয়েকটা কথা আপনার কাছে পেশ করছি। আজকে আমাদের যদি খাদ্য সমস্যার সমাধান করতে হয় তাহলে সেচের উপর জোর দিতে হবে এবং ব্যাপকভাবে ছোট ছোট সেচ যাতে চালু করা যায়, বড় বড় সেচ যেখানে করা যায় সেখানে যাতে সঠিকভাবে কাজে লাগান যায় সেদিকে লক্ষ্য রাখবেন। কারণ আমরা জানি মেদিনীপুর জেলার ঘাটাল মহকুমায় রিভার পাম্প যা আছে সেই রিভার পাম্পের মধ্যে ৪-৫টা পাম্প এর মধ্যে একটি পাম্প থেকে জল দেওয়া হয়। বাকি মেসিন অকেজো হয়ে পড়ে আছে। কাজেই চারদিকে রিভার পাম্প বসান আছে কিন্তু কাজ দিচ্ছে না এদিকে যেন দৃষ্টি দেন। শুধু তাই নয়, কৃষকরা যাতে প্রয়োজনীয় ঋণবীজ পেতে পারে সেদিকে দৃষ্টি দিতে হবে। আজকে ঋণের বোঝায় তারা জর্জরিত, যদি আমরা কৃষকদের ঋণমুক্ত করতে পারি তাহলে কৃষকরা উৎসাহিত হবে। আমি এদিকে খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কৃষকদের যে সার দেওয়া হয় সে সারের সঙ্গে বালি মিশান ভেজাল সার দেওয়া হয়। ঘাটালে একজন ব্যবসায়ী সারের সঙ্গে বালি দেওয়ায় তাকে ধরা হয়েছিল কিন্তু কংগ্রেসী এমন আইন যে চাষী ধরলো তারই সাজা হল। আমি অনুরোধ করবো যে চাষীদের সহযোগিতার পরিবর্তে যারা তাদের ধ্বংসের দিকে ঠেলে দেবে সেসমস্ত ব্যবসায়ীদের যেন পি ডি অ্যাক্ট-এ ধরা হয়। তারপর আরো যে কতকগুলি অসুবিধা আছে সেটা যেন দূর করা হয়। তারা যে ঋণ নেয় সে ঋণ যদি তারা ঠিকসময় বা প্রাকৃতিক দুর্যোগের জন্য শোধ না করতে পারে তাহলে পরবর্তী বৎসরে তারা ডিফল্টার হয়—অর্থাৎ ঋণ পায় না। আজকে কৃষকরা যাতে প্রয়োজনের সময় ঋণ পায় সেদিকে দৃষ্টি দিন। হালের বলদ অনেক কৃষক কিনতে পারে না। বলদ কেনার জন্য যে ঋণ সরকার পক্ষ থেকে দেওয়া হয় সে ঋণের কতকগুলি নিয়ম আছে, নয় বিঘা জমি হলে তাকে দেওয়া হবে। অনেক ভাগচাষী ন্যায্য জমি নেই বলে হালের বলদ কিনতে পারে না। চাষের সময় বলদ কেনার জন্য তারা যাতে ঋণ পায় বিনা সর্তে সরকার সেদিকে যেন জ্ঞান রাখেন। সব শেষে সরকারের কাছে অনুরোধ করবো আজকে যে একচেটিয়া মালিকানা আছে তার বিলোপ সাধন করে ভূমিহীন কৃষকদের যাতে জমি দেওয়া যায় সেদিকে যেন দৃষ্টি দেন। এই বলে আমি শেষ করছি।

**Shri Bankim Chandra Sasmal:**

স্পীকার মহাশয়, আজকে খাদ্যমন্ত্রী যে বাজেট পেশ করেছেন সে বাজেটকে পুরোপুরি যদি সমর্থন করতে পারতাম তাহলে আমার চেয়ে কেউ বেশী আনন্দিত হত না। কিন্তু এমন কতকগুলি জিনিস এর মধ্যে আছে এরূপ কতকগুলি ত্রুটি আছে যাতে আমরা এই বাজেট আলোচনা করতে উঠেছি। অবশ্য আলোচনা সমস্ত বাজেট বাতিল করে দেবার আলোচনা নয় আমরা টোকেন কাট মোশান এনেছি, আজকে গ্র্যান্ট-এর মধ্যে দেখছি বাজেটের কতকগুলি হিসাব দেওয়া হয়েছে যা ১৯৬৫-৬৬ সালের অ্যাকচুয়াল হিসাব দেওয়া হয়েছে অথচ সেখানে বাজেটের সঙ্গে বাজেট অনুযায়ী কতখানি কাজ হচ্ছে তার গ্র্যাফিক ফিগার ঠিক দেওয়া হয় নি। আমরা নূতন মেম্বার এসেছি ঠিক ফিগার যদি বাজেট প্রপোজাল-এর মধ্যে না পাই, সত্যকারের উন্নতি হয়েছে কি না সেটা বোঝা যাচ্ছে না। কতকগুলি কাজ ইমপ্রুভমেন্ট অফ এগ্রিকালচার স্কীম-এ ২২ লক্ষ টাকা

ধরা হয়েছে। সেখানে নানারকম যন্ত্রপাতি দেবার ব্যবস্থা হয়েছে। সে যন্ত্রপাতি ব্লক-এ দেওয়া হচ্ছে ঠিকই, কিন্তু সেই যন্ত্রপাতি সারাবার কোন ব্যবস্থা নেই। বাজেটের একটা হেড-এ দেখছি যন্ত্রপাতি সারাবার জন্য কারখানা করা হয়েছে কিন্তু যাতে সেখান থেকে উপযুক্ত কারিগর বের হয় এবং সারাবার ব্যবস্থা হয় তাহলে সুবিধা হবে। বাজেট-এ যে সমস্ত অ্যালটমেন্ট করা হয়েছে সেগুলোতে সত্যিকারের কৃষির উন্নতির জন্য ব্যয়িত হবে কিনা সে বিষয়ে সন্দেহ আছে। বাজেটের সাধারণ আলোচনায় বলেছিলাম যে সরকারের কাজে অনেক টাকা অপব্যয় হয়, বিশেষ করে ডাইরেকশান এবং সুপারিনটেন্ডেন্স-এর কাজে বেশী খরচ হয়। আমি ধন্যবাদ দেবো আমাদের কৃষিমন্ত্রীকে যদি তিনি সত্যই একটু আগে যা বলেছেন তাঁর ডাইরেকটারদের তিনি মফঃস্বল শহরে পাঠিয়ে দেবেন। মফঃস্বলে বেশী করে তাদের পাঠিয়ে দিন। তাঁরা যে শিক্ষা পেয়েছেন তাতে তাঁদের ফাইলে নোট লেখার জন্য বসিয়ে রাখবেন কেন? তার জন্য তো কেরানী দেওয়া যায়। যারা বিশেষজ্ঞ তাদের গ্রামে গ্রামে ছড়িয়ে দিতে হবে, তারা পাখার তলায় বসে বসে পরিকল্পনা করবেন, কিন্তু তার কি হচ্ছে দেখবেন না? মার্কেটিং ডিপার্টমেন্ট-এ ১০ লক্ষ ৬০ হাজার ৬৩৮ টাকা ধরা হয়েছে ক্লার্ক-এর বেতন ইত্যাদি দেওয়া এর মধ্য থেকেই হবে। আমরা ঠিক অ্যাপ্রিসিয়েট করতে পাচ্ছি না যে এটা কিসের জন্য খরচ করা হচ্ছে। যদিও কতকগুলি প্লান দেওয়া হয়েছে কি কি করা হবে। জিনিসপত্রের মান কি হবে, সেই মানের স্ট্যান্ডার্ডাইস করা হবে এর জন্য বাজেট করা হবে, কিন্তু আমি বলবো এ বরাদ্দগুলি গ্রামে আরও বেশী ডিপ টিউবওয়েলের জন্য খরচ করুন। আমাদের ডিপ টিউবওয়েল অনেকগুলি করা হয়েছে কিন্তু এখনও পর্যন্ত সেগুলি ইলেকট্রিফায়েড করা হয় নি। সে কাজ যাতে হয় তার ব্যবস্থা করা দরকার, ট্যাঙ্ক ইমপ্রুভমেন্টের জন্য কিছু টাকা বরাদ্দ হয়েছে, কিন্তু ট্যাঙ্ক ইমপ্রুভমেন্টের নিয়ম পরিবর্তন করুন ট্যাঙ্ক ইমপ্রুভমেন্টের জন্য সাধারণ চাষীরা ট্যাক্স দিতে বাধ্য হয়। কিন্তু যারা মালিক যাদের ট্যাঙ্ক তারা কিছু দেন না। কাজেই মালিককে টাকা দিতে হবে। যে ট্যাঙ্কের ইমপ্রুভমেন্ট হবে সর্ত হবে সত্যকারের কৃষিজীবি যদি ট্যাঙ্ক থেকে জল নেয় তাহলে সেই টাকা সরকারী তহবিলে আসবে এবং মালিক জমা দেবেন তা আদায় করে নিয়ে। এটা যদি হয় তাহলে অনেক টাকা বেঁচে যাবে। স্মল ইরিগেশন সম্বন্ধে বলতে চাই, স্মল ইরিগেশানের ব্যাপারে ৫০ পার্সেন্ট টাকা দেওয়া কোন প্রকারে সম্ভব নয়। গ্রামাঞ্চলে মাছের তেলে মাছ ভাঁজা হয়। সত্যকারের যদি তদন্ত করেন দেখবেন সেখানে কি অবস্থা হয়েছে। আমি যে অঞ্চল থেকে এসেছি সে মেদিনীপুরে দাশপুর অঞ্চল একটা ঘার্টতি অঞ্চল। এখানকার সম্পর্কে কয়েকটা পরিকল্পনা খাদ্য মন্ত্রীর কাছে দিয়েছি। এগুলি যদি করেন তাহলে ফসল বেশী হতে পারে। ঐ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য আমি শেষ করছি।

[6-40—6-50 p.m.]

**Shri Pashupati Mukhopadhyay:**

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, এখান থেকে দুই ঘণ্টা মটরে করে গেলে আপনি যে স্থানে দেখবেন লক্ষ লক্ষ বিঘা জমি অনাবাদী পড়ে আছে। রাজপুর ড্রেনেজ, কেঁদুয়া ড্রেনেজ, আমতা বেসিল ইত্যাদির ধারে লক্ষ লক্ষ বিঘা জমি অনাবাদী পড়ে আছে। এগুলিতে যদি ইরিগেশানের ব্যবস্থা করেন তাহলে দেখবেন কি ফল পাওয়া যাবে। আমরা এ বিষয় অনেক বলেছি কিন্তু কোন ফল হয়নি। তাই মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, খাদ্য সমস্যা যেখানে প্রাধান্য লাভ করেছে সেই জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় খাদ্য মন্ত্রিমহাশয়ের কাছে এই ব্যাপারে কয়েকটি কথা বলতে চাই। আপনি পাঁচলা থানায় যদি যান তাহলে সেখানে গিয়ে দেখতে পাবেন যে স্মল ইরিগেশান, মাইনর ইরিগেশান না থাকার জন্য সেখানকার প্রায় ৫০-৬০-৮০ হাজার বিঘা জমি আনকালটিভেটেড হয়ে পড়ে রয়েছে। জগৎবল্লভপুর থানা এলাকা থেকে আরম্ভ করে আমতা থানা এলাকা অবধি যদি ঘুরে দেখেন তাহলে সেখানেও ঐ একই অবস্থা দেখতে পাবেন। সেখানে নবীনবাবুর খাল আছে, স্টুয়ার্ট সাহেবের খাল আছে। সেগুলোকে যদি ডিপ ক্যানেল করার পরিকল্পনা করতে পারেন তাহলে দেখবেন সেখানকার লক্ষ লক্ষ বিঘা জমিতে ডাবল ফসল অনায়াসে হতে পারে। ফোর্থ ফাইভ ইয়ার প্ল্যানে কানা দ্বামোদর কাটার কথা হয়েছে। ১৮৮৫ সালে উত্তরপাড়ার রাজা জোদকুমার মুখার্জী মহাশয় এই রাজাপুর খালটাকে শুধু ড্রেনেজ পারপাজের জন্যই করেছিলেন।

কিন্তু এখন যদি সেটাকে ইরিগেশান পারপাজে করা হয় তাহলে ঐ অঞ্চলের লক্ষ লক্ষ বিঘার জমির খুব উপকার হতে পারে। ইরিগেশান পারপাজে না হলে এটার কোন ফলই হবে না। ঐ খালটাকে যদি ডিপ ক্যানেল করার পরিকল্পনা করতে পারেন তাহলে বহু লক্ষ লক্ষ বিঘা জমিতে খুব ভালভাবে চাষ হতে পারে এবং প্রচুর ফসলও পেতে পারেন। আর তা ছাড়া শিল্পও এর মধ্যে আছে। পাঁচলা থানা এবং আমতা থানার রাস্তাগুলোকে যদি আরো ২-৩ মাইল বাড়াতে পারেন তাহলে ভাল হয়। সেই জন্য আমি বলছি যে কোনটায় আগে প্রায়োরিটি দেবেন সেটা একটু ভেবে দেখবেন এবং কোন্ প্রায়োরিটির টাকা আগে লে-আউট করবেন সেটা একটু চিন্তা করে দেখবেন। আপনারা যে টাকা লে-আউট করেছেন তাতে এক বছরে হওয়া উচিত ছিল। কেঁদুয়া খাল এবং রাজাপুর খালের জন্য যদি এক কোটি টাকা খরচ করতে পারেন তাহলে তার পরের বছরেই পাঁচ কোটি টাকা পেয়ে যাবেন। হাওড়া জেলা চিরকালই যে ডেফিসিট এরিয়ার অন্তর্ভুক্ত একথা আপনারা সকলেই জানেন। সেই জন্য আমি বলছি যে, আপনারা যদি এই এক কোটি টাকা ঐ এলাকার সরিগেশান পারপাজে এবং কালটিভেশান পারপাজে খরচ করতে পারেন তাহলে নেক্সট ইয়ারের মধ্যেই কোটি কোটি টাকা পেয়ে যাবেন। সেই জন্য আমি এটা আপনাদের নজরে আনছি। পরিশেষে আমি আর একটি কথা বলব। এই রাজাপুর ক্যানেলকে ইরিগেশান পারপাজের জন্য যদি ডিপ ক্যানেল করতে পারেন তাহলে বর্তমানের এই সমস্যার অনেকটা সমাধান হতে পারে। শিষবেড়ে এগ্রিকালচারাল অফিসে যেসমস্ত ফাইলপত্র রয়েছে সেগুলি দেখে প্রিভেনটিভ স্টেপ যদি নেন, তাহলে হাওড়া জেলায় আর ডেফিসিট থাকবে না। সেইজন্য আমি বলছি, কোনটায় আগে প্রায়োরিটি দেবেন সেটা হিসাব করে ঠিক করুন। আমার আর সময় নেই, সেই জন্য আমি আর ডিটেলসে গেলাম না। যাহোক, আপনারা যাতে এ বিষয়ে দৃষ্টি দেন সেইজন্য আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করলাম।

**Dr. Prafulla Chandra Ghosh:**

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ বিশেষ করে বিরোধীপক্ষের বক্তৃতা শুনতে শুনতে আমার একটি কথা মনে এল, মুঝে মালুম

**जन्नत की हकीकत लेकिन दिल बहलाने के लिए काफी है गालिब ।**

আসল কথা হচ্ছে এই, বিরোধীতা করে কিছু বলতে হবে সেই জন্য এই কথা বলছেন। প্রথম কথা হচ্ছে মৃত্যুঞ্জয় ব্যানার্জি মহাশয় বললেন যে খুব উন্নতি হয়েছে। খুব যদি উন্নতিই হল তাহলে তার পরিণতির অবস্থা এই হল কেন? আজকে দেশের লোক খেতে পায়নি কেন? শুধু চাল ডাল, তরিতরকারী, ফলেরই অভাব নেই, দুধ মাছ, মাংস ইত্যাদি সব জিনিসেরই অভাব আছে। উন্নতি খুব হয়েছে,

**लेकिन दिल बहलाने के लिए काफी है गालिब ।**

এইরকম অবস্থায় পড়েছি। তারপর তিনি বললেন এবং হিসাব করে দেখালেন, দেখলাম অঙ্ক শাস্ত্রে আসল ভুল, ৪ কোটি ১২ লক্ষ লোক কিন্তু মাথাপিছু প্রাপ্তবয়স্কদের আধ সের করে ধরলে হয় তা ধরলেন না এবং তা ৪ কোটি ১২ লক্ষকে ৮ দিয়ে গুণ করুন তাহলে দেখবেন ঠিক হবে ৫৪ লক্ষ টন, যেটা খাদ্যের জন্য প্রয়োজন। তারপর আমাদের আমেদ হোসেন মণ্ডল সাহেব একটা কথা বলেছেন যে, আমি নাকি বলেছি যে আমার পূর্বের বক্তৃতায় শ্রীপ্রফুল্লচন্দ্র সেন ভাতের বদলে আলু, কাঁচকলা খাওয়ার কথা বলেছেন, এটা অবাস্তব, ভাত ছাড়া আলু কাঁচকলা সকলেই খান, আপনারাও খান, আমিও খাই এবং সকলেই খান, কিন্তু ভাতের বদলে আলু বা কাঁচকলা খাওয়াটা অবাস্তব, আপনি ভুল বুঝেছেন, মাপ করবেন। আমার বুদ্ধি নেই নয় আপনার বুদ্ধি নেই। আসলে কথা হচ্ছে আমি আজকেও বলেছি আধ সের করে প্রাপ্তবয়স্কদের খেতে হবে কিন্তু যেমন ৬০ লক্ষ টন চালের প্রয়োজন তেমনি ৪৮ লক্ষ টন তরকারীরও প্রয়োজন। সেইগুলোর মধ্যে বিশেষ করে ঐ অঞ্চলে—নোনা অঞ্চলে বিট, ওলকপি উৎপাদন ভাল হয়, সেই-গুলোর চাষ করা উচিত এবং খাওয়া উচিত এই কথা আমি বলেছি। তিনি তার কদর্থ করে তার মানে করেছেন যে আমি চালের বদলে বিট খেতে বলেছি। এইটুকু বুদ্ধি আমার আছে। আমি আগেই বলেছি যে ১০৮ ক্যালোরী এক আউন্স চালের বদলে হয়, ২৮ ক্যালোরী আলুতে হয়,

১৮ ক্যালোরী কাঁচকলায়, বিটে হয় ২২ ক্যালোরী, সেটুকু আমার জানা আছে, সেই বুদ্ধিটুকু আমার আছে। তা আমি বলিনি, কিন্তু শ্রীপ্রফুল্লচন্দ্র সেন যখন বলেছিলেন যে ভাতের বদলে পেঁপে, আলু, কাঁচকলা খাও, তখনই আমি বলেছি যে সেটা অবাস্তব, অবৈজ্ঞানিক, কারণ সেই পরিমাণ আলু, কাঁচকলা নেই। মেদিনীপুরের তমলুক অঞ্চলে দেখেছি যে বিট খাবার মধ্যে একটা অনিচ্ছা রয়েছে, কেউ কেউ খেতে চায় না সেই জন্য আমি বলেছি যে বিট ভাল খাদ্য এবং তরকারী হিসাবে এটা খাওয়া উচিত। তারপর একজন বলেছেন যে আপনাদের যে বাজেট বাড়লো, কত কি পেলেন, কৃষি বাজেটে পূর্বে যা হয়েছিল তার থেকে ১০ কোটি কয়েক লক্ষ টাকা বেড়েছে, কিন্তু আমরা পেয়েছি এক চতুর্থাংশ ২ কোটি ২৫ লক্ষ টাকা। অর্থাৎ আমাদের যা বাজেট বেড়েছে তার এক চতুর্থাংশ আমরা পেয়েছি। সুতরাং কৃষিকে যে অবহেলা করেছেন আমাদের অর্থমন্ত্রী বা কোন মন্ত্রী বা কেবিনেট, এটা ঠিক কথা নয়, তবে আরও যদি পেতাম তাহলে ভাল হতো। অভাবের সংসার যখন থাকে তখন সকলেই যদি মনে করেন—না পেলে আমার উপর অবিচার হচ্ছে—আমি অন্তত সেই কথা বলতে আসিনি। তারপর অনেকে অনেক কথা বলেছেন কৃষিকলেজ সম্পর্কে দু'পক্ষ থেকেই কিন্তু একটা আপনাদের বলে দিচ্ছি যে কল্যাণীতে কৃষিকলেজ আছে কিন্তু সেই কলেজের যা অবস্থা সেটা অত্যন্ত শোচনীয়। তার প্রিন্সিপ্যাল আমার সঙ্গে কয়েক-দিন আগে দেখা করে গেছেন, আমি তাঁকে বলেছি যে দেখতে যাবো, কারণ কৃষিকলেজটি আগে ছিল শিক্ষাবিভাগের আওতায় এবং আমাদের নিজেদের মধ্যে ঠিক হয়েছে এবং শিক্ষা মন্ত্রীকে আমি বলেছি আপনি যদি নিতে চান তো কৃষিকলেজকে পুরোপুরি নিন এবং আমাকে যদি দিতে চান পুরোপুরি দিয়ে দিন। তিনি বলেছেন যে আপনিই নিন। একটা কলেজ যেটা আছে সেটা খারাপ থাকতে আরও তিনটে কলেজ করো, এইরকম কাজ কেউ করে না। দ্বিতীয় কথা হচ্ছে এই যে, আপনাদের আমলে ঝাড়গ্রামে একটা কৃষিকলেজ ছিল সেটা উঠে গেছে এবং আজ আপনারাই আবার দাবি করছেন যে আরও বেশী করে কৃষিকলেজ করো। কাজেই এ কথাটা বলা ঠিক হয় না।

[6-50—7 p.m.]

তারপর কৃষিকলেজের কথা আমি বলছি। আমার নিজের মত হচ্ছে কৃষিকলেজ আর না করে কৃষকদের ছেলেদের জন্য ফারমার্স ট্রেনিং-এর জন্য অ্যাকচুয়াল ফার্ম থাকা উচিত যেখানে উৎপন্ন হবে ফসল, সেখানে তারা থিয়োরিও শিখবে, প্র্যাকটিসও শিখবে। কিন্তু আমাদের দেশে কৃষিকলেজ থেকে পাস করে এসে ছেলেরা সবাই বলে সরকারী চাকরী দেও। তা দিতে না পারলে তখন কি হবে? বেকারভাতা দেও। সে দেওয়ার সামর্থ্য নাই আমাদের। অতএব বলছি অন্য দেশের উদাহরণ দিয়ে লাভ হবে না। হল্যান্ড কৃষিতে উন্নত দেশ। তার একটা কৃষিকলেজ আছে। সেখান থেকে প্রতি বৎসর দুশো-আড়াইশো ছেলে পাশ করে বেরোয়—ভাগার ইঞ্জিনীয়ারিং কলেজ, তাদের মধ্যে ১৫-২০টা ছেলে সরকারী চাকরীর জন্য দরখাস্ত করে। আর আমাদের দেশে যদি কৃষিকলেজ থেকে দুশো-আড়াইশো ছেলে পাশ করে বেরোয় তাহলে তাদের মধ্যে অন্ততপক্ষে ২৪০টি ছেলে সরকারী চাকরীর জন্য দরখাস্ত করবে এবং এটা পূরণ করা কারো সাধ্য নাই। কাজেই যে-ই মন্ত্রী হোন—আপনাদের যুক্তি বুঝি, আপনাদের বলতে হবে, তবে আমি বলবো একের পর এক কলেজ না করে বরং কৃষি ফার্ম কিছু করা প্রয়োজন। এখনো ক্যাবিনেটে এ সম্বন্ধে পুরোপুরি কোন সিদ্ধান্ত হয়নি। আমার নিজের মত যে পাঁচটি অঞ্চলে ঐ পাঁচটি কৃষি ফার্ম করা উচিত—যেখানে অ্যালুভিয়াল সয়েল, ল্যাটারাইট সয়েল, সেমি-ল্যাটারাইট সয়েল, সেলাইন সয়েল, অ্যাসিড সয়েল—এইরূপ পাঁচটি অঞ্চলে পাঁচটি এমন ফার্ম করা যেখানে কৃষকদের ছেলেরা এসে শিখতে পারবে, শুধু থিওরী শিখবে না, হাতেকলমে কাজ শিখে যাতে সত্যিকারে কৃষির ফলন বাড়াতে পারবে।

তারপর আমাদের টিউবওয়েল ইত্যাদির কথা বলেছেন অনেকে যে টিউবওয়েলগুলি এনার-জাইসড হয় নাই এ আমি জানি। আর মোট পনেরো শো টিউবওয়েল হয়েছে, তার মধ্যে একশোটি এনারজাইসড হয়েছে। বাকিগুলি তাড়াতাড়ি কার্যকরী করা হয় তার ব্যবস্থা হচ্ছে। এদেরকে কার্যকরী না করে নূতন টিউবওয়েল বসানোর কথা বলেছি।

তারপর লোন ইত্যাদি—এগ্রিকালচারাল লোন-এর জন্য যেটা রিলিফ ডিপার্টমেন্ট থেকে দেওয়া হয়, এ পর্যন্ত ২ কোটি ৭৯ লক্ষ ২৮ হাজার টাকা তার জন্য মঞ্জুর করা হয়েছে এবং সেই টাকা

অঞ্চলে অঞ্চলে গিয়েছে। কিন্তু একটা কথা মনে রাখবেন—এই যে লোন আমরা দেখেছি আমার অভিজ্ঞতা এই যে সবচাইতে ভাল এম এল এ যিনি প্রথমে বলবেন একে লোন দেওয়া হোক এ খুব যোগ্য লোক। তারপর যখন তিন বৎসর পেরিয়ে যাবে—যে এম এল এ বলতে পারবেন তার লোনের টাকা দেবার সামর্থ্য নাই, তিনি হবেন নিকৃষ্ট এম এল এ। কোথা থেকে টাকা আসবে? সেকথা আমাকে বলে দিতে হবে যেখানে দেখা যায়—আমি বুঝি গত দু বৎসর খরা হয়েছে, এই দু বৎসর লোনের টাকা যারা দিতে পারে নি আমি বলে দিয়েছি তাদেরও লোন দিতে হবে। আগের লোন দেয় নাই তাদের যদি আবার লোন দিতে হয়, তাহলে সেটা আর লোন হয় না, গ্র্যান্ট হয়ে যায়। কোথা থেকে টাকা আসবে, সেকথা যদি বলি, সেই টাকাতো দেখতে হবে কোন্ জায়গা থেকে পাওয়া যাবে! অতএব লোন দেওয়া সম্বন্ধে একথা ঠিকভাবে বিবেচনা করে লোন দিতে হবে।

তারপর বর্ধমানের কৃষকদের কথা, দুঃখের কথা আমার এক সময়কার সহকর্মীর ছেলে পুরুষেশ প্রামাণিক বলেছেন। কিন্তু বর্ধমানের জন্য যত টাকা কৃষির উন্নতির জন্য খরচ করেছেন তত টাকা বোধ হয় বাংলাদেশের অন্য কোন জেলায় খরচ করা হয় নাই। এত টাকা খরচ করেও যদি বর্ধমান দরিদ্র থাকে তাহলে বড়ই মুসকিলের কথা। তাহলে এটা বোঝা যায় টাকা খরচ হলেই সুবিধা হয় না। বর্ধমানের কেউ কেউ বলেছেন—এত দামে কৃষকরা ধান বিক্রি করেছে, ভাল কথা। সেখানকার কৃষকরা টাকা পেয়েছে। বড় কৃষকরাও তো টাকা পেয়েছেন। আর বর্ধমানের ক্যানেল অঞ্চলের যেখানে বিঘা প্রতি ১২ মণ ধান হয়। তাতেও যদি বর্ধমানের অধিকাংশ টাকা কৃষির জন্য ঢালতে হয় তাহলে সে আর এখন বর্ধমান নয়, ক্ষীয়মান। অতএব আমি বলছি যে বর্ধমানের কৃষকরা বোধ হয় কৃষি ঋণ বেশী ধরার তুলনায় অন্য জায়গা থেকে ভাল আছে। কাজেই আমি বলবো যেখানে দরিদ্র বেশী—সেখানে আগে দিতে হবে, একথা বোধ হয় সকলে স্বীকার করবেন। যেখানকার অবস্থা খারাপ সেখানে আগে আমাকে দিতে হবে। যেখানে সমৃদ্ধিশালী বেশী, সেখানে নয়। তবে অবশ্য নিজের নিজের কনস্টিটিউয়েন্সী আছে, তার জন্য বলতেই তো হবে—এটা আমি অস্বীকার করি না। কিন্তু যেখানটা সবচেয়ে দরিদ্র, তাদের জন্য আগে দিতে হবে।

পুরুলিয়ার কথা এক বন্ধু বলেছেন, সেখানে জলের জন্য ব্যবস্থা করতে হবে। আমি জানি সেচের ব্যবস্থা—এতদিন ধরে ইংরেজ রাজত্বের আমলে কিছু কিছু হয়েছে। তারপর স্বাধীনতার পরবর্তী বিশ বছর চেষ্টা করেও শতকরা ১৫ ভাগ কি ১৬ ভাগ জমিতে সেচের ব্যবস্থা করতে পেরেছি। আর আজ যদি বলেন যে এক বৎসরে কি এক মাসে বাকি ৮৫ ভাগ আমরা করে তুলবো, তাহলে পরে আপনাদের উপর অবিচার করা হবে, আমার উপরও অবিচার করা হবে। তবে যত শীঘ্র সম্ভব আমরা করবো। এমন কি যতরকম উপায় আছে সেচের ববস্থা আছে—লিফট ইরিগেশান পাম্প ইরিগেশান, টিউবওয়েল ইরিগেশান—যেখানে যতরকম পরিকল্পনা আছে সবটা আমরা সেখানে করবো।

তারপরে আমি একটা জিনিস ভাবছি যে, আমাদের লোনা জল যেখানে আছে, যেমন চব্বিশ-পরগনা ডায়মন্ডহারবার, কাঁথী, তমলুক, সেইসব জায়গায় ডিসেলিনেসন অফ সেলাইন ওয়াটার করা যায় কিনা। ইসরাইল-এ মেডিটেরিয়ান-এর ওয়াটার তাকে তারা ডিসেলিনেট করেছে এবং সেখানে দুটো ফ্যাক্টরী করেছে বড় বড়, এক একটাতে মিলিয়ন গ্যালন ওয়াটার দৈনিক তারা ডিসেলিনেট করে। কিন্তু সেখানকার খরচের হিসাব যা আমি দেখেছি, তা আমাদের দেশের পক্ষে এখন করা সম্ভবপর নয়। তবে হয়ত বৈজ্ঞানিক উন্নতি যা হচ্ছে, তাঁরাই বলছেন যে দু-তিন বৎসরের মধ্যে তার খরচা অনেক কমে যাবে। আমাদের এই অঞ্চলে খরচা একটু বেশী হলেও যেটা আমি পূর্বে বলেছিলাম দেশকে খাদ্যে স্বাবলম্বী করতে হবে। অন্য জিনিসের খরচা কমিয়ে, সেখান থেকে টাকা এনে, এই জিনিসটা করতে হবে। সেইজন্যে এই পরিকল্পনার কথা আমি চিন্তা করছি। কিন্তু এই যে জিনিস বা পেটেন্ট-এর পুরাপুরি খবর পাওয়া যায় না। একজন ইসরাইলী সায়েন্টিস্ট এই পেটেন্ট করেছেন। অ্যামেরিকানরাও সেখানে বড় কারখানা করে এই জিনিসের ব্যবস্থা করেছেন। তবে ডিটেলস পাওয়া যায় না। ছোটখাটভাবে আমরা পরীক্ষামূলকভাবে করে দেখে যদি দেখতে পাই যে, কম খরচায় হবে, তাহলে হয়ত ব্যাপকভাবে এই লোনা জল দেওয়া সম্ভব হবে নানা জায়গায়। পুরুলিয়াতে জল কোন কোন জায়গায় লিফট দিয়ে নিয়েও যেতে পারবে। ইসরাইল এর যে ইরিগেশন সেটা আমার কাছে খুব ভাল লেগেছে। তারা

নদী থেকে জল নিয়ে যায় সমস্ত জায়গায়—জলের টাওয়ার খুব উঁচুতে রেখে, সেখান থেকে পাইপ দিয়ে দেয় এবং শুধু পাইপ দিয়েই নয়, প্রত্যেক ক্ষেতে মিটার বসানও থাকে—যে তোমার মিটারে এত জল পাবে। সেইরকম ব্যবস্থা সেখানে আছে। ওয়াটার ট্যাক্স সব জায়গায় আছে। তবে ইলেকট্রিসিটি ট্যাক্স, সব জায়গায় এক এবং ওয়াটার ট্যাক্স রেটও সব জায়গায় এক। কিন্তু এক জায়গা থেকে সমস্ত কিছু তারা রেগুলেট করে। তাদের ছোট্ট দেশ, তাদের সেখানে এরকম ব্যবস্থা করা সম্ভব, তারা সেখানে কম রেট করেছেন। কিন্তু আমাদের এখানে যদি তা সম্ভবপর হত এক জায়গায় কেন, সমস্ত জায়গা ট্যাক্স যত কম করতে পারা যায়, তা করা উচিত, কারণ কৃষকদের দুরবস্থা সব চেয়ে বেশী। তাদের দুরবস্থা দূর করবার জন্য কেউ ভূমি সমস্যা সমাধানের কথা বলেছেন। এখনও পর্যন্ত আমাদের মন্ত্রীসভায় সেই সিদ্ধান্ত আসেনি। কিন্তু আমি মনে করি কোন কোন বিষয়ে—যাদের মাত্র তিন একর পর্যন্ত জমি আছে, তাদের সেই জমির খাজনা মকুব করে দেওয়া উচিত। বেশী যদি না হয়, অন্তত তিন একর পর্যন্ত খাজনা মাপ করা উচিত। আর কৃষকের যত ঋণ আছে সেই ঋণটাকে কি পরিমাণে কমান যায় এবং কিভাবে কমান যায়, অথচ অন্য লোকের উপর তার চাপ না আসে, সেদিকে লক্ষ্য রেখে ব্যবস্থা করতে হবে। ঐদিকে আমাদের এখানে ঠিক উলটো দিকে বড় ব্যারিস্টার বসে আছেন, তিনিও এটা একটু চিন্তা করে দেখুন। আমি ২২৬-এর মধ্যে না পড়ি ,আমাকে সে অবস্থার মধ্যে পড়তে না হয়, অথচ করেও করা যায়, অর্থাৎ তাদেব ঋণের পরিমাণ লাঘব করা যায় কোন রকমে! রুর‍্যাল ইনডেটেডনেস সব সময়ই কৃষকদের আছে, কারণ কৃষকদের ঋণের পরিমাণ অত্যন্ত বেশী এবং কৃষি শ্রমিকের অবস্থা সব-চেয়ে খারাপ। কৃষি শ্রেণী যারা, তাদের মজুরী হওয়া উচিত, এখানকার বড় কারখানায় শ্রমিকের যা মজুরী সেইরকম। কৃষি শ্রমিকদেরও সেইরকম মজুরী হওয়া উচিত, যেমন ইংলন্ডে আছে। আমি দেখেছি সেখানে কাউন্টি বোরো কিম্বা গ্লাসগোতে যা—একটা কারখানার শ্রমিকের মিনিমাম ওয়েজ যা, কৃষি শ্রেণীর শ্রমিকের মিনিমাম ওয়েজ তার চেয়ে তিন শিলিং বেশী। কাজেই আমাদের এখানে যদি সেইভাবে করতে পারি তবেই কৃষির প্রকৃত উন্নতি সাধিত হতে পারে। কিন্তু এই জিনিস এখানে একদিনে পুরোপুরিভাবে করা সম্ভবপর নয়। এইসব জিনিস আমাদের ক্যাবিনেট বিবেচনা করছেন। কাজেই সেইভাবে যদি করতে পারি তবে হতে পারে। তবে পুরোপুরি একদিনে সব জিনিস সম্ভবপর নয়, এইসব জিনিস আমাদের ক্যাবিনেট বিবেচনা করছেন। আমি আর বেশিক্ষণ বলতে চাই না, আমার সময় ৭টা অবধি, আশা করি এই বাজেট আপনারা সকলে পাশ করে দেবেন। তবে একথাও আপনাদের বলি যে, আমাদের কোন ভুল-ত্রুটি হবে না একথা বলতে আমি আসিনি, আপনাদের বিরোধী দলের কাছে আমার আবেদন হচ্ছে এই যে, আপনারা যদি কোন স্কীম দেন যাতে ফলন বাড়বে তাহলে সেটা জানালে আমি সব সময় চেষ্টা করব যাতে সেই স্কীম গ্রহণ করা হয়। সেটা বিরোধীপক্ষ থেকে এসেছে কি এদিক থেকে এসেছে সেকথা বিবেচনা করা হবে না। কারণ, আমি কৃষি মন্ত্রী হিসাবে এমন জিনিস করতে চাই যেটা শুধু এদিকের লোক খাবে না, ওদিকের লোকও খাবে, সেই জিনিস করতে চাই। আমি আশা করি আপনারা সকলেই নিঃসন্দিগ্ধচিত্তে এই বাজেট পাশ করে দেবেন। আর আমার কিছু বলার নেই।

[7—7-10 p.m.]

**Mr. Speaker:** I put all the cut motions, except cut motion Nos. 8, 10 and 18 on which divisions will be demanded, to vote.

[All the cut motions, excepting cut motion Nos. 8, 10 and 18, were then put and lost.]

The motion of Shri Trilokes Misra that the demand be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Dashu Karon Murmu that the demand be reduced to Re. 1, was then put and lost.

The motion of Dr. Indrajit Roy that the demand be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Ahmad Hossain Mondal that the demand be reduced to Re. 1, was then put and lost.

The motion of Dr. Ranjit Ghosh Chowdhury that the demand be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Nityananda Bhuniya that the demand be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Golokesh Bhattacharjee that the demand be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Brahmachari Bholanath that the demand be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Mihir Upadhyay that the demand be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Abdus Sattar that the demand be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Jatindra Mohan Roy that the demand be reduced to Re 1, was then put and lost.

The motion of Dr. Zainal Abedin that the demand be reduced to Re 1, was then put and lost.

The motion of Shrimati Nurunnesa Satter that the demand be reduced to Re 1, was then put and lost.

The motion of Shri Santosh Kumar Roy that the demand be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Puranjoy Pramanik that the demand be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Probhakar Pal that the demand be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Haradhan Mondal that the demand be reduced to Re 1, was then put and lost.

The motion of Shri Girindra Mondal that the demand be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shrimati Biva Mitra that the demand be reduced to Re 1, was then put and lost.

The motion of Shri Benoy Kumar Chatterjee that the demand be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Khagendra Nath Das Gupta that the demand be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shrimati Abha Maiti that the demand be reduced to Re 1, was then put and lost.

The motion of Shri Abdul Latif that the demand be reduced by Rs 100, was then put and lost.

The motion of Shri Paresh Chandra Goswami that the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Narayan Chandra Chaudhuri that the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Sachindra Mohan Nandy that the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Bankim Chandra Sasmal that the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Brindaban Chattopadhyay that the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Puranjoy Pramanik that the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Maharaja Bose that the demand of Rs. 15,16,02,000 for expenditure under Grant No. 22, Major Heads: 31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research be reduced to Re. 1, was then put and a division taken with the following result:

AYES 117

Abdul Gaffar, Shri Quazi
Abdul Latif, Shri
Abdullah, Shri S. M.
Abdus Sattar, Shri
Abul Barkat Atawal Ghani Khan Chaudhury, Shri
Ahmad Hossain Mondal, Shri
Azizur Rahaman, Shri
Bagchi, Shri Amalendu Kumar
Bandopadhyay, Shri Baidyanath
Bandyopadhyay, Shri Satya Narayan
Banerjee, Shri Mrityunjoy
Barman, Shri Prasenjit
Barman, Shri Syama Prasad
Bauri, Shri Nepal
Bauri, Shri Satish Chandra
Beri, Shri Dayaram
Bhagat, Shri Budhu
Bhattacharjee, Shri Golokesh
Bhattacharya, Shri Bijoy Krishna
Bhattacharyya, Shri Satyabrata
Bhattacharyya, Shri Sreepada
Bhuniya, Shri Nitya Nanda
Bishayee, Shri Paramananda
Bose, Shri Maharaja
Brahmachari, Shri Bholanath
Chalak, Shri Kali Kinkar
Chatterjee, Shri Arun
Chattopadhyay, Shri Brindabon
Chaudhuri, Shri Narayan Chandra
Choudhury, Dr. Sashi Bhusan
Chunder, Dr. Pratap Chandra
Das, Shri Ambika Charan
Das, Shri Hare Krishna
Das Gupta, Shri Khagendra Nath
Dhara, Shri Hansadhwaj
Dhibar, Shri Pramathanath
Dolai, Shri Rajani Kanta
Dutta, Shrimati Sudharani
Fazlur Rahaman, Shri S. M.
Ghatak, Shri Shibdas
Ghosh, Shri Nitaipada
Ghosh Choudhury, Dr. Ranjit
Goswami, Shri Paresh Chandra
Gurung, Shri Krishna Bahadur
Haldar, Shri Nalini Kanta
Halder, Shri Adhar Chandra
Hazra, Shri Santimoy
Hembram, Shri Babulal
Jalan, Shri Iswardas

Kazim Ali Meerza, Shri Syed
Kolay, Shri Jagannath
Kundu, Shri Rajnarayan
Mahato, Shri Ramkrishna
Maiti, Shrimati Abha
Maji, Shri Binode Behari
Majumdar, Shri Byomkes
Mandal, Shri Bhudeb Chandra
Mandal, Shri Prabhakar
Md. Fazle Hoque, Shri
Misra, Shri Sourindra Mohan
Misra, Shri Trilokes
Mitra, Shrimati Biva
Mitra, Dr. Gopika Ranjan
Mitra, Shri Satyanarayan
Mohammad Sayeed Mia, Shri
Mohammed Israil, Shri
Moitra, Shri Arun Kumar
Mondal, Shri Haradhan
Mondal, Shri Sudhir Kumar
Mukhopadhyay, Shrimati Purabi
Mukherjee, Shri Brajabilash
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, Shri Saila Kumar
Mukhopadhyay, Shri Pasupati
Murmu, Shri Boila
Murmu, Shri Dashukaran
Nag, Dr. Gopal Das
Nahar, Shri Bijoy Singh
Nandy, Shri Sachindra Mohan
Narjinari, Shri Dhirendra
Nuran Nabi, Shri T. A.
Paik, Shri Bimal
Pal, Shri Probhakar
Paul, Shri Balai Bhusan
Paul, Shri Sushil Kumar
Poddar, Shri Rajendra Kumar
Pradhan, Shri Trailokyanath
Pramanik, Shri Puranjoy
Prasad, Shri Shiromani
Ray, Shri Siddhartha Shankar
Roy, Shri Gonesh Prosad
Roy, Dr. Indrajit
Roy, Shri Jatindra Mohan
Roy, Shri Krishnadas
Roy, Shri Santi Mohan
Roy, Shri Santosh Kumar
Roy, Shri Suvendu
Saha, Shri Kanai (Bankura)
Saha, Shri Kanai (Birbhum)
Saren, Shri Mangal Chandra
Sasmal, Shri Bankim Chandra
Sattar, Shrimati Nurunnesa
Sen Ishore, Shri Sankar
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Shamsuddin Ahmed, Shri

Shukla, Shri Krishna Kumar
Sinha, Shri Debendra Nath
Sinha, Shri Sripati
Shigh Deo, Shri Shankar Narayan
Sinha Roy, Shri Panchanan
Tar, Shri Mati Ranjan
Topna, Shri Anotoni
Trivedi, Shri Goalbadan
Tudu, Shri Budhan Chandra
Upadhyay, Shri Mihir
Wangdi, Shri Tenzing

NOES—129

Abdul Bari, Shri Md.
Abdul Haque, Shri
Abdul Latif, Shri Md.
Abdul Quiyom Molla, Shri
Amirali Molla, Dr.
Baksi, Shri Manoranjan
Bandopadhyay, Shri Amiya Bhusan
Bandopadhyay, Shri Khagendra Nath
Banerjee, Shri Subodh
Banerji, Shri Radhika Ranjan
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jyoti
Basu, Shri Mukul
Bazle Ahmad, Shri
Bera, Shri Sasabindu
Bhandari, Shri Netai
Bhandari, Shri Sudhir Chandra
Bhattacharya, Shri Jyoti Bhusan
Bhattacharya, Shri Nani
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhowmik, Shri Kanai
Biswas, Shri Ajit Kumar
Bose, Shri Brindaban Behari
Chakraborty, Shri Kshudiram
Chakraborty, Shri Sadhan Kumar
Chatterjee, Shri Hara Prasad
Choubey, Shri Narayan
Choudhury, Shri Subodh
Dakua, Shri Dinesh Chandra
Dal, Shrimati Nanda Rani
Das, Shri Deben
Das, Shri Jagadish Chandra
Das, Shri Nikhil
Das, Dr. Sailendra Nath
Das, Shri Sudhir Chandra
Das Ghose, Shri Biswanath
Das Gupta, Shri Bibhuti Bhusan
Das Mahapatra, Shri Kamakshyanandan
Dhara, Shri Sushil Kumar
Elias Razi, Shri Md.
Franklin, Shri L. H.
Ghosh, Shri Krishna Pada
Ghosh, Dr. Prafulla Chandra
Golam Mahiuddin, Shri

Golam Yazdani, Dr.
Guha, Shri Kamal Kanti
Guha Neogi, Shri Anildhar
Gurung, Shri Nandalal
Haldar, Shri Hrishikesh
Halder, Shri Krishna Chandra
Hansda, Shri Jagatpati
Hazra, Shri Lalit
Hazra, Shri Monoranjan
Hicks, Shri Clifford
Jana, Shri Manindra Nath
Kar, Shri Dhananjoy
Karim Baksh, Dr. Mohammad
Konar, Shri Hare Krishna
Kundu, Shri Nishitha Nath
Lahiri, Shri Somnath
Mahato, Shri Amulya Ratan
Mahato, Shri Chittaranjan
Mahato, Shri Girish
Maity, Shri Baneswar
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Kandru
Maji, Shri Guiram
Maji, Shri Panna Lal
Majumdar, Shri Amalesh Chandra
Majumdar, Shri Apurba Lal
Majumdar, Shri Dilip Kumar
Majumdar, Shri Harendra Nath
Majumder, Shri Jagannath
Malakar, Shri Ajoy
Mandal, Shri Kalipada
Mandal, Shri Kumud Ranjan
Mitra, Shrimati Ila
Mitra, Shri Sunil Kumar
Mondal, Shri Manindra Chandra
Mondal, Shri Sasanka Sekhar
Mondal, Shri Tinkari
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Bhabani
Mukherjee, Shri Jayati Prasanna
Mukherjee, Shri Niranjan
Mukherjee, Shri Rabin
Mukhopadhyay, Shri Ajoy Kumar
Murmu, Shri Nathaniel
Naskar, Shri Sundar Kumar
Noney, Shri W. H.
Noronha, Shri Clifford
Nuhul Islam, Shri
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammed
Ojha, Shri Samarendra
Pahari, Shri Bibhuti
Pal, Shri Kanai
Panda, Shri Bhupal Chandra
Pramanick, Shri Gangadhar
Pramanik, Shri Radhikanath
Pramanik, Shri Rajani Kanta
Purkait, Shri Prabodh

Rai, Shri Deoprokash
Ray, Shri Jajneswar
Roy, Shri Amalendru Lal
Roy, Shri Haradhan
Roy, Shri Jagadananda
Roy, Dr. Narayan Chandra
Roy, Shri Phakir Chandra
Roy, Shri Provash Chandra
Roy Hakim, Shri Bhabendra Nath
Roy Prodhan, Shri Amarendra Nath
Saha, Shri Kripasindhu
Sajjad Hussain, Haji
Salimuddin, Shri Md.
Samanta, Shri Gouranga
Sanyal, Shri Mani
Sanyal, Dr. Nalinaksha
Saren, Shri Bhabatosh
Sarkar, Shri Charu Mihir
Sarkar, Shri Nitaipada
Sarkar, Shri Sasthidas
Sen, Shri Jamini Ranjan
Sen, Shri Lakshmi Charan
Sen Gupta, Shri Niranjan
Sen Gupta, Shri Tarun Kumar
Shahedullah, Shri Syed
Shish Mahammad, Shri
Sinha, Dr. Radha Krishna
Tah, Shri Dasarathi

The Ayes being 117 and the Noes 129, the motion was lost.

The motion of Shri Mrityunjoy Banerjee that the demand of Rs. 15,16,02,000 for expenditure under Grant No. 22, Major Heads: 31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research be reduced to Re. 1, was then put and a division taken with the following result:

AYES 117

Abdul Gaffar, Shri Quazi
Abdul Latif, Shri
Abdullah, Shri S. M.
Abdus Sattar, Shri
Abul Barkat Atawal Ghani Khan Chaudhury, Shri
Ahmad Hossain Mondal, Shri
Azizur Rahaman, Shri
Bagchi, Shri Amalendu Kumar
Bandopadhyay, Shri Baidyanath
Bandyopadhyay, Shri Satya Narayan
Banerjee, Shri Mrityunjoy
Barman, Shri Prasenjit
Barman, Shri Syama Prasad
Bauri, Shri Nepal
Bauri, Shri Satish Chandra
Beri, Shri Dayaram
Bhagat, Shri Budhu
Bhattacharjee, Shri Golokesh
Bhattacharya, Shri Bijoy Krishna
Bhattacharyya, Shri Satyabrata

Bhattacharyya, Shri Sreepada
Bhuniya, Shri Nitya Nanda
Bishayee, Shri Paramananda
Bose, Shri Maharaja
Brahmachari, Shri Bholanath
Chalak, Shri Kali Kinkar
Chatterjee, Shri Arun
Chattopadhyay, Shri Brindabon
Chaudhuri, Shri Narayan Chandra
Choudhury, Dr. Sashi Bhusan
Chunder, Dr. Pratap Chandra
Das, Shri Ambika Charan
Das, Shri Hare Krishna
Das Gupta, Shri Khagendra Nath
Dhara, Shri Hansadhwaj
Dhibar, Shri Pramathanath
Dolai, Shri Rajani Kanta
Dutta, Shrimati Sudharani
Fazlur Rahaman, Shri S. M.
Ghatak, Shri Shibdas
Ghosh, Shri Nitaipada
Ghosh Choudhury, Dr. Ranjit
Goswami, Shri Paresh Chandra
Gurung, Shri Krishna Bahadur
Haldar, Shri Nalini Kanta
Halder, Shri Adhar Chandra
Hazra, Shri Santimoy
Hembram, Shri Babulal
Jalan, Shri Iswardas
Kazim Ali Meerza, Shri Syed
Kolay, Shri Jagannath
Kundu, Shri Rajnarayan
Mahato, Shri Ramkrishna
Maiti, Shrimati Abha
Maji, Shri Binode Behari
Majumdar, Shri Byomkes
Mandal, Shri Bhudeb Chandra
Mandal, Shri Prabhakar
Md Fazle Hoque, Shri
Misra, Shri Sourindra Mohan
Misra, Shri Trilokes
Mitra, Shrimati Biva
Mitra, Dr. Gopika Ranjan
Mitra, Shri Satyanarayan
Mohammad Sayeed Mia, Shri
Mohammed Israil, Shri
Moitra, Shri Arun Kumar
Mondal, Shri Haradhan
Mondal, Shri Sudhir Kumar
Mukhopadhyay, Shrimati Purabi
Mukherjee, Shri Brajabilash
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, Shri Saila Kumar
Mukhopadhyay, Shri Pasupati
Murmu, Shri Boila
Murmu, Shri Dashukaran
Nag, Dr. Gopal Das

*Nahar, Shri Bijoy Singh*
Nandy, Shri Sachindra Mohan
Narjinari, Shri Dhirendra
Nuran Nabi, Shri T. A.
Paik, Shri Bimal
Pal, Shri Probhakar
Paul, Shri Balai Bhusan
Paul, Shri Sushil Kumar
Poddar, Shri Rajendra Kumar
Pradhan, Shri Trailokyanath
Pramanik, Shri Puranjoy
Prasad, Shri Shiromani
Ray, Shri Siddhartha Shankar
Roy, Shri Gonesh Prosad
Roy, Dr. Indrajit
Roy, Shri Jatindra Mohan
Roy, Shri Krishnadas
Roy, Shri Santi Mohan
Roy, Shri Santosh Kumar
Roy, Shri Suvendu
Saha, Shri Kanai (Bankura)
Saha, Shri Kanai (Birbhum)
Saren, Shri Mangal Chandra
Sasmal, Shri Bankim Chandra
Sattar, Shrimati Nurunnesa
Sen Ishore, Shri Sankar
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Shamsuddin Ahmed, Shri
Shukla, Shri Krishna Kumar
Shina, Shri Debendra Nath
Sinha, Shri Sripati
Shigh Deo, Shri Shankar Narayan
Sinha Roy, Shri Panchanan
Tar, Shri Mati Ranjan
Topna, Shri Anotom
Trivedi, Shri Goalbadan
Tudu, Shri Budhan Chandra
Upadhyay, Shri Mihir
Wangdi, Shri Tenzing

NOES—129

Abdul Bari, Shri Md.
Abdul Haque, Shri
Abdul Latif, Shri Md.
Abdul Quiyom Molla, Shri
Amirali Molla, Dr.
Baksi, Shri Manoranjan
Bandopadhyay, Shri Amiya Bhusan
Bandopadhyay, Shri Khagendra Nath
Banerjee, Shri Subodh
Banerji, Shri Radhika Ranjan
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jyoti
Basu, Shri Mukul
Bazle Ahmad, Shri
Bera, Shri Sasabindu

Bhandari, Shri Netai
Bhandari, Shri Sudhir Chandra
Bhattacharya, Shri Jyoti Bhusan
Bhattacharya, Shri Nani
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhowmik, Shri Kanai
Biswas, Shri Ajit Kumar
Bose, Shri Brindaban Behari
Chakraborty, Shri Kshudiram
Chakraborty, Shri Sadhan Kumar
Chatterjee, Shri Hara Prasad
Choubey, Shri Narayan
Choudhury, Shri Subodh
Dakua, Shri Dinesh Chandra
Dal, Shrimati Nanda Rani
Das, Shri Deben
Das, Shri Jagadish Chandra
Das, Shri Nikhil
Das, Dr Sailendra Nath
Das, Shri Sudhir Chandra
Das Ghose, Shri Biswanath
Das Gupta, Shri Bibhuti Bhusan
Das Mahapatra, Shri Kamakshyanandan
Dhara, Shri Sushil Kumar
Elias Razi, Shri Md.
Franklin, Shri L. H.
Ghosh, Shri Krishna Pada
Ghosh, Dr. Prafulla Chandra
Golam Mahiuddin, Shri
Golam Yazdani, Dr.
Guha, Shri Kamal Kanti
Guha Neogi, Shri Anildhar
Gurung, Shri Nandalal
Haldar, Shri Hrishikesh
Halder, Shri Krishna Chandra
Hansda, Shri Jagatpati
Hazra Shri Lalit
Hazra, Shri Monoranjan
Hicks, Shri Clifford
Jana, Shri Manindra Nath
Kar, Shri Dhananjoy
Karim Baksh, Dr. Mohammad
Konar, Shri Hare Krishna
Kundu, Shri Nishitha Nath
Lahiri, Shri Somnath
Mahato, Shri Amulya Ratan
Mahato, Shri Chittaranjan
Mahato, Shri Girish
Maity, Shri Baneswar
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Kandru
Maji, Shri Guiram
Maji, Shri Panna Lal
Majumdar, Shri Amalesh Chandra
Majumdar, Shri Apurba Lal
Majumdar, Shri Dilip Kumar
Majumdar, Shri Harendra Nath

Majumder, Shri Jagannath
Malakar, Shri Ajoy
Mandal, Shri Kalipada
Mandal, Shri Kumud Ranjan
Mitra, Shrimati Ila
Mitra, Shri Sunil Kumar
Mondal, Shri Manindra Chandra
Mondal, Shri Sasanka Sekhar
Mondal, Shri Tinkari
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Bhabani
Mukherjee, Shri Jayati Prasanna
Mukherjee, Shri Niranjan
Mukherjee, Shri Rabin
Mukhopadhyay, Shri Ajoy Kumar
Murmu, Shri Nathaniel
Naskar, Shri Sundar Kumar
Noney, Shri W. H.
Noronha, Shri Clifford
Nurul Islam, Shri
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammed
Ojha, Shri Samarendra
Pahari, Shri Bibhuti
Pal, Shri Kanai
Panda, Shri Bhupal Chandra
Pramanick, Shri Gangadhar
Pramanik, Shri Radhikanath
Pramanik, Shri Rajani Kanta
Purkait, Shri Prabodh
Rai, Shri Deoprokash
Ray, Shri Jajneswar
Roy, Shri Amalendru
Roy, Shri Haradhan
Roy, Shri Jagadananda
Roy, Dr. Narayan Chandra
Roy, Shri Phakir Chandra
Roy, Shri Provash Chandra
Roy Hakim, Shri Bhabendra Nath
Roy Prodhan, Shri Amarendra Nath
Saha, Shri Kripasindhu
Sajjad Hussain, Haji
Salimuddin, Shri Md.
Samanta, Shri Gouranga
Sanyal, Shri Mani
Sanyal, Dr. Nalinaksha
Saren, Shri Bhabatosh
Sarkar, Shri Charu Mihir
Sarkar, Shri Nitaipada
Sarkar, Shri Sasthidas
Sen, Shri Jamini Ranjan
Sen, Shri Lakshmi Charan
Sen Gupta, Shri Niranjan
Sen Gupta, Shri Tarun Kumar
Shahedullah, Shri Syed
Shish Mahammad, Shri
Sinha, Dr. Radha Krishna
Tah, Shri Dasarathi

**The Ayes being 117 and the Noes 129, the motion was lost.**

The motion of Shri Pramatha Nath Dhibar that the demand of Rs. 15,16,02,000 for expenditure under Grant No. 22, Major Heads: 31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research be reduced to Re. 1, was then put and a division taken with the following result:—

AYES 117

Abdul Gaffar, Shri Quazi
Abdul Latif, Shri
Abdullah, Shri S. M.
Abdus Sattar, Shri
Abul Barkat Atawal Ghani Khan Chaudhury, Shri
Ahmad Hossain Mondal, Shri
Azizur Rahaman, Shri
Bagchi, Shri Amalendu Kumar
Bandopadhyay, Shri Baidyanath
Bandyopadhyay, Shri Satya Narayan
Banerjee, Shri Mrityunjoy
Barman, Shri Prasenjit
Barman, Shri Syama Prasad
Bauri, Shri Nepal
Bauri, Shri Satish Chandra
Beri, Shri Dayaram
Bhagat, Shri Budhu
Bhattacharjee, Shri Golokesh
Bhattacharya, Shri Bijoy Krishna
Bhattacharyya, Shri Satyabrata
Bhattacharyya, Shri Sreepada
Bhuniya, Shri Nitya Nanda
Bishayee, Shri Paramananda
Bose, Shri Maharaja
Brahmachari, Shri Bholanath
Chalak, Shri Kali Kinkar
Chatterjee, Shri Arun
Chattopadhyay, Shri Brindabon
Chaudhuri, Shri Narayan Chandra
Choudhury, Dr. Sashi Bhusan
Chunder, Dr. Pratap Chandra
Das, Shri Ambika Charan
Das, Shri Hare Krishna
Das Gupta, Shri Khagendra Nath
Dhara, Shri Hansadhwaj
Dhibar, Shri Pramathanath
Dolai, Shri Rajani Kanta
Dutta, Shrimati Sudharani
Fazlur Rahaman, Shri S. M.
Ghatak, Shri Shibdas
Ghosh, Shri Nitaipada
Ghosh Choudhury, Dr. Ranjit
Goswami, Shri Paresh Chandra
Gurung, Shri Krishna Bahadur
Haldar, Shri Nalini Kanta
Halder, Shri Adhar Chandra
Hazra, Shri Santimoy
Hembram, Shri Babulal
Jalan, Shri Iswardas
Kazim Ali Meerza, Shri Syed